Vol. 99 No—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Ninety Ninth Session

(March to June, 1992)

(The 3rd, 7th, 9th April & 18th, 19th, 20th, 22nd, 25th, 26th & 27th May, 1992)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Rs. 204/-

Vol. 99 No—III

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Ninety Seventh Session

(March to June, 1992)

(The 3rd, 7th, 9th April & 18th, 19th, 20th, 22nd, 25th, 26th & 27th May, 1992)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## PROF. SAIYID NURUL HASAN

## MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj). Department of Hill Affairs. Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).

3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs. Department of Urban Development and Department of Municipal Affairs (Including Fire Services Branch).

4. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise.

6. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.

7. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.

8. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.

9. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.

10. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

11. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of

Panchayats and Department of Rural Development.

12. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

13. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road. Calcutta-700001.

14. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding Audio-Visual Education) and Integrated Education for Disabled Children in the Department of Education.

15. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

16. **Dr. Ambarish Mukhopadhyay,** Minister-in-charge of Department of Environment and Department of Forests

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shaams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs, Assembly House, Calcutta-700001.

**Ministers of State**

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State for Department of Urban Development and Department of Municipal Affairs under the Minister-in-Charge of Department of Urban Development and Department of Municipal Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Animal Resources Development under the Minister-in-charge of Department of Animal Resources Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings. K.S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Scheduled Castes and Tribes Welfare

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education. Non-formal Education. Audio Visual Education. Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri S. R. Chattopadhyay.**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
44. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
45. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
46. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
47. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
48. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
50. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
51. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
52. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
53. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
54. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
55. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
57. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
58. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
59. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
60. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
61. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
62. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
63. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
64. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
65. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
67. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
68. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
69. Chatterjee, Shri Narbahadur (24-Karsiang-Darjeeling)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
72. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
73. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
74. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
75. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
76. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
77. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
81. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
82. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
83. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
84. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
85. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
86. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
87. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
88. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
89. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
90. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
91. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
92. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
93. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
94. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
95. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
96. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
97. De, Shri Partha (251-Bankura—Bankura)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
100. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
101. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
104. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
105. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
106. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
107. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
108. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
111. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
112. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
113. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
114. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
115. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
116. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
117. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
118. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
119. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
120. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
121. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
122. Goswami Shri Arun (180-Serampur-Hooghly)
123. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
124. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
125. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
126. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
127. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
128. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)
129. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
130. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
131. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
134. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
135. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
136. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
137. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
138. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
139. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
140. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
141. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
142. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
143. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
144. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
145 Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
146 Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
147 Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
148. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
151. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
152. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
153. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
154. Kumai, Shri Narendra (23-Darjeeling-Darjeeling)
155. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
156. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
157. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
158. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
159. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
162. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
163. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
164. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
166. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
167. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
168. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
169. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
170. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
171. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
172. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
173. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
175. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
176. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
177. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Manna, Shri Janmejay (125-Patharpratima—South 24-Parganas)
181 Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
182. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
183. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
184. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
185. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
186. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
187. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
188. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
189. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
190. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
191. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
192. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
193. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
194. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
195. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
196. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
197. Mondal, Shri Dhiren (98-Sandeeshkhali (SC) Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

198. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
200. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
201. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
202. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
203. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
204. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)
206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
209. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
211. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
212. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
213. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
214. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
215. Mukhopadhyay, Shri Ambarish (243-Hura-Purulia)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Vacant (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Ray, Shri Sidhartha Sankar (146-Chowringhee-Calcutta)
254. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
255. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
256. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
257. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
258. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
259. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
260. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
261. Roy, Shri Sougata (148-Alipore—Calcutta)
262. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
265. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
266. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
267. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
268. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
269. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
270. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
271. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
272. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
273. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
274. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
275. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
276. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
277. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
278. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
279. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
280. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
281. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
282. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
283. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
284. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
285. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (152-Ballygunge-Calcutta)

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 3rd April, 1992 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, and 152 Members.

[11-00 – 11-10 A.M.]

**মিঃ স্পিকার ঃ** সরলবাবুকে দেখছি না, উনি এলে পরে *৫৬৫ প্রশ্নটা নেব।

## Starred Questions
## (to which oral Answers were given)

### নিকো পার্ক থেকে রাজ্য সরকারের আয়

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) **শ্রী নটবর বাগদী ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নিকো পার্কে মোট কত একর জমি কি কি শর্তে দেওয়া হয়েছে; এবং

(খ) এই পার্ক থেকে রাজ্য সরকারের কত টাকা আয় হয়?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) ও (খ) ঝিলমিলে ৪০ একর জমি রাজ্য সরকার নিকো পার্ক অ্যাণ্ড রেসর্টস নামক জয়েন্ট সেক্টর কোম্পানিকে একটি থীম পার্ক স্থাপনের জন্য ৩৩ বছরের লীজ দিয়েছেন।

লীজের শর্ত অনুযায়ী সেলামী ও ভাড়ার পরিবর্তে পার্কের গেটসেল ও অন্যান্য আয়ের অংশ হিসাবে ঐ কোম্পানি রাজ্য সরকারকে নিম্নরূপ হারে বার্ষিক অর্থ প্রদান করবেন।

| বৎসর | বার্ষিক প্রদেয় অর্থ (লক্ষ টাকায়) | বার্ষিক ভাতার নিম্নসীমা (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১——৩ | অনুন্য ৫ লক্ষ টাকা (কর দেবার পর) প্রতি বৎসর গেট সেলের ১০ শতাংশ | ১৫ |
| ৪——৮ | গেট সেলের ১০ শতাংশ প্রতি বৎসর | |

| | | |
|---|---|---|
| | অনূন্য ৫ লক্ষ টাকা (কর দেবার পর) এবং অন্যান্য আয়ের ১ শতাংশ অনুন্য ১০ লক্ষ টাকা প্রতি বৎসর | ২০ |
| ৯——৩৩ | গেট সেলের ১০ শতাংশ অনূন্য প্রতি বৎসর ১৫ লক্ষ টাকা (কর দেবার পর) এবং অন্যান্য আয়ের ১ শতাংশ অনূন্য প্রতি বৎসর ১৫ লক্ষ টাকা | ৭৫০ |
| | **মোট** | **৮৬৫** |
| | | **(লক্ষ টাকা)** |

এছাড়া বিধান নগরে জমি লিজ দেওয়ার অন্যান্য শর্তাবলি আছে ঃ যেমন হস্তান্তর মটগেজ ইত্যাদি রাজ্য সরকারের অনুমতি ব্যাতিরেকে করা যাবে না। আর একটি শর্ত হল ঃ- কোর্টের আদেশে কোম্পানির লিকুইডেশন, ডিমেল্যুশন ইত্যাদি হলে লিকুইডেশন ইত্যাদির দিন থেকে লিজের মেয়াদ শেষ হয়ে যাবে। রাজ্য সরকার এক্ষেত্রে জমির পূর্নগ্রহণ করতে পারবেন এবং বাকি সময়ের জন্য লিকুইডেটর তার প্রাপ্য অর্থ ফেরত পাবেন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই নিকো পার্ক লিজ নেওয়ার জন্য আর কোনও সংস্থা বা প্রতিষ্ঠান আপনার কাছে আবেদন করেছিল কিনা? যদি আবেদন করে থাকে তাহলে তাদের নাম কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা নিয়ে কোনও আবেদন নির্দ্দিষ্ট ভাবে আমার কাছে আসেনি ওরা ছাড়া।.

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** এই নিকোপার্কের এন্ট্রি ফি কত এবং আলাদা ভাবে আকর্ষণ করবার সাধারণ মানুষের কাছে কি ব্যবস্থা আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** নিকো পার্ক না গেলে বুঝতে পারবেন না। এ ছাড়া ভারতবর্ষে এই ধরনের আরও দুটো পার্ক আছে, দিল্লির আপ্পু ঘর এবং বম্বের এস. এল. ওয়ার্ল্ড এই ধরনের বাচ্ছাদের আনন্দদায়ক প্রতিষ্ঠান তৈরি হয়েছে। আমি এক কথায় বলতে পারি আপনারা গিয়ে অভিভূত হবেন, আনন্দ পাবেন। এটা দেশের সব চেয়ে বড় উৎকৃষ্ট পার্ক। বিভিন্ন বয়সের মানুষ এখানে গেলে উৎসাহ পাবে, মন উৎফুল্ল হয়ে উঠবে। এখানে সব রকম খেলাধুলার.অনুষ্ঠান হতে পারে তার সব রকম ব্যবস্থা এখানে আছে। এটা সব চেয়ে বড় এবং দিল্লির আপ্পু ঘর এবং বোম্বের এস. এল. ওয়ার্ল্ড চেয়ে অনেক সুদৃশ্য এবং অনেক ভাল।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নিকো পার্ক তৈরি করার জন্য আর কোনও দরখাস্ত ছিল না। নিকো পার্ক লিজ দেওয়া হবে বলে কোনও কাগজে

আনুষ্ঠানিক ভাবে দরখাস্তের আহ্বান করা হয়েছিল কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** না, এই রকম কাউকে ডেকে আনা হয় নি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, পর্যটন দপ্তর থেকে এই নিকো পার্ক ছাড়া আর কোনও এই ধরনের পার্ক তৈরি করবার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** হ্যাঁ, আর একটা অনুরূপ প্রকল্প দক্ষিণ কলকাতার রবীন্দ্র সরোবরে ভাবা হচ্ছে। এই রবীন্দ্র সরোবর দীর্ঘ দিন ধরে খারাপ অবস্থায় পড়ে আছে তাকে সদ্ব্যবহার করার জন্য এবং কলকাতার সৌন্দর্য্য বৃদ্ধি করার জন্য করা হচ্ছে।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এখানে পার্ক করার জন্য কোনও সংস্থাকে ডাকা হয় নি, কাগজে বিবৃতি দেওয়া হয় নি। আমি জানতে চাই কোন পদ্ধতিতে এই আবেদন পত্র গ্রহণ করা হল।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** সরকার তার একটা নির্দিষ্ট কার্যক্রম নানা পদ্ধতিতে করতে পারে। এখানে যে পদ্ধতি হয়েছে তা হল যে প্রতিষ্ঠান এই প্রস্তাব নিয়ে এসেছে তার সঙ্গে পরে দেখা হয়েছে সরকার অর্থনৈতিক দিক থেকে ক্ষতিগ্রস্ত না হয়। আর হচ্ছে কলকাতার ৩০০ বছরকে কেন্দ্র করে এই ভাবনায় উদ্বুদ্ধ হয়ে এই উল্লিখিত প্রতিষ্ঠানের পক্ষ থেকে এই প্রস্তাব দেওয়া হয়েছে।

[11-10 – 11-20 A.M.]

দ্বিতীয়ত সেটা সবদিক থেকে পরিমার্জিত এবং সৌন্দর্যমণ্ডিত হবে কিনা সেই বিষয়ে যতদূর সম্ভব বিশারদ যাঁরা আছেন, তাঁদের সঙ্গে শলাপরামর্শ করে বোঝা গেছে আর্থিক দায়িত্ব এবং অন্যান্য বিষয় সার্থক ভাবে তাঁরা করতে পারবেন। এই বিশ্বাস রেখে ওঁদের সঙ্গে জয়েন্ট সেক্টরে এই চুক্তি করা হয়েছিল।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে শিশুদের জন্য আরও একটি এই ধরনের প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, দ্বিতীয় প্রকল্পটির অগ্রগতি কতটা হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এরজন্য যা নথিপত্র দরকার সেগুলো প্রায় সংগৃহীত হয়েছে। এর জরিপ, প্রোজেক্ট রিপোর্ট ইত্যাদি সব তৈরি হয়েছে এবং এখন আর্টিকেলস অব মেমোরেণ্ডাম, এটা তৈরি হয়ে গেছে। এটা নিয়ে ওদের সঙ্গে আমাদের সরকারের বোঝাপড়া হয়েছে, স্বাক্ষরের অপেক্ষায় আছে। শীঘ্রই স্বাক্ষরিত হবে।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই নিকো পার্কে ছোট ছোট ছেলেমেয়েদের প্রবেশের জন্য যে মূল্য ধার্য করেছেন, এটা অনেক বেশি হয়েছে, এটা কম করবার জন্য বিবেচনা করছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** যে মূল্য আছে, আমি আগেই বলেছি যে দিল্লিতে আপ্পুঘর এবং বোম্বেতে এস. এল. ওয়ার্ল্ড এই দুটিতে ৫ টাকা করে লাগে। এখানে আমাদের গ্রুপ যারা যাবে, ৬ বছরের নিচে গেলে তাদের পয়সা লাগে না, দিল্লিতে এটা লাগে, এখানে দেড় টাকা লাগে। সবচেয়ে কম রাখা হয়েছে। এর থেকে কম করলে পরে যেটা দেখা যায়, সরকারকে দেয় টাকার ক্ষেত্রে, রাজ্য সরকার যাতে আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত না হয়, সেটাতে যাতে আঘাত না আসে, সেই অনুযায়ী এটা রাখা হয়েছে। তবে বিশেষ আবেদন করলে, কোন শিশু প্রতিষ্ঠান, কোন শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি, এদের অনেক সময়ে বিবেচনা করা হয়।

**Proposals to take over some Industrial Workers' Co-operatives**

***565.** (Admitted Question No. ***186) Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to promote the concept of Industrial Workers' Co-operatives to take over some of the closed/sick Industrial units in the State;

(b) if so—

(i) the brief outlines of the proposal;

(ii) the steps taken and the progress so far, and

(iii) the reasons for slow progress, if any ?

**Shri Saral Deb :**

(a) There is no specific policy of the State Government to form Industrial Cooperatives out of the closed and or sick Industrial Units. The State Government, however, encourages formation of such Co-operatives if the employees of the closed or sick Industrial Units approach Govt.

(b) Does not arise.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে স্টেট গভর্নমেন্ট এগুলিকে এনকারেজ করেন। কতগুলো সিক ইণ্ডাস্ট্রিজ বা ক্লোজ ইণ্ডাস্ট্রিজ এই রকম কো-অপারেটিভ বেসিসে রান করছে বলতে পারবেন?

**শ্রী সরল দেব ঃ** আপনি নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কি ধরনের এনকারেজ করেন এবং অ্যাসিস্ট্যান্স দিচ্ছেন—কি ধরনের সহযোগিতা করেন?

**শ্রী সরল দেব ঃ** যেমন বলতে পারি, আমাদের কাছে বজবজ ডি সেন্ট্রাল জুট মিল অ্যাপ্রোচ করেছিল। আমরা তাদের সমস্ত রকম ইনফ্রাস্ট্রাকচারাল সুবিধা দিয়েছি—যেমন, রেজিস্ট্রেশন দিয়ে, গভর্নমেন্ট গ্যারান্টি দিয়ে এভরিথিং উই হ্যাভ ডান।

## রায়দিঘীর গ্রামীণ হাসপাতাল

***৫৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৮) শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার রায়দিঘীতে "সুন্দরবন হাসপাতালের" পরিবর্তে গ্রামীণ হাসপাতাল করার কারণ কি; এবং

(খ) এই গ্রামীণ হাসাপাতালটির শয্যাসংখ্যা কত?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) রায়দিঘীতে গ্রামীণ হাসপাতালের পরিবর্তে 'সুন্দরবন হাসপাতাল' তৈরির কোনও প্রস্তাব ছিল না।

(খ) রায়দিঘী গ্রামীণ হাসপাতালের শয্যা সংখ্যা ৫০টি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, গ্রামীণ হাসপাতাল বা রুর‍্যাল হাসপাতালগুলিতে যে অ্যাম্বুলেন্স রাখার কথা, সেক্ষেত্রে এই রায়দিঘীতে হাসপাতালে অ্যাম্বুলেন্স আছে কিনা এবং থাকলে সেটা সচল আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় সদস্য প্রশ্নটাই ভুল করেছেন। সুন্দরবন হাসপাতাল বলে কোনও হাসপাতাল নেই। ডিস্ট্রিক্ট হাসপাতাল, গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র এইসব হতে পারে কিন্তু রায়দিঘী বলে কোনও হাসপাতাল নেই।

**মিঃ স্পিকার ঃ** এটা হয় না, নট অ্যালাউড।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আমরা শুনেছি যে সুন্দরবন হাসপাতাল করা হবে এবং মাননীয় সত্য বাপুলী মহাশয়ের কাছেও কিছু সদস্য বলেছেন যে রায়দিঘী হাসপাতাল হবার পরিকল্পনা আছে। আমার প্রশ্ন সরকারের তরফ থেকে এই ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের বিভিন্ন ধরনের হাসপাতাল আছে, সুন্দরবনে হাসপাতাল হতে পারে কিন্তু সুন্দরবন হাসপাতাল বা এইরকম কোনও হাসপাতাল করার কোনও প্রস্তাব আমাদের নেই।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সুন্দরবন এলাকার মধ্যে রায়দিঘীতে যে হাসপাতালটি অবস্থিত তাতে শয্যাসংখ্যা মাত্র ৫০টি, এই শয্যা সংখ্যা বাড়ানোর

কোনও পরিকল্পনা আপনাদের আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** গ্রামীন হাসপাতালের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের নীতি অনুসারে করা হয়ে থাকে এবং সাধারণত গ্রামীণ হাসপাতালে যে পরিমাণ শয্যা সংখ্যা এতেও তাই আছে, এর বেশি শয্যা সংখ্যা থাকে না।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, সুন্দরবনে পরিবহন ব্যবস্থা খুব খারাপ, মানুষের যাতায়াতের খুব অসুবিধা এবং সেরূপ স্বাস্থ্যেরও অবস্থা, এক্ষেত্রে সুন্দরবনকে আলাদাভাবে ডিস্ট্রিক্ট ওয়াইজ বা স্টেট ওয়াইজ কোনও হাসপাতাল করার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** সুন্দরবন এলাকা অনেক বড় এলাকা, দক্ষিণ ২৪ পরগনার মধ্যে সুন্দরবন পড়ে, সেখানে অনেক স্বাস্থ্যকেন্দ্র আছে। গ্রামে যেসব স্বাস্থ্য কেন্দ্র থাকে তাকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র বলে, শহরে আবার তাকে স্টেট ওয়াইজ হাসপাতাল বলা হয়, মহকুমাতে সাব-ডিভিসন হাসপাতাল বলা হয় এবং জেলাতে জেলা হাসপাতাল বলা হয়। সুতরাং এক্ষেত্রে তো সে প্রশ্ন ওঠে না।

[11-20 – 11-30 A.M.]

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গ্রামাঞ্চলে রুর‍্যাল হসপিটালে যেখানে ৫০টি বেড আছে এবং স্টেট হসপিটালে যেখানে ৫০টি বেড আছে, সেখানে সুযোগ সুবিধার দিক থেকে রুর‍্যাল হসপিটালে এবং স্টেট হসপিটালের মধ্যে তফাৎ কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** স্টেট জেনারেল হসপিটাল শহরে হয় আর গ্রামীণ হসপিটাল যেটা কেন্দ্রীয় সরকার নামকরণ করেছে কমিউনিটি হেলথ সেন্টার এখানে শয্যা সংখ্যা হচ্ছে ৩০ জনের এখানে অ্যাম্বুলেন্স থাকবে, এক্স-রে মেশিন থাকবে এবং অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা থাকবে।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্টেট জেনারেল হসপিটাল শহরাঞ্চলে হয় আমি যখন সাবজেক্ট কমিটি অন হেলথ অ্যাণ্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটিতে ছিলাম তখন পুরুলিয়া পরিদর্শনে গিয়েছিলাম, সেখানে দেখলাম গ্রামাঞ্চলেও স্টেট জেনারেল হসপিটাল আছে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন শহরাঞ্চলে হয় স্টেট জেনারেল হসপিটাল এটা কি ঠিক?

**শ্রী প্রশান্তকুমার শূর :** এটা নামকরণের কথা। গ্রামে যেগুলি সর্বোচ্চ বড় হসপিটাল হয় সেইগুলিকে বলা হয় গ্রামীণ হসপিটাল বা কমিউনিটি হেলথ সেন্টার। আর শহরাঞ্চলে যেগুলি ঐ স্তরের হয় সেইগুলিকে বলা হয় স্টেট জেনারেল হসপিটাল, সেখানে শয্যার সংখ্যা আরও একটু বেশি থাকে।

## পৌরসভা ও পঞ্চায়েতের হাতে রাস্তা মেরামতির দায়িত্ব

***৫৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ***৫৯৯**) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের রাস্তাগুলির রক্ষণাবেক্ষণ/মেরামতির দায়িত্ব সরকার পৌরসভা ও পঞ্চায়েতের হাতে দেওয়ার জন্য কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি না; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, উক্ত বিষয়ে কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

**শ্রী মতীশ রায় ঃ**

(ক) পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের অধীনস্থ কোনও রাস্তারই রক্ষণাবেক্ষণ মেরামতির দায়িত্ব পৌরসভা বা পঞ্চায়েতকে দেওয়ার কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রশ্নোত্তরে বললেন যে কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি, পঞ্চায়েতের মাধ্যমে বা পৌরসভার মাধ্যমে রাস্তাগুলি যদি মেরামতি বা রক্ষণাবেক্ষণ করা যায় আমার মনে হয় খুব ভাল হবে। এই ব্যাপারে কি সিদ্ধান্ত নিতে আইনতগত বাধা বা প্রশাসনিক বাধা আছে?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, বাস্তব কথা হচ্ছে বিপরীত। সেটা হচ্ছে আমাদের পূর্ত দপ্তরের কাছে ইতিমধ্যে কয়েকটি পঞ্চায়েত, জেলা পরিষদ এবং পৌরসভার কাছ থেকে অনুরোধ এসেছে যে তাদের এলাকার যে রাস্তা সেই রাস্তা পূর্ত দপ্তর গ্রহণ করে মেরামতি যেন করে দেয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই রকম প্রস্তাব আসতে পারে, তার কারণ হচ্ছে আর্থিক ক্ষমতা না থাকার ফলে। আমার কথা হল, রক্ষণাবেক্ষণ যদি পৌরসভা বা পঞ্চায়েতের মাধ্যমে করা হয় তাহলে কাজ ভাল হয়। সেই ব্যাপারে আইনগত বাধা বা প্রশাসনিক কোনও বাধা আছে কিনা জানাবেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, রাস্তা রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে যে প্রযুক্তি বিদ্যার জ্ঞানের প্রয়োজন হয়, এখনও কিন্তু পূর্ত দপ্তরের ধারণা যে পঞ্চায়েত এবং জেলা পরিষদ সেই মানে পৌছাতে পারেনি, সেইজন্য আমরা এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্তে পৌছাইনি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সাপ্লিমেন্টারীটা হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাজ্যের কতকগুলি গুরুত্বপূর্ণ সেতু এবং রাস্তা নির্মাণের জন্য আপনার দপ্তরের তরফ থেকে বোম্বের কোনও আর্থিক সংস্থার কাছ থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন কি? সত্য হলে, কোন সংস্থার কাছ থেকে এই ঋণ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন?

**শ্রী মতীশ রায় ঃ** আপনি এই ব্যাপারে প্রশ্ন করুন, আপনার যখন টার্ম আসবে তখন জবাব দেব।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** পূর্ত দপ্তর রাস্তাগুলি মেরামত করছে ঠিকই বা রক্ষণাবেক্ষণ করছে ঠিকই, কিন্তু আমরা সব সময় দেখছি যে কিছু কিছু কাজে গাফিলতি হচ্ছে। সেটা পঞ্চায়েত এবং জনপ্রতিনিধিরা বা অন্যান্য যারা আছেন তাদের দিয়ে কাজ সুপারভাইজ করার ব্যাপারে কোনও ভাবনা-চিন্তা করছেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি এবং আমি একাধিকবারও এই হাউসে বলেছি, যে আমাদের পূর্ত দপ্তরের কাজ যদি কোথাও হয় তাহলে সেখানে পঞ্চায়েত প্রধান, জেলা পরিষদের যারা পূর্ত দপ্তরের সাথে যুক্ত এবং বিধায়ক তারা সব সময় ওয়ার্ক অর্ডার দেখতে পাবেন এবং প্রয়োজনবোধে ওয়ার্ক অর্ডারের কপিও নিতে পারেন এবং সেই ওয়ার্ক অর্ডার অনুযায়ী কাজ হচ্ছে কিনা সেটা পরীক্ষা করে দেখার পর যদি কোনও সন্দেহ হয় তাহলে সেটা পূর্ত দপ্তরকে জানিয়ে দেবার সুযোগ তাদের আছে এবং সেই ক্ষেত্রে পূর্ত দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্মণ শেঠের প্রশ্নের উত্তরে যা বললেন তা আমি মানতে পারছি না। বামফ্রন্ট সরকারের সিদ্ধান্ত আছে যে এই ধরনের উন্নয়ন মূলক কাজকর্মর ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হবে। পঞ্চায়েত, পৌরসভা, জনপ্রতিনিধি এদেরকে যদি এই সমস্ত কাজে ইনভলভড না করা যায় তাহলে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হচ্ছে না। তাই পূর্ত দপ্তর এই ধরনের ক্ষমতা বিকেন্দ্রীকরণ সম্বন্ধে কোনও ভাবনা-চিন্তা করছেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্য জানেন, আমাদের বামফ্রন্ট সরকারের প্রতিষ্ঠিত নীতি অনুযায়ী আমাদের যে বাজেট বরাদ্দ হয় সেই বাজেট বরাদ্দর একটা অংশ রাজ্য সরকারের অর্থ দপ্তরের মাধ্যমে বিভিন্ন জেলা পরিষদে, আবার তাদের কাছ থেকে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে যায়। এইভাবে এলাকার মধ্যে রাস্তা উন্নয়নের কাজ তারা যতটুকু সম্ভব ততটুকু করেন এবং তারা সেই সুযোগ গ্রহণ করে কাজ করার চেষ্টা করছেন। এই ব্যাপারে আমি শুধু আপনার কাছে বলব পূর্ত দপ্তর এই ব্যাপারে কোনও জায়গায় বাধার কারণ হয়ে দাঁড়ায়নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্টেট হাইওয়েগুলি যখন তৈরি হয় বা মেইনটেইন করা হয়, তখন এই রাস্তাগুলির একটা ক্যাপাসিটি ঠিক করা থাকে। কিন্তু বর্তমানে যে লরিগুলি বেরোচ্ছে সেগুলি ২৫/৩০ টন লোড নিয়ে যাচ্ছে। রাস্তাগুলির ১৮ টন বা ১৬ টন মাল বহন করবার ক্ষমতা। কিন্তু সেই রাস্তাগুলি দিয়ে হেভি লোডের গাড়ি যাচ্ছে। সেই ক্ষমতাটাকে বাড়াবার কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি আমাদের রাজ্যে যে স্টেট হাইওয়েগুলি আছে তার শতকরা ৫০ ভাগ দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তৈরি হয়েছে। তখন কারা ক্ষমতায় ছিল সেটা আপনি নিশ্চয় জানেন। যে রাস্তা তৈরি হয়েছিল সেই

রাস্তাতে অর্থাৎ স্টেট হাইওয়েতে লরি বহন করবার জন্য ক্ষমতা দরকার—আপনারা সেই দূরদৃষ্টি দিয়ে রাস্তাগুলি তৈরি করে যেতে পারেন নি। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে আমরা নতুনভাবে পরিকল্পনা নিয়েছি যে, রাস্তার কাস্টনেস কি করে বাড়ানো যায় এবং তার জন্য প্রয়োজনীয় অর্থ বর্তমান আর্থিক বছরে যে বাজেট পেশ করেছি তাতে উল্লেখ করেছি এবং সেইভাবেই কাজ করবার চেষ্টা করছি।

[11-30 – 11-40 A.M.]

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে কথা বললেন যে, জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতির এলাকা থেকে কিছু রাস্তা পি. ডব্লু. ডি. কে দিয়ে করাবার কথা হচ্ছে। আমার জেলা নদীয়া থেকে এই রকম ধরনের কিছু আবেদন, কিছু রাস্তা আপনার দপ্তর কে দিয়ে করাবার জন্য জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতি থেকে কোনও আবেদন এসেছে কি না?

**শ্রী মতীশ রায় ঃ** এই মূহূর্তে আপনাকে নদীয়া জেলার ব্যাপারে আমি সূত্রাকারে কোনও জবাব দিতে পারছি না। আপনি যদি আমাকে এই ব্যাপারে চিঠি দেন তাহলে আমি নিশ্চয় এই হাউসের সামনে উত্তর দেব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে আপনি কি বলবেন, মেজর হাইওয়ে এবং স্টেট হাইওয়েগুলির খুবই শোচনীয় এবং দুর্দশাগ্রস্ত। এই পরিপ্রেক্ষিতে এই রাস্তাগুলির রক্ষাণাবেক্ষণ বা নতুন রাস্তা তৈরির জন্য কোনও প্রাইভেট সংস্থার হাতে তুলে দেবার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই যে, রাস্তা রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে কেন্দ্র এবং রাজ্য সরকারের যৌথ দায়িত্ব আছে। কিন্তু দুঃখের বিষয়, সেন্ট্রাল রোড ফাণ্ডস বলে একটা ফাণ্ড আছে, বিগত ৩ বছর, বর্তমান আর্থিক বছর ধরে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমাদের পাওনা আছে ৪৫ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে। কিন্তু কেন্দ্রের কাছ থেকে এখনো পর্যন্ত পাওয়া গেছে মাত্র ৩ কোটি টাকা। ৪২ কোটি টাকা চেয়েও বারবার করে আমরা এখনো পাইনি। আর যে প্রাইভেট সংস্থার কথা বললেন; সেটা নিশ্চয় আগেই বলেছি যে কেন্দ্রের কাছ থেকে টাকা পাচ্ছি না। রাজ্যের আর্থিক সীমাবদ্ধতা আছে। আমরা সড়ক ব্যবস্থার উন্নতির জন্য, এমন কি কতকগুলি বড় বড় সেতু তৈরি করবার জন্য আমাদের চিন্তা ভাবনা আছে এবং আর্থিক সংস্থার সাথে আলোচনা করে যদি ঋণ পাওয়া যায় আমাদের শর্তে আমরা তাহলে সেই ব্যাপারে কাজে এগোব।

**শ্রী দেবেন্দ্রনাথ বর্মণ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জিজ্ঞাসা করছি, আপনি প্রশ্নের উত্তরে বললেন পূর্ত দপ্তরের রাস্তা—পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটিকে দিয়ে সংস্কার বা রক্ষণাবেক্ষণ করাবার কোনও পরিকল্পনা নেই। আপনি কি জানেন, যে, কুচবিহার জেলা সেই স্টেটের আমলে পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তি হওয়ার পর কাঁচারাস্তা যেগুলি আছে সেগুলিকে সংস্কার করা বা রক্ষণাবেক্ষণ করবার কোনও পরিকল্পনা আছে কি না বা কোনও ব্যবস্থা গ্রহণ

করেছেন কি না?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে কুচবিহার জেলা দেশীয় রাজার অধীন ছিল, পরবর্তীকালে যখন পশ্চিমবঙ্গের সাথে এটা অন্তর্ভুক্ত হল, তার পুরানো দায় হিসাবে আমাদের পূর্ত্ত দপ্তরের ঘাড়ে বেশ কিছু কিলোমিটার রাস্তা এবং কাঠের পুল অর্থাৎ সেতু এসেছে। রক্ষণাবেক্ষণের জন্য বর্তমান বছরের বাজেট আপনি যদি পড়ে থাকেন লক্ষ্য করবেন আমাদের রাজ্য সরকার ইতিমধ্যেই পরিকল্পনা নিয়েছেন। কুচবিহার এবং জলপাইগুড়ি জেলাকে আমরা কিছুটা প্রাধান্য দিয়েছি। যে সমস্ত পুরানো কাঠের সেতুগুলি আছে সেই সব জায়গায় নূতন আর. সি. সি. ব্রিজ বর্তমান বছরে তৈরি করতে পারব। সে কাজে হাত দেব এবং রাস্তার ক্ষেত্রে যাতে উন্নতি করা যায় সে পরিকল্পনা আমরা নিয়েছি। ধাপে ধাপে এই কাজটা এগিয়ে নিয়ে যাব—সেকথা মনে রেখে।

## অঞ্জনা ফিশ ফার্মের কর্মীদের পরিচয় পত্র

***৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪২) শ্রী শিবদাস মুখার্জি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"অঞ্জনা ফিশ ফার্মের" প্রকৃত মৎস্যজীবিদের পরিচয় পত্র দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

অঞ্জনা ফিশ ফার্ম, সরকারের পরিচালনাধীন, সুতরাং এখানকার মৎস্যজীবিদের পরিচয় পত্র দেওয়ার কোনও প্রশ্ন ওঠে না।

জেলায় জেলায় মৎস্যজীবিদের পরিচয় পত্র প্রদান করার কাজ শুরু হইয়াছে।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** আমরা দেখতে পাচ্ছি বিশ্ব ব্যাঙ্কের অর্থে বিভিন্ন জায়গায় মৎস্য চাষ প্রকল্প করছেন। আপনি কি জানেন অঞ্জনা ফিশ ফার্মে প্রকৃত মৎস্যজীবী দিয়ে মৎস্য চাষ হচ্ছে কিনা? কারণ ওটা কিছু সমাজবিরোধী দখল করে রেখেছে এটা জানেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** অঞ্জনা ফিশ ফার্ম সরকারের পরিচালনাধীন। আমরা সিদ্ধান্ত নিই যে মৎস্যজীবীদের মৎস্যচাষ সমবায় সমিতির হাতে তুলে দেওয়ার। কিন্তু যখন এই সিদ্ধান্ত নিই তখন কিছু লোক মহামান্য আদালতে যায় এবং একটা ইনজাংশন নেয়। সেইজন্য কাজটা ব্যাহত হয়েছে।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় বললেন মহামান্য আদালতের ইনজাংশনের জন্য কাজ ব্যাহত হয়েছে। আপনার কাছে সঠিক সংখ্যা আছে কি অঞ্জনা ফিশ ফার্মে কতজন মৎস্যজীবী আছেন? মৎস্য চাষ যারা করেন সেই মৎস্যজীবীরা মৎস্য চাষ করতে পারছেন না। সমাজ বিরোধীদের দখলে চলে গিয়েছে একশো একরের মতো জায়গা। আপনি জানেন আপনি নিজে সেখানে ঢুকতে পারেন নি। অঞ্জনা ফিশ ফার্মের ব্যাপারে যে প্রশ্ন করেছি,

সেটার উত্তর দিন।

**মিঃ স্পিকার ঃ** উনি বলেছেন হাই কোর্টের ইনজাংশন হয়েছে সেইজন্য উনি করতে পারছেন না, উনি কি করে করবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ওখানে কতজন মৎস্যজীবী মৎস্য চাষ করে তার প্রশ্নই ওঠে না। এটা সরকারি পরিচালনাধীন ফার্ম এবং আমাদের সরকারের পক্ষ থেকে মৎস্যজীবী সমবায় সমিতির হাতে এই ধরনের ফার্ম তুলে দেওয়ার সিদ্ধান্ত হয়। এইসব কাজ যখন শুরু করেছিলাম, তখন কতিপয় ব্যক্তি হাইকোর্টে ইনজাংশন নেয় এই কাজটা করবার স্থগিতাদেশ তারা পায়।

[11-40 – 11-50 A.M.]

**শ্রী সুনীল ঘোষ ঃ** আমরা জানি যে ওখানে যারা আধিপত্য বিস্তার করে আছে তারা কংগ্রেসের মদতপুষ্ট সমাজবিরোধী। আমরা এটাও জানি যে প্রাক্তন এম. এল. এ. সাধন চ্যাটার্জির সভাপতিত্বে ওখানে একটা কমিটি তৈরি হয়েছিল প্রকৃত মৎস্যজীবীদের যারা আছেন তাদের নিয়ে একটা কো-অপারেটিভ তৈরি করার জন্য। এসবই ঠিকই হয়ে গিয়েছিল। এরমধ্যে হাইকোর্টে কেস হয়ে যায়। এটাও এক বছর হয়ে গেল। এই কেসও কংগ্রেসের মদতে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কেসের তদারকি করার জন্য সরকার থেকে ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সরকারের পক্ষ থেকে এই কেসের তদারকি করা হচ্ছে। আপনি যথার্থই বলেছেন যে আমরা ওখানে একটা কমিটি করে দিয়েছিলাম যে কারা কারা ওখানে কো-অপারেটিভ সোসাইটির বেনিফিসিয়ারি হবেন তাদের সুপারিশ অনুযায়ী। নামের তালিকা পর্যন্ত আমাদের কাছে এসেছিল। তারপর আমি বলেছি যে কোনও ঘটনার জন্য আমাদের সমবায় সমিতি তৈরি করাটা আটকে গেল। আমরা আদালতে চেষ্টা করছি যাতে এই ইনজাংশন ভেকেট করতে পারি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জেলায় জেলায় মৎস্যজীবিদের পরিচয়পত্র দেওয়া শুরু হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ পরিচয়পত্র যা দেওয়া হবে তার তালিকা করার দায়িত্ব কাদের উপর ন্যস্ত করা হয়েছে এবং কিসের ভিত্তিতে এটা দেওয়া হচ্ছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** মৎস্যজীবিদের নামের তালিকা বা পরিচয় পত্র প্রদান করা হচ্ছে পঞ্চায়েত এবং মৎস্য দপ্তরের উভয়ের মিলিত উদ্যোগে।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কংগ্রেস সরকার যখন এখানে ক্ষমতায় ছিলেন তখন কি, মৎস্যজীবিদের এরকম কোনও পরিচয়পত্র দেবার কোনও পরিকল্পনা ছিল?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এসব প্রশ্নই ওঠে না। এসবের কোনও পরিকল্পনার ব্যাপারই ছিল

না। এগুলির ব্যাপারে আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** এই অঞ্জনা ফিশ ফার্ম এটা নিয়ে আপনি বললেন হাইকোর্টে কেস হচ্ছে। এই ধরনের ফিশ ফার্মে আপনার দপ্তর থেকে কো-অপারেটিভ তৈরি করা হচ্ছে। এখানে বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যাচ্ছে যে ভুয়ো ফিশ ফার্ম তৈরি করে বা তার নাম করে আপনার দপ্তর থেকে প্রচুর পরিমাণে টাকা তারা ঋণ নিচ্ছেন এবং নিয়ে তারা আত্মসাৎ করছেন। এই ধরনের ঘটনার কথা আপনি জানেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমার কাছে এই ধরনের কোনও অভিযোগ নেই। আপনার কাছে যদি অভিযোগ থাকে দেবেন। সরকারি ফার্মে সমবায় সমিতি তৈরি করে সেখানে তাদের হস্তান্তর করার এই ধরনের কাজের ব্যাপারে আমরা সবেমাত্র সিদ্ধান্ত নিয়েছি। জেলায় জেলায় যে সমস্ত সেন্ট্রাল সোসাইটি আছে তাদের হাতে আমরা এটা অর্পণ করছি। আর কিছু কিছু সুপারিশক্রমে প্রাইমারি সোসাইটি তৈরি করে সরকারি ফার্ম তুলে দেওয়ার কথা আমরা চিন্তা করছি। যেমন ঐ অঞ্জনা ফিশ ফার্ম। অতএব আমার জানা নেই যে কোন ধরনের সরকারি ফিশ ফার্মে ভুয়ো সমবায় সমিতি তৈরি করে তাদের কাছে তুলে দিয়েছি। আপনার কাছে যদি এই ধরনের তথ্য থাকে তাহলে সেটা দেবেন, এক সপ্তাহের মধ্যে তদন্ত করে উত্তর দেব।

**শ্রী সুভাষ নস্কর ঃ** যে সমস্ত মৎস্যজীবিদের কো-অপারেটিভ সোসাইটি আছে, যেমন নাম বলছি, সেন্ট্রাল ফিশারম্যান কো-অপারেটিভ সোসাইটি, সেখানে যদি দেখা যায় বাই কাস্ট ফিশারম্যান নয় বা বাই প্রফেশন ফিশারম্যান নয়, সেখানে এমন সদস্য কো-অপারেটিভের সদস্য হতে পারেন কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সমবায় সমিতি সমবায়ের আইনে চলে এবং সেই আইনে যা উল্লেখ থাকবে সেই মতো চলতে হয়। যদিও আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যে মৎস্যজীবিদের সমবায় সমিতিতে যথার্থ মৎস্যজীবিদেরই রাখতে হবে কিন্তু সমবায় আইনে এটার উল্লেখ না থাকার জন্য আইনগত জটিলতা দেখা দিয়েছে। সমবায়মন্ত্রী আছেন, ইতিমধ্যেই আমরা আলোচনা করেছি, প্রয়োজনে আইন সংশোধন করে যাতে যথার্থ মৎস্যজীবিরা ঐ সমবায় সমিতিতে থাকতে পারেন তারজন্য আইনের পরিবর্তন দরকার।

**মিঃ স্পিকার ঃ** মিঃ নন্দ, এই আইনটা সংশোধনের কথা বলছেন। আমাদের দেশে একটা সংবিধান আছে, এই সংবিধানে প্রতিটি নাগরিককে ব্যবসা করার অধিকার দিয়েছে। আপনি কী করে এটা বন্ধ করবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি স্যার, ব্যাপারটা বুঝিয়ে দিচ্ছি। মৎস্যজীবী জাতিগত ভাবে নয় পেশাগত ভাবে হতে হবে।

**মিঃ স্পিকার ঃ** আমি যদি মাছের চাষ করতে চাই এবং তার জন্য কো-অপারেটিভ করতে চাই, সেই ক্ষেত্রে অসুবিধাটা কোথায়, সেটা আপনি কি করে বন্ধ করবেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** যদি কোনও একজন স্কুল শিক্ষক মৎস্যজীবী সমবায় সমিতি করে

তাহলে সেটা করতে দেওয়া হবে না। তাকে মৎস্যজীবী পেশার সঙ্গে যুক্ত হতে হবে, এটাই তার পেশা হওয়া দরকার, সেখানে শিক্ষকতা করা চলবে না।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, প্রশ্নটা ছিল অঞ্জনা ফিশ ফার্ম সম্পর্কে, সেখান থেকে আমরা অনেকটা সরে গেছি। সাধারণ ভাবে দেখলাম মন্ত্রী মহাশয় নুতন করে সল্ট লেকে চার নং ভেড়ীতে মাছ চাষের ব্যবস্থা করছেন। আমি জিজ্ঞাসা করছি অঞ্জনা ফিশ ফার্মে কতজন সরকারি কর্মচারী কাজ করেন এবং এর মধ্যে কতজন মাছ তোলা বা মাছ ধরার কাজে নিযুক্ত আছেন এবং কত টন মাছ বছরে ওখান থেকে উঠছে এবং কর্মচারিদের প্রত্যেককে পরিচয় পত্র দেওয়া হয়েছে কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনি আমাকে নোটিশ দিন আমি উত্তর দিয়ে দেব।

নয়েজ

এটা একটা স্পেসিফিক কোয়েশ্চেন ছিল অঞ্জনা ফিশ ফার্ম সম্পর্কে, আপনি যদি অঞ্জনা ফিশ ফার্মের প্রশ্ন সংক্রান্ত ছাড়া আরও কিছু জানতে চান তাহলে আপনাকে নোটিশ দিতে হবে। কারণ পরিচয় পত্র দেবার প্রশ্ন আসে বেসরকারি ক্ষেত্রে, সরকারি ক্ষেত্রে নয়।

নয়েজ

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রশ্নটা জিজ্ঞাসা করেছি সেটা সরাসরি সম্পর্কিত। আমি জিজ্ঞাসা করেছি কতজনকে পরিচয় পত্র দেওয়া হয়েছে অঞ্জনা ফিশ ফার্মে, Whether every fisherman is being given an identity card? I have asked a specific question. He has said that it is a government firm and that he requires notice for that. Naturally, Sir, since the question relates to the firm, it is only expected that the Minister will be armed and will come with all the data.

**মিঃ স্পিকার ঃ** মিঃ নন্দ, আপনি এই ডিটেলসটা পাঠিয়ে দেবেন উনাকে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** পাঠিয়ে দেব।

**গ্যাস সিলেণ্ডার সরবরাহ**

***৫৭০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৫) **ডাঃ দীপক চন্দ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে রান্নার গ্যাস সিলেণ্ডার সরবরাহের পরিমাণ কত; এবং

(খ) গ্যাস সিলেণ্ডারের জন্য কতজন গ্রাহকের আবেদনপত্র বিবেচনার জন্য জমা পড়েছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

(ক) প্রতি মাসে গড়ে আট লক্ষ তের হাজার দশ সিলিণ্ডার।

(খ) চার লক্ষ আশি হাজার জন।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় বললেন যে এখনও পর্যন্ত আমাদের যা চাহিদা তার পরিমাণ হচ্ছে চার লক্ষের উপর। এই যে বিরাট সংখ্যক চাহিদা রয়েছে, এবং এটাও আপনি জানেন যখন এই গ্যাস সিলিণ্ডার সরবরাহ করা হয়, তার মধ্যে দুর্নীতি আছে এবং তা রোধ করার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন? তাছাড়া এই যে চার লক্ষর উপর ওয়েটিং লিস্টে আছে, সেইগুলো যাতে সুষ্ঠুভাবে দিতে পারেন, তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** গ্যাস সিলিণ্ডার ডিস্ট্রিবিউশনের ব্যাপারটা মূলত কেন্দ্রীয় সরকারের। আমাদের রাজ্যে তিনটি তেল কোম্পানি, যথা ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন, হিন্দুস্থান পেট্রোলিয়াম, ভারত পেট্রোলিয়াম মূলত রান্নার গ্যাস সরবরাহ করে। এদের মোট ২১৬টি রান্নার গ্যাসের ডিলার আছে পশ্চিমবাংলায়। এই কর্পোরেশনগুলোর ২১৬টি ডিলার মূলত রান্নার গ্যাস সরবরাহ করে।

[11-50 – 12-00 A.M.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** এটা সেন্ট্রাল সাবজেক্ট হলেও স্টেটের মধ্যে যাতে এই নিয়ে দুর্নীতি না হতে পারে বা গ্রাহকরা যাতে গ্যাস সিলেণ্ডার সময় মতো পেতে পারে তার জন্য রাজ্য সরকারেরও কিছু দায়িত্ব আছে বলে আমি মনে করি। এম. পি.-দের যেমন মাসে চারটে করে মেডিক্যাল গ্রাউণ্ডে নতুন গ্যাস সিলেণ্ডারের জন্য রেকমেণ্ড করার সুযোগ আছে, তেমন বিধানসভার সদস্যদেরও মাসে অন্তত দুটো করে করার সুযোগ যাতে কেন্দ্রীয় সরকার দেন তার জন্য কি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের রাজ্যে এখন গ্যাস সিলেণ্ডারের মোট গ্রাহক সংখ্যা ৮,৪৬,৩১৭। আরও ৪ লক্ষ ৮০ হাজার মানুষ গ্রাহক হবার জন্য আবেদন করেছেন। বর্তমানে যে ভাবে বা যে সংখ্যায় নতুন গ্রাহক করা হচ্ছে সেভাবে চললে সবাইকে গ্রাহক করতে বহু বছর লেগে যাবে। সেজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে লিখিত ভাবে জানানো হয়েছে যে, তাঁরা বছরে অন্তত মোট আবেদনের ২৫% মঞ্জুর করেন। এখন পর্যন্ত তাঁদের কাছ থেকে কোনও সাড়া পাই নি। বিধানসভার সদস্যদের বিশেষ ক্ষমতা দেওয়ার বিষয়ে কোনও উদ্যোগ আমাদের পক্ষ থেকে নেওয়া হয় নি। টোটাল ডিমাণ্ডের ২৫% বছরে পূরণ করতে বলা হয়েছে, কিন্তু কোনও সাড়া পাওয়া যায় নি। গ্যাস সিলিণ্ডার ডিস্ট্রিবিউশনের ব্যাপারে ডিলার বা এজেন্ট কেন্দ্রীয় সরকার ঠিক করেন। রাজ্য সরকারের সঙ্গে তাঁরা এ বিষয়ে কোনওরকম পরামর্শ করেন না। যদিও পরামর্শ করার জন্য আমরা বার বার বলেছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দেখছি এক একটি ডিলারের কাছে প্রচুর সংখ্যক গ্রাহকের ভীড়। অর্থাৎ চাহিদার তুলনায় দোকানের অভাব রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য আপনি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে এ বিষয়ে আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি এবং একথাও বলেছি যে, এ ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করা হোক।

**শ্রী প্রভাত আচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, রাজ্যে মোট ২১৬ জন ডিলার আছে। আমি যত দুর জানি একজন ডিলার ৫০০০ পর্যন্ত সিলিণ্ডার সরবরাহ করার দায়িত্ব পেতে পারে। অথচ আমি মালদায় দেখছি চাহিদা অনুযায়ী ডিলারশিপ অনুমোদন করা হচ্ছে না। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে চিঠি দিয়ে জিজ্ঞাসা করেছিলাম। ওঁরা জবাবে জানিয়েছেন যে, বোর্ড মিটিং-এ ডিলারশিপ ঠিক করা হয়। বোর্ড মিটিং হচ্ছে না, সেজন্য অসুবিধা হচ্ছে। অবশ্য আমরা জানি মন্ত্রিসভা পরিবর্তনের সঙ্গে সঙ্গে বোর্ডের পরিবর্তন ঘটে এবং নতুন বোর্ড গঠিত না হওয়ার জন্য বোধ হয় ঐ অসুবিধা হচ্ছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি কিছু জানেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আগেই বলেছি, আবার বলছি, ডিলার নিয়োগ করার ব্যাপারটা পুরো কেন্দ্রীয় সরকার করেন। আমি বলেছিলাম, কাকে ডিলার নিয়োগ করবেন তা আপনারা করুন, কিন্তু কোথায় ডিলারশিপ দেওয়া হবে সেই স্থান নির্বাচনের ক্ষেত্রে অন্তত রাজ্য সরকারের সাথে পরামর্শ করুন যাতে করে ডিস্ট্রিবিউশনটা অন্তত ভাল হয়। সেক্ষেত্রে বোর্ডের ব্যাপারটা রাজ্য সরকারের ব্যাপার নয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় সদস্য শ্রী কৃষ্ণচন্দ্র হালদারের প্রশ্নের উত্তরে আপনি বললেন কোনও উদ্যোগ আপনি নেননি যাতে করে বিধানসভার সদস্যরা রেকমেণ্ড করলে দেওয়া হয় বিশেষ ক্ষেত্রে। উনি বললেন, ভবিষ্যতে নেওয়ার কোনও উদ্যোগ নেবেন কিনা? কারণ এম. পি.-রা স্পেশ্যাল ক্ষেত্রে রেকমেণ্ড করলে দেওয়া হয়। এইরকম বিধায়কদের ক্ষেত্রেও চাপ আসে। বহু অসুস্থ রোগী কয়লার রান্নায় খেতে পারেন না। এই সব ক্ষেত্রে এম. এল. দের উপর চাপ আসে। সুতরাং আপনি এই ব্যাপারে উদ্যোগ নেবেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** বিশেষ কোটা, বিশেষ প্রয়োজনে আমাদের উপর চাপ আসে। এখনও কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোনও কোটা দেননি। সেইজন্য বিধানসভার সব সদস্যদের কোটার কথা ভাবা সম্ভব হয়নি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন, সম্প্রতি বাংলাদেশের সঙ্গে আমাদের সম্পর্কের উন্নতি হচ্ছে। মুখ্যমন্ত্রীই বলেছেন তিন বিঘার ব্যাপারে। বাংলাদেশ আমাদের পার্শ্ববর্তী দেশ, এখানে প্রচুর গ্যাস আছে এবং ওরা সেই গ্যাস দিয়ে থাকেন। সেক্ষেত্রে আলিপুরদুয়ারের সাংসদ শ্রী পিযুষ তিরকি বলেছিলেন। গ্যাসের ব্যাপারে কিছু উদ্যোগ আয়োজনের চেষ্টা হচ্ছে। সেখানে আপনি রাজ্যের খাদ্যমন্ত্রী হিসাবে আরও বেশি ডিলারশিপ যাতে পাওয়া যায় বিশেষ করে প্রত্যন্ত জায়গায়, যেখানে অ্যাকিউট ফুয়েল ক্রাইসিস আছে যেমন, আলিপুরদুয়ার এবং উত্তরবঙ্গের অন্যান্য জায়গায় এবং দক্ষিণবঙ্গে, সেইসব ক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার জন্য টার্গেট অর্থাৎ সময়সীমা ঠিক করেছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে একটা নতুন ডিলারশিপের তালিকা এখনও বিবেচনাধীন রয়েছে। সেটা যাতে সত্বর বিবেচনা করেন সেই বিষয়ে আমি উদ্যোগ গ্রহণ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** আপনি বললেন, কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্যের চাহিদা ২৫ পারসেন্ট রান্নার গ্যাস চেয়েছেন। আমাদের রাজ্যের চাহিদা কত এখন পর্যন্ত এবং কেন্দ্রীয় সরকার কত পরিমাণ দেয়?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমাদের রাজ্যে যে তালিকা রয়েছে তাতে বর্তমানে চাহিদা হচ্ছে ৪ লক্ষ ৮০ হাজার। গত বছর আমরা ২৬ হাজার পেয়েছি। আমরা বলেছি, আমাদের যা চাহিদা আছে তার শতকরা ২৫ পারসেন্ট প্রতি বছর দেওয়া হোক।

***597—Held Over**

***608—Held Over**

## Starred Questions
## (to which written answers were laid on the table)

## Comparative figures of Agricultural Credit of the State and all-India

***571.** (Admitted Question No. *231) **Shri Chowdhury Abdul Karim and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(a) the amount of Agricultural Credit disbursed by the Co-operative Societies in West Bengal compared to the Agricultural Credit disbursed by the Co-operative Societies at all-India level during;

(i) 1987-88;
(ii) 1988-89;
(iii) 1989-90; and
(iv) 1990-91 ?

**Minister-in-charge of the Co-operation Department :**

(a) agricultural Credit consists of Production Credit and Investment Credit. Figures relating to Production Credit (Short Term) are as follows :

| | Year | Amount Invested in Production Credit (S.T.) | |
|---|---|---|---|
| | | West Bengal | All India |
| | | (Rs. in crores) | |
| (i) | 1987-88 | Rs. 63.12 | Rs. 3,319.55 |
| (ii) | 1988-89 | Rs. 82.80 | Rs. 3,832.88 |
| (iii) | 1989-90 & | Rs. 63.03 | Rs. 4,185.00 |
| (iv) | 1990-91 | Rs. 54.60 | Rs. 2,176.07 |

Figures relating to investment credit (Long Term) are as follows :

| Year | | Amount Invested. | |
|---|---|---|---|
| | | West Bengal | All India |
| | | (Rs. in crores) | |
| (i) | 1987-88 | Rs. 11.74 | Rs. 649.84 |
| (ii) | 1988-89 | Rs. 13.84 | Rs. 718.77 |
| (iii) | 1989-90 | Rs. 13.20 | Rs. 719.06 |
| (iv) | 1990-91 | Rs. 14.07 | Rs. 751.80 |

**রাজ্য ব্লকভিত্তিক যুবকল্যাণ অফিশ**

***৫৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯০০) **শ্রী শীশ মহম্মদ ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে ব্লকভিত্তিক মোট কতগুলি যুবকল্যাণ অফিশ আছে;

(খ) যুব কল্যাণ অফিশ থেকে যুবকদের কল্যাণার্থে কি কি কাজ করা হয়; এবং

(গ) যুব কল্যাণ অফিশগুলি ব্লক অফিসের সঙ্গে যুক্ত কি না?

**ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩৩৫টি ব্লক যুব অফিশ এবং ৪০টি মিউনিসিপাল যুব অফিশ আছে। নিম্নোক্ত ৬টি ব্লকে যুব অফিশ নেই।

১। পটাশপুর—২, (২) ব্যারাকপুর—২

৩। করিমপুর—২, (৪) খেজুরী—২

৫। গোঘাট—২, (৬) তুফানগঞ্জ—২

(খ) এই বিভাগ থেকে নিম্নলিখিত কর্মসূচিগুলি রূপায়িত হয়—

১। বৈজ্ঞানিক সচেতনতা সৃষ্টি করা

২। গ্রামীণ ক্রীড়ার উন্নতি

৩। ব্লক তথ্য কেন্দ্র পরিচালনা

৪। শিক্ষামূলক ভ্রমণ ব্যবস্থা

৫। বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা

৬। ক্রীড়া প্রশিক্ষণ ব্যবস্থা

৭। যুব উৎসব

(গ) না।

### শ্রীরামপুর টি. বি. হাসপাতাল

***৫৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৩) শ্রী অরুণ গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর টি. বি. হাসপাতালে কোনও অ্যাডভাইসারি বোর্ড ভিজিটিং কমিটি আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত কমিটির সদস্যদের নাম কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) ভিজিটিং কমিটির সদস্যগণ যথাক্রমে ঃ—

(১) শ্রী শান্তিরঞ্জন দে,

(২) শ্রী গৌরী ভট্টাচার্য,

(৩) শ্রী বিশ্বজিৎ চ্যাটার্জ্জি,

(৪) মহকুমা শাসক, শ্রীরামপুর,

(৫) মুখ্য স্বাস্থ্যাধিকারিক, হুগলি,

(৬) অ্যাডমিনিস্ট্রেটর। সুপারিনটেন্ডেন্ট,

শ্রীরামপুর ও গৌরহাটি টি. বি. হাসপাতাল।

(৭) সহ মুখ্য স্বাস্থ্যাধিকারিক, শ্রীরামপুর,

(৮) নির্বাহী বাস্তুকার, (একজিকিউটিভ ইঞ্জিনিয়ার)

পি. ডব্লু. ডি. হুগলি শাখা।

(৯) সহ বাস্তুকার (অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার)

পি. ডব্লু. ডি. শ্রীরামপুর মহকুমা।

(১০) সহ বাস্তুকার (অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার)

চুঁচুড়া বৈদ্যুতিক শাখা, পি. ডব্লু. ডি.

(১১) চেয়ারম্যান, শ্রীরামপুর পুরসভা।

## রাজ্যে নূতন পর্যটন কেন্দ্র

***৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭) শ্রী সুশান্ত ঘোষ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১-৯২ আর্থিক বৎসরের ৩১শে জানুয়ারি '৯২ পর্যন্ত রাজ্যে নূতন পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য কোথায় কোথায় কত টাকা খরচ করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১। ১৯৯১-৯২ আর্থিক বৎসরের ৩১শে জানুয়ারি '৯২ পর্যন্ত রাজ্যে নতুন পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য নিম্নলিখিত রূপ টাকা মঞ্জুর করা হয়েছে।

| | | **(লক্ষ টাকায়)** |
|---|---|---|
| দিঘাতে ২য় ট্যুরিস্ট লজ | — | ৫.০০ |
| অযোধ্যাতে ট্যুরিস্ট কটেজ | — | ২.০০ |
| গাদিয়াড়াতে শয্যা সংখ্যা সম্প্রসারণ | — | ১.৬৬ |
| সুন্দরবনে পর্যটন ব্যবস্থার উন্নয়ন | — | ১৫.৬০ |

এই টাকা খরচ করা হয়েছে বা হচ্ছে।

২। এ ছাড়া কেন্দ্রীয় সরকার সরাসরি নিম্নলিখিত রূপ টাকা মঞ্জুর করেছেন।

| | | |
|---|---|---|
| দুর্গাপুরে ফ্যাসিলিটিজ নির্মাণ | — | ১৫.০০ |
| গাদিয়াড়াতে শয্যা সংখ্যা সম্প্রসারণ | — | ৫.০০ |
| সাগরে ট্যুরিস্ট লজ নির্মাণ | — | ১০.০০ |
| জোড়াসাঁকোতে ধ্বনি ও আলোর প্রদর্শনী | — | ৪.০০ |

এই টাকাও খরচ করা হয়েছে বা হচ্ছে।

পিয়ালীতে ট্যুরিস্ট লজ নির্মাণের জন্যও কেন্দ্রীয় সরকার বর্তমান বৎসরে ১০ লক্ষ টাকা খরচ করছেন।

## চালের মূল্য বৃদ্ধি রোধে ব্যবস্থা

***৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩২) শ্রী অজয় দে ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৭৭ সালে নদীয়া জেলাতে কেজি প্রতি চালের দাম কত ছিল;

(খ) বর্তমানে এই দাম কত; এবং

(গ) মূল্য বৃদ্ধি রোধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ে নদীয়া জেলায় খোলাবাজারে চালের দাম ছিল সর্বনিম্ন ২ টাকা প্রতি কেজি এবং সর্বোচ্চ ২.৫০ প্রতি কেজি।

(খ) বর্তমানে উক্ত জেলায় ঐ দাম সর্বনিম্ন ৫.৫০ প্রতি কেজি এবং সর্বোচ্চ ৮ টাকা প্রতি কেজি।

(গ) মূল্যবৃদ্ধি রোধ করার জন্য রাজ্য সরকার কালোবাজারিদের উপর কড়া নজর রাখছে এবং কাস্টমস, সীমান্তরক্ষীবাহিনী এবং ডি. ই. বি-দের উপর বাংলাদেশ সীমান্তের উপর কড়া নজরদারি রাখবার জন্য বলা হয়েছে। খাদ্য ও সরবরাহ বিভাগের পরিদর্শক শ্রেণীও বিশেষভাবে ঐ বিষয়ে দৃষ্টি রাখছেন। অনুমোদিত এবং বে-আইনি চাল এবং ধানের ব্যবসা চালানোর জন্য চালের পাইকারদের ওপর অত্যাবশ্যকীয় পণ্য আইনানুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। গণবন্টন ব্যবস্থাকে আরও জোরদার করার প্রচেষ্টা চলছে।

## সিংহির বাগান থেকে রসুল্লাপুর পর্যন্ত রাস্তা মেরামত

*৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৮) **শ্রী সুভাষ বসু ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার চাকদহ ব্লকে সিংহির বাগান থেকে রসুল্লাপুর পর্যন্ত রাস্তাটিকে মেরামত করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় আর্থিক সংস্থানের উপর নির্ভর করছে।

## Debt relief to farmers

*577. (Admitted Question No. *250) **Shri Quazi Abdul Gaffar and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to refer to the Agricultural and Rural Debt Relief Scheme 1990 formulated by the Government of India for provid

ing debt relief to farmers, landless cultivators, artisans and weavers and state—

(a) the steps taken by the Co-operative Banks including Land Development Banks in West Bengal to provide such debt relief; and

(b) to what extent the burden of this debt relief was borne by the Centre and the State Government ?

**Minister-in-Charge of the Co-operation Department :**

(a) The debt relief was of two types—one for chronic overdue aging more than three years and the other for the overdue as a result of two bad crop years after the loan was taken after 1.4.86.

The Coop. Banks including Land Development Banks in terms of the order of the State Govt. declaring the A.R.D.R. scheme, 1990 arranged for assessment of actual amount of these two types of eligible loans that could be waived under the A.R.D.R. Scheme.

Banks' Supervisors along with local Inspectors of Co-operative societies and the Chairman of the concerned PACS made case by case study and assisted the admissible claims. The calims sheet then was placed before the Block Level Committee for scrutiny and approval.

The approved claims were submitted to the Co-op. Directorate for onward submission to the Govt. Total claims on this account was Rs. 144.37 crores as on 2.10.89.

NABARD. in three instalments sanctioned a total amount of 90.54 crores of which Rs. 72.54 crores was for PACA and Rs. 18.00 crores for L.D.B.'s. The NABARD is still to sanction and release Rs. 53.83 (Crores)/-. The amount so received by the PACS and PLDB's had been adjusted against the overdue loan and interest upto a maximum of Rs. 10,000/- per individual defaulter loanee.

(b) 50 p.c. of the total Debt Relief has been sanctioned by the Govt. of India through NABARD as total grant and the rest 50% was sanctioned by NABARD to State Govt. as an advance to be repayable in 3 equal instalment along with interest @ 10%

**ব্লক যুব কেন্দ্রের পরিচালনায় ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

***৫৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৪৩২**) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** ক্রীড়া ও যুব কল্যাণ (যুবকল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে ব্লক যুব কেন্দ্রের পরিচালনায় ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ের অনুষ্ঠানগুলি প্রায় বন্ধ হয়ে গেছে; এবং

(খ) সত্যি হলে, ঐ অনুষ্ঠান চালানোর বিষয়ে রাজ্য সরকার কিছু ভাবছেন কি না?

**ক্রীড়া ও যুবকল্যাণ (যুবকল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত বৎসরগুলির মতো এ বৎসরে খেলার মাঠ উন্নয়ন, ক্রীড়া ও জিমনাস্টিকের নানা সরঞ্জাম সরবরাহ ক্রীড়া প্রশিক্ষণ এবং নানা সাংস্কৃতিক অনুষ্ঠান করার জন্য বিশেষ গুরুত্ব দেওয়া হয়। কিন্তু সরকার কর্তৃক ব্যয়-সংকোচন ব্যবস্থা আরোপিত হওয়ায়, এ বৎসর উক্ত পরিকল্পনা খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা এখনও পর্যন্ত সম্ভব হয় নাই।

(খ) আগামী অর্থনৈতিক বৎসরে এইসব পরিকল্পনাগুলি রূপায়ণের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**গোবরডাঙ্গায় পর্যটক আবাস**

***৫৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং ***৪৬৩**) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর ২৪-পরগনা জেলার গোবরডাঙ্গায় যমুনা নদীর তীরে পর্যটক আবাস নির্মাণের পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পর্যটক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

**কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র**

***৫৮০।** (অনুমোদিত প্রশ্ন নং ***১১৫৭**) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গোঘাটের কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার

কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কতদিনে উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরকারের কাছে এই ধরনের কোনও প্রস্তাব নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

**রাজ্যের রাস্তা তৈরি ও মেরামতের জন্য একটি আর্থিক সংস্থার নিকট ঋণ গ্রহণ**

***৫৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ***৮৭৩**) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রধান প্রধান রাস্তা মেরামত এবং নতুন রাস্তা তৈরির জন্য রাজ্য সরকার বোম্বাইয়ের একটি আর্থিক সংস্থার কাছ থেকে ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, এই উদ্দেশ্যে সরকার কত টাকা ঋণ নিচ্ছেন এবং তার জন্য কি হারে সুদ দিতে হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের সকল প্রধান রাস্তা মেরামতি এবং নূতন রাস্তা তৈরির জন্য এ ধরনের কোনও প্রস্তাব নেই। তবে কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক ও সেতু প্রকল্প চিহ্নিত করে তা দৃঢ়ীকরণ, সম্প্রসারণ ও নির্মাণের জন্য একটি আর্থিক সংস্থা থেকে ঋণ গ্রহণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

(খ) এ সম্পর্কে এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয় নি।

**রেশন কার্ড দেওয়ার নিয়ম**

***৫৮২।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৭৩৭**) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রেশন কার্ড দেওয়ার ক্ষেত্রে কি কি নিয়ম বর্তমানে চালু আছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিধিবদ্ধ রেশন এলাকায় স্থানীয় রেশনিং অফিশারের নিকট নির্দিষ্ট ফর্মে আবেদন করিলে উপযুক্ত তদন্ত করার পর দরখাস্তকারী যদি (১) ভারতীয় নাগরিক হন, (২) কোথাও রেশন কার্ড না থাকে এবং (৩) দরখাস্তকারী ঐ এলাকার বাসিন্দা হন তাহাকে রেশন কার্ড দেওয়া হয়। শিশুর ক্ষেত্রে মা-বাবার রেশন কার্ড থাকলে শিশু

জন্মেছে এটা জানার পর রেশন কার্ড দেওয়া হয়। সংশোধিত রেশন এলাকায় জন্ম সার্টিফিকেট না থাকিলেও তৎপরিবর্তে গ্রামপঞ্চায়েত প্রধান, স্থানীয় স্বায়ত্ত-শাসন বিভাগের ভারপ্রাপ্ত প্রতিনিধি কিংবা স্কুল কর্তৃপক্ষের সার্টিফিকেটও শিশুর জন্মের প্রমাণ হিসাবে গ্রহণ করা হয়। পঞ্চায়েত এলাকায় স্থানীয় খাদ্যও সরবরাহ নিকট সাদা কাগজে আবেদন করিলে একই নিয়মের ভিত্তিতে রেশন কার্ড দেওয়া হয়।

### নুরপুর-ফলতা এলাকায় পর্যটন কেন্দ্র

***৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৩) শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার 'নুরপুর-ফলতা' এলাকায় একটি পর্যটন কেন্দ্র গঠনের ব্যবস্থা নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে উক্ত পর্যটন কেন্দ্রটি সম্পূর্ণ করতে রাজ্য সরকারের কত টাকা ব্যয় হবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

### কৃষিঋণ মুকুব

***৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২) শ্রী দিলীপ মজুমদার ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকারের কৃষিঋণ মুকুবের কর্মসূচি (জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত) রাজ্যে মোট কত টাকা কৃষিঋণ মুকুব হয়েছে; এবং

(খ) ঐ ঋণ মুকুবের মধ্যে কেন্দ্র থেকে কত টাকা পাওয়া গেছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ের মধ্যে সর্বসাকুল্যে সমবায় ব্যাঙ্কের মাধ্যমে ৯০ কোটি ৫৪ লক্ষ টাকা ঋণ মুকুব হয়েছে। তার মধ্যে স্বল্পমেয়াদী ঋণের ক্ষেত্রে ৭২ কোটি ৫৪ লক্ষ টাকা এবং দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে ১৮ কোটি টাকা মুকুব করা হয়েছে।

(খ) মুকুব করা ঋণের মধ্যে ৪৫ কোটি ২৭ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া গেছে।

### অষ্টম যোজনাতে সুসংহত জন্ম নিয়ন্ত্রণ

***৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৬) ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্বাস্থ্য ও পরিবার

ল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম যোজনাতে সুসংহত জন্ম নিয়ন্ত্রণ ব্যাপারে রাজ্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন;

(খ) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ সালের আর্থিক বছরগুলিতে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত জন্ম নিয়ন্ত্রণ ব্যাপারে রাজ্য সরকার (১) কত অর্থ ব্যয় করেছেন, (২) কতজনকে জন্ম নিয়ন্ত্রণের আওতার মধ্যে আনতে পেরেছেন; এবং

(গ) রাজ্য সরকার জন্ম নিয়ন্ত্রণে ১৯৯২ সালের জানুয়ারি পর্যন্ত কিরূপ সাফল্য লাভ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই পরিকল্পনাটি মূলত একটি ইউনিয়ন গভর্নমেন্টের পরিকল্পনা। তাদের নির্ধারিত রূপ রেখার মধ্যেই কাজ করতে হয়। তবে রাজ্য সরকার অষ্টম যোজনাতে সুসংহত জন্ম নিয়ন্ত্রণ কর্মসূচির সফল রূপায়ণের জন্য প্রচলিত ব্যবস্থার সঙ্গে নিম্নে বর্ণিত কিছু বাড়তি উদ্যোগ গ্রহণ করার পরিকল্পনা করছে, যেমন ঃ

(১) সমস্ত রকম গণমাধ্যমকে ও দৃশ্য শ্রাব্য পদ্ধতিকে পরিবার কল্যাণ কর্মসূচির প্রচারের কাজে লাগানো এবং গ্রামীণ সংস্কৃতির সঙ্গে সঙ্গতি রেখে যাত্রা, কবিগান, লোকগীতি ইত্যাদি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমকেও সম্ভবমতো ব্যবহার করা।

(২) যোগ্য দম্পতির লিখিত তালিকা প্রস্তুত করুন, স্বাস্থ্যকর্মীরা যাতে নিজ নিজ এলাকার প্রতিটি দম্পতির কাছে গিয়ে মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ সম্পর্কে ওয়াকিবহাল করে সেই বিষয়ে গুরুত্ব আরোপ করা। এই কাজে স্বাস্থ্যকর্মীদের সাথে সাথে স্বেচ্ছা স্বাস্থ্যকর্মী এবং শিক্ষণপ্রাপ্ত দাইদের সাহায্য নেওয়ার চেষ্টা করা হচ্ছে।

(৩) ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে এই কর্মসূচি রূপায়ণের ব্যাপারে পুরোপুরি যুক্ত করা। সর্বস্তরের জনপ্রতিনিধিদের পরিকল্পনা রূপায়ণের ব্যাপারে অধিকতর সক্রিয়ভাবে অংশ গ্রহণ। সরকারি প্রচেষ্টার সাথে সাথে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, স্বশাসিত সংস্থা, বিভিন্ন পেশায় নিযুক্ত ব্যক্তিদের সংগঠন, ট্রেড ইউনিয়ন, চা বাগান কর্তৃপক্ষ প্রভৃতিকে এই কর্মসূচি রূপায়ণের সঙ্গে যুক্ত করা।

(৪) জাতীয় সাক্ষরতা কর্মসূচির সঙ্গে পরিবার পরিকল্পনা মা ও শিশুর স্বাস্থ্য সেবার শিক্ষাকে সম্পূর্ণভাবে যুক্ত করা।

(৫) এই কর্মসূচির সঙ্গে রাজ্য সরকারের অন্যান্য বিভাগ যথা ঃ শিক্ষা, তথ্য ও সংস্কৃতি, সমবায়, সমাজ কল্যাণ প্রভৃতি দপ্তরকে সক্রিয়ভাবে যুক্ত করা। সুসংহত শিশু বিকাশ প্রকল্পের সঙ্গে পরিবার কল্যাণ কর্মসূচিকে যুক্ত করা হচ্ছে।

(৬) জন্ম নিয়ন্ত্রণের এবং মা ও শিশুর স্বাস্থ্য সেবার সুযোগ সুবিধাগুলো রাজ্যের সমস্ত

হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র ও উপকেন্দ্র হতে পাওয়া যায়। অষ্টম যোজনায় এই ধরনের কেন্দ্রের সংখ্যা আরও বাড়ানোর কথা ভাবা হচ্ছে যাতে যতদূর সম্ভব জনসাধারণের ঘরের কাছে সুযোগ সুবিধাগুলি পৌঁছে দেওয়া যায়।

(৭) চিকিৎসক ও অন্যান্য কর্মীদের উপযুক্ত প্রশিক্ষণের উপর আরও জোর দেওয়া হবে।

(৮) জেলা সভাধিপতি ও জেলা শাসক প্রত্যেক মাসে এই কর্মসূচির মূল্যায়ন করছেন। উপকেন্দ্র থেকে জেলাস্তর পর্যন্ত সরকারি আধিকারিক পঞ্চায়েত সদস্য ও জনপ্রতিনিধিদের নিয়ে কয়েকটি কমিটি গঠন করা হয়েছে এই কমিটিগুলি পরিবার কল্যাণ ও জনস্বাস্থ্য কর্মসূচির কাজ সঠিকভাবে রূপায়ণের জন্য পরামর্শ দেবেন।

(খ) (১) ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ সালের আর্থিক বছরগুলিতে জানুয়ারি ১৯৯২ সালের আর্থিক বছরগুলিতে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত সুসংহত পরিবার কল্যাণ পরিকল্পনা রূপায়ণে মোট খরচ হয়েছে ঃ

| | |
|---|---|
| ১৯৯০-৯১ | ৩০৮১.৫১ লক্ষ টাকা। |
| ১৯৯১-৯২ | ২৬৮১.৭১ লক্ষ টাকা |

এর মধ্যে কেবলমাত্র জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতিগুলির রূপায়ণের জন্য ব্যয় হয়েছে ঃ

| | |
|---|---|
| ১৯৯০-৯১ | ৫৯১.৮২ লক্ষ টাকা |
| ১৯৯১-৯২ | ৪৮৪.২৫ লক্ষ টাকা |
| | (জানুয়ারি ১৯৯২ পর্যন্ত) |

(২) ১৯৯০-৯১ সালে ৮৮৭৫০৯ জনকে এবং ১৯৯১-৯২ সালে ৭৫৪০২৪ জনকে বিভিন্ন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির আওতায় আনা গেছে।

(গ) সপ্তম যোজনার প্রারম্ভে জন্মহার ছিল প্রতি হাজারে ২৯.৪ বর্তমানে জন্ম নিয়ন্ত্রণ সফল রূপায়ণের জন্য জন্মহার কমে দাঁড়িয়েছে প্রতি হাজারে ২৭.৩ জন।

### বাগদা এলাকায় পাকা রাস্তা

***৫৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫১১) **শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার বাগদা এলাকায় নির্মীয়মাণ পাকা রাস্তার সংখ্যা কটি;

(খ) উক্ত নির্মীয়মান রাস্তাগুলির মধ্যে কত কিলোমিটার রাস্তা পাকা করার কাজ বাকি আছে (পৃথক পৃথক ভাবে); এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি। (পাটশিমুলিয়া—বোয়ালদা রাস্তা)

(খ) .৫ (অর্ধ) কিলোমিটার। (উক্ত রাস্তার উপর নির্মিত একটি সেতুর অভিমুখী রাস্তায়)

(গ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে শেষ হবে বলে আশা করা যায়।

**Proposal to encourage private investment in Tourism sector**

***587.** (Admitted Question No. ***1060) Shri Sailaja Kumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Tourism Department be pleased to state—

(a) whether there is any proposal to encourage Private Sector Investment in Tourism Sector in West Bengal;

(b) if so,—

(i) the brief outlines of the proposal; and

(ii) the incentive proposed to be given to Private entrepreneurs by the State Government ?

**Minister-in-Charge of the Tourism Department :**

(a) yes.

(b) (i) & (ii) At present hotels are treated as industrial Unit under the State Scheme of Incentives for Cottage & Small Scale Industries, 1989 and also the West Bengal Incentives Scheme, 1989. All other tourism related activities such as travel agencies, tour operating agencies, tourist transport, adventure sports, wild life tourism, water sports, amusement park, convention and seminar units cultural facilities for tourists do not come within the purview of the incentive schemes of the State Government. A proposal for extending the Incentives now available to hotel units under the above scheme to other segments of tourism industry is now under active consideration of the State Government. The State Government is also considering a proposal to allow additional concessions for hotels and other segments of tourism industry :

(i) allocation of Govt. land at concessional rates;

(ii) concession in water charges;

(iii) incentives for traning local man power;

(iv) exemption from building tax. A proposal for relaxation of the provisions of luxury tax for hotels is also under consideration of the State Government.

### পুরুলিয়া জেলায় কেরোসিন তেল সরবরাহ

***৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬৫) শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলায় সর্বমোট কেরোসিন হোলসেল ডিলারের সংখ্যা কত;

(খ) উক্ত ডিলারদের কি পরিমাণ মাসিক কেরোসিন তেল দেওয়া হয়ে থাকে;

(গ) পুরুলিয়া জেলার কেরোসিন তেলের পরিমাণ বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) থাকলে, কবে নাগাদ ও কত পরিমাণ তেল বাড়ানো হবে বলে আশা করা যায়?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হোলসেল ডিলার বলা হয় না। বলা হয় এজেন্ট। ১২ (বারো) জন এজেন্ট আছে।

(খ) গত তিনমাসে পুরুলিয়া জেলায় এজেন্টদের কেরোসিন তেলের বরাদ্দের পরিমাণ নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| জানুয়ারি ৯২ | — | ২২৪০ কিলোলিটার |
| ফেব্রুয়ারি ৯২ | — | ২২২০ কিলোলিটার |
| মার্চ ৯২ | — | ২২২০ কিলোলিটার |

(গ) ও (ঘ) কেরোসিন তেলের জেলাভিত্তিক বরাদ্দ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া রাজ্যের বরাদ্দের উপর নির্ভরশীল। কেন্দ্রীয় সরকার বরাদ্দের পরিমাণ বাড়ালে রাজ্য সরকার বিষয়টি বিবেচনা করবেন।

### লেবার কো-অপারেটিভের সংখ্যা

***৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬) শ্রী অমিয় পাত্র ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি 'লেবার কো-অপারেটিভ' আছে;

(খ) এটা কি সত্যি যে, সমবায় সংস্থাগুলির অধিকাংশই কাগুজে সমিতি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১ হাজার ২৯৪ টি;

(খ) ইহা সত্য নয়।

## Expenditure for the Guest House at New Delhi

***590.** (Admitted Question No. ***1761**) **Shri Sadhan Pande :** Will the Minister-in-Charge of the Public Works Department be pleased to State—

(a) the expenditure incurred by the State Government during the last three years in connection with the house located at 2, Circular Road at New Delhi;

(b) the number of days on which this house was occupied by V.I.Ps. during the period mentioned above; and

(c) the steps, if any, taken/proposed to be taken to cut down expenditure in connection with the above house ?

**Minister-in-Charge of the Public Works Department :**

(a) Rs. 2,78,21,002=35 (Rupees Two Crores seventy eight lakhs twenty one thousand two and thirty five paise) Viz. The following break-up

| | | |
|---|---|---|
| 1. Payment of rent | — | Rs. 10,825/- |
| 2. Payment of purchase value. | — | Rs. 2,70,00,000/- |
| 3. Maintenance cost including payment of staff. | — | Rs. 8,10,177=35 |

(b) The bunglow remains Booked for residential accommodation of the V.I.Ps like the Governor, Chief Minister and others during their visit to New Delhi.

(c) No.

## পুরুলিয়া জেলার হাসপাতালগুলিতে ডাক্তারের শূন্য পদ

***৫৯১।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৪৭৭**) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার সদর হাসপাতালসহ গ্রামীণ হাসপাতালগুলিতে কতগুলি ডাক্তারের

পদ শূন্য আছে (হাসপাতাল-ওয়ারী হিসাব)?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হাসপাতালগুলিতে মোট ২৫টি ডাক্তারের পদ শূন্য আছে।

**হাসপাতালওয়ারী হিসাব ঃ**

| | | |
|---|---|---|
| ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র | — | ৪ টি |
| প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | — | ১৫ টি |
| গ্রামীণ হাসপাতাল | — | ২ টি |
| সদর হাসপাতাল | — | ৪ টি |
| | মোট | ২৫ টি |

**ব্লক স্বাস্থ্য কেন্দ্রগুলির নাম ও শূন্য পদের সংখ্যা ঃ**

| | | |
|---|---|---|
| ১। কাঁটারাঙ্গনী | — | ১ টি |
| ২। বাড়ী | — | ১ টি |
| ৩। পুন্‌চা | — | ১ টি |
| ৪। কল্লোলী | — | ১ টি |
| | | ৪ টি |

**গ্রামীণ হাসপাতাল ঃ**

| | | |
|---|---|---|
| ১। মানবাজার গ্রামীণ হাসপাতাল | — | ২ টি |

**প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ঃ**

| | | |
|---|---|---|
| ১। দীঘি | — | ১ টি |
| ২। নেক্রা | — | ১ টি |
| ৩। তুনতুরি | — | ১ টি |
| ২। লাটাপাড়া | — | ১ টি |
| ৫। ভামুড়িয়া | — | ১ টি |
| ৬। বড়তড়িয়া | — | ১ টি |
| ৭। অসুরবাঁধ | — | ১ টি |
| ৮। পিচাশী | — | ১ টি |
| ৯। বেলাকুড়ি | — | ১ টি |
| ১১। দাড়িকুড়ি | — | ১ টি |
| ১২। সিন্দ্রি | — | ১ টি |

| | | |
|---|---|---|
| ১৩। চাটুমাদার | — | ১ টি |
| ১৪। কেরোয়া | — | ১ টি |
| ১৫। বাবুদের গ্রাম | — | ১ টি |
| | **মোট** | **১৫ টি** |
| সদর হাসপাতাল | — | ৪ টি |

**উত্তর উদয়নারায়ণপুর হিমঘর লিমিটেড**

***৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৪) শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর উদয়নারায়ণপুর হিমঘর লিমিটেডের পরিচালন কর্তৃপক্ষের বিরুদ্ধে আনীত হিসাবপত্রে ত্রুটি বিচ্যুতির অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন কি না;

(খ) অবহিত থাকলে, সরকার ঐ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর না হলে, কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ নামে কোনও হিমঘর নেই তবে সমবায় ক্ষেত্রে উদয়নারায়ণপুর সমবায় হিমঘর সমিতি আছে এবং তার অধীনে ৪০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা বিশিষ্ট একটি হিমঘর আছে। এই হিমঘর পরিচালনার ক্ষেত্রে হিসাব পত্রে ত্রুটি বিচ্যুতির অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছে।

(খ) এই ব্যাপারে আইনানুগ অনুসন্ধান করার কাজের জন্য এবং সমিতিটি যাতে সঠিকভাবে পরিচালিত হয় তার জন্য হাওড়ার সহ-নিবন্ধক সমিতিকে নির্দ্দেশ দেন। সমিতির পরিচালক সমিতিকে এরপর সমস্ত ত্রুটি বিচ্যুতির কারণ এবং এগুলি দূর করার জন্যও সহ নিবন্ধক পত্রাদি লেখেন। কিন্তু পরিচালকমণ্ডলী এই ব্যাপারে উদাসীন থাকেন। পরে অতিরিক্ত নিবন্ধক মহাশয় নিজে ৩/৪/৯১ তারিখে ঐ সমিতি পরিদর্শনে যান এবং সমিতির উন্নতিকল্পে কিছু পরামর্শ দেন। পরিচালক সমিতি তাঁদের বিভিন্ন সভায় অতিরিক্ত নিবন্ধকের মন্তব্যাদি আলোচনা করেন কিন্তু এখনও লক্ষ্যণীয় উন্নতিবিধানকল্পে কোনও পদক্ষেপ নেন নি। সরকার বিষয়টি নিয়ে বিবেচনা করছেন।

(গ) এ প্রসঙ্গ ওঠে না।

**রাজ্যের পর্যটক**

***৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৮) শ্রী মনোহর তিরকি ঃ** পর্যটন বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পর্যটক সংখ্যা ক্রমশই কমতে শুরু করেছে;

(খ) সত্যি হলে, পর্যটকদের আকর্ষণ করার জন্য এ রাজ্যে দ্রষ্টব্য জায়গাগুলির উন্নয়নে কোনও কর্মসূচি নেওয়া হয়েছে কি; এবং

(গ) হয়ে থাকলে, কি কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, ইহা সত্য নহে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না। কিন্তু পর্যটক সংখ্যা আরও বৃদ্ধির জন্য রাজ্য বাজেট থেকেও কেন্দ্রীয় সহায়তায় উন্নয়নের নানা কর্মসূচি নেওয়া হয়েছে। যথা, গাদিয়াড়াতে শয্যাসংখ্যা সম্প্রসারনের কাজ ও দুর্গাপুরে ওয়েসাইড ফ্যাসিলিটিজ নির্মাণ প্রায় সম্পূর্ণ। অযোধ্যায় ৫ টি ট্যুরিস্ট কটেজ নির্মিত হয়েছে। সুন্দরবন পর্যটকদের যাতায়াতের জন্য আরও দুটি লঞ্চ নির্মাণ, পিয়ালী, কৈখালি ও সাগরে একটি করে ট্যুরিস্ট লজ নির্মাণ পিয়ালীতে তাঁবু প্রকল্প, মেচেদা, কৃষ্ণনগর ও বাগডোগরায় ওয়েসাইড ফ্যাসিলিটিজ ও ট্রানসিট সেন্টার নির্মাণ, কুচবিহারে একটি যাত্রী নিবাস নির্মান, জোড়াসাঁকোয় ধ্বনি ও আলোর প্রদর্শনীর আয়োজন, অ্যাডভেঞ্চার স্পোর্টস উন্নয়ন, ইত্যাদি মঞ্জুর হয়েছে ও এর অনেকগুলিতে কাজ আরম্ভ হয়েছে। দিঘা ও শান্তিনিকেতনে ২য় ট্যুরিস্ট লজ এবং মুকুটমনিপুর ও কাঁকড়াঝোরে পর্যটক কেন্দ্র নির্মিত হচ্ছে।

### ক্যানিং গ্রামীণ হাসপাতাল অ্যাম্বুলেন্স

***৫৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৬৩১**) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্যানিং গ্রামীণ হাসপাতালে অ্যাম্বুলেন্স পাঠানো হয়েছে; এবং

(খ) সত্যি হলে, রোগী বহনের জন্য সরকারিভাবে অ্যাম্বুলেন্সের তেল (জ্বালানী) বরাদ্দ করা হয়েছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) হ্যাঁ, হয়েছে।

### ফালাকাটা ও আলিপুরদুয়ারের মাঝে তোর্ষা নদীর উপর সেতু

***৫৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৫৪২**) **শ্রী যোগেশ বর্মণ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ফালাকাটা ও আলিপুরদুয়ারের মাঝখানে তোর্ষা নদীর উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, তার অগ্রগতি কিরূপ?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাননীয় সদস্য সম্ভবত তোর্ষা বলতে শিলতোর্ষা নদীর কথাই বোঝাতে চেয়েছেন। ফালাকাটা—আলিপুরদুয়ারের মাঝখানে শিলতোর্ষা নদীর উপর একটি সেতু নির্মাণের প্রস্তাব সরকার গুরুত্ব সহকারে বিবেচনা করছেন।

(খ) ইতিমধ্যে জরীপের কাজ ও প্রাক্কলন তৈরি হয়েছে।

### উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে অ্যাম্বুলেন্স

*৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৪) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে কোনও অ্যাম্বুলেন্স চালু অবস্থায় নেই; এবং

(খ) অবগত থাকলে, উক্ত হাসপাতালে নতুন অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করবার কোনও পরিকল্পনা আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) হ্যাঁ, আছে।

### শুশুনিয়া ঘাটে খড়ি নদীর ওপর সেতু

*৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৫) **শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার মন্তেশ্বর বিধানসভা এলাকার অন্তর্গত শুশুনিয়া ঘাটে খড়ি নদীর ওপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ ঐ কাজ শুরু করা হবে; এবং

(গ) এজন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**ডুলুং নদীর উপর রোহিনীঘাটে পুল নির্মাণের পরিকল্পনা**

*৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৫) **শ্রী অতুলচন্দ্র দাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার অন্তর্গত শাঁকরাইল থানার মধ্যে ডুলুং নদীর উপর রোহিনীঘাটে পুল নির্মাণের পরিকল্পনার অগ্রগতি কিরূপ?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রস্তাবটি সরকার গুরুত্ব সহকারে বিবেচনা করছেন। এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

**Professional Management in Co-operative Organisations**

***600.** (Admitted Question No. ***894) Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to promote professional management in Co-operative organisations, to increase their operational efficiency and to ensure management of the Co-operatives on professional lines;

(b) if so,

(i) the brief outlines of the proposal;

(ii) the steps taken/proposed to be taken; and

(iii) the progress, if any, so far?

**Minister-in-Charge of the Co-operation Department :**

(a) Yes, on business development planning of PACS (BDP) and MOSPAC (Management of operational services for PACS and PAMS)

(b)

(i) At the instance of the Govt. of India Primary Agricultural Co-operative Credit Societies are being adopted in a phased manner beginning from the year 1991-92 to 1994-95 for all round devel-

opment of the societies by implementing the programme of Business Development Planning. In order to orient the Officers to be engaged in preparation of Business Development Plans of PACS, LAMPS, FSCS with proper linkage with the Marketing Societies and Wholesale Consumers' Co-operative Societies arrangement of training has been made at Agri, Co-op. Staff Training Institute (ACSTI) and Netaji Subhas Institute of Co-op. Management, Kalyani.

(ii) The Assistant Registrar of Co-op. Socys. Posted in the ranges, Chief Executive Officers of Central Co-op. Banks, a few Supervisors of each Central Co-op. Banks and Co-ordinating Officers of ARCS office and the Central Co-op. Banks engaged for monitoring the programme as also other functionaries by the faculty members of the Co-operative Training Centres and the Field Officers of the Co-operative Directorate have been identified for such training. besides, it is also contemplated to arrange for training of the officebearers of the Primary Agricultural Co-op. Socys, etc. Managers of those Societies and some key-employees of Marketing Societies and Wholesale Consumers' Societies.

(iii) Number of officers trained on BDP of PACS etc. e.g. A.R.C.S., Chief Executive Officers of Central Co-op. Banks, Supervisors of CCBs and Co-ordinating Officers of ARCS office and Central Co-op. banks, block Inspectors of Co-op. Training Centres (held at ACSTI)—174

Officers of Marketing and Wholesale Consumers' Co-op. Socys. (training held at ACSTI and Netaji Subhas Institute of Co-operative Management) trained in BDP—171

In order to acquaint the Chairman and the Vice-chairman of all Central Co-operative Banks a small workshop was also arranged at ACSTI for 3 days in January, 1992.

Training of MOSPAC ;

(i) There is an arrangement for training on MOSPAC (Management of Operational Services for PACS and PAMS) for the employees of PACS AND PAMS having godowns under NCDC-III schemes or normal scheme at ACSTI, Calcutta in order to import necessary training on business of the societies, making full use of the godowns constructed under Govt. Assistance/NCDC sheme and help the societies attaining viability.

(ii) The managers of PACS and the Managers of PAMS are identified for imparting such training.

(iii) No. of officers trained in MOSPAC

Till date 1428 Managers of PACS and PAMS have been trained at ACSTI. Another 180 Managers of PACS and PAMS are proposed to be trained up at ACSTI during the period from 23-3-92 to 27-6-92.

**মৎস্য চাষ উন্নয়নে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তা**

***৬০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রী দিলীপ মজুমদার ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মাছ চাষের উন্নয়নে বিশ্বব্যাঙ্কের কোনও আর্থিক সহায়তা রাজ্য সরকার পান কি না; এবং

(খ) পেলে, সে সম্পর্কে কিছু জানাবেন কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৮০-৮১ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় অন্তর্দেশীয় মৎস্য চাষ প্রকল্প রূপায়িত হয়েছে। এই প্রকল্পে ৫৯ হাজার হেক্টারেরও বেশি জলাশয় উন্নত প্রথায় মাছ চাষের আওতায় আনা হয়েছে এবং ১.৯ লক্ষ মৎস্য চাষী উপকৃত হয়েছেন।

**রামচন্দ্রপুর-ভাদুড়িয়া সাবসিডিয়ারী হেলথ সেন্টার**

***৬০২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামচন্দ্রপুর-ভাদুড়িয়া সাবসিডিয়ারী হেলথ সেন্টারে বহুদিন যাবৎ ডাক্তার নেই; এবং

(খ) অবগত থাকলে,

(১) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার না থাকার কারণ কি; ও

(২) ঐ স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ঐ স্বাস্থ্য কেন্দ্রে নিযুক্ত পুনর্নিয়োগ প্রাপ্ত ডাঃ মতিলাল নাগের মেয়াদ ৩১শে ডিসেম্বর ১৯৯১তে শেষ হয়েছে। তাঁকে আর পুনর্নিয়োগ না দেওয়ায় পদটি শূণ্য রয়েছে।

(২) পাবলিক সার্ভিস কমিশন থেকে যে নামের তালিকা পাওয়া গিয়েছে তার থেকে নিয়োগের ব্যবস্থা করা হচ্ছে। আশা করা যায় শীঘ্রই ডাক্তার নিয়োগ করা সম্ভব হবে।

**পারবেনিয়া ও দিসেরগড় কোলিয়ারীর কাছে সেতু নির্মাণ**

***৬০৩।** (অনুমোদিত প্রশ্ন নং ***২৭৯) শ্রী নটবর বাগদী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার দামোদর নদের উপর পারবেনিয়া কোলিয়ারী এবং দিসেরগড় কোলিয়ারীর কাছে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**Development of Teesta Barrage Project as a Tourist Centre**

***604.** (Admitted Question No. ***1071) Shri Chowdhary Abdul Karim and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Tourism Department be pleased to state—

(a) whether there is any proposal for development of Teesta Barrage Project as a Tourist Centre of International Standard;

(b) if so,

(i) the brief outlines of the proposal;

(ii) the steps taken/proposed to be taken by the State Government ?

**Minister-in-Charge of the Tourism Department :**

(a) Yes.

(b) It is proposed to devolop the site as a nodal point for visits to tourist spots in North Bengal as well as in North Eastern India. The private sector will be involved in setting up hotels. Construction of tourist accommodation, organisation of tourist transport for visits to tourist spots in the region, promotion of motor sports, golf

course, Smusement park, and introduction of ancillery facilities are envisaged.

(i) The Tourism Deptt. of the state Govt, is already in posession of 207.5 acres of land on the bank of the barrage.

At the request of the state Govt. the Govt. of India has undertaken preparation of a Project Feasibility Report, and the State Govt. will pay Rs. 2.43 lakhs as half of the expenditures for the purpose. The other half is to be met by the Govt. of India.

### ক্রীড়াকে সংবিধানের যুগ্ম তালিকায় আনার চেষ্টা

***৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮১) ডাঃ দীপক চন্দ ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্রীড়াকে সংবিধানের যুগ্ম তালিকায় আনার জন্য কেন্দ্র উদ্যোগ নিয়েছিল;

(খ) সত্যি হলে, রাজ্য সরকারের এ বিষয়ে মতামত কি; এবং

(গ) সে সম্পর্কে কেন্দ্রকে জানানো হয়েছে কি না?

**ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকারের আপত্তি আছে।

(গ) হ্যাঁ।

### লাইসেন্স বিহীন হাস্কিং মিল

***৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৬) শ্রী অমিয় পাত্র ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে লাইসেন্স বিহীন হাস্কিং মিলের সংখ্যা কত; এবং

(খ) এই হাস্কিং মিলগুলিকে লাইসেন্স প্রদানের অসুবিধা কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সংখ্যা জানা নেই।

(খ) যদি নির্দিষ্ট অঞ্চলে দুই কিলোমিটারের মধ্যে কোনও লাইসেন্সযুক্ত হাস্কিং মিল না থাকে এবং স্থানীয়ভাবে ধানের পর্যাপ্ত ফলন থাকে তবে অপর একটি হাস্কিং মিলকে

লাইসেন্স দেওয়া যায়। এই দুই কিলোমিটার দূরত্বসীমা মহামান্য হাইকোর্টের আদেশ বলে স্থিরীকৃত হয়েছে। সাধারণত লাইসেন্স বিহীন হাস্কিং মিলগুলি এই দূরত্ব বিষয়ক নিষেধের অন্তর্ভুক্ত হয়ে বলে লাইসেন্স পায় না।

**জোড়বাংলো মন্দিরটির সংস্কার**

***৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৪) শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিষ্ণুপুরের জোড়বাংলো মন্দিরটিকে পর্যটকদের কাছে আরও আকর্ষণীয় করে তুলতে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না;

(খ) যদি হয়ে থাকে,

(১) কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে;

(২) কবে নাগাদ উক্ত ব্যবস্থা কার্যকরি হবে; এবং

(গ) এর জন্য রাজ্য সরকারের কত টাকা ব্যয় হবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, হয়েছে।

(খ) জোড়বাংলো ও রাধেশ্যাম মন্দিরের সংলগ্ন অঞ্চলের সৌন্দর্য্যবৃদ্ধির জন্য ব্যবস্থা নিতে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার একটি পরিকল্পনা আছে এবং এর জন্য তাঁরা জমি অধিগ্রহণের প্রস্তাব করেছেন। প্রস্তাবটি বর্তমানে বিবেচনাধীন।

**কৃষ্ণচন্দ্রপুর হতে আটেশ্বরতলা পর্যন্ত রাস্তার মেরামতের কাজ**

*৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫১) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪-পরগনা জেলার মথুরাপুর ১নং ব্লকের অধীনে কৃষ্ণচন্দ্রপুর হতে আটেশ্বরতলা পর্যন্ত রাস্তাটি মেরামতের কাজ আরম্ভ হয়েছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রয়োজনীয় অর্থের সংস্থান না থাকায় ১৯৯১-৯২ আর্থিক বৎসরে উক্ত রাস্তাটির মেরামতের কাজ হাতে নেওয়া সম্ভব হয়নি।

**মৎস্যজীবিদের জন্য গ্রাম গড়ে তোলার পরিকল্পনা**

***৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মৎস্যজীবিদের জন্য গ্রাম গড়ে তোলার কোনও সরকারি পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, এর সংখ্যা কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৬ (ছয়টি) গ্রাম নির্মাণের কাজ শেষ হয়েছে এবং আরও ৪ (চারটি) গ্রাম নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে।

**জলপাইগুড়িতে প্রস্তাবিত স্পোর্টস কমপ্লেক্স**

***৬১১।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৫৪৮**) **শ্রী যোগেশ বর্মণ ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়িতে প্রস্তাবিত স্পোর্টস কমপ্লেক্স-এর কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে বিলম্বের কারণ কি?

**ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জেলা পরিষদের সভাধিপতির কাছ থেকে একটি প্রস্তাব আসে। প্রস্তাবটি বিবেচনা করার জন্য আরও কিছু প্রয়োজনীয় তথ্য রাজ্য সরকার চেয়ে পাঠান। বিশদ তথ্যের অভাবে এ বিষয়ে কোনও স্থির সিদ্ধান্ত এখনও নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**কলমবাগান হতে পাথুরীয়া পর্যন্ত রাস্তাটির অনুমোদন**

***৬১২।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৫১২**) **শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর ২৪-পরগনা জেলার বাগদা এলাকায় কলমবাগান হতে পাথুরীয়া পর্যন্ত রাস্তাটি কোন সালে অনুমোদন লাভ করেছিল?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এই দপ্তরের অধীনস্থ কলমবাগান হইতে বিয়ারা পর্যন্ত একটি রাস্তা ১৯৮৭-৮৮ আর্থিক বৎসরে প্রশাসনিক অনুমোদন লাভ করেছিল।

## New Beach Resort at Shankarpur

***613.** (Admitted Question No. ***1061) Shri Sailaja Kumar Das nd Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Tourism )epartment be pleased to state—

(a) whether the State Government has received any report from WEBCON regarding the Project for setting up a new Beach Resort at Shankarpur near Digha;

(b) if so—

(i) the brief outlines of the Report(s);

(ii) the contemplation of the State Government in the matter ?

**Minister-in-Charge of the Tourism Department :**

(a) Yes.

(b)

(i) The Report envisages development of an exquisite and sophisticated tourism complex at Shankarpur. Facility planning at the site will comprise setting up of a number of star-category hotels both in Private and Public Sectors, to be supplemented by a host of tourist products like marine aquarium, artificial lake with boating facility, central garden with deer park, pleasure cruises into the sea, and a new road along the coast for pleasure drive from Shankarpur to Digha. Besides, there would have to be the usual infrastructure development. The Report proposes a total financial outlay of Rs. 41.80 crores in phases, most of the amount being recoverable through sale of land and shops to private entrepreneurs

(ii) The Report is under examination. In the meantime, the State Govt. has proposed to the Govt. of India construction of a Tourist lodge under the Plan (Central Sector) at Shankarpur.

## হাতিগেড়িয়া—রগড়া পর্যন্ত রাস্তার নির্মাণ ও মেরামত

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৬) **শ্রী অতুলচন্দ্র দাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার হাতিগেড়িয়া-কুলটিকরী-মানগোবিন্দপুর-রোহিণী-রগড়া রাস্তা নির্মাণ ও মেরামতের কাজ ১৯৯২-৯৩ আর্থিক বছরে হবে কি না; এবং

(খ) হলে,—

(১) নির্মাণের জন্য ও

(২) মেরামতের জন্য বরাদ্দের পরিমাণ কত?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, হবে।

(খ) (১) ও (২) এখনই বলা সম্ভব নয়।

**গোবরডাঙ্গা হতে বেড়ী গোপালপুর ঘাট পর্যন্ত রাস্তাটির সংস্কার**

***৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৮) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গোবরডাঙ্গা হতে বেড়ী গোপালপুর ঘাট পর্যন্ত ভাঙ্গা রাস্তাটি দ্রুত সারানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত করা সম্ভব বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আর্থিক সংগতি অনুযায়ী পর্যায়ক্রমে রাস্তাটি মেরামতের পরিকল্পনা আছে।

(খ) মেরামতির কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। কাজ শেষ করার সময় সীমা আর্থিক বরাদ্দের উপর নির্ভর করবে।

**উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসা ব্যবস্থা**

***৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪৯) শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসা সংক্রান্ত উন্নয়নের জন্য সরকারের কোনওরূপ পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ ঐ উন্নয়নের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) উন্নয়নের কাজ শুরু হয়েছে।

### টাইগার হিলের আকর্ষণ বৃদ্ধিতে ব্যবস্থা গ্রহণ

***৬১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ***৬৭৮**) **শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পর্যটকদের কাছে টাইগার হিলের আকর্ষণ বৃদ্ধি করার জন্য পর্যটন বিভাগ বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে;

(খ) সত্যি হলে, ঐ সব কর্মসূচিগুলি কি কি; এবং

(গ) ঐ সব কর্মসূচিগুলি রূপায়িত হতে (১) কত সময় লাগবে ও (২) কত টাকা খরচ হবে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিষয়টি পরীক্ষাধীন।

(খ) ও (গ) এখন প্রশ্ন ওঠে না।

### শ্রীপল্লী হতে ব্যারাকপুর পর্যন্ত রাস্তাটির অনুমোদন

***৬১৮।** (অনুমোদন প্রশ্ন নং ***১৫১৩**) **শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার বাগদা এলাকার শ্রীপল্লী হতে ব্যারাকপুর পর্যন্ত নির্মীয়মান রাস্তাটির কত কি. মি. পাকা করার জন্য সরকারি অনুমোদন লাভ করেছে;

(খ) তার মধ্যে কত কি. মি.-এর কাজ—

(১) শেষ হয়েছে

(২) বাকি আছে; এবং

(গ) বাকি পাকা রাস্তাটির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উল্লিখিত রাস্তাটি ২৩ কিমি দীর্ঘ গোপালনগর—শ্রীপল্লী বাজিতপুর সিন্দ্রানি নামক একটি অনুমোদিত প্রকল্পের অংশ।

(খ) (১) ২৯ কিমিঃ

(২) ২ কিমিঃ রাস্তা ও একটি প্রধান সেতু।

(গ) বাকি অংশের কাজ খুবই ব্যয়বহুল। তাই প্রকল্পটি শেষ করার সময়সীমা যথাযথ আর্থিক সংস্থান করার উপর নির্ভর করছে।

## Steps to control Filaria

***619.** (Admitted Question No. ***1063) Shri Sailaja Kumar Das and Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to identify such areas of West Bengal where Filaria is a disease of Common occurrence and to ascertain the extent of the spread of Filaria in such areas;

(b) if so—

(i) the results thereof;

(ii) the steps taken/proposed to be taken to control Filaria in such areas : and

(iii) the assistance received/likely to be received from the centre under the National Filaria Control Programme ?

**Minister-in-Charge of the Health and Family Welfare Department :**

(a) In Filariasis there is no term as "disease of common occurrence". As per Govt. of India's manutal on N.F.C. any area having more than 4% microfilaria rate (mf. rate) is considered as endemic areas. Survey has been made to identify such endemic areas and to ascertain the extent of the spread of Filaria in such areas;

(b) (i) the mf. rate varies from 4.7% to 7.9% in the N.F.C.P. areas and from 6% to 14% in non-N.F.C.P. areas.

(ii) the following steps are taken :-

(a) Anti-Larval operation by Organophosporus Compound (i.e. spray by Baytex—1000 E.C. or Fenthion and Abate—50% EC or Temephos) to Control mosquito Larvae of Filaria;

(b) Night blood smear collection and examination through N.F.C.P. control units, Filaria clinics and survey units to know the prevalence of Filaria cases among the people at large; and

(c) Treatment of mf.+ve cases and Filaria Patients by D.E.C. tablets.

(iii) Central assistance by way of materials (Organophosporus compound) and cash assistance on N.F.C.P. were as follows :-

| Year | Materials (in lakh) | Cash assistance (in lakh) |
|---|---|---|
| 1990-91 | Rs. 7.46 | Rs. 1.00 |
| 1991-92 | NIL | Rs. 1.00 |

**রাজ্যে সড়ক মেরামত ও নির্মাণের জন্য কেন্দ্রের নিকট ঋণ গ্রহণ**

*৬২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৪) **শ্রী অজয় দে** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জাতীয় সড়কগুলি মেরামত ও নির্মাণের জন্য রাজ্য সরকার কেন্দ্রের নিকট হতে কি পরিমাণ অর্থ ১৯৯১-৯২ আর্থিক বছরে গ্রহণ করেছেন; এবং

(খ) ১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্য সরকার রাজ্যের রাস্তাগুলি মেরামত ও নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ করেছেন?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯১-৯২ আর্থিক বৎসরে জাতীয় সড়ক মেরামত ও নির্মাণের জন্য প্রাপ্ত অর্থ যথাক্রমে ১২ কোটি ৮৪ লক্ষ ৩৫ হাজার টাকা ও ১৫ কোটি ৮৪ লক্ষ টাকা।

(খ) মেরামত ও নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের (নীট) পরিমাণ যথাক্রমে— ৪০ কোটি ১৬ লক্ষ টাকা ও ৩২ কোটি ৩৩ লক্ষ ৬৭ হাজার টাকা।

## S. N. Question
## (to which oral Answer was given)

**পশ্চিমবঙ্গ সমবায় হাউসিং ফেডারেশন লিমিটেড**

*৬২১ (এস. এন.)। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭৭) (এস. এন.) **শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** ঃ সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সমবায় হাউসিং ফেডারেশন লিমিটেডের সিটু সমর্থিত কর্মচারি ইউনিয়নের সদস্যবৃন্দ ১৯৮৯-৯০, ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ আর্থিক বছরে কতদিন ধর্মঘট করেছেন;

(খ) ঐ ধর্মঘটের দাবিগুলি কি কি ছিল; এবং

(গ) ধর্মঘটের ফলে প্রাথমিক সমিতিগুলির সদস্যদের মাথায় ঋণের যে অতিরিক্ত সুদের বোঝা চেপেছে বা চাপছে তা লাঘবের জন্য মাননীয় মন্ত্রী মহোদয় কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি না?

**শ্রী সরল দেব ঃ**

(ক) ১৯৮৯-৯০ আর্থিক বছরে কোনও ধর্মঘট হয় নাই।

১৯৯০-৯১ আর্থিক বছরে ১ দিন ১৪ই জুন ১৯৯০ তারিখে প্রতিষ্ঠানের সকলশ্রেণীর কর্মচারিবৃন্দ ধর্মঘট করিয়াছিলেন।

১৯৯১-৯২ আর্থিক বছরে সিটু সমর্থিত কর্মচারি ইউনিয়নের সদস্যবৃন্দ ২০শে জুন ১৯৯১, ৬ই আগস্ট ১৯৯১ এবং ৬ই নভেম্বর ১৯৯১ থেকে ১০ই মার্চ ১৯৯২ তারিখ পর্যন্ত লাগাতর ধর্মঘট পালন করেন।

(খ) ১৪ই জুন ১৯৯০ সালে প্রতীক ধর্মঘটের দাবি ছিল পশ্চিমবঙ্গ সরকারের 'রোপা রুল ১৯৯০' চালু করিয়া কর্মচারিদের বেতন কাঠামো পুনর্বিন্যাস করিতে হইবে।

১৯৯১ সালের ২০শে জুন তারিখের ধর্মঘটের দাবি ছিল নিম্নলিখিত বিষয়গুলি নিম্নবর্ণিত উপায়ে মীমাংসা করিতে হইবে ঃ-

(১) ঘোষিত শূন্যপদে একযোগে প্রমোশন এবং বাকি শূন্যপদ নির্দ্দিষ্ট নিয়মানুসারে (অর্থাৎ কাগজে বিজ্ঞাপন না দিয়া কর্ম বিনিয়োগ কেন্দ্র হইতে প্রার্থীদের নাম জানাইয়া) অবিলম্বে কর্মচারী নিয়োগ।

(২) শিলিগুড়িতে নিজস্ব গৃহপ্রকল্প অবিলম্বে বোর্ড মিটিং এ বাতিল বলিয়া ঘোষণা করিতে হইবে। ডিরেক্টর বোর্ড ইতিপূর্বে অত্যাধিক দামে (কাঠা প্রতি ১.১০ লক্ষ টাকা হিসাবে) মোট ৩৬ কাঠার জমির মূল্যের শতকরা ৫ ভাগ টাকা দিয়া বায়নানামা করার সিদ্ধান্ত নিয়েছিলেন।

(৩) কর্মচারিদের গৃহ নির্মাণ ঋণ প্রকল্প অবিলম্বে কার্যকরি করণ এবং

(৪) প্রাথমিক গৃহ নির্মাণ সমবায় সমিতির স্বার্থে শেয়ার ক্রয় সম্পর্কিত রাখার ব্যবস্থা; ক্ষমতার বিকেন্দ্রীকরণ ইত্যাদি।

৬/৮/৯১ তারিখের ধর্মঘটের দাবি ছিল উক্ত প্রতিষ্ঠানের তদানীন্তন সভাপতির অগণতান্ত্রিক ও একনায়কতন্ত্র মূলত ব্যবহার, খামখেয়ালিপূর্ণ আচরণ এবং উদ্দেশ্য প্রণোদিত কার্যকলাপ যাহা উক্ত প্রতিষ্ঠানের পক্ষে ক্ষতিকর এর বিরুদ্ধে প্রতিবাদ জানানো।

১৯৯১-৯২ সালে গত ৬ই নভেম্বর ৯১ থেকে গত ১০ই মার্চ ৯২ তারিখ পর্যন্ত লাগাতার ধর্মঘটের দাবি ছিল ডিরেক্টরস বোর্ডের ৩১/১০/৯১ তারিখের মিটিং এর সিদ্ধান্ত (যাহাতে শ্রী মৃণালকান্তি রায় মহাশয়কে ডিরেক্টর হিসাবে একজন মৃত ডিরেক্টর এর শূন্যস্থানে নির্বাচন করা হয়) বাতিল করণ।

(গ) ১৪ই জুন, ৯০, ২০শে জুন, ৯১ এবং ৬ই আগষ্ট ৯১ এই তিন দিনের প্রতীক

ধর্মঘটের ফলে সমিতির সদস্যদের অতিরিক্ত সুদের বোঝা চাপিবে না। তবে গত ৬/১১/৯১ থেকে ১০/৩/৯২ পর্যন্ত লাগাতার ধর্মঘটের ফলে অতিরিক্ত সুদের বোঝা চাপিতে পারে। আশা করা যায়, যে উক্ত সংস্থা যথা সময়ে এই বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

[12-00 – 12-10 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনি যেটা বললেন যে, ধর্মঘট হচ্ছে নভেম্বর থেকে মার্চ ন্ত, এটা সরকারি মতে আইনত সিদ্ধ কিনা এবং ডিরেক্টার বোর্ড বাতিল করার যে দাবি ওঁরা করেছিলেন সেটা করতে পারেন কিনা? আর (৩) হচ্ছে আপনি মৃণাল রায় কে সরিয়ে দিয়েছেন তারপর ধর্মঘট হয়, এখন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিশাররা কাজ করতে পারছেন না, তার জন্য আপনি কি করছেন?

**মিঃ স্পিকার ঃ** প্রথম দুটোর কোনও উত্তর হবে না, ওগুলি আপনার মন্তব্যের ব্যাপার, আপনি শেষ প্রশ্নটার উত্তরটা দিন।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, মৃণাল রায়ের পুনর্নির্বাচন আইনত সিদ্ধ, কিন্তু যেহেতু তিনি সময় সীমার মধ্যে নির্বাচন করতে পারেন নি বলে ১০ই মার্চ মহামান্য হাইকোর্টের নির্দেশে পুরনো বোর্ড বাতিল হয়ে গেছে। তাঁর পুনর্নির্বাচন আইন সঙ্গত সে বিষয়ে কোনও সন্দেহ নেই, যে সমস্ত অভিযোগগুলি ইউনিয়ন থেকে তোলা হয়েছে নগুলি সত্ত্ব সিদ্ধ নয়। আমি অতীতে তা জানিয়েছি, আর (৩) হচ্ছে মহামান্য হাইকোর্টের র্দেশে এবং অর্ডারে সি. আর. ভট্টাচার্য মহাশয় চার্জ গ্রহণ করেছেন, তিনি কাজে যেতে ারছেন না, সে ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, অবিলম্বে যাতে াফিশ খোলা হয় এবং তিনি কাজে যেতে পারেন সে বিষয়ে তিনি প্রয়োজনীয় নির্দেশ য়েছেন।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—ঐ হাউসিং ফেডারেশনের ানি চেয়ারম্যান ছিলেন তিনি সরকারের মনোনীত প্রার্থী এবং তাঁর দুর্নীতি ও স্বেচ্ছাচারের ত অভিযোগ এসেছিল যে সে সম্পর্কে শেষ পর্যন্ত সরকার তাকে উইথড্র করতে বাধ্য হন, াকে উইথড্র করা হল, তাকে আবার ব্যাকডোর দিয়ে নিয়ে আসা হল এবং তিনি চেয়ারম্যান লেন। এইভাবে একজন দুর্নীতিগ্রস্ত লোককে কো-অপারেটিভের বোর্ড অফ ডিরেক্টার করার তিবাদেই ঐ ধর্মঘট করা হয়েছিল।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, ইউনিয়নগুলির পক্ষ থকে যে তিনটি অভিযোগ তোলা হয়েছিল সেই তিনটি অভিযোগের বিষয়ে তদন্ত করে খেছি যে, অভিযোগগুলি অসত্য। তারপরে রিপোর্ট আমি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিয়েছি। বে স্বেচ্ছাচারিতা সম্পর্কে আমি কিছু বলতে পারব না, কারণ ওটা একটা অ্যাফেক্স বডি, র্বাচিত সংস্থা। বোর্ড সময়সীমার মধ্যে নির্বাচন করতে পারেনি, তবে কোর্টের অর্ডারে সেই ার্ড বাতিল হয়নি। সময়সীমা পার হবার পর সেটা বাতিল হয়ে গেছে এবং তারপর তিনি

চার্জ গ্রহণ করেছেন। কাজেই আপনার বক্তব্যের সঙ্গে আমি একমত নই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** সরকার মনোনীত যে চেয়ারম্যান—মৃণালকান্তি রায়, তাঁকে সরিয়ে দেওয়া হয়েছিল। তিনি আপনার কাছে কতগুলো অভিযোগ করেছিলেন। সেই অভিযোগ হল, ওখানকার কতগুলো ইউনিয়নের অন্যায় দাবির ফলে তাঁকে ষড়যন্ত্রের শিকার হতে হয়েছিল। এ ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী সরল দেব ঃ** তিনি যে পদত্যাগপত্র পাঠিয়েছিলেন তাতে তিনি ব্যক্তিগত কারণ দেখিয়েছিলেন, অন্য কোনও কারণ নয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received four notices of Adjournment Motion. The First is from Shri Abdul Mannan on the subject of alleged non-availability of Blood at Central Blood Bank, Calcutta. The Second is from Shri Ajoy De on the subject of alleged shut down of 5th units of Bandel and Kolaghat Power Generation Plants. The third is from Dr. Manas Bhunia on the subject of reported excessive increase of Mosquito throughout the State and the last is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of reported death of seven anti-socials by mass beating.

The subject matters of the Motions do not call for Adjournment of the business of the House. Moreover, the members may call the attention of the concerned Ministers to the subjects through calling attention, questions, mention etc.

I, therefore, withhold my consent to the motions.

One member may, however, read out the text of the Motion as amended.

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি, সাম্প্রতিক নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল, রাজ্যের বিদ্যুৎকেন্দ্র ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিটটি ইতিমধ্যে বিকল হয়েছে। আবার কোলাঘাটের পঞ্চম ইউনিটটিও বিকল। বিদ্যুৎ না থাকায় গ্রামাঞ্চলে চাষ মার খাচ্ছে, ছোট ছোট শিল্প বন্ধ হতে বসেছে। হাসপাতালে রোগীদের, পরীক্ষার্থীদের সর্বত্র চরম অসুবিধা সৃষ্টি হয়েছে। যতটুকু বিদ্যুৎ থাকছে সেখানেও চলছে ব্যাপক চুরি। রাজ্য সরকার সেই চুরি রুখতে ব্যর্থ, সাধারণ মানুষের এই জ্বলন্ত সমস্যা সমাধানে সরকার জরুরি পদক্ষেপ নিতে ব্যর্থ।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 8 notices of Calling attention

namely :

| | | |
|---|---|---|
| 1. Alleged acute scarcity of drinking water at Sabong Block of Midnapore district | : | Dr. Manas Bhunia |
| 2. Reported erosion of river Ajoy near Bolpur | : | Shri Tapan Hore |
| 3. Delay in completion of Gurhgurhia drainage and flood control project | : | Shri Biswanath Mitra |
| 4. Proposals for setting up of new Schools in Nadia district | : | Shri Kamalendu Sanyal |
| 5. Alleged obstruction to the functioning of the elected Board of Directors of the Seoraphuli Baidyabati Co-operative Bank | : | Shri Abdul Mannan |
| 6. Alleged death of a number of dacoits in the districts of the State on 2.4.1992. | : | Shri Lakshman Seth, Shri Birendra Kumar Maitra, and Shri Saugata Roy |
| 7. Alleged out-break of Cholera and Gastroenterities at Srikantha village under Maina Block of Midnapore district | : | Shri Manik Bhowmik |
| 8. Alleged deplorable condition of roads in North Bengal | : | Shri Nirmal Das |

I have selected the notice of Shri Manik Bhowmik on the subject of Alleged out-break of Cholera and Gastroentaritis at Srikantha village under Moina Block of Midnapore district.

The Minister in Charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Prododh Chandra Sinha :** Sir, on the 10th April, 1992.

## MENTION CASES

**Mr. Gillian Rosemary D'costa Hurt :** Mr. Speaker Sir, this morning in the newspaper—'The Telegraph' there was news item about

a protest rally that is going to be taken by the teaching and non-teaching staff of Anglo-Indian Schools regarding certain amount of discrimination that there is between our Anglo-Indian Schools and the Government Aided Schools. Now, while I do not really agree with the teachers marching as such in protest. The fact is that there is certain amount of discrimination being made by the Government between the teaching and non-teaching staff of our Anglo-Indian Schools and the Government Aided Schools. Now what has happened is in Government Aided Schools enhanced dearness allowance is linked with the increase in the emoluments that are given to the teachers whereas in our schools it has been necessary for us to change the pay scale, to raise our pay-scale in accordance with our recommendation of the Third Pay Commission. Now, our teachers are as qualified as the Government Aided Schools. They work hard. Our Anglo-Indian Schools are as good as the Government Aided Schools. Yet at the same time the Government is not giving the dearness allowance to our teachers in accordance with the enhanced pay scale. Therefore, there is gross anamoly between the amount of Government dearness allowance drawn by the teaching and non-teaching staff of Anglo-Indian Schools and that drawn by the teaching and non-teaching staff of the Government Aided Schools. The difference ranges Rs. 230/- per month in the lowest scale and about Rs 600/- per month in the higher scale. I am sure that the Government will appreciate the fact that with the rising cost it has been necessary to change our pay scale and I would request the Hon'ble Minister of Education and the Education Department to Look into this matter. Various representations have been made to them but upto-date nothing has been done in this regard. I, therefore, ask the Government for sympathetic consideration of pay scales of teaching and non-teaching staff of our Anglo-Indian Schools favourably as that of other schools, Thank you. Sir.

[12-10 – 12-20 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, সম্প্রতি কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কর্তৃপক্ষ, সি. ই. এস. সি. কর্তৃপক্ষ বিভিন্ন কারখানায় একটা নোটিশ জারি করেছেন। যে সমস্ত ছোট ছোট কারখানাগুলিতে ম্যাকসিমাম ১০ হর্স পাওয়ারের মোটর ব্যবহার করে তাদের প্রত্যেককে নোটিশ দেওয়া হয়েছে। আগে বিদ্যুতের যে বিল উঠত তারা সেই ইলেকট্রিক বিল পেমেন্ট করতেন। এখন বলা হয়েছে যে প্রত্যেক হর্স পাওয়ারের জন্য ৫০ টাকা অথবা বিদ্যুতের যে বিল উঠবে—এই দুটোর মধ্যে যেটা সব থেকে বেশি হবে সেটা দিতে হবে। তার ফলে ছোট ছোট কারখানায় যেখানে ১০ হর্স পাওয়ারের মোটর

ব্যবহার করে তাদের ৫০০ টাকা করে দিতে হবে। কারও যদি ১৫০ টাকার বিল হয় তাহলে তাকেও ৫০০ টাকা দিতে হবে। এর ফলে ছোট ছোট কারখানাগুলি মার খাবে। কাজেই সি. ই. এস. সি'র এই একচেটিয়া দৃষ্টিভঙ্গিকে খর্ব করে পুরানো সিস্টেম যাতে চালু থাকে তার ব্যবস্থা করার জন্য চেষ্টা করুন।

**শ্রীমতী আরতি হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার রানীবাঁধ বিধানসভা কেন্দ্র তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকা। এই এলাকায় একটি আদিবাসী মহাবিদ্যালয় আছে। এই কলেজটি সুদীর্ঘ ১৪/১৫ বছর আগে প্রতিষ্ঠিত হয়েছে। সেখানে অনেক ছাত্রছাত্রী পড়তে আসে এবং তাদের মধ্যে বেশির ভাগ ছাত্রছাত্রী তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত। কিন্তু দুঃখের বিষয়, এই কলেজে কোনও বিষয়ে অনার্স চালু করা হয়নি। ফলে দরিদ্র শ্রেণীর এই ছাত্রছাত্রীদের অনেক দূরে অনার্স পড়ার জন্য যেতে অসুবিধা হয় এবং তার ফলে তাদের অনার্স পড়াশুনার ক্ষেত্রে প্রচণ্ড ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে দাবি করছি যাতে অবিলম্বে এই কলেজে অনার্স চালু করে ছাত্রছাত্রীদের অনার্স পড়ার সুযোগ করে দেওয়া হোক।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি দুঃখজনক ঘটনার সমস্যার সমাধানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিনপুর থানায় খাস পুকুরে স্থানীয় আদিবাসী মানুষ মাছ ধরছিল। আমরা জানি যে পুলিশ এসে লাঠি চার্জ করে। উক্ত আদিবাসী মানুষ পুলিশের কাছে এসে খুব বিনয়ের সঙ্গে জিজ্ঞাসাবাদ করছে। সেই সময়ে একজন পুলিশ অফিশার সুস্থ মস্তিষ্কে উদ্দেশ্য প্রণোদিত ভাবে খুব শর্ট রেঞ্জ থেকে গুলি করে এবং শ্রীপতি হাঁসদাকে খুন করে। শ্রীপতি হাঁসদা বিধবার একমাত্র সন্তান। তাই আমি উক্ত দোষী পুলিশ অফিশারের শাস্তির দাবি জানাচ্ছি এবং শ্রী হাঁসদার বিধবা মাকে উপযুক্ত ক্ষতিপূরণ দেবার জন্য দাবি জানাচ্ছি।

**ী সালিব টোপ্পো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রে কুমারগ্রাম তুরতুরি গ্রাম পঞ্চায়েতে কাঙলি বস্তিতে একটা স্টেট হোমিওপ্যাথি ডিসপেনসারী আছে, সেখানে একজন ডাক্তার এবং একজন কমপাউণ্ডার ছিল। সেই ডাক্তারকে ১৯৯০ সালে ট্রান্সফার করা হয়। একমাত্র কমপাউণ্ডার সেখানে আছে। সেখানে ঔষধ নেই। আমার এলাকায় ৭টি চা-বাগান আছে, ৪টি ফরেস্ট ভিলেজ আছে। ওই এলাকা থেকে আলিপুর হাসপাতাল ৪০ কিলোমিটার দূরে। ওই এলাকার মানুষকে সেই আলিপুর হাসপাতালের উপর নির্ভর করে থাকতে হয়। আমি এই ব্যাপারে বার বার করে চিফ মেডিক্যাল অফিশার অফ হেলথ জলপাইগুড়িকে জানিয়েছি। এখনও সেখানে ডাক্তারের ব্যবস্থা হয় নি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এখানে জরুরি ভিত্তিতে একটা ডাক্তার দেওয়ার ব্যবস্থা করা হোক এবং সঙ্গে সঙ্গে সেখানে ঔষধপত্রের ব্যবস্থা করা হোক যাতে এই এলাকার মানুষ, বস্তি এলাকার মানুষ স্বাস্থ্যের সুযোগ সুবিধা পেতে পারে।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সহানুভূতি কামনা করছি

একটু সময় বেশি দেবার জন্য। ২৮ বছর পরে ময়নায় কংগ্রেস জেতার পরে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা কতখানি নৃশংস হয়ে উঠেছে যেখানে গৃহপালিত পশু বাদ যাচ্ছে না সেই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। তমলুক থানায় গোপিনাথ পুর গ্রামে রবীন্দ্রনাথ মাজি আগে সি. পি. এম. করত, এখন কংগ্রেস করে, সেই অপরাধে গত ২১.৩.৯২ তারিখে তার বাড়িতে গিয়ে তার যে গরু টা ১৮ লিটার দুধ দেয় সেই গরুটাকে ডিমেক্রন খাইয়ে মেরে দেয়। ঘটনাটি থানায় জানালে কোনও ব্যবস্থা নিচ্ছে না, উল্টে তমলুক থানা তাকে হয়রানি করছে। তার পরিবারের কোনও নিরাপত্তা নেই। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আমি মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি এবং এই ব্যাপারে তদন্ত করা হোক এবং দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হোক। ওই পরিবার গরু পুষে জীবন নির্বাহ করে এবং এই গরুই তাদের একমাত্র সম্বল। তাই আমি আবেদন জানাচ্ছি তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হোক এবং এই ঘটনার নিন্দা জানাবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-20 – 1-30 P.M.] (including adjournment)

**শ্রী বিজয় বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ভিমগড় থেকে সিউড়ি পর্যন্ত রাস্তাটি দিয়ে প্রতিদিন প্রায় কয়েক শো মালবাহী লরি এবং ৪০টি বাস যাতায়াত করে। রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ, যে কোনও মুহূর্তে দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাছাড়া ঐ রাস্তার উপর দুটি নদী আছে। সেই নদীর উপরে একটি সেতু করার জন্য আমি দাবি জানাচ্ছি। কারণ বর্ষার সময়ে সেতুগুলো ডুবে যায় এবং গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়। এরফলে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। এই বিষয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে যাতে রাস্তাটির মেরামত হয় এবং সেতুটি নির্মিত হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

(At this stage the House was adjourned till 1.30 P.M.)

(After Adjournment)

[1-30 – 1-40 P.M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-Charge of Animal Resources Development Department to make a statement on the subject of alleged defalcation of a large amount of money in Milk Supply Project of Greater Calcutta, attention called by Shri Ajoy De on the 30th March 1992.

**শ্রী মেহবুব জাহেদি ঃ**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় সদস্য শ্রী অজয় দে বৃহত্তর কলকাতা দুগ্ধ প্রকল্পে ব্যাপক অঙ্কের টাকার

গরমিল সম্পর্কে আপনার নিকট ৩০/৩/৯২ তারিখে যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন সেই সম্বন্ধে আমি নিম্নোক্ত বক্তব্য পেশ করছি।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে গত ৩০/৩/৯২ তারিখে স্থানীয় এক দৈনিক সংবাদপত্রে "রাজ্য দুগ্ধ দপ্তরে ২২ লক্ষ টাকা গরমিল" এই শিরোনামে এক সংবাদ প্রকাশিত হয়। মনে হয় এই সংবাদের পরিপ্রেক্ষিতেই মাননীয় সদস্য আলোচ্য দৃষ্টি আকর্ষণী নোটিশটি দিয়েছেন। সংবাদপত্রে প্রকাশিত উক্ত সংবাদের মূল প্রতিপাদ্য বিষয়গুলি হল—

১। ডেপুটি মিল্ক কমিশনার (অ্যাকাউন্টস্) তাঁর রিপোর্টে ২২ লক্ষ টাকার গরমিলের উল্লেখ করেছেন।

২। ক্যাশ বুক ও সাব-ক্যাশ বুকে প্রচুর অনিয়ম রয়েছে যেমন, প্রত্যেকটি আইটেম-এর জন্য যথাযথ কর্তৃপক্ষের সহি নেই, ক্যাশ বইয়ে কাটাকুটি ও পেন দিয়ে ওভার রাইটিং ইত্যাদি।

৩। প্রতিদিনের দুধের ব্যবসার টাকা কথায় ও অঙ্কে না লেখা।

৪। অফিশার-ইন-চার্জ-এর দায়িত্বহীনতা।

৫। ২.৩০ লক্ষ টাকার 'কনটিনজেন্সি' ভাউচার ক্যাশ বুকে নেই।

৬। ক্যাশ বুক ভেরিফিকেশন সার্টিফিকেট নেই।

৭। ভাউচার ছাড়া কেন পেমেন্ট হয়েছে তার সদুত্তর বিভাগীয় অডিট পায়নি।

৮। ২০ লক্ষ টাকা ব্যাঙ্কে জমা পড়েনি।

এ বিষয়ে অনুসন্ধান করে দেখা যায় যে উক্ত সংবাদে উল্লিখিত বিষয়গুলির সঙ্গে বাস্তব ঘটনার কোনও মিল নেই। প্রথমেই বলা প্রয়োজন যে ডেপুটি মিল্ক কমিশনার (অ্যাকাউন্টস্) লক্ষ টাকার গরমিল সম্বন্ধে কোনও রিপোর্ট কোথাও পাঠাননি। যেহেতু উক্ত আধিকারিক গরমিলের কোনও রিপোর্টই পাঠাননি সেই কারণে প্রকাশিত সংবাদে যেসব অনিয়মের কথা বলা হয়েছে বাস্তবে তার কোনও অস্তিত্ব নেই। এতদ্‌সত্ত্বেও মাননীয় সদস্যদের প্রকৃত অবস্থা অবহিত করার উদ্দেশ্যে প্রাসঙ্গিক কিছু তথ্য এখানে উল্লেখ করা হল।

১। ক্যাশ বই যে নিয়মে লেখার কথা এবং যেখানে যার সই থাকার কথা সেই নিয়মেই লেখা হচ্ছে এবং যেখানে যার সই থাকার দরকার, সেই সই সেখানে রয়েছে, কাটাকুটি বা ওভার রাইটিং এর কোনও ঘটনা নেই।

২। প্রতিদিনের "দুধের ব্যবসার টাকা কথা ও অঙ্কে লেখা হয় না"—বিষয়টি সত্য নয়। সরকারি নিয়মে যেখানে যেভাবে লেখার কথা সেখানে সেইভাবে লেখা হচ্ছে।

৩। "২.৩০ লক্ষ টাকার কনটিনজেন্সী ভাউচার ক্যাশ বুক-এ নেই"—এ অভিযোগ সত্য

নয়। যা কিছু খরচ হয়েছে তার সব ভাউচারই যথাযথ ভাবে রক্ষিত আছে।

৪। নিয়ম অনুসারে ক্যাশ ভেরিফিকেশন সার্টিফিকেট ক্যাশ বইয়ে রেকর্ড করা আছে ভাউচার ছাড়া কখনও পেমেন্ট হয় না। বিভাগীয় অডিট সদুত্তর পায় নি—এরকম কোনও ঘটনা ঘটেনি।

৬। "২০ লক্ষ টাকা ব্যাঙ্কে জমা পড়েনি"—এই বক্তব্যের কোনও ভিত্তি নেই। ব্যাঙ্কে জমা দেওয়ার মতো কোনও 'চেক' ক্যাশএ পড়ে নি।

সমস্ত বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে প্রকাশিত সংবাদে উল্লেখিত অভিযোগগুলি কেবল ভিত্তিহীনই নয়, এগুলি সম্পূর্ণ অসত্য ও বিভ্রান্তিমূলক।

মাননীয় সদস্যদের কাছে একটা কথা অনুরোধ করব, এই ধরনের জাজ্বল্য মিথ্যা সংবাদ, যে সংবাদ কাগজে ছাপানো হচ্ছে এই বিভ্রান্তি করার চেষ্টাটা শুধু যে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা হয়েছে তা নয়, মাননীয় বিধানসভার সদস্যরাও এই বিষয়ে বিভ্রান্ত হচ্ছেন। আমি সেই কারণে আপনাদের কাছে এইটুকু অনুরোধ করবো যে সকলে মিলে এই ধরনের বিভ্রান্তিকর একটা অসত্য সংবাদ যা কাগজে প্রকাশিত হয়েছে সেই সম্পর্কে ধিক্কার জানানো হোক।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Fisheries Department will make a statement on the subject of "Reported defalcation of fund in the Dist. Fisheries Office, Howrah".

(Attention Called by Shri Gyan Singh Sohanpal. on the 31st March 1992).

**Shri Kiranmay Nanda :**

Mr. Speaker Sir,

In pursuance of the Calling Attention Notice of Sri Gyan Singh Sohanpal M.L.A. I am making the following statement regarding "Reported defalcation of fund in the Dist. Fisheries Office, Howrah".

I had received some complaints regarding financial transactions in the office of the D.F.O., Howrah and I had directed the Director of Fisheries on 5.3.91 to cause an immediate thorough enquiry into the matter. Director of Fisheries furnished a report of enquiry in the last week of August, 1991. At about the same time i.e. the 1st week of Sept. 1991, the Dy A. G. (IC) W.B. drew my department's attention to suspected defalcation of Rs. 9,12,383.74 in the said office as revealed in the Inspection Report prepared by the AG's office in respect

of the office of D.F.O. Howrah for the period from 1.1.89 to 31.3.91 and suggested a thorough investigation. After considering the reports of enquiry submitted by the Director of Fisheries pursuant to my aforesaid instruction, and the subsequent letter of the Dy. A.G., W.B., it was decided to have the matter thoroughly enquired into by the Vigilance Commission, W.B. and they were requested in Sept., 1991 to cause an enquiry and to suggest appropriate action. At about the sametime, the Finance Deptt. of this Govt., on the request of the A.G., W.B. decided to institute an enquiry by a team of two senior officers belonging to W.B. Audit & Accounts Service and they were to furnish the report by 31.10.91. Fisheries Deptt. directed" the Directorates of Fisheries to extend all co-operation to the said team of the Finance Deptt. The report of enquiry was not, however, received by 31.10.91, as stipulaterd and a reminder was sent. The report of the Vigilance Commission was also not received despite two reminders. Nevertheless, considering the gravity of alleged irregularities, & defalcation committed by concerned officers and staff it was decided to initiate disciplinary proceedings against them under the West Bengal Services (Classification, Control & Appeal) Rules, 1971.

The following actions were taken :–

(a) The Cashier in the office of the D.F.O., Howrah at the Material time was suspended.

(b) One Sub-Assistant Engineer and one Asstt. Fishery Officer were served with Show-Cause notices asking them to explain alleged improper conduct in certain financial transactions.

(c) On careful consideration of the gravity of the alleged irregularities, the said Dist. Fishery Officer was placed under suspension on 5.2.92. After this action was taken, the report of the Finance (Audit) was received in my Department on 26.2.92.

'The aforesaid District Fishery Officer however moved the Hon'ble High Court and obtained interim order staying the operation of the suspension order. In the latest interim order of the Hon'ble High Court passed on 1.4.92., the Hon'ble High Court gave libarity to the Govt. to continue disciplinary proceeding with the direction not to issue final orders without the leave of the court. The matter thus still remains sub-judice.

In addition to the above, FIRs were lodged with police authorities and the matter is under investigation by police. Police authorities have been asked, through the Home Deptt. to expeditiously complete the

investigation and submit charge-sheet.

It will be clear, therefore, that all possible actions have been initiated within the framework of due process of law against those responsible. I can assure the House that deterrent action to pubish the guilty will be taken,

[1-40 - 1-50 P.M.]

**Mr. Speaker :** Minister-in-Charge of Transport Department will make a statement on the subject of reported force landing of a Russian Aircraft at Swarupnagore on 30th March, 1992.

(Attention called by Shri Saugata Roy on the 1st April, 1992.)

**Shri Shyamal Chakraborty :** Mr. Speaker Sir, I have the following statement to make in response to the notice given by Shri Saugata Roy, M.L.A. under rule 193 of the Rules of Procedure and Conduct of Business regarding forced landing of a Russian aircraft at Swarupnagore on Monday, 30th March, 1992 :-

On 30.3.1992 at 15.40 hrs. information was received by the S.P North 24-Parganas, Barasat from Shri M. K. Das, Shift Duty officer. Calcutta Airport that a Russian Cargo Plane had wanted permission to distress land at Calcutta Airport because of fuel shortage and had gone out of sight about 28 nautical kms. from Calcutta Airport between Taki and Swarupnagore, The S. P. immediately sent out Police parties in Taki, Basirhat, Swarupnagore and other areas and finally around 16.00 hrs. could trace out the plane in an open paddy field near Nutangram village under P.S. Swarupnagar. The local Police was the first to reach. They rescued the crew members, cordoned off the area and guarded the plane till reinforcement arrived. The S. P. along with other officers, C.M.O.H., Barasat with a team of doctors and ambulances rushed to the spot.

On reaching the spot they found the plane had fallen down facing the West and glided over the muddy paddy fields for about half a kilometre before coming to a halt. The paddy on the half kilometre stretch had been completely destroyed. The belly of the aircraft had burst and lot of mud had entered into the body of aircraft. The crew members had been extricated from inside the plane with the help of the local people. The following 7 (seven) crew members were rescued.

1. Shri Ryzhenko Nikolay, Chief Pilot,

2. Shri Ignatoy Vitaly, Pilot,
3. Shri Aksinot Alexander, Engineer,
4. Shri Jeiko Ury, Radio operator,
5. Shri Judin Sergey, Mechanic,
6. Shri Anfanovsky Eugone, Interpretor and
7. Shri Zavikukha Servey, Navigator.

None of them was seriously injured. Only Shri Judin Sergey, Mechanic was slightly injured in the head and was given first aid and Shri Ignatov Vitaly got some abrasions on the leg and was also given first aid. Since the plane had crash-landed in an open field with no big trees and no habitation around, there was no other damage to life and property except the damage to the standing paddy.

Over this incident, Swarupnagar P.S. case No. 29 dated 30.3.92 U/s 336/337 IPC and 14F. Act was started. The Russian Consulate in Calcutta was informed and the crew members were handed over to them on bail. The preliminary investigation revealed that the plane was on an unscheduled flight cleared by D.G.C.A. from Hanoi to Tashkent via Calcutta, Delhi and Karachi and was fuelled at Hanoi. The pilot came to know about the shortage of fuel near Rangoon and wanted permission to land at Rangoon for re-fuelling. He alleged that the Rangoon authorities refused them permission to land. The pilot headed for Calcutta and before reaching Calcutta exhausted all the fuel 28 nautical kms. short of Calcutta Airport and forced-landed at the site. It has to be verified whether they had other aerodromes available for refuelling near Rangoon than Calcutta. The credibility of their other statements has also to be verified. Their interrogation revealed that the plane was not carrying any cargo. However, the plane was immediately sealed and guarded and Customs authorities were requested to search the plane. The Regional Controller of Air safety also visited the spot to conduct enquiry. The case has since been taken over by the C.I.D. West Bengal.

The villagers, whose paddy had been destroyed agitated on the first day for payment of compensation and threw brick-bats at the Police injuring S.I., Shri Ashim Ghosh, O.C., Swarupnagar P.S. and two other members of the force. They were treated at Swarupnagar P.H.C. However, the S. P. assured them that the quantum of the damage will be assessed and Government will be approached for payment of compensation.

There is not known way of salvaging the plane except dismantling. It may take several months before it is finally salvaged. The cultivation of crops is bound to suffer in its vicinity.

## LAYING OF REPORT

### Sixteenth Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1989-90

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Sixteenth Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd for the year 1989-90

## PRESENTATION OF REPORT

### Seventeenth Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the Seventeenth Report of the Business Advisory Committee, as follows :

| Day | Demand | Department | Time |
|---|---|---|---|
| Tuesday, 7.4.92 | Demand No. 21 | *Home (Police) Department* | .. 4 **hours.** |
| Wednesday, 8.4.92 | (i) Demand No. 49<br>(ii) Demand No. 50 | Animal Resources Development Department | .. 2 **hours.** |
| | (iii) Demand No. 52 | Forests Department | .. 1 **hour.** |
| | (iv) Demand No. 4<br>(v) Demand No. 8 | Judicial Department | .. 1 **hour.** |
| Thursday, 9.4.92 | (i) Demand No. 51 | Fisheries Department | .. 2 **hours.** |
| | (ii) Demand No. 57 | Co-operation Department | .. 2 **hours.** |
| Friday, 10.4.92 | (i) Demand No. 26<br>(ii) Demand No. 37<br>(iii) Demand No. 90 | Municipal Affairs Departmen | .. 4 **hours.** |

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Seventeenth Report of the Business Advisory Committee. as presented be agreed to by the House.

The motion was then put and agreed to.

## GOVERNMENT RESOLUTION

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that—

Whereas this Assembly considers that the social evil of employing scavengers to carry manually the night soil should be eradicated on a time bound basis and it is desirable to have a uniform law in the country to make employment of scavengers to carry manually the night soil an offence to prohibit the construction and continuance of dry latrines and to provide for matters connected therewith or incidental thereto;

And whereas the subject matter of such a law is relatable mainly to entry 6 of List II—State List of the seventh Schedule to the Constitution of India;

And whereas Parliament has not power to make such a law for the State with respect to the aforesaid matters except as provided in articles 249 and 250 of the Constitution of India;

And whereas it appears to this Assembly to be desirable that the aforesaid matters should be regulated in the State of West Bengal by Parliament by law;

Now, therefore, in exercise of the powers conferred by clause (I) of article 252 of the Constitution of India this Assembly hereby resolves that Parliament may by law make employment of scavengers to carry manually the night soil an offence and ban the construction and continuance of dry latrines and provide for all matters connected therewith or ancillary or incidental thereto.

**Mr. Speaker :** There is an amendment to this Resolution by Shri Lakshmi Kanta Dey. I now request Shri Lakshmi Kanta Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in para 4, line 2, for the words "Parliament by Law", the words "Law to be made by the Parliament" be substituted.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে বুদ্ধদেববাবু যে গভর্নমেন্ট রেজুলেশন এনেছেন, আজকে আমি প্রথমে ভেবেছিলাম এক কথায় সমর্থন করে দিলে ব্যাপারটা মিটে যায়। কিন্তু তারপর কাগজপত্র ঘাঁটতে গিয়ে দেখলাম কি ভয়ঙ্কর অবস্থায় পশ্চিমবাংলা দাঁড়িয়ে আছে রুর‍্যাল স্যানিটেশনের ক্ষেত্রে। সেটা দেখতে গিয়ে খুবই ভয়াবহ চিত্র দেখলাম, বিশ্বাসযোগ্যতা বুদ্ধদেববাবুর প্রতি নষ্ট হয়ে যাচ্ছে। ড্রাই ল্যাট্রিন, ওয়াটার বোর্ন ল্যাট্রিন স্যানিটেশন ল্যাট্রিনে পরিণত করার জন্য এবং স্ক্যাভেনজারস অর্থাৎ মাথায় করে

পায়খানা নিয়ে যায় ১৯৮৬-৮৭ সাল থেকে বন্ধ করার জন্য মূলত সেন্ট্রাল গভর্নমেন্টের একটা স্কীমের ভিত্তিতে শুরু হল। স্বভাবতই কোনও রাজ্যের মানুষ, দেশের মানুষ এই রকম একটা অমানবিক বিষয় মেনে নিতে পারে না যে আজকালও মানুষ মাথায় করে মল বহন করবে। এই অবস্থা থেকে তাদের মুক্তি দিয়ে তাদের উপযুক্ত বিকল্প কর্মসংস্থানের উদ্দেশ্যে সংসদ বা পার্লামেন্টের মাধ্যমে একটা আইন করা যাতে সারা দেশে এই ব্যবস্থা থেকে মুক্ত করা যায়। এই প্রশ্নে আমাদের মত পার্থক্য· বা বিরোধিতা নেই। আমাদের হিসাব বলছে আমাদের দেশে এখনও ৭৫ লক্ষ খাটা পায়খানা আছে এবং এই খাটা পায়খানা থেকে মুক্ত করতে সরকার যে ব্যবস্থা নিয়েছে তাতে ১৯ রাজ্যে ৪৯০ হাজার নূতন পায়খানা সরকার করবেন। তারজন্য বরাদ্দ করছেন একটা রিপোর্ট দেখছি, রিপোর্টটি, অ্যানোয়াল রিপোর্ট ১৯৯০-৯১, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া, ডিপার্টমেন্ট অফ রুর‍্যাল ডেভেলপমেন্ট, মিনিস্ট্রি অফ এগ্রিকালচার-এর। তাতে বলছে, ফিজিক্যাল প্রগ্রেস আণ্ডার রুর‍্যাল স্যানিটেশন প্রোগ্রাম অর্থাৎ সি. আর. এস. পি. তাতে লিখছে পশ্চিমবাংলায় কি হয়েছে। সপ্তম পরিকল্পনায় এটা একটা মারাত্মক ব্যাপার। সপ্তম পরিকল্পনায় পশ্চিমবাংলায় লক্ষমাত্রা ছিল ২৪ হাজার ৭৪২টি খাটা পায়খানা আপনারা রূপান্তরিত করবেন স্যানিটেশনে। আমি দেখছি সি. আর. এস. পির অ্যাচিভমেন্ট জিরো। যদি এই বইটায় অসত্য লেখা থাকে তাহলে আমি খুশি হব। আমি মনে করি এটা মাননীয় বুদ্ধদেববাবুর ক্ষেত্রে এতবড় ব্যর্থতার নজির এটা ভাবতেই আমার অবাক লাগছে। এর পরে দেখা যাক ফাইন্যান্সিয়াল প্রগ্রেস আণ্ডার রুর‍্যাল স্যানিটেশন।

(**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আরবানের কথা বলুন।)

দুটো মিলিয়ে আলোচনা হলে ভাল হত। রুব্যালের ব্যাপারটা তো আর আসবে না। দুটো নিয়ে পূর্ণাঙ্গ আলোচনা সম্ভব। ৪৫১ লক্ষ টাকা রুর‍্যালের ক্ষেত্রে অ্যালোকেশন হয়েছিল। রিলিজ হয়েছে ৭৬ লক্ষ টাকা, এক্সপেণ্ডিচার ৫ লক্ষ ৭৬ হাজার টাকা। কলকাতা শহরের বুকে খাটা পায়খানা হয়তো কমে আসছে, সেটা মঙ্গল। কিন্তু শহরের দিকে তাকিয়ে গ্রামের দিকে না তাকিয়ে খাটা পায়খানার পূর্ণাঙ্গ চেহারা পাওয়া যাবে না। আমি এই প্রবলেমের মানবিক দিক নিয়ে দেখছি, রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে দেখছি না। তাদের বিকল্প কর্মসংস্থান দিয়ে, অলটারনেটিভ অকুপেশন দিয়ে প্রভাইড করে, আমি মনে করি, সরকারের এই শুভ উদ্যোগের সঙ্গে আমাদের কোনও মতপার্থক্য নেই, কোনও বিরোধিতা নেই। আমরা যেটা বলতে চাইছি সেটা হচ্ছে যে হারে কলকাতায় এখনও এন্টালী বস্তিতে খাটা পায়খানা আছে, সেটা লজ্জার। আমরা রিপোর্ট আনাবার চেষ্টা করেছিলাম, কিন্তু সে রিপোর্ট এখনও এসে পৌঁছায় নি। আমি বুদ্ধদেববাবুকে অনুরোধ করব তাঁর কাছে কোনও রিপোর্ট আছে কিনা কলকাতা শহরের কোথায় কোথায় খাটা পায়খানা আছে সে সম্পর্কে এবং তিনি যদি আমাদের আলোকপাত করেন তাহলে ভাল হয়।

কলকাতা শহর কি সম্পূর্ণভাবে এর থেকে মুক্ত হয়েছে? যে চেহারা সারা রাজ্যের দেখছি, যে ভয়ঙ্কর চেহারা দেখছি তাতে এর থেকে মুক্ত করা আপনাদের সরকারের পক্ষে সম্ভব নয় এ ধারণা নেওয়া যেতে পারে। কিন্তু কলকাতা শহরের ক্ষেত্রে এটা একটা ভয়ঙ্কর

ব্যর্থতার পরিচয় বহন করছে। মিউনিসিপ্যালিটিগুলিকে টাকা দেওয়া হয় কিন্তু মিউনিসিপ্যালিটিগুলি তো এখনও এই খাটা পায়খানার প্রভাব থেকে মুক্ত নয়, সেখানে এর প্রভাব এখনও আছে। আমরা বারবার যে কথাটা আপনাকে বলি সেটা হচ্ছে, স্মল অ্যাণ্ড মিডিয়াম টাউনের ডেভেলপমেন্টের ক্ষেত্রে আমরা বারে বারে দেখেছি যে শহর উন্নয়নের ক্ষেত্রে আপনার বাজেটের পুরো বরাদ্দ টাকা খরচ হয়না। বাজেট বই থেকে আমরা দেখেছি যে এই স্কীমের যে টাকা সেই টাকা প্রতি বছর যা বরাদ্দ হচ্ছে তার থেকে বহু ঘাটতি থেকে যাচ্ছে। কাশীপুরে তো এখনও এই মাথায় করে পায়খানা নিয়ে যাবার ব্যবস্থা বিরাজমান। কাশীপুরে এখনও এই জিনিস চলছে। পৌরসভাগুলিতে যে অর্থ বরাদ্দ হচ্ছে বহু সময় দেখা যাচ্ছে যে পৌরসভা সেই টাকা ডাইভার্ট করে দিচ্ছে। সেখানে ফাণ্ডের ডাইভারসিফিকেশন হচ্ছে। যে উদ্দেশ্যে এই টাকা বরাদ্দ হয় সে জিনিস হচ্ছে না। আপনি নতুন করে নির্মান করতে দেবেন না। এ ক্ষেত্রে আমি বলব, বাড়ি যা হচ্ছে তাতে আমার ধারণা বর্তমান যুগে মানুষের টেস্ট বদলাচ্ছে এবং এই খাটা পায়খানা ব্যবহার না করার মতন মানুষ সচেতন হয়ে উঠেছে। কাজেই এ নিয়ে আপনাকে নতুন ভাবে আটকানোর জন্য খুব একটা পরিকল্পনা করার দরকার নেই। তার কারণ ইউজিয়্যাল কোর্সে মানুষ নিজে নিজে সচেতন হয়ে উঠছে। তারাও চান না যে এই খাটা পায়খানার ব্যাপারটা কলকাতা শহরে বা আরবান এরিয়াতে বিস্তার করে থাকুক। কিন্তু এগুলি করতে গেলে একটা আইনের প্রয়োজন নিশ্চয় আছে। শহর এলাকা প্রাথমিক পর্যায়ে দেখছি এখনও খাটা পায়খানা থেকে সামগ্রিকভাবে মুক্ত হয়নি। স্বভাবতই মফস্বল শহর অতি দ্রুত এই খাটা পায়খানা থেকে মুক্ত হবে এটা ভাবার ব্যাপারে যে সুবিধাটা ছিল তা হতে পারছে না তার কারণ গ্রামবাংলার ভয়ঙ্কর চিত্র আমরা দেখতে পাচ্ছি। আপনি আরবান এরিয়ার মন্ত্রী হলেও রাজ্য সরকারের একটা গুরুত্বপূর্ণ জায়গায় বসে আছেন কাজেই নগর উন্নয়নের সাথে সাথে গ্রামবাংলার উন্নয়নের ব্যাপারেও আপনার সরকারের নজর দেওয়ার দরকার আছে। আমি সেই কারণে মনে করি মানুষকে এর থেকে রিলিফ দেওয়ার জন্য মানবিক কারণেই আপনি বৃহৎ আকারে চেষ্টা করবেন। যে টাকা বরাদ্দ হচ্ছে সেই টাকা যাতে প্রকৃত খাতে খরচ হয় সেটা দেখতে হবে। যোজনা কমিশন এই পরিকল্পনা নিয়ে ভীষণভাবে চিন্তা ভাবনা করছেন। তারা চাইছেন এই পরিকল্পনায় যাতে বেশি বেশি করে বরাদ্দ করা হয় এবং এই প্রোগ্রাম যেন প্রপারলি ইমপ্লিমেন্টেড হয়। এরজন্য তারা আন্তরিকভাবে প্রচেষ্টা চালাচ্ছেন। আপনার যে উদ্যোগ সেই উদ্যোগের সঙ্গে আমরা পরিপূর্ণ ভাবে সহমত পোষণ করছি। কলকাতা এবং শহরগুলি যাতে সম্পূর্ণভাবে খাটা পায়খানা থেকে মুক্ত করা যায় এবং বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা যাতে দ্রুত করতে পারা যায় তারজন্য আপনার উদ্যোগের সাথে আমরা কোনও পার্থক্য না রেখে আপনার রেজলিউশনকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করছি।

[2-00 – 2-10 P.M.]

**শ্রী বিমল মিস্ত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শুরু করছি কবি সত্যেন্দ্রনাথ দত্তের একটি বিখ্যাত কবিতা দিয়ে। সেই কবিতার নাম হচ্ছে মেথর।

কে বলে তোমারে, বন্ধু, অস্পৃশ্য অশুচি?
শুচিতা ফিরিছে সদা তোমারি পিছনে,
তুমি আছ, গৃহবাসে তাই আছে রুচি,
নহিলে মানুষ বুঝি ফিরে যেত বনে।
শিশু জ্ঞানে সেবা তুমি করিতেছ সবে,
ঘুচাইছ রাত্রি দিন সর্ব স্নেহে মানবে,
হে বন্ধু। তুমিই একা জেনেছ সে বাণী।
নির্বিচারে আবর্জনা বহ অহর্নিশ,
নির্বিকার সদা শুচি তুমি গঙ্গা জলে।
নীলকণ্ঠ করেছেন পৃথ্বীরে নির্বিষ
আর তুমি? তুমি তারে করেছ নির্মল।
এস বন্ধু, এস বীর, শক্তি দাও চিতে,
কল্যাণের কর্ম করি লাঞ্ছনা সহিতে।

স্যার, সমাজের এই সবচেয়ে বড় বন্ধু এই সম্পর্কে আমাদের এখনও পর্যন্ত যে মনোবৃত্তি, অবজ্ঞা, অবহেলা, ঘৃণা, আজ পর্যন্ত এদের প্রতি আমাদের কম নেই। আমি বুদ্ধদেব বাবুকে অভিনন্দন জানাব, তিনি এই রকম একটা বিল পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এই বিধানসভায় অন্তত আনতে পেরেছেন। যে বিলের মাধ্যমে এমন একটা আইন করা হোক যে আজও যারা বিংশ শতাব্দীতে যারা আমরা সভ্যতার বড়াই করছি, এই রকম একটা বিজ্ঞান এবং প্রযুক্তির যুগে, যখন বড় বড় কাজ প্রযুক্তির মাধ্যমে হচ্ছে, বড় বড় যে সব বিজ্ঞানের আবিষ্কার ঘটছে এবং তা নানা ভাবে মানুষকে সাহায্য করছে, সেই রকম একটা যুগে আমাদের সমাজে যারা মেথর বলে পরিচিত তাদের এখনও পর্যন্ত মাথায় করে বা ঠেলা গাড়ি করে মল মুত্র বহন করে নিয়ে যেতে হচ্ছে, এই রকম একটা অমানবিক, মানবতা বোধ হীন কাজ, সেই কাজকে আমরা রোধ করতে চাইছি। এমন একটা আইন আজকে আমরা পাস করতে যাচ্ছি, যা সারা ভারতবর্ষে এই রকম একটা আইন এক সঙ্গে প্রয়োগ করা হোক বা চালু করা হোক। এই রকম একটা পার্লামেন্টে পাস হোক। ভারতবর্ষে তো গত ৪৪ বছর আপনারাই রাজত্ব করেছেন সুতরাং আজকে যে খাটা পায়খানা মিউনিসিপ্যালিটিগুলোতে আছে, পশ্চিমবঙ্গ সরকার প্রতি বছর বরাদ্দ করছেন, সি. এম. ডি এ. এলাকাগুলোর এই সব পায়খানাগুলো করবার জন্য, স্যানিটারি করবার জন্য, তার অর্থ প্রতি বছর বরাদ্দ হচ্ছে, এবং অন্যান্য যে মিউনিসিপ্যালিটিগুলোও আস্তে আস্তে এই সমস্যা

লোপ করবার চেষ্টা করছে। এই যে একটা অমানবিক কাজ বর্তমান সমাজ ব্যবস্থায় চালু আছে, এই অমানবিক কাজের বিরুদ্ধে একটা বিল এখানে আসছে, নিশ্চয়ই আশা করব সবাই এই বিল সমর্থন করবেন, অবশ্য ওরা বলেছেন এটা সকলেই সমর্থন করছেন, এটা ভাল কথা। এই প্রসঙ্গে একটা কথা বলব, শুধু মেথর বলে নয়, এই সমাজ কাঠামোতে যারা সবচেয়ে বেশি শ্রম করছে, তারা তাদের মর্যাদা পাচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বিল এখানে আনা হয়েছে, এই উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি। এই প্রসঙ্গে বলি, আমাদের পৌর সভাগুলোতে যে খাটা পায়খানাগুলো আছে, অনেক ক্ষেত্রে আমরা দেখেছি,— সুদীপ বাবু বললেন কাশীপুর অঞ্চলে নাকি এখনও মাথায় করে মল মুত্র বহন করার ব্যবস্থা আছে। এখন অধিকাংশ ক্ষেত্রেই ঠেলা গাড়িতে করে খাটা পায়খানার মল মূত্র নিয়ে যাবার সিস্টেম আছে। তাহলেও আমরা আশা করব এ ধরনের কাজ যাতে শীঘ্র বন্ধ হয় তার জন্য সর্বস্তরে উদ্যোগ নেওয়া হবে। সেই উদ্দেশ্যে আজকে বিধানসভায় মাননীয় বুদ্ধদেববাবু যে প্রস্তাব এনেছেন আমি আশা করব সে প্রস্তাবটি সর্বসম্মত ভাবে গৃহীত হবে। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মিঃ স্পিকার স্যার, আপনি জানেন একদিন আচার্য বিনোবা ভাবে আশ্রমের সমস্ত পায়খানা এবং বাথরুমগুলি নিজে কেউ ওঠার আগেই পরিষ্কার করে রেখে ছিলেন। সকালে সকলে উঠে দেখে যে, সব পরিষ্কার করে রাখা হয়েছে। অথচ কেউ কেউ ঠিক করতে পারে না যে কে করেছে। এই হচ্ছে আমাদের শিক্ষা। আর ওঁদের দলের শিক্ষা হচ্ছে সব কিছু নোংরা করে রাখা। তবুও আমি ওঁদের কাছে অনুরোধ রাখছি, একটু কম নোংরা করুন। মলিন-বাবুরা একটু মলিনতা কমান। তাহলেই আমাদের আবর্জনা কম পরিষ্কার করতে হবে।

স্যার, এখন আমি বুদ্ধদেব বাবুকে বলছি যে, ক্যাজুয়ালি এই রকম একটা রেজলিউশন নিয়ে সমস্যার সমাধান সম্ভব নয়। আমাদের গ্রামের পরিস্থিতি কি, তা সুদীপবাবু আলোচনা করেছেন। মিস্ত্রী মশাই একটা কবিতা পড়লেন, কিন্তু তিনি অর্ধেকটা পড়ে, বাকি অর্ধেকটা পড়লেন না। বুদ্ধদেব বাবু, এটা ক্যাজুয়াল প্রস্তাব আনার বিষয় নয়, ইট ইজ এ বিগ প্রবলেম। বিশিষ্ট সাংবাদিক দীপঙ্কর ঘোষ একটা বই লিখেছেন। তিনি 'প্রেসিডেন্সিয়াল সিস্টেম অনলি ওয়ে' বইটাতে বলছেন কাশ্মীরের ইভেন ইন দি ডাল লেক, সেখানেও এই জিনিস চলছে। দ্যাট ইজ দি ইন্ডেক্স অফ কাশ্মীর। অ্যাট ডাল লেক, পিপুল ডু নট হেজিটেট টু ডিফিকেট। সুতরাং দেশের যা অবস্থা তাতে এটা আপনি শহরের মধ্যে সীমাবদ্ধ রাখতে পারলেও গ্রামে কি করবেন? ইভেন ইফ ইউ প্রিপেয়ার, দে উইল নট ইউজ ইট। এই অবস্থায় এটাকে ক্যাজুয়ালি দেখবার সময় নেই। এখন আর ঐ ৪০ বছর, ৪০ বছর ইত্যাদি বলে কোনও লাভ হবে না। তা ছাড়া আপনি 'বুদ্ধ।' 'বুদ্ধ' পরবর্তীকালে মহানির্বাণের পথ দেখিয়েছেন। আপনিও এগুলি একটু ভাবুন। আমাদের মা বোনেদের মধ্যে যাঁরা অর্থনৈতিক ভাবে দুর্বল আজকে তাঁদের জন্য নির্দিষ্ট কোনও আবরুর ব্যবস্থা নেই। সুতরাং এ বিষয়ে নিরন্তর প্রয়াসের প্রয়োজন। যেমন আপনারা ইলিটারেসির জন্য নিরন্তর প্রয়াস চালাচ্ছেন, প্রচার করছেন, তেমন স্যানিটেশনের জন্য আপনাদের নিরন্তর প্রচার করা দরকার। এ বিষয়ে আমাদের কোনও শিক্ষা নেই, প্রচার নেই। কিছু পৌর এলাকার মধ্যে স্যানিটারি ল্যাট্রিন,

সেফটি ট্যাঙ্ক হচ্ছে। কিন্তু গ্রামে তো কিছুই হচ্ছে না। এই যে ব্যাপক অংশের কাজ বাকি রয়েছে, সেখানকার মানুষ কি করবে? হাউ ডু দে ডিসপোজ ইট? হাউ ডু দে অ্যানসার টু দি কল অফ নেচার? এগুলো তো আপনাকে দেখতে হবে। শুধু স্ক্যাভেঞ্জারদের কথা বললেই চলবে না।

[2-10 – 2-20 P.M.]

আমাদের গোটা ভারতবর্ষে যা অভ্যাস—ইভেন ডাললেককেও আমরা ব্যতিক্রম করি না। আমাদের এই অভ্যাসকে নিয়ন্ত্রিত করার জন্য আন্দোলন করা দরকার। আপনি একটা প্রস্তাব করে, আমাদের পার্লামেন্টের অ্যাক্ট করে কিছু হবে না। মিস্ত্রী মহাশয় এখানে কংগ্রেসের মধ্যে ভূত দেখার চেষ্টা করলেন। ওনাকে বাড়ি বানাতে বলুন। কিছু বোঝে না। যাইহোক, এটা মারাত্মক প্রবলেম। বুদ্ধদেববাবু, এটা আপনাকে ক্যাজুয়ালি দেখতে নিষেধ করছি। আমরা এক সময়ে এই নিয়ে আন্দোলন করেছি। প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কিছু কিছু সুলভে ল্যাট্রিন তৈরি করে দেবার চেষ্টা করেছি। অল্পদিনে কারিগরি জ্ঞান দেবার চেষ্টা করেছি এবং সাবসিডাইসড রেটে এগুলি দেবার চেষ্টা করেছি। কিন্তু সর্বজনীনভাবে গ্রহণ হয়নি। মানুষ গ্রহণ করেননি এবং এটার ব্যাপক প্রবলেম হয়ে রয়েছে রাজ্যের দিক থেকে বটে, স্যানিটেশনের দিক থেকেও বটে। যে জল আমরা ব্যবহার করছি আবার সেই জলেই আমরা চান করছি। সুতরাং ছোট একটা প্রবলেম এটা মনে করবার কোনও কারণ নেই। পার্লামেন্টের নির্দেশে যে প্রস্তাব এনেছেন আমি তার প্রতিদ্বন্দ্বিতা করতে পারব না, বিরোধিতা করতেও পারব না কিন্তু প্রবলেমটা ব্যাপক এবং এর প্রকাশ হয়নি বলে আমার ধারণা। আপনি একজন তরুণ, নব্য মানুষ। আপনি যেখানে রয়েছেন, আপনি দরদ দিয়ে কিছু কিছু জিনিস বোঝাবার চেষ্টা করছেন। এক্ষেত্রেও আপনি এটাকে আন্দোলনে পরিণত করবেন। আপনারা অনেকগুলি জিনিসের উপর সাবসিডি দিয়ে থাকেন। গোবর গ্যাস, বায়ো গ্যাস, নন-কনভেনশন্যাল এনার্জি কয়েকটি আছে। সেখানে কি বেনিফিট, ইমেন্স বেনিফিট, ইউ ক্যান হ্যাভ ইমেন্স বেনিফিট। আপনি যদি আন্দোলনে পরিণত করেন তাহলে ভাল হয়। মেদিনীপুরে আমি শুনেছি, এই জাতীয় বায়ো গ্যাস দিয়ে করবার চেষ্টা করছে। আমাদের অ্যাসথেটিক্স সেন্সে হিউম্যান নাইটসয়েল দিয়ে করতে পারব না। একটা আন্দোলন হচ্ছে এবং কোথাও কোথাও পরীক্ষানিরীক্ষা সাকসেসফুল হয়েছে বলে আমি শুনেছি। আপনারা সেইভাবে আন্দোলনের রূপ দেবার চেষ্টা করুন। সত্যিই গ্রামাঞ্চলে তো বটেই, শহরের দরিদ্র বস্তিগুলির মা-বোনেদের এখনও কোনও ব্যবস্থা নেই। আইন করে খাটা-পায়খানা বন্ধ করে দেবেন—তা তো হবে না। এর বিকল্প দিয়ে দিতে হবে এবং এরজন্য ট্রেনিং-এর দরকার, টেস্ট শুধু নয়, ট্রেনিং-এর দরকার। সেইজন্য পরিকল্পনার কথাটা বিবেচনা করুন এবং এই বিষয়ে ভাববার প্রয়োজন আছে। ইল্লিটারেসি দূর করার জন্য আপনারা আন্তরিকভাবে চেষ্টা করছেন। অবশ্য কেন্দ্রীয় সরকারের টাকা আপনাদের পার্টি ফাণ্ডে বেশি যাচ্ছে। এক্ষেত্রেও পার্টি ফাণ্ডে টাকা নিন, তাতে আমার কোনও আপত্তি নেই। এটা যদি আন্দোলনের রূপ নেয় তাহলে আমি পরিপূর্ণভাবে সমর্থন করব। এখানে মিস্ত্রী মহাশয় বললেন, কংগ্রেস তো ৪০ বছর ধরে ছিল। আমার কথা হচ্ছে, এইসব কথা বলার দরকার নেই। এটা দোষ দেওয়ার কোনও কথা নয়, আপনি চেষ্টা করুন, এই যে সমাজের ইভিল এটাকে দূর করার, আজকে এই জিনিসে আন্দোলনের রূপ

নেওয়ার দরকার আছে। শিশুদের পাঠ্য বইয়ে যেমন লেখা হয় সে 'জলের আর এক নাম জীবন' সেই রকম জলের মতো মল, মূত্র ত্যাগ এবং পরিষ্কার করার প্রণালী সম্বন্ধেও ওখানে কিছু বলার আছে, সাহিত্য ও শিক্ষার মাধ্যমেও আপনাদের এ সম্বন্ধে প্রচার করার দরকার আছে। আপনারা গাছের সম্বন্ধে যেমন টি. ভি. রেডিওতে প্রচার করেন এ সম্বন্ধেও তেমনি প্রচারের দরকার আছে। গতকাল টিউবারকুলোসিস সম্বন্ধে টি. ভি.তে প্রচার হতে দেখেছি কিন্তু এ সম্বন্ধে কোনও প্রচার ব্যবস্থা নেই। একজন প্রখ্যাত সাংবাদিক প্রেসিডেন্সিয়াল সিস্টেমে একটি বই লিখেছিলেন, ক্যাজুয়ালী সেটা দেখেছিলাম, কাশ্মীরের ডাললেকের ঘটনা, ইভেন দি ডাললেক ইজ নট স্প্রেড, তাই বলছিলাম আজকে এই জিনিসটাকে একটা সর্বজনীন রূপ দেওয়ার চেষ্টা করুন, যেখানে আপনারা এবং আমরা এক সঙ্গে কাজ করার সুযোগ পাই। এখানে বিরোধিতার কোনও প্রশ্ন নেই সমাজের এই ইভিল, এই লজ্জা, গ্লানি দূর করার চেষ্টা করুন, মানুষ সচেতন হোক এবং এ ব্যাপারে মিনিমাম সুযোগটুকু পাক এটা আপনারা দেখুন। আপনাদের রুর‍্যাল এবং আর্বান ডেভেলপমেন্ট আছে, আপনারা সমাজে আন্দোলনের রূপ দেওয়ার চেষ্টা করুন, তাহলে এটাকে আমরা পরিপূর্ণ সমর্থন করব, আজকের প্রস্তাবকেও সমর্থন করছি। অনেকে কংগ্রেসের ৪০ বছর ইত্যাদি কথা বলছেন, তাঁরা শতকিয়া ভুলে গেছেন, অনেক কিছুই উত্তর, দক্ষিণ বোঝেন না। আপনি রিফাইনট ও বটে, বুদ্ধও বটে আপনি চেষ্টা করুন, আমরা পরিপূর্ণ সহযোগিতা করব। এতে ল্যার্জার ইনভলভমেন্টের দরকার আছে। কবি সত্যেন্দ্রনাথের কবিতা আমিও বলছি, কে বলে তোমারে বন্ধু অস্পৃশ্য অসূচি তুমি আছ গৃহবাসে তাই আছে রুচি, নইলে মানুষ বুঝি ফিরে যেত বনে। এই কথা বলে প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 – 2-30 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মন্ত্রী মহাশয় যে রেজলিউশন এনেছেন আমরা সর্বান্তকরণে সমর্থন করছি সব দিক থেকে। মাননীয় জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে জিনিস ওঁরা করতে পারেন নি, সেই জিনিস বামপন্থী মন্ত্রী মহাশয় ভাল করে বলতে পারবেন, তবে আমি যেটুকু বুঝতে পারছি তাতে এর মধ্যে কিছু কমিউনিকেশন গ্যাপ আছে। এখানে অ্যাচিভমেন্ট জিরো হতে পারে না। আমরা যে মিউনিসিপ্যালিটিগুলি দেখেছি সেইগুলিতে কিছু কিছু কাজ হচ্ছে, আমি দু-একটি ওয়ার্ডের কথা জানি, সেখানে খারাপ ল্যাট্রিন নয়, তাই যদি হয় তাহলে শূণ্য হতে পারে না, কিছু কমিউনিকেশন গ্যাপ আছে, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে তা বলবেন। আমার কথা হল—হোয়াট বেঙ্গল থিঙ্কস টুডে, ইণ্ডিয়া থিঙ্কস টুমরো। আপনি এই অগ্রণী ভূমিকা নিয়েছেন তারজন্য আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। একটি ব্যাপারে আপনার কাছে নিবেদন করতে চাই। কলকাতা শহরে হয়ত সহজে করা যায়, কিন্তু গ্রাম বাংলায় সেটা হচ্ছে না। আজকে গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে যেসব কাজ হয় তারসঙ্গে এই কমিউনিটি ল্যাট্রিনের ব্যাপারটা যুক্ত করার প্রয়োজন রয়েছে। আমরা পশ্চিমবঙ্গে রাস্তায় শেড করছি, গাছ লাগাচ্ছি, কিন্তু এ ব্যাপারে জোর দিচ্ছি না। আজকে এটা আন্দোলন আকারে তুলতে হবে এবং সবাইকে একসঙ্গে চেষ্টা করতে হবে। আজকে গ্রামে লোকসংখ্যা বেড়েছে, ফলে সেখানে ঝাড়জঙ্গল কেটে চাষ হচ্ছে। ফলে সেখানে ছেলে বা মেয়েদের পায়খানায় যাবার প্রয়োজন হলে তাদের অসুবিধা হচ্ছে।

গ্রামে গেলে এক্ষেত্রে আমাদেরও অসুবিধা হচ্ছে। কাজেই আজকে গ্রামে কমিউনিটি ল্যাট্রিন দরকার। তবে এরজন্য ফাণ্ড দরকার। তবে সেই ফাণ্ড ওঁরা দেবেন কিনা জানি না। বিশেষ করে আদিবাসী এলাকায় এই কমিউনিটি ল্যাট্রিন করা যায় কিনা সেটা ভাবতে হবে। কারণ গ্রামাঞ্চলে ল্যাট্রিনের ব্যবস্থা না থাকায় যখন ডাইরিয়া হয় তখন সেখানকার পুকুরের জল দূষিত হয়ে যায় তাদের ট্র্যাডিশনাল অভ্যাসের ফলে। সেজন্যই গ্রামাঞ্চলে কমিউনিটি ল্যাট্রিনের প্রয়োজনীয়তা রয়েছে। জয়নাল সাহেব বলছিলেন যে, আমি কংগ্রেসে ছিলাম এবং এটা আমিও করতে পারিনি। বর্গাদার আইন, সেটা ওঁদের সময়েই হয়েছিল, কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করা যায়নি জয়নাল আবেদিন সাহেবের মতো লোক কংগ্রেসে ছিলেন বলেই। তারজন্য আমরা এদিকে চলে এসেছি। এই কথা বলে এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বুদ্ধদেববাবু মল বহনের মতো সামাজিক কুপ্রথা অবসানের জন্য হাউসে যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং সেই প্রস্তাবের উপর শ্রী লক্ষ্মী দে যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। এই প্রস্তাব এই করণে আনতে হল, গত ৪ঠা ফেব্রুয়ারি আমাদের দেশের ওয়েলফেয়ার মন্ত্রী সিতারাম কেশরী আমাদের মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলেন এবং পরবর্তীকালে শ্রীমতী শিলা কল, তিনিও একটি চিঠি লিখেছিলেন মুখ্যমন্ত্রীকে। তাতে তাঁরা বলেছিলেন যে, অষ্টম পরিকল্পনার মধ্যে শহরাঞ্চলে যেসব খাটা পায়খানা আছে তার অবলুপ্তি করতে হবে এবং তার সাথে সাথে ঐ যে সামাজিক কুপ্রথা রয়েছে—মানুষের মাথায় মল বহন করবার, সেটা আইন করে নিষিদ্ধ করতে হবে। এই নিষিদ্ধ করবার ক্ষেত্রে কেন্দ্রীয়ভাবে লোকসভাতে আইন তৈরি করা যাবে না, কারণ স্যানিটেশনের ব্যাপারটা রাজ্য তালিকাভুক্ত। সংবিধানের ২৫২ ধারার ক্লজ-১য়ে বলা আছে, যদি ভারতের দুই-তিনটি রাজ্য এই ধরনের প্রস্তাব গ্রহণ করে তাহলে কেন্দ্রীয় সরকার একটি কেন্দ্রীয় আইন তৈরি করতে পারবেন এবং ঐ আইনের মডেল বাই-লজ তাঁরা গ্রহণ করতে পারবেন যা রাজ্য সরকার ঠিক করে দেবেন। পরে বোর্ড অফ কমিশনার্সে তা অনুমোদিত হবে এবং তারপর সেটা আইনে রূপান্তরিত হবে। এরফলে একটা অমানবিক প্রথার অবসান ঘটবে। এই আইনের মডেল বাই-লজে বলা হয়েছে, মাথায় করে মল বহন আইনত নিষিদ্ধ থাকবে। কোনও ব্যক্তি বা কোনও সংস্থা যদি কাউকে এই ধরনের কাজে নিযুক্ত করেন তাহলে তা হবে আইনত দণ্ডনীয়। তাকে শাস্তি দেওয়া হবে এবং আইনত সেটা দণ্ডনীয় হবে। কোন ক্ষেত্রেই ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে খাটা পায়খানা রাখা যাবেনা। কেউ যদি কোন নুতন বাড়ি নির্মাণ করতে চায়, সেই বিল্ডিং রুলস অনুমোদন করা হবে না যদি না স্যানিটারী পায়খানা করবার কোনও প্রভিশন তার মধ্যে না রাখে। সঙ্গে সঙ্গে এটাও বোঝা দরকার আছে যে, এই আইনবলে সাফাইকারী অর্থাৎ যারা মাল বহন করবেন, তারা কিন্তু দণ্ডনীয় হবেন না, দণ্ডনীয় হবেন তারা যারা এদের এই কাজে নিযুক্ত করবেন। এখানে সুদীপবাবু, জয়নাল সাহেব প্রশ্ন তুলেছেন যে সত্যি সত্যি এক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের পশ্চিমবঙ্গে যে অ্যাচিভমেন্ট সেটা নাকি খুব খারাপ। উনি বলেছেন যে ১৯৮৬-৮৭ সাল থেকে এই উদ্যোগ নিয়েছিলেন কেন্দ্রীয় সরকার। কিন্তু পশ্চিমবঙ্গে আমরা ১৯৮২-৮৩ সাল থেকে এই কাজ শুরু করেছি। এই ক্ষেত্রে লিবার্যালাইজেশন অব স্কাভেনজার বলে যে প্রকল্প আছে এবং এতে রাজ্য সরকারের কেন্দ্রীয় স্পনসর্ড প্রোগ্রাম আছে। এছাড়া সি. এম. ডি. এ.

এলাকায় গঙ্গা অ্যাকশন প্ল্যান এবং সি. ইউ. ডি. পি'র অন্তর্ভুক্ত এবং পরিবেশ বিষয়ক কিছু প্রকল্প আছে। এই প্রকল্পের মাধ্যমে আমরা কাজ করছি। পশ্চিমবঙ্গে ৭৫টি ক্ষুদ্র এবং মাঝারি শহরের যে কথা বললেন, এই ৭৫টি ক্ষুদ্র এবং মাঝারি শহর যা সি. এম. ডি.-এ এলাকার বাইরে আছে, তাতে আমরা এ পর্যন্ত ২২ কোটি টাকা খরচ করেছি। এর মধ্যে আমাদের রাজ্য সরকার দিয়েছেন ১৬ কোটি টাকা, আর কেন্দ্রীয় সরকার দিয়েছেন ৫ কোটি ৯৩ লক্ষ টাকা। স্বাভাবিক ভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে এই যে কুপ্রথা, এটাকে অপসারণের জন্য আমাদের যে প্রয়াস, আমাদের যে আন্তরিকতা সেটা আমরা দেখিয়েছি। তার সঙ্গে সঙ্গে এ কথা বলতে চাই, আমাদের যে হিসাব আছে তাতে এখন পর্যন্ত পশ্চিমবাংলায় নন-সি. এম. ডি. এ এলাকায় যে ৭টি পৌরসভা আছে, তার ভিতরে আমরা ৭০ হাজার ৫৫৪টি খাটা পায়খানা অপসারণ করে সেখানে লো কস্ট টু পিট সিস্টেম ল্যাট্রিন করে দিয়েছি প্লিন্থ লেভেল পর্যন্ত। এছাড়া ৪০৭টি কমিউনিটি ল্যাট্রিন তৈরি করে দিয়েছি এবং আমাদের আরও ৩০ হাজার এই ধরনের কাজ বিভিন্ন শহরগুলিতে চলছে। এ ছাড়া সি. এম. ডি. এ এলাকার মধ্যে আমরা সেফটি ট্যাঙ্কে ল্যাট্রিন তৈরি করেছি ৭১ হাজার ৬৩৬টি,টু পিট লো কস্ট সিস্টেম ল্যাট্রিন তৈরি করেছি ৭২ হাজার ৫৯টি। আমরা মোট ১ লক্ষ ৪৪ হাজার ১৫৫টি খাটা পায়খানা অপসারণ করে সেখানে হয় স্যানিটারী ল্যাট্রিন অথবা টু পিট লো কস্ট ল্যাট্রিন তৈরি করে দিয়েছি। এটা হচ্ছে ১৯৯০ সালের হিসাব এবং এই বছর এখন পর্যন্ত সি. এম. ডি. এ এলাকায় প্রায় ১ লক্ষ এই ধরনের খাটা পায়খানা অপসারণ করে টু পিট লো কস্ট ল্যাট্রিন আমরা করেছি। এর পাশাপাশি আমরা দেখছি যে এখন পর্যন্ত পশ্চিমবঙ্গে শহরগুলিতে, ছোট এবং বড় শহরগুলিতে ২ লক্ষ খাটা পায়খানা আছে। এগুলিকে আমাদের অপসারণ করতে হবে। এখন এই কাজ যদি আমাদের করতে হয় ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনাতে, এই খাতে ৭৫টি পৌরসভার জন্য এবং তেমনি ভাবে সি. ইউ. পি. ডি. এবং গঙ্গা অ্যাকশন প্লান অনুযায়ী যে কাজ করা হয়েছে সি. এম. ডি. এ এলাকায়, সামান্য সংখ্যক আছে। কিন্তু ছোট বড় শহরগুলিতে যে ২ লক্ষ এখনও বাকি আছে তাকে যদি কনভার্ট করতে হয় তাহলে আমাদের দরকার ৭৫ কোটি টাকা। কিন্তু আমাদের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বরাদ্দ আছে মাত্র ২৫ কোটি টাকা। আমাদের যদি এই কাজ করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থের প্রয়োজন। এখন কেন্দ্রীয় সরকার একটা প্রকল্প হাতে নিয়েছেন। সেই প্রকল্পে তারা বলছেন যে ইকনমিক্যালি উইকার সেকশন যারা আছেন, নিম্ন আয়ের মানুষ যারা আছেন, তাদের জন্য এই প্রকল্প নেওয়া হয়েছে এবং তাতে বলা হয়েছে যে শতকরা ৪৫ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার 'হাডকো' সংস্থার মাধ্যমে কোন বেনিফিসিয়ারীকে পৌরসভার মধ্যে দিয়ে তারা দেবেন, আর ৫০ ভাগ টাকা ঋণ হিসাবে পৌরসভাগুলিকে নিতে হবে 'হাডকো'র কাছ থেকে। আর ৫ ভাগ বেনিফিসিয়ারীকে কনট্রিবিউট করতে হবে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে এটার পরিবর্তন করেছি। আমরা ঠিক করেছি যে ৪৫ ভাগ টাকা আমরা অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নেব। আর পৌরসভার যেটা ঋণ হিসাবে নেবার কথা ছিল সেই ৫০ ভাগ টাকা আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে অনুদান হিসাবে পৌরসভাকে দেব। এই প্রকল্প হিসাবে আমরা ১৯৯০-৯১ সালে ১৫টি পৌরসভাকে গ্রহণ করেছি এবং এছাড়া এই রাজ্য সরকারকে যে অর্থ বরাদ্দ করা হবে সেই সরবরাহ অর্থ দিয়ে আমরা ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে দিয়ে সমস্ত খাটা পায়খানা

অপসারণ করতে পারব, এই বিশ্বাস আমার আছে। কিন্তু আমাদের এই কাজ যদি করতে হয়, জয়নাল আবেদিন সাহেব নিশ্চয়ই বলবেন, শুধু মাত্র সরকারি উদ্যোগে এটা করা সম্ভব নয়।

[2-30 – 2-40 P.M.]

আমরা যে প্রস্তাব গ্রহণ করছি এই প্রস্তাব একটা মানবিক প্রস্তাব। পেছিয়ে পড়া সমাজ ব্যবস্থার কৃচ্ছ সাধন করবার জন্য এই প্রস্তাব নয়। প্রস্তাব গ্রহণ করবার পর তাকে যদি বাস্তবায়িত করতে হয়, আমরা বি. আর. আম্বেদকারের জন্ম শতবর্ষ উদযাপন করছি সারা ভারতবর্ষ ব্যাপি অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যদি লক্ষ্য মাত্রায় পৌঁছাতে হয়, সত্যি সত্যিই যদি এই কাজ করতে হয় তাহলে একা পৌরসভার দ্বারা এই কাজ করা সম্ভব নয়, বিধায়ক স্বেচ্ছাসেবী সংস্থা, সরকারি বেসরকারি সংস্থা সকলে ঐক্যবদ্ধ হয়ে এই কাজে নামতে হবে। এই ল্যাট্রিন তৈরি করার ক্ষেত্রে মানুষকে সচেতন করতে হবে। এর মধ্যে নিম্ন আয়ের মানুষ আছে, অশিক্ষিত মানুষ আছে, নিরক্ষর মানুষ আছে, তাদের মধ্যে সচেতনতা জাগিয়ে তুলতে হবে। টু পিট সিস্টেমে ল্যাট্রিন তৈরি করার কথা বলা হচ্ছে, স্যানিটারী ল্যাট্রিন তৈরি করার কথা বলা হচ্ছে। যা অবস্থা প্লিন্থ লেভেল পর্যন্ত করা সত্ত্বেও সুপার স্ট্রাকচার যেটা করা দরকার সেটা করার মতো অর্থ সাধারণ মানুষের মধ্যে নেই। সেই কারণে কেন্দ্রীয় সরকার যে অর্থ দিচ্ছেন তার সঙ্গে সুপার স্ট্রাকচার তৈরি করার জন্য যদি অর্থ বরাদ্দ করতেন তাহলে ভাল হত, আমরা তাহলে ভাল ভাবে কাজ করতে পারতাম। এই স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার করবার একটা মানসিকতা তৈরি করার প্রয়োজন আছে, এই ব্যাপারে একটা আন্দোলন হওয়া প্রয়োজন। আমাদের পৌরসভাগুলির মধ্যে দিয়ে আরবান স্যানিটারী সারভিসেস ফর দি পুয়োর এই যে পৌরসভায় প্রকল্প নেওয়া হয়েছে সি. এম. ডি. এ-র "স্বাস্থ্য সচেতনতা জাগিয়ে তোল," নাগরিক সচেতনতা জাগিয়ে তোল" এই যে প্রকল্পগুলি আছে এই প্রকল্প গুলির মাধ্যমে সাধারণ মানুষের কাছে গিয়ে তাদেরকে আমরা এই শিক্ষায় শিক্ষিত করতে চাই। এই উদ্যোগ সরকারের পক্ষ থেকে, পৌরসভাগুলির পক্ষ থেকে নেওয়া হচ্ছে। আমি আনন্দিত যে এই প্রস্তাবকে আমাদের এখানে সমস্ত বিরোধী দল সমর্থন করেছেন এবং সবাই সমর্থন করেছেন। অষ্টম পরিকল্পনার মধ্যে আমরা যাতে লক্ষ্য মাত্রায় পৌঁছাতে পারি তার জন্য সকলের সহযোগিতা কামনা করছি। আমি এই প্রস্তাব এবং সংশোধনী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য বিশেষ কিছু নেই, আমার সহকর্মী অনেকটা বলে দিয়েছেন। শুধু দু-একটি প্রশ্ন সম্পর্কে বিরোধীদের বক্তব্য শুনে মনে হয়েছে পরিষ্কার থাকা ভাল। আমাদের দেশে, আমাদের রাজ্যে সমস্যা সমাধানে পেছিয়ে পড়া মানুষের স্বার্থে এই প্রস্তাব আনা হয়েছে। এই প্রস্তাবের সঙ্গে এই কথা ঠিকই যে গ্রামাঞ্চলে যুক্ত নয়। সুদীপবাবুকে বুঝতে অনুরোধ করব এটা অমানবিক, এটা নিয়ে আমরা চিন্তিত এবং লজ্জিত। এই যে পরিকল্পনা এটার সবটাই হচ্ছে নগর ভিত্তিক। আমরা মনে করি কেন্দ্রীয় সরকারকে এই মনোভাব জানানো দরকার যে গোটা পরিকল্পনা আমাদের দেশে শহরে এবং গ্রামে মিলিয়ে হওয়া উচিত। গ্রামাঞ্চলকে বাদ দিয়ে রেখে এই ধরনের এটা আনা

ঠক হয় নি, ঠিকই বলেছেন। গ্রামাঞ্চলে আমাদের রাজ্য সরকারের পরিকল্পনা আছে। আমাদের সাফল্যের কথা একটু বলি। আপনি ঠিকই বলেছেন যে সামগ্রিক একটা নীতি হওয়া উচিত ছিল শহরে এবং গ্রামে। আমার সহকর্মী বলেছেন ১৯৮২-৮৩ সাল থেকে আজ পর্যন্ত এই ব্যাপারে আমরা চিন্তিত, আমরা বাস্তব কর্মসূচি গ্রহণ করেছি—দেড় লক্ষ করেছি। সি. এম. ডি. এর অনেক পরিকল্পনা ঘুরিয়ে, গঙ্গা অ্যাকশন প্লান যেটা আছে সেই গঙ্গা অ্যাকশন প্লানকে ঘুরিয়ে দিয়ে সি. এম. ডি. এর মাধ্যমে দেড় লক্ষ করেছি। তার ৭০-৮০ হাজার মিউনিসিপ্যালিটির আয় নিয়ে, অন্য বিভাগের আয় নিয়ে করেছি। এই সাফল্যের পরেও এখনও আড়াই লক্ষের মতো বাকি আছে। শুধু শহরে বাকি আছে, আমাদের যে হিসাব আছে সেই অনুযায়ী হচ্ছে আড়াই লক্ষ। গ্রাম সম্বন্ধে আমরা বলতে পারছি না। এটা যদি করতে হয় তাহলে আমাদের পুরো ৮ম পরিকল্পনা লেগে যাবে। এবং এরজন্য পুরো ৮ম পরিকল্পনায় আমাদের টাকা খরচ হবে অনেক। এই টাকা আমরা যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে না পাই তাহলে করা যাবে না। এই হচ্ছে আমাদের সমস্যা। আমরা ৮ম পরিকল্পনার মধ্যে কেন্দ্র সহযোগিতা করলে এটা দূর করতে পারব বলে আশা রাখি। যতক্ষণ না হচ্ছে, নতুন করে সমস্যা বাড়ানো, নতুন করে কাউকে বাড়ি করতে দেওয়া হবে না। মাঝপথে কেউ যদি বিকৃত ভাবে চলতে চায় তারজন্য আমরা বর্তমান বিল্ডিং রুলস করতে যাচ্ছি। এবং আমরা মিউনিসিপ্যালিটিগুলোকে জানাব যে, স্যানিটরি ল্যাট্রিন করার প্রভিশন যদি না থাকে তাহলে তাঁরা যেন কোনও বিল্ডিং স্যাংশন না করেন। এটাই হচ্ছে আইন। সেজন্যই এই আইনটা এখানে এসেছে। সর্বশেষ কথা হচ্ছে, এটা ঠিকই বলেছেন জয়নাল আবেদিন সাহেব যে, এরজন্য আর্থিক প্রসঙ্গ জড়িত আছে। এরজন্য টাকা যেমন চাই, তেমনি মানসিকতারও প্রশ্ন আছে। মানুষকে মোটিভেটেড করার একটা প্রশ্ন আছে। এই কারণে এই প্রস্তাব এখানে আনা হয়েছে যাকে আমরা সকলে সর্বান্তকরণে সমর্থন করছি। আমাদের এই কাজে প্রচার মাধ্যম যদি সাহায্য করে তাহলে মানুষের মনে এই চিন্তাটা আনতে পারব যে, প্রাথমিক স্বাস্থ্যের ক্ষেত্রে এটা প্রয়োজন, এটা দরকার। স্পিকার মহাশয় যেটা সংশোধন করলেন—ওখানে ভাষাগত একটা জটিলতা ছিল, মাননীয় চীফ হুইপ যে প্রস্তাব দিয়েছেন সেটা আমি সমর্থন করছি।

The motion of Shri Lakshmi Kanta Dey that in para 4, line 2, for the words "Parliament by law", the words "Law to be made by the Parliament" be substituted, was then put and agreed to.

The motion of Shri Buddhadeb Bhattacharjee, as amended, was then put and agreed to.

## LEGISLATION

**Mr. Speaker :** The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1992, and the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992 will be taken up together.

**The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1992.**

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to introduce the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1992 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement under Rules 72(1) of the Rules of Procedures and conduct of Business in the West Bengal Legislative Assembly.

The West Bengal Additional Tax and One-time on Motor Vehicles Act, 1989 came into effect from 1st April, 1989. The rates of tax on motor vehicles in west Bengal are unfavourably low as compared to other States in India. Vehicles coming from other States do not pay adequate tax although they are using the available infrastructure. Unlike other States, goods tax, Passenger tax etc. are not levied in West Bengal. As a result the vehicles registered outside and coming to West Bengal are not required to pay any extra tax.

At the cost of maintenance of roads and cost of administration of transport had been increased to a large-extent, it was felt necessary to upwardly revise the rates of Tax-structure prevalent in West Bengal with a view to raising additional revenue from vehicles taxes.

At the West Bengal Legislative Assembly was not in session, Transport Deptt, had earlier Promulgated Ordinance, namely, the West Bengal Additional Tax and One-Time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1991 with a view to upwardly revise the tax-structure.

Sir, there is a small correction in the Bill. It is like this. At page 6 under para 8 sub-para (3) (b) (i), it has been printed as "goods carriages with grows vehicle weight of 6000 kilograms". It should be read as "goods carriages with gross vehicle weight upto 6000 kilograms".

...(Secretary then read the Title of the Bill)...

**Mr. Speaker :** On this Bill, there is a Statutory Resolution of Shri Abdul Mannan. It is in order. I now request Shri Mannan to move his Statutory Resolution.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the House disapproves the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No. V of 1991).

**The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992.**

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to introduce the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement under Rule 72(1) of the Rules of Procedures and Conduct of Business in the West Bengal Legislative Assembly

The West Bengal Motor Vehicles Tax Act, 1979, which came into force during the year 1980, was last amended in 1986 by the West Bengal Act XIII of 1986.

The rates of Taxes on Motor Vehicles in West Bengal are unfavourably low as compared to other States in India. Goods Tax and Passenger Tax are not levied in this State. In the intervening period, there has, however, been enormous increase in the cost of maintenance of the roads as also in the cost of administration of Transport. The administration cost and the cost of maintenance of essential infrastructure is being continuously aggravated by the phenomenal increase of different categories of motor vehicles, particularly 2-wheelers.

It, therefore, became necessary to upwardly revise the rate of Tax structure prevalent in West Bengal with a view to raise additional revenue from motor vehicles taxes.

As the West Bengal Legislative Assembly was not in session, Transport Department had earlier promulgated Ordinance namely, The West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991 with a view to upwardly revise the Tax structure.

Sir, there are some small corrections in the Bill. These are like this. (1) At page 9 in the Schedule, under para II(a), it has been printed as "not more than 8 including than of driver". It should be read as "not more than 8 including that of driver". (2) In the Schedule under para D(d) at page 11, it has been wrongly printed as "Rs. 620\- plus....." This should have been printed as "Rs. 1620/- plus.....". (3) At page 13 unuer the para I9b) (i) (A) & (B) "square centimetres" will be substituted by "sitting capacities".

...(Secretaiy then read the title of the Bill)...

**Mr. Speaker :** On this Bill also, there is one Statutory Resolution of Shri Abdul Mannan. It is in order. I now request Shri Mannan to move his Statutory Resolution.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the House disapproves the West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No. IV of 1991).

[2-40 – 2-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্ট্যাটুটারি রেজলিউশনের উপরে আমি একটা মোশন দিয়েছি। এই মোশনটি দেওয়ার একটিই কারণ হচ্ছে যে, আমরা খুব বড় বড় গণতন্ত্রের কথা বলি, বিশেষ করে আমাদের মাননীয় মন্ত্রী শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় প্রায়শই কেন্দ্রের বিরুদ্ধে সোচ্চার অভিযোগ আনেন এবং অগণতান্ত্রিক কার্যকলাপের অভিযোগ আনেন। তাঁর কাছে আমি আশা করেছিলাম তিনি অন্তত তাঁর আচার-আচরণে দেখাবেন যে তিনি খুব বড় গণতান্ত্রিক। এই হাউসে আপনারা যে কোনও বিলই আনুন না কেন মেজরিটির দ্বারা আপনারা বিল পাস করিয়ে নিচ্ছেন। কালা কানুন তৈরি করুন না কেন, যত অন্যায় আইন তৈরি করুন না কেন, আপনাদের যে সদস্য সংখ্যা আছে তাতে এটা পাস করাতে অসুবিধা বোধ করবেন না। আমাদের বিরোধী দলের সদস্য সংখ্যা কম হলেও আমরা এখানে আলোচনা করে বক্তব্য রাখতে পারতাম, কিন্তু আমরা কি দেখতে পেলাম মাননীয় মন্ত্রী হাউসকে ডিঙিয়ে হাউসের মর্যাদাকে ক্ষুন্ন করে তিনি অর্ডিনান্স জারি করলেন। দরকার হলে জরুরি অধিবেশন ডাকতে পারতেন, এটাকে অর্ডিনান্স না করে বিল হিসাবে নিয়ে এসে আলোচনা করতে পারতেন, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় করলেন না। এই অর্ডিনান্সটা আনা এমন কিছু জরুরি ছিল না, এই অর্ডিনান্সের মাধ্যমে তিনি ট্যাক্সের বোঝাকে আরও বেশি বাড়িয়ে দিয়েছেন। এটা যদি জনস্বার্থের প্রয়োজনে দরকার হত তাহলে বুঝতাম যে একদিন দেরি হয়ে গেলে ক্ষতি হয়ে যাবে, তাই এটা দরকার। সেদিন যেমন শিডিউল কাস্ট শিডিউল ট্রাইবস-র মন্ত্রী বললেন একটা দিনের জন্য আরও দুটো অ্যাপয়েন্টমেন্ট হয়ে যেত, এটা কিন্তু তাও নয়। এটা হচ্ছে সরকারের ট্যাক্স কালেকশনের ব্যাপার। এই ভাবে তারা যে ট্যাক্স কালেকশন করছেন আমরা এটার বিরুদ্ধে। এই ব্যাপারে পরবর্তীকালে বক্তব্য রাখতে গিয়ে বলব, তবে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব কেন এই অর্ডিনান্স জারি করার দরকার পড়ল ডিঙিয়ে সেটা আপনি বললেন। এতে দেখা যাবে মোটর সাইকেলের ট্যাক্স বাড়বে, আবার আপনারা রেল ভাড়া বৃদ্ধির জন্য সেদিন আন্দোলন করলেন, কিন্তু এখানে যে ট্যাক্স দেওয়া হবে তাতে বাসের ভাড়া বাড়বে, মিনিবাসের ভাড়া বাড়বে অ্যাম্বুলেন্সের ভাড়া বাড়বে। আপনারা কালা কানুন করে, অর্ডিনান্স করে এই হাউসের মর্যাদাকে ক্ষুন্ন করেছেন। এই ব্যাপারে আমি যখন পরবর্তীকালে বক্তব্য রাখব তখন বিস্তারিত বলব।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, এর জবাব দেবার কি আছে আমি জানিনা। কারণ এখন বিধানসভাতে আমরা নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ দল এবং যতই ওরা চেষ্টা করুন না কেন, স্পিকার দয়া না করলে অনাস্থা প্রস্তাবের জন্য যে সদস্য সংখ্যা প্রয়োজন সেটা ওদের নেই। এটা সবাই জানেন। সুতরাং এই হাউসকে এড়ানোর চেষ্টা অন্তত আমাদের পক্ষ থেকে, আমাদের যারা শাসক দলে আছেন বামফ্রন্ট, তারা কোনও সময়েই করেননি কিন্তু অর্ডিনান্স যখন করলাম তখন অ্যাসেম্বলি ছিল না, এবং বিধানসভা চলাকালীন তাই

প্রথম সুযোগে আমরা এই বিলটা এখানে এনেছি। এতে সাধারণ মানুষের কোনও কষ্ট হবে না, যাদের ব্রীফ নিয়ে মান্নান সাহেব চেঁচাচ্ছেন তাঁদের কষ্ট হবে, কাজেই যখন এটা নিয়ে আলোচনা হবে তখন আমি বিস্তারিত বলব।

## Statutory Resolution

The motion of Shri Abdul Mannan that the House disapproves the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No. V of 1991) Was then put and a Division was taken with the following results :

**NOES**

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Bagdi, Shri Bijoy

Bose, Shri Shyamaprasad

Basu, Shri Subhas

Barman, Shri Debendra Nath,

Barman, Shri Jogesh Chandra

Bhattacharyya, Shri Ashoke

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Sushil

Bouri Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhyay, Sri Santasri

Chatterjee, Shrimati Santi

Chowdhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Subhendu

Das, Shri, Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Bidyut Kumar

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri S. R.

Das, Shri Soumindra Chandra

Das Gupta, Shrimati Arati

Dey, Shri Lakshmi Kanta

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Ganguly, Shri Santi

Ghosh, Shri Malin

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Hazra, Shri Samar

Halder, Shri Krishna Chandra

Hembram, Shrimati Arati

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Janangir Karim, Shri Sk.

Jana, Shri Manindra Nath

Kisku, Shri Lakshi Ram

Konar, Shrimati Maharani

Let. Shri Dhiren

Mahato, Shri Bindeswar

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Bhandu

Mamtaz Hasan, Shri

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Janmenjoy

Md. Yakub, Shri

Moitra, Shri Birendra Kumar

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Narayan

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Oraon, Shri Jagannath

Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya

Pramanik, Shri Abinash

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhinen

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sur, Shri Prasanta Kumar

Tirkey, Shri Monohar,

Unus Sarkar, Shri

**AYES**

Abendin, Dr. Zainal

Abdul Mannan, Shri

Banerjee Shri Prabir

Bandyopadhayay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Bhowmik, Shri Manik

Bhunia, Dr. Manas

Chattopadhyay, Shri Shovan Deb

Gyan Singh Sohanpal, Shri

Motahar Hossain, Dr.

Mudi, Shri Anil

Mukherjee, Shri Sibdas

Pande, Shri Sadhan

Quazi Abdul Gaffar, Shri

Roy, Shri Saugata

Rubi Nur, Shrimati

Sinha, Shri Atish Chandra

**Abstentions**

Purkait, Shri Probodh

The Ayes being 17 and Noes 81.

The motion was lost.

**The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992**

The motion of Shri Abdul Mannan that the House disapproves the West Bengal Motor Vehicles Tax (Amendment) Ordinance, 1991 (West Bengal Ordinance No. IV of 1991), was then put and lost.

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 1992, be taken into consideration.

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to move that the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992, be taken into consideration.

[2-50 – 3-00 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় পরিবহন মন্ত্রী শ্যামল চক্রবর্তী মহাশয় যে দুটো বিল এখানে এনেছেন সেই ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যাণ্ড ওয়ান টাইম ট্যাক্স অন মোটর ভেহিকেলস (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯২, এবং দি ওয়েস্ট বেঙ্গল মোটর ভেহিকেলস ট্যাক্স (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯২ এই দুটো বিলেরই আমি বিরোধিতা করছি। কারণ এই দুটো কালা কানুন জনস্বার্থ বিরোধী, তাই আমি এই দুটো বিলের বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই বিলের জন্য কারোর অসুবিধা হবেনা, অসুবিধা হবে শুধু আমার আর জয়নাল সাহেবের। ওনার বক্তব্য শুনে মনে হল রবীন্দ্রনাথ ঠাকুরের সেই বিখ্যাত কবিতার লাইন,—তুমি মহারাজ সাধু হলে আজ, আমি

আজ চোর বটে। ওনারা বিভিন্ন সময়ে মাঠে ময়দানে বক্তৃতা দিতে গিয়ে বলেন যে মোটর পার্টসের দাম বেড়ে যাওয়ার জন্য, পেট্রোল-ডিজেলের দাম বেড়ে যাওয়ার জন্য আমাদের বাস ভাড়া বাড়াতে হচ্ছে। আজকে যে ট্যাক্স বাড়ছে এবং অস্বাভাবিক ভাবে ট্যাক্স বৃদ্ধি হচ্ছে তাতে বাস মালিকরা নিশ্চয় তাদের পকেট থেকে সেই টাকাটা দেবেন না। তারা সেই টাকাটা দেবেন আমাদের পকেট থেকে নিয়ে। মন্ত্রী মহাশয় যখন ছাত্র রাজনীতি করতেন তখন বাসে-ট্রামে চড়তেন। এখন তিনি মন্ত্রী হওয়ার পর এবং দীর্ঘদিন ক্ষমতায় থাকার পর আর বাসে ট্রামে চড়ার তার সুযোগ হয়না। আমাদের মতো সাধারণ মানুষদের এই বাস ভাড়া বৃদ্ধির ফলে যে অসুবিধা হবে তিনি সেটা উপলব্ধি করতে পারছেন না। আজকে ট্যাক্স বাড়ানোর ফলে বাস মালিকরা আবার ভাড়া বৃদ্ধির জন্য আন্দোলন করবেন এবং মন্ত্রী মহাশয় দু-চারদিন বড় বড় কথা বলবেন, তারপর আবার তাদের সাথে আলোচনা করার পর ভাড়া বাড়িয়ে দেবেন এটা আমাদের জানা আছে। তাই আজকে আমরা এর বিরোধিতা করছি। আর একটা জিনিস দেখতে পাচ্ছি যে, মাননীয় মন্ত্রী মহাশয় ১৫ বছরের জন্য ট্যাক্স নিয়ে নিচ্ছেন। এটা একটা মানুষের প্রতি ইনজাস্টিস হচ্ছে। এটা একটা ক্রাইম। উনি অবশ্য কেন্দ্রের কথা বলবেন। নিজের পাপ ঢাকতে গিয়ে উনি কেন্দ্রের আইনের কথা বলবেন কিন্তু কেন্দ্রের ভাল কথাগুলি বলবেন না। ক্রাইম বলছি এই কারণে যে, আজকে ধরুন আমি একটা মোটর সাইকেল কিনলাম এবং তারজন্য আমার কাছ থেকে ১৫ বছরের ট্যাক্স নিয়ে নেওয়া হল। মোটর সাইকেলের জন্য ১৫ বছরের ট্যাক্স অ্যাডভান্স দিতে হবে। এর জন্য একটা বার্ডেন পড়ছে অপরদিকে ধরুন। আজকে আমার গাড়ীটা চুরি হয়ে যেতে পারে, এই ক্ষেত্রেও আমাকে ১৫ বছরের জন্য ট্যাক্স দিতে হচ্ছে। কিন্তু আপনাদের এমন কোনও ব্যবস্থা নেই যে, যাতে করে চুরি যাওয়া গাড়িটা ফিরে পাওয়া যেতে পারে। এইতো আমাদের বিধানসভার মাননীয় সদস্য এবং ডেপুটি লীডার সত্যবাপুলি মহাশয়ের গাড়ি এম. এল. এ. হোস্টেল থেকে চুরি হয়ে গেছে কিন্তু আজ পর্যন্ত তার কোনও কিনারা হয়নি, কিন্তু তারজন্য ট্যাক্স দিতে হবে। আপনারা কোন অধিকারে ১৫ বছরের ট্যাক্স নিতে চান? শুধু তাই নয়, আপনারা ১৫ বছরের জন্য ট্যাক্স নিয়ে নিচ্ছেন কিন্তু আপনারা ১৫ বছর ক্ষমতায় থাকবেন না, অথচ ট্যাক্স নিয়ে নিচ্ছেন। কোন অধিকারে নিচ্ছেন? চার বছর পরে ক্ষমতায় থাকবেন কি না জানিনা মানুষের ধৈর্যচ্যুতি ঘটছে। সেদিন যাঁরা ক্ষমতায় আসবেন তাঁরা কি ট্যাক্স নেবেন? তখন তারা কি দিয়ে মানুষের সেবা করবেন? কি নিয়ে কাজ করবেন নতুন সরকার এসে? কিন্তু আপনারা ১৫ বছরের ট্যাক্স নিয়ে নিচ্ছেন। এই অধিকারটা আপনাকে কে দিয়েছে? ট্যাক্সের অস্বাভাবিক বৃদ্ধি হয়েছে। একটা উদাহরণ দিয়ে বলি, এত ট্যাক্সের বৃদ্ধি কোনও কালে হয়নি এমন কি অ্যাম্বুলেন্স এবং ক্লিনিক্যাল ভ্যানেও ট্যাক্স বাড়াতে দ্বিধাবোধ করেন নি। এখানে প্রশান্ত শূর মহাশয় আছেন, এখন হাসপাতালগুলিতে যা খরচ নার্সিং হোমেও তাই খরচ সমস্ত হাসপাতালগুলিকে নার্সিং হোম করে ফেলেছেন। এই বিষয়ে কোনও সন্দেহ নেই আপনি অ্যাম্বুলেন্সেয়ের ওপরও ট্যাক্স বাড়িয়েছেন। সাধারণ মানুষের দুর্দশা ক্রমেই বাড়ছে আজকে ক্লিনিক্যাল ভ্যান এবং অ্যাম্বুলেন্সেরও ট্যাক্স বাড়ালেন। এইগুলি ক্রিমিনাল অ্যাকটিভিটি ছাড়া আর কি বলা যাবে? কে অধিকার দিয়েছে? চিন্তা করে দেখুন কিভাবে ট্যাক্স বেড়েছে স্যার বললে অনেক কিছু বলা যায় কিন্তু সময় খুবই সংক্ষেপ। আজকে মোটর সাইকেল লাক্সারী আইটেম নয়। গ্রামাঞ্চলে পরিবহন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, বাসে আজকাল কেউ উঠতে

পারে না। মোটর সাইকেল করে যেতে হয় গ্রামে। এখন ইণ্ডিয়াতে অনেক মোটর সাইকেল তৈরি হচ্ছে। অনেকে মোটর সাইকেল ব্যবহার করেন। আগে ট্যাক্স ছিল ৪৫ টাকা এখন সেটা বাড়িয়ে করা হল ১৫০ টাকা। আজকে যদি এইরকম রেটে বাড়ান তাহলে সাধারণ মানুষ যাবে কোথায়? ১৫ বছরের ট্যাক্স একসঙ্গে নিয়ে নিচ্ছেন। সাধারণ মানুষ যাঁরা—বাসে উঠতে পারেনা ওই দূর পথে যাওয়ার জন্য, তাঁরা আজকে একটা মোটর সাইকেল কিনতে পারেন কিন্তু এই ট্যাক্সের ফলে অনেকে কিনবেন না, এবং যাতে না কিনতে পারে তার ব্যবস্থা করছেন। এই ভাবে ট্যাক্স বাড়িয়ে সাধারণ মানুষের ওপর করের বোঝা চাপাচ্ছেন। এই ট্যাক্স বাড়ানোর ফলে—বাস মালিকরা আন্দোলন করবেন ভাড়া বাড়ানোর জন্য, আপনারা ভাড়া বাড়াতে সাহায্য করেছেন। সেখানে আমাদের বিরোধিতা করা ছাড়া উপায় নেই। স্যার, উনি কিভাবে ভাড়া বাড়িয়েছেন একবার দেখুন—যে গাড়িগুলি প্যাসেঞ্জার ক্যারি করে, অমনিবাস ইত্যাদি গাড়িগুলি সাধারণত অফিসের লোকেরা ভাড়া হিসাবে ব্যবহার করেন এবং যেটা ২০ সীটের বসার জায়গা থাকে সেখানে ১০০ টাকা করে করলেন। আগে যেটা ছিল ৪৯ টাকা সেখানে এখন ১০০ টাকা করে ভাড়া করলেন। এইভাবে লোককে ২৩০০ টাকা দিতে হত কিন্তু এখন ৭ হাজার টাকা দিতে হবে। আমি মনে করি যদি এইটা না করেন এবং ট্যাক্স কমিয়ে দেন, তাহলে সাধারণ মানুষ কিছুটা রেহাই পাবে। এই বলে বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 P.M.]

**শ্রী মণীন্দ্রনাথ জানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে মোটর ভিহিকেলস র্থাৎ পরিবহন বিভাগের যে বিল এসেছে তার মধ্যে আছে ট্যাক্সের পরিবর্তন করার কথা। ামাদের বিরোধী দলের পক্ষ থেকে এর বিরোধিতা করলেন হাউসের মধ্যে ট্যাক্সের ব্যাপারে। ারা হাউসের মধ্যে মোটর ভিহিকেলস ট্যাক্সের বিরোধিতা করছেন, হাউসের বাইরে জনসাধারণ রা বাসে চাপেন তারাও বিরোধিতা করেন এবং এই বিভাগ সম্পর্কে অনেক কথা বলেন আমাদের শুনতে ভাল লাগে না। তা সত্ত্বেও আমরা দেখেছি স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন দের যে বাস চলাচল করে এবং কলকাতার কাছাকাছি থাকেন তারা দেখেন বাসের জন্য নুষ দাঁড়িয়ে থাকলে বাস আসে না। স্ট্যাণ্ডের কাছে গিয়ে কর্মচারিদের জিজ্ঞাসা করলে বাস ন আসবে তা তারা বলতে পারেন না। ভাঙ্গা বাস, রাস্তাঘাট ভাঙ্গা, বাস কিছুটা যেয়ে হয়ে যায়। জনসাধারণ বিভিন্নভাবে সমালোচনা করেন এবং সেই সমালোচনায় সার ক। এই বিভাগে অর্থের প্রয়োজন আছে, টাকা পয়সার প্রয়োজন আছে এবং সেই অর্থের াজনে ট্যাক্স। আরও অর্থের প্রয়োজন সরকারের পরিচালন ব্যবস্থার জন্য এবং রাস্তাঘাট রামতের জন্য। গ্রামের রাস্তাঘাট খুবই খারাপ। রাস্তাঘাট মেরামত করতে অর্থের প্রয়োজন। ইজন্য ট্যাক্স বাড়াতে হবে। আমাদের পশ্চিমবাংলায় এই মোটর ভিহিকেলস ট্যাক্স অন্যান্য জ্যের তুলনায় কম আছে। বিভিন্ন রাজ্যে আমরা দেখেছি আমাদের এখানে তত ট্যাক্স নেই। ান্য রাজ্যের যেসব গাড়ি আমাদের এখানে আসে তাদের উপর ট্যাক্স চাপানো আমাদের জ্য নেই। তা সত্ত্বেও রাজ্যে যে টাকা আদায় হয় সেইটার পরিমাণ কম নয় এবং তারপর আরও বাড়ানো হয়, মান্নান সাহেব যেটা বললেন বাস, মোটর সাইকেলের উপর ট্যাক্স ছে, বাসের মালিকরা ভাড়া বাড়াতে চাইবে। ভাড়া বাড়লে সাধারণ মানুষের কষ্ট হবে।

বিশেষ করে পশ্চিমবাংলায় বাস পরিবহনের উপর রেগে গিয়ে কেউ পায়ে হেঁটে চলাফেরা করেন না, বা বাস চাপা ছেড়ে ট্রেনে চাপেন না। ট্রেনে এখন এমন অব্যবস্থা চলছে যে কোন ট্রেন কখন আসবে তার ঠিক-ঠিকানা নেই। রাজধানী এক্সপ্রেস ৫ ঘন্টা লেট, কালকা ট্রেন ৫ ঘন্টা লেট। আর লোকাল ট্রেনের যাতায়াতের কোনও রকম নির্দিষ্ট সময় নেই। কাজেই পরিবহনের উপর রাগ করে যে লোকে ট্রেনে যাবেন তার উপায় নেই। আমরা দেখছি হুগলি থেকে হাওড়া একটা সকাল বেলা একবার আর রাত্রে একবার—দুবার মাত্র চলছে। ট্রেনের অব্যবস্থায় সাধারণ মানুষের চরম অসুবিধা হচ্ছে। রাস্তাঘাট মোরমতের জন্য, পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য, রেলের যখন এই হাল, তখন টাকা বাড়াবার দরকার আছে। রেলে যখন ভাড় বাড়ল, তখন বিরোধী দলের বন্ধুরা প্রতিবাদ করেন না। আর যখন মোটর ভেহিকেলস ট্যাক্স বাড়ানো হয় তখন তাঁরা প্রতিবাদ করেন, সমর্থন করতে পারেন না।

আমাদের সরকার এই যে ট্যাক্স বাড়াচ্ছেন উনি বললেন যে অতিরিক্ত ট্যাক্স বাড়ছে। এটা অতিরিক্ত নয়। অন্যান্য রাজ্যে এই ট্যাক্স আমাদের তুলনায় অনেক বেশি। স্যার, আমি একথাটা বলব, ট্যাক্স আদায় করার ক্ষেত্রে যে মেশিনারি সেই মেশিনারির কথাটাও আমাদের সরকারকে চিন্তা করতে হবে। কারণ এখন দেখি যে আর. টি. এ. ডিপার্টমেন্ট যেখানে ভাল মেশিনারি থাকা দরকার সেখানে অনেক জেলায় দেখেছি যে আর. টি. এ. তা নেই। ইন্সপেক্টর যা ছিল সেই ইন্সপেক্টারের সংখ্যা কমে গিয়েছে। ক্লার্ক নেই—স্টাফ যা দরকার সেই স্টাফ নেই। যেখান থেকে আমাদের অর্থ বেশি আদায় হয় সেই ডিপার্টমেন্টের অন্তত অ্যাডমিনিস্ট্রেটিভ দিকটা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এ ছাড়া আর. টি. এ. এর যে অর্থরিটি আছে, জেলায় যে অথরিটি আছে সেই অথরিটির ক্ষমতা যেভাবে দিনে দিনে একটু কমানো হচ্ছে—আমরা গণতন্ত্রের কথা বলি, এখন আর. টি. এ অর্থাৎ জেলার যে প্রশাসনিক ব্যবস্থা আছে সেই প্রশাসনিক ব্যবস্থা একটু কমানো হয়েছে বলে আমি মনে করি কেন না তখনকার দিনে এই বাসের পরিবহন সম্পর্কে তারাই চিন্তা ভাবনা করতেন কিন্তু বর্তমানে দেখি একটা জেলার মধ্যে একটা বাস চালাতে গেলে এস. টি. এ-এর কাছে অগ্রিম অনুমতি না পেলে সেই এলাকায় বাস চালানো যায়না। এই ব্যাপারটাও দেখা দরকার। জেলার যে প্রশাসন সেই জেলার প্রশাসনকে যদি আমরা সচল করতে পারি তাহলে আমার মনে হয় ট্যাক্স আদায়ের ক্ষেত্রে ভাল হবে। আর মোটর ভেহিকেলের ইন্সপেক্টার যদি না থাকে এবং যারা এই ট্যাক্স দেয় না তাদের ধরার ব্যবস্থা যদি না থাকে তাহলে যেটুকু ট্যাক্স ইমপোজ করা আছে সেটাও আদায় করা সম্ভব হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেটা আমি সমর্থন করছি এবং আশা করছি প্রশাসনিক দিক থেকে এবং জেলা প্রশাসনকে আরও জোরদার করে এই ট্যাক্স আরও বেশি আদায় করবেন। এই বলে এই বিলকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় আজ এই সভায় যে দুটি বিল এনেছেন—অ্যাডিশনাল ট্যাক্স এবং ওয়ান টাইম ট্যাক্সের ব্যাপারে সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা দেখলাম যে সাধারণ মানুষের মতামত যারা বিধানসভায় বলেন তাদের সঙ্গে আলোচনা না করে এবং গণতান্ত্রিক রীতিনীতির প্রতি সম্পূর্ণ অশ্রদ্ধা জানিয়ে অর্ডিন্যান্স করে উনি ট্যাক্স বাড়িয়ে দিলেন। উনি বলেছেন

উনি জানতেন ওরা ক্ষমতায় আছেন এবং আবার ক্ষমতায় ফিরে আসবেন তাই তিনি বিধানসভায় না এনেই এটা অর্ডিন্যান্স করে বাড়িয়ে দিয়েছিলেন। স্যার, এই বামপন্থীদেরই আমরা দেখি যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তারা বারে বারে বলেন যে পার্লামেন্টে আলোচনা না করে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাড়ানো হচ্ছে অথচ তারা নিজেরাই বিধানসভায় আলোচনা না করে ট্যাক্স বাড়িয়ে দিলেন। স্যার, আমি তাই বলব, অগণতান্ত্রিক উপায়ে একটি কালা বিল মন্ত্রী মহাশয় আজ এই সভায় এনেছেন সভার অনুমোদনের জন্য। তিনি তার স্টেটমেন্টে বলেছেন আমাদের রাজ্যে অন্যান্য রাজ্যের তুলনায় ট্যাক্স কম এবং এস্টাবলিশমেন্ট কস্ট অনেক বেশি সেইজন্য তিনি ট্যাক্স বাড়িয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় অন্যান্য রাজ্যে ট্যাক্স বেশি একথা বলেছেন কিন্তু তার সঙ্গে সঙ্গে তিনি বলেন নি যে অন্যান্য রাজ্যে ট্যাক্স যেমন বেশি তেমনি সেখানে ফেসিলিটিসও অনেক বেশি। সেখানকার রাস্তাঘাটের পরিস্থিতি এবং অন্যান্য সুযোগ সুবিধাও অনেক বেশি। উনি এখানে কিসের বিনিময়ে এই ট্যাক্সটা চাপাচ্ছেন সেটা আমরা জানতে চাই। উনি যে ট্যাক্স বাড়াচ্ছেন তার সুদূরপ্রসারী ফল হিসাবে সেটা এসে পড়বে দরিদ্র সাধারণ মানুষের উপর কিন্তু তার বিনিময়ে তাদের তিনি কি দেবেন সেটা বলছেন না।

[3-10 – 3-20 P.M.]

আমরা দেখছি তাঁর বাজেট ভাষণের মধ্যে তিনি বলেছেন, আমার এই অর্ডিন্যান্স করার জন্য যেটা বিল আকারে এসেছে, শুধু তাই নয়, আবার তিনি এই বাজেট ভাষণেও দেখতে পাচ্ছি আবার নুতন করে ট্যাক্স বসাচ্ছেন বিভিন্ন রকম বাস, এয়ার কণ্ডিশন্ড বাস, ওমনি বাস ইত্যাদির উপর এবং যেখানে তিনি বলেছেন প্রায় তিন কোটি টাকা নুতন করে আয় হবে। অর্থাৎ ১৯৭৯ এর পর ৯১ সালে অর্ডিন্যান্স করে তিনি একবার বাড়ালেন আবার এই বাজেট ভাষণেও তিনি বলেছেন নুতন করে প্রায় তিন কোটি টাকা করের বোঝা সাধারণ মানুষের উপর তিনি চাপিয়ে দিচ্ছেন। এটা যদি বুঝতাম শুধু মাত্র বড়লোকদের উপর চাপটা আসবে তাহলে হয়তো বা সমর্থন করা যেত। কিন্তু যেভাবে তিনি ট্যাক্স বসিয়েছেন যেভাবে তিনি বিলটা এনেছেন, এটা পরিপূর্ণ ভাবে জনস্বার্থ বিরোধী, গরিব মানুষকে মারার একটা কল তিনি ফেঁদেছেন। সেইজন্য এই বিলকে সমর্থন করার কোনও সুযোগ আছে বলে আমি মনে করি না। আপনি যে সমস্ত কথা বলেছেন, যে ক্লিনিক্যাল বাসগুলো আছে, অ্যাম্বুল্যান্স ইত্যাদির উপর আপনি ট্যাক্স ধরেছেন এবং সেই ট্যাক্স দিতে হবে, বহু ওষুধ কোম্পানি আছে, তারাও এয়ার কন্ডিশণ্ড গাড়ি ব্যবহার করেন, ওষুধ নিয়ে যাওয়া, নিয়ে আসার জন্য, তাদের উপর আপনি ট্যাক্স করেছেন। আপনি কি আমাকে বলবেন, অর্থাৎ এই যে এয়ার কন্ডিশণ্ড বাস বা এয়ার কন্ডিশণ্ড গাড়ির উপর ট্যাক্স করছেন, এটাকে কি আপনি লাক্সারী হিসাবে ধরছেন? যেখানে আপনি লাক্সারী হিসাবে ধরছেন, সেখানে আপনি সঙ্গে সঙ্গে বলুন, যে মন্ত্রী মহাশয়রা গাড়ি চড়েন, বা তাদের ঘরে যে সমস্ত এয়ার কন্ডিশন আছে—একটা অ্যাটিচ্যুড দেখতে চাইছিলাম, মানুষের সামনে বক্তব্য তুলে ধরতে গেলে, যে এয়ার কন্ডিশন গাড়ির উপর যে ট্যাক্স করছেন, সেখানে আপনি ক্লিনিক্যাল গাড়ি, অ্যাম্বুলেন্স ইত্যাদির উপর ট্যাক্স করছেন, তাহলে মন্ত্রীরা বলুন যে আপনারা এয়ার কন্ডিশন গাড়ি চড়বেন না। মন্ত্রীরা এয়ার কন্ডিশন ঘরে বসবেন না। সঙ্গে সঙ্গে জনসাধারণের উপর সেই ট্যাক্সটা আসুক, আমরা তাতে

আপত্তি করব না। কিন্তু সাথে সাথে একটা ওষুধের গাড়ি যেগুলো, সেখানে ট্যাক্স বসানো মানেই ইনডিরেক্টলি ওষুধের দাম কোন কোন ক্ষেত্রে বেড়ে যাবে, যে সব ওষুধ কোম্পানি এই ধরনের গাড়ি ব্যবহার করেন। এর পরে আপনি বলেছেন যে গাড়িগুলো ট্যাক্স ফাঁকি দেব, তাদের আপনি ধরবেন এবং ধরে পরে সেই গাড়িগুলো সিজ করা হবে। ৩০ দিন পরে সেই গাড়ি যদি তার টাকা না দেয়, আরও ১৫ দিন পরে সেইগুলোক অকশন করবেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি, আপনার যে অ্যাডমিনিস্ট্রেশন রয়েছে, যে আর. টি. এ. রয়েছে, আমি জানি না আপনি নিজে যান কিনা, আমার নিজের স্কুটার আছে, আমি যাতায়াত করি। কি অদ্ভুত ওখানে দুর্নীতি, কি প্রচণ্ড দুর্নীতি আর. টি. এ.তে চলছে, কোন মানুষ কোনদিন পয়সা না দিয়ে কাজ করাতে পেরেছেন, একটা লাইসেন্স রিনিউ করাতে পেরেছেন, এই কথা যদি আপনি জোর গলায় এই হাউসে দাঁড়িয়ে বলতে পারেন তাহলে আমি তার সব কথা মেনে নেব। কি প্রবল দুর্নীতি চলে ঐ রিজিয়নাল ট্রান্সপোর্টতে, সেখানে আপনি নুতন করে অকশন করবেন বলছেন এবং গাড়ির মধ্যে যে জিনিসপত্র থাকবে, সেই গাড়িকে অকশন করে তিনি বলছেন, যদি গাড়ির দাম বেশি হয় তাহলে সেই টাকা ফেরত দেবেন। কোন মানুষ আজকে সরকারের ঘরে টাকা পৌঁছে যাবার পরে সেই টাকা ফেরত নিতে পারেন, এমন গ্যারান্টি আপনার কাছে আছে? এরপর আসুন আপনি ট্যাক্স করেছেন, স্কুটারের উপর ট্যাক্স করেছেন। এটা আগে ছিল এক রকম, অর্থাৎ স্কুটারের তিনটে ভ্যারাইটি আছে, তাদের এক সঙ্গে ট্যাক্স ছিল ৪৫ টাকা। উনার যোগ্য অফিশারদের দিয়ে উনি তিনটে ভাগ করিয়েছেন। এর ফলে এক লাফে উঠে গেছে কোথায়, ৮০/১০০/১৫০ অর্থাৎ ১০০ সি সি., ২০০ সি. সি অ্যাণ্ড আপওয়ার্ড। এই যে স্কুটারগুলো আছে, তার ক্ষেত্রে উনি যা করেছে, আগে মোটর বাইক এবং স্কুটারে তফাৎ বেশি ছিল না। ৪৫/৬৫ এই রকম ভাগ ছিল। সেখানে তিনি সাথে সাথে কোথায় নিয়ে গেলেন, স্কুটার যারা আজকে চালায় তারা কি বড়লোক? তাদের উপর নুতন চাপ এনেছেন ১৫ বছরের ট্যাক্স একসঙ্গে তাদের দিতে হবে। আপনি ১৫ বছর ক্ষমতায় থাকবেন কি না কি গ্যারান্টি আছে? আপনার নৈতিক কি অধিকার আছে? যারা ১৫ বছর থাকবেন কি না অ্যাসিয়োর্ড নয়, পশ্চিমবাংলার মানুষ বলে দিয়েছে আপনাকে কি যে আপনি ১৫ বছর থাকবেন? এটা প্রচণ্ড ভাবে অনৈতিক, কোনও ভাবেই কোনও সরকার আগামী ১৫ বছরের জন্য মানুষের উপর ট্যাক্স করতে পারে না এবং সেখানে ট্যাক্সের জন্য কত টাকা দিতে হচ্ছে? আপনারা একবার দেখলে বুঝতে পারবেন, যাদের ঘরে গাড়ি আছে, ছোটখাট স্কুটার, মোটর বাইক প্রত্যেকেরই আছে, সেখানে মোটর সাইকেলের ক্ষেত্রে দিতে হচ্ছে প্রায় ১৮ শত টাকা ওয়ান টাইম। ওয়ান টাইম ১৮০০ টাকা। মোটর সাইকেল কম্বিনেশন-এর ক্ষেত্রে ২৪০০ টাকা অ্যাট এ টাইম করছেন। এটা মানুষের ওপর অত্যাচার নয়? এগুলো কি ব্যবসা প্রতিষ্ঠান? ইণ্ডিভিজুয়াল মানুষের ওপর এই ভাবে ব্যাপক অত্যাচার চালিয়ে সরকার চালাবার চেষ্টা করছেন! এর বিনিময়ে জনসাধারণ কি পাবে? রাস্তা-ঘাটের অবস্থা খারাপ। এই গাড়িগুলোর রাস্তায় হল্টেজের কোনও ব্যবস্থা নেই। অথচ আপনি বলছেন, এই টাকা দিয়ে রাস্তা সারাবেন। সেজন্য টাকা নিচ্ছেন। তারই বা কি গ্যারান্টি আছে? এই টাকা দিয়ে আপনি নতুন করে লোক নিয়োগ করবেন। যেমন বেআইনি লোক নিয়োগ করেছেন সাউথ বেঙ্গল ট্রান্সপোর্ট কর্পোরেশনে। সেখানে শুধু আপনার এলাকার লোকেরাই চাকরি পেয়েছে। খবরের কাগজে নোটিফিকেশন দিয়েছিলেন, সেখানে বলেন কি ...

রাষ্ট্রীয় পরিবহণে লোক নেওয়া হবে, সেখানে বলেছিলেন একটি সরকারি সংস্থায় লোক নিয়োগ করা হবে। শতকরা ৮০ ভাগ চাকরিই সেখানে আপনার এলাকার মানুষরা পেয়েছে। আপনি নিজের পার্টির লোকেদের চাকরি দিয়েছেন এবং তাদের জন্যই আজকে পশ্চিমবঙ্গের মানুষের ঘাড়ে ট্যাক্সের বোঝা চাপিয়ে দিচ্ছেন। আর এখানে বড় বড় কথা বলেছেন। অনলি ডিউ টু মেজরিটি ইউ হ্যাভ, আপনাদের কথা সবাইকে মেনে নিতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি দয়া করে উত্তর দেবেন, সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে যারা চাকরি পেয়েছে তাদের মধ্যে শতকরা কত ভাগ আপনার এবং উত্তর ২৪-পরগনা জেলার একজন মন্ত্রীর কেন্দ্রের মানুষ? আমি জানি তাদের মধ্যে শতকরা ৮০ থেকে ৯০ ভাগ মানুষই হচ্ছে আপনাদের দু'জনের কেন্দ্রের। যে সমস্ত আপনার নিজের লোকেরা আপনাকে ইলেকশনে নানা রকম অসৎ উপায় অবলম্বন করে জিতিয়ে এনেছে তাদের চাকরি দেবার জন্য আপনি ব্যাপক মানুষের ঘাড়ে ট্যাক্সের বোঝা চাপিয়ে দিচ্ছেন। এখানেই আমাদের ঘোরতর আপত্তি। সুতরাং আমি পুনরায় এই বিলের ওপর আমার আপত্তি এবং প্রতিবাদ জানিয়ে, আমাদের দাবি পেশ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে বিল এনেছেন তাকে আমি আন্তরিক ভাবে সমর্থন করছি। আজকে এখানে মান্নান সাহেব এবং শোভনদেব বাবু বললেন, ১০ বছরের ট্যাক্স এক সঙ্গে নেওয়া হচ্ছে, লোকে এতে আপত্তি [illegible]রবে। শোভনদেববাবু সঙ্গে সঙ্গে বললেন, ওখানে দুর্নীতি হয়, লোকে অসুবিধা বোধ করে। [illegible]হলে তো একটু ভালই হচ্ছে, ১৫ বছরের জন্য আর মানুষকে দুর্নীতির জায়গায় যেতে [illegible]র না। শোভনদেব বাবু কি এটা বুঝতে পারলেন না? যাদের মোটর সাইকেল এবং স্কুটার [illegible]ছে তাদের সঙ্গে আমি কথা বলে দেখেছি, তারা এটাকে ওয়েলকাম করছেন, আশীর্বাদ [illegible]রছেন। কেন? না দূর দূরান্ত থেকে জেলা শহরে প্রতি বছর গিয়ে লাইসেন্স করার ব্যাপারটা [illegible]দের কাছে খুবই কষ্টের। সেটা ১৫ বছর তাদের ভোগ করতে হবে না। একবার দিয়ে [illegible]লে বলতে গেলে সারা জীবনই আর তাদের এই অসুবিধা ভোগ করতে হবে না। যে মানুষ [illegible] হাজার টাকা, ২০ হাজার টাকা দিয়ে গাড়ি কিনতে পারে, তার পক্ষে একবার ৮০০ [illegible] ট্যাক্স দিতে খুব একটা অসুবিধা হয় না। সে সেটাও দিতে পারে। সুতরাং এটা কোনও [illegible]য় হচ্ছে না। আমি অনেক লোকের সঙ্গে কথা বলেছি, তারা এটাকে ওয়েলকাম করেছে। [illegible]র আমি এই প্রসঙ্গে পরিবহনমন্ত্রী মহাশয়কে বলব যে, তিনি প্রেস কনফারেন্স করে অন্য [illegible]জ্যের সঙ্গে আমাদের রাজ্যের এ ক্ষেত্রের ডিফারেন্সটা বলে দিন। তাহলে সকলের চোখ [illegible]ল যাবে। অন্য রাজ্যের কথা যেহেতু এখানে রাখা যায় না, সেহেতু ঐ কাজ করুন। তবে [illegible]টা কথা আমি মাননীয় মন্ত্রীকে বিবেচনা করতে বলছি, রেড ক্রস, সেন্ট জন'স অ্যাম্বুলেন্স, [illegible]কৃষ্ণ মিশন প্রভৃতি সংস্থা, যাঁরা বিনা পয়সায় অ্যাম্বুলেন্সে করে বা তাঁদের গাড়িতে করে [illegible]দের নিয়ে যান বা এই জাতীয় কাজ করেন তাদের এই ট্যাক্স-এর আওতার বাইরে [illegible]ন। তাদের কথা একটু বিবেচনা করে দেখুন। আর একটা কথা আমি বলতে চাই, সেটা [illegible] মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এখানে ট্রাক্টরকে বাদ দিয়েছেন ফর এগ্রিকালচার পারপাস। [illegible] ট্রাক্টর তো গরিব লোকেদের নেই, জয়নাল সাহেবের মতো লোকেদের আছে। আপনি [illegible]কালচার পারপাস বলছেন, কিন্তু আমি গ্রামের মানুষ, গ্রামে দেখছি শুধু এগ্রিকালচার

পারপাসেই ট্রাক্টর ইউজ হচ্ছে না। অন্যান্য ব্যবসার কাজে তাকে লাগানো হচ্ছে এবং ভা খাটানো হচ্ছে। সব চেয়ে বড় কথা এগুলো রাস্তা খারাপ করে দিচ্ছে। ট্রাক্টরের জন্য আজ পঞ্চায়েত বিপন্ন। সুতরাং এখানে আপনি ট্রাক্টর ফর এগ্রিকালচার পারপাস বলুন, তা আমাদের আপত্তি নেই। কিন্তু যখন ট্রেলর লাগিয়ে ভাড়া গাড়ি হিসাবে তাকে ব্যবহার ক হচ্ছে তখন কেন ট্যাক্স দেবে না? তখন ট্যাক্স দিতে হবে। আপনি একটা আইন করে দি যে, ট্রাক্টরের সামনে লেখা থাকবে ফর এগ্রিকালচার পারপাস অনলি বা ফর টি গার্ডে অনলি। তাহলে পুলিশের ধরতে সুবিধাও হবে।

[3-20 – 3-30 P.M.]

আর একটি কথা বলছি, যদিও প্রাসঙ্গিক হবে না, ট্যাক্স বেড়েছে, বাড়ুক, কিন্তু আই বইটা বাংলায় তৈরি করলে ভাল হয়। কারণ কনস্টেবল থেকে আরম্ভ করে সবাই খাওয়ার চেষ্টা করেন। সেইদিক থেকে আইনের বইটা বাংলায় করে আপনি গরিব গাড়িওলা বাঁচান। আমি এই ব্যাপারে জিজ্ঞাসা করেছিলাম। ওঁরা বলেছেন, সর্বোচ্চ একজিকিউ পাওয়ার আছে রাস্তায় গাড়িওয়ালাদের ধরতে পারি। তাই বলছি, বাংলায় বই করে দিন, মানুষ আপনাকে আর্শীবাদ করবেন। এই জিনিস কংগ্রেস আমলে হয়নি, আপনি যদি ব দেন ওদের উপকার হবে। আর একটি কথা এই প্রসঙ্গে নিবেদন করে রাখি, কলকা ট্যাক্সি এবং গ্রামের ট্যাক্সি সবই এক। এই অ্যাসেম্বলিতে আসার জন্য ট্যাক্সি ডাক ট্যাক্সিওয়ালারা বলে, যাব না, যাব না। সব নিজেদের ইচ্ছামতো হয়ে গেছে। শহরের ট্যা মিটার নেই, যা খুশি তাই চায়। হাসপাতালে যদি কাউকে নিয়ে যেতে হয় তাহলেও পাওয়া যায় না। তারজন্য একটা লিমিটেশনের জন্য আইন করুন। আপনি যে আইন কর তাতে ট্যাক্স কিছুই বাড়েনি। রাস্তা মেরামতির জন্য খরচ অনেক বেড়েছে। সেই তুলনায় ট্যাক্স কিছুই বাড়েনি। এতে কেউ আপত্তি করবে না। কংগ্রেসিরা বলছেন অন্যায় হয়ে আপনাদের কেন্দ্রীয় সরকার অন্যান্য জিনিসপত্রের দাম যেমন, চাল, গম চিনির দাম বাড়িয়ে তাতে কিছু বলছেন না। আর রাস্তা মেরামতির জন্য খরচ বেড়েছে তাতে ওনাদের হচ্ছে। এই কথা বলে এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী যে দুটি আইনের অ্যামেণ্ডমেন্ট এনেছেন দুটি আইন সম্বন্ধে স্ট্যাটুটরী রেজোলিউশনের মাধ্যমে আমাদের মাননীয় সদস্য শ্রী অ মান্নান বিরোধিতা করেছেন, আমরা তার উপর ভোট নিয়েছি। দুটি আইন হয়েছে, হচ্ছে, The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992 দ্বিতীয়টি হচ্ছে, The West Bengal Additional Tax and one time Tax Motor Vehicles (Amendment) Bill, 1992 এখানে বামফ্রন্টের সদস্যদের ব শুনলাম। তাঁরা হোল ব্যাপারটার চালাকি বুঝতে পারেননি, তাহলে whole vocifer সমর্থন করতেন না। আপনাদের মনে আছে, বাজেট বক্তৃতায় এবারে অসীমবাবু করেছেন কত টাকা ওঁরা ট্যাক্স বাড়িয়েছেন। তারমধ্যে একটা বলেছেন It is propos make certain changes in the existing structure of taxes applicable to conditioned vehicles, minibuses, luxury taxis, deluxe and tourist b

tc. Such upward revision will be of the order of 15 percent on an verage. My colleague the Transport Minister will introduce necessary egislation in this regard. These measures are likely to yield revenue to he tune of Rs. 3 crores. ওঁরা বোধ হয় ভেবেছেন, ৩ কোটি টাকার রেভেনিউ এই াড়ির উপর ট্যাক্স হল সেই ৩ কোটি টাকা ট্যাক্স নিচ্ছে। ১৯৯১ সালের নভেম্বর াসে—শ্যামলবাবু বুদ্ধিমান লোক—উনি একটা ট্যাক্স বসিয়েছেন। প্রাক্টিক্যালি প্রত্যেকটি স্টেজে াবল, তিনগুণ করে দিয়েছেন। শোভনবাবু তার উদাহরণ দিয়েছেন। যেখানে ৪৫ টাকা টু-হুইলারে ট্যাক্স ছিল সেটা ১০০ টাকা করে দিয়েছেন। দু-গুণেরও বেশি। এই টু-হুইলার কারা ড়েন? যারা কো-অর্ডিনেশন কমিটি করে, মধ্যবিত্ত লোক, কলকাতার বাসে উঠতে পারে না ্যামলবাবুর দয়ায়, তাঁরা টু-হুইলার চড়েন। তার উপর ট্যাক্স ১০০ টাকা হয়ে গেছে। তার লে দুটো আলাদা ট্যাক্স হল, একটা হচ্ছে নভেম্বরে একটা অর্ডিন্যান্স করে ১০ কোটি টাকা ্যাক্স তুললেন, ওঁরা মোটর ভিহিকেলসে পেয়েছেন কি না আমি জানিনা, আবার এই বাজেটের ময়ে নতুন প্রোপোজাল করে তাতে আরও ৩ কোটি টাকা ট্যাক্স তুলছেন, তার ফলে এক ছরে এক ধাক্কায় ১৩ কোটি টাকা মাননীয় শ্যামলবাবু এই মোটর ভিহিকেলসের উপর ট্যাক্স াড়িয়ে দিয়েছেন। আমি রাস্তা মেরামতের প্রশ্নে আসছি, মাননীয় শ্যামলবাবু বলছেন যে এত াড়ী বেড়ে গেছে, এত ইনফ্রাস্ট্রাকচারের খরচ উনি সামলাতে পারছেন না, মোটর ভিহিকেলসের রচ বেড়ে গিয়েছে, তাঁর কোনও উপায় নেই। আমি একবার দেখাতে চাই যে, সরকার কোন ময়ে হিসাবটা দাখিল করুন, আমি মাননীয় অসীমবাবুর কাছে দাবি করছি যে খাতে উনি ্যাক্স তোলেন সেই খাতে ওঁদের ট্যাক্সের টাকা কতটা খরচ হয় সেটা একটা সিম্পল হিসাব লেই হয়ে যায়। যখন আমি হিসাব চেয়েছিলাম যে, কোল মাইন্স থেকে ২০০ বা ৩০০ কাটি টাকা তুলেছেন, তার কতটা কোল মাইন্স এলাকায় খরচ হয়? মোটর ভিহিকেলস থকে যেটা ট্যাক্স তুলছেন তার কতটা টাকা পি. ডব্লুউ. ডি. ডিপার্টমেন্টকে আপনি দিচ্ছেন? ই যে ১৩ কোটি টাকা আপনি এক বছরে ট্যাক্স বাড়ালেন will it be reflected on ie budget of the P.W.D. এতটা বাড়িয়েছেন, তার ফলে আপনাদের ইনক্রিজিং মাইনে তে চলে যায় এত টাকা দেওয়া হবে নতুন করে, উত্তর হচ্ছে না, ইনক্রিজিংয়ে মাইনের াঝাটার জন্য আস্তে আস্তে ট্যাক্স বাড়িয়েছেন তা অ্যাকচুয়াল ডেভেলপমেন্টের দিকে যাবে না। তরাং মাননীয় শ্যামলবাবু যদি রাস্তা ভাল করার জন্য ১৩ কোটি টাকা এবার পি. ডব্লুউ. . তে দিতেন আমার কিছু বলার ছিল না। কিন্তু ওঁরা সেটা করেন নি। স্যার, আমি একটু াপনাকে বলি যে, তারপর নভেম্বর মাসে ট্যাক্স বাড়াবার পর নভেম্বর মাসের সঙ্গে এই লের কি কিছু তফাৎ আছে? এ বিলের তফাৎ দুটো, একটা হচ্ছে যেটা ওঁরা ভালই রেছেন, ঐ সময়ে যে সমস্ত টু-হুইলার এর ট্যাক্স একসাথে ১০০ টাকা বেড়ে গিয়েছিল, তার ধ্যে শস্তা যেগুলো মপেড বা ৮০ সি. সি.র মোটরবাইক আছে সেগুলোও ছিল। তার সঙ্গে গুলো দামী বাজাজ, কাওয়াসাকি বড় বড় গাড়িগুলি ছিল, এখন ওঁরা ঐ ১০০ সি. সি.র ম যে মোটরবাইক বা টু-হুইলার গুলো সেগুলোর ট্যাক্স কমিয়েছেন, ৮০ টাকা করেছেন কিগুলো রেখে দিয়েছেন, এই একটা ওঁদের মাইনর চেঞ্জ বলা যায়। আর দ্বিতীয় চেঞ্জ কি? তীয় চেঞ্জ হচ্ছে, একই বিলের মধ্যে উনি ইনকরপোরেট করেছেন। বাজেটে যেটা বলা য়েছে, মাননীয় অসীমবাবু বলেছেন যে,

[3-30 – 3-40 P.M.]

Tax on air-conditioned vehicles, omnibuses, luxury taxies এটা ইনকরপোরেট করে দিয়েছেন, তার ফলে এই দুটো বিলই একটা কমপোজিট বিল হয়ে দাঁড়িয়েছে। Incorporated both the ordinances in 1991 also incorporated budgetary proposals and also bringing some amendments. এটা একটা খিচুড়িও বলতে পারেন কমপোজিট প্রোপোজালও বলতে পারেন কিন্তু উদ্দেশ্যটা কোয়াইট ক্লিয়ার। আমার বক্তব্য এখানে এই নয় যে পশ্চিমবঙ্গের ট্যাক্স অন্যান্য জায়গার চেয়ে বেশি। আমি একটা হিসাব সেদিন দেখিয়েছি, যদি মোটরগাড়ি, ভিহিকেল কত আছে হিসাব দেখানো যায়, মোটর গাড়ি ইনডিকেটর হয় তাহলে পশ্চিমবঙ্গের জায়গা হচ্ছে সপ্তম অথবা অষ্টম। ধরুন টোটাল ভিহিকেল আছে ৯ লক্ষ, তার মধ্যে ৫ লক্ষ হচ্ছে কলকাতায়, আর এই জায়গায় মহারাষ্ট্রে হচ্ছে প্রায় ২০ লক্ষ ভিহিকেল, কিন্তু তা সত্ত্বেও ট্যাক্স কালেকশনের একটা গ্র্যাজুঅ্যালিটি থাকা দরকার, সেই গ্র্যাজুঅ্যালিটি রাখা হচ্ছে না। আমাদের এখানে সরকারি প্রশাসনিক ব্যয় সামলাতে সামলাতে ট্যাক্স রেভিনিউটা আনইভনলি বৃদ্ধি পাচ্ছে। আমি একটা হিসাব দিলে বুঝবেন স্যার আপনার গাড়ি আছে, সরকারি গাড়ী ছাড়া অন্য গাড়ি আছে আপনাকে ট্যাক্স দিতে হয়। ১৯৮০-৮১ সালে এই বামফ্রন্ট সরকারের আমলে আমরা মোটর ভিহিকেলসে ট্যাক্স কালেকশন করতাম ১৮ কোটি ৮৯ লক্ষ টাকা, সেটা বেড়ে ৫ বছরে দাঁড়াল দু গুণ, ৩৯ কোটি ৬৯ লক্ষ টাকা, ১৯৮৬-৮৭ তে সেটা বেড়ে এই ৯১ এর বাজেটে দাঁড়াল ৮২ কোটি টাকা। So, four and half times tax increase in a period of 10 years. সাড়ে চার গুণ ট্যাক্স ইনফ্রেশন হয়েছে। এখন যদি অ্যানুয়েল রেট অফ ইনফ্রেশন ধরেন তার increase of tax on a particular situation. কি ৪৫০ পারসেন্ট, তাতে যদি অ্যানুয়েলী ১০ পারসেন্ট ধরেন তাহলে ১০ বছরে ১০০ পারসেন্ট বাড়া উচিত, ১০ বছরে ১৫০ পারসেন্ট বাড়তে পারে কিন্তু পশ্চিমবঙ্গ একটা রাজ্য যেখানে ৪০০ পারসেন্ট জাম্প হচ্ছে এবং এই ট্যাক্স সিচুয়েশনের ফলে আজকে যেটা আপনি জানেন কি না জানিনা গাড়ির উপরে ট্যাক্স একটা উলটো দিকের প্রবলেম হচ্ছে। একেই তো কেন্দ্রীয় সরকার পেট্রোলের উপর ট্যাক্স বসান, একসাইজ ডিউটি বাড়িয়েছেন রাজ্য সরকার গাড়ির উপর বাড়িয়েছেন, গাড়ির উপর সেন্ট্রাল একসাইজ বসেছে অ্যাজ এ রেজাল্ট অফ হুইচ গাড়ি এখন বিক্রি হচ্ছে না, আপনি নিশ্চয়ই জানেন যে হিন্দুস্থান মোটরস একটা চূড়ান্ত সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে। নিশ্চয়ই রাজ্য সরকারকে কোনও না কোনও জায়গা থেকে ট্যাক্স সংগ্রহ করতে হবে, আমরা বলি, কিন্তু পুরো সংগ্রহের মধ্যে একটা কোথাও ব্যালেন্স থাকা দরকার এবং সেই ব্যালেন্সটা আমাদের এখানে অ্যাটেণ্ড হচ্ছে না। এই ব্যালেন্স না থাকলে কি হবে আমি ক্লিয়ারলি সেটাও আপনাকে বলতে চাই। মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন অন্য রাজ্য কর্ণাটক মহারাষ্ট্র, দিল্লির এখানকার তুলনায় অনেক ট্যাক্স বেশি, কিন্তু উল্টো দিকে দেখুন আসাম নাগাল্যাণ্ডে আমাদের তুলনায় কম। তাহলে এবার কি করব, আমরা যদি গাড়ি কিনতে চাই তাহলে প্রথমে নাগাল্যাণ্ডে গিয়ে একটা গাড়ি কিনব, ট্যাক্স কম থাকে, আমি যদি গাড়ি কিনতে চাই তাহলে আসামে কিনে গাড়ি রেজিষ্ট্রি করার, ট্যাক্স কম লাগবে। এত ডিফারেনসিয়াল হলে দুটো রাজ্যে প্রবলেম হবে আপনি যদি একটু স্টাডি করেন দেখবেন অনেকেই পশ্চিমবঙ্গে

বাইরে থাকেন অলরেডি তারা আসাম বা নাগাল্যাণ্ডে গিয়ে গাড়ি কিনছেন। এই রকম ঘটনা আসছে, তাতে নেট কালেকশনটা আলটিমেটলি কমে যাবে। এই সমস্যাটা থেকে যাবে। তৃতীয়ত আপনি জানেন এটা আগে আমি যখন মাননীয় অসীমবাবুকে বলেছিলাম যে হুইসকির ট্যাক্স বাড়ালেন কেন? তাতে উনি বলেছিলেন হুইসকির উপর ট্যাক্স খুব বেশি ডিফারেনসিয়েল নয়। ওটার উপর আমি ট্যাক্স বসাইনি কারণ লোকে বিহার থেকে হুইসকি কেনে, এখানে নিয়ে আসে। অসুবিধা হবে, এখনও সেই দাঁড়াবে। আসাম বা নাগাল্যাণ্ডে গাড়ি কিনে এখানে নিয়ে আসবে, তাতে একটা সমস্যা দেখা দেবে। তাহলে আজকে পশ্চিমবঙ্গে এই ট্যাক্সকালেকশনে যে সিস্টেম চালু করেছেন, কলকাতা বা হাওড়াতে লাইট কমপিউটারে ট্যাক্স কালেকশন করে। আমি একদিন গিয়েছিলাম মোটর ভিহিকেলস ট্যাক্স কালেকশন দেখতে, আমি দেখেছি যে, ট্যাক্স কালেকশন কিছুটা হয়েছে। কালেকশনটা সুবিধা, তাদের লোক র‍্যাশনালাইজ করতে পারে তাহলে সেখানে একবারে ট্যাক্স কালেকশন হয়ে যাবে পুরোপুরি এবং তার ফলে ওখানে সেল ট্যাক্সের মতো মালটি প্লেস ট্যাক্স নয়, একটা জায়গায় পুরো ট্যাক্স কালেকসান হয়ে যাচ্ছে একটা জায়গায়। স্টেট কিটিতে জমা পড়েছে এটা। কালেকশন করা অনেক অসুবিধাজনক। আমার মনে হয় এখন র‍্যাশনালাইজ করা আছে, এখানে একটা ফিগার দেখছিলাম কোম্পানি রেজিস্টার্ড ভিহিকেলস এবং ইনডিভিজুয়াল ভিহিকেলস আছে কি রকম ডিফারেন্স হচ্ছে যে মোটর কারে একটা বড় মারুতি গাড়ি Rs. 300/- for unladen weight from 50 to 800 Kilogram. মারুতিটা এই কোম্পানিতে পড়ে এটা যদি কোম্পানির নামে থাকে আর সেটাই যদি কোম্পানির হয়ে যায় Rs. 900/- for unladen weight from 501 to 800 Kilograms. এর ফলে কি হবে, যদি আপনার ৪০০ কিলোগ্রাম হয় এত ডিফারেনসিয়েল হলেই, ট্যাক্স ডিফারেনসিয়েল হলে সেখানে একটা ফাঁকি দেওয়ার প্রবণতা আছে। People chose the easy route. আপনার কোম্পানির নামে আর কেউ গাড়ি রেজিস্টার করতে পারে, কিনতে পারে, কোম্পানি যেখানে গাড়ি কিনবে সেটা ইণ্ডিভিজুয়াল অফিশারের নামে রেজিস্টার করিয়ে দেবে। স্যার, আমরা কোম্পানির খবর রাখি। কোন কোম্পানি প্রথমে ইনসিওরেন্স বেশি, কোম্পানির নামে হলে তার উপর ট্যাক্স বেশি, কোম্পানিরা নিজের নামে গাড়ি কিনছে না, পুরো গাড়ি ওরা প্রাইভেট, যারা ওখানে কাজ করে ডিরেক্টর, ম্যানেজার ইত্যাদি তাদের নামে কিনছে, এই ইর‍্যাশনেলিটি সরানো দরকার। এক হচ্ছে পশ্চিমবঙ্গের স্বার্থে অন্য নেবারিং স্টেটের ডিফারেনসিয়েল খুব বেশি হওয়া উচিত নয়, দুই হচ্ছে পশ্চিমবঙ্গের মধ্যে এক ধরনের ভিহিকলে দুটো ওনারশিপ, ট্যাক্স ডিফারেনসিয়েল যদি বেশি হয় সেখানে আর একটা দুর্নীতির স্কোপ থাকবে ট্যাক্স ফাঁকি দেবার সুবিধা থাকবে এর ফলে সিরিয়াসলি ট্যাক্স কালেকশন কমে যাবে। স্যার, আমি আপনাকে আগেই বলেছিলাম যেখানে আমাদের এই ট্যাক্স কালেকশন করছি, আমরা আর একটা নূতন সিস্টেম এখানে ইনট্রোডিউস করা হয়েছে, অন্যান্য রাজ্যে এটা আগেই ইনট্রোডিউস করা হয়েছিল ১৫ বছরের জন্য ট্যাক্স একসাথে নেওয়া হচ্ছে এবং তাতে একটা শিডিউল দেওয়া হচ্ছে। কত করে ট্যাক্স দেওয়া হবে সেটা বলা হয়েছে, কিছুটা ১৫ বছরের জন্য দেবার সুবিধা দেওয়া হয়েছে। আবার সেটা কত রিফাণ্ড দেওয়া হবে তা বলে দেওয়া হয়েছে there is nothing wrong in this ১৫ বছরের জন্য ট্যাক্স কালেকশন সেটাও অন্য রাজ্যে করা হয়, তাহলে আমি বলি এটা যদি করেন তাহলে আপনার এই ট্যাক্স কালেকশন মেসিনারীটা যাতে

সরকারি অফিশাররা কাজ করে তাদের কাজ চলে যাবার যদি ভয় না থাকে তাহলে আপনি গাড়ির জন্য ফোর হুইলের জন্য এটা চালু করুন। আপনারা কমপিউটার চালু করেছেন। আপনার সমস্যা তখনও থাকবে। যেমন মোটর ভিহিকেলস-এর লোকগুলিকে দিয়ে কি কাজ করাবেন? আপনার মোটর ভিহিকেলসে একটা ইলাবোরেট মেকানিজম আছে। সেখানে ট্যাক্স কালেকশন হয়, সেখানে গাড়ির সার্টিফিকেট অব ফিটনেস হয়, সেখানে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হয়, সেখানে অন্যান্য কাজও আছে। আপনার মোটর ভিহিকেলগুলিতে ট্যাক্স কালেকশনে কিছুটা কারাপশন কমেছে। কিন্তু লাইসেন্স দেওয়া, সার্টিফিকেট অব ফিটনেস দেওয়া এবং অন্যান্য ক্ষেত্রে মোটর ভিহিকেলসের পারফরম্যান্সে কারাপশন কমেনি। আপনার এইম হচ্ছে এখন নূতন যে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হচ্ছে সেটা কমপিউটারাইজড কার্ডের মাধ্যমে দেওয়া। কিন্তু প্রসেসটা একই থেকে যাচ্ছে। ড্রাইভিং স্কুল থেকে এসে বার্থও করে মোটর ভিহিকেলসে জমা দিয়ে যায়। ড্রাইভিং স্কুলের সঙ্গে এদের পার লাইসেন্স একটা অ্যারেঞ্জমেন্ট থাকে এবং সেই ভাবে পুরো ব্যাপারটা চলছে। মোটর ভিহিকেলসের এই জায়গায় মন্ত্রী মহাশয় কোনও চেঞ্জ আনতে পারেন নি। আর একটা কথা এখানে সংক্ষেপে বলতে চাই। এই যে ইর‍্যাশন্যাল ইনক্রিজ ইন ট্যাক্স স্ট্রাকচার, এটা ছাড়াও আর একটা নূতন ব্যাপার দেখা যাচ্ছে যে আমাদের স্টেট ট্রাসপোর্টে লোড নিতে পারছেনা। আমরা কলকাতায় আসব, দুই রকম জিনিস আমরা অ্যাডপ্ট করছি। বাসে লোক উঠতে পারছে না। মেট্রো রেলে এখন স্পেস রেখে দেয়, দোজ হু ক্যান অ্যাফোর্ড, তারা হয় অফিশ থেকে বাড়ি যায় নিজেদের টু হুইলার করে, তা নাহলে বাড়ি যায় ডালহাউসি থেকে চৌহান, আগরওয়াল ইত্যাদি বাসে করে। এমন কি বিভিন্ন পাড়া থেকে কিছু ফিকস বাস অফিশ পাড়ায় যায়, সেই সব বাসে তারা বাড়ি ফেরে। এখন আপনি সেই জায়গাটা ধরেছেন। বাসে চড়া যাবেনা, একটু বেশি পয়সা দিয়ে রিলিফ পাবার জন্য তারা ব্যবস্থা করলো, সেখানে আবার আপনি একস্ট্রা ট্যাক্স ১৫ পারসেন্ট বসিয়ে দিলেন। এই যে ট্যাক্স, এটা এবারে আবার প্যাসেঞ্জার ট্রান্সপোর্টের উপরে বসানো হচ্ছে। এটাও আবার ইনফ্রেশনারি ট্যাক্স ৫ টনের উপরে হবে। বাস মালিকরা ভাড়া বাড়ানোর জন্য আবার দাবি করবে, দু' একটা আন্দোলন হবার পরে শ্যামলবাবু সেটা চালু করে দেবেন। আজকে পশ্চিমবঙ্গে বড় প্রবলেম হচ্ছে রাস্তাগুলি নিয়ে। সারা ভারতবর্ষের রাস্তাগুলি ঘুরে দেখলে এটা নিশ্চিত ভাবে বলা যায় যে একমাত্র বিহার ছাড়া পশ্চিমবঙ্গের মতো খারাপ কন্ডিশন আর কোথাও নেই। তার মধ্যে কলকাতার রোড কন্ডিশন বেশি খারাপ। কলকাতায় একটা প্রবলেম আছে। কলকাতার টোটাল রোড এরিয়ার মাত্র ৬ পারসেন্ট হচ্ছে রোড। তার ফলে এখানে কনজেস্টেড হয়। বোম্বে ১৫ পারসেন্ট, দিল্লি ২০ পারসেন্ট, আর এখানে টোটাল এরিয়ার ৬ পারসেন্ট রোড, তার ফলে এখানে কনজেস্টেড। তারপরে আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে মেনটেন্যান্স আরও খারাপ এবং কলকাতার অবস্থা সব চেয়ে খারাপ। ন্যাশনাল হাইওয়ের জন্য সেন্টার টাকা দেয় বলে কিছুটা রিপেয়ার হয়। কিন্তু স্টেট হাইওয়ের অনেক জায়গায় রাস্তাই নেই। লোকেরা দিনের পর দিন বেশি ট্যাক্স দিচ্ছে কিন্তু কোনও জায়গায় রাস্তার ন্যুনতম মেনটেন্যান্স হয় বলে আমাদের চোখে পড়েনি। বর্ষার সময়ে অধিকাংশ এলাকায় যাওয়া অসম্ভব হয়ে পড়ে। স্যার, আপনি নিশ্চয়ই জানেন, বাঁকুড়াতেও এই প্রবলেম আছে। এক একটা রুটে বাস প্রায় বন্ধ হয়ে যায়। বাগনান থেকে শ্যামপুর বাস বন্ধ হয়ে গেল ৭ ফুট রাস্তা ভাঙ্গা বলে। মানুষ যাতায়াত করতে পারেনা,

াদের রিলিফ দিতে হবে তো? আর একটা কথা হচ্ছে, ওভার অল প্যাসেঞ্জার বাস, গুডস স যেগুলি হাউওয়েতে চলে সেগুলি সম্পর্কে কি সিকিউরিটি গভর্নমেন্ট দিয়েছেন? এভরি ; বাসে ডাকাতি হচ্ছে। এখানে মিনতি ঘোষ আছেন, বামফ্রন্টের সদস্যা, তিনি North engal State Transportsএ আসছিলেন, তার হাত থেকে ছিনতাই হয়ে গেল। আপনি স্তায় মিনিমাম সিকিউরিটি দিতে পারছেন না, আপনি বলছেন যে ট্যাক্স দিন। এই যে রাস্তা য়ে গাড়ি চলে, আপনি দেখেছেন যে এর জন্য গভর্নমেন্টের কোনও ইনিসিয়েটিভ আছে? রা প্যাসেঞ্জার বাস চালায়, গুডস ভিহিকেলস চালায় তাদের জন্য কোথাও রেস্টিং শেড াছে? কোথাও কোনও স্টেট ফেসিলিটি আছে হাই ওয়েতে, আপনি দেখেছেন? কোথাও ছু নেই। যেটুকু করেছে প্রাইভেট সেক্টরের লোকেরা বা অন্য লোকেরা, সেটাই রেস্টিং শেড, টাই গাড়ি রিপেয়ারিংয়ের জায়গা, সেটাই সব কিছু। সরকারকে গাড়ি চালাতে হলে তার নফ্রাস্ট্রাকচারের ব্যবস্থা করতে হবে। ট্যাক্স সরকারে থাকলে বাড়ায়। শ্যামলবাবু এখানে াকলে এটার বিরোধিতা করতেন, আমরা আছি, আমরাও বিরোধিতা করছি।

[3-40 – 3-50 P.M.]

তার কারণ চাপ জনগণের উপর এসে পড়ে। যদি আড়াই গুণ ট্যাক্স বেড়ে যায় ট্ ্লারের ক্ষেত্রে আমরা এর তীব্র প্রতিবাদ করছি। যেখানে ট্যাক্স নেওয়া দরকার সেখানে চ্ছেন না। গ্রাম এলাকায় দেখবেন লোকেরা প্রাইভেট গাড়ি ব্যবহার করছে। সেখানে কার, rivate car are being used as passenger vehicles. গ্রামে বেশি পয়সা দিয়ে ওই মস্ত প্রাইভেট কারগুলি ট্যাক্সির মতো ব্যবহার করছে। এই ব্যাপারে কোনও কনট্রোল নেই, ফস্বল জেলাগুলিতে কোথাও নেই। গ্রামে অ্যাম্বুলেন্স পাওয়া যায় না, প্রাইভেট গাড়ি গুলি সপাতালে নিয়ে যায় ট্যাক্সির মতো ভাড়া করে। ২০০ টাকা দিয়ে বাঁকুড়ার সদর হাসপাতালে াঁছে দেবে এই রকম কন্ট্রাক্ট হয়। এখানে ট্যাক্স ইমপোজ করার কোনও ব্যবস্থা নেই। জলাগুলিতে এখনও পর্যন্ত এই জিনিস করা হয়নি। এই ব্যাপারে কোনওরকম সার্ভে করার বস্থা করা হয়নি। আমি যে কথা বলতে চাই তা হল যখন ট্যাক্স বসানো হচ্ছে তার নিময়ে মানুষকে এক্সট্রা কি দেবেন সেটা বলে দিন শ্যামলবাবু। ১৩ কোটি টাকা এক্সট্রা টির ভিহিকেল থেকে আদায় করছেন, ১০ বছরে আপনারা ৪ গুণ ট্যাক্স বাড়িয়েছেন তাতে নগণকে কি সুবিধা দিয়েছেন সেটা বলুন। মোটর ভিহিকেলে কোরাপশন কমানোর কি ব্যবস্থা য়েছেন, রাস্তার কি উন্নতি করেছেন ড্রাইভার্স অ্যাণ্ড আদার পিপল প্লেইং অন দি হাইওয়েজ দের জন্য কি ব্যবস্থা করেছেন, তাদের সিকিউরিটির ব্যাপারে কি ব্যবস্থা করছেন আপনার ক্সের দাবি করার আগে আপনার জবাব জনগণের কাছে দিতে হবে। আমি এই বিলের রোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় পরিবহন মন্ত্রী যে e West Bengal Additional Tax and one-time Tax on Motor Vehicles mendment) Bill, 1992. যে দুটি বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় াধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাদের রাজ্যে রাস্তা-ঘাটের যে অবস্থা হয়েছে তাতে যান- ন বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। গাড়িগুলি দীর্ঘ দিন সচল থাকতে পারছে না। এই রাস্তা মেরামত ত্যন্ত জরুরি। এই রাস্তা-ঘাট যে খারাপ হচ্ছে তার মূল কারণ হল অনিয়ন্ত্রিত যান-বাহন

চলাচলের জন্য। আপনি জানেন যে আমাদের রাস্তা যে স্পেশিফিকেশনে তৈরি, যে রাস্তা ৮ ৯ টন মাল বহন করতে পারবে সেই রাস্তা দিয়ে ১০ টন ১২ টন ১৮ টন ২০ টন পর্যন্ত মাল বাহী ট্রাক চলাচল করছে। ফলে রাস্তা দ্রুত খারাপ হয়ে যাচ্ছে। এইগুলি মেরামত করতে গেলে অতিরিক্ত সহায়-সম্পদ নিশ্চয়ই বার করতে হবে। যার জন্য আজকে এই প্রস্তাব করা হয়েছে যাতে বাড়তি রেভিনিউ আসে। এই ক্ষেত্রে টু হুইলারের ক্ষেত্রে মন্ত্রী মহাশয় যে ব্যবস্থা করেছেন ওয়ান-টাইম ট্যাক্স তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই ট্যাক্স যখন ইনট্রোডিউস হয় তার আগে আমি প্রথম মন্ত্রী মহাশয়কে এটা বলেছিলাম যে যারা বছর বছর এই আর. টি. এ. অফিসে ট্যাক্স জমা দিতে যায় তাদের কি বিড়ম্বনা তার সাক্ষাৎ অভিজ্ঞতা আছে, সেখানে হয়রানি এখনও কমানো যায় নি। যারা এক সঙ্গে ট্যাক্স দিতে পারে বেশ কিছু বছরের সেই ব্যবস্থা করতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে ছিলাম। মন্ত্রী মহাশয় সেটা করেছেন। উনি যেটা করেছেন ১৫ বছরের জন্য এই ব্যাপারে আমার কিছু বক্তব্য আছে। যাদের লাইট মোটর সাইকেল আছে, যেমন লুনা, মপেড এইগুলি ১৫ বছর টেকে না, থাকলেও এক হাতে থাকে না, সেইজন্য আমি বলতে চাই ১০ বছর থেকে ১৫ বছর অ্যাট দি অপশন অফ দি ওনার্স এটা করলে ভাল হয়। এটা করা যায় কিনা মন্ত্রী মহাশয় দেখবেন। এখন যেটা করতে চেয়েছেন এক্সপায়ারী অফ দ্যাট পিরিয়ড ১৫ বছরের জন্য তারপর অ্যানুয়াল ট্যাক্সের কথা বলেছেন। ওয়ান টাইম ট্যাক্সের কথা বলেছেন। এটা কি করে হচ্ছে? এটা যদি বলা হত ফার্স্ট টাইম ট্যাক্স তাহলে এটা সার্থক হত। সেইজন্য বলতে চাই ওয়ান টাইম ট্যাক্সের জায়গায় ফার্স্ট টাইম ট্যাক্স বলুন। মাননীয় মন্ত্রী মহাশয় এ বিবেচনা করবেন। আর একটা ব্যাপার আমার চোখে লাগছে, আমার বোঝার ভুল হয়ে কিনা বলবেন। দি ওয়েস্ট বেঙ্গল অ্যাডিশনাল ট্যাক্স অ্যাণ্ড ওয়ান টাইম ট্যাক্স, এই বিলে চার পাতায় যেটা আছে, Section 2(a)—All omnibuses plying under permanent inter-State permits, stage carriage or contract carriage or under tourist permit or under temporary stage carriage inter-State permit in specific routes, and plying in West Bengal in respect of which permits have been issued by the Regional Transport Authority of a State, other than the State of West Bengal. তাদের ক্ষেত্রে যে চার্জ করেছেন Rs. 2000 per seat per annum. এটা কি ৫০ সিটের বাসের ক্ষেত্রে ১ লক্ষ টাকা করে পার ট্রিপ হবে? এটা ভুল আছে কিনা বুঝতে পারছি না। এটা পার ট্রিপ হবে কিনা জানি না? ঠিক তারপরে আর একটা জায়গায় আপনি দেখুন Clause 8(b) All omnibuses plying under inter-State permits-temporary permit or special permit and entering West Bengal for casual trips in respect of which permits have been issued by the Regional Transport Authority or the State Transport Authority of a State, other than the State of West Bengal. এখানে করেছেন Rs. 30 per seat for every entry of the omnibus into the State of West Bengal. এটা আমি জানিনা অন্য রাজ্যে কি রেট আছে, না আছে। এতে ট্যাকসেশনটা হেভি হয়ে যাবে কারণ আপনি জানেন, অন্যান্য রাজ্যের অধিবাসীদের অপেক্ষা আমাদের রাজ্যের অধিবাসীরা বেশি ভ্রমণ পিপাসু। এখানে পার সিট ৩০ টাকা করে দিতে অন্য রাজ্যে কোনও ক্যাজুয়াল অকেশনে যদি আমাদের যেতে হয় তাহলে সেখানে এক হাজার টাকা দিতে হবে। আমাদের

প্রায়ই তো এই রকম যেতে হয়, জাতীয় ভিত্তিতে নানা কাজে যেতে হয়। বেড়াবার জন্য অনেককে যেতে হয়। কাজেই এটা প্রযোজ্য করার ক্ষেত্রে দেড় হাজার টাকা টুরিস্টদের লেগে যাচ্ছে। মন্ত্রী মহাশয় এটা করেছেন। ওড়িষ্যাতে প্রায় এই রকম ট্যাক্স আছে। এখান থেকে যাঁরা পুরীতে যান তাঁদের বাড়তি টাকাটা দিতে হয়। এইক্ষেত্রে আমাদের মনে হয় যে, গভর্নমেন্ট অব ইণ্ডিয়াকে এই রকম কোনও সাজেশন রাখা যায় কিনা যে, যাঁরা এক রাজ্যের রেজিস্ট্রেশন নিয়ে অন্য রাজ্যে যাবেন তাঁদের ক্ষেত্রে ম্যাকসিমাম রেন্ট কি হবে সেটার ব্যাপারে তাঁরা একটা লিমিট ঠিক করে দিন। তার কারণ, এই ধরনের প্রতিযোগিতা ঠিক হবে না। এরজন্য পশ্চিমবাংলার অধিবাসীদের বেশি করে টাকা গুনতে হবে। যেহেতু আমরা বেশি করে ভ্রমণ করতে যাই। সেইহেতু স্পেশ্যাল বাস এবং টুরিস্ট বাসের উপরে মাননীয় মন্ত্রী মহোদয় যে দুটি বিল এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, অধিকাংশই বলা হয়ে গেছে। আমি শুধু একটু ক্রিটিসাইস করতে চাই। এরা রেলের ফেয়ার যখন বাড়ে তখন রেলওয়ে লাইনে বসে যায়, ভাঙচুর করে। আর এখানে যেটা করছেন, ট্যাক্স বাই অর্ডিনান্স ইজ ভেরি ভেরি ব্যাড নর্ম। এটা পরস্পরের কন্ট্রাডিকশন। দ্বিতীয় কথা, কালকে মুখ্যমন্ত্রী মহোদয় বললেন, এখন অনেক সমস্যা এসে গেছে—সেসেসনিস্ট, ফিসিপ্যারাস টেণ্ডেন্সী, এইসব নানা কিছু এসে গেছে। এখানে অবজেক্টস অ্যাণ্ড রিজনসে যা দিয়েছেন, সেটা কালকে মুখ্যমন্ত্রী যে মনোভাব এবং ঐক্যের পরিচয় দিয়েছেন তার পরিপন্থী বলে মনে হয়। অন্য রাজ্যের গাড়ি ট্যাক্স দেয় না। আমাদের গাড়িও অন্য রাজ্যে ট্যাক্স দেয় না। এটা বোধ হয় ন্যাশানাল ইন্টিগ্রেশন এর পক্ষে অন্তরায় হয়ে যায়। মূল কথা, আমরা একটা প্রতিশ্রুতি চাইছি—এই যে মানুষ ট্যাক্স দেবে, এর বদলে মানুষ কি পাবে? কনসিডারেশন কি হবে এর বদলে?

[3-50 – 4-00 P.M.]

আজকে মন্ত্রী যে কথাটি খুব গর্বের সঙ্গে বলেছেন কিন্তু আমি তার উত্তরে বলছি, এটা বলা যায় না। কখন কি ঘটে কখন কি হবে কেউ জানে না। শ্যামল বাবু মুজিব কি জানত য় বাংলাদেশ তাদের হয়ে যাবে? তিনি শুধু চেয়েছিলেন সংখ্যাগরিষ্ঠতাব মন্ত্রিত্ব, কিন্তু সেখানে দেখা গেল যে দেশ স্বাধীন হয়ে গেল। সুতরাং যুক্তি যদি না থাকলে তো পশুপাল মানুষ হয়ে যেতে পারত। সুতরাং আপনাকে অনুরোধ করছি আপনার অন্তত এই বিষয়ে একটু কন্ট্রোল থাকার দরকার আছে। ডিজেল ট্যাক্সি যেগুলো মফস্বলে চলাচল করে সেগুলোর ক্ষেত্রে আপনি কোনওরকম রেট ফিক্স করে দেন নি। ওইসব ট্যাক্সিগুলো কলকাতা আসতে গেলে যা খুশি তাই রেট চেয়ে বসে। এই ব্যাপারটা আপনার একটু স্টান্ডারাইজ করার দরকার আছে। আমাদের ওখান থেকে কলকাতা আসতে গেলে ৯০০ টাকা মতো লেগে যায় এবং একটু দরাদরি করলে পরে বড় জোর ৫০ টাকা মাত্র কমায়। এই কমিয়ে লাভ কি? ধরুন হঠাৎ করে কোনও রোগীকে কলকাতা আনার দরকার হয়ে পড়ল, সেক্ষেত্রে ওইসব ট্যাক্সিতে আসতে গেলে খুব কম করে ৫০০-৬০০ টাকা না দিলে হয় না। এতে যে সামান্য কমানো হয় তাতে কি উপকার হবে আমার জানা নেই। এক্ষেত্রে যে সামান্য কমানো হয় তাতে কি উপকার হবে আমার জানা নেই। তারপরে আপনার যে অফিশগুলো আছে তাতে

ভয়ঙ্কর বিড়ম্বনা পেতে হয় যাত্রী সাধারণকে এবং মানুষগুলোকে তারা প্রচুর হ্যারাস করেন। এবং এক্ষেত্রে প্রচুর পরিমাণে তদ্বির করতে হয়। অফিশাররা যাঁরা আছেন তারা তো ভাল টাকা পান, এইরকম ব্যবহার করেন কেন সেইদিকটা একটু আপনাকে দেখতে হবে। আরেকটি বিষয় আমি আপনাকে বলব সেটা হচ্ছে যে, বাঙালি ড্রাইভারের সংখ্যা ক্রমশ কমে আসছে, এই বিষয়ে একটু আপনার ভাবনা-চিন্তার দরকার আছে। কিভাবে তাদের মনিটারিং করবেন সেইদিকটা আপনাকে চিন্তা-ভাবনা করতে হবে এবং একটা ট্রেনিং চালু করার ব্যবস্থা করতে হবে। সেসুর মাধ্যমে মোটর ট্রেনিং ধরনের শিক্ষার ব্যবস্থা চালু করতে পারা যায় কিনা সেইদিকটা আপনাকে চিন্তা-ভাবনা করতে হবে। তাছাড়া আপনি তো কিছু রানিং রিপেয়ারের ব্যবস্থা করতে পারেন। তারপরে সুভাষ গোস্বামী মহাশয় যে কথা বলেছেন আমি তার সঙ্গে একমত যে বাঙালিরা খুব ভ্রমণ পিপাসু, ছুটি পেলেই বেড়িয়ে পড়েন। সুতরাং বাঙালিরা যাতে বাসে করে ভ্রমণ করতে পারেন সেইদিকটা আপনাকে দেখতে হবে এবং সেক্ষেত্রে দল বেঁধে বাসে করে যেতে গেলে রাত ১২টার আগে পর্যন্ত ১২০০ টাকা মতো লাগে কিন্তু রাত ১২টার পরে দূর পাল্লার বাসে করে কোথাও যেতে গেলে ৩১০০ টাকা মতো লেগে যায়। এই জিনিসটা ঠিক নয়, এই যে দিনে এবং রাতে বাসের ভাড়ার আকাশ পার্থক্য থাকছে এই জিনিসটা আপনাকে দেখতে হবে। আপনি একটা স্টান্ডারাইজেশনের ব্যবস্থা করুন। এবং এই জিনিষটা যদি বন্ধ না হয় তাহলে সকলে দল বেঁধে বাসে করে ভ্রমণের সুবিধা থেকে বঞ্চিত হবেন। তারপরে আপনি রেশনালাইজেশন করবেন না অথচ ট্যাক্স বাড়াবেন এটা কি জিনিস বুঝতে পারলাম না। আজকেই তো আমাদের খুব ঘুরে আসতে হয়েছে, কি একটা কারণে রাস্তা বন্ধ থাকবার জন্য আমাদের অন্য রাস্তা দিয়ে খিদিরপুর ঘুরে আসতে হল। আপনি তো অন্তত মেনটেনেন্স অফ রোডস এর ব্যাপারে কিছু একটা দেখবেন। আপনি তো প্রায়ই জাপান টাপানের কথা বলেন কিন্তু আপনার এখানের রাস্তার একটু ব্যবস্থা করুন। আমরা জানি যে কলকাতার রাস্তার পরিমাণ খুবই অল্প মাত্র ৬ পারসেন্ট কিন্তু আপনি নতুন কিছু করুন, আপনি প্ল্যান ওয়েতে নিউ সিটিজ করার কথা একটু চিন্তা-ভাবনা করুন। এই আবেদন তো আপনার কাছে আমি করতে পারি সল্টলেকে আপনি তো নিজে নুতন করে করতে পারতেন, দুর্গাপুরে নুতন করে করতে পারতেন, আসানসোলের নোটিফাইড এরিয়ায় আপনি তো নূতন করে করতে পারতেন, সেইগুলি তো দেখবেন। আপনার পেরিফেরিতে যে অফিশগুলি আছে সেইগুলি তো আপনি পিরিয়োডিক চেক করতে পারেন তাহলে তো একটা ইমপ্রুভমেন্ট হয়। কারণ পরিবেশ ইনটলারেবল, এর বেশি কিছু ওনাকে বলবার নেই। কোরাপশনটা আনপার্লামেন্টারি হয়ে যায়, এটা বেরিয়ে গেল, এটা কোনও অফিসের বিরুদ্ধে নয়, এটা যদি আপনি চেক করেন তাহলে মানুষের লাভ হবে। আর আপনি শেষের এই কথাগুলি না বললেই পারতেন ইন্টার-স্টেট প্লাইয়ার্স ডু নট পে এনি ট্যাক্স, আমাদের গাড়ি ওখানে যাবে, ওদের গাড়ি আমাদের এখানে আসবে, এটা আপনি কেন বললেন? আপনার মতো মানুষ এটা কেন বলবে? আপনি তো উদারপন্থী বলেই আমি বুঝি। এই কথা আপনি বলবেন কেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেহেতু আপনি ট্যাক্স বাই অর্ডিনান্স এনেছেন আমরা তাই নীতিগত ভাবে এর অপোজ করছি, I oppose it and you are contradicting your own declared policy. Tax by ordinance is not polatable to any population at any time.

[4-00 – 4-10 P.M.]

**श्री लगन देव सिंह :-** मिस्टर डिपुटी स्पीकर सर, मैं आपके सामने जो दी वेस्ट बंगाल मोटर भोकील्स टेक्स एमेन्डमेन्ट विल १९९२ और दी वेस्ट बंगाल एडीसनल टेक्स एण्ड वन टाइम टेक्स आन मोटर भोकेल्स एमेन्डमेन्ट विल १९९२ जो रखा गया है, माननीय मंत्री के इस विल का समर्थन करता हूं। विरोधी सदस्य कांग्रेसी वन्धुजों ने जो अपना वक्तव्य रखा है उसे सुनकर हिन्दी की एक कहावत याद आती है "भुत के मूंह से हाम नाम" "भुत के मुंह से राम नाम वाला हाल ही हमारे कांग्रेसी वन्धु का है।

ओरडिनेन्स कर टेक्स वटाने पर उनका विरोध है। कांग्रेस जो ४४ साल से सेन्ट्रल मे शासन कर रही है उनको नही मालूम कि आरडिनेन्स कैसे लाया जाता है। और क्यो लाया जाता है। हमारे परिवहन मंत्री को क्या आंरडिनेन्स की आवशयक्ता हुई। यह हमारे विरोधी सदस्य नही समझ रहे है। ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट को इसलिए आंरडिनेन्स लाना पड़ा क्योकि उस समय असेम्वली चालु नही था। विधान सभा मे जो बात आप कह रहे है मेरी समझ मे नही आता। लगताहे आपका दिमाग खाराव हो गया है। आपलोग अपने स्वभाव से मजवुर है। आपलोग विरोध करते है ठीक है, लेकिन मै आपको करना चाहूंगा कि आप पहले विल तो अच्छी तरह पढ ले फिर विरोध करे।

सवसे वड़ी वात जो आपने कहा है कि गरीवो पर तथा साधारण लोगो पर टेक्स लगाया गया है। लेकिन मै कहता हूं कि जो विल पेश हुआ है इसके अन्दर कोई भी नया टेक्स नही लगाया गया है। जेनेरल पव्लिक के लिए, आम यात्री के लिए कोई टेक्स नही उल्टे इस विल मे विशेष सुविधा आमलोगो को प्रदान की गई है।

रास्ते मे दुर्घटना रोकने के लिए सड़क मरम्मत की वात है, रास्ते इन्फ्रास्ट्रकचर की वात है। अतः कुछ टेक्स तो लगाना ही होगा। आपलोग दिल्ली, वम्वई, मद्रास वगैरह की तुलना करके कह दिए कि टेक्स लगाया गया है मै कहना चाहूंगा कि आप अच्छी तरह देखे, इन तमाम जगहो से अभी भी हमारे यहां कम टेक्स है।

दुसरी वात जो मै आपसे करना चाहूंगा कि जहां तक टेक्स स्ट्रंकचर की वात है जो सरकारी वाहन तथा एम्वुलेन्स है उसको टेक्स से मुक्त रखा गया है इसपर किसी तरह का कोई नही लगाया गया है। नर्सिंग होम के एवं हार्ट पेसेन्ट वगैरह

के लिए जो एम्बुलेन्स है इन सभी पर किसी तरह का कोई टेक्स नही लगाया गया है।

हां कुछ गाड़ियो पर टेक्स लगाया गया है और इसकी आवशयक्ता भी है। जैसे टुरिस्ट वस, डिलक्स वस, लकसरी एयर कन्डीसन वाले वस इत्यादि पर अलग से टेक्स लगाया गया है। इन गाड़ियो पर टेक्स लगाने सेउ आमलोग, साधारण यात्री प्रभावित नही होगे। अतः इसपर आपका विरोध नही होना चाहिए।

दुसरी वात मै यह कहना चाहूंगा कि टेक्स लगाया गया हैतो सुविधा भी दिया गया है। वन टाइम टेक्स की सुविधा प्रदान की गई है। स्कुटर एवं अन्य दोपहिए गाड़ियो को १५ वर्ष मे एक वार टेक्स देना होगा जो काफी सुविधाजनक है। इन सब के वावजुद जो विरोध किया जा रहा है यह मेरी समझ मे नही आ रहा है। ऐसी सुविधा पहले नही थी। पहले टेक्स देने जाने पर काफी समय लगता था। अव सुविधा दिया जा रहा है तो आपलोग विरोध करेगें ही। टेक्स वसुली मे भी डिपार्टमेन्ट को जो काफी असुविधा होती थी और टेक्स वसुली मे काफी समय लग जाता था। टेक्स वसुली के नाम पर करप्सन भी होता था जो कि अव सम्भव नही है। काफी ट्राफिक की सुविधा दी गयी है इससे यात्रियो को काफी सहायता मिलता है यात्रा करने मे। डिपार्टमेन्ट को टेक्स वसुली पर इन्सट्रकसन दिया गया है जिससे कि मोटर डीलर को एवं डिपार्टमेन्ट को टेक्स वसुली मे काफी सुविधा होगी।

अन्त मे फिर एक वार माननीय मंत्री ने जो विल लाए है उसका समर्थन करते हुए आपनी वात समाप्त कर रहा हूं।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার স্যার, বিরোধীপক্ষ এখানে যা বিস্তার করবার চেষ্টা করেছেন—এই বিল দুটোর সম্বন্ধে বিরোধীরা বলছেন যে, আমাদের কাছে গ্রহণযোগ্য নয় এবং আমরা গ্রহণ করতে পারছি না এবং বস্তুতপক্ষে বিরোধীপক্ষের বক্তৃতা যা শুনলাম—আমাদের খুব পরিচিত নেতা মাননীয় জয়নাল আবেদিন সাহেব কিছুই বললেন না। শেষ পর্যন্ত কোনও বিষয়ই তাঁর ছিল না। উনি চিরকালই আমাকে বাঁচিয়ে দেন এটা আমি বলব। আমি যা দেখলাম, মাননীয় সৌগত রায় মহাশয় ছাড়া, বাকি যাঁরা আলোচনা করলেন মান্নান সাহেব এবং আমার বন্ধু শোভনদেব চট্টোপাধ্যায় বিলটা আদৌ পড়েছেন কি না, এর আগের আইনগুলি দেখেছেন কি না সন্দেহ থেকে গেল। ছায়ার সাথে কুস্তি করে হাত, পা ব্যাথা করা হয়েছে এবং তার ধার কাছ দিয়ে গেলেন না। নিজেরা উত্তেজিত হয়ে গেলেন। চোদ্দ বছরে জনগণ অধৈর্য্য হয়ে গেছে। ১৫ বছর ক্ষমতায় না থেকে নিজেরাই সবাই মিলে অধৈর্য্য। উনি বললেন অহঙ্কার করে বলেছি, আমি মিলিতভাবে বলি, প্রবীণ নেতা. ওঁনার কাছ থেকে শেখার আছে। কয়লা থেকে ছোট এবং দামী জিনিস হীরে কিন্তু আমি বলি যে,

আরও ছোট জীবাণু আছে—যক্ষার জীবাণু, সেটা ওঁদের ধরেছে এবং তা থেকে মুক্তি উপায় নেই। এই বিল দুটি আমি যা এনেছি, এই বিলের মধ্যে জনস্বার্থ বিরোধী কোথায়? এটা ওঁরা পরিষ্কার করে দেখাতে পারলেন না। যেটা বললেন সেটাও নেই। প্রকৃতপক্ষে সেগুলি আমি ছাড় দিয়েছি। সাধারণ মানুষের যেটা গায়ে লাগে, সাধারণ মানুষের যাতে অসুবিধা হয় সে রকম কোনও প্রভিসন এই বিলের মধ্যে রাখিনি। আমি শুধু মাত্র ওয়ান টাইম ট্যাক্সের কথা বলেছি টু হুইলারের ক্ষেত্রে। মান্নান সাহেব একই রকম কথা বললেন, শোভনদেব বাবুও একই রকম বললেন, শুধু সৌগতবাবু ওয়ান টাইম ট্যাক্সটাকে সমর্থন করলেন। টু হুইলারের ক্ষেত্রে ওয়ান টাইম ট্যাক্স সারা দেশে প্রচলিত আছে। ১২০০ টাকা ১৮০০ টাকা ১ বছরের জন্য ট্যাক্স নেওয়া হচ্ছে কি? আদৌ না। ২৭ হাজার টাকা দিয়ে একটা বড় মোটর সাইকেল কিনে একেবারে ১৫ বছরের জন্য ট্যাক্স নেওয়া হচ্ছে। তাঁদেরকে ২০ বছর আর দিতে হবে না। ভারতবর্ষে এখনো এটা পরীক্ষিত। অন্য রাজ্যের যা কিছু খারাপ সেটা আমরা পরিত্যাগ করি এবং যেটা ভাল সেটা আমরা গ্রহণ করি। পশ্চিমবাংলায় ৯ লক্ষর মতন গাড়ি আছে এবং এর মধ্যে ৫০ পারসেন্ট টু হুইলার। এইভাবে টু হুইলারের জন্য যদি মোটর ভিহিকেলস অফিসে যায় তাহলে আর তাদের কোনও কাজ করতে হবে না। সুতরাং একেবারে যদি করে দিতে পারি তাহলে হয়রানি থেকে মুক্ত হওয়া গেল এবং নিষ্কৃতি। মোটর ভিহিকেলসের যাঁরা স্টাফ আছেন তাঁদের কে দিয়ে অন্য কাজ করাতে পারি। এবারে বলি, আমি কোন ধরনের অ্যাম্বুলেন্সের উপর ট্যাক্স করেছি—হাসপাতাল, পুরসভা, রেড ক্রস, বা জনগণের সেবার জন্য যে অ্যাম্বুলেন্সগুলি বা সাধারণভাবে পাড়ার ছেলেরা অনেক সময় সেবা সমিতি করে যে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করে তাদের উপর কি ট্যাক্স করেছি—আমাদের এমন দুর্বুদ্ধি যেন না হয়। যারা মানুষের সেবা করার জন্য পরিশ্রম করবে তাদের উপর ট্যাক্স কেন বসাব। কোন অ্যাম্বুলেন্সের ক্ষেত্রে ট্যাক্স বসিয়েছি, যে সব বড় বড় নার্সিং হোম, বড় বড় ব্যবসায়ী যারা এক ঘন্টা, দু ঘন্টার জন্য রোগীদের আত্মীয়দের কাছ থেকে বেশি বেশি টাকা আদায় করে তাদের উপর ট্যাক্স বসিয়েছি।

[4-10 – 4-20 P.M.]

তারা এসে বলবে আমাদের অ্যাম্বুলেন্স রোগীদের দিই, আমাদের গাড়ি মৃতদের জন্য দিই, আমাদের ট্যাক্সে ছাড় দিন। কিন্তু তারা ৫/৬/৭শো টাকায় অ্যাম্বুলেন্স দেয়। অনেক টাকা কমায়। সরকার সেখানে ছাড়বে না। সেইজন্য তাদের উপর ট্যাক্স বাড়িয়েছি। শোভনদেববাবু ঔষুধের কথা বললেন। কিন্তু ডানকান প্রস্তাবের কথা বললেন না। গোটা ভারতবর্ষের ঔষধ উৎপাদন ব্যবস্থার দফারফা করার ব্যবস্থা করেছেন। ১০/১২ গুণ ঔষুধের দাম বাড়বে। (**শ্রী সতীশচন্দ্র সিনহা ঃ প্রস্তাব তো গৃহীত হয় নি।**) বাকিটা আছে কি? আর. টি. এর প্রশাসন ক্ষমতা কমে গিয়েছে, আর. টি. এর প্রশাসনিক ক্ষমতা রাজ্য সরকার কমিয়ে দিয়েছেন—এসব কথা বললেন। আর. টি. এর ক্ষমতা রাজ্য সরকার কমায় নি। কেন্দ্রীয় সরকার একটি আইনে আর. টি. এর ক্ষমতা কমিয়ে দিয়েছে। আমরা সেখানে হাত ছোঁয়াতে পারি না। আর. টি. এ প্রাইভেট বাসে পারমিট দিত। সেইটা বন্ধ করেছি। এইজন্য করেছি যে প্রাইভেট বাস মালিকদের হতে জনসাধারণকে ছেড়ে দিতে পারি না। আমরা যেখানে সম্ভব, যতটা সম্ভব সরকারি বাস বৃদ্ধি করছি বা দিচ্ছি। যেখানে পাবলিক বাস দিতে পারছি না সেখানে বলছি,

তোমরা প্রাইভেট বাস দিতে পার নিজের জেলার মধ্যে, নিজের জেলার বাইরে দিতে পারবে না। অর্থাৎ মেদিনীপুরের বাস বীরভূম ছাড়িয়ে চলে গেল—তা হবে না। তবে প্রশাসনিক দক্ষতার কথা, দুর্নীতির কথা যেসব সমালোচনা করেছেন, আমি মনে করি এইসব সমালোচনা করা যায়। আমাদের মোটর ভিহিকেলসে দুর্নীতি ইংরেজ আমলে ছিল, কংগ্রেস আমলে হয়েছে, আবার আমাদের আমলেও চলছে। মানুষের হ্যারাসমেন্ট আছে। একটা ঝুপড়ি ভেঙ্গে দিয়ে, একদিন ব্যাপকভাবে দেখে এটা সংশোধন করা যায় না। সংশোধন করার জন্য চাই ইন-বিলট মেকানিজম। আমরা কমপিউটার করেছি। সৌগতবাবু এটা সমর্থন করলেন। উনি একটু গভীরে গিয়েছেন বলে সমর্থন করলেন। আপনার নিজের গাড়ি আছে, আপনি নিজে গাড়ি চালিয়ে কমপিউটারের লাইনে দাঁড়িয়ে ৫ মিনিট, ১০ মিনিট বা আধ ঘন্টায় ক্লিয়ার হয়ে গেল। দুর্নীতির অবকাশ নেই। আমাদের অসুবিধা হচ্ছে কলকাতার কিছুটা এবং হাওড়া জেলা ছাড়া আমরা এটা চালু করতে পারি নি। আমরা বকেয়া ট্যাক্স আদায় করতে পেরেছি। বাইরের রাজ্যের গাড়ি সম্পর্কে জয়নাল সাহেব যে উপদেশ দিয়েছেন সেটা আমরা মনে রাখবো। কিন্তু বাস্তব অবস্থাটা কি? আমাদের গাড়ি যখন অন্য রাজ্যে যায়, কিছু কিছু রাজ্য যেমন উড়িষ্যা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র তারা একটা অতিরিক্ত ট্যাক্স নিচ্ছে। এখানে একটা হিসাব করে জনৈক সদস্য শ্রী বীরেন মৈত্র মহাশয় বললেন এক লক্ষ টাকা ট্যাক্স, বেশি হয়ে গিয়েছে।

উড়িষ্যাতে আমাদের গাড়ি গেলে এক লক্ষ টাকা ট্যাক্স অতিরিক্ত আমাদের ঘাড় ধরে নিয়ে নিচ্ছে। উড়িষ্যা সরকারকে আমরা বলেছি, মধ্যপ্রদেশ সরকারকে আমরা বলেছি, আমরা অন্যান্য রাজ্য সরকারকে বলেছি যে এটা কেন হবে? আমাদের গাড়ি যাচ্ছে—গুডস কেরিয়ার যাচ্ছে, আমাদের টুরিস্ট বাস যাচ্ছে, আমাদের প্যাসেঞ্জার বাস যাচ্ছে সেগুলির কাছ থেকে তোমরা এত ট্যাক্স নিয়ে নেবে? এগুলি বাড়তি নিচ্ছে। সেইজন্য আমরা একটা প্রভিশন এখানে করলাম। এখানে সাধারণভাবে আইনটা আমরা করে রাখলাম কিন্তু আমরা এটা নিতে আগ্রহী নই। আমরা রাজ্য সরকারগুলির সঙ্গে রেসিপ্রোক্যাল চুক্তি করব এই বলে যে তোমারও আমাদের কাছ থেকে নেবে না, আমরাও তোমাদের কাছ থেকে নেব না। তোমরা নিলে আমরাও তোমাদের কাছ থেকে নেব। এই রেসিপ্রোক্যাল অ্যারেঞ্জমেন্ট ছাড়া আমরা এটা নিয়ন্ত্রণ করতে পারব না। এই সীমাবদ্ধ অর্থে এই আইনটা আমরা এনেছি। কিন্তু আইন থাকা মানেই এই আইনটার প্রয়োগ নয়। এখন ধরুন, আমরা ছাড় দিয়েছি কোথায়? আমাদের যাত্রীবাহী যে প্যাসেঞ্জার বাসস্টেজ ক্যারেজ যাকে বলে তার উপর আমরা কোনও ট্যাক্স বসাই নি। তাহলে নিত্য যাত্রীদের উপর এটা চালু হবে কি করে? আমরা সাধারণ মালবাহী লরি, তার উপর কোনও ট্যাক্স বসাই নি। ট্যাক্সির উপর আমরা অতিরিক্ত ট্যাক্স বসাই নি। ট্রাক্টর যদি চা বাগানের মধ্যে থাকে কিম্বা যদি শুধু কৃষিকার্যে থাকে তাহলে তার উপর আমরা ট্যাক্স বসাই নি। কৃষকদের উপর আমরা হাত দিই নি এবং দেবও না। কারণ তাদের উপর যা হাত দিয়েছেন কেন্দ্রীয় সরকার তাতে তাদের নাভিশ্বাস উঠেছে। আমরা কিন্তু তাদের উপর হাত দেব না। কিন্তু ট্রাক্টর যদি মাঠ ছেড়ে রাস্তায় লোক নেয় তাহলে আমরা ট্যাক্স নেব। সেইজন্য আমরা বলেছি যে এগ্রিকালচার বা কৃষিকাজের ক্ষেত্রে যদি হয় তাহলে তার উপর আমরা ছাড় দেব। এখন বলি, আমাদের তো ট্যাক্সের কথা বলছেন কিন্তু অন্য

যেখানে পশ্চিমবাংলার মতন জনসংখ্যা আছে, পশ্চিমবাংলার মতন আয়তন আছে এমন রাজ্যে ট্যাক্স আমাদের থেকে তিনগুণ, চারগুণ, পাঁচগুণ বেশি—পন্য কর, মোটর ভেহিকল ট্যাক্স। এবারে বলি, ১৯৮৬-৮৭ সালে আমাদের এখানে এই ট্যাক্স বাবদ আমরা আদায় করেছি ৩৯ কোটি টাকা এবং এখন আমাদের আয় হয় ৮০ কোটি টাকা। এখন ওদেরও বেড়েছে। আমাদের যখন ৩৯ কোটি টাকা আয় হত তখন মহারাষ্ট্র আয় করত এ বাবদ ২০৯ কোটি টাকা, তামিলনাড়ু আয় করত ১৪৪ কোটি টাকা এবং কর্নাটক সেখানে আয় করত ১৩৪ কোটি টাকা। আমাদের এখানে আমরা কমপিউটার করে, এনফোর্সমেন্ট বেশি করে, সাধারণ মানুষের ঘাড়ে যাতে না পড়ে সেটা দেখে কিছু কিছু ট্যাক্স বাড়াচ্ছি। এখন সৌগতবাবু অনেক ভাল কথার মধ্যে একটা কথা বললেন যেটার জবাব দেওয়া দরকার। উনি সাহিত্যে খুব স্ট্রং সেইজন্য বোধহয় অঙ্কে একটু উইক। সাহিত্যে ওর ঝোঁক আছে, আমি ওর অ্যাডমায়ারার। যাইহোক, উনি অঙ্কটা কি করলেন? উনি বললেন, আমি অসীমবাবুকে বলেছি যে, যে খাতে আয় হবে সেই খাতেই আপনি ব্যয়টা বেশি করুন। এটাই কি বলতে চেয়েছেন যে মোটর ভেহিকল ট্যাক্সের ক্ষেত্রে সেটা রাস্তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকছে না? এই প্রসঙ্গে আমি তাকে বলি, এখানে অঙ্কটা বললেই কিন্তু সব বোঝা যেত। আমরা রাস্তার পেছনে পি. ডব্লু. ডি., সি. এম. ডি. এ. কলকাতা কর্পোরেশন ইত্যাদি সমস্ত কিছু দিয়ে গত বছর খরচ করেছি ১৬০ কোটি টাকা আর আমাদের আয় হয়েছিল ৭৪ কোটি টাকা। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের খবর রাখতে হবে এ ব্যাপারে বলতে গেলে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই মোটর ভেহিকল ট্যাক্স বাবদ যেটা আদায় হয় তার শতকরা ২৫/২৬ কিম্বা ৩০ ভাগ রাস্তার পেছনে ব্যয় হয় কিন্তু পশ্চিমবঙ্গে মোটর ভেহিকল বাবদ যে আয় হয় তার ডবল আমরা ব্যয় করছি রাস্তার জন্য। তাসত্ত্বেও রাস্তা খারাপ আপনার এই যে সমালোচনা করেছেন এই সমালোচনাকে আমি অস্বীকার করছি না। তা সত্ত্বেও আমাদের সব রাস্তা ভাল নয়, তা সত্ত্বেও আমাদের যেমন রাস্তা হওয়া উচিত বা প্যাসেঞ্জার অ্যামিনিটিস যা হওয়া উচিত তেমন আমাদের হয়না। তারপর আর একটা কথা সৌগতবাবু বললেন। এটা ঠিকই যে আমাদের উত্তর পূর্ব সীমান্তের কিছু রাজ্যের আয়টা কম নানান কারণে, আমাদের ভারতবর্ষের অসম বিকাশ ইত্যাদির জন্য। এই সমস্ত রাজ্যে দেখা যায় যে মোটর ভেহিকল ট্যাক্সটা ওরা অসম্ভব কমিয়ে রাখে।

[4-20 – 4-30 P.M.]

তাকে কমিয়ে রাখে এই জন্য যে অন্য রাজ্য থেকে যখন গাড়ি বিক্রি হবে, ঐ জায়গা থেকে, ওখান থেকে যেন কেনে, ওখান থেকে রেজিস্ট্রেশন হয়। সৌগত বাবু যেটা গুলিয়ে ফেললেন সেটা হচ্ছে তার সঙ্গে মোটর ভিকলস ট্যাক্সের কোনও সম্পর্ক নেই। তার সঙ্গে সেল ট্যাক্সের সম্পর্ক আছে। মোটর ভিহিকেলস ট্যাক্স, যদি অন্য রাজ্যে রেজিস্ট্রেশন করে, এই রাজ্যে আসেও, পশ্চিমবাংলায় আসেও, পশ্চিমবাংলায় এক দিনের জন্য হলেও আমরা তার জন্য ট্যাক্স নেব। সুতরাং আমাদের মোটর ভিহিকেলস ট্যাক্সের সঙ্গে তার কোনও অসামঞ্জস্য কিছু থাকবে না। আর কোম্পানীর নামে যেটা বললেন, যে কোম্পানির নামে না কিনে ব্যক্তির নামে কিনলে ইনকাম ট্যাক্সের ধাক্কায় পড়তে হবে। উনি হয়তো দু-চারটি কোম্পানির কথা বলেছেন, আমরা এটা করবার সময়, সত্যিই এই সম্পর্কে ভেবেছি যে একটা জায়গায় আমরা বাঁচাতে গিয়ে আর একটা জায়গায় ঢুকে গেল কি না, আমাদের অসুবিধা হয়ে গেল

কি না। আমরা দেখলাম যে না সেটা নয়। কারণ এখনও বড় বড় ব্যবসায়ী, বড় ব
কোম্পানি, যারা তারা নিজেরাও যে গাড়ি চড়ে, সেটা কোম্পানির নামে করা গাড়ি। সেইজ
আমরা হিসাব করে এই যে মাঝখানে আমরা করলাম তা দিয়েও আমরা দেখলাম যে এ
ফলে আমাদের আয়টা বেশি হচ্ছে। এবং এই আয়টা যারা এই সব বড় বড় গাড়ি চড়ে
সাধারণ মানুষ তারা এই সব গাড়ি চড়েন না আর এয়ার কনডিশন্ড গাড়ি এর উপর আম
ট্যাক্স বসিয়েছি ইত্যাদি আপনারা দেখেছেন যে এর সঙ্গে গরিব মানুষের কোনও বিশে
যোগাযোগ এর মধ্যে নেই। যারা এই সমস্ত জিনিসে অভ্যস্ত তাদের উপর এই চাপটা পড়
এবং তাদের এটা দেওয়া উচিত আমাদের রাজ্যের স্বার্থে। সেইজন্য এই যে প্রস্তাব, বিরো
দলের যে সমালোচনা, এই সমালোচনা আমি গ্রহণ করতে পারছি না এবং আমি আপনাে
অনুমোদনের জন্য অনুরোধ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** উনি তো বললেন এখানে যা ট্যাক্স আদায় হয় তার ডব
উনি রাস্তার জন্য খরচ করেন, তাহলে রাস্তার অবস্থা এই রকম কেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এটা পি. ডব্লু. ডি.'র সময় আলোচনা করবেন, এটা আম
সাবজেক্ট নয়।

**Mr. Speaker :** The motion of Shri Shyamal Chakraborty that th
West Bengal Additional Tax and one-time Tax on Motor Vehicl
(Amendment) Bill, 1992, be taken into consideration, was then put an
agreed to.

## Clause 1

**Mr. Speaker :** There is one amendment to Clause 1 by Sh
Abdul Mannan. The motion is in order. Shri Mannan may now mo
his motion.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that—"in clause 1(
line 1 and 2 for the words and figures" on the 25th day of Novembe
1991" the words and figures" on the 1st day of January, 1992" b
substituted.

**Shri Shyamal Chakraborty :** Sir, I don't accept the amendmen

The motion of Shri Abdul Mannan that—"in clause 1(2) line 1 an
2 for the words and figures" on the 25th day of November, 1991" th
words and figures" on the 1st day of January, 1992", be substitute
was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then pu
and agreed to.

### Clauses 2 to 10 and Preamble

**Mr. Speaker :** There are no amendments to Clauses 2 to 10 and reamble.

The question that Clauses 2 to 10 and Preamble do stand part of ie Bill was then put and agreed to.

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to move that the West engal Additional Tax and one-time Tax on Motor Vehicles (Amend- ent) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### he West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992

The motion of Shri Shyamal Chakraborty that the West Bengal otor Vehicles Tax (Amendment) Bill, 1992, be taken into consider- on, was then put and agreed to.

There are amendments to Clauses 1, 2, 8, 9 & 11 by Shri Abdul nnan. I now call upon Shri Abdul Mannan to move the motions.

### Clause 1

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 1(2) line nd 2 for the words and figures "the 25th day of November, 1991". words and figures "the 1st day of March, 1992." be substituted.

**Shri Shyamal Chakraborty :** Sir, I do not agree.

The motion of Shri Abdul Mannan that in clause 1(2) line 1 and for the words and figures" the 25th day of November, 1991." the rds and figures "the 1st day of March, 1992." be substituted, was n put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put l agreed to.

### Clause 2

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 2 in osed Clause 1(a), in line 3 after the words "purpose;" the words t does not include ambulance or clinic van used solely by Govern- it Hospitals, Polly clinics and charitable institutions;" be inserted.

**Shri Shyamal Chakraborty :** Sir, I do not agree.

The motion of Shri Abdul Mannan that in clause 2 in propo Clause 1(a), in line 3 after the words "purpose;" the words "but d not include ambulance or clinic van used solely by Government Ho tals, Polly clinics and charitable institutions;" be inserted, was then and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then and agreed to.

**Clauses 3 to 7**

The question that Clauses 3 to 7 do stand part of the Bill \ then put and agreed to.

**Clause 8**

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 8(2) proposed sub-section (5) (f) in line 10 after the words 'Bengali' words "and local Radio and Television" and in line 12 after the wo "news papers" the words "and Local Radio and Televisions" be insert

**Shri Shyamal Chakraborty :** Sir, I do not agree.

The motion of Shri Abdul Mannan that in clause 8(2) in propo sub-section (5) (f) in line 10 after the words 'Bengali' the words "a local Radio and Television" and in line 12 after the words "news p pers" the words "and local Radio and Televisions" be inserted, was th put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then p and agreed to.

**Clause 9**

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 9 proposed section 16(A) (1) in line 7 after the words "nearby marke the words "and also in local Radio and Television." be inserted.

**Shri Shyamal Chakraborty :** Sir, I do not agree.

The motion of Shri Abdul Mannan that in clause 9 in propo section 16(A) (1) in line 7 after the words "nearby markets", the wo "and also in local Radio and Television." be inserted, was then put a lost.

The question that Clause 9 do stand part of the Bill was then p and agreed to.

### Clause 10

The question that Clause 10 do stand part of the Bill was then put ıd agreed to.

### Clause 11

**Mr. Speaker :** There are amendments to Clause 11 by Shri bdul Mannan being amendments nos. 5 and 6. The Amendments are order. Shri Mannan may now move his Amendments.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in Clause 11 in ·oposed schedule in item (A) (I) (1) in line 3 after the words "edu-ıtional institution," the words "except Government educational institu-ɔns and Hospitals and 2 Charitable in·titutions" be inserted.

and I also beg to move that in Clause 11 item G of the proposed :hedule line 1, after the words "Clinic Van" the words "except Gov-·nment Hospitals Polly clinic and charitable institution Ambulance." be serted.

**Shri Shyamal Chakrabarty :** I do not accept the amendments.

The motions of Shri Abdul Mannan that in Clause 11 in proposed :hedule in item (A) (I) (1) in line 3 after the words "educational stitution," the words "except Government educational institutions and ospitals and charitable institutions," be inserted.

and that in Clause 11 item G of the proposed Schedule line 1, ·ter the words "Clinic Van" the words "except Government Hospitals ɔlly clinic and charitable institution Ambulance." be inserted, were then ut and lost.

The question that Clause 11 do stand part of the Bill, was then ut and agreed to.

### Clause 12 and Preamble

The question that Clause 12 and Preamble do stand part of the ill, was then put and agreed to.

**Shri Shyamal Chakrabarty :** Sir, I beg to move that the West engal Motor Vehicles Tax (Amendment) Bill, 1992, as settled in the ·ssembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) (Amendment) Bill, 1992**

**Shri Shyamal Chakrabarty :** Sir, I beg to introduce the We Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) (Amen ment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Shyamal Chakrabarty :** Sir, I beg to move that the Wes Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) (Amen ment) Bill, 1992, be taken into consideration.

[4-30 – 4-40 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের মাননীয় পরিবহন ম শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় The West Bengal Transport Undertaking (Preve tion of Ticketless Travel (Amendment) Bill, 1992 নিয়ে এসেছেন আ নীতিগতভাবে এই বিলকে সমর্থন করি। কারণ এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে আমরা একমত এই বিল প্রথমে নিয়ে এসেছিলেন আমাদের প্রাক্তন পরিবহন মন্ত্রী শ্রী জ্ঞানসিং সোহন পা ৮ ডিসেম্বর, ১৯৭৫ সালে। এই বিলটি এই হাউসে পাস হয়েছিল। তারপর ১৬ বছর হ চলেছে এই বিল অ্যামেণ্ডমেন্ট করার দরকার পড়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি বলেন এ বিল ১৬ বছর আগে যেটা পাস হয়েছিল সেটা ইমপ্লিমেন্ট করতে গিয়ে, বিনা টিকিটে যাত্রীদের ধরতে গিয়ে কি কি অসুবিধা হয়েছে? এটা যদি বলতেন তাহলে ভাল হত। ১৯৭ সাল থেকে এইরকম যে একটি আইন ছিল তা পশ্চিমবাংলার মানুষ ভুলে গিয়েছিল। টিকি চেক করার ব্যবস্থা হয়নি, বিনা টিকিটের যাত্রীদের ভ্রমণ করার বিরুদ্ধে কোনও ব্যব আপনারা নেননি। হঠাৎ সি. এস. টি. সির নতুন চেয়ারম্যান এসে কাজ দেখাবার জন্য চে করতে আরম্ভ করলেন, একজন বিচারপতি ধরা পড়ে গেলেন। সঙ্গে সঙ্গে হৈ হৈ হল এব তখন বুঝতে পারলেন যে, এটা কগনিজেবল অফেন্স নয়, সেটা সেইভাবে নিয়ে আসতে হবে কিন্তু গত ১৪-১৫ বছর ঘুমিয়ে ছিলেন। বিনা টিকিটে ভ্রমণ বন্ধ করবার ইচ্ছা যদি সতি আপনাদের থাকত, সেটা আটকাতে পারতেন, কিন্তু কিছুই করেননি। কিছুদিন আগে কি লোক বিনা টিকিটে বাসে ভ্রমণ করছিলেন। কনডাক্টর তাদের কাছ থেকে টাকা নেন, কিন্ত টিকিট দেন না। রাস্তায় সি. এস. টি. সির একটি টিম গিয়ে তাদের ধরেন। ধরবার পর তার দেখেন যে, কনডাক্টরই অপরাধী, কারণ যাত্রীদের কাছ থেকে পয়সা নেওয়া হয়েছে, কি তার বিনিময়ে কোনও টিকিট দেওয়া হয়নি। ঐ অপরাধী কনডাক্টরের বিরুদ্ধে যখন ব্যব নিতে গেল, দেখা গেল, আপনার ইউনিয়নের লোকেরা ঘেরাও করে ফেলেছে সি. এস. সির চেয়ারম্যানকে। আপনারাই আইন করেছেন যে, বিনা টিকিটে যারা ভ্রমণ করবেন তাদে কগনিজেবল অফেন্স বলে পুলিশের হাতে হ্যাণ্ড-ওভার করবেন, আর আপনাদেরই সি ইউনিয়নের নেতারা বিনা টিকিটের যাত্রীদের উৎসাহ দিতে দোষী কনডাক্টরের বিরুদ্ধে শাস্তি ব্যবস্থা নিতে গেলে ঘেরাও করছেন চেয়ারম্যানকে। এই তো অবস্থা! সরষের মধ্যেই যদি ভূ

থাকে তাহলে সেটা দিয়ে ভুত তাড়াবেন কি করে? এখন গ্রামের অনেক মানুষ বাসে চলাফেরা করেন, কিন্তু ম্যাকসিমাম স্টেট ট্রান্সপোর্টের বাস—এস. বি. এস. টি. সি., এন. বি. এস. টি. সি. এবং সি. এস. টি. সির কনডাক্টরদের সঙ্গে যাত্রীদের একটা রফা হয়ে গেছে। এক্ষেত্রে একটা মাসোহারা ব্যবস্থা হয়ে গেছে। এটা হয়েছে বিশেষ করে দূরপাল্লার বাসের ক্ষেত্রে। ঐসব বাসে কন্ডাক্টরকে যেখানে ৮ টাকা হয়ত ভাড়া, ৪/৫ টাকা দিয়ে দিলেন, টিকিট নিলেন না, নেমে গেলেন—এই রকম ব্যবস্থা চলছে। এক্ষেত্রে চেকিং এর কোনও ব্যবস্থা নেই। ফলে কন্ডাক্টরের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। আবার যাঁরা সেই ব্যবস্থা নেবেন তাদের অ্যারেস্ট করা হবে। এই তো অবস্থা! কাজেই এক্ষেত্রে চেকিং এর ব্যবস্থা করতে হবে। একবার দেখেছিলাম মাননীয় অর্থমন্ত্রী ট্রাফিক কন্ট্রোল করতে নেমে গেলেন! আপনার অফিশাররা থাকতেও তাঁকে এইভাবে ট্রাফিক কন্ট্রোল করতে নামতে হচ্ছে কেন? আজকে কলকাতার রাস্তায় কোথায় কতবার টিকিট চেকিং হচ্ছে? টিকিট চেকিং করে কাউকে ধরলে তবে তো তার শাস্তির ব্যবস্থা করবেন। আর এই ধরবার জন্য মাঝে মাঝে সারপ্রাইজ ভিজিট দিন। কিন্তু কোন পয়েন্টে চেকিং আছে সেটা যাত্রীদের আগে থেকে বলে সাবধান করে দেওয়া হয়। আজকে সত্যি সত্যি যদি এই আইন প্রয়োগ করতে চান তাহলে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে হবে। কিন্তু সেই ইনফ্রাস্ট্রাকচার আপনাদের নেই। আমি জানি এই আইন পাস হয়ে গেলে কিছুদিনের মধ্যে পার্টি ক্যাডারদের চাকরি দেবার ব্যবস্থা করবেন। বর্তমানে লঙ ডিস্টেন্স রুটের বাস থেকেই ইনকামটা বেশি হচ্ছে, কিন্তু ফাঁকিটা সেখানেই চলছে বেশি। কলকাতার বাসে কেউ টিকিট ফাঁকি দিলে বড়জোর দুই এক টাকার ক্ষতি হবে, কিন্তু লঙ ডিস্টেন্স রুটে টিকিট ফাঁকি দিলে অনেকগুলো টাকা সরকারের লস হবে। সেখানে দেখা গেছে, হয়ত কেউ বাঁকুড়া থেকে আসছেন। আরামবাগে চেকিং আছে, তিনি তার আগে নেমে গেলেন। ডায়মণ্ড হারবার থেকে হয়ত কেউ আসছেন, সেক্ষেত্রে তিনি বেহালায় নেমে গেলেন। এইরকম যাতে না হয় তারজন্য চেকিং এর ব্যবস্থা করুন। বর্তমানে সি. এস. টি. সির গুমটিগুলিতে টিকিট কাটতে কি অসুবিধা হয় জানেন না। কোনও লোক হয়ত সে এক দেড ঘন্টা টিকিটের জন্য লাইন দিয়ে রয়েছে, সেখানে গুমটিতে যারা বসে থাকেন তাদের মর্জিমতো টিকিট দেবেন। যাতে টিকিট প্যাসেঞ্জাররা সময়মতো পেতে পারেন সেটা নিশ্চয়ই দেখবেন। এসব ব্যবস্থা করলে আইন প্রয়োগ করতে পারবেন, তা নাহলে টিকিটলেস প্যাসেঞ্জার আটকাতে পারবেন না। সর্বশেষে বলব, গভর্নমেন্ট নোটিফিকেশন করে পরে কখন আইনটা ইন্ট্রোডিউসড হবে সেটা জানাবেন বলেছেন। এখানে আমরা অ্যামেণ্ডমেন্ট এনেছি। আইনটা যখন আজ পাস হচ্ছে তখন কবে সেটা ইন্ট্রোডিউসড হবে সেটা পরে জানাবেন কেন? আজ থেকেই করুন না! এই বলে শেষ করছি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মিঃ স্পিকার স্যার, এখানে চাচা উপস্থিত রয়েছেন। এটা ঠিকই, উনি যখন ১৯৭৫ সালে ট্রান্সপোর্ট মন্ত্রী ছিলেন, উনি ভাল উদ্দেশ্যেই আইনটা করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে ১৯৭৫ সালে আইনটা তৈরি করলেও তিনি নিজে সেটা প্রয়োগ করতে পারেননি। উনি যে কারণে সেটা প্রয়োগ করতে পারেন নি, মান্নান সাহেব নিশ্চয়ই উপলব্ধি করবেন যে, আমরা সেই একই কারণে সেটা প্রয়োগ করতে পারি নি। কারণ ঐ আইনের মধ্যে দুটি ফাঁক থেকে গিয়েছিল, যেটা প্রয়োগ করতে গিয়ে বুঝলাম যে, ফাঁক দুটি যদি বুজান

না হয় তাহলে প্রয়োগ করা যাবে না। সেজন্য বিনা টিকিটের যাত্রীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করবার জন্য যে অ্যামেণ্ডমেন্ট এনেছি সেটা ঐ আইনের উপর দাঁড়িয়ে করছি না, করছি মোটর ভিহিকেলস অ্যাক্টের উপর দাঁড়িয়ে। মোটর ভিহিকেলস অ্যাক্টে যা আছে—যে উদ্দেশ্যে করা হয়েছিল, সেই উদ্দেশ্য ঠিকমতো যাতে কার্যকরি করা যায় সেজন্য ঐ ফাঁক দুটি পূরণ করবার জন্য আইনের অ্যামেণ্ডমেন্ট করছি। আমাদের আইনে হবে—বিনা টিকিটে ভ্রমণ কগনিজেবল অফেন্স, কিন্তু বেলেবেল। এটা আমরা করছি। আর যদি কেউ কম্পাউণ্ড ফাইন দিয়ে চলে যেতে চান তাহলে তাকে সুযোগ দেওয়া হবে। এই দুটি প্রভিসন রেখে আমরা আইনটা প্রয়োগ করব। বাকি যে পরামর্শ দিয়েছেন টিকিটলেস ট্রাভেলারদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে, আমি শুধু ওঁকে আশ্বস্ত করতে পারি, নিশ্চয়ই সেটা পরিবহন বাজেটের মধ্যে উল্লিখিত হবে। পশ্চিমবঙ্গে যারা এটা পরিচালনা করছেন, সর্বত্র পুলিশকে নিয়েই সেটা পরিচালনা করা হচ্ছে। তবে এক্ষেত্রে কোথায়ও জোর কম-বেশি হতে পারে। এরফলে আজকে ট্রান্সপোর্ট কর্পোরেশনের দৈনিক আয় বেড়েছে। এই আয়টা বাড়ছে প্রথমত টিকিটলেস ট্রাভেলারদের শাস্তি দিয়ে যে টাকাটা পাওয়া যাচ্ছে সেটা থেকে এবং পরোক্ষভাবে, ধরা পড়তে পারি, সুতরাং টিকিটটা কাটতে হবে সময়মতো—এই মনোভাব থেকে আয়টা বেড়েছে। এরফলে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে প্রতিদিন ৭০ হাজার টাকা আয় বেড়েছে। এটা যদি আরও জোরদার করতে পারি, যেমন বলেছেন দূরপাল্লার বাসের ক্ষেত্রে, তাহলে আয়টা আরও বেশি হতে পারে। এরফলে এস. বি. এস. টি. সিতে দৈনিক ২০,০০০ টাকার বেশি আয় বেড়েছে।

[4-40 – 4-48 P.M.]

এ ছাড়া উত্তর বাংলায় আমাদের আয় বেড়েছে। কিন্তু আমাদের একটু অসুবিধা হচ্ছে। আমাদের বোধ হয় পুলিশ বাহিনী তৈরি করতে হবে। কারণ একটা জেলা থেকে আর একটা জেলায় পুলিশ বদল করতে গিয়ে অসুবিধা হচ্ছে। সেজন্য স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে আলোচনা করছি যে এই ধরনের কাজের জন্য একটা স্থায়ী পুলিশ বাহিনী পুলিশ থেকে নিতে পারি কিনা। এই আইন পাস হলে আমরা সেদিকে যাব। সুতরাং এখানে আর কোনও অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারছি না। আমি আশা করব এটা সকলে অনুমোদন করবেন।

**মিঃ স্পিকার ঃ** আমি আজকে হাউস অ্যাডজোর্ন করার আগে একটা কথা এখানে বলতে চাই। আগামী পরশু ঈদ। কাজেই আমি সকলকে ঈদ মোবারক জানাচ্ছি।

The motion of Shri Shyamal Chakrabarty that the West Bengal transport under takings (prevention of Ticketless travel) (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

## Clause 1

**Mr. Speaker :** There is one amendment to Clause—1 given by Shri Abdul Mannan. It is in order. Shri Mannan may now move his amendment.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that in clause 1(2) line and 2 for the words beginning with "as the" and ending with "ap- )oint" the words "the 3rd day of April, 1992" be substituted.

**Shri Shyamal Chakrabarty :** I do not accept it.

The motion of Shri Abdul Mannan that in clause 1(2) line 1 and for the words beginning with "as the" and ending with "appoint" the 'ords "the 3rd day of April, 1992" be substituted was then put and )st.

The question that Clause 1 do stand part of the Bill was then put nd agreed to.

**Clause 2 and Preamble**

The question that Clause 2 and Preamble do stand part of the Bill 'as then put and agreed to.

**Shri Shyamal Chakrabarty :** Sir, I beg to move that the West 'engal Transport Undertakings (Prevention of Ticketless Travel) (Amend- ent) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion of Shri Shyamal Chakrabarty that the West Bengal ansport Undertakings (Prevention of Ticketless Travel) (Amendment) ll, 1992, as settled in the Assembly, be passed was then put and reed to.

**Adjournment**

The House was then adjourned at 4.48 p.m. till 11.00 a.m. on ıesday, the 7th April 1992. at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 7th April, 1992 at 11-00 A.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 10 Ministers of State, and 186 Members.

[11-00 - 11-10 A.M.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Ajit Kumar Basu and Shri Gopal Mondal**, ex-members of this House.

**Shri Ajit Kumar Basu** breathed his last on the 16th March, 1992 at a Nursing Home in Midnapore at the age of 79. Born at Village Khelar in Midnapur district on Baishkh 16, 1320 B.S. Shri Basu had his education at Egra School, Midnapore. He was a cultivator by occupation. He was associated with a number of Co-operative Societies in his locality and was elected the Vice-chairman of Midnapur-Khelar-Balarampur-Beneberah Central Co-operative Bank Ltd. He was successively elected to the West Bengal Legislative Assembly in 1971 and 1972 from Kharagpur Local Constituency as a candidate of Congress (R) and Congress party respectively.

At his death the state has lost a sincere political leader and an urdent organiser of co-operative movement.

**Shri Gopal Mondal** passed away on the 24th March, 1992 in Calcutta Medical College and Hospital. He was 52.

Born at Ranirbazar in Midnapur district on October 18, 1939, Shri Mandal had his education at Vidyasagar High School and Scottish Church College. He did his M.A. from the Calcutta University and started his career as a teacher. He became the Secretary and subsequently the President of Chandrakona Zonal Committee of A.B.T.A. and also the Secretary of Ghatal Sub-divisional Library. He was successively elected to the West Bengal Legislative Assembly in 1977 and 1982 from Ghatal Constituency as a candidate of the Communist Party of India (Marxist).

At his death the State has lost a sincere social and political worke

Now I would request the Hon'ble Members to rise in their sea for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the members stood in thier seats for two minutes

Thank you Ladies and Gentlemen. Secretary will send the messag of condolence to the members of the families of the deceased.

## Starred Questions
## (to which oral answers were given)

### বেসরকারি বাজার অধিগ্রহণ

*৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬২২) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ** কৃষি (কৃষি বিপনন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার রাজ্যের বেসরকারি বাজারগুলি অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে গৃহীত পদক্ষেপগুলি কি কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ**

(ক) *প্রয়োজন বোধে নির্দিষ্ট ক্ষেত্রে রাজ্য সরকার কর্তৃক রাজ্যের বেসরকারি বাজারগুলি অধিগ্রহণের বিষয়টি গভীর ভাবে চিন্তা করা হচ্ছে।*

(খ) অধিগ্রহণের কতকগুলি নির্দিষ্ট পদ্ধতি এবং পর্যায় আছে। সেগুলি দেখা হচ্ছে।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বেসরকারি বাজার বলতে আপনি কি পার্টিকুলার কোনও কৃষিপণ্যের বাজারকে বলছেন, না টোটাল এগ্রিকালচারাল প্রডিউসের উপরে, যেমন আমাদের দেশে পাট, ধান, পান ইত্যাদি যা আছে তার উপরে—এই ধরনের বাজারকে অধিগ্রহণ করতে চাইছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** এগ্রিকালচারাল বাজার বলতে যা বোঝা যায়, পার্টিকুলার এগ্রিকালচার মার্কেট বলতে যা বোঝাচ্ছে সেটা।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে বেসরকারি বাজারগুলো প্রয়োজন হলে অধিগ্রহণ করবেন। এইরকম কতগুলো বাজারকে আপনি অধিগ্রহণ করার চেষ্টা করছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমার ডিপার্টমেন্টের মাধ্যমে এখন পর্যন্ত ৪টি বাজারকে অধিগ্রহণ করার প্রস্তুতি নিয়েছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কিছুদিন আগে আপনার একটা বিবৃতি ছিল যে রাজ্যের সমস্ত

বেসরকারি বাজারগুলোকে আপনি অধিগ্রহণ করছেন, এইরকম সংবাদ বেরিয়েছিল। আজকে আপনি বলছেন, প্রয়োজন হলে অধিগ্রহণ করবেন। আপনার আগের সিদ্ধান্ত কি পরিবর্তন করছেন? ব্যাপকভাবে অধিগ্রহণ করছেন না?

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** সরকার জনসাধারণের ইন্টারেস্টকে সামনে রেখে এটা করবে। যে এলাকা থেকে সরকারের কাছে এইরকম রিপোর্ট আসছে বা জনসাধারণ চাইছেন, আমরা সেগুলো এগজামিন করছি। এরপরে যেটাকে প্রয়োজন মনে করছি সেটাকে আমরা অধিগ্রহণ করছি। আমরা অ্যাট র‍্যান্ডাম, আমরা ইচ্ছা করলেই নিয়ে নেব, এইরকম কোনও ব্যাপার নেই।

**শ্রী কালিপদ বিশ্বাস ঃ** কি কি শর্ত পূরণ করলে রাজ্য সরকার বাজারগুলো অধিগ্রহণ করবেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আপনি এটা ভাল ভাবে জানেন যে আমাদের দেশে জমিদারি সিস্টেম যখন শেষ হয়ে গেল তখন জমিদার ও তালুকদাররা কায়দা করে কিছু জায়গায় জমি নিজেদের দখলে রাখার জন্য বাজার, হাট ইত্যাদি রাখার চেষ্টা করছিলেন। পশ্চিমবাংলায়—আপনি শুনলে অবাক হয়ে যাবেন—এইরকম ৫০টি হাট-বাজার আছে যেগুলো ধর্মের নামে চলছে—কোথাও উরশরিফের নামে, কোথাও পীর বাবার নামে, কোথাও মন্দির-এর নামে, কোথাও বা মহন্তর নামে চলছে। জনসাধারণের স্বার্থকে বাদ দিয়ে নিজেদের স্বার্থকে রক্ষা করার জন্য জোতদার-জমিদাররা এটা করছে। বামফ্রন্ট সরকার এটা পছন্দ করেন না। প্রয়োজন হলে সরকার নিশ্চয়ই এইরকম বেসরকারি বাজারকে নিজের হাতে নিয়ে নেবে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** প্রস্তাবিত অধিগ্রহণের জেলাওয়ারি সংখ্যাটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমি আগেই বলেছি যে জেলা ভিত্তিক পরিকল্পনা কিছু নেই। যে রকম প্রয়োজন হয়েছে সেইরকম ভাবে অধিগ্রহণ করা হয়েছে। জেলায় কোথাও কোথাও এমন ব্যাপার আছে যেখানে ধর্মের নামে অনেক বাজার আছে। যেগুলো রেজিস্ট্রির বিরুদ্ধে এবং অনেক জায়গায় হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টে কেস চলছে। আমি এইজন্য কোনও নাম বলতে পারব না। তবে ওয়েস্ট দিনাজপুরে এইরকম একটা হাট ছিল বা আছে, যেখানে ধর্মের নামে লক্ষ লক্ষ টাকা আদায় করত। সরকার এর বিরুদ্ধে কিছু করতে পারছে না। এইসব জিনিস চলত। কোথাও ধর্মের নামে, কোথাও পীরের নামে, মন্দিরের নামে চলে, যেখানে জমিদার-জোতদাররা হাটবাজারকে সামনে রেখে জমিদারিটা বজায় রাখছেন। সেটাকে সরকার বরদাস্ত করবেন না।

[11-00—11-20 A.M.]

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কৃপাসিন্ধু সাহার প্রশ্নের উত্তরে বললেন যে ৪টি বাজার অধিগ্রহণের প্রস্তাব নিয়েছেন, আমার প্রশ্ন হচ্ছে যে ওই ৪টি বাজার যে অধিগ্রহণ করবেন কোন কোন বাজার জানাবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্‌ ঃ** আপনার ডিস্ট্রিক্ট আছে। আমি সবগুলোর নাম বলতে পারব তাহলে ওরা হাইকোর্টে চলে যাবেন, তবে আপনার জেলাতে একটা বাজার আছে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** হাওড়া জেলার বালি থানায় একটি বাজার অধিগ্রহণের চে পঞ্চায়েত সমিতি করেছিলেন। কিন্তু বর্তমানে ভূমি অধিগ্রহণের যে জটিল পদ্ধতি সে পদ্ধতিতে জমি অধিগ্রহণ করা সম্ভব নয়। সেক্ষেত্রে আপনি যে বাজার অধিগ্রহণের সিদ্ধা নিয়েছেন তাতে কি সহজ পদ্ধতি আপনি অনুসরণ করেছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্‌ ঃ** আপনি আপনার কাগজপত্র নিয়ে আমার চেম্বারে আসবে আমি যতটা পারি আপনাকে হেল্প করব।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে সমস্ত কৃ বিপনন কেন্দ্রে টেন্ডার ডাকা হয় সেখানে অধিগ্রহণের ক্ষেত্রে আপনারা অগ্রাধিকার দেবে কি?

**মিঃ স্পিকার ঃ** টেন্ডার সরকারি জমিতে ডাকা হয় এবং সেখানে অধিগ্রহণের দরকার পড়ে না। সেক্ষেত্রে জমি হয়ত পঞ্চায়েতের হতে পারে, পি ডব্লিউ ডির হতে পারে এইরকম সরকারি জমি। যেটা ব্যক্তিগত মালিকানা সেটাই কেবল অধিগ্রহণ করা হবে। সুতরাং এক্ষেত্রে ওই প্রশ্ন উঠতে পারে না।

## দুগ্ধ সরবরাহ

***৬২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৮) **ডাঃ দীপক চন্দ ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্য সরকার কর্তৃক সরবরাহকৃত দুধের দৈনিক গড় পরিমাণ কত, এবং

(খ) দুগ্ধ সরবরাহের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও আর্থিক সহায়তা পাওয়া যায় কি না?

**শ্রী মহেবুব জাহেদি ঃ**

(ক) বর্তমানে রাজ্য সরকার কর্তৃক সরবরাহকৃত দুধের দৈনিক গড় পরিমাণ ১ লক্ষ ৯১ হাজার ৫ শত লিটার।

(খ) না।

(No Supplementary)

## কলকাতা-আগরতলা পর্যন্ত সরকারি বাস চালানোর পরিকল্পনা

***৬২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী দিলীপ মজুমদার ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী

মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা থেকে আগরতলা পর্যন্ত সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

না। তবে, কলকাতা থেকে ঢাকা পর্যন্ত সরাসরি বাস চালানোর একটি প্রস্তাব রাজ্য সরকার বিদেশ মন্ত্রকের কাছে পাঠিয়েছিলেন। সম্প্রতি বিদেশ মন্ত্রক জানিয়েছেন যে, একই সাথে কলকাতা-আগরতলা রুটে যাত্রীবাহী এবং পণ্যবাহী গাড়ি চলাচলের প্রস্তাব-ও বিবেচিত হচ্ছে।

(No Supplementary)

**উত্তর চব্বিশ-পরগনা জেলার চাঁদপাড়াকে পৌর এলাকায় পরিণত করার পরিকল্পনা**

*৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পৌর বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর চব্বিশ-পরগনা জেলার চাঁদপাড়া পঞ্চায়েত এলাকাকে পৌর এলাকায় রূপান্তরিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) না। এ সংক্রান্ত কোনও প্রস্তাব এই বিভাগে আসে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটু বলবেন কি, এই পশ্চিমবাংলায় কোথায় কোথায় এই মার্কেট করার পরিকল্পনা গ্রহণ করেছেন আগামী আর্থিক বছরের মধ্যে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমাদের কাছে অনেক পৌরসভা গঠন করবার জন্য এবং বিভিন্ন নোটিফাইড এরিয়া অথরিটিকে গ্রহণ করবার জন্য আমাদের কাছে প্রস্তাব এসেছে, কিন্তু এই মুহুর্তে আমরা বলতে পারছি না কোন কোন প্রস্তাব আমরা গ্রহণ করতে পারব। ইতিমধ্যে মেমারিকে নোটিফাইড এরিয়া হিসাবে চিহ্নিত করেছি এবং তাহেরপুর কিছুদিনের মধ্যে নোটিফাইড এরিয়া অথরিটি হবে। এ ছাড়াও বেশ কিছু প্রস্তাব আমাদের কাছে এসেছে সেই প্রস্তাবগুলি নিয়ে আমরা বিবেচনা করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** নতুন পৌরসভা করবার জন্য আপনাদের প্রি কন্ডিশন শর্ত কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বঙ্গীয় পৌর আইনের মধ্যে দিয়েই নতুন পৌরসভা গঠিত হতে পারে।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও জানতে চাইছিলাম যে কোন কো
শর্ত পূরণ করলে সেটাকে পৌরসভা বলে বিবেচনা করা হবে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** যেমন, ১০ হাজার নুন্যতম জনসংখ্যা হতে হবে। বর্তমা
২.৫৯ বর্গ কি.মি. এলাকায় ২ হাজার জনসংখ্যা আবশ্যিক। এছাড়া মোট জনসংখ্যার পুরু
৭৫ ভাগ হবে, অকৃষিতে যুক্ত এমন জনসংখ্যা হবে শতকরা ৭৫ ভাগ। এছাড়া প্রস্তাবে যে
পৌরসভা এলাকার নাম বিবেচনা করার জন্য প্রস্তাব করবেন সেই এলাকার আর্থিক সামং
অনুযায়ী স্বয়ংসম্ভর কিনা, এই ক্রাইটেরিয়াগুলি যদি তারা ফুলফিল করে তাহলে আমরা
সেখানে পৌরসভা তৈরি করতে পারি।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পুরুলিয়া জেলায় বলরামপু
একটি ছোট শহর, দীর্ঘদিন ধরে এই শহরটিকে পৌরসভা করবার জন্য বিভিন্নভাবে শ
শোনা গেছে, এই বলরামপুরকে পৌরসংস্থা করবার জন্য কোনও প্রস্তাব পেয়েছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** অনেকগুলি প্রস্তাব আমরা পেয়েছি, কিন্তু বলরামপুরের জন্য
কোনও প্রস্তাব আমাদের কাছে আসেনি।

**শ্রী মনোহর তিরকি ঃ** শিলিগুড়ির কাছে ডাবগ্রাম, তাকে কি পৌরসভার মধ্যে আনা
প্রস্তাব আছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ডাবগ্রামকে পৌরসভায় পরিণত করার প্রস্তাব এসেছিল, আপাতত
এটা বিচার বিবেচনা করা হচ্ছে, আমরা চেষ্টা করছি শিলিগুড়ির পৌরসভার সঙ্গে এটা
অন্তর্ভুক্ত করা যায় কিনা।

## স্বল্পমূল্যে আলু বিক্রয়

***৬৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি (কৃষি বিপনন
বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আলুর মূল্য যা হওয়া উচিত রাজ্যে চাষীরা অভাবের
তাড়নায় তদপেক্ষা কমমূল্যে আলু বিক্রি করতে বাধ্য হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ**

(ক) এ কথা সত্য নয় যে এ বছর এ রাজ্যের আলুচাষীরা অভাবের তাড়নায় ক
দামে আলু বিক্রি করতে বাধ্য হচ্ছেন।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন আর ওঠেনা।

[11-20—11-30 A.M.]

**শ্রী মনোহর তিরকী ঃ** আলু নর্থ বেঙ্গলে খুব উৎপাদিত হচ্ছে, কিন্তু এই আলু রাখবার অন্য কোনও কোল্ড স্টোরেজের ব্যবস্থা নেই। তাই ওখানে কোল্ড স্টোরেজ করবার কোনও ব্যবস্থা নেবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** ওখানে কোল্ড স্টোরেজের একটা ব্যবস্থা করা গিয়েছিল। কো-অপারেটিভের মাধ্যমে জলপাইগুড়িতে একটা কোল্ড স্টোরেজ করা যাবে। কিন্তু কো-অপারেটিভ বলছে ওরা পারছে না। ওখানে স্থানীয় এম.এল.এ, মন্ত্রী আছে তাদের সঙ্গে আমাদের আলোচনা চলছে। কো-অপারেটিভের মাধ্যমে যদি কোল্ড স্টোরেজ না করা যায় তাহলে অন্য কি ব্যবস্থা করা যায় সরকার এই ব্যাপারে চিন্তা করছে। ওখানে কোল্ড স্টোরেজ হবার খুব প্রয়োজন আছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, অভাবের তাড়নায় আলু বিক্রি করা হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় যখন উত্তরটা দিয়েছিলেন তখন হয়ত ছিল না। কিন্তু বর্তমানে বাজারে এখন আলু কম দামে বিক্রি করা হচ্ছে। এই ব্যাপারে কি আপনি আলাদাভাবে খোঁজ নেবেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমার কাছে ডাইরেক্টরেটের মাধ্যমে যে রেটগুলো আসে সেই রেটে কিন্তু এইরকম কোনও ব্যাপার নেই।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যখন আলুর বাজারটা অনেক বেশি উঠেছিল। আপনি চাষীদের কাছ থেকে আলু কিনবেন, ফ্রম দি স্টেট গর্ভনমেন্ট, আপনার ডিপার্টমেন্টের তরফ থেকে। সেই আলু কেনায় আপনি কি রকম সাড়া পেলেন এবং কি রকম আলু আপনি প্রকিওর করতে পারলেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমি একটু ব্যাপারটা বলছি, লাস্ট ইয়ারে, নভেম্বর-ডিসেম্বর মাসে আলুর দামটা হঠাৎ বেড়ে যায়, তখন আমরা আলু পোস্তাতে পুলিশ ডাকতে বাধ্য হই। তারপর আলুর দামটা কমেছিল। তখন আমরা আলু কেনা আরম্ভ করলাম। যারা ট্রেডার্স আছে তারা রেগুলেটেড মার্কেটের মাধ্যমে আমাদের কাছ থেকে আলু কিনবে। আমাদের টার্গেট ছিল এক কোটি টাকা পর্যন্ত আলু কিনব। কিন্তু সেখানে আমরা ৪৫ লক্ষ টাকা পর্যন্ত আলু কিনতে পেরেছি। তাছাড়া রেসপেকটিভ এরিয়ায় যে সমস্ত রেগুলেটেড মার্কেট আছে সেখানে আমরা নজর রাখছি। যখন আমরা দেখব তাদের খারাপ উদ্দেশ্য আছে তখন সরকার অবস্থা দেখে ব্যবস্থা গ্রহণ করবে।

**Shri Prabhanjan Kumar Mondal :** Where there is no such regulated market in rural areas. What steps would be taken by you?

**মিঃ স্পিকার ঃ** একটা প্রশ্ন অ্যালাও হবে, সেকেন্ডটা হবে না।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, চাষীরা কম মূল্যে বিক্রি

করছে না এইরকম কোনও রিপোর্ট নেই। আমি আপনার কাছে জানতে চাই, কম মূল্যে দেওয়ার জন্য সরকারের কোনও নির্ধারিত দাম আছে কি না?

**শ্রী কলিমুদ্দিন সামস্ঃ** সরকারের কোনও রকম দাম ফিক্সড নেই। সরকার মার্কেটের উপর নজর রাখে। পাবলিক এবং চাষীর স্বার্থ যাতে বজায় থাকে সেটা দেখা হয়। সরকার শুধু লক্ষ্য রাখেন। সরকার কোনওদিন দাম ফিক্সড করেনি।

**শ্রী জটু লাহিড়ীঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আলুর দাম যখন বেড়ে গিয়েছিল তখন আপনি ঠিক করেছিলেন যে আলু কিনে ন্যায্য দরে বাজারে সরবরাহ করবেন। আপনি ৪৫ লক্ষ টাকায় আলু কিনেছিলেন। দয়া করে বলবেন কি, ৪৫ লক্ষ টাকায় কত আলু কিনেছিলেন? এবং সেটা কত দামে কিনেছিলেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ঃ** এর জন্য নোটিশ লাগবে।

**শ্রী শীশ মহম্মদঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, রাসায়নিক সার দিয়ে আলু চাষ হয়। সুতরাং ঠান্ডা আবহাওয়া না থাকলে আলু ভাল হয় না। যাঁরা চাষী তাঁদের আত্মরক্ষার জন্য আলু কম দামে বিক্রি করছেন। আমার এলাকা বিরাট সাব-ডিভিসন এরিয়া। সেখানে প্রচুর আলু উৎপন্ন হয়। আপনার কাছে প্রশ্ন, সেখানে প্রচুর আলু উৎপন্ন হয় এবং সেই আলুকে রাখার জন্য কোনও কোল্ড স্টোরেজ করবার পরিকল্পনা আছে কি না?

**শ্রী কলিমুদ্দিন সামস্ঃ** মাননীয় সদস্য জানেন যে, আপনার জেলায় কোল্ড স্টোরেজ আছে। সেই কোল্ড স্টোরেজ ভালোভাবে ব্যবহার হচ্ছে না। যাই হোক আপনি যে জাঙ্গীপাড়ার কথা বলেছেন সেখানে প্রয়োজন আছে। উক্ত দুটো কোল্ড স্টোরেজের ব্যাপারে আইনের একটু ডিফেক্ট আছে। কোল্ড স্টোরেজ ওনারদের সরকারের ইচ্ছে মতোন কাজ করাতে বাধ্য করতে পারছে না। এখন কোল্ড স্টোরেজে আলুর বদলে গুড় রাখতে আরম্ভ করেছেন। আমরা, সরকারের মাধ্যমে চেষ্টা করছি যে, যাতে এই টেন্ডেসি তাদের শেষ হোক। তাঁরা শুধু আলুই রাখুক। কোল্ড স্টোরেজের মালিকরা যদি যা আলু উৎপন্ন হচ্ছে তা রাখতে রাজি হয়ে যান তাহলে অবস্থাটা ঠিক হয়ে যাবে। এটা নিয়ে সরকার পরে আলোচনা করবে। নিশ্চয় চাষীদের এবং জনসাধারণের যাতে স্বার্থ রক্ষিত হয় তা দেখার চেষ্টা করা হবে।

**শ্রী অমিয় পাত্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আমার জেলার ক্ষেত্রে, আমি বলছি যে, বহু আলু চাষী আমাদের কাছে এসে বলছেন আমাদের এমন একটা লোক দেখে দাও যাতে তিন মাস পরে টাকা দেবে। আজকাল বেনফেড থেকে যে কেলাক আসছে তাও খুব চোখে পড়ে না, আগে উড়িষ্যা থেকে লোক আসত কিনতে কিন্তু আজকাল তাও আসেনা। স্বভাবতই কম দামে কেনবার প্রশ্ন নেই। বিনা পয়সাতেও আলু কেনবার লোক নেই। আমি বলছি আপনার দপ্তরের অফিসারদের ওপর নির্ভর না করে আপনি নিজে উদ্যোগী হয়ে এই ব্যাপারে খোজ খবর নেবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ঃ** আলু কেনবার ব্যাপারে বেনফেড বা অন্যান্য এজেন্সীরা কিনত। মার্কেটিং ডিপার্টমেন্ট কোনওদিন আলু কিনত না। এই বোধ হয় প্রথম পশ্চিমবাংলার ইতিহাসে

মার্কেটিং ডিপার্টমেন্ট আলু কেনবার জন্য এগিয়ে এসেছে চাষী ভাইদের স্বার্থ রক্ষা করবার জন্য। আমরা সীমিত ক্ষমতার মধ্যে আলু কিনে চাষী ভাইদের রক্ষা করবার চেষ্টা করছি। অন্যান্য ডিপার্টমেন্ট থেকে আলু কিনেছিলো এখন তাঁরা কেন কেনেনা সেটা ডিপার্টমেন্ট কনসার্নডের ব্যাপার।

[11-30—11-40 P.M.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** গত নভেম্বর মাসে পশ্চিমবঙ্গের যেখানে সেখানে বিভিন্ন দামে যখন আলু বিক্রি হ'তে শুরু হয়েছিল তখন আপনি ঘোষণা করেছিলেন যে ৪ টাকার বেশি দামে আলু বিক্রি করতে পারবে না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কিসের ভিত্তিতে আপনি এই ৪ টাকা দামটা স্থির করেছিলেন?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ** আমরা যে দাবি করেছিলাম এই দাবিটা পুরো হয়েছিল মাননীয় সদস্য তা জানেন। এটা একটা কারণ যে আড়তদার যারা হোর্ডিং করেছিল তাদের হোর্ডিংটা কায়দা করে সরকার বের করে আনলেন মার্কেটে। আর হোর্ডিং করতে দিলেন না, মার্কেটে নিয়ে এলেন ফলে অটোমেটিক্যালি দামটাও পড়ে গেল।

**মেদিনীপুর জেলার শালবনীতে গো-বীজ সংরক্ষণ কেন্দ্র স্থাপন**

***৬৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯৬) **শ্রী সুন্দর হাজরা ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার শালবনীতে একটি হিমায়িত গো-বীজ সংরক্ষণ কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে উক্ত প্রকল্পের অগ্রগতি কিরূপ?

**শ্রী মেহবুব জাহেদি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি রূপায়ণের প্রস্তাব কেন্দ্রীয় অনুমোদনের অপেক্ষায় আছে। মন্ত্রী পর্যায়ে কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের সহিত এই বিষয়ে আলোচনা হয়েছে।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই পরিকল্পনা কতদিনের মধ্যে কার্যকর হবে বলে আপনি মনে করছেন?

**শ্রী মেহেবুব জাহেদি ঃ** আমি বলেছি যে এটা অনুমোদনের অপেক্ষায় আছে। অনুমোদন না পেলে সেটা বলা যাচ্ছে না।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে মেদিনীপুর জেলার শালবনীতে একটি হিমায়িত গোবীজ সংরক্ষণ কেন্দ্রের পরিকল্পনা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন,

এই কেন্দ্র থেকে কত সংখ্যক পশুকে গো বীজ দেওয়া যেতে পারে? এই সংরক্ষণ কেন্দ্রে ক্ষমতা কত?

**শ্রী মেহেবুব জাহেদিঃ** আমি প্রথমেই বলেছি যে প্রকল্পটি রূপায়ণের প্রস্তাব কেন্দ্রী সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে। এখন তারা কতটা অনুমোদন করবেন সেটা জানতে পারলে আপনাকে জানাতে পারি।

**শ্রী প্রভঞ্জন মন্ডলঃ** এই হিমায়িত গোবীজের বেশির ভাগটাই আমাদের কাছে য ইনফরমেশন তাতে বলতে পারি যে কেরালা থেকে আসে। এখন এটা সংরক্ষণের জন নাইট্রোজেন লাগে। এখন আমাদের যে সেন্টারগুলি আছে যেখান থেকে—সার্ভিসিং সেন্টার—এট দেওয়া হয় সেখানে নাইট্রোজেনটা প্রপারলি দেওয়া যায়না বা সময়মতো তারা পায় না। এর ফলে খুব মূল্যবান গোবীজ নষ্ট হয়ে যায়। এরকমের ঘটনা আমাদের কাকদ্বীপে আছে অন্য আছে। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই নাইট্রোজেনটা প্রপারলি এব টাইমলি সাপ্লাই করার ব্যবস্থা করবেন কি?

**শ্রী মেহেবুব জাহেদিঃ** আমরা এই হিমায়িত গোবীজ নিয়ে সরকারের পক্ষ থেকে একটা পরিকল্পনা গ্রহণ করছি। পরিকল্পনাটা এই যে প্রতিটি জেলাতে আমরা ৪টি করে নিবিড় ব্লক বেছে নিচ্ছি তাতে হিমায়িত গো বীজ ফ্রোজেট সিমেন এই টেকনোলজি ইমপোজ করব। তার যা পদ্ধতি আছে সেই সব পদ্ধতি নিয়ে আমরা করতে চাইছি। ইতিমধ্যে আমর এটা হিসাব নিকাশ করে দুটি নাইট্রোজেন প্ল্যান্ট—এল.এন.টু'র আমরা অর্ডার দিয়েছি। বাকি আরও মেদিনীপুর জেলা পরিষদ এবং আরও দুটি জেলাপরিষদের আরও তিনটি নাইট্রোজেন প্ল্যান্ট আসছে।

এবং হিমুল নাইট্রোজেন প্ল্যান্ট যেটা হচ্ছে ৪০ লিটার ক্যাপাসিটি সেটা ২০ এবং ২০ করে এন, ডি, ডি, পি তারা এইটা বসাচ্ছে।

**শ্রী ইউনিস সরকারঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ধরনের পরিকল্পনা রাজ্যে এই বছরে কোথায় এবং এই মুহূর্তে কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী মেহবুব জাহেদিঃ** আমি বলতে চাইছি লিকিউড কমন অনেকগুলো পরিকল্পনা আমাদের চলছে এবং কিছু ফ্রোজেন কমন হিমায়িত গো বীজ সংরক্ষণের আমরা পরিকল্পনা শুরু করেছিলাম এবং পরবর্তীকালে নিবিড়ভাবে এবং ব্যাপকভাবে নতুন জাতের হবে যাতে শংকরায়ানের মতো জেনেটিক চেঞ্জ যাতে করা যায় এবং এইজন্য প্রত্যেকটি জেলায় চারটি করে ব্লক বেছে নিতে চাই। আমরা প্রত্যেক সভাধিপতিকে বলেছি ৪টি করে ব্লক তারা ঠিক করে দিন।

**শ্রী শীশ মহম্মদঃ** মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই যে বললেন প্রত্যেকটি জেলাতে ৪টি করে ব্লকে হিমায়িত গো বীজ সংরক্ষণের পরিকল্পনা আছে। আমার প্রশ্ন হচ্ছে মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে মহকুমায় হিমায়িত গো বীজ গঠন করার কোনও পরিকল্পনা তার আছে কিনা?

**শ্রী মেহবুব জাহেদি :** আমি বললাম প্রত্যেকটি জেলার কথা, তার মধ্যে মুর্শিদাবাদ জেলাও আসে। সেখান থেকে ৪টির পরিবর্তে ৫টি এসেছে।

**মিঃ স্পিকার :** মিঃ জাহেদি, পশ্চিমবঙ্গের সব জেলার মধ্যে এক মাত্র জেলা নবাবদের—সেটা মুর্শিদাবাদ জেলা।

(হাস্যরোল)

**কেব্‌ল্ টিভির অনুষ্ঠান সম্প্রচার নিয়ন্ত্রণ**

***৬৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯১) শ্রী সত্যরঞ্জন বাপুলি :** তথ্য ও সংস্কৃতি ভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কলকাতায় কটি সংস্থা কেব্‌ল্ টিভির অনুষ্ঠান সম্প্রচার করেন; এবং

(খ) কেব্‌ল্ টিভির অনুষ্ঠান সম্প্রচার নিয়ন্ত্রণ করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) কলকাতায় কেবল টিভির অনুষ্ঠান সম্প্রচারকারী সংস্থা সমূহের সঠিক সংখ্যা সরকারের জানা নেই। এবং

(খ) কেবল টিভির অনুষ্ঠান সম্প্রচার নিয়ন্ত্রণ করতে সরকার নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছেন। বর্তমানে বিষয়টির আইনগত ও অন্যান্য দিক পরীক্ষা করে দেখা হচ্ছে।

তথ্য ও সংস্কৃতি বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

**ডাঃ মানস ভুঁইয়া :** মন্ত্রী মহাশয় বললেন সংখ্যা তাঁর জানা নেই। এই বিষয়ে আপনার রকে খোঁজ-খবর নেওয়ার জন্য আদৌ কোনও নির্দেশ দিয়েছেন কি? যদি দিয়ে থাকেন লে খোঁজ কতটা নেওয়া হয়েছে এবং কেবল টি, ভি পরিচালন সংস্থা সরকারের নিয়ন্ত্রণে র ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কি যুক্তি এবং পরামর্শ ছন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** কেন্দ্রীয় সরকার কোনও আইনগত সিদ্ধান্ত না নেওয়ায় এইরকম ছ। প্রকৃতপক্ষে মাদ্রাজ, বোম্বাইতে আগেই কেবল টি, ভি হয়েছে এবং কলকাতায় বেশ হওয়ার পর তখন আইনগত ভাবনা-চিন্তা দিল্লি থেকে করা হয় যে কিভাবে এটা ণ্ড করা যায়। গত সপ্তাহে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। শ্রী পাজা আমাদের ন, আপনারা ভাবুন, আমরাও ভাবছি। গোটা কেবল টি.ভিকে সিনেমাটোগ্রাফি অ্যাক্টের এনে তাকে লাইসেন্স নিতে হবে এবং ভবিষ্যতে ট্যাক্স দিতে হবে। এইটা করতে অনেক যতে পারে। কিন্তু এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিতে দেরি করায় ইতিমধ্যে

কেবল টি, ভি শুরু হয়েছে। কলকাতার পুলিশ কমিশনার কলকাতা পুলিশ এলাকায় কেবল টি, ভি করতে গেলে কিভাবে করতে হবে সে সম্পর্কে গতকাল একটা সার্কুলার দিয়েছেন

[11-40—11-50 A.M.]

সেটা আমরাও চাইছি, অন্তত এক সপ্তাহের মধ্যে সমস্ত প্রতিষ্ঠানগুলোকে দিয়ে দেব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিনি বললেন কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ প্রসঙ্গটা এখানে টেনে আনলেন, যদিও এটা জানেন যে দ্বিতীয় চ্যানেলের জন্য যে প্রস্তাব আসছে, বেসরকারি হাতে দেবার কথা, সেই সম্পর্কে রাজ্য সরকারের বক্তব্য কী?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের রাজ্য সরকারের বক্তব্য আনুষ্ঠানিক ভাবে চাওয় হয়নি। তবে একটা কমিটি বসেছিল, তার রিপোর্ট সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রিসভায় আলোচনা হবে এবং তারপর তারা রাজ্য সরকারের মত চাইবে। এই মতের কোনও মূল্য আছে বলে আমি মনে করি না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তাহলেও রাজ্য সরকারের একটা ভূমিকা থাকবে তো, সেটা কী হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কিন্তু এই সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলা হয়েছে। তিনি বলেছেন সেকেন্ড চ্যানেল ব্যক্তিগত মালিকানায় দেবার কথা চিন্তা ভাবনা হচ্ছে। এতে আমাদের মনোভাব জানতে না চাইলে আমরা কী করে মত দেব, তাছাড়া প্রস্তাবটা কী, এটা না জানলে আমাদের মত দেওয়া যায় না। তাদের কাছ থেকে প্রস্তাব এলে আমরা আমাদের মত জানাব কিন্তু আনুষ্ঠানিক ভাবে এখনও পর্যন্ত তারা কিছু জানাননি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই টি. ভি. সেকেন্ড চ্যানেল বেসরকারি হাতে তুলে দেওয়া হবে, এই ক্ষেত্রে বিদেশিদের হাতে চলে যাবার কোনও সম্ভাবনা আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সেই অবস্থাটা এখনও পর্যন্ত আসেনি। তবে শুনেছি এন.আর.আই এতে কাজ করবেন। তবে বিদেশি সংস্থার হতে যাবার কোনও সম্ভাবনা এখনও পর্যন্ত [illegible] তবে কি ধরনের প্রাইভেটাইজেশন হলে, তারা কোন ধরনের রাজনৈতিক বা সাংস্কৃ[illegible] চিন্তাধারা দিয়ে আসবেন, এটা বলা যাচ্ছে না, এটা বিপদজনক।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি আগেও বলেছি, টি.ভি'র যে কোনও চ্যানেলে [illegible] অবাঞ্ছিত সিরিয়াল দেখানো হয়, যেগুলো সমাজের পক্ষে ক্ষতিকারক। এতে দেশের ক্ষ[illegible] হচ্ছে, ঐক্যের ক্ষতি হচ্ছে। এই সম্পর্কে আমি মনে করি রাজ্য সরকারের উদ্যোগ নেও[illegible] উচিত। কারণ পশ্চিমবাংলার অবস্থান আমরা মনে করি এত দুর্বল হওয়ার কোনও কা[illegible] নেই। সুতরাং সরকার কেন এই সম্পর্কে উদ্যোগ নেবেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব বিশেষ অবস্থানের কথা বলেছেন। আমাদের দেশের ধর্মনিরপেক্ষতার সম্পর্কে কংগ্রেসের যে ভূমিকা এবং চিন্তাধারা, তার সঙ্গে আমরা একমত নই। আপনারা সরকারের মাধ্যমে ধর্মনিরপেক্ষতার নামে ধর্মনিরপেক্ষতা এবং কুসংস্কারকে প্রচার করে যাচ্ছেন এবং তার ফলাফল আপনারাও ভোগ করছেন। মহাভারত নিয়ে যা হয়েছিল, তার ফলাফল আপনারা ভোগ করছেন। সুতরাং এই রাজ্য থেকে আসুন সবাই মিলে এক সঙ্গে রাজনৈতিক স্তরে না পারলেও সরকারি স্তরে এটা মেনে চলার চেষ্টা করি।

**ডাঃ দীপক চন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, গতবার আমাদের এই বিধানসভায় এই নিয়ে একটা আলোচনা হয়েছিল এবং কন্সেনসাস মতো প্রকাশ করা হয়েছিল যে, দ্বিতীয় চ্যানেল রাজ্য সরকারের হাতে দিয়ে দেওয়া হোক। সেই মতো কেন্দ্রীয় সরকারের কাছে দাবিও রাখা হয়েছিল। বর্তমানে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে কি নতুন করে কোনও কথা বলা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে আমি জানাতে চাই যে, ঐ প্রতিষ্ঠানের দ্বিতীয় চ্যানেল রাজ্য সরকারের হাতে দেওয়া হোক, এই প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবার পরে প্রসার ভারতি বিল আসে এবং প্রসার ভারতি বিল আসার পর আমরা আমাদের ঐ অবস্থান থেকে নিজেরাই সরে আসি। প্রসার ভারতি বিলে বলা হয়েছিল প্রতিষ্ঠানটিকে স্বায়ত্ত শাসন দেওয়া হবে। ফলে কেন্দ্রীয় সরকার যখন তাদের প্রত্যক্ষ নিয়ন্ত্রণ ছেড়ে দিতে উদ্যোগ নেয় তখন রাজ্য সরকারের পক্ষ থেকে আর নিয়ন্ত্রণ চাওয়া উচিত নয়। এ ব্যাপারে আমরা কেন্দ্রের সঙ্গে এক মত হই, যখন ঐ প্রসার ভারতি বিল পার্লামেন্টে গৃহীত হয়। এখন কেন্দ্রীয় সরকারের অবস্থানের পরিবর্তন ঘটেছে, তারা প্রসার ভারতি বিল গ্রহণ করছে না, বর্জনও করছে না। মাঝ থেকে দেখা যাচ্ছে প্রাইভেটাইজেশন হয়ে যাচ্ছে সেকেন্ড চ্যানেল।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় তথ্যমন্ত্রী জানাবেন কি, পুরুলিয়া জেলার বাঘমুন্ডি বং ছাঁতনা এলাকার প্রায় তিন লক্ষ মানুষ পশ্চিমবাংলার টি.ভি.-র কোনও প্রোগ্রাম দেখতে য় না অযোধ্যা পাহাড়ের জন্য। তারা রাঁচীর প্রোগ্রাম দেখে। পশ্চিমবঙ্গের টি.ভি.র প্রোগ্রাম তে তারা দেখতে পায় তারজন্য আপনি কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রীকে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** রাজ্যের অনেক জায়গায় এরকম অসুবিধা আছে। কাঁথিতে রকম অসুবিধা আছে। এ ব্যাপারে মাননীয় সদস্যরা চিঠি দিলে আমি সে চিঠিকে সমর্থন রে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে পাঠিয়ে দেব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** কাঁথিতে পুলিশের ওয়ার্লেসের বিভিন্ন গোপন কথা-বার্তা ভি.-তে ধরা পড়ছে এবং টি.ভি-র প্রোগ্রাম মানুষ ভালভাবে দেখতে পাচ্ছে না। এই দুটো নিসকে ঠিক করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ রছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এ সমস্যার কথা আমি শুনেছি। মাননীয় সদস্য এ বিষয়ে মাকে চিঠি দেবেন, আমি তা দিল্লিতে পাঠিয়ে দেব।

## বাঁকুড়া জেলার শালতোড়া ব্লকে খরার কারণে সাহায্যের ব্যবস্থা

***৬৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৭) **শ্রী অঙ্গদ বাউরী ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শালতোড়া ব্লকে খরার কোনও সাহায্যের উদ্যোগ সরকার নিয়েছেন কি না; এবং

(খ) নিয়ে থাকলে, কি ধরনের উদ্যোগ নিয়েছেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ**

(ক) এ বছর শালতোড়া ব্লকে এখনও পর্যন্ত খরা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

এতদসত্ত্বেও শালতোড়া ব্লক খরা প্রবণ হওয়ায় সম্ভাব্য খরা মোকাবিলার জন্য নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে।

১। কর্মসংস্থান প্রকল্প, জল ও মৃত্তিকা সংরক্ষণ প্রকল্প ও সামাজিক বনসৃজন প্রভৃতি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

২। এই ব্লকের পানীয় জলের চাহিদা পূরণের জন্য ৪০০ (চারশত) নলকূপ খনন করা হয়েছে।

৩। ত্রাণ দপ্তর এ ব্যাপারে দৃষ্টি রাখছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি বললেন খরা হতে পারে সেই অ্যান্টিসেশনে প্রস্তুতি নেওয়া হচ্ছে। যদিও প্রশ্নটি বাঁকুড়ার শালতোড়া ব্লকের প্রশ্ন তবুও আমি একটা বিষয়ে আপনার কাছে জানতে চাইছি যে, প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে—খরা, বন্যা, এইসব ব্যাপারে—আপনার দপ্তর অধিকাংশ সময় আর্থিক অসুবিধার মধ্যে পড়ে। ত্রাণের ক্ষেত্রে অর্থ সঙ্কটের জন্য ত্রাণের কাজ ব্যাহত হচ্ছে, এ ধরনের কোনও স্পেসিফিক দৃষ্টান্ত আপনার জানা আছে কি?

[11-50—12-00 Noon.]

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** প্রাকৃতিক বিপর্যয়ের সময় নিশ্চয়ই আপনারা লক্ষ্য করেছেন যে যে সমস্ত জেলা যা চেয়েছে মোটামুটি তাই ত্রাণ দপ্তর থেকে দেওয়া হয়েছে এবং ফিনান্সের কাছে আমরা যে অর্থ চেয়েছি সেই অর্থ তাঁরা বরাদ্দ করেছেন। কাজেই কোনও অসুবিধা হয়নি বলে আমার মনে হয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, গত মরশুমে শালতোড়া ব্লকে ব্যাপক অংশে চাষবাস হয়নি বৃষ্টির অভাবের জন্য। আমার প্রশ্ন হচ্ছে, খরার পরিমাণের

্যবস্থা কি? কি অবস্থা হলে খরা বলে ঘোষণা করেন এবং সরকারি সাহায্য দিয়ে থাকেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** আপনার প্রশ্নটা ঠিক বুঝলাম না, তবে যতটা বুঝেছি বলছি, খরা এলাকা ঘোষণা কোনরকম কারণের ভিত্তিতে, কোনরকম অবস্থার ভিত্তিতে খরা বলা হয় এইরকম কোনও স্বীকৃতি দেওয়া হয়নি। আমরা আগাম প্রস্তুতি নিয়ে রেখেছি খরা যাতে না য়, মানুষের কষ্ট যাতে না হয়, মানুষ যাতে না খেয়ে মরে তারজন্য প্রস্তুতি নিয়ে রাখছি।

**শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া কি জানাবেন, কোন পরিস্থিতি হলে তবে রা এলাকা হিসাবে ঘোষণা করা হয়?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** এই প্রশ্নটা যেহেতু ত্রাণ দপ্তরের মধ্যে পড়ে না, স্বভাবতই আমি ই উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করছি না।

**শ্রী ইউনুস সরকার ঃ** শালতোড়ায় খরা হবে এই ভাবনা নিয়ে আগাম সেখানকার ডি.এমের কাছে সাহায্য পাঠানো হয়েছে। এই রাজ্যে আর কোনও ব্লক আছে এই ধরনের রা হতে পারে বলে আগাম সাহায্য ডি.এমের কাছে পাঠানো হয়েছে?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** বাঁকুড়া, পুরুলিয়া এবং বীরভূম এই ৩টি জেলায় পাঠানো হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি নিশ্চয়ই সংবাদ পেয়েছেন পশ্চিমদিনাজপুর জেলা দুই াগে ভাগ হয়ে গেছে। কাগজে দেখলাম, গতকাল এবং পরশু দিন—এই দুই জেলায় প্রচন্ড রা চলছে বলে ২ হাজার মানুষ খরার জন্য রাস্তা অবরোধ করেছিল প্রায় ৪টা পর্যন্ত। সখানকার এস.পি এবং ডি.এমকে সেই অবরোধ হঠাতে হয়েছে। এই খরার জন্য যে উপকরণ পাওয়া দরকার—শুধু সরকারি সাহায্য নয়—যে সুবিধাগুলি থাকা দরকার সেগুলি আসছে না। আপনার যদিও স্পেসিফিক কোয়েশ্চেন হচ্ছে শালতোড়ার ব্যাপারে। আপনি বাঁকুড়া, পুরুলিয়া এবং বীরভূম জেলায় সাহায্য পাঠানোর কথা বললেন। সেইজন্য বলছি, উত্তরবঙ্গ আর একটি জায়গা, সেই ব্যাপারে নজর নিশ্চয়ই দিতে হবে। মালদা জেলায় জলকষ্ট হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** উনি উত্তর দেবেন কোথা থেকে? প্রশ্নটা ছিল, বাঁকুড়া জেলার শালতোড়ার ব্যাপারে, আর আপনি জিজ্ঞাসা করছেন পশ্চিমদিনাজপুরের ব্যাপারে। এটা হয় না।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া দয়া করে জানাবেন কি—আপনার কাছে আমার প্রশ্ন যে ৩টি জেলার কথা বললেন—কারণ গতকাল টেম্পারেচার রেকর্ড যা দেখা গেছে ৩৭ডিগ্রি সেলসিয়াসে চলে গেছে, দিল্লিতে ৩২ ডিগ্রি—অন্যান্য জেলার সঙ্গে দক্ষিণ ২৪ পরগনা—অত্যন্ত ক্রিটিক্যাল অবস্থার মধ্যে পড়েছে—জেলার সম্বন্ধে ভাবনা চিন্তা করছেন?

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** দক্ষিণ ২৪ পরগনা জেলায় খরা হয়েছে বলে তো আমাদের কাছে কোনও খবর আসেনি, যদি সে রকম খবর আসে তাহলে ত্রাণ দপ্তর প্রস্তুত আছে, সমস্ত রাজ্যের উপরেই সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে, এইরকম পরিস্থিতি হলে নিশ্চয়ই সাহায্য করা হবে।

### লো-কস্ট স্যানিটেশন প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

***৬৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯২) **শ্রী অঞ্জন চ্যাটার্জিঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে এল.সি.এস. (লো-কস্ট স্যানিটেশন) প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(খ) উক্ত সময়ে রাজ্যের মোট কতগুলি পৌরসভা উক্ত প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ পেয়েছে; এবং

(গ) উক্ত পৌরসভাগুলি থেকে উক্ত প্রকল্পে ব্যয়িত অর্থের হিসাব সরকার পেয়েছেন কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তীঃ**

(ক) ১,১৫,৬০,০০০ টাকা

(খ) ৩১টি পৌরসভা।

(গ) এখনও পর্যন্ত না।

(গোলমাল)

মাননীয় সদস্য **ডাঃ জয়নাল আবেদিন** বক্তব্য রাখতে উঠিয়া দাঁড়ান।

**শ্রী শ্যামল চক্রবর্তীঃ** স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটি কথা বলছি। কিছুদিন আগে মুপানর সাহেব এসেছিলেন, তিনি লুঙ্গি পরেন, তাই কাছা খুলতে পারেন নি, আপনাদের সেটা থাকবে তো?

**শ্রী শৈলজাকুমার দাসঃ** লো কস্ট স্যানিটেশনের জন্য যে অর্থ বিভিন্ন পৌরসভাগুলিকে দিয়েছেন তার মধ্যে রাজ্য সরকারের অর্থ কত, আর কেন্দ্রীয় সরকারের অর্থই বা কত?

**শ্রী অশোক ভট্টাচার্যঃ** সি.এম.ডি.এ. বহির্ভূত যে সমস্ত পৌরসভাগুলিকে আমরা অর্থ দিয়েছি তাতে মোট ২২ কোটি টাকা খরচ করা হয়েছে, তার মধ্যে ৪ কোটি ৯৩ লক্ষ কেন্দ্রীয় সরকারের আর বাকি ১৬ কোটি ২৪ লক্ষ টাকা রাজ্য সরকারের। এছাড়া কলকাতা সি.এম.ডি.এ. এলাকাতে গঙ্গা অ্যাকশন প্ল্যানে যে সব খাটা পায়খানা ঐ লো-কস্ট স্যানিটেশনে তৈরি করা হয়েছে তার মধ্যেও কেন্দ্রীয় সরকারের সাহায্য ছিল।

[12-00—12-10 P.M.]

**শ্রী কৃপাসিন্ধু সাহাঃ** ৩১টি মিউনিসিপ্যালিটির কথা যা বললেন, আমার জিজ্ঞাস্য, এর মধ্যে হুগলি, চুঁচুড়া আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এই যে ৩১টি পৌরসভা, যেগুলোকে সেন্ট্রালী স্পনসোর্ড বলা হয়, সেগুলো সি.এম.ডি.এ. এলাকার বাইরে। সি.এম.ডি.এ. এলাকার মধ্যে যেখানে গঙ্গা অ্যাকশন প্ল্যান এবং সি.ইউ.ডি.পি. প্রকল্পের কাজ চলছে, তার মধ্যে নিশ্চয়ই হুগলি চুঁচুড়া রয়েছে।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### সুন্দরবনে আশ্রয়স্থল নির্মাণ

***৬২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৩) **শ্রী আবুল বাসার ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইউরোপিয়ান ইকনমিক কমিউনিটির আর্থিক সহায়তায় সুন্দরবন অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগে বিপন্ন মানুষদের সাহায্যের জন্য কোনও আশ্রয়স্থল নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কি?

**ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সুন্দরবন অঞ্চলে আশ্রয়-স্থল নির্মাণের প্রয়োজনীয়তা অনুভব করে রাজ্য সরকার ১৯৮৫ সালে ইউরোপিয়ান ইকনমিক কমিউনিটির আর্থিক সহায়তায় ঐ অঞ্চলে ৫০ (পঞ্চাশ)টি আশ্রয়স্থল নির্মাণের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেন; কিন্তু এখনও এ ব্যাপারে কোনও অনুমোদন পাওয়া যায় নি।

(খ) উপরোক্ত প্রস্তাবের কোনও অনুমোদন না পাওয়ায় পরিকল্পনার রূপরেখার কোনও প্রশ্ন ওঠে না।

### বোম্বাই ও ত্রিবান্দ্রমে তথ্যকেন্দ্র স্থাপন

***৬২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৩) **শ্রী আবদুল মান্নান ঃ** গত ২৮.৩.৯১ তারিখে স্থাপিত প্রশ্ন নং ১৫১ (অনুমোদিত প্রশ্ন নং ৪০৪)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের পক্ষ থেকে বোম্বাইতে তথ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনাটির অগ্রগতি কিরূপ;

(খ) উক্ত পরিকল্পনা বাবদ আনুমানিক ব্যয়ের পরিমাণ কত; এবং

(গ) ত্রিবান্দ্রমে উক্ত কেন্দ্র স্থাপনের বিষয়ে কোনও সিদ্ধান্ত গৃহীত হয়েছে কি না?

**তথ্য এ সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তথ্য কেন্দ্রের জন্য বাড়ি পাওয়ার ব্যাপারে মহারাষ্ট্র সরকারের সঙ্গে মুখ্যমন্ত্রী পর্যায়ে পত্রালাপ। আর্থিক সংস্থানের প্রশ্নটি ও পরীক্ষা ক'রে দেখা হচ্ছে।

(খ) ৬০ বছরের জন্য জমির "লিজ প্রিমিয়াম" বাবদ আপাতত সম্ভাব্য খরচ ৫০,০০০০০ টাকা (পঞ্চাশ লক্ষ টাকা)।

(গ) না।

ত্রিবান্দ্রমে তথ্য কেন্দ্র খোলার প্রশ্নটি এখনও বিবেচনাধীন।

**ধর্মতলা-ক্যানিং পর্যন্ত বাস চলানোর পরিকল্পনা**

***৬৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৩) **শ্রী বিমল মিস্ত্রী ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে ধর্মতলা থেকে ক্যানিং (ভায়া আলিপুর) পর্যন্ত দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালানোর কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) না।

(২) প্রশ্ন ওঠে না।

**ক্ষুদ্র সংবাদপত্রগুলিকে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধা**

***৬৪০।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৩৭) **শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সংবাদপত্রগুলিকে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধাগুলি কি কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) ক্ষুদ্র সংবাদপত্রগুলিকে সরকারি নিয়মানুযায়ী বিজ্ঞাপন দেওয়া হয়। বিজ্ঞাপনের জন্য মোট বরাদ্দেব শতকরা ১৫ ভাগ ক্ষুদ্র সংবাদপত্রগুলির জন্য ব্যয় করা হয়।

(২) ক্ষুদ্র সংবাদপত্রগুলির ক্ষেত্রেও, অন্যান্য সংবাদপত্রের মতো, যদি সেই পত্রিকার সাংবাদিকরা পূর্ণ সময়ের জন্য পেশাগত সাংবাদিক হন তাহলে তাঁদের প্রেস কার্ড দেওয়া হয়। সম্পাদকও যদি পূর্ণ সময়ের সাংবাদিক হন তাহলে তিনিও

এই ধরনের কার্ড পেয়ে থাকেন। সাংবাদিকদের জন্য তিন বছরের অভিজ্ঞতা এই প্রসঙ্গে বিবেচিত হয়। প্রেস এক্রিডিটেশন কমিটির পরামর্শ মতো সিদ্ধান্ত নেওয়া হয়।

(৩) জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে সেখানকার পত্র পত্রিকায় স্থানীয় সংবাদ বা প্রেস রিলিজ প্রকাশ করার জন্য দেওয়া হয়।

(৪) ১৯৮৮ সাল থেকে—বছরে দুবার ক'রে গ্রামীণ সাংবাদিকদের গণমাধ্যম কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হয়।

## লোক সংস্কৃতি পর্যদ গঠন

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯১) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লোক সংস্কৃতি পর্যদ গঠনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮০ সালের ১৪ আগস্ট থেকে রাজ্য লোক সংস্কৃতি পর্যদ কাজ করছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**Mr. Speaker :** There is no adjournment motion today.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received five notices of Calling Attention. mely :-

Alleged death of two babies at Dumdumi village of Purulia district on 5.4.1992 after receiving measals vaccination : Dr. Manas Bhunia

Request to set up a "Bird Santuary" at Omarpur in Murshidabad district : Shri Kamalendu Sanyal

Alleged torture and harasment inflicted on the students of

St. Xaviers College by the police personnels on 2.4.92 : Shri Lakshman Seth, and Shri Manohar Tirkey

4. Erosion of river Ajoy near Bolepur : Shri Tapan Hore

5. Continuous suspension of work at Budge Budge Jute Mill since 18.3.1989 : Shri Dipak Mukherjee

I have selected the notice of Shri Kamalendu Sanyal on the subject of request to set up a "Bird Santuary" at Omarpur in Murshidabad district.

The Minister-in-charge may please make a statement to-day, possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be mad on the 10th April, 1992.

## STATEMENT UNDER RULE 346

**Mr. Speaker :** Now, there are two statements which are to made by the Chief Minister-one on Darjeeling and the other on Jharkha issue.

The statement on the Darjeeling issue has not yet been prepar today. The Chief Minister may please make the statement on Jharkhar issue.

**Shri Jyoti Basu :**

Mr. Speaker, Sir,

I rise to make a statement on the movement by a section of tribal people for formation of a separate Jharkhand State.

The Jharkhand Party, the Jharkhand Mukti Morcha and allied ties have been reported to be demanding formation of a sepa Jharkhand State, comprising of 22 districts spread over the States Bihar, Orissa, Madhya Pradesh and West Bengal. As far as W Bengal is concerned. the areas involved are Midnapore, Bankura Purulia.

The 1981 census reports for West Bengal indicate that the Sch uled Tribe population constitutes only 10.5% in Bankura, 7.99%

Midnapore and 18.79% in Purulia.

It has been the view of the State Government that the question of creation of a separate State or an autonomous region cannot arise unless and until the twin criteria of majority of population and their location in compact and contiguous areas are satisfied. The tribals in the aforesaid three districts in West Bengal live widely interspersed with the general population and they also do not speak the same language. Owing to the lack of geographical contiguity, different languages spoken, and diversity of habits, ideas and beliefs, it cannot be claimed that the tribals in the three districts constitute a recognising group of people, for the purpose of a separate State. Separate will not solve the problem of he tribals because the non-tribal population will be in a majority and will not accept a separate State being constituted for the tribals alone.

The tribals in the State are politically concious of their rights and have evinced keen interest in democratically elected institutions like Panchayati Raj Institutions. The Jharkhand Party and the Jharkhand Mukti Morcha (S) participated in the Panchayati elections held in 1988.

The Jharkhand Mukti Morcha gave a call for Jharkhand Bundh id an economic blockade from March 21 to April 3, 1992. The re-ponse to the call to West Bengal, was not significant.

The Government of India have been discussing the issue with the otagonists of the demand and some concerned State Governments. It for those State Governments and the people of those States to cide. Our State Government has clarified that in so far as the tribal as in West Bengal are concerned, it is not possible to constitute an tonomous region for the Jharkhandis on the lines of the Darjeeling rkha Hill Council. The reason is that there is no contiguity of the as in question and the concerned tribals in the areas do not consti-e a majority of the population.

The State Government is sensitive to the development needs of the als and has taken several measures to tackle their problems. In this leavour, we seek help and co-oper ion from all quarters.

## LAYING OF REPORTS

**Mr. Speaker :** Now, Shri Budd adeb Bhattacharjee to lay **the hth Annual Report, incorporatin the Audit Report and Com-nts of the Comptroller and Au tor General of India on the rking and affairs of the West B ngal Film Development Cor-**

**poration Limited for the year 1987-88.**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Eighth Annual Report, incorporating the Audit Report and Comments of the Comptroller and Auditor General of India on the working and affairs of the West Bengal Film Development Corporation Limited for the year 1987-88.

**Mr. Speaker :** Shri Buddhadeb Bhattacharjee to lay **the Annual Reports, incorporating the Audit Reports and Comments of the Comptroller and Auditor General of India, on the working and affairs of Basumati Corporation Limited, for the years 1984-85 and 1985-86.**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to lay the Annual Reports, incorporating the Audit Reports and Comments of the Comptroller and Auditor General of India, on the working and affairs Basumati Corporation Limited, for the years 1984-85 and 1985-86.

## MENTION CASES

**শ্রী মানিক ভৌমিক ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী ১৪ তারিখ আর. আম্বেদকরের জন্মশত বার্ষিকী হিসাবে ছুটির দিন ঘোষণা করা হয়েছে। কৃষ্ণনগরে শঙ্কর মিশন জনকল্যাণ ছাত্রাবাস আছে সেখানে ১০০ জন তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র বাস করে। তাদের জন্য যে খাদ্য সরবরাহ করা হয়, সেখানকার সুপারিনটেন্ডেন্ট সরকার প্রদত্ত যে অর্থ সেই অর্থ দিয়ে খাদ্য সামগ্রী সরবরাহ করেন না। প্রতি বছর ছাত্র মাথা পিছু সরকারের যে অর্থ বরাদ্দ থাকে সুপারিনটেনডেন্ট সেই অর্থ আত্মসাৎ করে দিয়েছে। সেখানে ছাত্রদের যে খাদ্য সরবরাহ করা হয় সেটা মানুষের খাবার অযোগ্য। কুকুর বিড়াল যে খাবার খায় সেই রকম খাদ্য তাদের সরবরাহ করা হয়। রাত্রে শোবার সময় ছাত্রদের কোনও মশারি দেওয়া হয়না। মশার কামড়ে তারা নানারকম জ্বরে আক্রান্ত। কৃষ্ণনগর শঙ্কর মিশন জনকল্যাণ ছাত্রাবাসের তফসিলি জাতি এবং উপজাতির ছাত্ররা সরকার প্রদত্ত যে সব সুযোগ-সুবিধা আছে সেগুলি তারা পাচ্ছে না, তাদের প্রতি অবিচার করা হচ্ছে। এখানে তফসিলি জাতি এবং উপজাতি দপ্তরের মন্ত্রী মহাশয় উপস্থিত নেই, কাজেই আপনার মাধ্যমে এই সবার দৃষ্টি আকর্ষণ করছি যে এই ছাত্রাবাসের প্রতি নজর দেওয়া হোক এবং সরকারি প্রদত্ত অর্থ আত্মসাৎ করার বিষয়টি তদন্ত করা হোক এবং এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা জরুরি বিষয়ে। হুগলি জেলার বিস্তীর্ণ এলাকায় বোরোচাষে জল সরবরাহ

হয়েছে। বোরোতে জল না আসায় ব্যাপকভাবে বোরোধান ক্ষতিগ্রস্ত হচ্ছে। গত কয়েক বছর ধরে বোরো চাষের মরশুমে জল না দেওয়ার জন্য বোরোচাষের ক্ষতি হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে বোরোচাষে জল দেবার ব্যবস্থা করা হয়। ডি.ভি.সি'র যে বাঁধ, সেই ডি.ভি.সি'র জলাধার আরও খনন করে বাঁধের উচ্চতা ৫ ফুট বাড়িয়ে বোরো এবং রবি মরশুমে জল দেবার যে অনিশ্চয়তা দেখা দিয়েছে সেটা দুর করা যায়, আমি সেই ব্যাপারেও মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অনিল মোদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষি মন্ত্রী এবং কৃষি বিপনন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে পশ্চিমবঙ্গে শহরের প্রয়োজনে বড় একটা অর্থকরী ফসল যেটা সবচেয়ে বেশি উৎপন্ন হয় তমলুকে সেটা হচ্ছে পান। সেই পানের ব্যাপারে গত ১৩ই মার্চ টি.ভি'র মাধ্যমে তারা তমলুক সম্পর্কে ঘোষণা করতে গিয়ে একথা উল্লেখ করেছেন যে ৪ শত কোটি টাকার কেনাবেচা হয়। ১০ বছর হয়ে গেল ওখানে একটা রেগুলেট মার্কেট হওয়ার কথা ছিল। কন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার এই ব্যাপারে ৫ বছর আগে প্রায় ২ লক্ষ টাকা নুমোদন করেছেন কিন্তু এখনও পর্যন্ত সেই কাজ বাস্তবে রূপায়িত হচ্ছে না। আমি সে জন্য বষয়টি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়।

[12-10—12-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি াকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কলিকাতা হাইকোর্টে এবং ডিস্ট্রিক্ট কোর্টগুলোতে প্রচুর ামলা জমে আছে। এর ফলে যারা লিটিগ্যান্টস, তাদের খুব হয়রানি হচ্ছে। যাঁরা এখানে বচারপতি আছেন তাঁরা সেই মামলা নিষ্পত্তির বদলে সেখানে নিরপেক্ষতা বিসর্জন দিয়ে কন্দ্রীয় মন্ত্রী এনে বামফ্রন্ট সরকারকে লাথি মেরে ছুঁড়ে ফেলে দেওয়া হোক এই ধরনের ক্তি করছে। আমি দাবি করছি অবিলম্বে নিরপেক্ষতার ব্যবস্থা করা হোক এবং পশ্চিমবাংলার ার ব্যবস্থার মর্যাদা অক্ষুন্ন রাখবার ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর ষ্টি আকর্ষণ করছি। কলকাতা-গোবোরডাঙ্গা-বেড়িগোপালপুর রাষ্ট্রীয় পরিবহন সংস্থার একটা স চলত। আমি বিধানসভা নির্বাচনে জয়লাভ করার পর বাসটি বন্ধ করে দেওয়া হল। মহাশয়ের কাছে যখন প্রশ্ন থাকে তখন উনি উত্তরে বলেন (ক) প্রশ্নে উত্তর-না, (খ) ওঠে না। আমি এই উত্তর নিয়ে যখন ডাইরেক্টরের কাছে যাই উনি বলেন এখানে ভনিউ ভাল আসছে না তাই বাস বন্ধ করে দেওয়া হয়েছে। অথচ আমি নিজে দেখেছি বাসে প্রচুর ভিড় হয়। এটা একটা সীমান্ত এলাকা, প্রচুর তফসিলি জাতি এবং উপজাতিদের। করে এই এলাকায়। কলকাতা গোবোরডাঙ্গা রেল চলাচল বন্ধ থাকলে এই বাস ছাড়া ষের যাতায়াতের কোনও রাস্তা থাকে না। তাই আমি বলতে চাই (ক) প্রশ্নের উত্তর-না ং (খ) প্রশ্নের উত্তর-প্রশ্ন ওঠে না এটা বাতিল করে দিয়ে বাস চালু করার ব্যবস্থা করা

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই হরিপাল—বাহিরখন্ড-নন্দকুটির মোড় পর্যন্ত ২ কিলোমিটার রাস্তা ভগ্ন অবস্থায় পড়ে আছে। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে যেন নির্মাণ করার ব্যবস্থা করা হয়।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, লোয়ার দামোদর কন্সট্রাকশন ডিভিসনের উলুবেড়িয়া অফিসে এই বিভাগে ৫১ জন কর্মচারি রেগুলার মাস্টার রোলে ১৯৮০-৮১ সাল থেকে কাজ করছে। বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও স্থায়ী পদে নিয়োগ করা হচ্ছে না। অথচ স্যার, বন দপ্তরে, দুগ্ধ সরবরাহ দপ্তরে, যুবভারতী ক্রীড়াঙ্গন দপ্তরে এবং কৃষি বিভাগে বিভিন্ন মাস্টার রোলের কর্মচারিকে স্থায়ীভাবে নিয়োগ করা যাচ্ছে। অথচ ঐ হতভাগ্য কর্মচারিরা বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও কি কারণে স্থায়ী করা যাচ্ছে না তা জানি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অত্যন্ত বিনীতভাবে আবেদন করছি যাতে ঐ হতভাগ্য কর্মচারিদের ঠিক সময়ে এখুনি স্থায়ী ভাবে নিয়োগ করা হয়।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ অথচ জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচন কেন্দ্রের মধ্যে জিয়াগঞ্জ, আজিমগঞ্জ পৌর এলাকার দেবীপুর সহ কাশীগঞ্জ গ্রাম দুটি ভাগীরথীর তীরে এবং ভাঙনের ফলে এলাকাটি বিপন্ন। পাশেই বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েতের মীরপুরঘাট হতে ভাঙন আরম্ভ হয়েছে। আগামী বর্ষায় সম্ভবত গ্রামটি শেষ হয়ে যাবে। এখানে একটি হাইস্কুল, তিনটি প্রাথমিক বিদ্যালয়, একটি ডাকঘর নদীর কাছাকাছি এসে যাচ্ছে। স্থানটির ঐতিহাসিক গুরুত্ব আছে। দু পাড়ে বরানগর রাণী ভবানীর স্মৃতিসৌধ বর্তমান। এককালে বন্যা প্রতিরোধে বাঁধ দেওয়া হয় এবং কয়েকটি স্পার তৈরি হয়, বর্তমানে নষ্ট হয়ে গেছে। এলাকার লোকসংখ্যা প্রায় ৮-১০ হাজার। তাই অবিলম্বে শালবল্লা দিয়ে এবং বোল্ডার পিচিং করে স্পার তৈরি করা প্রয়োজন, তা নাহলে আট-দশ হাজার লোক অধ্যুষিত গ্রাম ও জনপদ দুটি বিনষ্ট হয়ে যাবে।

**মিঃ স্পিকার ঃ** শোভনদেব চট্টোপাধ্যায়, আপনার নোটিশ আউট অব অর্ডার। আপনি মেনশন ফর্মে কোনও তারিখ দেন নি। তারিখ না দিলে গভর্নমেন্ট কি করে বুঝবে? এটা ডিফেকটিভ ফর্ম। আমি দেখছি, আমার বোধহয় এরজন্য ক্লাশ নিতে হবে। যাক, ভবিষ্যতে এইরকম ডিফেকটিভ ফর্ম দিলে আমি বলতে দেব না। আজকে আমি আপনাকে বলতে দিচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত ৫।৭ দিনের ব্যবধানে বারুইপুর শহরের উপরে দুটি ধর্ষণের ঘটনা ঘটে গেল। সবচেয়ে দুঃখের কথা হল এই যে, গত ৫ তারিখে একটি ৮ বছরের মেয়েকে এক নরপশু সকালবেলা—যার নাম হল শ্যামল দাস—ধর্ষণ করেছে। সেই ছেলেটি ধর্ষণ করার পর মেয়েটি যখন চিৎকার করে তখন পাড়ার লোকেরা তাকে ধরে ফেলে এবং থানায় হ্যান্ড ওভার করে। আমি সঙ্গে সঙ্গে থানায় পৌঁছে যাই এবং

ও.সি.কে বলি যে, এই ক্রিমিন্যালকে প্রকৃত বিচার না করে যেন ছাড়া না হয়। দুর্ভাগ্যের বিষয়, সেই ক্রিমিন্যালকে ছাড়াবার জন্য বারুইপুরের সমস্ত সি.পি.এম. নেতারা থানায় এসেছিলেন। পশ্চিমবাংলায় যারা কালপ্রিট তাদের যদি সরকার প্রোটেকশন দেন তাহলে এই জিনিসটা ক্রামাগত বেড়ে যাবে, সেটা বন্ধ হবে না। আপনাদের দলের কেউ হলে তাকে প্রোটেকশন দেবার প্রবণতা আপনাদের আছে।

[12-20—12-30 P.M.]

আমরা দেখলাম বিরাটির ক্ষেত্রেও মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতারা বললেন যে মহিলাটি দুশ্চরিত্রা ছিলেন। দুশ্চরিত্রা মহিলা হলে কি তাকে ধর্ষণ করা যায় সেটা তো জানতাম না। তারপরে যে ৮ বছরের মেয়েটিকে ধর্ষণ করা হল তারপরেও ওখানকার মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দ ওই দোষী ছেলেটিকে থানার থেকে ছাড়াবার জন্য চেষ্টা করছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথ্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি যাতে এই ধরনের ঘটনা আর পুনরাবৃত্তি না ঘটে সেই সম্পর্কে আপনি সমস্ত রকম পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার মুর্শিদাবাদ জেলার ধুবুলিয়াতে টি.বি. রোগীদের চিকিৎসার জন্য একটি স্যানিটরিয়াম আছে। ১৯৯০ সালে আমি অভয়পদ সিং নামে একজন টি.বি. রোগীর একটা ফর্ম দাখিল করেছিলাম হেলথের ডাইরেক্টরেটের কাছে এবং সেখান থেকে এটা রেফারও করে দিয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল যে রোগীটি মারা গেল তার ভর্তির কোনও ব্যবস্থা হল না। আবার ১৯৯১ সালে ইলিয়াস শেখ নামে একটি রুগীর নাম পাঠালাম। ছেলেটির বাবার নাম মহঃ জসিমুদ্দিন শেখ, ভিলেজ—রঘুনাথপুর, পোস্ট—পুরপাড়া, ডিস্ট্রিক্ট—মুর্শিদাবাদ। ১.৮.৯১ তারিখে নাম পাঠালাম কিন্তু আজ অবধি তার নাম এল না। পোস্ট কার্ড দিয়ে ছেলেটিকে জানালাম যে তার কল এসে যাবে কিন্তু আজ অবধি তার কোনও কল এল না। আমরা খবর পাচ্ছি যে, যে সমস্ত জায়গার সিট খালি হচ্ছে সেখানে টাকার বিনিময়ে রোগী ভর্তি করা হচ্ছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে তো একটা বিপজ্জনক অবস্থা। হেলথ ডিপার্টমেন্টের ডাইরেক্টরেটকে ফর্ম দিয়ে, এক্সরে প্লেট প্রভৃতি দিয়েও যদি রোগী ভর্তি না হতে পারে তাহলে কোন পদ্ধতিতে রোগী ভর্তি হবে আমার জানা নেই। সুতরাং আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এর পূর্ণ তদন্ত করেন।

**শ্রী মহঃ আবদুল করিম চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২রা এপ্রিল রাত ১২টার সময়ে গোয়ালপুকুর থানার ও.সি. আবদুল রহমান নামে একটি লোককে এবং তার স্ত্রীকে এমনভাবে মারধোর করেন যে লোকটি হাসপাতালে ভর্তি আছে। লোকটিকে ইসলামপুর হাসপাতালে ভর্তি করতে হয়েছে। তারপরে ওই ও.সি. আবার শীশ মহম্মদ বাদী গ্রামের থেকে একজন লোককে ধরে নিয়ে গিয়ে গোয়ালপুকুর থানায় বন্দি করে রাখেন এবং হাজতে তার মৃত্যু হয়, ওই ও.সি. এমনসব কাজ করছে যে গোয়ালপুকুরের জনগণ এবার খেপে উঠে পুলিশের বিরুদ্ধে রিভোল্ট করবে। আমি এই ব্যাপারে এস.পি, ডিএসপি এবং এস ডি

ও পির কাছে বলেছি, যাতে অবিলম্বে ওখানকার ও.সিকে বদলানো হয়। ওখানকার ও.সিকে হয় পাগলা বলে তাকে মেন্টাল হাসপাতালে পাঠানো হোক অথবা তাকে ট্রান্সফার করা হোক। তা না হলে গোয়ালপুকুর জনসাধারণ পুলিশের বিরুদ্ধে রিভোল্ট করবে।

**শ্রী মোজাম্মেল হকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত জরুরি, মুর্শিদাবাদ জেলার হরিহরপুর থানায় ডাকাতি হচ্ছে এবং তাতে কংগ্রেস, এস ইউ সি, বি.জে.পি. মুসলিম লীগের সহায়তায় এই ডাকাতি হচ্ছে। তারা আবার একটা নাগরিক কমিটি করেছেন। সাহাজাদপুর থানায় যে ডাকাতি হয়েছে, মন্দিরের মূর্তি যে চুরি হল তাতে সি ইউ সি আই লোক জড়িত ছিল। পুলিশ ওই লোকটিকে ধরে। সুতরাং লোকাল কমিটির সদস্য সহ মূর্তিটি ধরা পড়েছে। পুলিশের কাছে এলাকার লোকেরা ডেপুটেশন দিয়েছে, এই সমস্ত চুরি, ডাকাতি যারা প্রতিনিয়ত করছে তাদেরকে যখন পুলিশ গ্রেপ্তার করছে তখন এস.পি.-র কাছে ছুটে যাচ্ছে এবং বলছে এরা ভাল লোক, আমাদের পার্টির নেতা। আমরা দেখেছি যে মানুষ যখন বিদ্রোহ করছে ক্ষুব্ধ হচ্ছে প্রতিরোধে এগিয়ে যাচ্ছে তখন এরা দেখছি ঐ সমস্ত সমাজ বিদ্রোহীদের সমর্থন জানাচ্ছে। পাশাপাশি তারা বাছাই করে সি.পি.আই.-র পার্টির লোকেদের বাড়িতে ডাকাতি করছে। গত ২ তারিখে বিশারদগঞ্জে একদল সমাজ বিরোধী তফসিলি সম্প্রদায়ের মানুষের বাড়িতে ৬ জন পার্টি কর্মীর বাড়িতে ডাকাতি করে। এই অবস্থায় আমরা দেখছি সেখানকার মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। তাই এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি আবেদন করছি।

**শ্রী সুকুমার দাসঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার তমলুক ১ নম্বর ব্লকে নীলকণ্ঠ গ্রাম পঞ্চায়েতে চরম দুর্নীতির অভিযোগে প্রায় দেড় লক্ষ টাকার অভিযোগ দায়ের করা হয়। তদন্তে দেখা গিয়েছে তার হিসাবে এত গরমিল যে সেখানে ব্যাঙ্ক অ্যাকাউন্ট অপারেশন বন্ধ করে দেওয়া হয়েছে। এই অভিযোগ করেছিলেন ঐ গ্রাম পঞ্চায়েতের সদস্য কংগ্রেসি সদস্য কৃষ্টপ্রসাদ ঘোড়ুই। দুর্ভাগ্যের বিষয় এটা পঞ্চায়েত মন্ত্রীর মাধ্যমে আগে জানিয়েছিলাম, যেহেতু তিনি অভিযোগ দায়ের করেছিলেন তাই তার বাড়ি ঘর ভাঙা হয়েছে, এবং সমস্ত কংগ্রেসি কর্মীদের উপর অত্যাচার করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীকে আবেদন করছি প্রকৃত দুর্নীতির ব্যাপারে বিচার বিবেচনা করবেন কি? মানুষ সহ্যের সীমা ছাড়িয়ে যাচ্ছে, আজকে যখন দেড় লক্ষ টাকার গরমিল হয় এটা যদি জানবার দরকার না থাকে তাহলে আজকে এই প্রশাসনের কাছে মানুষের আশ্বাস থাকবে কিনা জানিনা। সেখানকার মানুষ আজকে এই বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের রায়না এলাকায় এবং খন্ডকোষের মাঝখান দিয়ে একটা রাস্তা গিয়েছে সেটা হচ্ছে বর্ধমান আরামবাগ রাস্তা। সেই রাস্তাটি বর্তমানে অযোগ্য এবং সেখানে অঘটন ঘটছে। এ ছাড়া রাস্তাটি দুর্বল হয়ে গিয়েছে। এই রাস্তা যদি অবিলম্বে মেরামতি না করা যায় তাহলে আগামী বর্ষায় মানুষের যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন

হয়ে পড়বে, তাই আমি এটা মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় যখন গত অধিবেশন চলছিল তার ঠিক শেষ দিকে অর্থাৎ ৩০শে আগস্ট কাঁথিতে একটা ধর্মকে কেন্দ্র করে সেখানকার মানুষ বিক্ষোভে ফেটে পড়ে এবং পুলিশ গুলি চালায়। তার ফলে সেখানকার ২ যুবক মারা যায়। এই ব্যাপারে আমরা যখন তদন্তের দাবি করেছিলাম তখন সেটার দাবি নাকচ হয়ে যায়। তখন ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় বলেছিলেন প্রশাসনিক তদন্ত হবে, কিন্তু সেই প্রশাসনিক তদন্তের রিপোর্ট আজও প্রকাশ হল না। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি তদন্তের রিপোর্ট সংগ্রহ করে কাঁথির মানুষকে জানানো হোক, কোন অবস্থায় গুলি চালানো হয়েছিল। এবং সেই রিপোর্ট প্রকাশ করা হোক।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জলপাইগুড়ি জেলার বীরপাড়া চা-বাগান এবং দলপাড়া চা-বাগানে সমাজবিরোধীরা সেখানে অত্যাচার চালাচ্ছে, তারা আগ্নেয়াস্ত্র নিয়ে সেখানে অত্যাচার আরম্ভ করেছে। সেখানে বাড়িতে কেউ থাকতে পারছে না, পালিয়ে বেড়াচ্ছে। এই ব্যাপারে পুলিশের কাছে দরখাস্ত করা হয়েছে, কিন্তু কোনও কিছু করা হচ্ছে না। সেখানকার নিরীহ মানুষরা যাতে শান্তিতে থাকতে পারে তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-30—12-40 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সবঙে তীব্র পানীয় জল সঙ্কট চলছে। গ্রামে ইতিমধ্যে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার স্মরণ থাকতে পারে আমি এই ব্যাপারটা নিয়ে বার বার বলেছি। বিগত কয়েকদিন তীব্র পানীয় জলের সঙ্কট সারা মেদিনীপুর শহরে দেখা দিয়েছে। মেদিনীপুর শহরে ৮০ ভাগ পানীয় জলের নলকূপ অকেজো হয়ে গেছে। মানুষ বাধ্য হয়ে খোলা পুকুরের জল নিয়ে এসে ফুটিয়ে খাওয়ার চেষ্টা করছে। স্থানীয় মানুষের স্বাস্থ্য সম্বন্ধে কোনও ধারণা নেই। তাই আমি অনুরোধ করছি, ত্রাণ মন্ত্রী, জনস্বাস্থ্য মন্ত্রী এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় এই ব্যাপারটাকে গুরুত্ব দেন ও সেখানে একটা চিকিৎসক দল পাঠানো হোক।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি ক্ষুদ্র সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার বড়বাজার পঞ্চায়েত সমিতিতে তিনটি এম.আই.সি. স্কীম আছে। এগুলি হল কৃষ্ণনগর, আমরাবেড়া ও কুঞ্জবন। সেখানে তো না থাকার জন্য চাষীরা বার বার মার খাচ্ছে। তাই উক্ত স্কীমটিতে তেল সরবরাহ করে সেখানে চাষীরা যাতে ফসল তুলতে পারে সেটা দেখার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার নাদনঘাট-বর্ধমান, নাদনঘাট-নবদ্বীপ, নাদনঘাট-কালনা এই বাস রুটগুলিতে ভীষণ অনিয়মিতভাবে বাস চলাচল করে।

ফলে শিক্ষার্থী, ছাত্র এবং সাধারণ যাত্রীদের চরম অসুবিধার মধ্যে পড়তে হয়। বার বার বর্ধমান আর.টি.ও-কে জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি দপ্তরকে অনুরোধ করছি।

**श्री मनोहर तिरकी** : माननीय स्पीकर सर, मै आपके माध्यम से नेपाली भाषा की समस्या की ओर सरकार का ध्यान आर्कषित करना चाहता हुँ। डोअर्स इलाका में, ग्रामाचंल में नेपाली भाषा में पड़ाई की सुविधा नहीं हैं। नेपाली भाषा में पड़ाई नही चल रही हें। इस खेत्र मे नेपाली भाषा के लिए कोई प्राथमिक स्कुल, हाई स्कुल ओर नेपाली कालेज नहीं है। वहाँ पर साथ ही वेसिक ट्रेनिंग की कोई व्यवस्था नही हैं।

माननीय स्पीकर सर, जी.एन.एल.एफ द्वारा आन्दोलन चल रहा है। अतः यह ओर ही गुरुत्वपुर्ण विषय है। डोअर्स नेपाली साहित्य विकास समिति द्वारा इस संपंध में सरकार को एक ज्ञपन दिया गया था। सर, जी.एन.एल.एफ द्वारा आन्दोलन चलाया जा रहा हे यह विशेष गुरत्वपुर्ण विषय है। इसपर जल्द से जल्द कारवाई हो। यह में आपके माध्यम से सरकार का ध्यान दिलाना चाहता हुँ।

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেচ দপ্তরের ৫ হাজার ২০০ সিজন্যাল এবং মাস্টার রোল কর্মচারি আছেন। তাঁরা ১৯৮৭ সাল থেকে কনটিনিউ ১২ মাস ধরে কাজ করছেন। গভর্নমেন্ট অর্ডারে আছে যে, পর পর তিন বছর কাজ করলে তাহলে পরে তাদেরকে রেগুলার করা হবে। কিন্তু আজ পর্যন্ত মাস্টার রোল, সিজন্যাল, এঁদেরকে—সেচ দপ্তর আজও পর্যন্ত তাঁদের স্থায়ী করেন নি। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং সেচমন্ত্রীর কাছে দাবি রাখছি যাতে পশ্চিমবাংলার এই যে, ৫ হাজার ২০০ সিজন্যাল এবং মাস্টার রোল কর্মচারি আছেন যাদের মধ্যে কেউ কেউ ২০।২৫ বছর ধরে কাজ করছেন। অবস্থাটা এমন জায়গাতে গেছে, আজকে তাঁদের যদি নিয়মিতকরণের বিষয়টি চিন্তা করা না হয় তাহলে তাঁরা ভাববেন—তাঁরা সুবিচার পাচ্ছে না। এই সুবিচারের আশায় যাতে এই ধরনের কর্মচারি, সীজন্যাল এবং মাস্টার রোল কর্মচারি, অনিয়মিত কর্মচারি যাঁরা আছেন তাঁদের নিয়মিত করণের দাবি জানাচ্ছি আপনার মাধ্যমে।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র পাঁচলা—একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর। আমার বিধানসভা এলাকা পাঁচলা, চড়া পাঁচলা গ্রাম পঞ্চায়েতের পাঁচলা বসুবাটিতে ১৯৭৫ সালে একটা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য স্থানীয় মানুষ প্রায় ১২ বিঘা জমি স্বাস্থ্য দপ্তরকে দেন এবং সেই মুহূর্তে এলাকার মানুষ জানতেন যে, ২০ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল নির্মাণ করা হবে। কিন্তু পরবর্তীকালে এটা অনুমোদিত হয়েছে এই রকম খবর

থাকলেও এই হাসপাতাল নির্মাণের কাজ এখনো শুরু হয়নি। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পাঁচলা থানার চড়া পাঁচলা গ্রাম পঞ্চায়েতের পাঁচলা বসুবাটিতে উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি অবিলম্বে শুরু হয়। এই কারণেই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাত্বিককুমার রায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতবারে বৃষ্টি না হওয়াতে বীরভূম জেলাতে কয়েকটা ব্লকে খরা কবলিত হয় এটা আমি বলেছিলাম। খরা ডিক্লেয়ার করবার কথা ছিল কিন্তু খরা ডিক্লেয়ার করেনি। বর্তমানে যা অবস্থা খরার তাতে ওই এলাকায় সমস্ত পুকুর, নদী, নালার জলা সব শুকিয়ে গেছে। পানীয় জলেরও খুব সঙ্কট। গরু, বাছুরের জল খাবার সংস্থান নেই। তাই আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে বলছি যে, অতি সত্বর যুদ্ধকালীন ভিত্তিতে এর মোকাবিলা করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

[12-40—12-50 P.M.]

**মিঃ স্পিকারঃ** মিঃ কমলেন্দু সান্যাল আপনি যে মেনশনটা দিয়েছেন সেটা আউট অফ অর্ডার। কারণ এটা স্পিকারের প্রশাসনের ব্যাপার, এটা হাউসে মেনশন করা যায় না, আমার চেম্বারে এসে কথা বলবেন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকা পান্ডুয়া থানার একটা জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রদায়িক মৌলবাদী শক্তিগুলি এখানে দারুণভাবে মাথাচাড়া দিয়ে উঠেছে। পরপর দু-একটি যে ঘটনা ঘটেছে সেক্ষেত্রে জনসাধারণ এবং পুলিশ প্রশাসন তৎপরতার সঙ্গে তার মোকাবিলা করার জন্য আমরা শান্তি-শৃঙ্খলা রক্ষা করতে পেরেছি। পান্ডুয়া থানায় আড়াই লক্ষ লোকের উপর জনসংখ্যা। একটি থানার মধ্যে অবস্থিত ১৬টি গ্রাম পঞ্চায়েত, চারটি রেল স্টেশন এবং হাইওয়ে। বেশ কিছু অপরাধ প্রবণতা সম্প্রতি এখানে দেখা যাচ্ছে। সেইজন্য সেখানে বৈঁচি এবং দ্বারবাগী প্রভৃতি জায়গায় পুলিশ ক্যাম্প বসাতে হচ্ছে। আমি সেইজন্য নিবেদন করছি, থানার একটা পুলিশ আউট পোস্ট করা হক, নাহলে থানার স্টাফ বাড়ানো হক। তা না হলে অবস্থা খুবই গুরুতর হবে।

**শ্রী রঞ্জিত পাত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার মোহনপুর থানার ব্লক স্বাস্থ্য কেন্দ্র, বাগদা স্বাস্থ্যকেন্দ্র ও সাউটিয়া সহায়ক স্বাস্থ্যকেন্দ্র দুটির ঘরগুলি বিশেষ করে অন্তর্বিভাগ ও বহির্বিভাগ-এর ঘরগুলি সম্পূর্ণ ভাবে ব্যবহারের অযোগ্য ও মেরামতের অযোগ্য ঘোষিত হয়েছে। বাগদা স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্বিভাগ দীর্ঘ সময় ধরে বন্ধ আছে। বহির্বিভাগ দ্বিতীয় ডাক্তারের বাসস্থানে কোনওভাবে চলছে। কিন্তু ঘর পুনর্নির্মাণ হচ্ছে না। অন্যান্য ঘরগুলির ফাটলে সাপের বাসা তৈরি হয়েছে। আর ঐ ঘরেই বহির্বিভাগ চলছে ও স্বাস্থ্যকেন্দ্রের কর্মীরা বিপদের মধ্যে বসবাস করছেন। বাগদা স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তার কাজ করছেন। ঐ স্বাস্থ্যকেন্দ্রের জন্য অপর ডাক্তার এখানে কাজ না করে খড়গপুর স্টেট হাসপাতালে কাজ করছেন অথচ বাগদা স্বাস্থ্যকেন্দ্র ডাক্তারের অভাবে চিকিৎসা বিঘ্নিত হচ্ছে। এলাকায় কোনও প্রাইভেট ডাক্তার নেই ফলে জনসাধারণ অসুবিধায় পড়ছেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা

সরকারের কাছে দাবি করছি, অবিলম্বে ঐ দুটি স্বাস্থ্য কেন্দ্রের ঘর পুনঃনির্মাণ করা হোক ও যাতে বাগদা স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজন মতো ডাক্তার অবিলম্বে নিয়োগ করা হয় তা তিনি দেখুন।

## ZERO HOUR

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি নার মাধ্যমে স্বরাষ্ট্র তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৩/৪/৯২ তারিখে পুরুলিয়া জেলার মাধ্যমিক শিক্ষক সংগঠনের ৩৬ জন শিক্ষক, ৪ জন শিক্ষিকা এবং তাদের সঙ্গে পুরুলিয়ার এম.পি. শ্রী বীরসিং মাহাতো ও তার দেহরক্ষী শ্রী শ্যামল দে একটি বাসে করে বহরমপুর-এ রাজ্য সম্মেলন শেষ করে রাত্রি ২-৪৫ মিনিট নাগাদ সিউড়ি দুবরাজপুর পাকা রাস্তা ধরে আসছিলেন। তারা দেখেন যে বক্রেশ্বর সেতুর উপর এক ডাকাতদল একটি ট্রাক লুঠ করতে শুরু করেছে। সেই সময় তাদের সেই বাসটি সেখানে পৌঁছে যাওয়ায় মাধ্যমিক শিক্ষক সংগঠনের সেই বাসটি তারা আক্রমণ করার চেষ্টা করে এবং লুঠপাট করার চেষ্টা করে। তখন আমাদের এম.পি. মহাশয় তার দেহরক্ষীকে গুলি করার নির্দেশ দেন। সেখানে ৪ রাউন্ড গুলি চলে এবং দুজন মারা যায়। ৩টার সময় স্থানীয় দুবরাজপুর থানায় খবর দেওয়া হয় এবং পরে পুরুলিয়াতে এসে পুরুলিয়ার এস.পি.কে ঘটনাটি জানানো হয়। সেখানে সঠিক ঘটনাটি কি তা তদন্ত করে দেখা দরকার। স্যার, সেখানে মাইল খানেক দুরে দেখা যায় একটি পুলিশ জীপ একটি ট্রাকের কাছ থেকে পয়সা নিচ্ছে। আমার দাবি, অবিলম্বে উচ্চ পদস্থ অফিসারদের দিয়ে ঘটনাটির তদন্ত করানো হোক ও ডাকাতদের ধরার ব্যবস্থা করা হোক।

**শ্রী তপন হোড় :** আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই সেটা হচ্ছে বীরভূমবাসী আমরা একটা অদ্ভুত পরিস্থিতির মধ্যে পড়েছি—রেল যোগাযোগের ব্যাপারে। সেটা হচ্ছে, দিনের পর দিন রেল ভাড়া বাড়ছে, কিন্তু রেল চলাচলে একটা অরাজক অবস্থা চলছে। রেল চলাচলে ব্যাপারে রেল কর্তৃপক্ষ দৃষ্টি দিচ্ছেন না। বীরভূমের একমাত্র ট্রেন—বিশ্বভারতী ছাড়া আসা-যাওয়ার ব্যাপারে তেমন সুবিধা নেই। আমাদের বীরভূমবাসীর দাবি, শান্তিনিকেতন এক্সপ্রেসকে দিনে দুবার করা হোক—টু আপ এবং টু ডাউন এবং তারাপীঠ প্যাসেঞ্জার—ওয়ান আপ, ওয়ান ডাউন এবং বর্ধমান—রামপুরহাট এর জায়গায় হাওড়া—রামপুরহাট করা হোক। বীরভূমবাসীর এই দাবি আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

**শ্রী সুশীল বিশ্বাস :** স্যার, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি ইতিপূর্বে গত বাজেট অধিবেশনও বলেছিলাম। নদীয়া জেলার কৃষ্ণনগর এক নম্বর ব্লকে ভীমপুর এস, কে, ইউ, এস লিমিটেড কো-অপরেটিভের নির্বাচনে অবৈধভাবে হয়েছে। যিনি নির্বাচনে দাঁড়ান নি, তাঁর নাম ব্যালট পেপারে আছে, যিনি নির্বাচনে দাঁড়িয়েছেন তাঁর নাম ব্যালট পেপারে নেই। যিনি দাঁড়িয়েছেন অথচ নাম নেই এবং যিনি দাঁড়ান নি অথচ নাম আছে উভয়েই কমপ্লেন করেছেন, A.R.C.S.-এর কাছে, কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। তাঁরা কমপ্লেন করেছেন লক্ষাধিক টাকা সমবায় সমিতির তছরুপ করা হচ্ছে। সেইজন্য এই অবৈধ নির্বাচন বাতিল করে নমিনেটেড বোর্ড করে পুনরায় নির্বাচন করা হোক। এই

বিষয়ে সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনিস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদের ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ভাঙ্গনের কথা আমরা সবাই জানি। কেন্দ্রীয় সরকার না করলে কিছু হবে না। আমার নির্বাচণ এলাকায় জলঙ্গীবাজার, বামনাবাদ, রাজাপুর—এই এলাকাগুলো ভাঙ্গনে শেষ হয়েছে এবং সেখানে লোকেরা রাস্তায় বাস করছে। পাঁচ কোটি টাকা মুর্শিদাবাদে স্যাংশন হয়েছে। আমাদের মন্ত্রী দেবব্রতবাবুকে অনুরোধ করব মুর্শিদাবাদে যেতে এবং জেলায় গিয়ে কোথায় প্রাওরিটি দেওয়া দরকার সেটা ঠিক করতে। পাড় না দিলে শেষ হতে পারে। সেখানে পাড় না দিলে ভাঙ্গনে মানুষ শেষ হয়ে যাবে।

[12-50—1-00 P.M.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুতর বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। বহু রক্তের বিনিময়ে পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ দার্জিলিং-এর পাহাড়ি এলাকায় শান্তি ফিরিয়ে এনেছে। কিন্তু সম্প্রতি দেখা যাচ্ছে—একটার পর একটা অশুভ ইঙ্গিত যে ভাবে দেখছি—আজকে আমরা দেখতে পাচ্ছি গণতান্ত্রিক ভাবে যারা নির্বাচিত হয়ে আমাদের বিধানসভার সদস্য হয়ে দার্জিলিং এলাকা থেকে এসেছেন, তাদের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে ঘিসিং এর তরফ থেকে, এবং তাদের বলা হচ্ছে পদত্যাগ করতে হবে, যাতে তারা এই বিধানসভায় না আসতে পারে। যারা ঐ এলাকার জনগণের দ্বারা নির্বাচিত হয়ে প্রতিনিধিত্ব করছেন, তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না। এইরকম একটা অশুভ শক্তি পার্বত্য এলাকায় কাজ করছে। পার্বত্য এলাকার উন্নয়নের জন্য যে টাকা তাদের দেওয়া হচ্ছে, সেই টাকা আইন অনুযায়ী তারা খরচ করছে না। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, তিনি এই সম্পর্কে হাউসের কাছে একটা বিবৃতি দিন।

**শ্রী নটোবর বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর বিষয়ে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছু দিনের মধ্যে পশ্চিমবাংলায় বিদ্যুতের অবস্থা আরও খারাপ হওয়ার সম্ভাবনা রয়েছে, যেখানে ব্যান্ডেল ইউনিট থেকে বিদ্যুত উৎপাদন হচ্ছে না, সেই সময় কাগজে দেখলাম মন্ত্রী মহাশয় বলেছেন, তিনি সানতালডি'র তিনটি ইউনিট চালু করবেন। কিন্তু আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, দুবরাজপুর থেকে সানতালডি পর্যন্ত যে রাস্তা সেই রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। সানতালডিতে কয়লা পৌঁছে দেবার ব্যাপারে লরি চলাচল করতে পারছে না, ড্রাইভাররা বলছে যে তারা ঐ রাস্তা দিয়ে ট্রাক চালাতে পারবে না। গত পরশুদিন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে আমি দেখা করেছিলাম এবং এই সম্পর্কে কথা বার্তা বলেছি। ওখানে এস.বি.এস.টি.সি.'র একটা বাস চলত, সেটাও বন্ধ করে দেওয়া হয়েছে। আগামী তিন দিনের মধ্যে রাস্তাটি বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং কয়লা না পৌঁছতে পারলে সানতালডি থেকে বিদ্যুত উৎপাদন করা সম্ভব হবে না। সুতরাং এই সম্পর্কে জরুরি ভিত্তিতে বিশেষভাবে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

**শ্রী মাণিক ভৌমিক ঃ** (অনুপস্থিত)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** থ্যাংক ইউ মিঃ স্পিকার স্যার, আপনি জানেন এখানে মন্ত্রীরা

নেই, বিষয়টা অত্যন্ত জরুরি, মানসবাবু শুধু সবং-এর কথা বলেছেন, কিন্তু এটা শুধু সবং-এর ব্যাপার নয়, সারা পশ্চিমবাংলার ব্যাপার। সাগরের এম.এল.এ'ও এই সম্পর্কে বলবার চেষ্টা করেছেন। কিন্তু সারা পশ্চিমবাংলা আজকে এই পানীয় জলের চরম সঙ্কটের মধ্যে পড়েছে। সারা পশ্চিমবাংলায় একটা বিরাট বিপদ সৃষ্টি হয়েছে, পানীয় জলের কোথাও স্বাভাবিক অবস্থা নেই, জলের স্তর খুব নিচে নেমে গেছে। একটানা খরা চলছে, স্বাভাবিক বৃষ্টিপাত নেই দীর্ঘদিন, কোথাও প্রচন্ড খরা চলছে, তাপ মাত্রা এত বেশি হচ্ছে, এটা গোটা পশ্চিমবাংলার শহর এবং গ্রামাঞ্চলের সঙ্কট। এখানে পার্লামেন্টারি মিনিস্টার আছেন, তাঁকে বলুন মাননীয় এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে এখানে আসার জন্য, তিনি ইমিডিয়েটলি বসুন, মুখ্যমন্ত্রীর আজকে এখানে বাজেট আছে, তাঁকে বলুন ইমিডিয়েটলি এই সম্পর্কে মন্ত্রিসভার বৈঠক করুন এই পানীয় জলের অভাব দূর করার জন্য এবং এর জন্য একটা ক্রাশ প্রোগ্রাম করুন, কী পরিকল্পনা করা যায় এই সম্পর্কে আলোচনা করুন। এখানে এখন প্রচন্ড খরা চলছে এক টানা ভাবে। স্বাভাবিক বৃষ্টিপাত বহুদিন হয়নি। তাপমাত্রা খুব বেশি। স্বাভাবিকের চেয়ে প্রতিদিন দু চার ডিগ্রি করে বেশি হয়ে যাচ্ছে। এই অবস্থায় সরকার নীরব দর্শক হয়ে রয়েছেন, কোনও চেষ্টা আমরা দেখছি না। ইমিডিয়েটলি একটা ক্রাশ প্রোগ্রাম করুন এবং ইমিডিয়েটলি ইমপ্লিমেনটেশনের ব্যবস্থা করুন। জলকষ্ট দূর হোক, এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** প্রবোধবাবু, (শ্রী প্রবোধচন্দ্র সিংহ) আজকে অনেক মাননীয় সদস্য পানীয় জলের প্রশ্নটি এখানে তুলেছেন। সুতরাং এ বিষয়ে যদি শ্রী গৌতম দেব বা সংশ্লিষ্ট অন্য কোনও মন্ত্রী একটা বিবৃতি দেন তাহলে ভাল হয়। কালকে সম্ভব হবে না। পরশু কিম্বা ১০ তারিখ দিতে হবে, কারণ ১০ তারিখের পর ১৮ই মে পর্যন্ত বিরতি থাকবে। খরা পরিস্থিতি নিয়ে ১০ তারিখে যাতে একটা স্টেটমেন্ট দেওয়া যায়, সেটা একটু দেখুন। পানীয় জল নিয়ে সরকার কি চিন্তা ভাবনা করছে, জানান।

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I will request the Hon'ble Minister to make a statement on the 10th April.

(At this stage the House was adjourned till 1-45 P.M.)

(After recess)

[1-45—1-55 P.M.]

## POINT OF ORDER

**শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি গুরুত্বপূর্ণ পয়েন্ট অফ অর্ডার আছে। আমার সন্দেহ নেই, আমি যা বলছি মুখ্যমন্ত্রী আমার সঙ্গে একমত হবেন। মুখ্যমন্ত্রীর বক্তৃতাটা কোনও একজন আমলা লিখেছে, অপরিপক্ক, রাজনীতি জানে না, কি হচ্ছে তাও জানে না। একটা শব্দ—পাঞ্জাবে আমি ৪ বছর ছিলাম, কেউই আমরা ব্যবহার করিনি। সি.পি.এম থেকে হরকিষণ সিং সুরজিৎ—ফোন করে দেখুন—সি.পি.আই-য়ের অবতার

মালহোত্রা, কংগ্রেস থেকে বিয়ন্ত সিং, আকালির (বাদল) (তোহরা) সকলেই আমাকে জানিয়েছে, এটা অত্যন্ত খারাপ কথা হচ্ছে, শিখ টেরোরিস্ট বলা হবে কেন? শিখ টেরোরিস্ট বলা হবে কেন? শিখ টেরোরিস্ট বলা উচিত নয়। জ্যোতিবাবুর ইমেজ আছে পঞ্জাবে, তার বক্তৃতাগুলি দেখতাম, শিখ টেরোরিস্ট কথাটা ব্যবহার করত না। এই স্পিচে, মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর বক্তৃতায় প্যারাগ্রাফ ১১তে শিখ টেরোরিস্ট কথাটা ব্যবহার হয়েছে। শিখ টেরোরিস্ট Sikh terrorists have in general not been active in the State. However, in January, 1991, police had to engage in a prolonged series of encounters with three marauding Sikh terrorists in Purulia. Three Sikh terrorists who had extorted money from sikh businessman etc. শিখ টেরোরিস্টস অত্যন্ত অবজেকশনাবেল কথা। দূরদর্শনে যখন শিখ টেরোরিস্টস বলা হত, আমি গিয়ে প্রতিবাদ করেছিলাম কেন্দ্রে। রাজীব গান্ধী তখন এটা মেনে নিয়ে দূরদর্শনকে বলব, শিখ টেরোরিস্ট কথাটা আর বলবে না। শিখ টেরোরিস্টস কথাটা বন্ধ হয়ে গেছে। ভারতবর্ষে বন্ধ হয়ে গেছে ৩।৪ বছর। আর এই শিখ টেরোরিস্ট কথাটা এই ব্যুরোক্রাট মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর বক্তৃতায় লিখেছে, অম্লানবদনে লিখে গেল, না জেনে ব্যাপারটা লিখে দিল শিখ টেরোরিস্টস, শিখ টেরোরিস্টস, শিখ টেরোরিস্টস। এটা অত্যন্ত অন্যায়। মাননীয় মুখ্যমন্ত্রী বলুন এই শিখ টেরোরিস্টস কথাটা বাদ দিতে। এটা সারা ভারতবর্ষে যাবে, খুবই খারাপ জিনিস হবে। আমি তো ৪ বছর ছিলাম পাঞ্জাবে, জ্যোতিবাবুর ইমেজ আছে পঞ্জাবে। কেন আছে? বাঙালি নেতা হিসাবে, সেকুলার বলে আর পঞ্জাবে বাঙালিদের অন্যরকম চেহারা। রবীন্দ্রনাথ জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের পর নাইট হুড উপাধি ছেড়ে দিয়েছিলেন। একটা চমৎকার চিঠি লিখেছিলেন। দেশবন্ধু চিত্তরঞ্জন, তখনও তিনি দেশবন্ধু হননি, প্র্যাকটিস করতেন, জালিয়ানওয়ালাবাগে যেই ঘটনা ঘটল সঙ্গে সঙ্গে ছেড়ে দিয়ে ৪ মাস ধরে অমৃতসরে ছিলেন। কংগ্রেসের নন-অফিসিয়াল এনকোয়ারি কমিশন হয়, তিনি তার চেয়ারম্যান ছিলেন। সেই অমৃতসরে আমি যখন যেতাম তখন অনেক শিখ আমাকে সেই বাড়িটা দেখিয়েছে যেখানে দেশবন্ধু ৪ মাস ধরে ছিলেন, খুবই শ্রদ্ধা সহকারে। আমি প্যারোকিয়াল হচ্ছি না, বাংলাদেশের মানুষের উপর তাদের একটা বিশ্বাস আছে। সুতরাং বাংলার মুখ্যমন্ত্রী বলবেন শিখ টেরোরিস্ট! আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, ঐ শিখ টেরোরিস্টস কথাটা বাদ দিন প্যারাগ্রাফ ১১ থেকে এবং যেখানে যেখানে ব্যবহার করা হয়েছে। তারপর আমার বক্তৃতা আমি পরে রাখব। এটাই আমার অনুরোধ। তা যদি না হয় তাহলে আমার অবজেকশনটা আমার পার্টির অবজেকশনটা পুরোবাবে জেনে রাখুন, উই object to the use of the word Sikh terrorists. এটা আমাকে সি.পি.এম থেকে বলেছে, সি.পি.আই থেকে বলেছে, কংগ্রেস থেকে বলেছে, অকালি থেকেও বলেছে। এমন কি বি.জে.পি. থেকেও বলেছে যে শিখ টেরোরিস্টস কথাটা ব্যবহার করা উচিত নয়। এটাই আমার অনুরোধ।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আগে এটার ফয়শালা করুন, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য রাখুন।

**মিঃ স্পিকার ঃ** দ্যাট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার। ইট ইজ পেজেন্ট অফ ওপিনিয়ন অন এ সার্টেন স্টেটমেন্ট অফ ফ্যাক্ট। আপনি আপনার বক্তব্য রাখুন।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No-21

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা আমাদের গুরুতর আপত্তি রেখে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন ৩টি জিনিসের পরিবর্তন হয় না। আমরা জানতাম পৃথিবীতে দুটি জিনিসের পরিবর্তন হয় না, শয়তান এবং ভগবানের যেমন কোনও পরিবর্তন হয় না, তেমনি কমিউনিস্টদের কোনও পরিবর্তন হয় না আমরা এখানে দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী, যতদিন পুলিশ মন্ত্রী আছেন সেই পুলিশ মন্ত্রীর বক্তব্যে কোনও পরিবর্তন নেই। আমরা দেখতে পাচ্ছি এই ১৫ বছরে একাধিক বার একই বক্তব্য দেখছি এবং আজকে ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গে never before the country needs the service of police, the vigilance of police, responsibility of police as it is today. প্রসঙ্গক্রমে মাননীয় মুখ্যমন্ত্রী আজকে এখানে বলেছেন যে, দেশের যে সমস্যা দেখা দিয়েছে, যে বিচ্ছিন্নতাবাদ, সাম্প্রদায়িকতা এবং হিংসা, সমাজবিরোধীদের দাপট, মহিলাদের উপর অত্যাচার এবং দুষ্কৃতকারীদের দাপট আজকে যে অবস্থায় পৌছেছে আজকে সি.পি.এম. বিশ্বব্যাপী যখন লিকুইডিশনে গেছে কমিউনিস্ট মেলটেড অ্যাওয়ে তখন দেখছি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর পরিবর্তন নেই। কারণ বলেছি ভগবান, শয়তান এবং কমিউনিস্টদের কোনও পরিবর্তন হয় না। তেমনি বাংলার মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কোনও পরিবর্তন হয় নি, এঁর অ্যাটিচিউট আমরা এখানে দেখতে পাচ্ছি। আপনি এখানে কি করেছেন? এতগুলি দেশের সমস্যার কথা আজকে শুনিয়েছেন, সেই সমস্যাগুলির মোকাবিলার কি দায়িত্ব পালন করেছেন? পুলিশ বিভাগে যখন ১৯৭৬-৭৭ সালে মাননীয় সিদ্ধার্থ রায়ের সরকার চলে গিয়েছিল, আপনি এসেছিলেন তখন পুলিশের বরাদ্দ ২৯ কোটি টাকা ছিল। আজকে—গত বার আপনি ৩৩২ কোটি টাকা করেছিলেন এবং সাপলিমেন্টারি বাজেটে ২.৫ কোটি টাকা করেছিলেন, আজকে ৩৪৮ কোটি টাকার বাজেট কি জন্য এনেছেন? আপনার দলের সকলের, দুবৃত্তদের প্রশ্রয় দেখার জন্য, সমাজবিরোধীদের উস্কানি দেবার জন্য ঐ যে চিৎকার করছে আপনাদের দলের কর্মীদের উস্কানি দেবার জন্য এসেছেন? আজকে শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় ৮ বছরের মেয়ের উপর সি.পি.এমের ধর্ষণের কথা বলেছেন। আজকে সমাজে দুর্বৃত্তদের দাপট, যদি সি.পি.এম.দের লক্ষ্য করা যায় মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি কি দেখতে পাচ্ছেন? সেজন্য পুলিশের বরাদ্দ মঞ্জুরি করতে হবে? বলুন কেন পুলিশকে অনুমতি দিয়েছেন, ৩৪ প্যারাগ্রাফ আর দেয়ার, অবজেকশনেবল প্যারাগ্রাফ আপনি সাধারণ মানুষকে ধরে এনেছেন। আমাদের আইনের সিদ্ধান্ত আনলেন unless he is proved guilty, he is innocent আপনার পুলিশকে সাধারন মানুষকে ধরে আনতে বলেছেন, ধরে নিয়ে এসে পুলিশ লক আপে আপনাদের সরকারি হিসাব মতো ৮১ জন আর আমাদের বেসরকারি হিসাব হচ্ছে মোর দ্যান 150 men have been killed in the police custody. গত পরশু দিন কাগজে বেরিয়েছে ২২ জনকে হত্যা করেছে। আবদুল করিম চৌধুরি মহাশয় বললেন যে এখুনি হত্যা করেছে।

[1-55—2-05 P.M.]

আপনার কাছে চিঠি লিখেছি। আপনি...(**নয়েজ অ্যান্ড ইনটারাপশন**) ওরা খুনী, ডাকাত।

ওরা ডাকাতি করতে যায়। ওগুলো ডাকাত। ওখানে আপনার পুলিশ মানুষ হত্যা করেছে। ২১শে নভেম্বর আপনার পুলিশ ধরে নিয়ে গেল হরিরামপুরের হাপিজুর রহমানকে। থানায় তাকে মেরে মরনাপন্ন অবস্থা করে তার একটি চোখ উপড়ে ফেলেছে। এই ব্যাপারে চিঠি লিখেছিলাম। আপনি ব্যস্ত মানুষ, আপনার প্রাইভেট সেক্রেটারি লিখে জানিয়েছিলেন—ইট ইজ রিসিভিং ইওর অ্যাটেনশন। তার চোখটা পর্যন্ত উপড়ে নিয়েছে। এই যে তার ফটো (মিঃ স্পিকারকে দেখিয়ে)। এই ফটো দিয়ে চিঠি লিখি ডিরেকটরকেও। আপনার সেক্রেটারি বলেছিলেন—রিসিভিং অ্যাটেনশন। এইরকম ৮১টি কেস হয়েছে। কে আজকে এই অধিকার দিয়েছে পুলিশকে? তারা কি ভগবান হয়ে গেছে যে, মানুষ মারবেন? **(নয়েজ অ্যান্ড ইনটারাপশন)** আজকে এই অবস্থা হয়েছে। মানুষ হত্যা করবার এই অধিকার পুলিশ কোথায় পেয়েছে? এই পুলিশ আপনাদের সাহায্য করেছে ইলেকশন রিগিং করতে। কংগ্রেসকে তারা ধ্বংস করেছে, সেজন্য পুলিশকে এই অধিকার দিয়েছেন। অন্যায়ভাবে বিরোধী প্রতিপক্ষকে দমন করবার জন্য এই অধিকার (নয়েজ অ্যান্ড ইনটারাপশন) বারবার বলেছি, আজকে কি অবস্থা হয়েছে? আপনি পুলিশকে ব্যবহার করছেন প্রতিপক্ষকে দমন করবার জন্য। কে এই অধিকার দিয়েছে তাদের? আজকে বাংলার পুলিশের সঙ্গে শয়তানের প্রভেদ কোথায়? সেই পুলিশকে একটার পর একটা ক্ষমতা দিচ্ছেন! মহারাষ্ট্রে দাঙ্গা হচ্ছে, উত্তরপ্রদেশে দাঙ্গা হচ্ছে, কিন্তু বাংলা পরিষ্কার ছিল। সাম্প্রদায়িক দাঙ্গা এখানে হয়নি। আপনার আমলে আজকে এখানে সাম্প্রদায়িক উস্কানি পরোক্ষভাবে দিয়েছেন, বি.জে.পি-কে উস্কানি দিয়েছেন। আপনি এখানে ইট পূজা করতে দিয়ে সেই ইটকে গার্ড দিয়ে নিয়ে গেছেন। কিন্তু উই ওয়ান্ট কমিটেড কাউন্সিল, বাট নট কমিটেড জাজেস। আজকে একথা স্বীকার করবেন।

আপনি সংবাদপত্রে দিয়েছেন যে, অন্যত্র এত এত খুন হয়েছে, কিন্তু এখানে মাত্র ১,৭০০ জন হত হয়েছে। কিন্তু আপনার ১৫ বছরের রাজত্বে ২৮,০০০ মানুষকে খুন করেছেন। আমার জেলাতেই ১,১০০ জন মানুষকে খুন করেছেন। গতবার বিরোধী দলনেতা এই সভায় প্রমাণ করেছিলেন যে, আপনারা তার বিরুদ্ধে যে অভিযোগ করেছিলেন তা অসার। কোনও সি.পি.এম. খুন হয়নি ১৯৭২ থেকে ১৯৭৭ সালে সেটা তিনি প্রমাণ করেছেন। আজকে আপনি প্রতিপক্ষকে জব্দ করবার জন্য পুলিশকে ব্যবহার করছেন, মানুষ বিচার পাচ্ছেন না। খবরের কাগজগুলি তাদের স্বাধীনতা হারিয়ে ফেলেছে। সংবাদ মাধ্যমগুলিকে আজকে জব্দ করবার জন্য প্রস্তুতি নিচ্ছেন। আপনি দলের স্বার্থে বিচার বিভাগকে আপনার নিয়ন্ত্রণে আনবার চেষ্টা করছেন। এটা ডেমোক্রাসির পক্ষে অত্যন্ত মারাত্মক। উই ওয়ান্ট কমিটেড কাউন্সিল, বাট নট কমিটেড জাজেস। আপনি আপনার পার্টিকে দিয়ে বিভিন্নভাবে এই পরিবেশ সৃষ্টি করবার চেষ্টা করছেন। আজকে অন্যায় করবার জন্য পুলিশের কি শাস্তি হয় মানুষ তা জানতে চায়। তিনজন পুলিশের চাকরি গেছে বলেছেন। কি ব্যবস্থা করেছেন? আজকে জিজ্ঞাসা করি পুলিশের জন্য এই যে হিউজ পারচেজ করা হয়, চার আনা করে চাল দিতে হয়, আট আনা করে চিনি দিতে হয়, এইভাবে তেল এবং অন্যান্য জিনিস পুলিশের জন্য পারচেজ করা হয়, এগুলি কার মাধ্যমে করা হয়, এর জন্য কি টেন্ডার ডাকা হয়? আজকে বাইরে থেকে যে সমস্ত জিনিস কিনতে হয় তার জন্য কোনও টেন্ডার ডাকা হয় কি না, আপনার কোনও টেন্ডার ডেকেছেন কিনা? আজকে পুলিশের জন্য কম্বল আসছে,

পুলিশের জন্য কাপড় কেনা হচ্ছে, পোষাক-পরিচ্ছেদ কেনা হচ্ছে, অন্যান্য সাজ-সরঞ্জাম কেনা হচ্ছে, অথচ কোনও টেন্ডার ডাকা হয়না। এই সব দুর্নীতির কথা আমরা কোথায় বলব? আজকে পুলিশ কাস্টোডিতে যে সমস্ত মানুষকে আপনারা হত্যা করেছেন তারজন্য ক্ষতিপূরণ দিয়েছেন কিনা? আজকে তাদের জন্য একফোঁটা চোখের জল ফেলছেন না। আপনারা ক্ষমতায় আছেন বলে মানুষকে হত্যা করবেন, এসব চলতে পারেনা। আপনাদের এই অধিকার কে দিয়েছে? (... গোলমাল ...) আপনার কিছু চামচা আছে, কিছু পা চাটার দল আছে। আমি জানি তারা আপনার জন্য এগিয়ে আসবে। আজকে আপনি পুলিশরাজ তৈরি করেছেন আপনার গদী রক্ষার জন্য, আপনার চামচাদের রক্ষার জন্য, সম্পদ রক্ষার জন্য। আজকে বিরোধী রাজনৈতিক দলকে খতম করবেন, বিচার ব্যবস্থাকে খতম করবেন, সংবাদপত্রের স্বাধীনতাকে খতম করবেন, মানুষের নাগরিক অধিকারকে খতম করবেন, সংবিধান বিরোধী কাজ এর চেয়ে বেশি আর কিছু হতে পারেনা। আজকে পশ্চিমবঙ্গকে যে অবস্থায় নিয়ে এসেছেন তাতে এখানে কোনও আইন-শৃঙ্খলা বলে কিছু নেই, রুলস অব ল বলে এখানে কিছু নেই। আজকে সভ্যতা ভদ্রতা সব কিছু আপনারা বিসর্জন দিয়ে চলেছেন। আজকে কয়টা প্রসিকিউশন হয়েছে? কয়টার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন? কয়জনকে জেলে পাঠিয়েছেন? ...(**গোলমাল**)... আজকে এখানে এরা চিৎকার করছে। এই পা চাটার দল যারা এখানে চিৎকার করছে তাদের জায়গা হচ্ছে দমদম জেলে, তাদের জায়গা হওয়া উচিত মুর্শিদাবাদের বহরমপুর জেলে। আজকে নাইনথ ফিনান্স কমিশন টাকা দিয়েছে পুলিশের মডার্নাইজেশনের জন্য। আজকে ইলেকট্রনিক টেকনোলজির যুগে, বিজ্ঞানের যুগে পুলিশের ইমপ্রুভমেন্টের জন্য যে টাকা দিয়েছে, মাইক্রো-ইলেকট্রিক ইমপ্রুভমেন্টের জন্য যে টাকা দিয়েছে, সেই টাকা ১০ বছরে আপনারা খরচ করতে পারেন নি। আজকে সে সব কথা কোথাও লেখা নেই। আপনি প্লানিংয়ের জন্য খরচ করছেন লেস দ্যান এ ক্রোড়। ২১নং খাতে যে সব প্ল্যান রয়েছে সেগুলি সবই প্রায় নন-প্ল্যান্ড এক্সপেনডিচার। পুলিশের উন্নয়নমূলক ট্রেনিংয়ের জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন সে সম্পর্কে কিছু দেখছি না। পরিশেষে একথা জানাই যে একসঙ্গে অনেকগুলি দল থাকলেও সমাজের সভ্যতাকে, সমাজের অগ্রগতিকে ধ্বংস করা যায়না। আজকে আপনাকে যে ভাবেই হোক ডিগনিটি অব ম্যান অ্যান্ড হিউম্যানিটিকে রক্ষা করতে হবে। আপনাদের আমলে এই টুইন পসিবিলিটিকে রক্ষা করার কোনও সম্ভাবনা দেখছি না। পরিশেষে একথা বলব যে ক্রাইম এগেনস্ট ওম্যান—এই সম্পর্কে যে তথ্য দিয়েছেন সেটা ডিসপ্রপর্শনেট। গভর্নমেন্ট অব ইন্ডিয়া নামক পুস্তিকাতে ওরা যা দেখিয়েছে সেই তুলনায় আপনি এখানে কম দেখিয়েছেন। কিন্তু এখানে মলেসটেশন, রেপ, এবং অন্যান্য জিনিস হামেশাই ঘটে চলেছে। এর কারণ কি? এর কারণ হচ্ছে, ইউ আর অ্যাকাস্টমড টু দিস। ইউ আর ডুইং ইট। ইউ আর এনকারেজিং দিস। ইউ আর শেলটারিং দি ক্রিমিন্যালস বিহাইন্ড ইট। আজকে ভারতবর্ষের ইতিহাসে এই জিনিস কখনও হয়নি। আজকে সেজন্য আপনাকে বলব যে মেয়েদের নিরাপত্তা আজকে আপনাকে নিশ্চিত করতে হবে।

[2-05—2-15 P.M.]

মানিকচকে যে ঘটনা ঘটে গেল আজকে সেই কথা আপনাকে বলতে হবে। আজকে সমস্ত জবাব আপনাকে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাস করি পশ্চিমবাংলায়,

বাস করি বর্ডারে। আপনি সেই দিন বলেছিলেন মিষ্টি কথায়, ভাল কথা যে প্রতিবেশীর সঙ্গে ভাল সম্পর্ক রাখতে চান। আজকে এসে যে ব্যাপারে বিবৃতি দেবার কথা দিলেন না, দিলেন ঝাড়খন্ড সম্পর্কে। আপনি দার্জিলিং সম্পর্কে বললেন না। আমরা মনে করি দার্জিলিং-এ কোনও প্রবলেম ছিল না। আপনারা পার্টিকে এনগেজ করে, পুলিশকে এনগেজ করে ল এনফোর্সিং এজেন্ট হিসাবে কাজ করাতেন তাহলে দার্জিলিং-এর অবস্থা এই রূপ হতে পারত না। আজকে নিশ্চয়ই বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে উঠেছে। একটার পর একটা সমস্যা উঠেছে বাংলাকে ভাগ করার জন্য। আপনি এই সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেবেন। আমাদের আশঙ্কা আপনারা পার্টি ক্যাডার দিয়ে মোকাবেলা করতে চান। তা না করে আইনের মাধ্যমে সবাইকে ইনভলভড করে, পিপলকে ইনভলভড করে ল এনফোর্সিং এজেন্সিকে কাজে লাগিয়ে আজকে বাংলাকে রক্ষা করতে হবে। এই কথা বলে যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। প্রথমেই বিরোধী দলের নেতা যে প্রশ্নটা তুলেছেন আই ফাইন্ড নো হার্ম টু ইট। দিস ইজ টু মাই অপিনিয়ন। যখন শিখ রেজিমেন্ট থাকে তখন শিখ, যখন টেররিস্টে থাকে তখন শিখ টেররিস্ট। ফলে স্যার, this is absolutely to my opinion. এখানে আমি ডাঃ জয়নাল আবেদিন সাহেবের এই গন্ডোগোলের মধ্যেও কয়েকটি কথা বোঝবার চেষ্টা করেছি। কয়েকটি বিষয় আমি শুনলাম। প্রথমেই আমার বক্তব্য হচ্ছে, এই বাজেট বরাদ্দ সমর্থন করতে গিয়ে যেটা আমাদের মনে হয়েছে তা হল উনি যে সব চার্জ আমাদের সামনে করলেন এটা নতুন কিছু নয়। কংগ্রেস বেঞ্চ থেকে আমাদের বিরুদ্ধে এই ধরনের অভিযোগ—কতকগুলি একেবারে কমন—আমাদের সামনে হাজির করেন বার বার। আমি একটু জয়নাল আবেদিন সাহেবকে কিছু কথা জিজ্ঞাসা করব। এই যে আইন-শৃঙ্খলা নেই, অপরাধ বেড়েছে, প্রশাসন ভেঙ্গে পড়েছে, নারী নির্যাতন বেড়েছে এই সব তো আপেক্ষিক কথা। আপেক্ষিক এই অর্থে বলতে চাই তুলনা কার সঙ্গে করবেন? একটা তুলনা তো করতে হবে। সেটা আপনারা করতে পারেন নি, আমি নিজের থেকে একটু মিলিয়ে দেখে তুলনা করার চেষ্টা করি। আমি মনে করি সারা ভারতবর্ষে কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত বিচ্ছিন্নতাবাদী এবং সন্ত্রাসবাদী শক্তি উদ্বেগের কারণ হয়ে আমি একটা কথা বলি অন্ধ্রপ্রদেশ আমাদের ভারতবর্ষের বর্তমান প্রধানমন্ত্রীর নির্বাচন কেন্দ্র, কংগ্রেসিদের সামান্য লজ্জা হওয়া উচিত, সেখানে যা ঘটেছে সেজন্য। সেখানে অম্বা দাস নামে একজন হরিজন কনস্টেবল বৃষ্টির সময়ে একটা মন্দিরে আশ্রয় নিয়েছিল। তাকে পিটিয়ে পিটিয়ে খুন করা হল, কেন না .সে হরিজন কনস্টেবল। এই হল আমাদের কংগ্রেসি রাজ্য। আর একজন হরিজন মহিলা কি করল তাকে। রেড্ডি পরিবারের একজন মেয়েকে পালিয়ে যেতে সাহায্য করেছিল, তার কেস পুলিশ নিল না, উলঙ্গ করে ঘুরিয়ে ঘুরিয়ে বেড়াল। এটা আপনারা এই রাজ্যে বসে ভাবতে পারেন? এইটা সভ্য জগতের কলঙ্ক। কি হল কি? হরিজন ক্ষেতমজুররা ওই দুষযনা গ্রামে রেড্ডী পরিবারের বিরুদ্ধে মজুরি বৃদ্ধির আন্দোলন করছিল, সে জায়গাটা আপনি জানেন স্যার নান্দিয়াল, পার্লামেন্টারি কন্সটিটুয়েন্সি অফ শ্রী পি, ভি, নরসিমা রাও, সেখানে কি করল, তাদের রাস্তায় বেঁধে জলে ফেলে দিল।

১৫টা ডেড বডি সেখানে থেকে পাওয়া গেল। এই হল আপনাদের কংগ্রেসি শাসিত রাজ্যে তফসিলি জাতি এবং উপজাতিদের অবস্থা। দেখা দিয়েছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী উগ্রপন্থীদের দ্বারা নিহত হয়েছেন। সাম্রাজ্যবাদীদের মদত আছে এর পেছনে। সাম্রাজ্যবাদী শক্তি আমাদের অর্থনীতির উপর প্রভাব বিস্তার করছে, তার সুবাদে দেশের অভ্যন্তরে আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছে এ ছাড়া আমরা অবশিষ্ট ভারতবর্ষের দিকে দেখলে কি দেখব? কাশ্মীর সাম্প্রদায়িকতাবাদের তীর্থ ক্ষেত্রে পরিণত হয়েছে। বি.জে.পি রথযাত্রা করে সমস্যার সৃষ্টি করেছে। তারপর যদি আসামের ব্যাপারে দেখেন তাহলে কি দেখব? আসামে উগ্রপন্থীদের ধরবার ব্যাপারে শাইকিয়া প্রশাসন ব্যর্থ হয়েছে। সেখানে মিলিটারি নামানো হয়েছে, প্যারা-মিলিটারি নামানো হয়েছে, সেখানে সি.আর.পি নামানো হয়েছে। সেখানে প্যারা-মিলিটারি, সি.আর.পি উগ্রপন্থীদের খোঁজার নাম করে সাধারণ মানুষের উপর নির্বিচারে নিপীড়ন করে চলেছে।

স্যার, কিছুদিন আগে স্বরাষ্ট্রমন্ত্রী পার্লামেন্টে বলেছেন যে আসামে এই সমস্ত মিলিটারির কর্মকান্ড পরিচালনা করতে গিয়ে প্রতি মাসে ৬ কোটি ৩০ লক্ষ টাকা করে ব্যয় হচ্ছে। এই টাকার নূন্যতম সেখানকার উন্নয়নের কাজে ব্যয় হচ্ছে না। তৃতীয়ত হচ্ছে পাঞ্জাব। লোকসভার কিছু আসন বাড়াবার জন্য সেখানে একটা নির্বাচন করা হল। প্রেস নোটে বলা হল ৩০ পারসেন্ট ভোট পোল হয়েছে। কিন্তু অ্যাকচুয়ালি হয়েছে ২১ পারসেন্ট। রাজীব গান্ধী-লাঙ্গোয়াল চুক্তি সেখানে বাতিল করে দিলেন। কোনও কিছুকে সমাধান করলেন না। সেখানে একশো ব্যাটালিয়ান আর্মড ফোর্স নিয়ে যাওয়া হল ৫৩,০০০ পুলিশ থাকা সত্ত্বেও। এস.বি. চহ্বন সেখানে একটা জায়গা—জাগরাও—থেকে ফিরে এলেন ২৬শে ডিসেম্বর, '৯১। ৫৩২ জনকে সেখানে খুন করা হল। ৮ই জানুয়ারি মিল শ্রমিক এবং ১০ই মার্চ ইঞ্জিনিয়ারকে খুন করা হল। ২০শে মে, '৯১ রাজীব গান্ধী ম্যাড্রাসে খুন হলেন। রাজীব গান্ধীকে হত্যা করার পরে উগ্রপন্থীদের জয়ললিতার সরকার ধরতে পারলেন না। এখন তাঁর নিজের প্রাণ সংশয় দেখা দিয়েছে, নিজে বিপন্ন বোধ করছেন। সেখানে পুলিশ এবং সি-আর-পি.র সামনে সমস্ত হত্যার ষড়যন্ত্রকারীরা এক এক করে পটাশিয়াম সায়নাইড খেয়ে মারা যাচ্ছে। তাদের ধরা যাচ্ছে না। এবারে চলে আসুন ত্রিপুরাতে। কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল—২৭-২৮ ডিসেম্বর, '৯১ তারিখে রাজ্যপালদের একটা অধিবেশন হয়ে গেছে। সেখানে ত্রিপুরার রাজ্যপাল ৩০ পাতার একটা চিঠি দিলেন রাষ্ট্রপতির কাছে। তাতে তিনি প্রস্তাব করেছিলেন যে, ত্রিপুরাতে আইন-শৃঙ্খলা ভেঙে গেছে। পুলিশ প্রশাসনের উপরে মানুষ আস্থা রাখতে পারছে না। এখানে প্রশাসন নিষ্ক্রীয় এবং সমাজবিরোধীদের অবস্থা রমরমা। এখানে '৮৬ সালের এপ্রিল থেকে '৯০ সালের জুলাই পর্যন্ত ২২৩টি ধর্ষণের ঘটনা ঘটেছে। ৩১২টি মহিলাদের উপরে শ্লীলতাহানীর ঘটনা ঘটেছে। সুপ্রিমকোর্টে বিচারের জন্য গেছে ১১৮টি উজান ময়দানের ঘটনা। ৩০শে মার্চ ওদের বিধানসভায় এটা বলা হয়। এই হল ত্রিপুরা রাজ্যের অবস্থা। এবারে চলে যান মহারাষ্ট্রে। জয়নাল সাহেব, এখানে বিশ্বকাপ ক্রিকেটের উপরে পাকিস্তানের ব্যাপারে সর্বসম্মত প্রস্তাব নেওয়া হয়েছিল। সেই দলটি যখন এখানে খেলতে এল, বোম্বের ওয়াংখেড়ে স্টেডিয়াম 'এর পিচ খুঁড়ে দেওয়া হয়েছিল। মহারাষ্ট্রের কংগ্রেস দল আর তাদের সাঙাৎ শিবসেনা তারা বলল যে, এখানে খেলতে দেব না। আমাদের রাজ্যে এটা আমরা ভাবতে পারি না। কর্ণাটকে

কাবেরীর জল নিয়ে ১৩ই ডিসেম্বর ওখানে বন্ধ হল। পুলিশ ৫৩ রাউন্ড ফায়ার করল, ১৬ জন মারা গেল। ৭২টি ইন্ডাস্ট্রির ১৬ কোটি টাকা ক্ষতি হল। ২ কোটি টাকার প্রাইভেট 'প্রপার্টি নষ্ট হল। আর্সন হল, ১২টি আগুনে পোড়ার কেস হল। ২৪শে অক্টোবর, '৯১ তারিখে সেখানে আমাদের স্টেট পার্টির মেম্বার টোকনাথ নেপা, তাকে পুলিশ ধরল। তাকে উলঙ্গ করে বাজারে ঘোরানো হল। ঠিক ইলেকশনের আগের দিন আমাদের পার্টির অফিস ভেঙে দেওয়া হল। এই হল সেখানকার রাজত্বের অবস্থা। অন্যদিকে এবারে চলে যান অন্ধ্রপ্রদেশে। সেখানে নকশালদের আক্রমণে চলন্ত ট্রেনে জীবন্ত দগ্ধ করে দিল ৫৩ জনকে। কেউ সেখানে ধরা পড়ল না। এবারে চলে আসুন হরিয়ানাতে। সেখানে ৩০ জনকে ওরা খুন করেছে। ইউ.পি.তে ২৪ জনকে খুন করেছে। ১৭ই অক্টোবর, '৯১ তারিখে নেয়ার টু ইউ.পি., সেখানে পাঞ্জাবের টেররিস্টরা ৭ জনকে খুন করেছে। এই হল অস্থির ভারতবর্ষ। আমাদেব রাজ্যে এই অস্থিরতার অবস্থা নেই। আজকে ১৫ বৎসর ধরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে।

[2-15—2-25 P.M.]

স্যার, আমি এই সুবাদে বিরোধীদলের সদস্যরা যাই মনে করুন এই শুভ বুদ্ধির সুবাদে স্বাধীনোত্তর ভারতবর্ষে সব থেকে দীর্ঘ সময়ে একটি রাজ্যে প্রশাসনের শীর্ষে থাকার জন্যে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন জানাচ্ছি। এখন আমাদের রাজ্যের পরিস্থিতিটা কি? আমাদের রাজ্যের পরিস্থিতি ব্যাখ্যা করতে গেলে প্রথমেই বলতে হবে যে আজকে শিল্পপতিরা বিনিয়োগ করতে চাইছেন। এখানে সমস্ত ভাষা-ভাষি সম্প্রদায়ের মানুষেরা এখানে নিবিড় নিরাপত্তা বোধ করছেন। ডাঃ জয়নাল সাহেব আজ অন্তত প্রতারিত করবেন না। আপনার রাষ্ট্র গুজরাট, মহারাষ্ট্র থেকে মানুষ আজকে কলকাতায় আসতে শুরু করেছে। কেন, না একটু শান্তির খোঁজে। আজকে অন্য কোনও রাজ্যে শান্তি নেই, এটাই হল একমাত্র শান্তির রাস্তা। এবং সেনসাস অনুযায়ী জনসংখ্যা বৃদ্ধির এটাই অন্যতম কারণ। বিভিন্ন দেশের ভাষাভাষি মানুষরা আজকে আমাদের রাজ্যে আসছে। এইরকম একটা সাংঘাতিক পরিস্থিতির মধ্যে দিয়েও এই রাজ্যের পরিবেশ খুব ভালো বলেই এই রাজ্যের অগ্রগতি ঘটছে। এখানে যে বাজেট স্পিচ দেওয়া হয়েছে তাতে দেখা গেছে যে চাল উৎপাদনে আমরা প্রথম সারিতে আছি। আলু উৎপাদনে দ্বিতীয় সারিতে এবং মৎস্য উৎপাদনে প্রথম জায়গায়। এখানে শিল্পোন্নয়ন হচ্ছে, শিল্পপতিরা আজকে আসতে আরম্ভ করেছে এবং এর ফলে আজকে রাজ্যের অগ্রগতি ঘটছে। পঞ্চায়েতের কাজের মধ্যে দিয়ে আমরা মানুষকে যুক্ত করার জন্য বিরাট সব কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং এইভাবে বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে আমরা এগিয়ে চলেছি। এই পরিবেশ থাকার জন্যেই আজকে অগ্রগতি গড়ে উঠেছে। এটা অন্তত আজকে স্বীকার করুন, আর নাই করুন এটাই হচ্ছে বাস্তব ঘটনা। ডাঃ জয়নাল আবেদিন সাহেব যেকথা বললেন আমি তার সঙ্গে ওই ব্যাপারে দ্বিমত নই, কারণ আমরা জানি ক্রাইম এগেনস্ট women and we are deeply concerned of the growing atrocities and discrimination against women. এটা খুবই স্পর্শকাতর ব্যাপার এবং মহিলার উপরে আক্রমণের ক্ষেত্রে যে অন্যায় তার কোনও কথা চলে না এবং এতে কোনও স্থান নেই। কিন্তু বিষয়টি যদি একটু ভালো করে দেখি তাহলে কিন্তু অন্য প্রসপেকটিভ পাব। অল ইন্ডিয়া প্রসপেকটিভ যা তাতে

জানুয়ারি টু অক্টোবর ১৯৯১ সালের ভিত্তি হিসাবে গণজনিত মৃত্যু হয়েছে ২ হাজার ২৪৮, নারী নির্যাতন ১২৯০২ এবং ধর্ষণ হয়েছে ৫৯১৬। এরপরে আমি স্টেট ওয়াইজ ব্রেক আপ দিচ্ছি ১৯৯০ সালে এম.পি.তে রেপ জনিত ঘটনা ২৩০১ এবং ১৯৯১ সালে রেপ জনিত ঘটনা ঘটেছে ১৫৫৩, নির্যাতন ৬৩০০ এবং ১৯৯১ সালে নারী নির্যাতন ৪১১৭। তারপরে মহারাষ্ট্রে ডেথ জনিত ঘটনা ১৯৯০ ৮৫৮, রেপ ১৫২৪। আর ১৯৯১ সালে রেপ ৯২২ এবং মলেস্টেশন ১৩০৯। ইউ.পিতে অর্থাৎ উত্তরপ্রদেশে ডাওরি ডেথ ১৫১৬, ধর্ষণ ৮৫৯ এবং ১৯৯১ সালে মলেস্টেশন ৬৭১, নারী নির্যাতন ১৯৪৮। সেখানে আমাদের রাজ্যে পণ জনিত মৃত্যু হয়েছে ২০৬, ধর্ষণ হয়েছে ৪৬৬। আর ১৯৯১ সালে মলেস্টেশন হয়েছে ২৬৯ এবং ধর্ষণ হয়েছে ৪৫২। এর সোর্সটা কি যদি জানতে চান তাহলে বলি—মুখ্যমন্ত্রী তার বক্তৃতার মধ্যেই বলেছেন এবং এটা কোনও গোপন করা হয় নি। আমি আরেকটি বিষয় স্মরণ করে বলতে চাই যে, ত্রিপুরাতে, আমি একটু আগেই বলেছি, যে গত কয়েক মাসে মধ্যে ধর্ষণ হয়েছে ২২৩ জন মহিলা, শ্লীলতাহানি এবং আক্রমণ ৪৩ জন, এবং অপহরণ হয়েছে ২২৯ জন। এর সোর্সটা হচ্ছে ১৫.২.৯২ তারিখে বিধানসভায় মুখ্যমন্ত্রীর দেওয়া হিসাবের ভিত্তিতে। তারপরে সিধু অনাথ আশ্রম, যেখানে অনাথরা একটু বাঁচার জন্য আশ্রয় খোঁজে, সেখানেও বাঁচার কোনও পথ নেই। সেখানে নারী নির্যাতন সংঘটিত হয়েছে এবং ২৪ জন আবাসিকার প্রতিদিন শ্লীলতাহানি ঘটেছে। সুতরাং ওইসব রাজ্য হচ্ছে সভ্যতার কলঙ্ক এটা অন্তত আপনারা আশা করি স্বীকার করে নেবেন। এই যে অনাথ আশ্রমের উপরে অত্যাচার এই ঘটনার কথা তো আপনারা পেপারেও দেখেছেন এবং এখানে যে স্ট্যাটিসটিক্স দেওয়া হল তাতে দেখলাম যে ৪টি রাজ্যে সবচেয়ে বেশি নারী নির্যাতন হয়েছে। এর সোর্স হল—২৫শে ডিসেম্বর ১৯৯০ সালে সংসদে পেশ করার সংবাদের উপরে এই তথ্য আমি দিয়েছি। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, যদিও আমরা জানি যে এই রাজ্যে নারী নির্যাতন অনেক কম কিন্তু তথাপি এতে আমাদের আত্মসন্তুষ্টির কারণ নেই। মাননীয় মুখ্যমন্ত্রীই তার বাজেট বক্তৃতায় বলেছেন যে মহিলাদের উপরে অত্যাচার কঠোর মনোভাব নিয়ে দমন করতে হবে। কারণ এই রাজ্যে একটা রুল অফ ল আছে, আইনের শাসন আছে।

এখন সমগ্র প্রশাসন দ্রুততার সঙ্গে সমস্ত ব্যবস্থা গ্রহণ করছেন, এই ব্যাপারে একটা দৃষ্টান্ত দিলে আপনারা বুঝতে পারবেন কতখানি কাজ হচ্ছে। আজকে নারী নির্যাতন নিয়ে যে প্রশ্ন উঠেছে সেই ব্যাপারে বলি—বানতলার ব্যাপারে আমরা যা করেছি এসব আপনাদের ইতিহাসে নেই সেখানে ক্রিমিনাল কেস হয়েছে, কমিশন অফ এনকোয়ারি শেষের দিকে, ১৯৪ পারসনস ওয়ার অ্যারেসটেড ৭১ উইটনেস একজামিনড মাত্র ৪জন পুলিশ অফিসারের একজামিন বাকি আছে, তাও বোধহয় একদিনে শেষ হয়ে গেছে। ২৬ জনের বিরুদ্ধে চার্জশিটেড দাখিল হয়েছে, ২১ ওয়ার কমিটেড টু সেশান, থ্রী অ্যাবকনডারস, টু জুভেনাইন—এই হল কেসের অবস্থা। ওরা কয়েকদিন আগে এই হাউসে মানিকচকের ঘটনা তুলেছিলেন—ওরা এইসব বিষয় নিয়ে রাজনীতি করতে চায়, ওরা আলোচনা চেয়েছিলেন, আলোচনা করতে দেওয়া হল, সেই আলোচনায় ওরা অংশগ্রহণ করলেন না। আমি এখানে বিরোধী দলের নেতা থাকলে একটা কথা জিজ্ঞাসা করতাম উনি শিক্ষিত মানুষ, সুদর্শন, উনি লেখাপড়া জানেন তাই বলছি সরকারি দলে যে সমস্ত নতুন মন্ত্রীরা আছেন তাঁদেরও কাছে শেখার মতো

কিছু আছে—উনি এখানে বললেন কি, সুবোধ চৌধুরি যিনি আমাদের মন্ত্রী ছিলেন তাঁকে বললেন, উনি বললেন—জ্যোতিবাবু কে? আমি শ্রীল শ্রীযুক্ত সিদ্ধার্থশঙ্কর রায় সুবে বাংলার মুকুটহীন ১৫ বছর পর নির্বাচিত রাজা, সেই জ্যোতিবাবু না থাকলে তো আমি বক্তৃতা দেব না। গরুর মন্ত্রী বক্তৃতা করবে। স্যার, এর মধ্যে কোনও শালীনতা আছে, এর মধ্যে কোনও শোভনতা আছে? কয়েকদিন আগে উনি কি বললেন—উনি বিরোধী দল নেতা—কে, কে কে কে মতীশ রায় চিনিনা, আপনি আপনি? স্যার, এর মধ্যে কোনও শালীনতা নেই। সিদ্ধার্থ শঙ্কর রায় জ্যোতিবাবুর বন্ধু বলে যিনি নিজেকে গর্ববোধ করেন সেই সুবাদে আমাদেরও কিছুটা বাড়তি রেসপেক্ট আছে, তিনি যদি এই ধরনের কে কে করেন এটা কি ঠিক? স্যার, এটা তো বিধানসভা, এটা একটা অগাস্ট হাউস, এটা আমাদেরও লেগেছে। আমি ভেবেছিলাম আপনি হয়ত কিছু একটা বলবেন, কিন্তু যেহেতু উনি সবাইকে তুমি তুমি বলে বাড়তি অ্যাডভানটেজ নেন সেইজন্য এটা বলেছেন। কিন্তু স্যার, আমার মতো সদস্য যারা তাঁদের কাছে বিষয়টা ভাল লাগেনি, আমাব কাছে অন্তত এটা শালীনতা বলে মনে হয়নি। স্যার, আজকে ওরা যে বিষয়টা নিয়ে বলতে চাইছে, অ্যাডমিনিস্ট্রেশনকে পলিটিসাইজড করতে চাইছে সেই ব্যাপারে বলব এটা আপনাদের মানায় না, আমরা সমস্ত ঘটনাগুলি রিজেক্ট আউট রাইট করছি। আমাদের এখানে আইনের শাসন প্রতিষ্ঠিত, আমাদের এখানে বিরোধীরা তারা মর্যাদা পায়, এখানে বিনা বিচারে কাউকে আটক করা হয়না, আমাদের এখানে অবাধ নির্বাচন হয় এবং নির্বাচনের আগে বা পরে কোনও নেতারা খুন হয়না। স্যার, আমি এবারে একটা বিচ্ছিন্ন ঘটনার দিকে যাই—পুরনো দিনের ঘটনা, ১৯৭২ সালে বিনা বিচারে আটক এবং মিশায় আটক তারপরে বিরোধী নেতার টেলিফোনে আড়ি পাতা এসব ওদের আমলেও হয়েছে। রাজ্যের বিরোধী দলের নেতা জ্যোতি বসু, হরেকৃষ্ণ কোঙার, মাখন পাল, সাংবাদিক বরুন সেনগুপ্ত সহ কয়েকজনের নিয়মিত টেলিফোনে আড়ি পাতা হয়েছে এবং এই কাজে রঞ্জিত গুপ্তকে বিশেষ দায়িত্ব নেওয়া হয়েছে এটাকে বলছেন ওনাদেরই প্রখ্যাত পার্লামেন্টারিয়ান ছিলেন কাশীনাথ মিশ্র তাঁর সংবাদ ২৯শে আগস্ট, ১৯৭৩-য়। স্যার আমরা এটা কখনও ভাবি নাকি যে ওদের টেলিফোনে আড়িপাততে হবে? এই কাজে কাকে লাগাচ্ছেন রঞ্জিত গুপ্তকে। রঞ্জিত গুপ্ত দি দেন আই.জি.অফ পুলিশ হ্যাপেন্ড টু বি দি পার্সোনাল ফ্রেন্ড অফ শ্রী এস এস. রায় বলছেন রঞ্জিত গুপ্তকে লাগানো হচ্ছে আড়িপাতার কাজে। এটা অ্যাডমিনিস্ট্রেশনকে পলিটিসাইজড করছে কিনা এটা বুঝিয়ে বলুন তো? আপনারা তো অনেক কিছুই বললেন, আমি বলি শুনুন নেপাল রায় খুন হল, চন্ডি মিত্র খুন হল, শুধু তাই নয় হাইকোর্টের জাজ খুন হল এতো আপনাদেরই সময়ে। গত ১৫ বছর আমরা এখানে আছি কতকগুলো নির্বাচন হয়েছে—সব অবাধ নির্বাচন হয়েছে, নির্বাচনের আগে বা পরে কোনও একজনও বিরোধী দলের নেতা খুন হয়েছে—হয়নি। এরজন্য আমরা গর্ববোধ করি, কারণ আমরা এই পরিবেশকে বজায় রাখতে পেরেছি। আপনারা '৭২-এর যুগে যেটা করেছিলেন হাজার হাজার মানুষকে খুন করেছিলেন, ঘর ছাড়া করেছিলেন একটা ফিয়ার সাইকোসিস সারা রাজ্যে তৈরি করে রেখেছিলেন।

[2-25—2-35 P.M.]

একটা ফিয়ার সাইকোসিস সারা রাজ্যে তৈরি করে রাখলেন। এটা ভুলে যাবেন না।

কিন্তু আমাদের অ্যাডমিনিস্ট্রেশন এইরকম কাজ করেনা। আপনাকে আমি তথ্য দিয়ে দেখাতে পারি গত ১৫ বৎসরে পুলিশ যা অ্যারেস্ট করেছে তার একটা মেজর অংশ বামপন্থী, আমাদের সি.পি.আই(এম) কর্মীদেরই পুলিশ অ্যারেস্ট করেছে। আমাদের এখানে নির্দেশ আছে কেউ অন্যায় করলে ইমিডিয়েটলি রাশ টু দি স্পট। কোনওরকম পলিটিকাল ফিলিং দেখার দরকার নেই হু এভার হি মাইট বি, এই প্রসঙ্গে এই হচ্ছে আমাদের বক্তব্য। তা সত্ত্বেও অ্যাডমিনিস্ট্রেশনকে আমরা স্বাধীনভাবে কাজকর্ম করার ক্ষেত্রে কখনও বাঁধা দিইনি। আমরা কখনও কোনও সময় অন্তত পক্ষে অ্যাডমিনিস্ট্রেশনকে ব্যবহার করিনি। আপনারা অ্যাডমিনিস্ট্রেশনকে পুরোপুরি ভাবে পলিটিক্যালি ব্যবহার করেছেন। আমি আপনাদের আরেকটা কথা শুনিয়ে দিই, আরেকটু বাদে আমার মনে হচ্ছে সত্যরঞ্জন বাপুলি মহাশয় এখানে বক্তৃতা করবেন। উনি আমার খুব বন্ধু লোক। তা উনি ১৯৭৪ সালে একটা কথা বলেছিলেন—এম.এল.এ-দের যদি কোনও সিকিউরিটি না থাকে, সেফটি না থাকে, তাহলে জনসাধারণের প্রতিনিধিত্ব করার মূল্য কি আছে? সর্বত্রই পুলিশের অত্যাচার, জুলুমবাজির কথা শোনা যাচ্ছে। সিদ্ধার্থবাবু যদি শেষের দিকে বক্তৃতা করেন তাহলে আমি তার কাছে একটা আশা করব,—উনি হয়ত আমাদের ওনার স্ট্যান্ডার্ড নাও ভাবতে পারেন—কিন্তু এই সভার সদস্য যখন তখন ওনাকে বলি আমরা চৌরঙ্গী কেন্দ্রে বসে পশ্চিমবাংলার অ্যাসেসমেন্ট করিনা। পশ্চিমবাংলার অ্যাসেসমেন্ট গ্রামে হয় এবং সেখানে তারা কংগ্রেসকে বাতিল করে দিয়েছে। উনি হয়ত আত্মতৃপ্তি লাভ করতে পারেন। কিন্তু সিদ্ধার্থবাবু যদি বলেন সুকুমার বন্দ্যোপাধ্যায়কে, তাহলে ভালো হয়। সুকুমার বন্দ্যোপাধ্যায় আমার দলের লোক নয়। উনি বলেছেন—পুলিশ প্রশাসন শ্রমিক মালিক বিরোধে মালিকের দিকে, জোতদার বর্গাদার বিরোধে জোতদারদের দিকে; চোরাকারবার, মুনাফাখোর ও সাধারণ মানুষের বিরোধে ওরা চোরাকারবারিদের দিকে। আর রামদাস ব্যানার্জির নামটা নিশ্চয় আপনারা ভুলে যাননি। তিনি কি বলেছিলেন? তিনি বলেছেন ওরা অর্থাৎ সিদ্ধার্থশঙ্কর রায় গণতন্ত্রকে হত্যা করেছেন, নির্বিচারে পশ্চিমবাংলার যুবকদের জেলে হত্যা করেছেন এবং তা হিটলারের কনসেনট্রেশন ক্যাম্পের থেকে কিছু কম নয়। পশ্চিমবাংলার অনেক মুখ্যমন্ত্রীকে দেখেছি, কিন্তু এই রকম অসত্য ভাষণ দিতে আমি কোনও মুখ্যমন্ত্রীকে দেখিনি। নিজেদের পার্টির এম.এল.এ এই কথা বলেছে। আমি এও জানি ওরা হয়ত ১৯৭২ সালের কথা ভুলে গিয়েছেন। আপনাদের আমি একটা স্ট্যাটিসটিকস দিই। সিদ্ধার্থশঙ্কর রায় সেদিনকে যাত্রার টানে বলছিলেন। আপনি এই স্ট্যাটিসটিকলটা বুঝবেন, কারণ আপনি অনেকদিন পার্লামেন্টিরিয়ান ছিলেন, টোটাল কগনেজিবেল ক্রাইম ইন ওয়েস্ট বেঙ্গল। এখানে টোটাল কগনিজেবল ক্রাইম বলতে আমাদের সাধারণ বুদ্ধিতে আমরা যা বুঝি যে সাধারণভাবে আইনশৃঙ্খলা আমাদের কি রকম চলছে। আমাদের কাছে ইয়ারলি একটা হিসাব আছে, আমি এটা রিসিভ করেছি সি.আই.ডি থেকে, ১৯৭২ ছিল ৬৯,৫৬০; ১৯৭৩ সালে ছিল ৭৪,১৯৫; ১৯৭৪ সালে ছিল ৭৫,০৫৭; ১৯৭৫ সালে ছিল ৭৩,১৮৯; ১৯৭৬ সালে ছিল ৭২,৪৬০; ১৯৭৭ সালে ছিল ৭৮,৯৮৭। আর আমাদেরটা একটু দেখবেন, ১৯৮৬ সালে ছিল ৫৪,৩৭৫; ১৯৮৭ সালে ছিল ৫১,৭৭৪; ১৯৮৮ সালে ছিল ৫২,৭৬২; ১৯৮৯ সালে ছিল ৫৫,২৭৩; ১৯৯০ সালে ছিল ৫৬,৯৭৬; ১৯৯১ সালে ছিল ৫৫,২৭০; এই হল সাধারণ হিসাব। আর অন্য দিকে, আরেকটা কথা আমি বলে যাব, আপনি তো বাজেটের সময় অনেক কথা বলেছিলেন, আমাদের কাছে একটা হিসাব আছে সেটা আমি

আপনাদেরকে বলছি ১৯৭৪-৭৫ সালে মোট বাজেট ছিল ৬৭৯ কোটি টাকা, তার মধ্যে পুলিশ খাতে ব্যয় ধরা হয়েছিল মোট বাজেটের ছয় শতাংশ। এবারে আমাদের ১৯৯২ সালের মোট বাজেটের চার শতাংশ পুলিশ খাতে ব্যয় ধরা হয়েছে। যদিও টাকার অঙ্কে এটা একটু বেড়েছে ঠিকই। তবে কেন বেড়েছে এটা আপনারা জানেন নিশ্চয়। আরেকটা স্যার ছোট কথা বলি, নইলে ভুলে যাব, উনি খুব একটা বুঝবে না, তবুও ওনাকে সামনে রেখে বলি।

আমি একটা ব্যাপারে আপনাদের বলি, সেটা হল র‍্যাঙ্ক অফ ক্রিমিন্যাল। এই র‍্যাঙ্ক অফ ক্রিমিন্যালের ব্যাপারে আমাদের র‍্যাঙ্কটা কোথায়? র‍্যাঙ্কটা কত জানেন? মাত্র—২৮, এবং আউট অফ ৩২ স্টেটস। আমাদের ওপরে আছে শুধু কে কে জানেন? লাক্ষাদ্বীপ, সিকিম, মেঘালয়, এবং পাঞ্জাব। হ্যাঁ, লাক্ষাদ্বীপ ইউনিয়াণ টেরিটরী। পাঞ্জাব আমাদের ওপরে আছে। আমাদের র‍্যাঙ্ক হল ২৮। র‍্যাঙ্ক অফ ক্রিমিন্যাল, এটা আপনারা বুঝে নিন যে, আমরা কোন জায়গাতে আছি। ওঁরা একটা স্ট্যাটিসটিকস দিয়েছিলেন, পুলিশ কত বেশি নিরপেক্ষ, আমার কাছে একটা স্ট্যাটিসটিক্স আছে। অ্যাকচুয়াল পুলিশ স্ট্রেনথ ইন রিলেশন টু পপুলেশন অ্যান্ড আই.পি.সি. ক্রাইম ইন ওয়েস্ট বেঙ্গল নাম্বার অফ পুলিশ মেন পার ওয়ান থাউজান্ড অফ পপুলেশন। সাধারণভাবে এই জিনিস আমাদের এখানে আছে। এবারে আমি পরের বিষয়ে যেটাতে যাচ্ছি সেটা হল, জেনারেল ক্রাইম। আমরা অস্বীকার করছি না, মাননীয় মুখ্যমন্ত্রী অস্বীকার করছেন না। যা সোসিও ইকনমিক কনডিশন, তাতে অস্বাভাবিকত্ব কিছু নেই। মানুষের অভাব আছে, তারপর বেকারি বাড়ছে, ক্রমশ মূল্যবোধ ধ্বংস করে দেওয়া হয়েছে। রেল লাইনের ধারে খুঁটি বেঁধে বাস করছে। তো এতে, অপরাধ বাড়বে বই কমবে না কি? অপরাধ বাড়বেই। অপরাধ আছে। অস্বীকার করবার উপায় নেই। কিন্তু মাননীয় জয়নাল সাহেব একটা দয়া করে উত্তর দেবেন কি, ভারতবর্ষের একটা শহরের নাম করুন তো যে, যারা আমাদের আইডিয়াল হতে পারে। আপনি একটা শহরের নাম করুন। আমি সেদিক থেকে একটা স্ট্যাটিসটিকস দিই, স্ট্যাটিসটিক্সটা হল, খুন—১৯৯০ সালে উত্তরপ্রদেশে ৮ হাজার ১৫১, মধ্যপ্রদেশে ২ হাজার ৯০৪, মহারাষ্ট্রে ২৭৯৫, আর পশ্চিমবাংলায় ১৫৫৮। কিন্তু আমরা তো অস্বীকার করছি না। ডাকাতি—১৯৯০ সালে বিহারে ৩ হাজার ১৬৪, ইউ.পি.তে ২ হাজার ৮৪৬, আর পশ্চিমবাংলাতে ৫৯২, দন্ডনীয় অপরাধে ইউ.পি.তে ৫৬ হাজার ৯৭৬, দিল্লিতে ২৯ হাজার ৫১০, বোম্বেতে ৩৮ হাজার ৩০২। এই জন্যই বললাম—একটা শহরের নাম করুন তো যে, যারা আমাদের আইডিয়াল, আমাদের আদর্শ, আমাদের অনুকরণীয়। কেউ না। আমি এইবারে শেষের দিকে আসি, একটা কথা বলি, ক্রিমিন্যাল বলুন, আইন-শৃঙ্খলার কথা বলুন—ব্রডার সেন্সে দেখতে হবে। ব্রডার সেন্স বলতে ব্যাকওয়ার্ড ক্লাশ, কমিউনাল ফিলিংস আর ডেমোক্রাটিক রাইট ইনক্লুডিং অপোজিশন, কোন জায়গাতে আছে? একটা সরকার কোন দৃষ্টিভঙ্গিতে চলে তার উপর নির্ভর করে যে, কিভাবে সরকার পরিচালিত হচ্ছে। কমিউনাল সিন, এটা আমি আপনাদের বলব, এটা নিয়ে চিৎকার করবেন না, সব জিনিস নিয়ে চিৎকার, চেঁচামেচি চলে না, সুতরাং চিৎকার করবেন না। ক্রিমিন্যালের প্রশ্নে, বহুলাংশে অবস্থাটা ঐকটু টলমলে ছিল। সাম্প্রদায়িক কিছু মৌলবাদী সংগঠন—তাদের রাজনৈতিক সাকরেদেরা ইন্ধন জুগিয়ে, উস্কানি দিয়ে—আমাদের রাজ্যে কোনও কমিউনাল ব্যাপার হয়েছে—এই রকম ঘটনা দেখাতে পারবেন? পারবেন না। বলতে পারবেন

না। পশ্চিমবাংলার পুলিশ যে কমিউনাল—এই অভিযোগও কেউ দিতে পারবেন না। সুতরাং এটা আজকে আমাদের গর্ব। ইউ.পি.তে পি.এ.সি. সরাসরি দাঙ্গা করেছে। আমাদের রাজ্যে পুলিশ দাঙ্গাবাজ—এই কথা কেউ বলতে পারবেন না। এটা হয়েছে কেবলমাত্র এবলড লীডারশিপ। এটা বামফ্রন্টের দৃষ্টিভঙ্গির পরিচায়ক। ওই পুলিশ যাঁদের আপনারা পরিচালিত করেছিলেন অন্যভাবে। কিন্তু এখন পুলিশ বামফ্রন্টের দৃষ্টিভঙ্গিকে কার্যকর করেছে, সুতরাং ধন্যবাদ তাঁদেব দিতে হবে।

[2-35—2-45 P.M.]

সুতরাং আজকে প্রশাসনের ধর্ম নিরপেক্ষ নীতি অনুসারী সমস্ত মানুষের সহায়তায় অন্তত পক্ষে আমাদের রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতির দিক থেকে একটা শান্তির এবং সুস্থির পরিবেশ আমরা বজায় রাখতে পেরেছি। স্যার, আমার কাছে এই বিষয়ে একটা পরিসংখ্যান আছে। ভারতে ১৯৮৫-৯০ সালে দাঙ্গা হয়েছে ৩৮৮৭, নিহত ২৮৬৫ জন, আহত হয়েছেন ৩৬৬৫ জন। **(ডাঃ জয়নাল আবেদিনঃ কোথায় পেলেন?)** আপনার ভাল কথা শোনার অভ্যাস নেই। ছোটবেলা থেকেই নেই। যে কালচারে আপনি অভ্যস্ত, কি করবেন? আপনার কালচার কিছু করার নেই। এটা সোর্স হল, পি, আর রাজাগোপালের কমিউনাল ভায়োলেন্স ইন ইন্ডিয়া। ১৯৯০ সেপ্টেম্বর থেকে ৩১শে ডিসেম্বর চার মাস এবং ১৯৯১ এর মে মাস পর্যন্ত অন্ধ্রপ্রদেশে ১৭৮, বিহারে ১১ প্লাস ৩, মোট ১৪, গুজরাটে ১১৫, রাজস্থানে ৫৪, মধ্যপ্রদেশের ৫২, উত্তরপ্রদেশে ৩৫৮, পশ্চিমবঙ্গে ২। এটা হল ১৯৯০ এর। ১৯৯১ তে কি হয়েছে ১৭ বার দাঙ্গা হয়েছে, নিহত হয়েছে ৩২, ১৯৯২ সালে ১ মার্চ নিহত হয়েছে ৭। উই ফিল সরি। কিন্তু আপনারা বুঝবেন আমাদের সরকারের দৃষ্টিভঙ্গি। এখানে অবস্থা সমস্ত বিষয় দ্রুততার সঙ্গে পুলিশ, প্রশাসন, জনগণ সবাই মিলেমিশে আমাদের রাজ্যের যে ঐতিহ্য, তা বজায় রাখতে হবে, সাম্প্রদায়িক সম্প্রতির একটা সুন্দর বাতাবরন তৈরি করতে হবে এবং তা আমরা রাখছি। এইটার জন্য আমাদের রাজ্যের জনগণ শ্রদ্ধা পাচ্ছেন অন্যান্য রাজ্যের মানুষের কাছে। আপনারা মুখে অস্বীকার করতে পারেন, কিন্তু বাস্তবে অস্বীকার করতে পারবেন না। ব্যাকওয়ার্ড সেকশন আমি সেটা আগে বলেছিলাম সে সম্পর্কে অবস্থাটা কি। সৌভাগ্যক্রমে পশ্চিমবঙ্গে জাতি দাঙ্গা হয় না। আমাদের এখানে ছোটখাট দু-একটা ঘটনা ঘটেছে ঠিকই। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে তফসিলি জাতি এবং উপজাতি অনুন্নত শ্রেণীর মানুষের উপর কোনও সংগঠিত হাঙ্গামা হয় না। যা হয়েছে জাতি বিরোধ নয়, বিচ্ছিন্ন ঘটনা মাত্র। আমরা আমাদের রাজ্যে আর্থিক সামাজিক নীতি যা রচনা করেছি তাকে অনুসরণ করে দুর্বলতর শ্রেণীর মধ্যে শিক্ষার সম্প্রসারণ করার মধ্য দিয়ে এই সফলতা আমরা পেয়েছি। এই তফসিলি জাতি এবং উপজাতিদের উপর অত্যাচারের ঘটনার একটু চিত্র দেখা যাকঃ

| রাজ্য | ১৯৮৯ | ১৯৯০ |
|---|---|---|
| বিহার | ৯৯৭ | ৫০৭ |
| গুজরাট | ৫৯৩ | ৭৮৮ |
| মধ্যপ্রদেশ | ৪২২৬ | ৫২১০ |

| | | |
|---|---|---|
| রাজস্থান | ১৫৮৮ | ১৩৭৩ |
| তামিলনাড়ু | ৪০৯ | ৫০২ |
| উত্তরপ্রদেশ | ৫১৯৫ | ৬০৯৬ |

পশ্চিমবাংলায় ১৭—তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৮। এই হল ঘটনা।

১৯৯০-৯১ সালে তফসিলি জাতি, উপজাতি সবচেয়ে বেশি খুন হয়েছে উত্তরপ্রদেশে ২৭৩, এর পর মধ্যপ্রদেশে ১৪৯ জন। স্যার, আমি সর্বশেষে যে কথাটা বলতে চাই সেটা হ'ল যে ডেমোক্রাটিক রাইটস, ইনক্লুডিং অপজিশন। আমরা এখানে দীর্ঘ ১৫ বছর আছি। আমরা দেখেছি, কংগ্রেস এখানে এমন কোনও দিন, এমন কোনও বিনিদ্র রজনী কাটায়নি যখন কোনও না কোনও চক্রান্ত করেছে পশ্চিমবাংলার বিরুদ্ধে, আমাদের সরকারের বিরুদ্ধে। সেই চক্রান্তকে প্রতিহত করে, এই রাজ্যের জনগণের চেতনাকে সহায় করে আমরা আমাদের রাজ্যের অগ্রগতি ঘটাচ্ছি। আপনারা এখানে বিরোধিতা করছেন কিন্তু অনেক কংগ্রেস মন্ত্রী, প্রয়াত নেতা, নির্বাচিত কমিশনার তারা বলেছেন যে এই রাজ্য একটা শান্তি শৃঙ্খলার ও সুন্দর পরিবেশের রাজ্য। এই যে ফসল কাটার মরশুম, এই মরশুমে এবারে মাত্র দুটি ঘটনা ঘটেছে যার নজির অন্য কোথাও পাবেন না। দ্বিতীয়ত এই রাজ্যের পুলিশ উগ্রপন্থী দমনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন। এ রাজ্যে বিরোধীদের ধর্মঘট করার অধিকার আছে। এখানে বামপন্থী সমেত বিরোধীরা যে ঐতিহাসিক চকটল ধর্মঘট করলেন তা সকলেই জানেন। আপনারা জানেন এখানে সফল শিল্প ধর্মঘটের কথা। গতকালই শান্তিপূর্ণভাবে পালিত হয়ে গেল ঈদ। এই রাজ্যের মহান গৌরব এবং ঐতিহ্যকে অক্ষুন্ন রেখে এবারেও ঈদ পালিত হল। পরিশেষে স্যার, একথাটা বলতে চাই যে তা সত্ত্বেও আমাদের সতর্ক হবার দরকার আছে, পুলিশ প্রশাসনকে সতর্ক হ'তে হবে। কারণ আমাদের বিরোধীদলে আসার অত্যন্ত শ্রদ্ধেয় শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় উপস্থিত। স্যার, আর I saw him in the past. I am afraid of seeing him at present. Considering the future, we have to be alert. সমস্ত মানুষকে আমাদের কনসাস করতে হবে। মাঠে ময়দানে যে কোনও আনটুয়ার্ড ইনসিডেন্ট ঘটে যেতে পারে। তাই পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন, They are to get themselves ready to swallow all the odds yet to come. Even the people of West Bengal will be ready to welcome them if it comes from the Congress (I) Party under the leadership of Shri Siddhartha Shankar Roy. স্যার, একথা বলে শেষ করতে চাই যে যত বিরোধিতাই আসুক আমরা আমাদের রাজ্যের জনগণের সহায় সম্বলকে সাথে করে এই রাজ্যকে আমরা অগ্রগতির পথে নিয়ে যাব। জনগণের অগ্রগতির পথকে কেউ রোধ করতে পারবে না। জনগণের জয় হবেই। এই আশার কথা বাজেটে আছে তাই এই বাজেটকে সমর্থন করে, আপনাকে অভিনন্দন জানিয়ে, বিরোধীদলের সকলকে অভিনন্দন জানিয়ে শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ রবীনবাবু,** আপনি মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানালেন, আমাকে অভিনন্দন জানালেন কিন্তু বিরোধীদলকে অভিনন্দন জানালেন কেন?

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার উপর বিতর্কে যোগ দিয়ে সরকারি দলের প্রবীণ সদস্য রবীনবাবু যে বক্তব্য রাখলেন তা আমি মন দিয়ে শুনলাম। আমি আশা করেছিলাম যে এবারে তার বক্তব্যের মধ্যে নতুন কিছু পাব কিন্তু দেখলাম তিনি সেই একই পুরানো ভাঙ্গা রেকর্ড যা গত ১৫ বছর ধরে বাজিয়ে যাচ্ছেন এবারেও তাই বাজিয়ে গেলেন। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী থাকলে ডিবেট করতে ভাল লাগত। এই পুলিশ বাজেট হচ্ছে ৩৪৮ কোটি ৯৪ লক্ষ ৪৯ হাজার টাকার। গত বছরের চেয়ে ১৬ কোটি ৭৫ লক্ষ ৩ হাজার টাকা বেশি। কেন? কারণ, শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে হবে, পুলিশ প্রশাসনের কাঠামোকে ভাল করে গড়ে তুলতে হবে যাতে বাংলার মানুষকে বিশৃঙ্খলার শিকার হ'তে না হয় তার জন্য।

[2-45—2-55 P.M.]

মাননীয় স্পিকার মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে, ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে পুলিশ বাহিনীর কর্তা ছিলেন একজন আই.জি.। একজন আই.জি.'র অধীনে সারা পশ্চিমবাংলার পুলিশ প্রশাসন পরিচালিত হত। আজকে ১৯৯২ সালে অবস্থাটা কোথায় পুলিশ প্রশাসনের, ডিরেক্টর জেনারেল অব পুলিশ একজন এবং তার সমতুল্য আরও চার জন সেম র‍্যাঙ্কের ডি.জি.। আরও চারজন মিলিয়ে পাঁচ জন। অ্যাডিশনাল ডি.জি. ছয় জন, ইন্সপেক্টার জেনারেল অব পুলিশ ১৫ জন। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ ৩২ জন। এস.পি. এবং ডি.সি. মিলিয়ে প্রায় ২২৫ জন। কিন্তু আমরা তাদের নিচের অধস্তন কর্মচারিদের অবস্থানটা যদি একটু দেখি, তাহলে দেখব পশ্চিমবঙ্গে এ.এস.আই. এর নিচে অ্যাসিস্টেন্ট এবং সাব ইন্সপেক্টার, তাদের নিচে স্যাংশন্ড স্টাফ স্ট্রেন্থ হচ্ছে ৪৫ হাজার ৪৬। কিন্তু আদপে কত আছে, ৪২ হাজার ৭২৪। তিন হাজার নেই। আই.পি.এস. মার্কা বড় বড় কর্তা বাবুদের ভরণ পোষণের সব দায়িত্বই সরকার নিয়েছেন মাথা ভারী প্রশাসন তৈরি করে। কিন্তু গ্রামাঞ্চলে শহরের অলিতে গলিতে সাধারণ মানুষের নিরাপত্তার জন্য যে পুলিশ বাহিনী দরকার, তার সংখ্যা বাড়ানো হয়নি, তাদের সুযোগ সুবিধা বাড়ানো হয়নি। তাদের উপর নির্যাতন করছে এক শ্রেণীর মাথাভারী পুলিশ প্রশাসনের কর্তা ব্যক্তিরা। কারণ এই দজ্জাল এবং ভ্রস্টাচারি সরকার তথাকথিত কিছু পুলিশ অফিসারকে পকেটে পুরে এখানে ক্ষমতায় আছেন। আমরা কী দেখছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি সারা পশ্চিমবঙ্গে এই মুহূর্তে প্রায় ৩ হাজার ৬৬টি পুলিশের পদ খালি আছে, স্যাংশন্ড পোস্ট হচ্ছে ৫৫ হাজার ২৪৯ টোটাল ডি.জি. থেকে একদম কন্সটেবল পর্যন্ত, আর অ্যাকচুয়াল কত আছে স্যার, ৫২ হাজার ১৮৩। কিন্তু অ্যাডিশনাল ডি.জি. হয়ে গেছে ৬টা, আই.জি. ১৫টা, ডি.আই.জি. ৩২টা, এস.পি. ডি.সি. মিলিয়ে ২২৫ টা। পুলিশ কর্মচারিদের সংখ্যা বাড়েনি। তাদের প্রমোশন হয়নি, তাদের এই সমস্ত রক্তলোলুপ কিছু সিনিয়ার পুলিশ অফিসার যারা তথাকথিত ১৫ বছর এই বামফ্রন্টের চাটুকাবৃত্তি করে নিজেদের ভরণ পোষণ করে এই সরকারকে টিকিয়ে রেখেছে, তাদের সংখ্যা বেড়েছে, তাদের উন্নতি হয়েছে, সাধারণ পুলিশ কর্মচারিদের কিছু হয়নি। এই জায়গায় আমাদের আপত্তি। কেন ১৬ কোটি টাকা আমার দেব? পুলিশ প্রশাসনে দুর্নীতি বৃদ্ধির জন্য কি এই টাকা দেব? রবীনবাবু উত্তরপ্রদেশ থেকে শুরু করে কন্যাকুমারিকা চলে গেলেন বাংলাকে বাদ দিয়ে হিমালয় থেকে একদম বঙ্গোপসাগর, পশ্চিমবঙ্গ বাদ দিয়ে। আমরা কি দেখছি, মাননীয়

অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি পশ্চিমবঙ্গের অবস্থানটা কোথায় আইন শৃঙ্খলার ক্ষেত্রে? রবীনবাবু বললেন আমরা শান্তির রাজ্যে বাস করছি। হ্যাঁ, শান্তি তো বটেই। সেই শান্তি শ্মশানের শান্তি এবং সেই শ্মশানে বসে আছেন আমাদের রাজ্যের ১৫ বছরের রেকর্ড ভাঙা মুখ্যমন্ত্রী, সেই শ্মশানের অন্যতম কাপালিক। সেই কাপালিকের পায়ে প্রতিদিন পাঁচটি করে নরমুন্ড দিতে হচ্ছে, পাঁচটি করে মানুষ বলি দিতে হচ্ছে। ৯০ সালে ১৬১০টি খুন হয়েছে। গড়ে পাঁচটি খুন। ৯১ সালে ১৭০০ খুন হয়েছে, এই কাপালিকের পায়ে শ্মশানের যে শান্তি সেই শ্মশানে নরমুন্ড বলি দিতে হয়েছে। পুলিশ প্রশাসন ক্লীব, পঙ্গু, অবস্থায় পশ্চিমবঙ্গের মানুষকে রক্ষা করে নি, সি.পি.এম.-এর কমরেডদের রক্ষা করেছে। এই জায়গায় বাংলা দাঁড়িয়ে আছে, বাংলার পুলিশ প্রশাসন দাঁড়িয়ে আছে। আমরা কি দেখছি? খুনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষে ৮ম স্থানে রয়েছে। রবীনবাবু উত্তরপ্রদেশ, বিহার, তামিলনাড়ু, ত্রিপুরা প্রভৃতি অনেক জায়গার কথা বললেন। অথচ খুনের ক্ষেত্রে ২৫-টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ ৮ম স্থানে রয়েছে। রায়টে ৬ষ্ঠ স্থান। মহিলাদের ওপর ধর্ষণের ক্ষেত্রে ৭ম স্থান। বিভিন্ন ঘটনার ক্ষেত্রে এই সমস্ত স্থানে আজকে পশ্চিমবঙ্গ দাঁড়িয়ে রয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী, বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্রের সঙ্গে এ রাজ্যের তুলনা না করে, এ রাজ্যেরই আগের সময়ের সঙ্গে একটু তুলনা করুন না। আপনি বলুন, বিধানবাবুর সময় কত খুন হ'ত, আর আপনার সময়ে কত খুন হচ্ছে? মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের সময়ে কত ধর্ষণের ঘটনা ঘটত, আর আপনার সময়ে কত ধর্ষণের ঘটনা ঘটছে? বিধানবাবুর টাইমে কত নারী নির্যাতন হয়েছে, আর আপনার সময়ে কত হচ্ছে? সিদ্ধার্থ বাবুর সময়ে কত ডাকাতি হয়েছে, আর আপনার সময়ে কত ডাকাতি হচ্ছে? একটু কম্পারেটিভ স্টাডি নিজের রাজ্যের বিভিন্ন সময়ের মধ্যে করুন না। উত্তরপ্রদেশ, বিহারের সঙ্গে তুলনা করে কি হবে! উত্তরপ্রদেশ, বিহারে, হ্যাঁ, সেখানে কিছু সামাজিক সমস্যা আছে। হ্যাঁ, আমরা জানি বাংলার বুকে সামাজিক নিগ্রহ কম হয়। কিন্তু এটা জ্যোতিবাবু কিম্বা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির দয়া দাক্ষিণ্যের জন্য নয়। এটাই বাংলার কৃষ্টি, বাংলার সংস্কৃতি। রবীন্দ্রনাথের বাংলা, নজরুলের বাংলা। সে বাংলার সংস্কৃতি, কৃষ্টির ঐতিহ্য, ইতিহাস বাংলার মানুষকে এখনও প্রভাবিত করে রেখেছে। বাংলার পুরোনো কৃষ্টি, সংস্কৃতির ঐতিহ্য আজও বাংলায় প্রবাহিত। এতে জ্যোতিবাবুর কোনও কৃতিত্ব নেই। এতে জ্যোতিবাবুর পুলিশ প্রশাসনের গৌরবের কিছু নেই। এটা বাংলার মানুষের ঐতিহ্য। এটাই বাংলার মানুষের কৃষ্টি, এটাই বাংলার মানুষের সম্পদ। আজকে বিধানবাবুর, প্রফুল্লবাবুর, সিদ্ধার্থবাবুর সময়ের সঙ্গে আপনাদের ১৫ বছরের কম্পারেটিভ স্টাডির একটা রিপোর্ট এখানে পেশ করুন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি বাংলায় কাপালিক হিসাবে শ্মশানের শান্তিতে বসে আছেন। আপনার রাজত্বকালের রেকর্ডটা এখানে পেশ করুন, তাহলেই প্রমাণ হয়ে যাবে কোন জায়গায় কি অবস্থায় আমরা রয়েছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটার পর একটা ঘটনার কথা বলতে গিয়ে মাননীয় সদস্য রবীনবাবু নারী নির্যাতনের কথায় বললেন, "হ্যাঁ, আমরা একটু বিপদে পড়েছি।" কি রকম বিপদ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঘটনা ঘটে যাবার ৪ দিন পরে গদাই-চকে পুলিশ রেকর্ড করছে। কি করে রেকর্ড হবে? বলছে, ওদের সংখ্যা কম, তাই রেকর্ড করতে পারে নি। অথচ '৯০ সালে পশ্চিমবাংলার বুকে ৫৬১টি ধর্ষণের ঘটনা ঘটেছে এবং '৯১ সালে

সেই ধারা অব্যাহত রয়েছে। এই অবস্থায় পুলিশ প্রশাসন কমপ্লেন নেয় না। থানাগুলি লোকাল পার্টি কমরেডদের পার্টি অফিসে পরিণত হয়েছে। মন্ত্রীরা টেলিফোনে সেখানে নির্দেশ দেয়। টেলিফোন করে মন্ত্রীরা পুলিশ অফিসারদের বলে, 'যদি বাঁচতে চাও সাবধানে কাজ কর। তা নাহলে বিপদে পড়ে যাবে।' এই হচ্ছে জ্যোতিবাবুর পুলিশ প্রশাসন। এখানে পুলিশের কর্তা ব্যক্তিরা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নির্দেশে কেস রেকর্ড করে না। উড়িষ্যার একজন পুলিশের কর্তা এ কথা পরিষ্কার লিখে গেছেন। তিনি ব্ল্যাক অ্যান্ড হোয়াইটে একটা আর্টিকেল লিখেছেন এবং প্রশাসনকে ডাইরেক্টলি অ্যাকিউজ করেছেন। এতে রাজ্যের মাথা হেঁট হয়ে গেছে। তিনি সাপ্রেসন অফ ফ্যাক্টস-এর অভিযোগ করেছেন। এটা বাংলার লজ্জা। আজকে আপনারা গ্রামে এবং আধা শহরে শান্তি কমিটি তৈরি করেছেন। কি রকম শান্তি কমিটি? নাগরিক কমিটি পাল্টে শান্তি কমিটি করা হয়েছে। থানার ও.সি.-রা আজ আর আসামীদের ধরছে না। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কমরেড যদি অত্যাচার করে, ধর্ষণ করে, খুন করে, লুঠ করে এবং হাতে-নাতে ধরা পড়ে, তাহলেও তাকে থানায় নিয়ে এসে ও.সি. বলছে, 'আমাকে কর্তাবাবু, সি.পি.এম-এর মন্ত্রীবাবু বলে দিয়েছে তুমি শান্তি কমিটি কর, তুমি খুন করেছ, কোনও দোষ নেই, তোমাকে গ্রেপ্তার করব না, তুমি শান্তি কমিটির আহ্বায়ক হও। আমি পুলিশের ও.সি., আমি কমিটি ঠিক করে দেব।' এরপর আর কেস রেকর্ড হবে কি করে? যার ফলে আজকে কোনও কেস রেকর্ড হচ্ছে না। তথাকথিত শান্তি কমিটি, নাগরিক কমিটি, লোকাল কমিটি, তিনটি কমিটির দৌরাত্ম্যে থানাগুলি পর্যন্ত আজকে গর্তের মধ্যে ঢুকে গেছে। বাচ্চা ইঁদুরের মতো মাঝে মাঝে মুখ তুলে পুলিশের কর্তারা বলছে, 'আমরা বেঁচে আছি তো!' এই অবস্থা পুলিশ প্রশাসনের, এর জন্য বরাদ্দ চাওয়া হচ্ছে! আজকে সমস্ত বাংলার মানুষ এক রক্তাক্ত বিভীষিকার, রাজনৈতিক নির্যাতনের শিকারে পরিণত হয়েছে।

[2-55—3-50 P.M.]

উড়িষ্যার আই.জি. রাইটলি ইন্ডিকেট করেছেন যে, পশ্চিমবাংলার থানাগুলিতে সি.পি.এম-এর দৌরাত্ম্য চলছে, সেখানে ক্রাইম রেকর্ড হয় না। পুলিশকে ক্লীব করে রাখা হয়েছে। থানায় পুলিশ কগনিজেবল অফেন্স পর্যন্ত রেকর্ড করে না। কগনিজেবল অফেন্স ১৯৯০ সালে ৬৬ হাজার ৬৪৪টি। ২৫টি অঙ্গরাজ্যের মধ্যে কগনিজেবল অফেন্সে পশ্চিমবাংলা ১১ পজিশনে আছে। সমস্ত রকমের মার্কসবাদীদের তান্ডবে এবং নির্দেশ উপেক্ষা করে, যেকোনওভাবে পশ্চিমবাংলার মানুষেরা কোনওক্রমে রেকর্ড করাতে পেরেছে এবং তার সংখ্যা হচ্ছে ৬৬ হাজার ৬৪৪। কগনিজেবল অফেন্সে পশ্চিমবাংলা ১১ পজিশনে দাঁড়িয়ে আছে। এই জায়গায় দাঁড়িয়ে শ্মশানের কাপালিককে ১৬ কোটি টাকা এক্সট্রা দিতে হবে। কেন দেব? আমি জিজ্ঞাসা করব না বেহালার দেবশ্রী রায়চৌধুরিকে কেন খুঁজে পাওয়া গেল না? পুলিশ প্রশাসন এর জবাব দেবে? আজকে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি ড্রাগ ট্রাফিকিং সেন্টার কলকাতায় হয়েছে, বোম্বের পরে। ইমপর্টান্ট ড্রাগ ট্রাফিকিং সেন্টার কলকাতায়। সংবাদপত্রে যখন দেখি তখন দেখতে পাই, পুলিশ কর্তাদের নিজেদের মধ্যে ঝগড়া হচ্ছে। তারা ইনভলভড। পুলিশ কর্তারা নারকোটিক এবং ড্রাগ ট্রাফিকিং সেন্টারের সঙ্গে যুক্ত। এই জিনিস ভাবা যায়? যে সমস্ত ঘটনাগুলি ঘটেছে পশ্চিমবাংলায় তার সংখ্যা ১৯৯০ সালে কত? সাপ্রেস করেও ৩৯০টি ঘটনা ডিটেকটেড করা গেছে। ভাবা যায়? ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি কলকাতায়

ড্রাগ ট্রাফিকিং সেন্টার হয়েছে বাই দি patronisation of the ruling party and police and the enforcement branch. তখন তারা ডিটেকশন করে বলছে মাত্র ৩৯০টি পাওয়া গেছে। এটা হয় না। সরষের মধ্যে ভুত লুকিয়ে আছে। এখানে ক্রাইম রেট রেকর্ডেড হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই বলছি, বাংলার বুকে পুলিশ প্রশাসন যন্ত্রকে এমনি জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। এদের বলে দেওয়া হচ্ছে, তুমি যদি সঠিকভাবে কাজ না করো তাহলে আই.জি. সত্যব্রত বসুর মতো অবস্থা হবে। তোমার আর ক্ষমা নেই। আর তুমি যদি সঠিকভাবে কাজ করো তাহলে তোমার বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের যদি ২৫টি রিপোর্ট থাকে তাহলেও তুমি ডি.জি হবে এবং তোমাকে বহাল তবিয়তে রাখা হবে। সঠিকভাবে তুমি যদি কাজ করো তাহলে উচ্চ প্রশাসনে রিটায়ারমেন্টের পরেও বছরের পর বছর পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার বেতন দিয়ে, গাড়ি দিয়ে, বাড়ি দিয়ে, ঠান্ডা ঘরে রেখে ৫।৬ বার এক্সটেনশন দিয়ে বড় বড় ভাল জায়গায় রেখে দেবে। আজকে এই জায়গায় পুলিশ প্রশাসন দাঁড়িয়েছে। আজকে মাননীয় সদস্য রবীনবাবু খুব গর্ব করে বললেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন, দেশে শান্তি বিরাজ করছে। আমি তাহলে ৩টি ক্যাপিটাল ধরি, উত্তরপ্রদেশ ক্যাপিটাল, পশ্চিমবাংলার রাজধানী এবং বিহারের রাজধানী। কলকাতা, পাটনা এবং লক্ষ্মৌ দিয়েই তুলনামূলক স্টাডি করি। ১৯৯০ সালে কি সাংঘাতিক ক্রাইম হয়েছে দেখুন। ১৯৯০ সালে কলকাতায় মার্ডার হয়েছে ৭৬, পাটনায় মার্ডার হয়েছে ৭২, কলকাতায় রেপ হয়েছে ১৯৯০ সালে ২৪টি আর পাটনায় রেপ হয়েছে ৪টি। কলকাতায় কিডনাপিং অফ ওমেন চিলড্রেন অ্যান্ড আদার্স হয়েছে ১৩৯, সেখানে এক্সক্লুসিভলি অন ও'মেন অ্যান্ড চাইল্ড ৬০, পাটনায় কিডন্যাপিং হয়েছে ৪৭, এক্সক্লুসিভলি ও'মেন অ্যান্ড চাইল্ড ১২। ডাকাতি—কলকাতায় হয়েছে ৪১, আর পাটনায় হয়েছে ৩৯, রাবারি—কলকাতায় হয়েছে ১৩৯ আর পাটনায় ৮৯, আর রায়ট—কলকাতায় হয়েছে ৬০৯, পাটনায় হয়েছে ২৬৫টি। টোটাল কগনিজেবল অফেন্স কলকাতায় হয়েছে ১২ হাজার ৯২৫টি আর পাটনায় হয়েছে ২ হাজার ১২০টি। বুঝতে পারছেন কি অবস্থা কলকাতায়? এই জায়গায় পশ্চিমবঙ্গে দাঁড়িয়ে আছে। গ্রাম বাংলার মানুষ অত্যাচারিত। এই সমস্ত নরখাদকের দল, তথা কথিত এই সমস্ত ভ্রস্টাচারি একশ্রেণীর পুলিশ প্রশাসনকে সাথে নিয়ে সৎ ন্যায়নিষ্ঠ পুলিশ কর্মচারিদের কাজ করতে না দিয়ে বাংলার বুকে শ্মশানের শান্তি প্রতিষ্ঠা করছে, আর শ্মশানের কাপালিক পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু ৫টি করে নরমুন্ড বলি দিচ্ছেন, মজুর বয়কট, নারী নির্যাতন, ঘর এবং শস্য লুঠ সর্বত্র একটা বিভীষিকার সৃষ্টি করে আজ মধ্যযুগীয় অবস্থাকে ছাড়িয়ে গেছে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, পুলিশ বাজেটের উপরে নতুন কথা বিরোধী দলের কেউ কিছু বললেন না। গত কয়েক বছরে একই প্রশ্ন আসছে এবং একই কথা বার বার বলা হচ্ছে। আমাদের তরফ থেকে নতুন কথা বলার কিছু নেই, কয়েক বছর ধরে এই কথাটা বোঝাবার চেষ্টা করছি যে আমাদের চাইতে একটা ভাল রাজ্য আপনারা দেখান যে দলের শাসনেই থাক, তাহলে আমরা আত্মসচেতনতায় ফিরে আসি। অপর দিকে মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি দেখেছেন এবারের মাননীয় রাজ্যপালের ভাষণ, আমাদের লজ্জা রাখবার জায়গা নেই, সে ধরনের লোকগুলি যদিও সরকারে আসেনি যারা যে কোনও

ঘটনাকে নিয়ে দিন কে রাত বানিয়ে কিছু একটা করবে বিশেষ করে বাংলার সংস্কৃতির ক্ষেত্রে। আমরা মা বোনেদের অত্যাচারকে সহজভাবে মেনে নিতে পারি না, আমরা জানি যে এই নিয়ে সমালোচনা হবে, বিশেষ করে সরকারি ভাষণে যদি স্বীকারোক্তি থাকে তাহলে বিরোধীদের হাতে অস্ত্র উঠে যায়। মাননীয় রাজ্যপালের ভাষণে স্বীকার করা হয়েছে যে এই ধরনের ঘটনা কিছু ঘটছে যা ঘটা উচিত নয়। ওঁদের পুলিশ বাজেটে আপত্তির কারণ হল ১৬ কোটি টাকা কেন বাড়তি দেওয়া হচ্ছে। ৩৪৮ কোটি টাকাটা গত বারের চেয়ে ১৬ কোটি টাকা বেশি বাড়তি কেন বরাদ্দ করা হবে। বুঝতে তো অসুবিধা হয় না, সমস্ত খরচ বেড়েছে, জিনিসপত্রের দাম বেড়েছে, পেট্রোলের দাম বেড়েছে, পুলিশ অফিসারের গাড়ির খরচ তাই বেড়েছে, ওঁরা সবই বুঝেছেন, একান্ত ভাবে সমালোচনা করতে হবে বলেই সমালোচনা করছেন। আমরা পুলিশি ব্যবস্থা ইংরেজদের কাছ থেকে পেয়েছি। ঠিকই, মাননীয় সদস্য মানস ভুঁইয়া ডাঃ বিধান রায় এবং প্রফুল্ল সেনের সঙ্গে তুলনা করার কথা বললেন, আজকে পশ্চিমবঙ্গের অবস্থা কি? ওদিকে তুলনা করা যায় না। পুলিশকে তখনও ব্যবহার করা হত, তখন রাজনৈতিক কারণে, রাজনৈতিক মিছিলের উপর গুলি চালানোর জন্য ব্যবহার করা হত। পুলিশকে রাজনৈতিক কারণে কোনও আমল থেকে ব্যবহার করা শুরু হয়েছে, সম্ভবত সিদ্ধার্থবাবুর আমল থেকেই শুরু হয়েছে। সিদ্ধার্থবাবু পুলিশকে নিয়ে ষড়যন্ত্র করেছেন, তার ফলে কাশীপুরের ঘটনা ঘটেছিল, নকশালদের ধরে নিয়ে এসে ছেড়ে দিয়ে পিছন থেকে গুলি করা হয়েছিল। যাঁরা পুলিশ প্রশাসনের বিরুদ্ধে বলেন তাঁদের লজ্জা থাকা দরকার। মাননীয় সিদ্ধার্থবাবুর লজ্জা আছে বলেই মনে হয়, কেননা বহুদিন বাদে ফিরে আসার পরে সেই সব ঘটনার সমালোচনার হাত থেকে তাঁর অকৃত্রিম বন্ধু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও বাঁচাতে পারবেন না, তাই তিনি হাউস থেকে চলে গেছেন। নকশাল আমলে দেখেছি ভাল ভাল পুলিশ অফিসারদেরও খারাপ করে দেওয়া হয়েছে। নকশাল আমলে রুণু গুহ নিয়োগীকে লক আপে নিয়ে গিয়ে কি রকম অত্যাচার করা হয়েছিল? আজকে সেই মহিলা লন্ডনে অ্যামেনেস্টি ইন্টারন্যাশনালের মাধ্যমে যে প্রচার করছেন তা পশ্চিমবঙ্গের বিরুদ্ধে যাচ্ছে, তা আমাদের গ্রহণ করতে হচ্ছে। রাজনৈতিক উদ্দেশ্যে পুলিশকে দিয়ে যে কাজগুলি করানো হয়েছে সাম্প্রতিককালে—আমার কাছে সব তথ্য নেই—কিন্তু দেখা যাবে যখনই একটা করে নির্বাচন আসে তখনই—পৌরসভা পঞ্চায়েত—যে নির্বাচনই হোক আইন-শৃঙ্খলার অবনতি ঘটে।

[3-05—3-15 P.M.]

কারণ পুলিশ প্রশাসনের মধ্যে একদল লোক রয়েছেন যারা চান বামফ্রন্ট সরকার না থাকুক। তাদের অসুবিধা হচ্ছে বামফ্রন্ট সরকার দীর্ঘদিন চলবার ফলে, তাই তারা সমাজ-বিরোধীদের দিয়ে আইন-শৃঙ্খলার অবনতি ঘটিয়ে পশ্চিমবঙ্গের চেহারা অন্যভাবে ভারতবর্ষের কাছে তুলে ধরবার চেষ্টা করছেন। এখনও কংগ্রেস মনভাবাপন্ন লোকেরা অফিসার মহলে রয়েছেন। তাই আমরা দেখছি, মন্ত্রিসভা বদলাচ্ছে, কিন্তু ব্যুরোক্রাসীর চেহারা বদলাচ্ছে না। বামফ্রন্ট সরকার সমস্ত কিছু ঢেলে সাজাবার চেষ্টা করছেন, কিন্তু ট্রান্সফার পর্যন্ত করা যাচ্ছে না। সেক্ষেত্রে আদালত হস্তক্ষেপ করছেন প্রয়োজনে অপ্রয়োজনে। সেক্ষেত্রে ট্রান্সফার্ড অফিসারের বিরুদ্ধে কঠিনতম অভিযোগ থাকলেও প্রশাসন ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না। এর ফলে প্রশাসনের ক্ষতি হচ্ছে। এক্ষেত্রে ওরা মদত দিচ্ছেন। তবে সারা ভারতবর্ষের তুলনায় এখনকার আইন-

শৃঙ্খলা পরিস্থিতি অনেক উন্নত। কাটরা মসজিদকে কেন্দ্র করে সাম্প্রদায়িক দাঙ্গা করা হয়েছে, কিন্তু তার ফলে মিলিটারি নামাতে হয়নি এখানে, আমাদের পুলিশই তার মোকাবিলা করেছেন। পুলিশের মধ্যে যেমন খারাপ রয়েছেন, তেমনি পুলিশের মধ্যে পশ্চিমবঙ্গের রাজনৈতিক সচেতনতা কাজ করে না সেটা ভাববার কারণ নেই। অযোদ্ধার বাবরি মসজিদকে কেন্দ্র করে বিশ্ব হিন্দু পরিষদ এখানে সাম্প্রদায়িক দাঙ্গা করবার চেষ্টা করেছে, নানাভাবে চেষ্টা করেছে, কিন্তু পারেনি। সেক্ষেত্রে পুলিশ যদি এখানে একটি পক্ষ নিয়ে দাঁড়াতেন তাহলে সেটা সম্ভব ছিল, যেটা অন্য রাজ্যে হয়। এটাই পশ্চিমবঙ্গের মানুষের অসাম্প্রদায়িক মানসিকতার দৃষ্টান্ত এবং তার দ্বারাই পুলিশকে পরিচালিত হতে হচ্ছে। পুলিশের মধ্যে পশ্চিমবঙ্গের এই রাজনৈতিক সচেতনতা এসেছে। পুলিশ আমাদের বলছেন—জোতদার এবং গরিব মানুষের মধ্যে সংঘাত হলে আমাদের ভূমিকা কি হবে? এক্ষেত্রে আমরা তাদের ভূমিকা স্থির করে দিয়েছি। তবে ঘুস এবং নানারকম প্রলোভন রয়েছে যার দ্বারা অনেকে পরিচালিত হন। সেক্ষেত্রে প্রমাণ পেলে কিছু কিছু পুলিশ অফিসার ট্রান্সফারও হন। আজকে কংগ্রেস দলের পক্ষ থেকে বলা হচ্ছে, [***] নাকি বামফ্রন্ট সরকারকে উৎখাত করতে পারবেন। এটা বলা হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাম বাদ যাবে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** ডেপুটি স্পিকার স্যার, আমি সংবাদপত্র থেকে উদ্ধৃতি দিচ্ছি। একজন কেন্দ্রীয় সরকারের মন্ত্রী, যিনি নির্বাচিত হয়েছেন লোকসভায় এখান থেকে, তিনি নাকি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করবার জন্য চেষ্টা করবেন। কিন্তু যখন তাঁর উপর অত্যাচার হয়েছিল তখন এই বিধানসভায় দাঁড়িয়ে ১৯৯০ সালের ২০শে আগস্ট তারিখে আমরা তার সমালোচনা করেছি, ঐ জিনিসের নিন্দা করেছি। এটা পশ্চিমবঙ্গেই সম্ভব। পশ্চিমবঙ্গে ওরা আজকে একটা অরাজক অবস্থা আনতে চান বলে পুলিশ প্রশাসনের মধ্যে প্রতিক্রিয়া সৃষ্টি করতে চাইছেন, বিদ্রোহের মানসিকতা তৈরি করা যায় কিনা তার চেষ্টা করছেন এবং তারজন্যই বলছেন মাথাভারী প্রশাসনের কথা। বলছেন, পুলিশে কিছু কিছু অফিসার পদ তৈরি করা হচ্ছে, কিন্তু নিচুতলার এস.আই., ইনস্পেকটর এবং কনস্টেবলদের সম্বন্ধে কিছু করা হচ্ছে না এবং তাই পুলিশ খাতে ১৬ কোটি টাকা বাড়তি অনুমোদন করতে হচ্ছে। আমি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করতে চাই না, কিন্তু বামফ্রন্ট মন্ত্রিসভা, বিশেষ করে স্বরাষ্ট্রমন্ত্রীকে সতর্ক করে দিতে চাই, আসন্ন দিনগুলিতে পুলিশের উপর বিরাট দায়িত্ব আসছে, কারণ পশ্চিমবঙ্গের কোথাও কোথাও বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথা চাড়া দিয়ে উঠছে। দার্জিলিংয়ে দেখেছেন হিল কাউন্সিল গঠিত হয়েছে, কিন্তু তাতে সুভাষ ঘিসিং সন্তুষ্ট নয়। অথচ এই সুভাষ ঘিসিং ওরাই সৃষ্টি করেছেন। বিরোধী দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায়, তিনি এক সময়ে দার্জিলিংয়ে ইনডিপেনডেন্ট প্রার্থী হিসাবে দাঁড়িয়েছিলেন। সেখানে তিনি মদত দিয়েছিলেন সমস্ত শক্তিকে। পরবর্তীকালে মালদহে ওদের নেতা রাজীব গান্ধীর সময়েও তাদের মদত দিয়েছিলেন। জয়নাল আবেদিন বললেন যে ভগবান, শয়তান আর কমিউনিস্টদের কোনও পরিবর্তন হয়না। ভগবানের পরিবর্তন হয় কিনা সেটা নিয়ে আমি কোনও আলোচনা করতে চাইনা। কারণ অনেক ধর্মপ্রাণ ব্যক্তি আছেন যারা এতে আহত হবেন। কাজেই আমি

[** Expunged as ordered by the Chair]

সেদিকে যেতে চাই না। ভগবানকে বাদ দিয়ে বাকি শয়তান এবং কমিউনিস্ট এই দুটোকে এক জায়গায় বসিয়েছেন। আমি তাকে বলব যে আপনাদের বিরোধী দলের নেতা তো অনেক ডিগবাজি খেয়েছেন। তিনি এক সময়ে মার্কসবাদী কমিউনিস্ট পার্টিতে বিরোধী দলের ভূমিকা পালন করেছিলেন। আবার ডিগাবাজি খেয়ে অন্য জায়গায় চলে গেছেন। কিন্তু জ্যোতি বসু কমিউনিস্ট পার্টিতে ছিলেন এবং কমিউনিস্ট পার্টিতেই রয়েছেন। সিদ্ধার্থবাবু এক দল থেকে আর এক দলে গেছেন। সিদ্ধার্থবাবুর একমাত্র মূলধন যে তিনি দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের দৌহিত্র এবং এই পারিবারিক মূলধন ভাঙ্গিয়ে তিনি পশ্চিমবঙ্গে আধিপত্য বিস্তার করতে চাচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ তাকে চিনে ফেলেছে। আমরা যারা বামফ্রন্টে আছি, আমরা শোষণহীন সমাজ প্রতিষ্ঠা করতে চাচ্ছি। শোষণ ব্যবস্থাকে ভেঙ্গে সাধারণ মানুষের উপকার করতে চাচ্ছি। তার জন্য একটা রাস্তা হচ্ছে বাইরে, আর একটা রাস্তা হচ্ছে এই ঘরের ভিতরে। মানুষ বারে বারে আমাদের নির্বাচিত করেছে যে প্রত্যাশা নিয়ে সেই প্রত্যাশাকে আমরা পূরণ করতে পারিনি। আমাদের বহু বাধা আছে—সংবিধানগত বাধা আছে, নানারকম বাধানিষেধ আছে, আমরা সম্পূর্ণভাবে পরিবর্তন করতে পারিনি। পুলিশ প্রশাসনকেও সম্পূর্ণ ভাবে পরিবর্তন করতে পারিনি। তবে যে সমস্ত কলকারখানা, জোতদার-জমিদার, দেশের বড়বড় লোক, যে সমস্ত কায়েমী স্বার্থের মানুষ আছে তাদের বিপক্ষে আজকে পশ্চিমবঙ্গে পুলিশ দাঁড়িয়েছে। আজকে এটাই হচ্ছে বিরোধী দলের গাত্রোদাহ। ঐ সমস্ত বিরোধী শক্তির দিকে তাকিয়ে তারা বহুবার বহুভাবে চেষ্টা করেছে পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারকে কি ভাবে নষ্ট করা যায়, কি ভাবে তাকে ফেলে দেওয়া যায়। আজকে দার্জিলিংয়েও সেই চেহারা নতুন ভাবে শুরু হয়েছে। আজকে ঝাড়খন্ডকে কেন্দ্র করে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন পশ্চিমবঙ্গে দেখা যাচ্ছে। কাজেই পুলিশের সামনে আগমীদিনে বিরাট দায়িত্ব আছে। এমন কি তিন বিঘাকে কেন্দ্র করে যে ভাবে বি.জে.পি নতুন ভাবে মাথা চাড়া দেবার চেষ্টা করছে, সীমান্তবর্তী এলাকাতে যেরকম অবস্থা দেখা দিয়েছে তাতে পুলিশ প্রশাসনেরও দায়িত্ব বাড়বে। সেখানে বামফ্রন্ট সরকার যে রাজনীতি নিয়ে চলতে চায় পুলিশ প্রশাসনকে সেইভাবে যাতে পরিচালিত করা যায় তারজন্য মুখ্যমন্ত্রীকে সতর্ক দৃষ্টি রাখতে হবে এবং এই গুরু দায়িত্ব পালন করে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির জন্য সঠিকভাবে প্রোটেক্টর অব ল হিসাবে পুলিশকে নিয়োজিত করতে হবে। আজকে সেই কাজের জন্য এই বাজেটে টাকা বরাদ্দ করা হয়েছে। আমি বিরোধী দলের সমস্ত বক্তব্যের বিরোধিতা করে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাজেটের বিরোধিতা করতে উঠেছি। এর আগে মাননীয় সদস্য দীপকবাবুর বক্তব্য আমি শুনলাম এবং যে বিরাট ভেড়ার দল মাঝে মাঝে জ্যোতিবাবুকে টেবিল চাপড়ে সমর্থন করে তাদের বক্তৃতাও শুনেছি, তাদের চেঁচামেচি শুনেছি। ...**(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)**...

**মিঃ ডেপুটি স্পিকারঃ** কোনও অ্যাসপারসন চলবে না।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, তাহলে কি এদের মেষ শাবক বলব? যারা চিৎকার করছে তাহলে এরা মেষ শাবকের দল।

[3-15—3-25 P.M.]

সুতরাং স্যার, আমি এঁদের চিৎকার এবং মন্তব্য অনেক শুনেছি। মেষ শাবকদের চিৎকার অনেক শুনেছি। সময় নষ্ট না করে আমি মুল কথায় আসতে চাই। স্যার, দীপক সেনগুপ্তের বক্তব্য শুনেছি এবং এখন উনি বললেন বিরোধীরা একই কথা বার বার বলছেন। আমরা কি করে নতুন কথা বলব? জগৎদল পাথরের মতো পশ্চিমবাংলার পিঠে এই মুখ্যমন্ত্রী চেপে আছেন, ১৫ বছরে তাঁর দপ্তর পালটায় নি, তাঁর দপ্তরে একটা মিনিস্টার অফ স্টেট নিয়োগ করেন নি। দীপকবাবুর পার্টির কমল গুহ মহাশয় কৃষিমন্ত্রী ছিলেন বাদ হয়ে গেলেন, ভক্তিবাবু সমবায় মন্ত্রী ছিলেন, বাদ হয়ে গেলেন যতীন চক্রবর্তী বাদ হয়ে গেলেন। কিন্তু আমরা বুঝতে পারছি দীপকবাবুর তার উপরে কোনও দুঃখ নেই। কারণ আমরা শুনেছি কমলবাবুর লোকজন ওনাকে মারধোর করেছেন দিনহাটায়। সেইজন্য ওনার একটু রাগ আছে। এই মুখ্যমন্ত্রী থাকলে আমরা একই কথা বলব। এঁকে বছরের পর বছর কাপালিক বলব, এর দলকে বছরের পর বছর নরখাদক বলব, বছরের পর বছর বলব ওঁরা প্রশাসনকে পুরোপুরি পার্টির কাজে ব্যবহার করছেন। স্যার, আমাদের দলের গনতন্ত্র নিয়ে আজকে সি.পি.এম খুব চিন্তিত। আমাদের দলের গণতন্ত্র নিয়ে যে সি.পি.এম চিন্তিত সেই সি.পি.এম-এর পলিটব্যুরো থেকে শুরু করে পার্টি কংগ্রেস পর্যন্ত রুদ্ধদ্বার কক্ষে হয়। যাঁরা গণতান্ত্রিক শাসনে বিশ্বাস করেন না, একদলীয় শাসনে বিশ্বাস করেন তাঁরা আজকে গণতন্ত্রের ব্যাপারে চিৎকার করছেন। এটা দেখে আমি অত্যন্ত আহ্লাদিত। স্যার, ওঁদের মজার ব্যাপার কি জানেন? ওঁদের মজার ব্যাপার হল—আমি ওঁদের নীতিটা কয়েক বছর ধরে লক্ষ্য করছি। যে ওঁরা সব ধরনের বিচ্ছিন্নতাবাদী শক্তি এবং সাম্প্রদায়িক শক্তিকে মদত দেয়। যখন সেইগুলি শক্তিশালী হয়ে যায় তখন ওঁরা চিৎকার করতে শুরু করে দেন। ওঁরাই এই রাজ্যে ইঁট পুঁজো করতে দিয়েছিলেন। জয়নালদা বলেছেন—এটা একমাত্র রাজ্য যেখান দিয়ে আদবানি রথ নিয়ে গিয়েছিল। বিহারের লাল্লু যাদব—বাপের ব্যাটা—আদবানিকে গ্রেপ্তার করেছিল। জ্যোতিবাবু হিম্মত হয় আদবানিকে গ্রেপ্তার করার। আবার এই রাজ্যে একতাযাত্রা বেরিয়েছে এবং পুলিশ দিয়ে সেই একতাযাত্রাকে ওঁরা এগিয়ে দিয়েছেন। ওঁরা ভাবেন যে যদি এই রাজ্যে সাম্প্রদায়িক শক্তিকে একটু উসকানি দেওয়া যায় তাহলে কংগ্রেসের ভোট কমবে। সেইজন্য ওঁরা সাম্প্রদায়িক শক্তি নিয়ে মাথা ঘামাচ্ছেন। ঠিক একই ভাবে এই রাজ্যে দার্জিলিং-এর ব্যাপারে বিচ্ছিন্নতাবাদের হয়ে স্লোগান দিয়েছিলেন, আলাদা গোর্খা স্থানের স্লোগান দিয়েছিলেন। ওঁদের মাধ্যমেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন দার্জিলিং-এ জন্ম নিয়েছিল। আজকে ঘিসিং-এর বিরুদ্ধে মুখ্যমন্ত্রী বড় বড় বিবৃতি দিচ্ছেন। ওঁদের ক্ষমতা নেই দার্জিলিং-এ ঘিসিং-এর বিরুদ্ধে লড়াই করার। গত বারে রাজীব গান্ধি মিটিয়ে না দিলে জ্যোতিবাবুর দার্জিলিং-এ যাওয়া হত না। আজকেও কেন্দ্রীয় সরকার সমর্থন না করলে ওঁরা দার্জিলিং সমস্যার সমাধান করতে পারবেন না, দার্জিলিং সামলাতে পারবেন না। আজকে স্যার, সমস্ত রকম দেশ বিরোধী শক্তির আশ্রয়স্থল হচ্ছে পশ্চিমবাংলা এবং তার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। ঐই পশ্চিমবাংলায় আমরা দেখি হাওড়া স্টেশনে উগ্রপন্থী ধরা পড়ে, আসানসোলে উগ্রপন্থী ধরা পড়ে। কেন? তার কারণ ওরা জানে পশ্চিমবাংলায় পালিয়ে একবার আসতে পারলে জ্যোতিবাবুর রাজ্যে বন্দুকধারী উগ্রপন্থীদের বিরুদ্ধে ব্যবস্থা হয় না। সেইজন্য তারা আসে এবং দিনের পর দিন তারা থাকে। উলফা, হিতেশ্বর সাইকিয়া নিজের

জীবনের ঝুঁকি নিয়ে উলফাদের তাড়াচ্ছেন অসম থেকে। সেই উলফা কোথায় ধরা পড়ছে? ধরা পড়ছে কলকাতা থেকে। তার আগে দীর্ঘ দিন তারা এখানে কাজ-কর্ম চালিয়ে গেছে। তার মানে এই রাজ্য উগ্রপন্থীদের আশ্রয়স্থল। উগ্রপন্থীদের আশ্রয় দেবার ব্যাপারে কার দায়িত্ব থাকে? এই রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর। আজকে ওঁরা ঝাড়খন্ড আন্দোলন নিয়ে বলছেন। বিহারে সি.পি.আই-এর লোকেরা ঝাড়খন্ড রাজ্যের জন্য বলছে। বিহারে সি.পি.এম ছোট পার্টি, সি.পি.আই-এর লেজুড়। তার মানে বিহারে ওঁরা ঝাড়খন্ডের পক্ষপাতী আর পশ্চিমবাংলাতে ওঁরা ঝাড়খন্ডের বিরুদ্ধে বিরাট স্লোগান দিচ্ছেন। ওঁরা তাই অ্যাডমিনিস্ট্রেটিভলী ঝাড়খন্ড বা ঝাড়খন্ড মুক্তি মোর্চার সদস্যদের উপর নির্মম অত্যাচার করছে। কিন্তু এরা রাজনৈতিকভাবে এদের মোকাবিলা করতে পারছে না। এই রাজ্য চোরাকারবারিদের স্বর্গরাজ্য। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন, প্রতিদিন বর্ডারে এপার থেকে স্মাগল্ড হয়ে চলে যাচ্ছে গরু-বাছুর, চাল, ডাল আর ওদিক থেকে সমস্ত জিনিস আসছে এই কলকাতায়। কলকাতা হচ্ছে ড্রাগ ব্যবসায়ীদের মূল কেন্দ্র। নেপাল থেকে এই ড্রাগ আসছে এই কলকাতা শহরে এবং এখান থেকে সারা ভারতবর্ষে ছড়িয়ে যাচ্ছে। কলকাতার পুলিশ জেগে ঘুমায়। তারা ড্রাগ ব্যবসায়ীদের দেখতে পায় না। কেননা, এখানে অ্যাডমিনিস্ট্রেশন পুরোপুরি ফেল করে গেছে। আজকে বাটায় ধর্মঘট চলছে। ঐ অপদার্থ দীপক মুখার্জি এটা মেটাতে পারছে না। এর কারণ কি? এর কারণ হচ্ছে এই জায়গায় ওরা মদত পাচ্ছে। আর.এস.পি-র দেবব্রত বন্দ্যোপাধ্যায় বলেছেন যে সি.পি.এম. হচ্ছে সোশ্যাল ফ্যাসিস্ট। তা সত্ত্বেও ওদের কিল খেয়ে কিল হজম করতে হয়। তা নাহলে সি.পি.এম. যেমন ভাবে কমলবাবুকে বের করে দিয়েছে, যে রকম ভাবে যতীনবাবুকে বের করে দিয়েছে, সেইরকমভাবে তপন হোড়কে বের করে দেবে। আজকে সি.পি.এম.-এর ক্যাডাররা কি করছে এটা বোঝা দরকার। সি.পি.এম.-এর যে ভায়োলেন্স, সে সম্পর্কে আমি আগে বলেছি। আমি ওদের সাধুবাদ জানাই, ওদের অর্গানাইজড পার্টি। ওদের অর্গানাইজড ভায়োলেন্স এবং কন্ট্রোল্ড টেরর কখন হয়, না ইলেকশনের তিনদিন আগে হয়। আর ইলেকশনের তিন মাস পরে যারা বিরুদ্ধে তারা ভয় দেখায়। মানুষকে ওরা ভোট দিতে দেয় না। যারা ভোট দিয়েছে তাদের ভয় দেখায় যাতে পারমানেন্টলি তারা ইলেকসনে ভোট দিতে না যায়। ইলেকশনের পরে হাত কাটার ঘটনা ঘটায়। ইলেকশনের পর চব্বিশ পরগনায় এইরকম ঘটনা ঘটিয়েছে। আবার ইলেকশনের পর কিছুদিন চলে গেলে ভায়োলেন্স কন্ট্রোল করে নেওয়া হয়। আবার পঞ্চায়েত ইলেকশনের আগে এটা করা হবে। স্যার, সেনা বাহিনীকে ব্যারাকে রাখতে হয়। তার কারণ একটা ভিকটোরিয়াস সেনা বাহিনীতে যেটা হয়—মহিলাদের ইজ্জত যায়। সি.পি.এম. সমস্ত ক্যাডারকে ব্যারাকে রাখতে পারছে না। তার ফলে তারা রাস্তায় ঘুরছে, আর রোজ রেপ, ধর্ষণের ঘটনা ঘটছে দেখা যায়। আমি এই হাউসে গীতা মুখার্জির বক্তব্য পড়েছি যখন গদাইয়ের চরে ধর্ষণের ঘটনা ঘটেছিল। তিনি বলেছেন যে এই ঘটনায় অভিযুক্ত হচ্ছে সি.পি.এম.-এর সমর্থক। কোথায় ঘটনা ঘটেছিল? গদাইয়ের চরে। কে বলেছেন? সি.পি.আই.-এর এম.পি. গীতা মুখার্জি, তিনি বলেছেন। তার ফলে সি.পি.এম.-এর কর্মীরা ধর্ষণ করে দেখেছি বানতলা, বিরাটি থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায়। নারীর ইজ্জত লুটের ঘটনা পৌঁছেছে অন্যান্য জায়গায়। ভগবানগোলায় সি.পি.এম-এর একজন অঞ্চল সদস্য, মেম্বার, সে একজন মহিলাকে রেপ করেছে। এখন পর্যন্ত পুলিশ তাকে গ্রেপ্তার করে নি। এর ফলে ঐ এলাকায় মানুষের মধ্যে বিরাটভাবে বিক্ষোভ চলছে। আমরা দেখছি পশ্চিমবাংলায় এই ঘটনা

ঘটছে। স্যার, তাই আমি আপনার কাছে এই কথা বলতে চাই যে, পশ্চিমবাংলায় এই মাথাভারী প্রশাসন তৈরি হয়েছে। আমি দু-একটা ফিগার আপনার সামনে রাখছি।

(গোলমাল)

স্যার, আমি এবারে কয়েকটা ফ্যাক্ট বলছি। পশ্চিমবাংলায় মূল সমস্যাটা যেটা দাঁড়িয়েছে সেটা হচ্ছে, পশ্চিমবাংলায় পুলিশ খাতে খরচ বাড়ছে। সেই তুলনায় কিন্তু ক্রাইম ডিটেকশন হচ্ছে না এবং সেই তুলনায় ক্রাইম কনভিকশন হচ্ছে না।

[3-25—3-35 P.M.]

আমাদের এই পুলিশ বাজেটে গত বছরে এই বাজেটের পরিমাণ কিছুটা কম ছিল, ৩৩২ কোটি টাকা ছিল, সেখানে এইবার সেটা বেড়ে হয়েছে ৩৪৮ কোটি টাকা অর্থাৎ ১৬ কোটি টাকা বেড়েছে পুলিশ বাজেট খাতে। সেখানে মহারাষ্ট্র এবং পশ্চিমবঙ্গের যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে একটি কংগ্রেস শাসিত স্টেবল স্টেট হিসাবে মহারাষ্ট্রে পুলিশ খাতে খরচ কম এবং সেই তুলনায় বামফ্রন্ট সরকার পরিচালিত একটি স্টেবল স্টেটে পুলিশ খাতে খরচ বেশি। মহারাষ্ট্রে পুলিশ খাতে খরচ হয়েছিল ৪২২ কোটি টাকা আর পশ্চিমবঙ্গে খরচ হয়েছিল ৩৪৮ কোটি টাকা। এখন মহারাষ্ট্রের ইনক্রিজ কি রকম হচ্ছে যদি দেখি তাহলে দেখব যে সেখানে বেশি লোক, বেশি এরিয়া এবং পুলিশ বাজেটে ৯৬ কোটি টাকা ধরা আছে। সেখানে পশ্চিমবঙ্গে ১১৭ কোটি টাকা। সেই তুলনায় পশ্চিমবঙ্গে পুলিশিং কত হয়েছে সেটাও দেখা দরকার। পশ্চিমবঙ্গে নাম্বার অফ পুলিশমেন পার থাউসেন্ড পপুলেশন ১.১ পারসেন্ট, মহারাষ্ট্রে সেখানে ১.৭ পারসেন্ট এবং পশ্চিমবঙ্গে ১ হাজার লোকের জন্য ১.১ পুলিশমেন সেখানে মহারাষ্ট্রে ১ হাজার লোকের জন্য ১.৭ পারসেন্ট পুলিশমেন। সুতরাং পশ্চিমবঙ্গের সঙ্গে তুলনামূলকভাবে যদি বিচার করি তাহলে দেখবেন যে মহারাষ্ট্রে পশ্চিমবঙ্গের থেকে পুলিশ খাতে খরচ অনেক কম। সেখানে পশ্চিমবঙ্গে ৬.৬ পারসেন্ট এবং মহারাষ্ট্রে ৪.৮২ পারসেন্ট। সুতরাং ওদের ওরিয়েনটেশন ডেভেলপমেন্টের দিকে এবং আপনাদের ওরিয়েন্টেশন পুলিশের দিকে। এখন দেখতে হবে যে মহারাষ্ট্রের পুলিশও কি একইরকম কাজ করেন? মহারাষ্ট্রের পুলিশ ১৭ কোটি ২৭ লক্ষ টাকার স্টোলেন প্রপার্টি রিকভার করতে সক্ষম হয়েছেন। সেখানে পশ্চিমবঙ্গে ৪ কোটি ৯২ লক্ষ টাকার স্টোলেন প্রপার্টি পুলিশ রিকভার করতে পেরেছে। পশ্চিমবঙ্গে পুলিশ খাতে খরচ বেশি এবং সেই তুলনায় পারসেনটেজ হিসাবে স্টোলেন প্রপার্টি রিকভার করেছে কম। এখন দেখুন মহিলা পুলিশ নেওয়ার ক্ষেত্রে কি রকম সুযোগ দিয়েছেন আপনারা—যেখানে টোটাল পুলিশ হচ্ছে ১৮৪০, সেখানে মহিলা পুলিশ মাত্র ৪৩৬ জন। সুতরাং আমরা দেখছি যে মহারাষ্ট্রের তুলনায় পশ্চিমবঙ্গে পুলিশের পারফরমেন্স কম। পুলিশ ফোর্সের ক্ষেত্রে অ্যাকচুয়াল পুলিশ স্ট্রেনথ ১ লক্ষ ২৪ হাজার সেখানে পশ্চিমবঙ্গে ৭২ হাজার। আসলে লোয়ার লেবেলে পুলিশের কোনও ইনডাকশন হচ্ছে না। পুলিশের ইনডাকশন হচ্ছে টপ লেবেলে। মানস ভুঁইয়াও এই ব্যাপারে উল্লেখ করেছেন, সেখানে ৬ জন ডিজি র্যাঙ্কের অফিসার রাখা হয়েছে, ১৫ জন আই জি র্যাঙ্কের অফিসার রাখা হয়েছে। সেখানে ১৯৭২ সালে আমরা মাত্র একজন আই জিকে দিয়ে কাজ চালাতাম। আর আজকে ৬ জন ডিজি এবং ১৫ জন আইজি নিযুক্ত করা হয়েছে। আপনাদের কে

একজন রুণু গুহ নিয়োগীর ব্যাপারে বলছিলেন—আমি তার উত্তরে আপনাদের জানাই যে, আমাদের সময়ে তাঁকে তো আমরা সাব ইনেসপেক্টর করেছিলাম। আর আপনাদের সময়ে তিনি কি হয়েছেন—আজকে তাঁকে ডিসি করা হয়েছে। ঘর পোড়ানোর অভিযোগে তাঁকে রিটায়ার করার আগে একটা প্রাইজ দিয়ে দিলেন। আরও দু-একটি কথা এই প্রসঙ্গে রাখতে চাই, সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে আমরা দেখছি যে বিভিন্ন ব্যাপারে সাপ্রেশন অফ ফ্যাক্টস ঘটছে। শুধু নির্বাচনের সময়েই পুলিশের তৎপরতা চোখে পড়ে। কর্পোরেশনের নির্বাচনের ক্ষেত্রে আমরা দেখলাম পুলিশ দিয়ে কিভাবে জিতে এলেন। ১৯৯০-৯১ সালে ১৭১ এক্সপ্লোসিভ অ্যান্ড এক্সপ্লোসিভ সাবস্টেন্স কেস হয়েছিল তার মানে ওই কটি ঘটনা ছাড়া আর কোনও পুলিশের রেকর্ডে নেই। এই ১৭১টি বোমা পড়ার ঘটনা ঘটেছে এবং সারা পশ্চিমবঙ্গে এই সংখ্যাটি বিশ্বাস করা যায় কিনা আপনারাই ভেবে দেখুন। তারপরে আমি বারে বারেই বলেছি যে চোরাচালানকারি এবং মজুতদারদের বিরুদ্ধে আপনারা কোনও ব্যবস্থাই গ্রহণ করতে পারেন নি। ৯১৬টি এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্টের কনভিকশনে কাউকে গ্রেপ্তার করতে পারেন নি। আমরা রিপিটেডলি মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন করেছিলাম যে কত জনের বিরুদ্ধে কনভিকশন আছে, তিনি উত্তর দিতে পারেন নি। তারপরে আমরা তাঁকে প্রশ্ন করেছিলাম কতজনকে ধর্ষণ করা হয়েছে, তাঁরও ফিগার দিতে পারেন নি এবং হাউস থেকে না উত্তর দিয়ে পালিয়ে গেলেন। তারপরে আরেকটি প্রশ্ন আপনার কাছে করতে চাই, এই যে টেরারিস্ট অ্যান্ড ডিসরাপটেড অ্যাকটিভিটিজ অ্যাক্ট আছে, এতে কতজন টেরোরিস্টকে আপনি ধরতে পেরেছেন। আপনারাই তো বলেন এখানে উল্ফারা আসছে, দার্জিলিংয়ে টেরোরিজিমে ভরে গেছে, পাঞ্জাব থেকে মিলিটেন্সরা আসছে কিন্তু আপনারা কি একজন লোককেও গ্রেপ্তার করতে পেরেছেন? একজনও গ্রেপ্তার হয় নি। কোনও একটা কেসও হয় নি।

পশ্চিমবাংলায় আজকে গদাইচরের মতো ঘটনা ঘটছে, এই জ্যোতিবাবুর রাজত্বে মানুষকে হতাশার এমন তীব্র পর্যায়ে দাঁড় করিয়েছে যে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি সুইসাইডের ঘটনা ঘটছে। স্ট্রং সুইসাইড স্ট্রীম ইন ওয়েস্ট বেঙ্গল। সারা ভারতবর্ষের মধ্যে সুইসাইডে পশ্চিমবাংলা হচ্ছে এক নম্বর, সারা ভারতবর্ষে যত সুইসাইড হয় তার ১৫.৩ পারসেন্ট ঘটছে এই পশ্চিমবাংলায়। সেখানে যদি ফলোড বাই তামিলনাড়ু ১৫.১ পারসেন্ট, কেরালা ১১ পারসেন্ট, এখানে কেন মহিলারা সুইসাইড করছে তারও একটা কারণ দিচ্ছি সেটা হচ্ছে ফেলিওর in examination, quarrel with in-laws and spouses, love affairs and illegitimate pregnancy. এই সি.পি.এম-এর আমলে পশ্চিমবাংলায় মহিলাদের বাঁচার কোনও উপায় নেই তাই আজকে জ্যোতিবাবুর রাজত্বে বেঁচে থেকে লাভ কি? পশ্চিমবাংলায় সুইসাইড হচ্ছে সবেচেয়ে বেশি স্ট্যাটিসটিক্সই এই কথা বলছে। বামফ্রন্টের কেউ সুইসাইডের এই নীতি অনুসরণ করবেন কিনা যে অবস্থা চলছে সেটা আমি এখনও পর্যন্ত জানিনা। স্যার, আমি এবারে কয়েকটি স্পেসিফিক ঘটনার দিকে যাচ্ছি, আমি এই কথা সি.পি.এম.-র বিরুদ্ধে অ্যাকিউসড্ করে বলতে চাই যে আজকে কংগ্রেস কর্মীদের খুন করার চেয়ে ওরা বেশি ব্যস্ত ওদের যারা বিরোধী তাদেরকে খুন করার ব্যাপারে, ওদের পার্টি থেকে যারা বেরিয়ে যাচ্ছে যারা ডিসিডেন্ট হচ্ছেন তাদেরকে খুন করার ব্যাপারে। এই হাউসে আমরা আগেও বলেছি নকশালপন্থীদের নেতা অসীম চ্যাটার্জি ওদের দলে যোগ দিলে তাকে ওরা হাত তুলে স্বাগত

জানাচ্ছে আর ওদের যারা বিরোধিতা করে তাদেরকে ওরা নির্মমভাবে হত্যা করেন। তার একটা উদাহরণ আমি দিচ্ছি, ১৯৯০ সালের ২৫শে ডিসেম্বর কৃষ্ণনগরের অসীম সাহা নকশাল নেতা খুন হলেন এখনও পর্যন্ত অপরাধীরা গ্রেপ্তার হয়নি, অপরাধী ধরা পড়েনি। ১৯৯২ সালের ৭ই জানুয়ারি জেলার সি.পি.এম. অফিসের সামনে নকশাল নেতা রমেন সাহা খুন হয়েছে, এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। এই নদীয়া জেলাতেই ৯০ সালের ১২ই নভেম্বর প্রাথমিক শিক্ষক মোহন ঘোষ মারা গেছেন, তার ব্যাপারে সি.পি.এম.-র পঞ্চায়েত সদস্য যুক্ত এখনও পর্যন্ত গ্রেপ্তার হয়নি। ওদের দল থেকে যারা বেরিয়ে আসছে তাদের ওরা খুন করবে এটাই হচ্ছে ওদের নীতি। এর আগে পানিহাটির দুলাল চক্রবর্তীর কথা বলি সে সি.পি.এম.-র ডিসিডেন্ট ছিল, ট্রেড-ইউনিয়ন নেতা ছিল তাঁকে খুন করা হয়েছিল। আজকে হরিপাল থানায় সি.পি.এম.-র মধুসূদন সাঁতরা বলে একজন কৃষক নেতা তাকে মারা হয়েছিল—এই যে লিফলেট নিয়ে এসেছি, মধুসূদন সাঁতরার খুনের প্রতিবাদে গর্জন করে উঠুন—এটা হচ্ছে গত ৩০শে সেপ্টেম্বর, ৯১তে, মধুসূদন সাঁতরা যখন বাড়ি ফিরছিলেন তখন সি.পি.এম.-র মস্তানরা ৫।৬ জন মিলে ঠ্যাঙাড়ে বাহিনী তাকে আক্রমণ করে, হাত পা ভেঙে দেয় মাথার খুলি ফেটে যায়, তাঁকে কলকাতায় নিয়ে আসার পথে তিনি মারা যান। কমরেড সাঁতরা মাত্র ৭ মাস বিয়ে করেছিলেন, ২০ বছর সি.পি.এম. পার্টি করার পর কমরেড ঐ পার্টি ছেড়ে কৃষক আন্দোলনে যোগ দেন। তারজন্য সি.পি.এম.-র লোকেরা ঠ্যাঙাড়ের মতো তাকে মেরে খুন করেছেন। এবার আমি এদের নেক্সট খুনের টার্গেটটাও বলে দিচ্ছি তার নাম হচ্ছে পঙ্কজ মাকাল। সে ভেরী অঞ্চলে জমি দখলের বিরুদ্ধে লড়াই করেছে, সে যখন ওদের দল থেকে বেরিয়েছে—তাকে খুন করার সাহস সি.পি.এম. এখনও পায়নি—কংগ্রেসে যখন যোগ দিল পরের দিনই তাকে পুলিশ গ্রেপ্তার করেছে এবং একগাদা মামলা দিয়েছে ওর বিরুদ্ধে, ওরা পঙ্কজ মাকালকে খুন করার ষড়যন্ত্র করছে, এটা হচ্ছে সি.পি.এম.-র বিরুদ্ধে আমার অভিযোগ। স্যার, আমি আপনাকে বলব আপনার যদি কোনও প্রভাব থাকে তাহলে আপনি এই পঙ্কজ মাকালকে বাঁচানোর ব্যবস্থা করুন। স্যার, আমি এবারে দ্বিতীয় প্যাথেটিক ঘটনাটি বলে আমার বক্তব্য শেষ করতে চাই। স্যার, আমার কাছে একটা ছেলের ছবি আছে, ছেলেটির নাম হচ্ছে প্রদীপকুমার চক্রবর্তী, আমাদের কলকাতা পুলিশের এলাকায় সে গত ১৬.১০.৯১ তারিখে দুর্গাপূজার সময় বেড়াতে গিয়েছিল তিন বন্ধুর সঙ্গে, ছেলেটি বি.টেক অনার্স, আই.আই.টি. থেকে পাশ করেছে, বড় চাকরি করত।

[3-35—3-45 P.M.]

তার দুদিন পরে তার ডেড বডি ভাসমান অবস্থায় পাওয়া যায়। পোর্স্ট মর্টেম রিপোর্ট বলছে আগে তাকে খুন করে তারপর তাকে জলে ফেলে দেওয়া হয়েছিল। সি.পি.এম এর মধ্যে নেই। আমি এতক্ষণ সি.পি.এম কোথায় খুন করেছেন, কোথায় ধর্ষন করেছে সেইসব বললাম। কিন্তু পুলিশের কি রকম কাজ দেখুন। ১৬.১০.৯১ তারিখে একটা শিক্ষিত ছেলে, তার ছবিটা আপনি দেখুন, তাকে খুন করা হয়েছে। এখনও পর্যন্ত পুলিশ একজনকেও গ্রেপ্তার করেনি। তার বাড়ির লোকেরা মুখ্যমন্ত্রীর কাছে ১০ বার করে গেছে। এখনও পর্যন্ত পুলিশ কাউকে গ্রেপ্তার করার ব্যবস্থা করেননি। আমি এই প্রদীপ চক্রবর্তীর খুনের দোষীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি। আমি আরও দুটো ডকুমেন্ট আপনার কাছে প্লেস করব।

একটা হচ্ছে একজন বিধবা মহিলা অভিযোগ করেছে, সেই বিধবা মুসলমান মহিলা, তার স্বামীর নাম হাজিওয়ালি রহমান, ওয়াকফ অফ স্টেটের সেই জমি সি.পি.এমের ১২৯ নং ওয়ার্ড কাউন্সিলারের নেতৃত্বে সি.পি.এমের লোকেরা দখল করে নিয়েছে। একজন সি.পি.এম কাউন্সিলার সেই জমিতে ভাড়া বসিয়েছেন এবং ফরোয়ার্ড ব্লকের অবস্থাটা আপনি দেখুন, কলিমুদ্দিন শাসম্ লোকাল কমরেড এন. ভট্টাচার্যকে চিঠি লিখেছেন, এই বৃদ্ধ মুসলমান মহিলার জমি সি.পি.এমরা দখল করে নিয়েছে, এটাকে একটু মুক্ত করার ব্যবস্থা করুন। পুলিশ এই ব্যাপারটা জানে, সেই মহিলা আজকে দরজায় দরজায় ঘুরছে। অথচ তিনি কোনও প্রতিকার পাচ্ছেন না। সি.পি.এম-রা তার জমি দখল করে নিয়েছে। সেই প্রপার্টি আজকে পর্যন্ত রিলিজ করা হয়নি। আমি আরেকটা কথা বলে আমার বক্তব্যের শেষের দিকে যাব। আমরা দেখছি আজকে পুলিশকে কিভাবে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে। আমি এই হাউসে এই ব্যাপারটা আগেও বলেছিলাম এখনও বলছি, কিভাবে অপরাধীদের ছেড়ে দেওয়া হচ্ছে। অপরাধীদের ছেড়ে দেওয়া সম্পূর্ণভাবে হোম ডিপার্টমেন্টের ব্যাপার। হোম ডিপার্টমেন্টের অর্ডারেই তাদের ছেড়ে দেওয়া হয়েছিল। কারা মন্ত্রীকে আমি ব্যাপারটা বলেছিলাম, তখন উনি বলেছেন যে ওনার কিছু করার নেই। হোম ডিপার্টমেন্ট অর্ডার দিয়েছে তাই এদের ছেড়ে দেওয়া হয়েছে। ১৯৯১-৯২ সালে যাদের ছেড়ে দেওয়া হয়েছে তারা সব সি.পি.এমের কনভিকটেড ক্যাডার। তাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে ছেড়ে দেওয়া হয়েছে। আমি নাম করছি ঔরঙ্গজেব, আলিপুর সেন্ট্রাল জেলে সে ছিল। ১৮.৯.৯১ তারিখে তার যাবজ্জীবন কারাদন্ড হয়েছিল। সি.পি.এমের একজন টপ মোস্ট নেতার প্রভাবে তাকে ছেড়ে দেওয়া হল। আমাদের বাগনানের কর্মী মানস সেনের হত্যাকান্ডে জড়িত চারজন অপরাধীকে ছেড়ে দেওয়া হয়েছে। তারা দমদম সেন্ট্রাল জেলে ছিল। সেই চারজন অপরাধী হচ্ছে জয়তু সেন, রামানুজ ঘোষ, পীযুষ সেন, শেখ সুলতান। সেই চারজনকে ছেড়ে দেওয়া হয়েছে এবং এই হাউসের একজন এম.এল.এ, যিনি এখানে বসে আছেন তার প্রভাবেই এই চার জনকে ছেড়ে দেওয়া হয়েছে। মাত্র ছয় বছরের মধ্যে ছেড়ে দেওয়া হয়েছে ভোলা পালকে। সেই ভোলা পালকে দিয়ে সি.পি.এমের একজন সেক্রেটারির প্রত্যক্ষ মদতে রায়গঞ্জ পৌরসভা দখল করার চেষ্টা হয়েছিল। এইগুলি সব হয়েছে হোম ডিপার্টমেন্টের অর্ডারে এবং মুখ্যমন্ত্রীর জ্ঞাতসারে। জেলের একটা কথা আছে, আন্ডার পেইন অফ ডেথ, যদি তাকে দীর্ঘদিন রাখা হয়, যদি তার লাইফ ডেঞ্জার হয় তবে তাকে ছেড়ে দেওয়া হয়। এটা যখন গুরুতর হয় তখনই এটা সেখানে অ্যাপলিকেবল হয়। সি.পি.এম প্রভাবিত আকবর আলি মন্ডলকে প্রি-ম্যাচিয়র রিলিজ করে দেওয়া হয়েছে। আই.পি.সি ৩০২ ধারা বলে ২৮.৩.৯১ তারিখে তাকে ছেড়ে দেওয়া হয়েছে মাত্র ছয় বছরে। যতীন দাস রুই, তাকে ছেড়ে দেওয়া হয়েছে ন' বছরে।

যতীন দাস রুইকে ছেড়ে দেওয়া হয়েছে ১ বছরের আগে। ওকে লাইফ সেন্টেন্স বলা হয়েছে। এর লাইফ ডেঞ্জার। তিন নম্বর হচ্ছে, মঙ্গলা শেখকে ছেড়ে দেওয়া হয়েছে, ৩০২য়ের আসামী। আমি এই পর্যন্ত আটটা নাম বললাম, যে আটটা নাম এবং যারা লাইফার ছিল তাদের বারো বছর কমপ্লিট হয়ে যাওয়ার আগে প্রত্যক্ষভাবে বা বামফ্রন্টের নেতাদের হস্তক্ষেপে প্রত্যক্ষভাবে জেল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। অথচ সেখানে যারা অ্যাপিল করেছে যে আমাদের লাইফ ডেঞ্জার আছে, তাকে ছেড়ে দেওয়া হচ্ছে না। আলিপুর সেন্ট্রাল জেলে এই

রকম চারজন লাইফার, তারা অ্যাপিল করেছে এবং বলা হয়েছে যে, আমরা আর বাঁচব না আমাদের রিলিজ করে দেওয়া হোক কিন্তু তাদের ছেড়ে দেওয়া হচ্ছে না। সি.পি.এমের লোক হলে ছেড়ে দেওয়া হচ্ছে না হলে ছাড়া হচ্ছে না। জেল থেকে ছাড়বার ব্যাপারে কোনও নীতি অবলম্বন করা হচ্ছে না। স্যার, আমি এখানে সি.পি.এমের একজন এম.এল.এর একটা চিঠি পড়ছি, সি.পি.এমের এম.এল.এ. শ্রী চিত্তরঞ্জন মৃধা আলিপুর জেলকে লিখেছেন 'I like to inform you that Md. Akbar Ali Mondal, S/O Hazi Niyamat Mondal of village Amtala, P.S. Canning, South 24-Parganas is being detained in your jail as he was imprisoned by the Hon'ble District Judge, Alipore. His appeal against the sentence is under consideration of Hon'ble High Court, Calcutta. He is a C.P.I.(M) worker. He was elected as a member of Gopalpur Panchayat in 1983 as a C.P.I.(M) candidate. He may kindly be allowed to stay in C.P.I.(M) party file in your jail. এটা কে লিখেছে? এটা লিখেছেন সি.পি.এমের এম.এল.এ.। তাকে বলা হচ্ছে যে পার্টি ওয়ারকার। এর লাইফ ইমপ্রিজনমেন্ট হয়েছে একে আলাদাভাবে ব্যবস্থা করে ছেড়ে দেওয়া হোক। এই তো স্যার অবস্থা। যে আমলে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে সেই খানে বিচার নিয়ে কিসের বড়াই? দোষী দোষ করলে শাস্তি পায় না। এখন সি.পি.এমের ক্যাডার এবং পুলিশ পরস্পর পরস্পরের পরিপূরক। পুলিশ বলছে আমরা সি.পি.এমের ক্যাডার ধরব না, অপরাধীদের ধরব না। পুলিশ বলছে যে, আমাদের কিছু বল না। আজকে পুলিশ কোনও খুনের বিরুদ্ধে ব্যবস্থা নেয় না। কোনও অপরাধী ধরে না। আজকে পশ্চিমবাংলায় অরাজক অবস্থা চলছে। একটা নেকসাস বিটুইন সি.পি.এম. অ্যান্ড পুলিশ। আজকে পশ্চিমবাংলার মানুষ এর বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাচ্ছে। প্রতিবাদ করছে। তাই আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপককুমার সেনগুপ্ত ঃ** মাননীয় স্পিকার স্যার, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রী সৌগত রায় তাঁর বক্তব্যের মধ্যে এমন কিছু কথা বলেছেন যেটা শুনে আমার মনে হয়েছে যে এই হাউসে কিছু বলার জন্য অত্যন্ত প্রয়োজন বোধ করছি। মাননীয় সদস্য সৌগতবাবু বলছেন যে, কমল গুহ আমাকে নিগৃহীত করেছে। প্রথমত আজকে পুলিশ বাজেটের দিন এই আলোচনা করা হচ্ছে। আর এর চেয়েও বড় কথা হচ্ছে, আমি কোনও থানাতে এফ.আই.আরও. করিনি যে যা থেকে উনি অনুমান করতে পারেন যে আমি নিগৃহীত হয়েছি। আর একটা কথা এমনভাবে বলা হচ্ছে যে, কমলবাবু যেন রাজনৈতিক নেতা নয় এমন একটা অবস্থা সৃষ্টি করা হয়েছে। বলা হচ্ছে কিসের নেতা—এই ধরনের বক্তব্য রাখা হয়েছে। পার্টির শৃঙ্খলার সম্বন্ধে কথা বলা হয়েছে। এটা একটা ডিসিপ্লিন্ড পার্টি, একটা বামপন্থী পার্টি, আমাদের একটা ডিসিপ্লিন্ড রয়েছে। এই বিধানসভায় ১৯৯০ সালে আমি একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম, পার্টি আমার বিরুদ্ধে শো-কজ করেছিল। কিন্তু ওঁরা চেষ্টা করছেন এক একটা লোককে তুলে ধরতে এবং ওঁরা শেষে নিয়েছিলেন। ওই করে আমাদের বিরুদ্ধে অভিযোগ তুলে সুবিধা করা যাবে না। এই করে একটা বড় কিছু করা যায় না। এটা কুচবিহারে সম্ভব নয়। কুচবিহারে ফরোয়ার্ড ব্লকের শৃঙ্খলা সম্বন্ধে কংগ্রেসের কোনও ধারণা

[3-45—3-55 P.M.]

হয়নি। কুচবিহারে ফরওয়ার্ড ব্লকের জন্ম সেদিন যেদিন কংগ্রেসের জন্ম এই রাজ্যে হয় নি। ওখানে একটা একটা গণপার্টি। ফরওয়ার্ড ব্লকে বহু মানুষ এসেছে, বহু মানুষ গিয়েছে। ফরওয়ার্ড ব্লক সেখানে কংগ্রেসের আগে রাজতন্ত্রের বিরুদ্ধে সংগ্রাম করে ফরওয়ার্ড ব্লক সৃষ্টি করেছে। আমি দেখছি খবরের কাগজ বিশেষ করে আনন্দবাজার একটা নতুন রোল নিয়েছে। একদিকে বলছে তিন বিঘা দিয়ে দেওয়া হোক, আর একদিকে পার্টির বক্তব্য অন্যভাবে লিখছে এবং সেই দিকে তাকিয়ে কমলবাবু কখনও গুন্ডার সর্দার, কখনও ভাল মানুষ বলছেন। তাই দয়া করে একটি কথা বলব, কমলবাবু রাজনৈতিক নেতা, কমলবাবুর হাতে নিগৃহীত হওয়ার প্রশ্ন নেই, নিগৃহের কোনও ঘটনা ঘটে নি। খবরের কাগজে বেরিয়েছে, আপনারা সেইটা নিয়ে এগোচ্ছেন।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দের দাবি উথাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। এই পুলিশ বাজেটের উপর এমন কিছু স্ট্যাটিসটিক্স দেওয়ার নেই যে বাড়িয়ে ফলাও করে ফাঁপিয়ে বলা যাবে। ওঁনারা বলছেন, বলছেন। পশ্চিমবঙ্গ যেমন চলছে, পশ্চিমবঙ্গ তেমনি ভবিষ্যতে চলবে। পশ্চিমবঙ্গে যে রকম শান্তি-শৃঙ্খলা আছে এই বাম সরকার থাকলে পশ্চিমবঙ্গে শান্তি-শৃঙ্খলা বজায় থাকবে। তাই মাঝে মাঝে ওঁরা উস্মা প্রকাশ করেছেন। পশ্চিমবঙ্গে আর ফিরতে পারবেন না—এই মানসিকতা নিয়ে ভুগছেন। জয়নাল সাহেব বললেন, তিনটে জিনিসের পরিবর্তন হয় না—এক খোদার, এক শয়তানের, আর এক কমিউনিজমের। আমি বুঝলাম না, খোদার পরিবর্তন হলে খোদাকে কি শয়তান হতে হবে, আর শয়তান কি পরিবর্তন হয়ে খোদা হয়ে যাবে। সেটা তো হয় না। আর কমিউনিজমের পরিবর্তন হলে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় চলে যেতে হয়। উনি নিশ্চয় হাদিস কোরাণ পড়েছেন। কমিউনিজমের মূল ভিত্তি কোথায়, কমিউনিজমের মূল উৎস কোথায়। একটু বুঝবেন। ওনাকে তো নামাজ পড়তে দেখেছি। আন্তর্জাতিক সাম্যবাদের ব্যাখ্যা নিয়ে গুলিয়ে গেলেন। ওঁনার খুরে নমস্কার। ওঁর সেই যুক্তি যুক্তফ্রন্ট সরকারের সময়ে যুবক বয়সে যা বলেছেন, ১৯৭২-৭৭ সালে যখন মন্ত্রী ছিলেন যখন সিদ্ধার্থশঙ্কর রায় মুখ্যমন্ত্রী ছিলেন, তখনকার সময়ের মন্ত্রী হিসাবে, কো-অপারেটিভ মিনিস্টার হিসাবে এবং এই বৃদ্ধ বয়সে মূলত বক্তব্য একই। প্রসিডিংস খুলে দেখতে পাবেন উনি একই শব্দ ব্যবহার করেছেন। এই বয়সে এসেও নানারকম অশালীন কথাবার্তা বলেছেন, ওঁনার কোনও পরিবর্তন হল না। সুতরাং মানুষ বুড়ো হয়ে গেলে কি হয়, আপনারা বুঝবেন। জয়নাল সাহেব তা জানেন না। আপনার বিশ্বাস কিসের উপর? ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় যাবেন। যেদিন কমিউনিজমের পরিবর্তন ঘটে যাবে, সেদিন অবস্থার পরিবর্তন ঘটে যাবে। যতদিন কমিউনিজম থাকবে, ততদিন পরিবর্তন ঘটবে না।

ওদের পরিবর্তন ঘটেছিল বলেই আজকে ওরা কোথায় এসে পৌছেছেন সেটা সকলেই জানেন। ওরা একেবারে টাটা, বিড়লা, ডালমিয়ার দারোয়ান, চৌকিদারে পরিণত হয়েছিলেন বলেই পশ্চিমবাংলার জনসাধারণ ওদের ডাস্টবিনে ছুঁড়ে ফেলে দিয়েছেন। আমরা মাঠে ময়দানে

কাজ করি, আমরা গোয়ালঘরে শুয়ে থাকি। আমাদের বালিশ, বিছানা জোটে না, মাথায় ইট দিয়ে এবং নুন লঙ্কা দিয়ে ভাত খেয়ে দিন কাটাই। আমরা এইভাবে জীবনযাপন করে জনসাধারণের জন্য কাজ করি। কাজেই আপনারা যতই বামফ্রন্টের বিরুদ্ধে বক্তব্য রাখুন না কেন পশ্চিমবঙ্গের আপামর জনসাধারণ আপনাদের আর গ্রহণ করবেন না। তারা যে ডাস্টবিনে আপনাদের ছুঁড়ে ফেলে দিয়েছেন আপনারা সেখান থেকে আর উঠে আসতে পারবেন না। পশ্চিমবঙ্গে পুলিশ খাতে গত বছরের তুলনায় এবারের বাজেটে ১৬ কোটি টাকা বেশি বরাদ্দ করা হয়েছে এবং তাতেই দেখছি বিরোধীপক্ষের দারুণ গাত্রদাহ্। আমি বিরোধীদলকে জিজ্ঞাসা করি, পশ্চিমবঙ্গের পুলিশবাহিনী কি এতই অচ্ছুত? তাদের কি পুত্র, কন্যা, মা, বাবা নেই? তাদেরও কি চাল, ডাল, নুন, তেল ইত্যাদির সরকার হয়না? তাদের কি কাপড়ের প্রয়োজন হয়না? এসব তাদের প্রয়োজন হয় এবং স্বভাবতই তাই তাদের বেতন বৃদ্ধিরও প্রয়োজন হয়। তা ছাড়া আপনারা জানেন, তাদের জন্য রেশনের ব্যবস্থা করতে হয়, জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে নতুন নতুন থানারও প্রয়োজন হয় এবং তা করতে হয়। থানা করতে গেলে তারজন্য এবং পুলিশবাহিনীর আবাসনের জন্য নতুন নতুন গৃহ করারও প্রয়োজন হয় এবং তা করতে হয় কাজেই এসবের জন্য যে অর্থের প্রয়োজন হয় সেটা নিশ্চয় আপনারা অস্বীকার করতে পারবেন না। এসব যে খুবই ন্যায়সঙ্গত তাও নিশ্চয় আপনারা অস্বীকার করতে পারবেন না। আপনারা বলছেন যে পশ্চিমবঙ্গে রেপ বা ধর্ষণের সংখ্যা বেড়েছে। স্যার, এই প্রসঙ্গে আমি ১৯৭২/৭৭ সালের কথা একটু বলতে চাই। সেই সময় বিধানসভার অধ্যক্ষ ছিলেন শ্রী অপূর্বলাল মজুমদার। এম.এল.এ. হোস্টেলে তখন ঢোকা যেত না। অমর মন্ডল এম.এল.এ. তাকে বহিষ্কার করা হ'ল কেন? ক'টা করে নারী সেই সময় সন্ধ্যাবেলাতে তার ঘরে ঢুকত? স্যার, সেটা কি রেপ নয়? স্যার, সেই সময় আমরা দিনের পর দিন তাদের কান্ড কারখানা দেখেছি। লাল বাদামের মতোন চেহারা, কোনওদিন বলত এটা আমার পিসতুতো বোন, কোনওদিন বলত এটা আমার মাসতুতো বোন-এরকম নানান কীর্তিকারখানা সেই সময় হ'ত। রেপ, মার্ডার সেই সময় ভুরি ভুরি হয়েছে। সেই সময় বিধানসভার লবিতেও অনেক কান্ড দেখেছি। এই প্রসঙ্গে মেদিনীপুরের একজন এম.এল.এ'র কথা বলা যায়। সেইরকম মন্ত্রিসভা থেকে চাকরি দেওয়া হ'ত। তিনজন মহিলা দরখাস্ত করেছিল, আমাদের কাছে সেই চিঠি ছিল। চাকরি দেব বলে একজন এম.এল.এ. সেই তিনজন মেয়েকে নিয়ে এসেছিল। তাদের বলেছিল, তোমাদের যেতে হবে, আমি শুধু বললে হবে না। এই বলে নিয়ে এসে তাদের শিয়ালদহের কাছে একটা হোটেলে রেখেছিল। তারপর স্যার, তাদের ভাগ্যে কি হয়েছিল তা ভাষায় প্রকাশ করা যায় না। তাদের শালীনতা ছিলনা, তাদের ইজ্জত ছিল না। আমরা সেই সময় তিনজন এম.এল.এ—আমি,. বেস্টারউইচ সাহেব এবং তিমির ভাদুড়ী ছিলাম। তারা আমাদের চিঠি লিখেছিল। বলেছিল যে আমাদের তিনজন মেয়েকে হোটেলে রেখে আমাদের ইজ্জত হানি করেছে। তার মধ্যে একজন অক্ষত আছে এবং বাকি দুজন গর্ভবতী হয়ে গিয়েছে। দয়া করে আপনি বিধানসভায় এটা তুলবেন। একজন কংগ্রেসের এম.এল.এ.র নামে এই অভিযোগ, আমি তার নামটা উল্লেখ করতে পারছি না। আমাদের এখানে কুমড়োটা নিয়ে, লাউটা নিয়ে হয়ত ঝগড়া হয় কিন্তু এসব হয়না। অন্যান্য রাজ্যের সঙ্গে স্ট্যাটিসটিকস নিয়ে মিলিয়ে দেখলে দেখতে পাবেন আমাদের রাজ্যে অপরাধ কত কমে এসেছে এবং অন্যান্য রাজ্যে কত বেড়েছে। উনারা মার্ডারের সংখ্যার কথা বলছেন। আপনাদের আমলে চন্ডী

মিত্রকে হত্যা করল কে? গ্রুপ বাঁচানোর জন্য নিজেরা নিজেদের লোককে হত্যা করলেন।

[3-55—4-05 P.M.]

কাশীপুরে মার্ডার হল। কাশীপুরে নিজেরা মার্ডার করে আলকাতরা মাখিয়ে জলে ফেলেই দেওয়া হল। এইসব ঘটনা কংগ্রেসের যুগে হয়েছিল। কারণ কংগ্রেসের যুগ ছিল শান্তির যুগ। শ্রীমতী ইন্দিরা গান্ধী কেন্দ্র শাসিত কংগ্রেসের আমলে তাঁর প্রশাসন বাহিনীর কর্মীর দ্বারা নিহত হলেন। রাজীব গান্ধী, তাঁকে হত্যা করা হল তামিলনাড়ুতে পেরমপুদুরে। করুনানিধি সরকারকে কেন্দ্রীয় সরকার ফেলে দিয়েছিলেন। সেখানে কংগ্রেস সরকারের পুলিশ বাহিনী থাকা সত্ত্বেও তিনি নিহত হলেন। কিন্তু পশ্চিমবঙ্গে রাজীব গান্ধী এসেছিলেন, তিনি নিজে ট্যাক্সি চালিয়ে গোটা ৩৪ নং জাতীয় সড়ক দিয়ে দার্জিলিং চলে গিয়েছিলেন। পশ্চিমবঙ্গ সরকার এত সুখে শান্তিতে পশ্চিমবঙ্গের মানুষকে নিরাপত্তা দিয়েছেন আজকে আবার দার্জিলিং-এ উস্কানি দেওয়া হচ্ছে। আসামে তো কংগ্রেস সরকার রয়েছে সেখানে কি আন্দোলন চলছে, ত্রিপুরাতে কি আন্দোলন চলছে? এই সব জিনিস ওরা দেখতে পান না। কাজেই মাননীয় পুলিশমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী সাবিত্রি মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকের এই বাজেটের বিরোধিতা করে কিছু বক্তব্য আপনাদের সামনে তুলে ধরতে চাইছি। এখানে অনেক সদস্য বক্তব্য রেখেছেন, বারবার ভাঙা রেকর্ড আমরা শুনছি। উনাদের বক্তব্যের মধ্যে আমরা কখনও কি শুনলাম যে গত ১৫ বছরে সারা পশ্চিমবাংলায় কি ঘটেছে, সেটা তো কেউ বললেন না? বানতাল, বিরাটী, সিঙুর, গোসাবা, হরিনঘাটা, শেষে নেবে এসেছে মানিকচকে। এই সমস্ত জায়গায় নির্বিচারে গণ ধর্ষণ হল। সিঙুর থানায় থানার মধ্যে একজন মহিলাকে ধর্ষণ করা হল, থানার মধ্যে পুলিশ মহিলাকে ধর্ষণ করল, তারজন্য কি এই বাজেটকে আমাদের সমর্থন করতে হবে? সাতগাছিয়া মুখ্যমন্ত্রীর এরিয়া, সেখানে নয় বছরের শিশুকে ধর্ষণ করা হল, সেখানে অভিযুক্তরা হল সি.পি.এম. পার্টির সমর্থক। তাদের বাঁচানোর জন্য এত পুলিশ বাজেট, তাকে সমর্থন করতে হবে? মালদহের মানিকচকে সেখানে গণ ধর্ষণ হল, সেখানে আমরা দেখলাম আমাদের মুখ্যমন্ত্রীর ভূমিকা। সেখানে তাঁর যাওয়া উচিত ছিল, তিনি যান নি। ওখানকার যিনি লোকাল মিনিস্টার, যিনি মানুষের ভোটে নির্বাচিত হয়েছেন, মানুষের আশীর্বাদ পেয়ে এসেছেন, সেই সি.পি.এম. পার্টির মদত পুষ্ট হয়ে যারা ধর্ষণ করেছে, তাদের পক্ষ নিয়ে তিনি সালিশী করছেন। এটা আমাদের কাছে বড় আশ্চর্য লাগল। তার সঙ্গে সঙ্গে আমরা দেখলাম শুধু মালদহেই গণ ধর্ষণ, খুন হয়নি, হরিশচন্দ্রপুরে থানার একটা ঘটনার কথা বলি, যেটা এখানে কেউ বলেন নি। কল্পনা মন্ডল নামে একজন, যিনি হেলথ ইউনিটে কাজ করেন, তার উপর অত্যাচার হল, কিন্তু সি.পি.এম. পার্টির তরফ থেকে চাপ দিয়েছে, কো-অর্ডিনেশন কমিটির নেতা চাপ দিয়েছে, তার করুণ কাহিনী তাকে বলতে দেওয়া হচ্ছে না। পশ্চিমবঙ্গে নারী ধর্ষণের হার ক্রমশ বেড়ে চলেছে এবং পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ খাতের বাজেট বরাদ্দের পরিমাণও বেড়ে চলেছে! এই পরিস্থিতিতে বর্তমানে এ রাজ্যের নারীদের সম্মান কোথায় গিয়ে দাঁড়িয়েছে তা আমাদের সকলেরই ভাবা উচিত। সারা পশ্চিমবাংলায় নারী

নির্যাতন, বধূ হত্যা, দিনের পর দিন শ'য়ে শ'য়ে বেড়ে চলেছে, কোনও রকম প্রতিকার নেই। আমাদের এমন একটা দিন যায় না যে দিন খবরের কাগজ খুলে নারী নির্যাতনের খবর দেখতে পাই না। প্রতি দিনই খবরের কাগজ খুলেই আমরা দেখতে পাই যে, রাজ্যের কোথাও না কোথাও হয় বধূ হত্যা হয়েছে, না হয় নারী হত্যা বা নারী নির্যাতনের ঘটনা ঘটেছে। বর্তমানে এমন একটা দিনও আমরা দেখি না, যে দিন রাজ্যের কোথাও কোনও নারী নির্যাতন হয় নি, নারী হত্যা হয় নি, বধূ হত্যা হয় নি। পশ্চিমবঙ্গে ডাউরি প্রোহিবিটারি অ্যাক্ট চালু আছে। কিন্তু এই আইন কার্যকর করার জন্য আলাদা কোনও ব্যবস্থা নেই। বধূ হত্যা, নারী নির্যাতনের তদন্ত করে পুলিশ। কিন্তু আমরা জানি পুলিশ এ রাজ্যে সব ক্ষেত্রেই সম্পূর্ণ ব্যর্থ। পুলিশের ব্যর্থতার জন্যই দিনের পর দিন বধূ হত্যা বেড়ে চলেছে। এই কয়েক দিন আগে এখানকার এসপ্ল্যানেড এলাকা থেকে একজন মহিলাকে স্কুটারের পেছন থেকে চার জন্য দুষ্কৃতকারী তুলে নিয়ে গেল। পুলিশ এখনও পর্যন্ত কিছুই করতে পারল না। অথচ জ্যোতিবাবুর ছেলের ব্রিফ কেস হারালে ২৪ ঘন্টার মধ্যে খুঁজে দেওয়া হয়। এই তো পুলিশ প্রশাসন, এর জন্য টাকা বাড়ছে, একে আমাদের সমর্থন করতে হবে! এটা লজ্জার এবং ঘৃণার কথা। সেই জন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, "আজকে পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব চলছে। এখানে চেঙ্গিস খাঁ এসেছে। হিটলারী রাজত্ব সৃষ্টি হয়েছে। যদি এই মন্ত্রিসভা এর প্রতিকার না করতে পারে তাহলে কি প্রয়োজন আছে এই মন্ত্রীর থাকার? তার পদত্যাগ করা উচিত।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার ৬৩-তম অধিবেশনের কার্যবিবরণীর ৬৮ পৃষ্ঠায় এই বক্তব্য রয়েছে। ১৯৭৬ সালের ২৯শে নভেম্বর এই সভায় তৎকালীন কাপালিক মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভা সম্বন্ধে এই বক্তব্য রেখেছিলেন তৎকালীন কংগ্রেস সদস্য কুমারদীপ্তি সেনগুপ্ত। আমি তাঁর কথা দিয়েই আমার বক্তব্য শুরু করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা আরক্ষা মন্ত্রী আনীত আরক্ষা খাতের বাজেটকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করছি। এই প্রসঙ্গে আমি অল্প কয়েকটি কথা বলছি। কেন না আমাদের পক্ষের অন্যান্য মাননীয় সদস্যরা অনেক কথাই বলেছেন। আমার সময় অত্যন্ত কম তাই আমি কম কথায় শেষ করছি।

হ্যাঁ, আমি বর্ধমান জেলার মানুষ। আমি দেখেছি বর্ধমান জেলায় ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কালো দিনগুলোতে একের পর এক খুন এবং অত্যাচারের ঘটনা ঘটেছে, গণতন্ত্রকে কলঙ্কিত করার ঘটনা ঘটেছে। ঐ সময়ে বর্ধমান জেলাতেই ২৫০ জন খুন হয়েছিল, অথচ একটাও মামলা পর্যন্ত হয় নি, প্রতিকার তো দূরের কথা। প্রতিকারের জন্য থানায় খবর দিলে থানা খবর নিত না। তখন থানাগুলো গুন্ডা, বদমাসদের আড্ডাখানা ছিল। থানা থেকে ১০০ গজের মধ্যে খুন হলেও পুলিশ সেখানে যেত না। খবর দিয়েও পুলিশের দর্শন পাওয়া যেত না।

স্যার, আমি এই প্রসঙ্গে বিরোধী বন্ধুদের জিজ্ঞাসা করি, মনে আছে অসীমা পোদ্দারের কথা? আপনারা তো নারী নির্যাতনের কথা বলছেন। কি অত্যাচার তাঁর ওপর হয়েছিল থানা লক আপে? মনে পড়ে গীতা চ্যাটার্জির কথা? এরকম অনেক অত্যাচারের কথা পশ্চিমবঙ্গের

জনগণ কোনও দিনই ভুলবে না। পশ্চিমবঙ্গের জনগণ কোনও দিনই ভুলবে না আহ্লাদিপুরের কথা। আহ্লাদিপুরের একটা গ্রামকে পুলিশ দিয়ে ঘিরে জ্বালিয়ে দেওয়া হয়েছিল। কংগ্রেসি মস্তানরা এই কাজ করেছিল। কৃষক এবং সাধারণ মানুষদের ঘর বাড়ি জ্বালিয়ে দিয়েছিল। গোটা রাজ্যে ঐ সময়ে যে সমস্ত মানুষরা গণতান্ত্রিক আন্দোলন করতেন তাঁদের বিরুদ্ধেই ঐ-ভাবে পুলিশকে ব্যবহার করা হ'ত। আজকে পুলিশকে অন্যভাবে ব্যবহার করা হচ্ছে বলে,

[4-05—4-10 P.M.]

দৃষ্টিভঙ্গির ফারাক ঘটেছে বলেই বাজেটকে আপনারা সমর্থন করতে পারছেন না। আজকে একথা আমাকে বলতেই হবে, আপনারা এমন গণতান্ত্রিক পরিবেশ কায়েম করেছিলেন সেকথা আজকের দিনে ভাবা যায় না। ১৯৭৪ সালে কেন শ্রমিকেরা তাঁদের ছোট-খাট দাবি নিয়ে লড়াই করেছিলেন। সেই ধর্মঘটি রেল শ্রমিকদের বাড়িতে পুলিশ নিয়ে গিয়ে ধরিয়ে দিয়েছেন এবং কংগ্রেসি মস্তান বাহিনী তাদের উপর অত্যাচার করেছিল। তাদের বিরুদ্ধে মিসা করা হয়েছিল, ঘর ছাড়া করা হয়েছিল। লজ্জা হচ্ছে, যখন আমরা দেখি, আমাদের এলাকায় রানীগঞ্জ পেপার মিলের শ্রমিকদের বিরুদ্ধে মিসা করা, ছাত্র আন্দোলন-এর কর্মীদের বিরুদ্ধে মিসা করা, ডি.আই.আর করা। থানাগুলিকে এই সমস্ত কাজে নামানো হয়েছিল। ছোট-খাট ব্যাপার নিয়ে গ্রেপ্তার করা হত মানুষকে। এটাই ছিল কংগ্রেসদের গণতন্ত্র। তাই জনগণ তাঁদের প্রত্যাখ্যান করেছেন। তাই এত ওঁদের আস্ফালন, এত কান্নাকাটি। মনে পড়ে যায় চাসনালার খেটে খাওয়া কোলিয়ারীর শ্রমিকদের কথা। সেখানে ১১০০ শ্রমিক ১৯৭৬ সালে মারা গিয়েছিল। ঐ শ্রমিকদের জন্য কোলিয়ারিতে একটা সভা করতে চাওয়া হয়েছিল। কিন্তু সেই সভার অনুমতি পাওয়া যায়নি। এই হচ্ছে কংগ্রেসিদের গণতন্ত্র। আজকে কংগ্রেসিদের ভোট নিয়ে নিজেদের মধ্যে মারামারি হচ্ছে। বিভিন্ন জেলা থেকে লোকজন কলকাতায় উপচে পড়ছে। এখন তাদের পুলিশ দিয়ে রক্ষা করতে হচ্ছে। আমার মনে পড়ে যায়, কেরালায় আমাদের পার্টি অফিস কিভাবে আক্রমণ করা হয়েছিল। অপরপক্ষে ওদের রক্ষা করার জন্য পুলিশ কিভাবে দেওয়া হচ্ছে। আশ্চর্য লাগে ওদের চিৎকার-চেঁচামেচি শুনলে। আজকে তাদের হাতে যদি আইন-শৃঙ্খলার ভার তুলে দেওয়া হত তাহলে পশ্চিমবাংলাকে আজকে কোন জায়গায় নিয়ে যেত তা সহজেই আমরা বুঝতে পারছি। সাম্প্রদায়িকতার কথা বলতে গিয়ে একটি কথা মনে পড়ে, শ্রীমতী ইন্দিরা গান্ধী হত্যা হল কংগ্রেসি রাজত্বে, কেন্দ্রীয় সরকার তারাই পরিচালনা করত। তাঁদের পুলিশই নিরাপত্তার দায়িত্বে ছিল, কিন্তু প্রধানমন্ত্রীকে রক্ষা করতে পারেন নি। সুতরাং এদের কোনও অধিকারই নেই কোনও কথা বলা যে পুলিশ আজকে ঠিকমতো দায়িত্ব পালন করছে না। তামিলনাডুতে রাষ্ট্রপতির শাসন ছিল। এদেরই সহায়তায় কেন্দ্রে সরকার ছিল। সেই সময় রাজীব গান্ধীকে হত্যা করা হল। ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর দিল্লিতে দাঙ্গা হল। ৩ হাজার লোক মারা গিয়েছিল সেই দাঙ্গায়। সেই দাঙ্গার ঘটনায় একটি মানুষকে গ্রেপ্তার করা হয়েছে? দাঙ্গা সম্পর্কে কোনও কমিশন বসানো হয়েছিল এবং তার রিপোর্ট বের করা হয়েছিল? যে রিপোর্ট দিয়েছিলেন তৎকালীন রাষ্ট্রপতি সেই সম্পর্কে কি ঘটনা ঘটেছে তা আমি উল্লেখ করতে চাই না, এটা অনেকেই জানেন। আমি এই কথা বলছি, কি ঘটনা ঘটেছে ভার্মা কমিশনের রিপোর্ট নিয়ে। দার্জিলিং-এ কারা গোর্খাদের উসকেছে? ঐ কংগ্রেসিরা। সাম্প্রদায়িক-জাতি দাঙ্গার স্বীকার কারা হয়েছে? জি.এন.এল.এফদের

কারা মদত দিয়েছিল—একথা আজকে আর কাউকে বলে দিতে হবে না। কারা এই গন্ডগোলের জনক? আর আজকে যারা আত্মবলিদান করছে সেইসব স্বাধীনতাপ্রেমী গণতন্ত্র রক্ষা করার জন্য, দেশের সংহতি রক্ষা করার জন্য প্রাণ দিলেন তারা হচ্ছে কমিউনিস্ট। এদের হত্যা করা যাবে না, শেষ করা যাবে না। সুতরাং জয়নাল সাহেবের এই কথা বলে কোনও লাভ নেই। পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষের গণতান্ত্রিক পরিবেশ ওঁরা ধ্বংস করেছিলেন। ওঁরা হত্যা করেছিলেন বিমল দাশগুপ্তকে—, শিক্ষাবিদ গোপাল সেনকে এবং পারুল বসুর চুল কেটে দিয়েছিল। চন্দ্রনাথ বণিকের কেসের কথা উল্লেখ করছি। এই চন্দ্রনাথ বণিকের যাবজ্জীবন কারাদন্ড হয়েছে। তাকে প্যারোলে ছাড়ার জন্য জনগণের দ্বারা যিনি প্রত্যাখ্যাত হয়েছিলেন সেই কংগ্রেসি নেতা—যিনি এই সভায় আগে ছিলেন—তিনি বারবার অ্যাপিল করেছিলেন। এর থেকেই বোঝা যায় কারা নারী নির্যাতনের পক্ষে আর কারা নারী নির্যাতনের বিপক্ষে। শেষ কথা, এই বাজেটকে সমর্থন করি এবং কাট-মোশনের বিরোধিতা করি এবং আমার মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব এই বাজেটকে সমর্থন করে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষকে অন্য পথে নিয়ে যাবার চেষ্টা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যে পুলিশ বাজেট এখানে পেশ করেছেন সেই পুলিশ বাজেটের বিরোধিতা করে এবং আমার পুলিশ বাজেটের উপরে যে কাট মোশনগুলি আছে সেই কাট মোশনের সমর্থন চেয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই পুলিশ বাজেট সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী এবং তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকেও একটি পুস্তিকা বার করা হয়েছে। রিপলাই টু ভেরিফিকেশন ক্যামপেন, কিসের চাপে বুদ্ধদেববাবু বার করেছেন এবং তাতে এটা বলতে চেয়েছেন যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সবচেয়ে ভাল, এই কথা মাননীয় বুদ্ধদেববাবু তাঁর এই পুস্তিকায় বলার চেষ্টা করেছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী সেটার কিছু পরিসংখ্যান দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমত আমার জিজ্ঞাস্য এই যে, নথিভুক্ত অপরাধের তুলনামূলক তালিকা এটা কি একটা রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির পরিমাপ করার একটা মাপকাঠি হয় ইয়ার্ড স্টিক হতে পারে, এটাকে কি গণ্য করা যায়? আমার জিজ্ঞাস্য বিশেষ করে পশ্চিমবঙ্গের মতো একটা রাজ্যে যেখানে সমাজবিরোধীরা যদি শাসক দলের চিহ্নিত সমাজবিরোধী হয় তাহলে তাদের সম্পর্কে থানায় অভিযোগ দায়ের করতে গেলে ডায়রি পর্যন্ত নেওয়া যায় না। সেখানে সরকারের নথিভুক্ত যে অপরাধের তালিকা সেটা কতটা, তার মূল্য কত খানি এবং সেটা কতটা নির্ভরযোগ্য এবং আপনি জানেন আজকে পশ্চিমবঙ্গে অপরাধ সম্পর্কে সরকারি তথ্য যে সঠিক নয়, কতখানি কারচুপি পূর্ণ এটা শুধু পশ্চিমবঙ্গের অভ্যন্তরেই নয়, বাইরেও আজকে এই সত্য কারও অজানা নেই এবং যে কারণে উড়িষ্যার আই.জি.সি.আই.ডি. মিঃ এ.জি. ত্রিপাঠি তাঁর একটা নিবন্ধে মন্তব্য করেছেন যে পশ্চিমবঙ্গে সরকারি অপরাধের যে তথ্য আছে তার মধ্যে কারচুপি আছে। তাই এ হেন সরকারি অপরাধের তথ্যের উপর ভিত্তি করে আজকে এখানে আইন-শৃঙ্খলার পরিস্থিতির পরিমাপ করা যায় না। পশ্চিমবঙ্গের জনগণ তাঁদের দৈনন্দিন অভিজ্ঞতার নিরিখে পশ্চিমবঙ্গে আইনের নামে কি ঘটছে তা দেখছেন।

আজকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তাঁর বাজেট ভাষণে সাধারণভাবে এই রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলেছেন, আমি বলতে চাই যে সাধারণ রাজ্যবাসীর অবস্থার কথা ছেড়ে দিলাম, চুরি, ডাকাতির প্রশ্নে তিনি বলেছেন এক কথা, কিন্তু খোদ কলকাতা শহরে রাজ্য পুলিশের খোদ জায়গা লালবাজার সেখানে—ইঁট, কাঠ, চেয়ার, টেবিল সরে যাচ্ছে এমন সংবাদ এখনও আসেনি—তবে মোটর সাইকেল, স্কুটার এইসব অস্থাবর সম্পত্তি প্রতি নিয়ত চুরি হচ্ছে, রাজ্য গোয়েন্দা দপ্তর, পুলিশ তার কিনারা করতে পারছেন না, সল্ট লেকে পুলিশের বড় কর্তা পুলিশ কমিশনারের বাড়িতে দিনে দুপুরে ডাকাতি হয়ে গেল, আমি সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই যে, এগুলি কি আইন-শৃঙ্খলার সুস্থ অবস্থার নমুনা?

[4-15—4-25 P.M.]

ওরা বলছেন যে, চুরি-ডাকাতির সংখ্যা কমে যাচ্ছে, খুন নাকি কমে যাচ্ছে। যদিও আমরা দেখতে পাচ্ছি, ১৯৯০ সালে যেখানে খুনের সংখ্যা ছিল ১,৬৩৪, ১৯৯১ সালে সেটা হয়েছে ১,৭১২। নারীঘটিত অপরাধের সংখ্যা ১৯৮৬ সালে যেখানে ছিল ৯২৪, সেটা ১৯৯১ সালে দাঁড়িয়েছে ১২৭৩। এইরকম একটা অবস্থায় আমাদের কুৎসার জবাবে তথ্যমন্ত্রী একটি পুস্তিকা বের করে তাতে লিখেছেন যে, এই সমস্ত নারীঘটিত অপরাধ পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা পরিস্থিতির মাপকাঠি নয়। এমন কি, মানিকচকের গণ ধর্ষণ, বানতলা বা বিরাটির নারী ধর্ষণের ঘটনাও রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিরূপণের মাপকাঠি নয়। আমি জানি না, বুদ্ধদেববাবু, জ্যোতিবাবুর তাহলে আইন-শৃঙ্খলা নিরূপণের মাপকাঠি কি! ঐ তথ্য সংস্কৃতি দপ্তরের পুস্তিকায় বলা হয়েছে, এই রাজ্যে পুলিশ নিরপেক্ষ ভূমিকা নিয়েছে। পুলিশের এই নিরপেক্ষতার জন্য তাতে তাদের প্রশংসা জানিয়েছেন। আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশের প্রশংসা করেছেন তাঁরা। নিরপেক্ষতা এবং আইন-শৃঙ্খলা রক্ষার নামে, আপনি জানেন, ১৯৯১ সালের ২৯শে আগস্ট এর ঐ ব্ল্যাক লেটার ডেতে সেদিন কি হয়েছিল। মেদিনীপুর জেলার কাঁথিতে একটি মহিলা ধর্ষিতা হলেন। সেখানে থানার মধ্যে তাকে এক পুলিশ অফিসার এবং তার সঙ্গীরা ধর্ষণ করল। ঐ সংবাদ যখন কাঁথি শহরে পৌছাল তখন দলমত নির্বিশেষে সকল মানুষ গিয়ে সেই থানা ঘেরাও করলেন এবং ঐ দোষী অফিসারের শাস্তি দাবি করলেন। কিন্তু তার উত্তরে সেইসব নিরীহ জনসাধারণের উপর ৫০ রাউন্ড গুলি চালানো হল এবং তার ফলে দুইজন নিরপরাধ মানুষের প্রাণ গেল। বহু মানুষ সেদিন সেখানে আহত হয়েছিলেন। এই হল পুলিশের নিরপেক্ষতা এবং আইন-শৃঙ্খলা রক্ষার নমুনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ঐ বাগুইহাটিতে ইতিপূর্বে সেখানে সাধারণ মানুষ, যারা বিদ্যুৎ পাচ্ছিলেন না, তারা বিদ্যুতের দাবিতে শান্তিপূর্ণভাবে পথ অবরোধ করছিলেন। সেখানে তাদের উপর নির্বিচারে গুলি চালিয়ে তিনজনকে মেরে ফেলা হল। এই হল এখানকার পুলিশের ভূমিকা! তার আগে নদীয়ার শান্তিপুরে কৃষকরা বিদ্যুৎ পাচ্ছিলেন না, ফলে সেচের অভাবে চাষ নষ্ট হয়ে যাচ্ছিল, যার জন্য তারা শান্তিপূর্ণ বিক্ষোভ জানাচ্ছিলেন। কিন্তু সেই শান্তিপূর্ণ কৃষক সমাবেশের উপর পুলিশ গুলি চালিয়েছিল। এই হল পুলিশের ভূমিকা! তারপর ১৯৯০ সালের ৩১শে আগস্ট এস.ইউ.সি. সহ ১৩ পার্টির আইন অমান্য আন্দোলনের উপর পুলিশ গুলি চালিয়েছিল এবং তাতে কিশোর মাধাই হালদার প্রাণ হারিয়েছিল, রানী রাসমনি রোড যার স্বাক্ষর বহন করছে। বামফ্রন্ট সরকারের পুলিশের এটা অত্যাচারের একটা নজির।

আপনি জানেন, এই বামফ্রন্ট রাজত্বে হাসপাতালের বেডে বন্দি রোগীদের হাতে-পায়ে বেড়ি পরিয়ে রাখা হয়েছিল মধ্যযুগীয় কায়দায়। এই হল পুলিশের নিরপেক্ষভাবে আইন-শৃঙ্খলা রক্ষার নমুনা!

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পুলিশের নিরপেক্ষতার কথা বলা হয়েছে। কিন্তু পুলিশের কথা কি বলব? এই রাজ্যেরই প্রাক্তন ডি.জি., তিনি একটি অনুষ্ঠানে বলেছেন, পুলিশকে ভর্ৎসনা করে বলেছেন যে, এইভাবে শাসক দলের এজেন্ট হিসাবে কাজ করলে ফল ভাল হবে না। এই হুশিয়ারি দিয়েছেন এই রাজ্যেরই প্রাক্তন ডি.জি. শ্রী অনুপ্রকাশ মুখার্জি। যে শাসক দলের ছত্রছায়ায় থাকবেন, শত অপরাধে পুলিশ তার কেশাগ্রও স্পর্শ করবে না। যারা শাসক দলের বিপক্ষে থাকবেন তারা শান্তিপূর্ণ আন্দোলন করলেও তাদের উপর গুলি চলবে, যারা অন্যায়ের প্রতিবাদ করবে তাদের উপর পুলিশের অত্যাচার নেমে আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশের ভূমিকায় আমরা কি দেখছি? আমরা দেখছি যে ইনসিডেন্ট অব ক্রাইমও বাড়ছে, তার সঙ্গে সঙ্গে পুলিশ বাজেটও ক্রমাগত বাড়ছে। এবারে ১৬ কোটি টাকার উপরে পুলিশ বাজেটে উনি বাড়িয়েছেন। জ্যোতিবাবু, বুদ্ধদেববাবুরা অনেক খেটে, অনেক চেষ্টা করে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে পশ্চিমবাংলায় শান্তি আছে, আইন-শৃঙ্খলা ভাল আছে ইত্যাদি কথা বলেছেন। আমিও চেষ্টা করে কিছু খবর সংগ্রহ করার চেষ্টা করেছি। আমি সেটা আপনার কাছে নিবেদন করার চেষ্টা করছি। আপনি দেখবেন যে পশ্চিমবঙ্গে অন্তত ভারতবর্ষের ২০টি রাজ্য থেকে পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ বেশি। যদি বলেন যে এই খবরের সোর্স কি? সোর্স হচ্ছে, রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার বুলেটিন, ১৯৯১, এপ্রিলের সংখ্যা। ১৯৯০-৯১ সালের বিভিন্ন রাজ্যের যে বাজেট এস্টিমেট তাতে টোটাল অ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট ইনক্লুডিং পুলিশ অ্যান্ড এক্সপেন্ডিচার ফর সার্ভিসেস, আর এক্সক্লুসিভ পুলিশ সার্ভিসেস এবং পুলিশ এক্সপেন্ডিচার পাশাপাশি দেওয়া আছে। ফলে রাজ্যভিত্তিক প্রশাসনিক ব্যয় কত শতাংশ, পুলিশ খাতে কত ব্যয় হচ্ছে, এটা হিসাব করে দেখা যাচ্ছে যে পশ্চিমবঙ্গে পুলিশ খাতে ব্যয় হচ্ছে ৬১.২ শতাংশ। হোয়ার অ্যাজ রাজস্থান ৪.৬ শতাংশ, উত্তর প্রদেশ ২৬.৮ শতাংশ, অরুনাচল ২৮.২ শতাংশ, মহারাষ্ট্রে ৩১.১ শতাংশ, উড়িষ্যা ৩২.৯ শতাংশ, মিজোরাম ৩৮.০ শতাংশ, মেঘালয় ৩৯.৬ শতাংশ, মধ্যপ্রদেশ ৪১.৬ শতাংশ, পাঞ্জাব ৪১.৭ শতাংশ, ত্রিপুরা ৪২.৫ শতাংশ, গোয়া ৪৩.৩ শতাংশ, হিমাচল প্রদেশ ৪৫.৪ শতাংশ, তামিলনাড়ু ৪৭.৬ শতাংশ, সিকিম ৪৯.৬ শতাংশ, কর্ণাটক ৫৩.৮ শতাংশ, অন্ধ্রপ্রদেশ ৫৪.২ শতাংশ, জম্মু ও কাশ্মীর ৫৬.৫ শতাংশ, বিহার ৫৬.৯ শতাংশ, কেরল ৫৮.০ শতাংশ, গুজরাট ৬১.১ শতাংশ, আর ওয়েস্ট বেঙ্গল ৬১.২ শতাংশ। অন্য ২০টি রাজ্য বলছে তাদের পারফর্ম্যান্স ভাল, ওদের পুলিশ খাতে ব্যয় কম। আর এখানকার চেহারা কি? আজকে পশ্চিমবাংলায় পুলিশের মধ্যে দুর্নীতি মারাত্মক রূপ নিয়েছে। আমি নিচুর তলার কথা ছেড়ে দিচ্ছি। আজকে উপর তলার আই.পি.এস থেকে শুরু করে বিভিন্ন অফিসাররা দুর্নীতি পরায়ন হয়ে উঠেছে। ভিজিলেন্স-এর রিপোর্ট আছে, কলকাতার ডি.সি., আই.পি.এসদের সম্পর্কে। সেন্ট্রাল ভিজিলেন্স বলছে যে পশ্চিমবাংলায় প্রায় ১০ জন আই.পি.এস আছে যাদের স্বনামে, বেনামে মদের ব্যবসা, মিনি বাসের ব্যবসা এবং জমি নিয়ে প্রোমোটারের ব্যবসা রয়েছে এবং তাদের বিরুদ্ধে সেন্ট্রাল ভিজিলেন্স, দিল্লির সি.বি.আই তদন্ত করছে পশ্চিমবঙ্গের সি.বি.আইয়ের

সাহায্য ছাড়াই। আজকে পশ্চিমবঙ্গে দুর্নীতি এইরকম একটা জায়গায় চলে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কর্ডনিংয়ের একটা ব্যবস্থা আছে। এই কর্ডনিং ব্যবস্থা ১৯৬৫ সালে স্ট্যাটিউটোরি রেশনিং এরিয়াতে হয়েছিল যাতে মফস্বল থেকে কলকাতায় চাল আসতে না পারে। উদ্বৃত্ত ও ঘাটতি জেলায় কর্ডনিং ব্যবস্থা করা হয়েছিল। এর জন্য একটা বিভাগ আছে এবং কর্ডনিংয়ের জন্য কিছু কিছু টাকাও অ্যালট হয়েছে। অথচ কর্ডনিংয়ের কোনও কাজ হয়নি। সরকারি হিসাবে পাওয়া যাচ্ছে যে কলকাতা শহরে মফস্বল থেকে প্রতি বছর ৮ থেকে ১০ লক্ষ টন চাল আছে যার জন্য রেলের বুকিং থাকে প্রায় ৫ কোটি টাকা।

[4-25—4-35 P.M.]

কিন্তু কর্ডনিং আইন আছে বলে রেলে বুক হতে পারে না। এক দিকে যে দপ্তর ৫ কোটি টাকা ক্ষতিগ্রস্ত হচ্ছে অপর দিকে অপ্রয়োজনীয় কর্ডনিং ব্যবস্থা রেখে তার কোনও কাজ হচ্ছে না। আমাদের পশ্চিমবাংলায় অর্থের এই রকম অভাবে সেখানে কোটি কোটি টাকা অপচয় হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা হচ্ছে সাট্টা এবং জুয়ার ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে। কিন্তু এই সাট্টা-জুয়ার ব্যাপারে সারা পশ্চিমবাংলা ব্যাপি জাল বিস্তার করেছে। স্টেটসম্যানে একটা বিরাট রিপোর্ট বেরিয়েছে। এর পেছনে বুকীরা রয়েছে যারা সাট্টার টিকিট বিক্রি করে তাদের নাম আছে। ওই সমস্ত রশিদ মিয়া, রাম অবতার এবং প্রহ্লাদবাবু। এর সঙ্গে মহাকরণ থেকে শুরু করে লালবাজারের বড় বড় কর্তারা কয়েক লক্ষ টাকার বড় বড় বাজি ধরেছে, সেখানে তারা মানি ইনভেস্ট করেছে, এবং কোটি কোটি টাকা লেনদেন হচ্ছে। আজকে এখানে বলা হয়েছে মাদক দ্রব্যের ব্যাপারে অভিযান চালানো হচ্ছে। এই মাদক দ্রব্য চোরা চালানের ব্যাপারে আইনে অনেক ত্রুটি বিচ্যুতি রয়েছে। কিছুদিন আগে পোর্ট এরিয়া থেকে সরবতী লাল খান, বাবু খান চাঁই মাদক ব্যবসায়ী, তাদের বিরুদ্ধে পুলিশ অভিযোগ দেখাতে পারল না, বেকোসুর খালাস হয়ে গেল। মাদক দ্রব্য চালানকারীর রাসায়নিক রিপোর্ট প্লেস করা হল না, তারা জামিনে খালাস হয়ে গেল, প্রমান করা গেল না তারা দোষী। এক দিকে পুলিশ অভিযান করছে অন্যদিকে আইনের ফাঁক রেখে দিচ্ছে। আমার আরও বহু বিষয় বলার ছিল, আমার সময় কম তাই বলতে পারলাম না। স্পিকার মহাশয় যা সময় দিয়েছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি এই বাজেটের বিরোধিতা করে, আমার যে কাট মোশনগুলো আছে তাকে সমর্থন জানাবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট আমাদের বিধানসভায় পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমার সময় অল্প, আমি পশ্চিমবাংলার লোকেরা, সাধারণ মানুষেরা যা বলে আমি সেই কথাই বলব। পশ্চিমবাংলার মানুষ বলে যে কংগ্রেসের রাষ্ট্র ছিল পুলিশের রাষ্ট্র, পুলিশের শাসন ছিল। এটার পরিবর্তন হয়ে—তারা তাদের জীবনের অভিজ্ঞতা দিয়ে বলছে—বর্তমানে রাষ্ট্র গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় চলছে। ডেমোক্রাসি আছে। মজুরিদের অধিকার আছে, কৃষকদের অধিকার আছে, মধ্যবৃত্তদের অধিকার আছে, জোতদারের জুলুম নেই, জমিদারদের জুলুম নেই মালিকদের জুলুম নেই। এখানে ২ লক্ষ চটকল শ্রমিক দীর্ঘদিন ধরে ধর্মঘট করেছে, অশান্তিপূর্ণ কোনও কিছু ঘটেনি এই পশ্চিমবাংলায়। এই পশ্চিমবাংলায় জনসভা সমাবেশ, মিছিল মিটিং, আইন অমান্য লোক

করেছে, কোনও অত্যাচার হয়নি। কোনও লাঠি চার্জ হয় নি। এই পশ্চিমবাংলায় গ্রামের কৃষক, শহরের মজুর এবং মধ্যবিত্তদের আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করেনি। এই পশ্চিমবাংলার মানুষ তাদের জীবনের অভিজ্ঞতা দিয়ে পরিবর্তন করেছে, একটা ট্রান্সফরমেশন নিয়েছে তা হচ্ছে একটা পুলিশ রাষ্ট্র থেকে গণতান্ত্রিক রাষ্ট্রে রূপান্তর করেছে।

সিদ্ধার্থবাবুকে আমার খুব ভাল লেগেছিল যখন সিদ্ধার্থবাবু মেদিনীপুরে গিয়ে এক জনসভায় বলেছিলেন, কংগ্রেস ছেড়ে দাও। তিনি বলেছিলেন, 'বাপ-মা অত্যন্ত প্রিয়। কিন্তু কেবল প্রিয় হওয়ার জন্য তাকে আঁকড়ে ধরে রাখা যায় না। কংগ্রেস হচ্ছে তাই। আমার খুব প্রিয় ছিল। কিন্তু সেই কংগ্রেস মরে গেছে। কাজেই আমি তাকে ছেড়েছি।' সিদ্ধার্থবাবু আবার কংগ্রেসে ফিরে গেছেন। কিন্তু পশ্চিমবাংলার জনসাধারণ ফিরে যান নি। এখানে আইন-শৃঙ্খলা আছে। দু-একটি দুর্ঘটনা ঘটেছে, নারীদের উপরে অত্যাচার হয়েছে। আমরা সবাই তার সমালোচনা করেছি। আমরা চেষ্টা করছি একটা পরিষ্কার প্রশাসনের জন্য। আমরা সর্বদা সজাগ আছি। কাজেই, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কয়েকটি বিচ্ছিন্ন ঘটনাকে নিয়ে যে প্রচারাভিযান ওরা চালাচ্ছে, আমি আশা করি পশ্চিমবাংলার জনসাধারণ তা প্রত্যাখ্যান করবে। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সভায় যে বাজেট বরাদ্দ প্রস্তাব করা হয়েছে তাকে সমর্থন করে আমি শুধু কয়েকটি কথা বলতে চাই। গত ১৪।১৪ বছর পশ্চিমবাংলাতে এই প্রসঙ্গে একটি বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে চলার চেষ্টা করা হয়েছে যে দৃষ্টিভঙ্গিটা আমাদের বিরোধী বন্ধুরা উপলব্ধি করতে পারেন নি। পুলিশকে দিয়ে রাজ্যের শান্তি-শৃঙ্খলার কথা যদি আমরা বিবেচনা করি তাহলে আমরা ১৪-১৫ বছর আগের চেতনায় ফিরে গেছি এটা বলতে হবে। আমাদের রাজ্যে এখন যেটা করা হয় সেটা হচ্ছে, অপরাধ প্রবণতা বন্ধ করার জন্য মানুষের ভূমিকা কি, সেটা বিভিন্ন ভল্যান্টারি অর্গানাইজেশন, বুদ্ধিজীবী সংগঠন, এমন কি বিভিন্ন রাজনৈতিক দলের মানুষজন যাঁরা আছেন, তাঁরা যদি এগিয়ে আসেন তাহলে অপরাধ প্রবণতা বন্ধ করার জন্য শুধুমাত্র পুলিশের উপরে নির্ভর করতে হবে না। শুধুমাত্র পুলিশের উপরে নির্ভরশীল হলে ভুল করা হবে। এখন খবরের কাগজে যেটা প্রায়ই দেখা যায়—গণপ্রহারে ডাকাতের মৃত্যু, ডাকাত মানুষের হাতে ধরা পড়েছে এইসব দেখা যায়। আমরা দেখি, কলকাতায় ড্রাগের বিরুদ্ধে মিছিল হচ্ছে, ড্রাগের বিরুদ্ধে নাটক হচ্ছে। মানুষ যেভাবে অপরাধ প্রবণতার বিরুদ্ধে এগিয়ে এসেছেন এটাই হচ্ছে আমাদের মৌলিক সাফল্য। আমাদের এই ভাবেই এগিয়ে যেতে হবে। কংগ্রেস যে ভাবে পুলিশকে ব্যবহার করেছে, সেটা পথ নয়। পাঞ্জাবে একটা নির্বাচন হল এবং এই নির্বাচন করার জন্য পুলিশকে ব্যবহার করা হয়েছে। পাঞ্জাব পুলিশের ৫৩,০০০, প্যারা মিলিটারি ৭০,০০০ হোম গার্ড ২৮,০০০ এবং স্পেশ্যাল পুলিশ অফিসার ১০,০০০ মোট ১ লক্ষ ৬১ হাজার পুলিশ, প্যারা মিলিটারি ইত্যাদি নির্বাচনের জন্য সেখানে ব্যবহার করা হয়েছে। তার সঙ্গে ১ লক্ষ ১৫ হাজার সশস্ত্র বাহিনীকেও ব্যবহার করা হয়েছে। ১১৫টি বিধানসভা কেন্দ্রে যে ভাবে এই সব বাহিনীকে ব্যবহার করা হয়েছে তার হিসাব হচ্ছে, প্রতিটি বিধানসভা কেন্দ্রে দু'হাজার পুলিশ বা প্যারা মিলিটারি বা আর্মিকে ব্যবহার করা হয়েছে। তাঁরা এদের ব্যবহার করেছিলেন ভোটার ধরে আনার জন্য। এর পরেও দেখা গেল যে সেখানে সেইভাবে ভোট হল না।

বিগত দুটি দশকে পাঞ্জাবে নির্বাচনের সাধারণ টেন্ডেন্সি হচ্ছে ৬৭ পারসেন্ট ভোট পোল হয়। সেই তুলনায় এবারের নির্বাচনে কি হয়েছে তার দু'একটা উদাহরণ আমি দিচ্ছি। জোকা বলে একটা জায়গা আছে, সেখানে ভোটারের সংখ্যা এক লক্ষ। এক হাজার ভোটার, জাস্ট ওয়ান পারসেন্ট পোল হয়েছে, সেখানে ভোট দিয়েছেন। আকতারি, রায়পুর কুলতা এই সমস্ত জায়গায় সাত পারসেন্টেরও কম ভোট পড়েছে। আমি কয়েকটি বুথের নাম করতে পারি, যেখানে একটি ভোটও পোল হয়নি। প্রথম চার ঘন্টায় কোনও ভোট পোল হল না যেখানে, সেখানে পুলিশকে ভোটার ধরে আনার জন্য ব্যবহার করা হয়েছে। তাকে বলা হয়েছে, তুমি ভোটার ধরে আন। এই সম্পর্কে আমি একটা জায়গার নাম বলি—তেকপুর, সেখানে ৭৭৪ জন ভোটারের মধ্যে মাত্র চারজন ভোট দিয়েছেন।

[4-35—4-45 P.M.]

জামালপুর একটি আছে, সেই কেন্দ্রতে ৫৭২ জন পুলিশকে দিয়ে ভোটারদের ধরে এনে ভোট করিয়েছে। আমেদপুরে একটি বুথে ২৪০০ পুলিশ দিয়ে ভোট পোল করিয়েছে। পাঞ্জাবের নির্বাচনে পুলিশকে দিয়ে যেভাবে নির্বাচন করানো হয়েছে আমরা পশ্চিমবঙ্গের মানুষ এটা ভাবতে পারিনা। এখানে পুলিশকে ব্যবহার করার প্রশ্নই ওঠেনা। পুলিশকে রাজনৈতিক কাজে ব্যবহার করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের মানুষ ঘৃণার চোখে দেখে। আপনারা যে দৃষ্টি নিয়ে পুলিশকে দেখেন তাতে পশ্চিমবঙ্গের যে চেতনা বা যে ডিগ্রিতে চলে সেই জায়গায় দাঁড়িয়ে আমরা কল্পনাও করতে পারিনা। আরেকটি জিনিস দেখছি আমাদের কংগ্রেস শাসিত রাজ্য ত্রিপুরায়, সেখানে পুলিশকে কিভাবে কাজে লাগানো হয়েছে এবং সেখানে পুলিশকে দিয়ে রাজনৈতিক দলের বিরুদ্ধে এবং রাজনৈতিক কার্যকলাপের বিরুদ্ধে কাজে লাগানো হয়েছে। এমন কি বিরোধীদলের নেতা শ্রী নৃপেন চক্রবর্তীর উপরে নির্দেশ রয়েছে যে তিনি সব গ্রামে মিটিং করতে যেতে পারবেন না। ওখানকার এম.এল.এ. যারা সি.পি.আই.এমের তাদের সিকিউরিটি পর্যন্ত দেওয়ার কোনও ব্যবস্থা নেই। মাত্র কয়েক বছরের মধ্যে ২২৭ জন মানুষকে সি.পি.এম সন্দেহে খুন করা হল এবং ঘর ছাড়া হয়েছে ৩ বছরের মধ্যে ১০ হাজার। আর মিথ্যার মামলাতে জড়িয়ে দেওয়া হয়েছে ৫০ হাজার মানুষকে। তবে আমাদের রাজ্যেও সেই অন্ধকারের দিনগুলো ছিল সেগুলো আমি আর উল্লেখ করতে চাই না। আমার ধারণা এই থেকে আমাদের পশ্চিমবঙ্গের কংগ্রেস বন্ধুদের শিক্ষা নেওয়ার দরকার আছে। আমাদের ধারণা ছিল যে আধা ফ্যাসিস্ট সন্ত্রাসের যুগ কংগ্রেসিরা এখানে চালিয়েছিলেন তার থেকে তারা বিরত থেকে ত্রিপুরাতে নতুনভাবে সরকার পরিচালনা করবেন। অতীতের অভিজ্ঞতার থেকে তাদের একটা শিক্ষা হয়ে নতুনভাবে তারা ত্রিপুরার সরকার পরিচালনা করবেন। কিন্তু আমরা দেখলাম তা নয়, তারা যখনই সুযোগ পান পুলিশকে দিয়ে গণতন্ত্রের কণ্ঠরোধ করেন। তারা পুলিশকে দিয়ে ভোট পোল করার জন্য ব্যবহার করেন। কংগ্রেসি শাসিত রাজ্যে এই ধরনের ঘটনা বহু ঘটেছে। তারাই আজকে আবার এখানে ড্রাগের কথা বলছেন, শুনলে হাসি পায়। আমি এই প্রসঙ্গে একটি ঘটনার কথা উল্লেখ করছি—লাস্ট ইয়ারে দীপাবলীর পরের দিন ৬ই নভেম্বর একটি ঘটনা ঘটল দিল্লির গাজিয়াবাদে। একটি লাইসেন্স প্রাপ্ত দোকান থেকে মদ কিনে খেয়ে ২০০ জন মানুষ মারা গেল এবং ৫০ জন মানুষের দৃষ্টি শক্তি চিরকালের জন্য চলে গেল। তারপরেও সেই দোকান থেকে হাজার হাজার বোতল মদ পাওয়া গেল। একটা

দোকান থেকে এই ধরনের বিষাক্ত মদ বিক্রি হচ্ছে সেটা আপনারা ডিটেক্ট করতে পারলেন না, যার জন্য ২০০ জন মানুষকে প্রাণ দিতে হল, এরপরেও আপনারা পশ্চিমবঙ্গে ড্রাগের ঘটনা নিয়ে উল্লেখ করছেন। আমাদের পশ্চিমবঙ্গে এই ধরনের ঘটনা ঘটেনি। তারপরে তামিলনাড়ুর একটি ঘটনার কথা বলি—গত কয়েক দিনের ঘটনা, ১৮ই ফেব্রুয়ারি নাগাদ কুম্ভকর্ণ নামে একটি পুণ্যস্থানের জায়গা আছে সেখানে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী পুণ্যস্নান করবেন আর হাজার হাজার পুণ্যার্থীরা এসেছিলেন। এবং তারই মাঝখানে তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীর পুণ্যস্নানের জন্য আলাদা ঘাট তৈরি করা হল। আর তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীর চোখের সামনে ২০ মিটারের মধ্যে পুলিশের লাঠি চালানোর জন্য গুলি চালানোর ফলে ৫০ জন মানুষের প্রাণ দিলেন। এই ধরনের বেয়াক্কেলে ঘটনা পশ্চিমবঙ্গে ঘটেছে কখন? এই ধরনের ঘটনা আমরা কখন দেখেছি এবং ভাবতেও পারিনা। আমরা সভ্য মানুষ হিসাবে পুলিশকে এইভাবে ব্যবহার করা এবং রাজনৈতিক দলের বিরুদ্ধে ব্যবহারের কথা চিন্তাও করতে পারিনা। সুতরাং অন্য রাজ্যের মানুষের পশ্চিমবঙ্গের মাটিতে দাঁড়িয়ে আজকে এই কনফিডেন্স অন্তত এসেছে যে এই রাজ্যের মানুষের নিরাপত্তা সুনিশ্চিত। সেখানে আজকে যখন কংগ্রেসের মুখে নিরাপত্তার কথা শুনি তখন আমরা অবাক হই না। কংগ্রেসিরা পুলিশকে দিয়ে যেভাবে অত্যাচার করেছে, পুলিশকে দিয়ে যেভাবে ক্ষমতার অপব্যবহার করেছে আমরা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এই কথা চিন্তা করতে পারি না। আজকে পশ্চিমবঙ্গের মানুষের নিরাপত্তা আছে, শান্তিতে মানুষ চলাফেরা করতে পারে। তারপরে আপনাদের পক্ষ থেকে কোনও এক সদস্য বললেন এখানে পুলিশের কোনও এফিসিয়েন্সি নেই। আজকে আপনারা পুলিশের এফিসিয়েন্সির কথা বলছেন, আপনারা কংগ্রেসি শাসিত রাজ্যের মধ্যেই কি প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে রক্ষা করতে পেরেছিলেন? অথচ আমাদের এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে রাজীব গান্ধী খোলা জীপে করে ঘুরলেন, ফুটপাথের যে দোকান সেই দোকান থেকে চা কিনে খেলেন, দিবারাত্রি থাকলেন কোনও অসুবিধা হল না। কংগ্রেস শাসিত রাজ্যে রাজীব গান্ধীকে নৃশংসভাবে হত্যা করা হল, আপনারা কি করতে পেরেছিলেন? তারপরে কংগ্রেসি জমানাতেই তাঁদেরই তত্ত্বাবধানে শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর বাড়িতে খুন হলেন তার রক্ষী বাহিনীর দ্বারা, তার আপনারা কি করতে পেরেছিলেন এবং কি ব্যবস্থা আগের থেকে নিয়েছিলেন। আপনারা এখানে বসে এক্সপেরিয়েন্সের কথা বলেন। সুতরাং যে ধরনের ব্যবস্থার কথা মানুষকে শোনাতে চাইছেন সেই ব্যবস্থা আমাদের কাছে কাম্য নয় এবং এতে জনসাধারণেরও মঙ্গল হবে না।

পশ্চিমবাংলায় আদর্শ ব্যবস্থা আছে, এই ব্যবস্থা ভারতবর্ষের অন্য রাজ্যগুলি অনুসরণ করবে, এই কথা বলে বাজেটকে সমর্থন করে কাটমোশনগুলির বিরোধিতা করে কাটমোশনের একটি কথা উল্লেখ করব। আমার জেলা সম্পর্কে বলা হয়েছে বাঁকুড়াতে পুলিশ ডায়রি নিচ্ছে না, বাঁকুড়ায় কংগ্রেসও নেই, বাঁকুড়ায় আইনশৃঙ্খলার সমস্যাও নেই। এই কথাগুলি কেন ওরা তুলছেন আমি জানিনা, এই কাটমোশনগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF REPORT

### 18th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 18th Report of the Business

Advisory Committee which met in my Chamber today and recommended the following revised programme of business for 10th April, 1992 and the programme of business from 18th May to 20th May, 1992.

| Date | Item | | | Time |
|---|---|---|---|---|
| Friday, 10.4.92 | (i) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992. (Introduction, Consideration and Passing) | | .. | $\frac{1}{2}$ hr. |
| | (ii) The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 1992. (Introduction, Consideration and Passing) | | .. | $\frac{1}{2}$ hr. |
| | (iii) Demand No. 26, (iv) Demand No. 37, and (v) Demand No. 90 | Municipal Affairs Department | .. | 4 hrs. |
| Monday, 18.5.92 | (i) Demand No. 7, and (ii) Demand No. 61 | Land and Land Reforms Department | .. | 4 hrs. |
| Tuesday, 19.5.92 | Demand No. 39 | Labour Department | .. | 4 hrs. |
| Wednesday, 20.5.92 | (i) The West Bengal Correctional Service Bill, 1992. (Introduction, Consideration and Passing) | | .. | 1 hr. |
| | (ii) The West Bengal Commission for Women Bill, 1992. (Introduction, Consideration and Passing) | | .. | 2 hrs. |
| | (iii) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992. (Introduction, Consideration and Passing) | | .. | $\frac{1}{2}$ hr. |
| | (iv) The Calcutta University (Amendment) Bill, 1992 (Introduction, Consideration and passing) | | .. | $\frac{1}{2}$ hr. |

There will be no sitting on 8th April, 1992.

I would now request the Minister-in-charge of the Home (Parliamentary) Affairs Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 18th Report of the Business Advisory Committee, as presented to the House, be agreed to byy the House.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now, Shri Siddhartha Shankar Roy.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

**শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী যখন নেই, তখন ভোটটা হয়ে যাক, ভোটটা ডেকে দিন। আমিও বলব না, মুখ্যমন্ত্রীও নেই, ভোটটা ডেকে দিন। উনি আসবেন কি আসবেন না বলুন নাহলে আমি বসে পড়ছি।

**মিঃ স্পিকারঃ** আপনার বক্তব্যটা রাখুন, উনি আসছেন।

**শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ঃ** কেবল আপনি স্পিকার বলে আমি বলছি। এটার থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে মুখ্যমন্ত্রী কাজে ব্যস্ত। তাঁর যে অসুবিধা হচ্ছে, তাও আমি জানি। এটার থেকে একটা জিনিস পরিষ্কার হচ্ছে সেটা আমি দেখিয়ে দেব। আপনাদের মুখ্যমন্ত্রীর জন্য একটা মিনিস্টার অফ স্টেটস নিযুক্ত করতে হবে, এবং একটা ডেপুটি মিনিস্টার রাখতে হবে। দুটো মিনিস্টার অফ স্টেটস করতে হবে নাহলে সম্ভব নয়। ৭৭ বছরের একজন ভদ্রলোককে সব দেখতে হবে, পুরো হোম ডিপার্টমেন্ট দেখবে, কোপ করতে পারবেনা। আমি আপনাদের দেখাব পুলিশের জন্য এখান থেকে টাকা বছরের পর বছর নিচ্ছে খরচ হচ্ছে না, কি অবস্থা হচ্ছে সেটা আমি দেখাব। আপনি বললেন বলেই আমি বলছি নাহলে বলতাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুক্ষণ আগে ঘরে ছিলাম তখন আমি রবীন মন্ডল মহাশয়ের বক্তৃতা শুনছিলাম—কাজ ছিল বলে আসতে পারিনি—শুনে খুব আনন্দ পাচ্ছিলাম, মাননীয় সদস্য রবীন মন্ডল মহাশয় আমাকে প্রাণ ভরে গালাগালি দিচ্ছেন।

[4-45—4-55 P.M.]

আজকে আমি বুঝলাম যে আমি রাজনীতিক ভাবে এখনও জীবিত আছি। আমাকে এখনও ওরা ভয় করে। যেদিন দেখব আপনারা বলবেন সিদ্ধার্থশঙ্কর রায় খুব ভালো মানুষ, আমার বিরুদ্ধে আর কিছু বলছে না, সেদিন বুঝব আমার শ্মশানে যাবার সময় হয়ে গেছে। তাই আমি অত্যন্ত আনন্দিত। মাননীয় রবীন মন্ডল মহাশয় যে বক্তব্য রেখেছেন তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। দয়া করে আক্রমণ চালিয়ে যান, তবেই বুঝব, হ্যাঁ, আমরা এখনো ঠিক পথেই আছি, যখন আক্রমণ করবেন না, তখন বুঝব আমাদের পথ ঠিক নেই। মাননীয় অমিয় পাত্র মহাশয় ঠিকই বলেছেন, পাঞ্জাবের পুলিশদের বলা হল, যাও তোমরা ভোটারদের ধরে নিয়ে এসে ভোট দাও। ভয় নেই তোমরা ভোট দাও। কিন্তু বাংলার পুলিশদের বলা হল, যাও তোমরা ভোট দিয়ে দাও। তাহলে এই হচ্ছে তফাৎ, বাংলার পুলিশ, আর পাঞ্জাবের পুলিশের মধ্যে। এখানে তো আমরা দেখছি কি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কতগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস আছে, সেটা আমাদের এই হাউসে বসে ভালোভাবে আলোচনা করা উচিত। কেবল এখানে বেলুন উড়িয়ে দিলেন, আর আপনাদের সরকার পক্ষের কয়েকজন বক্তা সেই বেলুন দেখবেন আর বলবেন বাঃ, বাঃ, এটা করলে চলবে না। আজকে প্রকৃত অবস্থাটা আমাদের জানার প্রয়োজন হয়ে পড়েছে। আজকে কত টাকা খরচ হচ্ছে? আমার আপত্তি নেই, তবে টাকা যেন আজকে ঠিকমতো খরচ হয়। এবারে এই পুলিশ খাতে চাওয়া হয়েছে ৩৪৮,৯৪,৫০,০০০ টাকা; গত বৎসরে এই খাতে আপনি নিয়েছিলেন ৩৩২,১৯,৪৭,০০০ টাকা। অ্যাকচুয়ালি যে টাকাটা গত বৎসর খরচ হয়েছে সেটা

আমরা দু'বছর পরে জানতে পারব। কি ভাবে খরচ হয়েছে, কি ভাবে খরচ হয়েছে সেটা দু'বছর পর জানা যায়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯০-৯১ সালের অ্যাকচুয়ালটা কিন্তু এসে গেছে। ১৯৯০-৯১ সালে ৩৫৯,৫৬,২৫,০০০ টাকা। এর মধ্যে আপনি খরচ করতে পারেননি ১৭,৪২,১৮,৩৯২ টাকা। আর এই ৩৫৯,৫৬,২৫,০০০ টাকার মধ্যে ৮৭ পারসেন্ট টাকা পুলিশের মাইনে দিতে খরচ হয়েছে, অর্থাৎ ২৯৭ কোটি ৭০ লক্ষ টাকা মাইনে দিতে চলে গেছে। অর্থাৎ ৩৯ পারসেন্ট ডেভেলপমেন্টের খাতে খরচ হয়নি, কোনও ইনভেস্টিগেশনের ব্যবস্থা হয়নি প্রত্যেকটা ক্ষেত্রে। মুখ্যমন্ত্রীর মেঠো একটা বক্তৃতা বুরোক্র্যাটরা লিখে দিয়েছে। ক্রিমিনাল ইনটেলিজেন্স মেশিনারি সম্বন্ধে এখানে যে সমস্ত কথা বলা হয়েছে, সেই ক্রিমিনাল ইনটেলিজেন্স মেশিনারি কি করে কাজ করবে। দুয়ের পাতায় ছয় নং প্যারাগ্রাফে কি বলা হয়েছে দেখুন, intelligence machinery has to be geared up. ৫২ ইনটেলিজেন্স মেশিনারি যে টাকা দেওয়া হয়েছিল সেই টাকা তারা খরচ করতে পারেননি। খরচ হয়নি ক্রিমিনাল ইনভেস্টিগেশনের টাকাও। নতুন জিনিসপত্র কেনার জন্য ৬৭ লক্ষ ৮৪ হাজার টাকা ধরা হয়েছিল, ডিস্ট্রিক্ট পুলিশ সেই ৬,৭৪,০০০ টাকা খরচ হয়নি।

বেচারা শীশ মহম্মদ সাহেব ঠিকই বলেছে। পুলিশের ওয়েলফেয়ার করতে হবে ইত্যাদি, ইত্যাদি এইসব কথা বলা হয়েছে। ওয়েলফেয়ার অফ পুলিশ পার্সেনের জন্য খুব বড় বড় কথা বলা হয়েছে। ৬০ লক্ষ টাকার উপরে খরচ করতে পারেন নি। মুখ্যমন্ত্রী বললেন ২৮ নম্বর প্যারাগ্রাফে যা আছে এতে হবে না, আরও কিছু করতে উন্নতি করতে হবে মবিলাইজেশন অফ পুলিশ ফোর্সের জন্য এবং আরও সব অনেক কথাই বলেছেন। মবিলাইজেশন অফ পুলিশ ফোর্সের জন্য ৭১ লক্ষ ৩১ হাজার টাকা খরচ করতে পারেন নি। দেখা যাচ্ছে যে, এই সমস্ত খাতে ১৭ কোটি ৪২ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। মাইনে দিতেই চলে গেল সব। খরচ হল মাত্র ২৬ কোটি টাকা। আর নিয়ে গেলেন আপনারা ৩৫৯ কোটি টাকা নিয়ে গেলেন আপনারা ১৯৯০-৯১ সালে। মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করব, যদিও এখানে নেই এবং এর উত্তরও আসবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাজকর্ম ছেড়ে অনেক পড়াশোনা করে অনেক কিছু রাখবার চেষ্টা করছি পশ্চিমবঙ্গের স্বপক্ষে। কোনও উত্তর আসবে না। গত বছর থেকেই পাচ্ছি না। আমি, এই বাজেট স্পিচে—মাননীয় অর্থমন্ত্রী ছিলেন আমি দেখিয়েছিলাম—৮ হাজার ৪০০ কোটি টাকা আপনাদের আয়। কনসোলিডেটেড ফান্ড ৫ হাজার ৬০০ কোটি টাকা এবং মাইনে তার ওপর ১২০০ কোটি টাকা। কিছু ঋণের সুদ দিতে হবে। ৯০০ কোটি টাকার মতোন সুদ দিতে হচ্ছে। ৮ হাজার ৬০০ কোটি টাকা আয় আর এর মধ্যে ৭ হাজার ৭০০ কোটি টাকা মাইনেতেই চলে যাচ্ছে। কিছু ঋণ শোধ দিতে চলে যাচ্ছে। ডেট সারভিসে চলে যাচ্ছে। আর বাংলা চালাচ্ছেন মাত্র ৯০০ কোটি টাকা দিয়ে। এই যে মন্ত্রী মহাশয়রা বসে আছেন, তাঁরা বলুন না যে, তাঁরা কি টাকা পাচ্ছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি বললেন বলে উঠেছি (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)। মাননীয় শীশ মহম্মদ সাহেব ভালই বলেছিলেন, বাজেট এস্টিমেট ছিল ১৯৯০-৯১ সালে মাত্র ২৫ লক্ষ টাকা, কিন্তু ২৫ লক্ষ খরচ করতে পারলেন না ওটা কমে ৫ লক্ষ ৫০ হাজার। আর খরচ করলেন কত? পুলিশকে ভাল করতে হবে ইত্যাদি ইত্যাদি বলা হয়েছে। মাত্র ৭ হাজার ৬০০। এত মশায় আমিও খরচ করতে পারি। ৭ হাজার ৬০০ স্টেট প্ল্যানের জন্য। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, কি এঁদের ধারনা জানিনা—কি সব নিয়ম হয়েছে, সামনে ভ্যান থাকে, পেছনে ভ্যান থাকে, তো আমি বললাম এসব কি হচ্ছে? তাজমহল হোটেলের সামনে একগাদা পুলিশের গাড়ি। আর লোকে ভাবছে আমি স্মাগলার। আমি পুলিশকে বললাম যে, এসব সরান। কিন্তু পুলিশ বলল যে, আপনি হচ্ছেন জেড ক্যাটাগরি। আমি বললাম যে আমি এইসব মানি, টানি না। এই যে গাড়িগুলি দেয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গাড়িগুলির জন্য ৫ কোটি টাকাও খরচ হয়নি। আমি যখন আসি চেঁচিয়ে, চেঁচিয়ে গাড়ি থামাতে বলি তার কারণ যে ধোঁয়া তাতে তো থাইসিস হয়ে যাবে। যে ধুঁয়ো বেরোয়, আমার থাইসিস হয়ে যাবে।

[4-55—5-05 P.M.]

অসম্ভব কথা। আমি কোথাও যাচ্ছি, ধরুন বারুইপুর যাচ্ছি, পথে ভ্যান খারাপ হয়ে গেল। আমার গাড়ি ঠিক আছে, ওই ভ্যান দেখতে সময় যায়। আমি পুলিশকে ধন্যবাদ দিই। আমার বাড়ি পুলিশ আছে, আমাকে দেখছে, কেন দেখছে জানি না। ব্যক্তিগত ভাবে আমার মনে হয় কোনও প্রয়োজন নেই, কিন্তু তারা দেখছে। এই যে ক্রিমিন্যাল ইনভেস্টিগেশনের জন্য, ভিজিলেন্সের জন্য, মডার্নাইজেশনের জন্য কেন খরচ হচ্ছে না। ইন্ট্যালিজেন্স আপনাদের ভুল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক বছর আগে, গত নির্বাচনের আগে কাগজে দেখলাম কয়েকজন পাঞ্জাবী এসেছিল তাদের গ্রেপ্তার করা হয়েছে। কেন গ্রেপ্তার করা হয়েছে? সিদ্ধার্থ রায়কে আর জেনারেল ব্রারকে খুন করতে এসেছে। আমি ফোন করলাম হোম সেক্রেটারিকে। আমার এক্সপিরিয়েন্স আছে, আমি পড়ে দেখেছি, ওরা আমাকে খুন করতে আসে নি। ভবানীপুরের পাঁচজন যুবককে থানায় নিয়ে গেল। আমি ভোলা সেনকে বললাম, ভোলা আমার জুনিয়ার ছিল, ভোলা দেখো, তুমি এদের বেলের দরখাস্ত কর। ওরা আমাদের খুন করতে আসে নি। তারপর আমি পুলিশ কমিশনারকে ফোন করলাম। তিনি বললেন ভয়ানক সিরিয়াস ব্যাপার। কিছুদিন বাদে এক তরফা সবাইকে ছেড়ে দিতে হয়েছে। এই হল ইন্ট্যালিজেন্স। এই ইন্ট্যালিজেন্সের ট্রেনিং নেই, ইকুইপমেন্ট নেই। আমি বেড়াতে গিয়েছি তোসালি স্যান্ড। দুদিন বাদে হঠাৎ পুলিশ এসে হাজির। ৭/৮ জন পুলিশ অফিসার, একদল পুলিশ, তারা এসে বলল, আপনাকে প্রটেক্ট করতে হবে। সমুদ্রে স্নান করতে পারবেন না। বর্ধমান থেকে একটা সাদা মারুতি গাড়ি চেপে আসছে, একজনের নাম করল, আমার নামটা মনে নেই, আমি ভুলে গিয়েছি, সে এসে আপনাকে এখানে গুলি করে মেরে ফেলবে। আমি বললাম, আমি সমুদ্রে যাব, বহুবার গিয়েছি, ছেলেবেলা থেকে গিয়েছি, কারও কথা শুনব না, আই শ্যাল ডু অ্যাজ আই প্লিজ। আমি জিজ্ঞাসা করলাম, কে খবর দিল, বলল, বাংলা থেকে খবর পেলাম। আমি গেলাম সমুদ্রে স্নান করলাম, সবই করলাম পুলিশকে দোষ দেব না। এইটা আপনাদের ইন্ট্যালিজেন্সের ভুল। আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি, ইন্ট্যালিজেন্সের ভুলের জন্য, ইন্ট্যালিজেন্সের মিসটেকের জন্য আমাদের অনেক ক্ষতি হয়েছে পাঞ্জাবে। ইন্ট্যালিজেন্সের জন্য এই অবস্থা অনেকটা। ইন্ট্যালিজেন্স ছিল না পাঞ্জাবে। এই অবস্থা অনেকটা আমাদের নিজেদের দোষে। এই ইন্ট্যালিজেন্স চালাতে গেলে খরচ করতে হবে, ট্রেনিং করতে হবে, ব্যবস্থা করতে হবে। এই সমস্ত করতে হবে। এইটার জন্য আপনাদের দরকার ভাল ট্রেনিং, ভাল জিনিস, আপনারা তো খরচ করছেন না। মাইনে দিয়েই সব চলে গেল। আর মাত্র ২৪ কোটি টাকা পুলিশের খরচ মাইনে ছাড়া। এইটা কতদিন চলবে? এইটা করে কি ভাল হচ্ছে? মাননীয়

রবীন মন্ডল তথ্য দিলেন, কোথা থেকে তথ্য দিলেন আমি জানি না। হয়ত কোনও বই থেকে দিয়েছেন। আমি যেসব তথ্য দিচ্ছি সেটা ক্রাইম ইন ইন্ডিয়া থেকে অফিসিয়াল ডাটা, আমি সব বন্ধুদের দিয়ে দিয়েছি, কি বলল সেই সম্পর্কে ভলিউমস অফ ক্রাইমস ইন সিটিস পার ল্যাক্স, এক লক্ষ মানুষের মাথাপিছু ক্রাইম যা হয় সেটা কলকাতায় সবচেয়ে বেশি। বোম্বাই, দিল্লি, মাদ্রাজ থেকে কলকাতায় সবচেয়ে বেশি হয়। অ্যাটেমপ্ট টু কমিট মাডার, বম্বে ২.৭, দিল্লি ৪.২, মাদ্রাজ—০ রেকর্ডেড, কলকাতায় ৪.৭—সবচেয়ে বেশি।

এর পর আমি ডেকোয়িটির কথা বলব।

(গোলমাল)

ক্রাইম অব ইন্ডিয়ার এই সব তথ্যগুলি তাহলে কারেক্ট করুন। এগুলি তাহলে সব ভুল। তা যদি হয় তাহলে আপনাদের অফিসাররা কি করছিলেন? গতবার একটা বুদ্ধদেববাবু কারেক্ট করিয়েছিলেন। আপনাদের সব কারেক্ট করাতে হবে। প্রত্যেকটা তথ্য আমি যা দিচ্ছি সব তথ্যের ভিত্তিতে বলছি।

(গোলমাল)

প্রত্যেকটা তথ্য যা আমি দিচ্ছি তার উত্তর না দেন অন্তত শুনুন। শুনবেনও না, উত্তরও দেবেন না—এ কোথায় আমরা আছি? এ করে তো লাভ নেই।

(গোলমাল)

পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা কি এর থেকেই সেটা বুঝতে পারছেন স্যার। বিরোধীদলের পক্ষ থেকে যে তথ্যগুলি দেওয়া হচ্ছে সেখানে আমি আজেবাজে কথা বলছি না। আমি ক্রাইম অব ইন্ডিয়া থেকে বলছি। আমি অফিসিয়াল পাবলিকেশন থেকে বলছি। কেউ শুনবেন না, বলতেও দেবেন না অথচ আপনি বলছেন যে বলে যান। বলে তো কোনও লাভ হচ্ছে না, কোনও উত্তর তো পাব না। মার্ডারের ব্যাপারে আমি পরে আসছি, মার্ডারের ব্যাপারে আরও অবস্থা খারাপ। টোট্যাল আই.পি.সি. ক্রাইম ৩৫৬.২ পার ল্যাক।

**(ভয়েস ঃ- রাজ্যের হিসাব দিন)**

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, টোট্যাল আই.পি.সি. ক্রাইম বম্বেতে ৩৫৬.২ পার ল্যাক, দিল্লিতে ৩৪৪.০ পার ল্যাক, মাদ্রাজে 292 per lakh. West Bengal 374.0 per lakh. সেইরকম ভাবে Narcotics and narcotics substance Act, Gambling Act, Excise Act, Explosive Substance Act, Essential commodities Act. এই ৫টাতেই কলকাতায় সবচেয়ে বেশি। এতো বেলুন উড়িয়ে কোনও লাভ নেই। চোখে রুমাল বেঁধে ঘুরে বেড়িয়ে কোনও লাভ নেই। আর যদি ভুল হয় তাহলে কারেক্ট করুন। লিখুন যে এগুলি সব ভুল ছাপা হয়েছে। তর্ক করে তো কোনও লাভ নেই। তারপর টোট্যাল কগনিজেবল ক্রাইম

কলকাতায় সবচেয়ে বেশি—ক্যালকাটায় ৩৭৪.২ per lakh populations. মাননীয় বন্ধু ওখান থেকে বললেন যে পশ্চিমবাংলা সম্বন্ধে বলুন। নিশ্চয় পশ্চিমবঙ্গ সম্বন্ধে বলব। টোট্যাল কগনিজেবল ক্রাইম পশ্চিমবঙ্গে ১৯৯০ সালে ৯৭ হাজার ২৩ টা হয়েছে। থেফটে, ২১ হাজার ৬৫৪ টা। কথা হচ্ছে এইরকম সমস্ত পরিসংখ্যান আছে। একটা ক্রাইমের চারটে

[4-05—4-15 P.M.]

জিনিস আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, কারণ আপনি ফৌজদারি মামলা করতেন। রেজিস্ট্রেশন অব ক্রাইম investigation of crime, prosecution of crime, conviction of criminals. বারবার প্রশ্ন করছি, আপনারা বলছেন এবং জ্যোতিবাবু এবারও বক্তৃতায় বলছেন, এত হাজার লোককে গ্রেপ্তার করেছি, ভাল করেছেন গ্রেপ্তার করেছেন, কাঁর কনভিকশন হয়েছে? আমি গত বছরও জিজ্ঞাসা করেছিলাম কাঁর কনভিকশন হয়েছে, কি বেলে খালাস হয়েছে, কি কনভিকশন হয়েছে বছরে বছরে বলবেন? আমি প্রশ্নের পর প্রশ্ন করেছি, এই চার পাঁচ মাস ধরে প্রশ্ন হয়েছে, প্রশ্নের মাধ্যমে জিজ্ঞাসা করা হয়েছে, প্রশ্নের কোনও উত্তর নেই। একটা প্রশ্ন পড়ছি। এখানে আমরা প্রশ্ন করেছি অনেকদিন আগে, দেওকী নন্দন পোদ্দার, সৌগত রায় প্রশ্ন করেছেন। শ্রী দেওকীনন্দন পোদ্দার অ্যান্ড সৌগত রায় কোয়েশ্চেন নং ২০০, তাতে জিজ্ঞাসা করা হচ্ছে will the Hon'ble Minister in charge be pleased to state the total number of persons registered under IPC who are under trial in 1990. The number of such persons whose cases are compounded or withdrawn. Whether trials were completed and how many trials are pending in court. The number of such persons etc. হাজারটা মামলা করছেন, কি কনভিকটেড হচ্ছে, ১০ হাজার মামলা করছেন, মুখ্যমন্ত্রী বলেছেন ৯৭ হাজার না এক লাখ কত অ্যারেস্ট করা হয়েছে, এত মামলা হয়েছে, কাকে কনভিক্ট করেছেন, এইগুলো তো জানতে হবে। এইগুলোর তো উত্তর দেবেন, এর তো উত্তর দেননি। এখন উত্তর দিন, আমার এক ব্যান্ডল প্রশ্ন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে এক বান্ডিল প্রশ্ন আছে, আমি সময় নষ্ট করব না। কোনও উত্তর দেন নি, কি কনভিক্ট করেছেন। গত বছর আমি প্রশ্ন করেছিলাম, উত্তর পাইনি। এই বছরও করছি, উত্তর পাব না জানি। মেজরিটি আছে, ঠিক আছে চালিয়ে যাও। উত্তর আসবে না, এই তো অবস্থা। কোথায় আছি আমরা? প্রসিকিউশন, কনভিকশন এটা কোথায় হচ্ছে? এটা কোথাও হচ্ছে না। আর্মস অ্যাক্টে, গ্যাম্বলিং অ্যাক্টে ৬ হাজার ৬৯০ টা প্রসিকিউশন হয়েছে, ২০ হাজার ৯০৬টা লোককে গ্রেপ্তার করা হয়েছে, তারপর কি হল? কি অ্যাকিউজ হল, কি অ্যাকুইটেড হল, কি কনভিক্টেড হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বললেই বলছেন, মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করুন, মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করলে, লিখিত প্রশ্ন, উত্তর নেই। কোথায় যাব আমরা? একটা লজিক আছে তো? একটা লজিক নিয়ে কথা বলতে পারছি এখানে। ডাউরি প্রহিবিশন অ্যাক্টে ৭১ জন মানুষকে আপনারা ধরেছেন ৯০ সালে। আমি জানতে চাই কি কনভিকটেড হয়েছে ডাউরি প্রহিবিশন অ্যাক্টে? অথচ ইনডিয়ান পেনাল কোডে কেস, প্রত্যেক কেস প্রতি কত পুলিশ আছে, পশ্চিমবঙ্গে প্রত্যেক কেস প্রতি একটা করে পুলিশ। আপনাদের একটা পুলিশ পশ্চিমবঙ্গে খালি ১.৩টি কেস দেবে। আর বাকিটার ওয়ানফোর্থ। সব নিয়ে একটা করে কেস,

অথচ অন্যান্য প্রদেশে ২/৩/৪। সবচেয়ে কম পশ্চিমবঙ্গে। আর মুখ্যমন্ত্রী প্যারাগ্রাফ ১৮তে বলছেন যে ডিক্লাইনিং ট্রেন্ড in terms of total number of cognizable offences, burglary, theft and rape. There was a slight increase in the number of cases of dacoity robbery ana murder. আপনাদের এত পুলিশ আছে যে, পুলিশ পিছু ১.৩টি করে কেস পড়ছে, আর অন্যান্য স্টেটে দুটো, তিনটে, চারটে করে পড়ে। গোটা দেশে আপনাদের হাইয়েস্ট নাম্বার অফ আর্মড পুলিশ। ওয়েস্ট বেঙ্গলে মোট পুলিশের ২৭.৭% আর্মড পুলিশ। অথচ এ ক্ষেত্রে অল ইন্ডিয়া অ্যাভারেজ হচ্ছে ২১.৮%। আপনাদের বন্দুকধারী পুলিশ হচ্ছে ২৭.৭%। অন্ধ্রপ্রদেশে বন্দুকধারী পুলিশ ১৪.৫%; গুজরাটে ১৮.৩%; হরিয়ানায় ১৬.৩%; কর্ণাটকে ১০.৩%; মহারাষ্ট্রে ১০.৮%; উড়িষ্যায় ২১.৭%; পাঞ্জাবে ১৯%। পাঞ্জাবে ১৯%, আর আপনাদের ২৭.৭%! বন্দুকধারী পুলিশ আছে রাজস্থানে ১৫.১%; তামিলনাড়ুতে ১৩.৫%। এই পরিসংখ্যান 'ক্রাইম ইন ইন্ডিয়া-১৯৯০' প্যারাগ্রাফ ২০৫ থেকে আমি উল্লেখ করছি। এই বই-তে সব আছে।

চুরির ক্ষেত্রে দেখুন। যত চুরি হচ্ছে তার কতটা রিকভার হচ্ছে। ভ্যালু অফ প্রপার্টি রিকভার্ড, পশ্চিমবঙ্গে সব চেয়ে কম। চুরি যাওয়া প্রপার্টি পশ্চিমবঙ্গে সব চেয়ে কম উদ্ধার হয়েছে। 'ক্রাইম ইন ইন্ডিয়া'-তে এই সমস্ত ফিগার দেওয়া আছে। আমার সময় বেশি নেই, তাই আমি বক্তব্য ছোট করতে চাই। মাননীয় রবীন মন্ডল মহাশয় আমাকে খুব গালাগাল দিলেন। ঠিক আছে।

'ক্রাইম ইন ইন্ডিয়া' থেকে আমি ১৯৭৭, ১৯৮৬, ১৯৮৮, ১৯৮৯, এই চারটে বছরের খুনের পরিসংখ্যানটা এখানে উল্লেখ করছি। ১৯৭৭ সালে, আমরা যখন এখানে ক্ষমতায় ছিলাম তখন ৮১৮-টি খুনের ঘটনা ঘটেছিল। আর ১৯৯০ সালে ১৬৩৪-টি খুনের ঘটনা ঘটেছে। ১৯৭৭ সাল থেকে ১৯৯০ সালে ৯৯.৭% মার্ডাস বৃদ্ধি পেয়েছে। মার্ডাস হ্যাভ ইনক্রিসড বাই ৯৯.৭%। অন্যান্য রাজ্যে এই সময়ের মধ্যে কত বৃদ্ধি পেয়েছে? গুজরাটে ৭৭%; কর্ণাটকে ৬৫%; কেরালায় ২০%; মধ্যপ্রদেশে ৫১%; মহারাষ্ট্রে ৬৬%। আমাদের পশ্চিমবাংলায় ৯৯.৭%। এই মার্ডারগুলো কেন হয়েছে? ১৯৯০ সালে পশ্চিমবাংলায় ডাউরি ডেথস হয়েছে ১১৮টি।

. আমি আজকে এখানে সোসালিজম প্রিচ করতে আসি নি। আমি দেখাতে চাইছি, আপনারা অপদার্থ। ইউ আর ওয়ার্থলেস, ইন ল' অ্যান্ড অর্ডার। ইউ আর হোপলেস ইন মেনটেনিং ল' অ্যান্ড অর্ডার। এটাই আমি এখানে দেখাতে এসেছি। আর সোসালিজিম-এর কথাই যদি বলেন—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশু দিন আমি বোম্বের তাজ হোটেলে বসে টি.ভি.-তে চাইনিজ পার্লামেন্টের বিতর্ক শুনছিলাম, হংকং থেকে প্রচারিত হচ্ছিল। দেং-এর প্রস্তাবের ওপর ১৫০ অ্যামেন্ডমেন্ট এল। দেং সেখানে বলছেন,—মার্কেট ইকনমি ছাড়া চলবে না, আই.এম.এফ- থেকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিতেই হবে। সেখানে দেড় শো অ্যামেন্ডমেন্ট এসেছিল। আজকে আমি এখানে সোসালিজম প্রিচ করতে আসি নি। আজ আমি এখানে এসেছি আপনাদের অপদার্থতা অকর্মণ্যতা তুলে ধরতে। পুলিশ এ রাজ্যে কি করছে, না করছে তাই দেখাতে।

পশ্চিমবঙ্গে ১৯৯০ সালে ক্লাশ কনফ্লিক্টে ১৬-টি খুন হয়েছে এবং ক্লাশ কনফ্লিক্ট হয়েছে ৩৪-টি। লাভ অ্যান্ড সেক্সচুয়াল অ্যাফেয়ার্স-এ খুন হয়েছে ১০১-টা। অবশ্য আজকে রাজ্যের এই পরিবেশে খুন বাড়বেই, কারণ রাজ্যে কোনও ডেভেলপমেন্ট হচ্ছে না। অন্যান্য রাজ্যের তুলনায় এখানে পার ক্যাপিটা ডেভেলপমেন্ট সব চেয়ে কম।

১৯৮৯-৯০ সালে পাঞ্জাবে পার ক্যাপিটা ডেভেলপমেন্ট হয়েছে ১০৩৭, হরিয়ানায় ৯৩৫, গুজরাটে ৭৯৫, কর্ণাটকে ৬৯৪, আর পশ্চিমবঙ্গে ৫১৪। পশ্চিমবঙ্গ হচ্ছে লোয়েস্ট ইন দি হোল অফ ইন্ডিয়া। লোয়েস্ট ইন দি হোল অফ ইন্ডিয়া, বড় বড় স্টেটের ভিতরে।

[4-15—4-25 P.M.]

পাঞ্জাবের নিচে, হরিয়ানার নিচে, মহারাষ্ট্রের নিচে, কর্ণাটকের নিচে, অন্ধ্রের নিচে, তামিলনাড়ুর নিচে, উড়িষ্যার নিচে, আসামের নিচে, কেরালার নিচে, উত্তরপ্রদেশের নিচে। এই ডেভেলপমেন্ট পার হেড যদি এই অবস্থা হয়ে থাকে তাহলে কোথায় ল-অ্যান্ড অর্ডার আটকাবেন? ৫২ লক্ষ মানুষ আজকে বেকার। ইংল্যান্ডের সরকার পড়ে যাচ্ছে সেখানে ২০ লক্ষ লোক বেকার বলে আর এখানে ৫২ লক্ষ লোক বেকার। কোথায় আছি? কোথায় যাবেন? এইসব বড় বড় বক্তৃতা শুনতে আসিনি। মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এখনই বক্তৃতা দেবেন। মুখ্যমন্ত্রী বলবেন রাজনৈতিক কথা। তোমরা রাজনীতি ভুল করেছে, তোমরা চোর-জোচ্চোর—এইসব কথা বলবেন। আমার প্রশ্নের কিন্তু একটি উত্তরও আসবে না, হাওয়ার উপর বক্তৃতা দেবেন, কিন্তু প্রশ্নের উত্তর আসবে না। ভেবেছেন, বাঁধন এমনই শক্ত করব, ওর থেকে বেরুতে দেব না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, তোমার বাঁধন যতই শক্ত হবে, ততই বাঁধন টুটবে। তোমার আঁখি যতই রাঙা হবে, মোদের আঁখি ততই ফুটবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকালবেলা যে পয়েন্টটা বললাম, শিখ-টেরোরিস্টদের কথা, তার কোনও উত্তর পাইনি। আমি এখন যে পরিসংখ্যানগুলি দিলাম—একটাও তার উত্তর দেবেন না—এটা আমি নিশ্চিত। আমি ওদের বলতে আসিনা, বলতে আসি বাংলার মানুষের জন্য, রেডিও, টেলিভিশনের মাধ্যমে, সংবাদপত্রের মাধ্যমে বাংলার মানুষ জানতে চায় এই সরকার কি করছে। আমি বলছি, এই সরকার ধ্বংস হবেই হবে। চেসেস্কু হয়ে যাবে—এ বিষয়ে কোনও সন্দেহ নেই।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার পুলিশ বাজেট ব্যয়-বরাদ্দের যা সুপারিশ করেছি তার অনুমোদন চেয়ে আমি কয়েকটি কথা বলব। তার আগে যেকটি ছাঁটাই প্রস্তাব আছে তার বিরোধিতা করছি। প্রথমে পয়েন্ট অফ অর্ডার কি তা জানি না—হঠাৎ বিরোধী দলের নেতা শিখ-টেরোরিস্ট কেন আমি বলেছি আমার লিখিত বক্তৃতায় সেটার উনি প্রতিবাদ করলেন। আমি তার এই প্রতিবাদটা বুঝতে পারলাম না। কারণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যতগুলি আমার কাছে কমিউনিকেশন আসে তার প্রত্যেকটিতে বলছে, শিখ টেরোরিস্ট, আপটু মার্চ, ১৯৯২। এখনও বলছে এটা। তার মানে কি এটাই হচ্ছে, সমস্ত শিখ টেরোরিস্ট, না কিছু মুষ্ঠিমেয় টেরোরিস্ট আছে, তার সংখ্যা কম—এটা আমরা সবাই জানি। এটায় মিসআন্ডারস্টান্ডিং কি হতে পারে? আমি কি সমস্ত শিখদের টেরোরিস্ট বলছি? আমাদের ২০০ শিখ খুন হয়েছে, কংগ্রেসের খুন হয়েছে, বি.জে.পির খুন হয়েছে, তারা শিখ নয়, হিন্দু। কিন্তু বেশিরভাগই আমাদের ২০০ জনকে খুন করেছে, তারা শিখ। এখানে মিসআন্ডারস্ট্যান্ডিং-

এর কি আছে? তারা কি করতে এসেছিলেন, তাদের ধরা হয়েছে। কি বলব আমরা? ইন্ডিয়াঙ্গ from Punjabi, Punjabi from Punjab তাহলে অন্যদের মধ্যেও আপত্তি হবে এইসব কথা বললে। উনি রবীন্দ্রনাথ কোট করেছেন, রবীন্দ্রনাথ শিখেদের সম্বন্ধে লিখেছেন, সেটা উনি জানেন কিনা জানিনা, তিনি লিখেছিলেন 'জাগিয়া উঠিছে শিখ, নির্মম নির্ভিক' তাহলে শিখ বললেন কেন? এতো অদ্ভুত ব্যাপার ...

(গোলমাল)

কিছু বলার নেই, এইসব বলে সময় নষ্ট করেও কোনও লাভ নেই। তারপরে তুলনামূলক যা পরিসংখ্যান তা ইতিমধ্যে আমাদের এদিক থেকে দেওয়া হয়েছে, মাননীয় সদস্য শ্রী রবীন মন্ডল এবং অনেকেই বলেছেন। মাননীয় সিদ্ধার্থ বাবু একটা সুবিধা করে নিয়েছেন, উনি সকলের শেষে বলেন, যাতে আমি কিছু খোঁজ খবর করতে না পারি, তাতেই যা খুশি তা বলে দিচ্ছেন। তারপর বললেন যে ওঁর আমলে কি ছিল। আমি সে সময়ের কিছু তথ্য জোগাড় করলাম, ১৯৭২ থেকে টোটাল কগনিজিবল ক্রাইম কত হয়েছে, এগুলি সি.আই.ডি. দপ্তর থেকে সংগ্রহ করা। ১৯৭২-৬৯,৬৫০, ১৯৭৩-৭৪,১৯৫, ১৯৭৪-৭৫,০৫৭, ১৯৭৫-৭০, ১৮১, ১৯৭৬-৭২,৪৬০, ১৯৭৭-৭৮,৯৮৭। আর আমাদের ১৯৮৬ থেকে আজ অবধি দেখা যাচ্ছে ৫৪ থেকে ৫৫র কিছু বেশি। উনি কি পড়েছেন, কোথা থেকে পড়লেন কিছুই বুঝতে পারছি না। আর একটা কথা, মাননীয় বিরোধীদলের নেতা বোধহয় মামলা করতে লাখনউ গিয়েছিলেন, তাই বলছেন যে লখনউয়ের সঙ্গে কলকাতার তুলনা কেন করবেন না। লাখনউয়ের সঙ্গে কি করে কলকাতার তুলনা করা যাবে, কলকাতা কত বড় শহর। এগুলি এনেছি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো থেকে পাওয়া একটা তথ্য থেকে, এতে যা দেখছি তাতে লখনউ মার্ডার ১০২, ক্যালকাটা ৭৬, লখনউ রেপ ৩৬, কলকাতা ২৪, ঠিক সেইরকম বাগলারী লখনউ ৭০৭, কলকাতা ৩২৯ তারপর এখানে একজন ঐ স্ট্যাটিসটিকসের ব্যাপরে বলেছেন ...

**(এই সময়ে মাননীয় সদস্য সৌগত রায় কিছু বলবার জন্য উঠে দাঁড়ান।)** আহা, সৌগত রায় মহাশয়, ওরকম করবেন না, গ্যালারিতে হয়ত আপনার ছাত্ররা রয়েছেন তাঁরা কি বলবেন আপনাকে। তারপরে পশ্চিমবঙ্গে টোটাল কগনিজিবল ক্রাইম র‍্যাঙ্কের কথা বলছেন, এখানে একজন বললেন আমরা কোন র‍্যাঙ্কে আছি। কোনও ব্যাপার নয়, আমরা কগনিজিবল র‍্যাঙ্কের ২২ সেকেন্ডে রয়েছি, মার্ডারে ২০য়েথ, অ্যাটেম্প টু কমিট মার্ডারে ২৩থার্ড, কিডন্যাপিং এবং অ্যাবডাকশনে ১৬টিনথ, ডেকয়টি ১২, রবারি ১৯, বাগলারী ২৫, এই তথ্যগুলি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ন্যাশনাল ক্রাইম ব্যুরো থেকে সংগৃহীত। এটা থেকেই বলে দিলাম। এই হচ্ছে স্ট্যাটিসটিকস। এখানে যেহেতু আমি দেখতে পাচ্ছি যে কংগ্রেস রেজিমের কথা বলা হয়েছে সে বিষয়ে আমি আমার মতামত আমার লিখিত বক্তব্যের মধ্যে দিয়েছি, সব কম্পারেটিভ ফিগারস তাতে আছে, কাজেই আর পুনরুল্লেখ করার দরকার নেই। যা ইতিমধ্যে বলা হয়েছে সে সম্বন্ধে বলছি, এতে হিসাবের মধ্যে ১৯৭০ থেকে ১৯৭৭ এ বার বার বলেছি, উনি যখন প্রশ্ন করছেন তখন আমিও প্রশ্ন করছি, ওঁদের সময়ে আমাদের ১১০০ লোক খুন হয়েছিল কংগ্রেসি গুন্ডাদের দ্বারা, পুলিশের দ্বারা কত হয়েছিল তা এর মধ্যে নেই।

ঐ ১১০০ টির বিরুদ্ধে একটিও মামলা হয়নি। এখন হচ্ছে, উনি তো কোর্টে প্র্যাকটিস করেন উনি জানেন না যে কত দেরি হয়? ওঁদের আমলে একটি মামলাও হয়নি।

[4-25—4-35 P.M.]

কাজেই আমার কথা হচ্ছে, এসব তুলনা না করাই ভাল। সেই ১৯৭২ সালে, যে বছর নির্বাচনকে প্রহসনে পরিণত করা হয়েছিল, সেই বছর ২০ হাজার লোককে তাদের বাড়িঘর ছেড়ে চলে যেতে হয়েছিল কংগ্রেসি গুন্ডাদের আক্রমণে। ওঁরই সময় আমরা দেখলাম—১৯৭২ সালের ইলেকশনের কথা বলছি—সেই সময়ের কথা লিখতে গিয়ে আমেরিকান অ্যামবাসাডর মৈনিহান তাঁর বইয়ে লিখলেন যে, এখানকার কংগ্রেসকে, মুখ্যমন্ত্রীকে সি.আই.এ. টাকা দিয়েছে—যেবার হেমন্ত বসু খুন হলেন, ইলেকশন রিগিং হল। ঐ লেখার কিন্তু কোনও প্রতিবাদ ওঁরা করেন নি। কমিউনিস্ট গভর্নমেন্ট যাতে এখানে না আসতে পারে তার জন্য ওরা টাকা দিয়েছিল। পরবর্তীকালে সি.আই.এ. থেকে ওদের কতবার টাকা দিয়েছে জানি না। এসব কথা মৈনিহান লিখেছেন বলে জানতে পারলাম। সিদ্ধার্থবাবু কি করেছিলেন ঐ টাকা দিয়ে? ঐ টাকা দিয়েই কি হেমন্ত বসুকে খুন করানো হয়েছিল? কারণ আমরা দেখলাম, তারজন্য কোনও তদন্ত হল না। বলা হয়েছিল, হেমন্ত বসুকে খুন করে বলুন সি.পি.এম. তাঁকে খুন করেছে। তার ফলে দেখলাম, সংবাদপত্রে এবং রেডিওতে ঐসব অপপ্রচার। তারপর আমরা দেখলাম, একদিন উত্তর কলকাতার কাশিপুর বরানগর অঞ্চলে ৫০।৬০ জন নকশালকে খুন করা হল এবং দেহগুলি নদীতে ফেলে দেওয়া হল। আমরা বললাম, নকশালরা আমাদের খুন করছে ঠিকই, কিন্তু ঐ নকশালদের পাশেই আমাদের দাঁড়াতে হবে। ঐ ঘটনার কোনও তদন্ত করেননি ওঁরা। ছেলেগুলোকে গ্রেপ্তার করুন! খুন কেন করতে হবে? সেখানে অর্ধেককে গুলি করে খুন করা হল, অর্ধেককে জেলে নিয়ে যাওয়া হল। সেদিন বর্বরতার চূড়ান্ত হয়েছিল। ওঁদের আমলে বিনা বিচারে আটক করা হত। কিন্তু আমাদের আমলে একটি কংগ্রেসি গুন্ডাকেও বিনা বিচারে আটক করিনি, কারণ সভ্যভাবে আমরা সরকার চালাবার চেষ্টা করছি। বিনা বিচারে আটক করা—এসব অসভ্যতা, বর্বরতা। সেই সময় শুধু আমাদের মানুষই আটক হননি, যারা গোষ্ঠীদ্বন্দ্বে সিদ্ধার্থবাবুর বিরুদ্ধে ছিলেন সেইরকম ৫০০ ছেলেকে জেলে ঢুকিয়ে দেওয়া হয়েছিল। আজকে আনন্দবাজার গোষ্ঠী ওঁকে এখানে নিয়ে এসেছে কংগ্রেস সভাপতি করে, যার সময় ঐরকম রিগিং হয়েছে। কিন্তু ভুলে যাবেন না, এটা পশ্চিমবাংলা!

এরপর আমি আর বলতে চাচ্ছিলাম না, কিন্তু এখানে ডাঃ বি.সি. রায়ের নাম করা হয়েছে, কাজেই আমাকে বলতে হচ্ছে। ওঁর সময় ওঁর সঙ্গে যেমন বিরোধ হত, তেমনি একসঙ্গে বসে আমরা প্রস্তাবও নিতাম এবং তার ফলে অনেক সময় ভালও হত। সেই সময় আমাদের খাদ্য আন্দোলন হয়েছিল। সেই আন্দোলনে যে মিছিল এসেছিল সেই মিছিলের ৭০ জনকে পিটিয়ে সেদিন খুন করা হয়েছিল এটা আমরা জানি। এইরকম ঘটনা আমাদের আমলে কল্পনাও করতে পারি না। তাঁর সময় জেলের ভেতর পলিটিকাল প্রিজনারদের গুলি করে খুন করা হয়েছিল। মুজফফর আহমেদ মহাশয় সেই সময় দমদম জেলে ছিলেন। কিন্তু তারপর তিনি একটা ব্যবস্থা করেছিলেন এবং জেল কোডের মধ্যে তা অন্তর্ভুক্ত হয়েছিল। তবে সেই সময় জেলের মধ্যে খুন হয়েছিল। যেমন, পাঁচজন মহিলা—লতিকা, প্রতিভা—এদের

সেই সময় বৌবাজারে খুন করা হয়েছিল। এসব পরিসংখ্যানের মধ্যে আমি যেতে চাইনি, তাঁর নামটা এখানে করা হয়েছে বলেই যেতে হল এবং এসব বলতে বাধ্য হলাম।

তারপর আরও কথা উঠেছে। এখানে একজন মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া কিছু সমালোচনা করেছেন। তিনি শেষে বলছেন যে এখানে যে সাম্প্রদায়িক শান্তি আছে তার জন্য সরকারের কোনও কৃতিত্ব নেই। আমি সব সময়ে বলেছি যে আসল কৃতিত্ব হচ্ছে আমাদের জনগণের। কিন্তু সরকারও সজাগ আছে, সরকারও ব্যবস্থা অবলম্বন করে। তা নাহলে জনগণ যদি ছিটিয়ে ছড়িয়ে এদিক ওদিক থাকে তারা সেখানে ব্যবস্থা করতে পারেনা, একথাটাও বলতে হবে। আমরা সেই ভাবে ১৫ বছর ধরে চলেছি। আমরা দৃষ্টান্ত স্থাপন করেছি ভারতবর্ষের সামনে। তারপরে ছোট-খাট আরও কয়েকটি কথা বলা হয়েছে যে থানায় এজাহার নেয়না। কোনও দৃষ্টান্ত তো দিচ্ছেন না! এটা যদি না নেয় তাহলে তো পুলিশ সাসপেন্ড হবে। একটা আমার নজরে এসেছিল, তাকে সাসপেন্ড করা হয়েছে, তার বিচার হচ্ছে যে, কেন এজাহার নেবেন না—এজাহার নিতে বাধ্য। তারপরে একজন বললেন যে অফিসারদের অনেক পদ বেশি সংখ্যায় করা হচ্ছে, কিন্তু অনেক পদ খালি আছে, সেগুলি ভর্তি করা হচ্ছে না—কেন? ওর মতে, কারণ হচ্ছে; অফিসাররা নাকি আমাদের সমর্থক না পুলিশ কর্মচারিরা আমাদের সমর্থন করবে না? আমরা আছি কি করে এতদিন ধরে? তাদের নিয়েই আমরা চলেছি। যাদের আপনারা কু-পথে চালিত করেছিলেন, অন্যায় করতে বলেছিলেন, মানুষের উপর অত্যাচার করতে বলেছিলেন, ট্রেড ইউনিয়ন আন্দোলন ভাঙ্গতে বলেছিলেন, বিনা বিচারে গ্রেপ্তার করতে বলেছিলেন, তাদের নিয়ে আমরা কাজ করে যাচ্ছি। ওই যে আই.জি., ডি.আই.জি'র কথা বলছেন যে অমুক হয়েছে, তমুক হয়েছে, বেশি হয়েছে, এটা দিল্লিতে হয়েছে, সমস্ত ভারতবর্ষে হয়েছে। সেসব ওরা দেখেন না। এটা কাজের জন্য করতে হয়, ওদের প্রোমোশনের পদ পরিস্কার করার জন্য করতে হয়, নানা কারণের জন্য করতে হয়, এটা আমরা করেছি। **(বিরোধী পক্ষ থেকে ভয়েস ঃ তেল দেওয়া হচ্ছে।)** আমি জানিনা কংগ্রেস রেজিমে তেল দেওয়া হয়েছিল না, কি করা হয়েছিল! তেল ছাড়াও তো ১১ শত খুন করা হল এবং তার মামলা হলনা। আমি বলি কখনও কখনও পুলিশ যে ভাল কাজ করে তারজন্য নিশ্চয়ই তাদের সমর্থন করবেন। ভাল কাজ যেগুলি করে সেই সম্পর্কে আমার কাছে লিস্ট আছে, আমার পড়ার সময় নেই, সেই সম্পর্কেও বলতে হবে। বিভিন্ন জেলায় তারা ডাকাত ধরছে। জীবন বিপন্ন করে তাদের সঙ্গে লড়াই করছে এবং ডাকাতি যাতে হতে না পারে তার আগে তাদের গ্রেপ্তার করছে, টাকা উদ্ধার করছে, এখানে খুন করে বাইরে পালিয়ে গেছে, ছেলে পাচার করে দিচ্ছে, নিয়ে চলে যাচ্ছে, সেগুলি সেখানে গিয়ে উদ্ধার করে নিয়ে আসছে, এগুলি তো বলতে হবে। তাদের এই সমস্ত কাজের প্রশংসা করতে পারি, সমর্থন করতে পারি। এখানে শিখ টেরোরিস্ট যারা এসেছিল, ৩ জন যারা এসেছিল তাদের এরা ধরেছে, নিজেদের জীবন বিপন্ন করে। জনসাধারণ এবং গ্রামের মানুষও সাহায্য করছে। পুরুলিয়াও যে ঘটনা ঘটল্যে, এগুলি আপনারা একবারও বলবেন না? পক্ষপাতিত্ব—সেই একই কথা। পক্ষপাতিত্ব কি? আগে হত পক্ষপাতিত্ব যারা এই সব কথা বলেন, তারা হিসাব নিয়ে দেখবেন যে আমাদের পক্ষের লোক কত গ্রেপ্তার হয়েছে, কত মামলা করা হয়েছে, আর কত সাজা হয়েছে এবং এখনও জেলে আছে। আপনাদের আমলে সে সব

কখনও হতনা। কংগ্রেসের সময়ে ওদেরই লোক-দের বিনা বিচারে আটক করা হয়েছিল কারণ তারা সিদ্ধার্থবাবুর পক্ষে ছিলনা, তাদের সমাজবিরোধী বলে আটক করা হয়নি। এইসব কথা তো আমরা জানি। কংগ্রেসের সেই চেহারার পরিবর্তন হচ্ছে না। আমরা দেখছি যে কি ভাবে ওদের ইলেকশন ইত্যাদি হচ্ছে। আমি জানিনা কি হবে। তারপরে একজন বললেন যে ড্রাগ নাকি আমাদের এখানে বেশি চলছে, পাচার হচ্ছে। কোথা থেকে এসব তথ্য পেলেন যে ড্রাগ এখানে সবচেয়ে বেশি চলছে ভারতবর্ষের মধ্যে? আমাকে দিননা সংখ্যাটা। ড্রাগের ব্যাপার নিয়ে কোনও রাজনীতি নয়, আমরা সকলেই এটা বন্ধ করতে চাই। এই সব অসত্য কথা এখানে বলে কি লাভ হয়—কোনও লাভ হয়না। তারপরে একজন মহারাষ্ট্র এবং ওয়েস্ট বেঙ্গলের বাজেটের কথা বললেন এবং পরিসংখ্যান দিয়ে বললেন যে ১৯৯১ সালে ওদের বেড়েছে ৯৬ কোটি টাকা, আর আমাদের বেড়েছে ১১৭ কোটি টাকা। গত বছর আমাদের পে কমিশনে ৯ মাস পরে দিয়েছে, এটাও আমাদের দেখতে হবে, সেজন্য আমাদের বেড়েছে।

[4-35—4-47 P.M.]

এটা তো বললেন না? বটতলার উকিল না কি আমি বুঝতে পারছি না। তারপর বলছেন বন্দি মুক্তি করে দিয়েছেন। আবার বলছেন আরও কিছু মুক্ত করে দিন। ওঁদের পক্ষের লোক হয়ত আছে আমি জানিনা। এখন ওঁদেরও আছে আমাদেরও আছে। ভোলা পালের কেস ছিল, সাজা হয়েছে। তারপর আমরা রিলিজ করি, কয়েক বছরে কয়েক জনকে করেছি। তার মধ্যে এর নামও আছে। এই সত্যি কথাটা চেপে গেলেন কেন? আমরা কি পার্টি দেখে করেছি? তারপর ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন। কোথায় চলে গিয়েছেন, অসত্য কথা কত বলা হয় অ্যাসেম্বলিতে! রেশনের জিনিসপত্র এবং জামা কাপড় কেনার জন্য নাকি টেন্ডার ডাকা হয় না। থ্রি টায়ার টেন্ডার কমিটি আছে, সেখানে ভাল হয় কি মন্দ হয় আমি বলতে পারব না, কমিটি আছে, তাঁরা আলোচনা করে দেখে সেটা করেন। তারপর একজন বললেন নাইন্থ ফিনান্স কমিশনের টাকা আমরা খরচ করতে পারিনি তাঁরা যা দিয়েছিলেন। আমার কাছে আছে, সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের প্রশংসা করেছেন, আপনারা সব টাকা খরচ করেছেন। এই দুরবস্থার মধ্যে আমরা এটা করতে পেরেছি। এই রকম অসত্য কথা আর একটা বলে দিলেন। কি করে জানলেন আমরা খরচ করতে পারিনি? যাই হোক আমি এই সব কথার মধ্যে যাচ্ছি না। সেইজন্য বলছি এই কথা যে, একটা হিসাব আমার কাছে আছে। ওঁরা বলেছেন এখানে নাকি অনেক টাকা খরচ করা হয় পুলিশ বাজেটে। ওঁদের আমলে ১৯৭৪-৭৫ সালে ওঁদের যে বাজেট ছিল তাতে পুলিশ এক্সপেন্ডিচার ছিল ৬ পারসেন্ট, অর্থাৎ শতকরা ৬ ভাগ। আমাদের আমলে ১৯৯১-৯২ সালে সেটা ৪ ভাগ। লজ্জা থাকা উচিত নয় কি? বিশেষ প্রয়োজনে কংগ্রেস পক্ষ থেকে আমাকে বলেন, আমাদের পক্ষ থেকেও বলেন এখানে একটা থানা করুন, এটা করুন সেটা করুন। আমরা ৫ বছর অন্তর অন্তর পে-কমিশন বসাই, তার জন্য বাড়ে। তাতেও স্টাটিসটিক্স হচ্ছে ওঁদের আমলে ৬ পারসেন্ট আমাদের আমলে ৪ পারসেন্ট। তেমনি ওঁদের আমলে শিক্ষার তো কোনও ব্যাপার ছিল না, সব গণ-টোকাটুকি হত। কংগ্রেসের ছেলেদের গুন্ডায় পরিণত করা হয়েছিল। আমরা সবাই জানি এই সব, আর ঘেঁটে লাভ কি? তারপর বলেছেন কত কনভিকশন হয়েছে। এটা জোগাড় করতে অনেক সময় লাগে, আমি একটু সময় চাই, এই প্রশ্নগুলির উত্তর নিশ্চয়ই

দেব। কনভিকশনের ক্ষেত্রে বুঝতে হবে এটা পাবলিক প্রসিকিউটারের ব্যাপার। আমাদের সরকারের ব্যাপার আছে তেমনি কোর্টের ব্যাপার আছে। কোর্টে জমে থাকে কেস। ওঁরা বলছেন আজ কম আছে সংখ্যায়। যাই হোক যে কোনও কারণে দ্রুত গতিতে হয় নি, এটা আমরা জানি। ১৯৯১ সালের এটা আমি জোগাড় করেছি। ১৯৯১ সালে কগনিজেবল অফেন্স ৫৫ হাজার, চার্জ-শিট হয়েছিল ১৯ হাজার। ১৯৯৭ হচ্ছে এন্ডেড ইন কনভিকশন। ২১২৭ জন হচ্ছে পারসনস কনভিকটেড। পারসেনটেজ অফ ডিটেকশন প্রায় শতকরা ৫০ ভাগ। কনভিকশন এখনও পড়ে আছে শতকরা ২২ ভাগ, বাকি মামলা চলছে, নিষ্পত্তি হবে। আমাদের পুলিশ প্রয়োজন আছে, আইন-শৃঙ্খলা রক্ষা এবং বিভিন্ন ব্যাপারে পুলিশকে আমাদের ব্যবহার করতে হয়, এমন কি আমি জানিনা কংগ্রেসের ইলেকশন হবে সেখানে পুলিশ দিতে হবে কিনা, সেইজন্য বলছি আমার বাজেট আপনারা পাস করে দিন। এতে সবার ভাল হবে। পুলিশের উপর নজর রাখুন, জনসাধারণ রাখছে আমরাও রাখছি। সমালোচনা যেখানে করার কথা সেখানে করবেন, যেখানে প্রশংসা করার কথা সেখানে প্রশংসা করবে। এইভাবে তো সরকার পরিচালনা করতে হয়। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 21**

**Mr. Speaker :** There are 20 cut motions on this Demand. All the cut motions are in order. Cut motions Nos. 1 to 16 and 20 were then put to vote and a division taken with the following results :-

**NOES :**

Abdul Haque, Shri

Abdul Quiyom Molla, Shri

Abul Basar, Shri

Abul Hasnat Khan, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Nitai Charan

Adhikari, Shri Nityananda

Bandyopadhyay, Shri Debabrata

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Bose, Shri Shyamaprasad

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath,

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Sri Santasri

Chatterjee, Shrimati Santi

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Subhendu

Chowdhury, Shri Subodh

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Benode

Das, Shri Bidyut Kumar

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trilochan

Das Gupta, Shrimati Arati

Das Gupta, Shri Asim Kumar

Deb, Shri Goutam

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Bidyut

Goala, Shri Rajdeo

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Chhaya

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Sundar

Halder, Shri Krishnadhan

Hembram, Shrimati Arati

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Idrish Mondal, Shri

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Joardar, Shri Dinesh

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Konar, Shrimati Maharani

Kujur, Shri Sushil

Let, Shri Dhiren

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Maji, Shri Pannalal

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Malakar, Shri Nanigopal

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Biswanath

Mondal, Shri Dhiren

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Md. Ansaruddin, Shri

Md. Nizamuddin, Shri

Md. Yakub, Shri

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Mostafa, Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukhopadhyay, Dr. Ambarish

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Nanda, Shri Kiranmoy

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Madanmohan

Nath, Shri Monoranjan

Neogy, Shri Brajo Gopal

Oraon, Shri Jagannath

Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya

Patra, Shri Ranjit

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Bannmali

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Sattik Kumar

Ray, Shri Subhash Chandra

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhinendra Nath

Sen Gupta, Shri Dipak

Sengupta (Bose), Shrimati Kamal

Seth. Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shaikh Khabiruddin Ahmed, Shri

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Khagendra Nath

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Talukdar, Shri Pralay

Tirkey, Shri Monohar

Unus Sarkar, Shri

**AYES :**

Adhikari, Dr. Tarun

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Chattopadhyay, Shri Shovan Deb

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

Das, Shri Sukumar

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu

Md. Abul Karim Choudhury, Shri

Motahar Hossain, Dr.

Mukherjee, Shri Sibdas

Nurul Islam Chowdhury, Shri

Paul, Shri Sankar Das

Poddar, Shri Deokinandan

Roy, Shri Saugata

Ray, Shri Siddhartha Shankar

**Abstentions :**

Purkait, Shri Probodh

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 18 and the Noes 159, the motions were lost.

**Mr. Speaker :** I now put cut motions No. 17, 18, 19 of Shri Deba Prasad Sarkar to vote.

The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the demand be reduced by Rs. 100/- was then put and a division taken with the following result.

**NOES :**

Abdul Haque, Shri

Abul Basar, Shri

Abul Hasnat Khan, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Nitai Charan

Adhikari, Shri Nityananda

Bandyopadhyay, Shri Debab

Basu, Shri Jyoti

Basu, Shri Nihar Kumar

Bose, Shri Shyamaprasad

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath,

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Sri Santasri

Chatterjee, Shrimati Santi

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Subhendu

Chowdhury, Shri Subodh

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das, Shri Atul Chandra

Das, Shri Benode

Das, Shri Bidyut Kumar

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri Soumindra Chandra

Das, Shri Trilochan

Das Gupta, Shrimati Arati

Das Gupta, Shri Asim Kumar

Deb, Shri Goutam

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Bidyut

Ghatak, Shri Santi Ranjan

Goala, Shri Rajdeo

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Chhaya

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sachindra Nath

Hazra, Shri Sundar

Halder, Shri Krishnadhan

Hembram, Shrimati Arati

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Idrish Mondal, Shri

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Joardar, Shri Dinesh

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kisku, Shri Lakshi Ram

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Konar, Shrimati Maharani

Kujur, Shri Sushil

Let, Shri Dhiren

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Mehboob Zahedi, Shri

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Bhandu

Maji, Shri Pannalal

Majhi, Shri Raicharan

Maji, Shri Surendra Nath

Malakar, Shri Nanigopal

Malik, Shri Sreedhar

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Biswanath

Mondal, Shri Dhiren

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Sailendranath

Manna, Shri Janmenjoy

Md. Ansaruddin, Shri

Md. Nizamuddin, Shri

Md. Yakub, Shri

Mitra, Shri Biswanath

Mitra, Shrimati Jayasree

Mostafa, Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukhopadhyay, Dr. Ambarish

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Nanda, Shri Kiranmoy

Naskar, Shri Subhas

Naskar, Shri Sundar

Nath, Shri Madanmohan

Nath, Shri Monoranjan

Neogy, Shri Brajo Gopal

Oraon, Shri Jagannath

Pakhira, Shri Ratan Chandra

Patra, Shri Amiya

Patra, Shri Ranjit

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Pramanik, Shri Sudhir

Putatunda, Shrimati Anuradha

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Banamali

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Ray, Shri Tapan

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sarkar, Shri Sisir

Sahis, Shrimati Bilasibala

Sen, Shri Dhinendra Nath

Sen Gupta, Shri Dipak

Sengupta (Bose), Shrimati Kamal

Seth, Shri Lakshman Chandra

Shaw, Shri Pravin Kumar

Shaikh Khabiruddin Ahmed, Shri

Shish Mohammad, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Khagendra Nath

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Talukdar, Shri Pralay

Tirkey, Shri Monohar

Unus Sarkar, Shri

**Abstentions :**

Adhikari, Dr. Tarun

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Chattopadhyay, Shri Shovan Deb

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

Das, Shri Sukumar

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Lahiri, Shri Jatu

Md. Abul Karim Choudhury, Shri

Motahar Hossain, Dr.

Mukherjee, Shri Sibdas

Nurul Islam Chowdhury, Shri

Paul, Shri Sankar Das

Poddar, Shri Deokinandan

Roy, Shri Saugata

Ray, Shri Siddhartha Sankar

**AYES :**

Purkait, Shri Probodh

Sarkar, Shri Deba Prasad

The Noes being 158 and the Ayes 2, the motions was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,48,94,50,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055-Police". (This is inclusive of a total sum of Rs. 87,23,63,000 already voted on account in March, 1992.)

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5-47 P.M. till 11.00 A.M. on Thursday, the 9th April 1992, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 9th April 1992 at 11-00 A.M.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 4 Ministers of State and 73 Members.

### Heldover Starred Questions
### (to which oral answers were given)

### লোকদীপ-কুটির জ্যোতি প্রকল্পে ব্যয়

*৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৫) **শ্রী অরুণকুমার গোস্বামী** ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৭-৮৮ থেকে ১৯৯০-৯১ আর্থিক বছরে লোকদীপ কুটির জ্যোতি প্রকল্পে ব্যয়ের পরিমাণ কত (জেলাওয়ারি হিসাব) ; এবং

(খ) ঐ সময়ে উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক আর্থিক সাহায্যের পরিমাণ কত (বছরওয়ারি হিসাব)?

[11-00 — 11-10 A.M.]

**ডঃ শঙ্করকুমার সেন** ঃ

| (ক) জেলা | ১৯৮৭-৮৮ | ১৯৮৮-৮৯ | ১৯৮৯-৯০ | ১৯৯০-৯১ |
|---|---|---|---|---|
| পুরুলিয়া | — | ৫.৫০ লক্ষ | ৫.০০ লক্ষ | — |
| বাঁকুড়া | — | ৬.৭৫ লক্ষ | ৫.০০ লক্ষ | — |
| বর্ধমান | — | — | ৬.২০ লক্ষ | — |
| বীরভূম | — | ৮.০০ — | — | — |
| মেদিনীপুর | — | — | — | — |
| হাওড়া | — | | ৫.৬৬৯৯ লক্ষ | — |
| ২৪-পরগনা (উত্তর ও দক্ষিণ) | — | — | — | — |
| হুগলি | — | ৬.২৫ লক্ষ | ১৮.৬৬৮২ লক্ষ | — |
| নদীয়া | — | — | — | — |

| | | | | |
|---|---|---|---|---|
| মুর্শিদাবাদ | — | — | ৫.০০ লক্ষ | — |
| মালদহ | — | — | ৪.২৬৮৭ লক্ষ | — |
| পশ্চিম দিনাজপুর | — | — | ৬.৫২৬৬ লক্ষ | — |
| জলপাইগুড়ি | — | ৫.৭৫ লক্ষ | ৫.০০ লক্ষ | — |
| দার্জিলিং | — | — | — | — |
| কুচবিহার | — | ৫.২৫ লক্ষ | ৯.৮৮৫৯ লক্ষ | — |
| মোট | — | ৪০.৫০ | ৭১.১১৯ | — |
| | | + ৪৬.৫৫ | ৪৬.৬৩০ | ৪৭.৫৮ |
| | | ৮৭.০৫ | ১১৭.৭৪৯ | ৪৭.৫৮ |

(খ) কেন্দ্রীয় সাহয্যের পরিমাণ ঃ

| | |
|---|---|
| ১৯৮৭-৮৮ | শূন্য |
| ১৯৮৮-৮৯ | ৪৬.৫৫ লক্ষ |
| ১৯৮৯-৯০ | ৪৬.৬৩ লক্ষ |
| ১৯৯০-৯১ | ৪৭.৫৮ লক্ষ |

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি, আপনি এই লোকদীপ কুটির জ্যোতি প্রকল্প ব্যাপারে কতকগুলি জেলার কথা বললেন, সবগুলি জেলায় কেন করা হয়নি এবং যে টাকা খরচ হয়েছে তাতে কত কুটির আলোকিত হয়েছে যদি বলেন তাহলে ভাল হয়।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এই প্রকল্প শুরু হয় ১৯৮৫-৮৬ সালে, তখন শুধু রাজ্য সরকারের আর্থিক সহায়তায় শুরু হত লোকদীপ প্রকল্প। ৮৫-৮৬ সাল থেকে আজ পর্যন্ত সমস্ত জেলাকে কভার করা হয়েছে, যেখান থেকে ইউটিলাইজেশন আসেনি সেইগুলি আমরা দেখিনি। আমি একটু বুঝিয়ে বলি এই প্রকল্পের দুটো ভাগ আছে। একটা হচ্ছে রাজ্যের আর্থিক সাহায্যে আর একটা হচ্ছে কেন্দ্রের আর্থিক সাহায্যে। রাজ্যের আর্থিক সাহায্যে লোকদীপ প্রকল্পে আমাদের যারা কনজিউমার আছে তাদের বাড়ির ভিতরটা ওয়্যারিং করা হয়, আর কেন্দ্রীয় সাহায্যে কানেকশন দেওয়া হয়। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এই খরচটা করে এবং সব জেলা পরিষদের হাত দিয়ে এই খরচটা করা হয়। তবে সব জেলায় ইউটিলাইজেশন সার্টিফিকেট এখনও পাওয়া যায়নি। আমি আপনাকে এবারে বলছি মোট কত কুটির আলো গেছে। নাম্বার অফ কানেকশন রিলিজ আপ টু ৩১-১-৮৯ পর্যন্ত ১৬,৬৬৩ ; ৩১-১-৯০ পর্যন্ত ৭,০৯০।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি আপনি ইউনিভার্সাল পিক অ্যান্ড চুজ, আউট অফ সেভেনটিন ডিস্ট্রিক্ট, এখন যেটা এইট্টিন ডিস্ট্রিক্টস হয়েছে তার মধ্যে ৫-৬টি জেলার কথা বললেন। এর পরে আপনার পরিকল্পনার ইউনিভার্সাল হয়েছে কি? পভার্টি টেকেন পিপল যারা হাটম্যান তাদের এরিয়া মেইনটেইন করবেন কি আর

এই মেইনটেইন সুপাভিশন কারা করে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** প্রশ্নটা ছিল ১৯৮৭-৮৮ থেকে ১৯৯০-৯১ পর্যন্ত। সেখানে আমি ১০-১২টি জেলার কথা বলেছি। সমস্ত জেলা আমরা কভার করছি। ১৯৮৫ সাল থেকে রাজ্যের আর্থিক সাহায্যে আমরা কভার করার চেষ্টা করছি। আর যারা ইউটিলাইজেশন সার্টিফিকেট দিচ্ছে না, তাদের সেকেন্ড ফেজে টাকা দেওয়া হয়নি, তবে ভবিষ্যতে সব কটা জেলায় আমরা করব। পঞ্চায়েতের কাছে আমরা সমস্ত রিপোর্ট চেয়েছিলাম জেলা পরিষদের মাধ্যমে আর এটা মেইনটেইন করে ডবলু বি এস ই বি গ্রুপ সাপ্লাই।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৭৭ সালের আগে কংগ্রেসি অপশাসনের সময় এই রকম কোনও স্কীম সেই সরকারের ছিল কি?

**মিঃ স্পিকার ঃ** উনি তো আগেই বলেছেন, ১৯৮৫-৮৬ সাল থেকে এই স্কীমটা চালু হয়েছে, সুতরাং এই প্রশ্ন ওঠে না।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** এই কুটির জ্যোতি প্রকল্প কেন্দ্রীয় সরকারের বিশ দফা কর্মসূচির অন্তর্ভুক্ত কি না এবং যে সমস্ত জেলা ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়নি সেই জেলাগুলির নাম জানাবেন কি?

[11-10 — 11-20 A.M.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কুটির জ্যোতি প্রকল্প কেন্দ্রীয় সরকারের দ্বারা পরিচালিত এবং আমার কাছে যা ইনফরমেশন আছে গত পয়লা এপ্রিল থেকে এটাকে বন্ধ করে দেবার কথা বলা হয়েছে। আর বিভিন্ন জেলা পরিষদকে বলা হয়েছে হিসেবের লিস্টটা দিতে।

**মিঃ স্পিকার ঃ** শঙ্করবাবু পরে লিস্টের একটা কপি দিয়ে দেবেন।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, আপনি বললেন যে, ১৯৯০-৯১ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য পাওয়া যায়নি, কেন সাহায্য পাওয়া যায়নি, এর কারণটা কি বললেন?

**মিঃ স্পিকার ঃ** টাকা পাওয়া যায়নি বলে হয়নি। প্রকল্পকে অন্তর্ভুক্ত করা হয়নি।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কি যে, হাওড়া জেলায় কতগুলো গ্রামকে কভার করেছেন? বর্তমানে হাওড়া জেলা লোকদীপ প্রকল্প কোনও স্কীম বিবেচনাধীন আছে কি না?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এই পরিকল্পনা গ্রাম ভিত্তিক হিসাব রাখা হয় না। কনজিউমার ভিত্তিক হিসাব রাখা হয়। হাওড়াতে ৮৮৮ জন কনজিউমারকে দেওয়া হয়েছে। আর এগুলো সবই ব্যাকওয়ার্ড ক্লাশের জন্য।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** আমি যা জানতে চাইছিলাম তার উত্তর তো আপনি দিয়ে

দিয়েছেন।

**শ্রী নির্মল দাস ঃ** অতিরিক্ত প্রশ্ন স্যার, রাজ্য সরকার ভেবেছেন কি, লোকদীপ প্রকল্পে পঞ্চায়েত এলাকায় পঞ্চায়েতের সুপারিশে কাজকর্ম হচ্ছে, কিন্তু পঞ্চায়েত এলাকার বাইরে যেমন, বিশেষ করে উত্তরবাংলার চা-বাগানের সংলগ্ন এলাকায় এবং বিস্তীর্ণ ফরেস্টে ভিলেজার্সদের জন্য লোকদীপ প্রকল্প সম্প্রসারণের জন্য কোনও কার্যক্রম রাজ্য সরকার বিবেচনা করছেন কি না?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** রাজ্য সরকার, অনুন্নত এবং যারা ইকনমিক্যালি ব্যাকওয়ার্ড ক্লাশ আছেন তাদের জন্য প্রতি বছরই কিছু কিছু টাকা দিয়ে থাকেন। সেই টাকা থেকে করা যায় কি না অর্থাৎ লোকদীপ প্রকল্প এই ব্যাপারে রাজ্য বিদ্যুৎ পর্যদ কে বলা হয়েছে বিষয়টা নিয়ে চিন্তা করতে। কি রকম টাকা লাগবে না লাগবে এর একটা আনুমানিক হিসাব দেওয়ার জন্য বলা হয়েছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কুটির জ্যোতি প্রকল্প কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছেন। কেন বন্ধ করলেন তার কোনও যুক্তি দেখিয়েছেন কি না এবং রাজ্য লোকদীপ প্রকল্প চালিয়ে যাবেন কি না?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কেন বন্ধ হয়েছে সেই সম্বন্ধে কিছু জানা নেই। তবে এটুকু বলতে পারি যে, আমরা লোকদীপ প্রকল্প কনটিনিউ করব। রাজ্য সরকার ৩১শে মার্চের মধ্যে ২ কোটি টাকা দিয়েছেন এবং আমরা কাজটা শুরু করতে যাচ্ছি।

### রাজ্য বিদ্যুৎ পর্ষদ রি-ভাইটাল স্কীম

*৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য বিদ্যুৎ পর্ষদ রি-ভাইটাল স্কীম (Re-vital Scheme) চালু করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত স্কীমের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** চালু না করার কারণটা কি — জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি জানতে চেয়েছেন রিভাইট্যাল স্কীম চালু হয়েছে কিনা। আমাদের একটা রিভ্যাইটালাইজেশন স্কীম ইতিমধ্যেই আছে, নতুন করে চালু করা হয়নি।

একটা স্কীম আছে, সেটা চলছে এবং চলবে। এছাড়া নতুন রিভ্যাইটালাইজেশন স্কীম নেওয়া হয় নি। তবে রিভ্যাম্পিং স্কীম বলে একটা স্কীম নেওয়া হয়েছে যেটা পুরানো যে কাজগুলো হয়েছিল সেগুলো আধুনিকীকরণের জন্য গত বছর থেকে হাতে নিয়েছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** আপনি নিশ্চয় জানেন সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে প্রতিব্লককে ৪০/৪২ করে কিছু কিছু ইলেকট্রিফায়েড করা হয়েছিল বলে ডিক্লেয়ার করা হয়েছিল। তার বেশির ভাগের খুঁটি এবং তার চুরি হয়ে গিয়েছে।

**মিঃ স্পিকার ঃ** হল না। আপনি ঠিক করে বললেন না। উনি কি জানেন না জানেন সেটা আপনার প্রশ্নের বিষয় হতে পারে না।

**শ্রী নটবর বাগদি ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি ১৯৭২ সালে কিছু কিছু ইলেকট্রিফিকেশন হয়েছিল। অবশ্য লাইট জ্বলে নি। সেই সমস্ত গ্রামে নতুন করে করতে দরবার করতে গেলে বলা হয়েছে, ডায়রি নেই, ট্রান্সফরমার চুরি হয়ে গিয়েছে। এইভাবে তার চুরি, পোস্ট চুরি, ট্রান্সফরমার চুরি হয়ে গিয়েছে, অথচ পুলিশের কাছে ডায়রি করা হয় নি। নতুনভাবে ইলেকট্রিফিকেশন হবে না। আমাদের অফিসে আছে ১৯৭২ সাল থেকে বিদ্যুৎ চলছে।

**মিঃ স্পিকার ঃ** এইভাবে প্রশ্ন হবে না, কিভাবে উনি এর উত্তর দেবেন, উত্তর দেওয়া তো কঠিন। এইটা একটা স্কীম। রিভ্যাইটালাইজেশনের ব্যাপারে জিজ্ঞাসা করতে গিয়ে আপনারা ওয়াইড প্রশ্ন করছেন। স্কীমের ব্যাপারে প্রশ্ন করতে পারেন।

**শ্রী নটবর বাগদি ঃ** এটা একটা জলন্ত সমস্যা স্যার। এর মধ্যে ইলেকট্রিফিকেশনের দফারফা হয়ে যাচ্ছে। অফিসারেরা এইসব কথা বলছেন।

**মিঃ স্পিকার ঃ** এইগুলো নিয়ে মিঃ সেন আমি একটা কমপোজিট প্রশ্ন করে দিচ্ছি। ১৯৭২ সাল থেকে যে চালু প্রকল্পগুলি আছে সেগুলোর মধ্যে যেগুলো একজিসটিং ডিফাংক্ট হয়ে আছে এই স্কীমগুলোর রিভ্যাইটালাইজ করার পরিকল্পনা আছে কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের একটা স্কীম রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের যদি একবার ইলেকট্রিফায়েড হয়ে যায় তাহলে তারা আর টাকা দেন না। কিন্তু রাজ্য সরকার মাঝে মাঝে এরজন্য টাকা দিচ্ছেন। গত মাসে দু কোটি টাকা দিয়েছেন। সেই টাকা দিয়ে রিভ্যাম্পিং স্কীমের মধ্যে এনে যেগুলো পারছি আধুনিকীকরণ করছি। আধুনিকীকরণের কাজ যেগুলো হাতে নেওয়া ছিল হয়ে গিয়েছে। এইগুলো করতে সময় লাগবে। টাকার প্রয়োজন এবং টাকা পাওয়া গেলে সেই টাকার মধ্যে যতটুকু করা সম্ভব করার চেষ্টা করব।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি আমাদের রাজ্যে রিভ্যাইটালাইজ করার প্রয়োজন আছে মৌজার সংখ্যা কত এবং সেগুলো কত দিনের মধ্যে করা সম্ভব হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমার কাছে যে ফাইল আছে তাতে ডাটা বিশেষ কিছু নেই।

নোটিশ দিতে হবে। প্রশ্নটা অন্য জায়গায় চলে গেল।

[11-20 — 11-30 A.M.]

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রিভ্যাইটালাইজেশন এবং রিভ্যাম্পিং স্কীমে বর্তমান আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং কোন কোন জেলাতে এই কাজটা হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** গত মার্চ মাসে রাজ্য সরকার দু কোটি টাকা দিয়েছেন। কিন্তু সেই টাকা ডিসবার্স করার আগে সমস্ত ইউটিলাইজেশন সার্টিফিকেটগুলি না পেলে আমরা এগুতে পারছি না। সেই কাজটা করা হয়েছে। গত বৃহস্পতিবার বলেছি যে জেলাপরিষদের সভাধিপতি এবং ডি এমদের সঙ্গে আমাদের মিটিং হয়েছে এবং তাদের জানানো হয়েছে। আমাদের আরও কিছু হাতে আছে। সব নিয়ে যতটা সম্ভব কভার করার চেষ্টা করা হবে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** দুটি স্কীম মিলিয়েই কি দু কোটি টাকা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** টোটাল দু কোটি টাকা।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** বিভিন্ন লাইন রিভ্যাইটালাইজ করার পর দেখা যাচ্ছে যে আবার চুরি হয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে সম্প্রতি সার্কুলার দেওয়া হয়েছে যে নতুন করে চালু করতে গেলে কনজিউমারদের সেখানে দায়িত্ব নিতে হবে। অনেক ক্ষেত্রে দেখা যায় যে সেখানে কনজিউমার হয় থাকছেন না বা দু-চারজন থাকছেন। তাদের পক্ষে এটা বেয়ার করা অসম্ভব। মাননীয় মন্ত্রী মহাশয় এ সম্পর্কে কিছু চিন্তা ভাবনা করছেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা এটা ভাবছি, খুব জরুরি ভাবেই ভাবছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে রিভ্যাইটালাইজেশন বা রিভ্যাম্পিং যাই স্কীম হোক না কেন সবচেয়ে বেশি বাজেটের টাকা এই বিদ্যুৎ খাতে বরাদ্দ করা হয়। দক্ষিণ ২৪ পরগনার বিস্তৃর্ণ অঞ্চল যেখানে ২২-২৩ লক্ষ লোকের বাস সেই সুন্দরবন এলাকায় বা দ্বীপ এলাকায় এই সমস্ত স্কীমের মাধ্যমে আপনি টাকা দেবার ব্যবস্থা করবেন কি যাতে বিদ্যুতের বিভিন্ন স্কীম যা আমাদের আছে সেগুলি কার্যকর করতে পারা যায়?

**মিঃ স্পিকার ঃ** আপনার তো কোনও প্রশ্ন হল না। আপনার প্রশ্নটা কি সেটা বলুন?

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আমার প্রশ্ন হচ্ছে দক্ষিণ ২৪ পরগনার বিস্তীর্ণ অঞ্চলে যেখানে বিভিন্ন দ্বীপে ২২-২৩ লক্ষ মানুষ বাস করেন সেই সমস্ত জায়গায় রিভ্যাইটালাইজেশন স্কীম ও রিভ্যাম্পিং স্কীমের মাধ্যমে বিদ্যুৎ দিতে পারবেন কি?

**মিঃ স্পিকার ঃ** না না, হল না। আপনারই জিজ্ঞাসা করা উচিত যে এই ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, আমি সেইভাবেই জিজ্ঞাসা করছি, এই ধরনের কোনও

পরিকল্পনা মাননীয় মন্ত্রী· মহাশয়ের আছে কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বিভিন্ন দ্বীপে মেন ল্যান্ড থেকে তার নিয়ে গিয়ে বিদ্যুৎ দেওয়া ব্যয় সাপেক্ষ। ডিজেল ইলেকট্রিক পাওয়া যেতে পারে এবং কিছু কিছু জায়গায় আছে। যেমন সাগরে আছে। আমরা সেই সঙ্গে নন কনভেনশন্যাল সোলার উইন্ড এগুলি করছি। উইন্ড ম্যপিং শুরু হয়েছে। দেখা হচ্ছে হাওয়ার বেগ কি রকম। আমরা যেখানে উইন্ড জেনারেটর বসাব সেখানে হাওয়াটা দেখতে হবে। সাগর আইল্যান্ডে বসানো হয়েছে অ্যানোমোমিটার। এটা করার পর আমরা টেক ওভার করব সোলার উইন্ড অথবা আমি যেটা আগে বললাম হাইব্রিড সোলার উইন্ড ডিজেল এই পরিকল্পনাগুলি আছে। আমরা হয়ত ২/১টা এ বছর শুরু করতে পারব।

**শ্যামপুর ১নং ব্লক এলাকায় বিদ্যুৎ সংযোগ**

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৫) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

শ্যামপুর থানার ১নং ব্লকের নবগ্রাম, বালিচাতুরি বেলাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ লাইনে বিদ্যুৎ সংযোগের বিষয়টি বর্তমানে কোন পর্যায় আছে এবং কবে নাগাদ তা বাস্তবায়িত হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

লাইনে বিদ্যুৎ সংযোগ অনেকদিন আগেই দেওয়া হয়েছে।

*অতিরিক্ত তথ্য ঃ* বাণিজ্যিক ভিত্তিতে বিদ্যুৎ বণ্টন এখনও সম্ভব হয়নি। এই উদ্দেশ্যে ব্যবস্থা নেওয়া হচ্ছে। বিদ্যুৎ সংযোগের জন্য দরখাস্ত সংগ্রহের কাজ চলছে।

(No supplementary)

**সীমান্তবর্তী এলাকা "সাতভাই কালীতলায়" বৈদ্যুতিকরণ**

*৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বনগাঁ মহকুমার সীমান্তবর্তী এলাকা "সাতভাই কালীতলায়" এখনও পর্যন্ত বিদ্যুতায়ন করা সম্ভব হয় নি ; এবং

(খ) সত্যি হলে, উক্ত এলাকায় বৈদ্যুতিকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) গ্রাম ভিত্তিক কোনও হিসেব রাখা হয় না। শুধুমাত্র মৌজাওয়ারি পরিসংখ্যান রাখা হয়। বনগাঁ মহকুমায় সাতভাই কালীতলা নামে কোনও মৌজা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি বললেন সাতভাই কালীতলা বলে কোনও জায়গা নেই, এটা একটা পুরানো ঐতিহাসিক জায়গা, সেখানে জনসমাগম হয়, তারজন্য এই রকম পরিকল্পনা ছিল এবং বিভিন্ন ভিলেজ বৈদ্যুতিকরণ করার জন্য বনগাঁ মহকুমায় প্রায় ৪০টির উপর এই রকম ভিলেজ ইলেকট্রিফিকেশন এর প্রপোজাল আপনার ডিপার্টমেন্টে জমা দেওয়া সত্ত্বেও, আজ পর্যন্ত সেই সমস্ত স্কীমগুলো বা প্রপোজালগুলো আপনার অফিসে পড়ে রয়েছে, এটা কি সত্য?

**মিঃ স্পিকার ঃ** উনি বলছেন এই রকম কোনও মৌজা নেই। টাকা দেওয়া হবে কি করে, সুতরাং আপনার প্রশ্ন ওঠে না। নট অ্যালাওড।

## বিদ্যুতের পরিবহনজনিত ক্ষতি

*৪০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত হিসাব অনুযায়ী রাজ্য বিদ্যুৎ পর্যদ-এর বিদ্যুতের পরিবহনজনিত ক্ষতির (ট্রান্সমিশন লস) পরিমাণ কত ;

(খ) বিদ্যুৎ পরিবহনজনিত ক্ষতির সর্বভারতীয় গড় হার কত ;

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদে পরিবহনজনিত ক্ষতির মূল কারণ কি ; এবং

(ঘ) উক্ত ক্ষতির পরিমাণ কমিয়ে আনার জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) ১৯৯০-৯১ এ পরিবহনজনিত (ট্রান্সমিশন লস) ক্ষতির পরিমাণ ২১.৫ শতাংশ (১৬,০৯,৪৯২ এম কে ডবলিউ এইচ)।

(খ) ১৯৮৯-৯০ সালে বিদ্যুৎ পরিবহনজনিত ক্ষতির সর্বভারতীয় গড় হার ছিল ২২.৯৯।

(গ) এর মূল কারণ ঃ—

(১) পশ্চিমবঙ্গের রাজ্য বিদ্যুৎ পর্যদ প্রকৃত প্রস্তাবে একটি গ্রামীণ বিদ্যুৎ পর্যদ অধিকাংশ শিল্প সংস্থায় বিদ্যুৎ সরবরাহ করে ডি ভি সি, সি ই এস সি, ডি পি এল এবং ডি পি এস (রাজ্যের অনুন্নত এলাকায় দুর্গম এবং তুলনামূলকভাবে জন বিরল এলাকায় বিদ্যুৎ সরবরাহের জন্য রাজ্য পর্যদকে দীর্ঘ লাইন টানতে হয়। এর ফলে বিদ্যুৎ পর্ষদে পরিবহনজনিত ক্ষতি বেশি হয়)।

(২) রাজ্যব্যাপী পল্লী বিদ্যুতায়নের কাজ হাতে নেওয়ায় কৃষি ক্ষেত্রগুলো এবং মিডিয়া ভোল্টেজ ব্যবস্থায় পরিবহনজনিত ক্ষতি তুলনামূলকভাবে হাইভোল্টেজ এর

ক্ষেত্রে ক্ষতির চেয়ে অনেক বেশি।

(৩) হুকিং ও ট্যাপিং এর মাধ্যমে বিদ্যুৎ চুরিও অন্যতম কারণ।

(ঘ) (১) টেকনিক্যাল লস কমাবার জন্য যন্ত্রাংশ পরিবহনজনিত ক্ষতি এবং রাজ্যের সর্বত্র বিদ্যুৎবাহী লাইন তৈরির কাজ চলেছে। বিদ্যুৎ দমনে পর্ষদের ভিজিলেন্স বিভাগ নিয়মিত আচমকা অভিযান চালিয়ে থাকে।

(২) পরিবহনে ক্ষতির পরিমাণ কমিয়ে আনার জন্য নতুন নতুন সাবস্টেশন এবং বিভিন্ন সাবস্টেশনের সঙ্গে নিবিড় যোগস্থাপনের কাজ চলেছে। তাছাড়া বিদ্যুৎ তাদের গুণগত মান বৃদ্ধি করেও বিভিন্ন সুফল পাওয়া গেছে।

(৩) প্রতিটি সাবস্টেশন ও গ্রুপ সাপ্লাইতে মিটার বসাবার কাজ শুরু করা হচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই যে সর্বভারতীয় ক্ষেত্রে বিদ্যুতের গড়ের হার, এটা ১৯৮৯-৯০ সালের দিয়েছেন। আমি সেইজন্য জানতে চাইছি, প্যারিটিটা তাহলে বোঝা যাবে, পশ্চিমবাংলায় ১৯৮৯-৯০ সালে ট্রান্সমিশন লস এর পারসেন্টেজ কত ছিল বলবেন কি?

[11-30 — 11-40 A.M.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমার কাছে হারটা নেই, তবে এটুকু বলতে পারি, ২১.৫ এর চেয়ে কম ছিল। এক্স্যাক্ট কোয়ানটিটির হিসাবটা আমার কাছে নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ট্রান্সমিশন লস-এর বিরাট পারসেন্টেজের অনেকগুল কারণ বলেছেন। এই কারণগুলির মধ্যে সব চেয়ে মেজর কারণ কি? এটা কি আপনি একজামিন করে দেখেছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মূল কারণ হচ্ছে রুর‌্যাল এরিয়ায় লো টেনশন লাইন ব্যবহার করা হয়েছে। এই তারগুলি খুব সরু হয়, ফলে লস বেশি হয়। এ ছাড়াও হুকিং, ট্যাপিং লস-এর একটা পার্ট। আমরা এগুলি মিটার বসিয়ে আইডেনটিফাই করার চেষ্টা করছি যে কোন এরিয়ায় কতটা লস হচ্ছে, যাতে আমরা স্টেপ নিতে পারি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য পুলিশি ব্যবস্থা, টাস্ক ফোর্সের ব্যবস্থা আছে। এছাড়াও গ্রামে গঞ্জে বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য আপনি কি পঞ্চায়েতের সাহায্য গ্রহণ করবেন? হোয়েদার ইউ উইল টেক দি হেলপ অফ পঞ্চায়েত? এটাই আমার প্রশ্ন।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** অনেক বিষয়েই পঞ্চায়েত এবং জেলা-পরিষদের ডাইরেক্ট ইন্টারভেনশন সব সময়ই নিচ্ছি। আমাদের যে ভিজিলেন্স সেল কাজ করে, তারা পুলিশ, পঞ্চায়েত এবং জেলা পরিষদের সঙ্গে এক সঙ্গে বসে কাজ করে। আমি বিশ্বাস করি জনসাধারণের সাহায্য ছাড়া এ কাজ সম্ভব নয়।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিদ্যুতের ট্রান্সমিশন লস কমিয়ে আনার জন্য

কোনও টার্গেট ফিক্স করেছেন কি যে, এক বছরের মধ্যে এতটা কমানো হবে এবং এর জন্য আপনি টেকনিক্যাল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ কি কি ব্যবস্থা নিয়েছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন না, একটা বড় রাজ্যে, যেখানে বিভিন্ন জায়গায় লাইন চলে গেছে সেখানে আমরা বিভিন্ন জায়গায় মিটার বসিয়ে কোথায় কোথায় বেশি লস হচ্ছে তা আইডেনটিফাই করার চেষ্টা করছি, কিন্তু এটা খুবই শক্ত কাজ। আমার মনে হয় আইডেনটিফিকেশন করতেই ৬ মাস সময় লাগবে। তারপর টার্গেট ফিক্স করতে পারব। বর্তমানে আইডেনটিফাই করার চেষ্টা করছি।

**শ্রী সৌগত রায় ঃ** তাহলে এ ব্যাপারে এর আগে কোনও ব্যবস্থাই নেওয়া হয় নি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** সব জায়গায় হয় নি। কোনও কোনও জায়গায় হয়েছিল।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই ট্রান্সমিশন লস আমাদের বিদ্যুৎ পর্ষদের ক্ষেত্রে একটা বিরাট ক্ষতি হিসাবে দেখা দিয়েছে। এর মূল কারণ হচ্ছে কেন্দ্রীয়ভাবে সব কিছু পরিচালনা করা। মননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি এরূপ কোনও পদক্ষেপ নেবেন যাতে বিদ্যুৎ পরিবহন ব্যবস্থা পরিচালনা করার ক্ষেত্রে পৌরসভা এবং পঞ্চায়েতগুলিকে কিছু দায়িত্ব দেওয়া যায়? অর্থাৎ বিকেন্দ্রীয়করণ কর্মসূচি কিছুটা গ্রহণ করবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** পঞ্চায়েত সব চেয়ে ভাল যে কাজটা করতে পারে সেটা হল বিল আদায় করা এবং হুকিং, ট্যাপিং বন্ধ করা। টেকনিক্যাল পার্টে টেকনিক্যাল হ্যান্ড ছাড়া কাজ করা সম্ভব নয়। এই সমস্ত কাজের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারদের তলার ক্ষেত্রের যে সমস্ত টেকনিক্যালহ্যান্ডরা রয়েছেন তাদের হেলপ ছাড়া এ কাজ নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। তবে কোন কোন বড় জায়গায় কো-অপারেটিভ ফর্ম করা যায়, তারা সব কিছু দেখাশুনা করবে। এরকম চিন্তা ভাবনা করছি। আমাদের সিঙ্গুর, হরিপালে কো-অপারেটিভ করে এক্সপেরিমেন্ট করা হয়েছে এবং সেটার এখন অডিটিং চলছে। অন্যান্য জায়গাও এটা করা যায় কিনা তা আমরা চিন্তা করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এর আগেরদিন এক প্রশ্নের জবাবে আপনি বলেছিলেন, যে সমস্ত বিদ্যুৎ সামগ্রী চুরি যায় সেগুলি আইডেনটিফাই না করতে পারার জন্য অনেক ক্ষতি হয়েছে অর্থাৎ আইডেনটিফাই করতে পারেননি। আমার প্রশ্ন হচ্ছে, বিদ্যুতের সাজ-সরঞ্জাম আইডেনটিফাই করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমার কাছে সংবাদ আছে, ইন্ডিয়ান রেলওয়েজ-এর সিস্টেম আছে এই আইডেনটিফিকেশন করার জন্য। সেই অ্যাক্ট, সেই মেথড নিয়ে দেখাশুনা করা হচ্ছে। সম্ভব হলে এটা আমাদের স্টেটে ইনকরপোরেট করা যায় কিনা দেখব।

## Starred Questions

## (to which oral Answers were given)

### বেঙ্গল পটারি

*৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮০) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেঙ্গল পটারি কারখানাটির বর্তমান পরিস্থিতির উন্নতির জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি ; এবং

(খ) হয়ে থাকলে, কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ**

(ক) হ্যাঁ, হয়েছে।

(খ) (১) এই সংস্থার পুনরুজ্জীবনের উদ্দেশ্যে, কেন্দ্রীয় সরকার টাটা কনসালটেন্সি সার্ভিসকে একটা প্রতিবেদন তৈরি করতে বলেন। কেন্দ্রীয় সরকার ১৯৯১ এর মে মাসে ঐ প্রতিবেদনটি পর্যালোচনা করেন ও সংস্থাটির আয়বৃদ্ধি ও ব্যয় সংকোচের জন্য কয়েকটা নির্দেশ দেন। এই সংস্থাটির পুনরুজ্জীবনের জন্য যে প্রকল্প নেওয়া হয়েছে, সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত এখনও জানা যায় নি।

(২) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ১৫-১-৯১ তারিখে প্রধানমন্ত্রীকে এ ব্যাপারে একটা বিস্তারিত পত্র লেখেন। এর আগে ৪-৯-৯১ তারিখে পশ্চিমবঙ্গের শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী কেন্দ্রীয় শিল্পরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করে ব্যাপারটা নিয়ে আলোচনা করেন। তারই ফলশ্রুতিতে সর্বশেষে এ ব্যাপারে বিগত ৪-১২-৯১ তারিখে দিল্লিতে সচিব পর্যায়ে একটা বৈঠক হয়। তাতে কেন্দ্রীয় সরকারকে কোম্পানির অতীত ধারদেনা (যা আনুমানিক একশত কোটি টাকার মতোন) কেটে বাদ দেবার জন্য অনুরোধ করা হয়। সেটার সম্পর্কে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করলে সংশ্লিষ্ট সকলে মিলে একজন নতুন আগ্রহী বেসরকারি উদ্যোক্তার মাধ্যমে কি ভাবে কারখানাটি পুনরুজ্জীবিত করে চালু করা যায় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া সম্ভবপর হবে। গত ১-২-৯২ তারিখেও এ ব্যাপারে ভারত সরকারের শিল্পমন্ত্রকে তাগিদ পত্র গেছে কিন্তু কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত আজ পর্যন্ত কিছু জানা যায় নি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, রাজ্য সরকার কেন্দ্রীয় অধিগৃহীত কারখানাগুলিকে বেসরকারিকরণের বিরুদ্ধে অর্থাৎ বিরোধিতা করে আসছেন বা করছেন, সেক্ষেত্রে এই বেঙ্গল পাটারিজ কারখানাটিকে এইভাবে বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার যে উদ্যোগ চলছে এটাকে রাজ্য সরকার সমর্থন করবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** রাজ্য সরকারের সমর্থনের প্রশ্নই ওঠে না। কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিলে পরে সেটা জানা যাবে। এখন এই প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, টাটা কনসালটান্ট যে প্রতিবেদন দিয়েছেন, যে ফর্মূলা দিয়েছেন তাতে এই বেঙ্গল পটারিজ-এ এখন প্রায় ৪ হাজারের মতোন কর্মী আছেন এই কর্মী সংখ্যা নতুন উদ্যোগে এলে ছাঁটাইয়ের কোনও

সম্ভাবনা বা তাদের ওয়েজ ফ্রিজ বা ওয়েজ কার্টেলমেন্টের কোনও সম্ভাবনা আছে কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক :** টাটা কনসালটান্ট যে রিপোর্ট দিয়েছেন, সেটা পেলে কেন্দ্রীয় সরকার কি ধরনের বিবেচনা করবেন তারপরে বলা সম্ভব, তার আগে বলা সম্ভব নয়।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্ন করার আগে আমি একটা কথা বলে নিচ্ছি। আপনি জানেন, বেঙ্গল পটারিজের ব্যাপারে সমস্ত রাজনৈতিক দলই একত্রিত হয়ে এটাকে খোলার জন্য লড়াই করছে। এর গুরুত্বটা কত বেশি, এই একটি মাত্র কারখানা যেটাকে ইকনমিক্যাল ভায়াবল করার জন্য সমস্ত রাজনৈতিক দল এবং ট্রেড ইউনিয়ন দল দিল্লিতে ধারাবাহিকভাবে ডেপুটেশন দিয়েছেন এবং আমরা সকলেই স্বীকার করে নিয়েছি যে এটাকে ইকনমিক্যাল ভায়াবল করার জন্য যে প্রস্তাব দিল্লি দেবেন তা আমরা মেনে নিতে রাজি আছি। সম্প্রতি আবার যাওয়া হয়েছিল, কিন্তু আমরা দেখতে পাচ্ছি দিল্লির হিতকারী তাদের ব্যবসাকে আরও মুনাফা করার জন্য বেঙ্গল পটারিজ, সুমানের সাথে যুক্ত যে ফ্যাক্টরি—তাকে দাবিয়ে রাখা হচ্ছে। যেখানে ৮-৯ হাজার হাজার কোটি টাকা বেতন দেওয়া হচ্ছে সেখানে মাত্রা ১৫ কোটি টাকার জন্য কারখানাটি খোলা হচ্ছে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন এই টাকাটা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না, এবং না দেওয়ার জন্য আমি তার নিন্দা করছি সামান্য টাকা দিলে যদি কারখানাটি খোলা যায় তাহলে রাজ্য সরকারের পক্ষ থেকে কারখানাটি খুলে একে ইকনমিক্যাল ভায়াবল করা যায় না, এই ধরনের কোনও ভাবনা চিন্তা মন্ত্রী মহাশয় করছেন কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক :** এই যে সর্বভারতীয় প্রচেষ্টা, মাননীয় সদস্য নিশ্চয়ই জানে তার সঙ্গে আমিও ব্যক্তিগতভাবে যুক্ত, উনি যে কথাটা বললেন আমি সেটা নিশ্চয়ই বিবেচনা করে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ করে তাকে জানাবার চেষ্টা করব।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—পশ্চিমবঙ্গে বর্তমানে কেন্দ্রীয় সরকারের যে বিদায় নীতি, সেই বিদায় নীতি চালু করার ক্ষেত্র হিসাবেও ঐ গোল্ডেন হ্যান্ড সেক, সেটার ক্ষেত্র হিসাবে বেঙ্গল পটারিজকেই কি প্রথম বেছে নিয়েছেন, কেন্দ্রীয় সরকার কি এ সম্বন্ধে কোনও নির্দেশ দিয়েছেন?

**শ্রী পতিতপাবন পাঠক :** এ সম্বন্ধে কোনও নির্দেশ এখন পাওয়া যায় নি। খবরের কাগজে আপনিও পড়েন আমিও তাই পড়ি।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় সুব্রত মুখার্জি ঠিকই বলেছেন, কেন্দ্রীয় সরকার বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন, এটা জাতীয়করণ শিল্প নয়, এটা টেকেন ওভার আইডিয়ার একটা শিল্প শুধু বসিয়ে মাইনে দিতে টাকা নষ্ট হচ্ছে, বেঙ্গল পটারিজকে ভায়াবল করার জন্য যে টাকা লাগবে সেটা বিভিন্ন সংস্থা থেকে দিলে রাজ্য সরকার এটার পরিচালন ভার নিতে রাজি আছেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** বসিয়ে বসিয়ে বেতন দিতে কত টাকা খরচ হয় তা আপনারা জানেন, কিন্তু বিভিন্ন যে প্রতিবেদন আমাদের কাছে আছে তাতে দেখা যাচ্ছে প্রায় ১০০ কোটি টাকা বাদ দিলেও এক হাজার কোটি টাকার দরকার হবে এটাকে ঠিক করার জন্য।

**শ্রী সৌগত রায় ঃ** হাজার কোটি টাকা নয়, ভাল করে দেখুন।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** ১০০ কোটি টাকা এমনিতেই দেনা রয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** ঐ ইন্ডাস্ট্রি ভায়বেল করতে কত টাকা লাগবে? আপনার কাছে টাটার রিপোর্ট আছে কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** ওটাকে চালু করতে গেলে তার নানারকম হিসাব আছে। ১০০ কোটি টাকা এমনিতেই ধার রয়েছে। সেটা মেটাবার পর ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ৪.৪৫ কোটি টাকা চাই এবং ক্যাপিটাল এক্সপেনডিচার হিসাবে ৫.৩৪ কোটি দরকার। আমি আবার বলছি, এছাড়া কারখানাটির বিভিন্ন অংশ যা ভেঙ্গে গেছে তার পুনর্গঠনের জন্য একটা ফিগার লাগবে।

**শ্রী সৌগত রায় ঃ** ফিগারটা কত? মন্ত্রীর তো একটা আইডিয়া থাকবে ফিগার সম্বন্ধে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ পাঠক, টাটা কনসালটেন্সি যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টের একটা কপি টেবিলে রেখে দেবেন।

### বেসরকারি উদ্যোগে কয়লাখনি

*৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রী দিলীপ মজুমদার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে,

(১) কেন্দ্রীয় সরকার বেসরকারি উদ্যোগে নতুন কয়লাখনি খোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(২) অবগত থাকলে, সরকার ঐ পরিকল্পনা মতো নতুন কয়লাখনি খোলার কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে করেছেন কি না ; এবং

(খ) প্রস্তাব থাকলে, তা কোথায় কোথায় হবে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

প্রশ্ন ওঠে না।

**শ্রী মনোহর তিরকী ঃ** কেন্দ্রীয় সরকারের উদ্যোগে নতুন কোনও কয়লাখনি হবে না বলেছেন। আমি জানতে চাই, উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলার বাগরাকোটে যেখানে ভাল কয়লা পাওয়া যায় এবং যে খনি থেকে আগে খনন হত সেই খনিটি রাজ্য সরকারের পক্ষ থেকে খননের কোনও ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এই রকম কোনও পরিকল্পনা এখনও নেওয়া হয়নি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সব কয়টির উত্তরে না বলেছেন। কিন্তু প্রাইভেট সেক্টরে পাওয়ার করতে চলেছেন। সেক্ষেত্রে ক্যাপটিভ মাইনস কিছু কিছু নতুন এরিয়াতে প্রাইভেট সেক্টরে চলে যাবে এইরকম কোনও পরিকল্পনার কথা আপনার জানা আছে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** নির্দিষ্ট তথ্য এখনও জানা নেই। তবে কয়লাখনি জাতীয়করণ করবার সময় এই বিষয়ে একটা প্রভিসন রাখা ছিল।

**শ্রী নটবর বাগদি ঃ** প্রথম প্রশ্নের উত্তরে না বলেছেন। কিন্তু আমার এলাকার নেতুরিয়া থানার পুরাপোড়ে (পুরুলিয়া জেলা) একটি খনি খুলেছে এবং সেখানে আরও চার পাঁচটি খনি রয়েছে। এ সম্বন্ধে আপনার কাছে কোনও খবর আছে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** না আমার কাছে কোনও তথ্য নেই।

**কোলাঘাট তাপ-বিদ্যুৎ কেন্দ্র**

*৬৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬১) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কোলাঘাট তাপ-বিদ্যুৎ কেন্দ্রটির দায়িত্বভার কোনও বেসরকারি প্রতিষ্ঠানকে দেবার বিষয়ে চিন্তাভাবনা চলছে ;

(খ) সত্যি হলে, তার বিস্তারিত বিবরণ ; এবং

(গ) ১৯৯১-৯২ আর্থিক বছরে উক্ত সংস্থা কর্তৃক বিদ্যুৎ অর্থ-নিগম হতে প্রাপ্ত ঋণের পরিমাণ কত?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৩০-৩-৯২ পর্যন্ত মোট ৫২ কোটি টাকা।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র

যেটা ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন চালায়, যার মোট ঋণ শুধু ৫২ কোটি, সেটা রাজ্য সরকারের পক্ষ থেকে উনি কোনও প্রাইভেট সেক্টরকে দিয়ে দেবার কথা ভাবছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে তার দপ্তর থেকে অন্য কোনও সরকারি বিদ্যুৎ কেন্দ্রকে প্রাইভেট সেক্টরকে দেবার কথা সরকার বিবেচনা করছেন কি না বা কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** দিয়ে দেবার কথা বিবেচনা করিনি, সিদ্ধান্তও নিইনি।

**শ্রী সৌগত রায় ঃ** আমি জানি না, যদি সঠিক না বলে থাকে তাহলে মন্ত্রী মহাশয় কারেক্ট করে দেবেন। আমি যতদূর জানি, দুর্গাপুর প্রোজেক্ট বিড়লাকে দেবার এবং গ্যাস টার্বাইনকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে অলরেডি ব্যক্তিগত মালিকানায় সি ই এস সিকে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় সাগরদীঘিতে সি ই এস সি নতুন এক্সপ্যানশন লাইসেন্স পেয়েছে বজবজে, সেটাও প্রাইভেট সেক্টরকে দিতে চাইছেন এবং সাগরদীঘির নতুন প্ল্যান্ট টাটাকে দিতে চাচ্ছেন। বিড়লা টেকনিক্যাল সার্ভিসকে দুর্গাপুর প্রোজেক্ট দিতে চাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, রুগ্ন বিদ্যুৎ কেন্দ্র যেগুলি সেগুলি সম্পর্কে কি কোনও সিদ্ধান্ত গ্রহণ করেন নি, শুধু কি নতুন প্রোজেক্ট প্রাইভেট সেক্টরকে দেওয়া হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি যে ঋণের কথা বলেছেন, এই ঋণটা পাওয়ার ফিন্যান্স কর্পোরেশন দেয়। পাওয়ার ফিন্যান্স কর্পোরেশন কিছু রুগ্ন পাওয়ার স্টেশনকে দেয়। দুর্গাপুর প্রোজেক্ট আমাদের কাজ হচ্ছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি গতকাল ৮টার খবর যে দুই নম্বর ইউনিট সিনক্রোনাইজ হয়েছে। গতকাল ৮টা পর্যন্ত ২০ মেগাওয়াট দিয়েছে। আমার ধারণা এটা আরও বাড়বে। তিন নম্বরটা চলছিল। গতকাল রাত্রি ৮টা পর্যন্ত খবর দুর্গাপুর প্রোজেক্ট থেকে ৯৬ মেগাওয়াট পাওয়ার তৈরি করা হয়েছে। আমার বিশ্বাস একটু ধৈর্য সহকারে যদি কাজ করি তাহলে এই রুগ্ন ইউনিটগুলি ফিরিয়ে আনা যাবে। তবে এতে টাকা লাগবে, টাকা পাওয়ার ফিন্যান্স কর্পোরেশন দিচ্ছে। সাঁওতালডিহি এক নম্বর ইউনিট চলছিল, আর একটা ইউনিট জানুয়ারি থেকে শুরু করেছি, ৭৫ পারসেন্ট পাওয়ার ডেলিভারি করছে। আর একটা জুন মাস থেকে আরম্ভ করে আগস্ট সেপ্টেম্বর নাগাদ এসে যাবে। আমি খুব আশাবাদী যে রুগ্ন শিল্পকে আমি ঠিক করব। প্রাইভেট সেক্টরকে দেবার প্রোপোজাল আসছে, প্রাইভেট সেক্টরকে দেবার এমন পর্যন্ত আমাদের কোনও পরিকল্পনা নেই। নতুন ইউনিট প্রাইভেট সেক্টরকে দেওয়া হবে, কিভাবে হবে, কি বেসিসে হবে, জয়েন্ট সেক্টরে হবে কিনা, তার টারিফ কি হবে, অনেক কিছু চিন্তা করবার আছে। প্রাইভেট সেক্টর যে বিদ্যুৎ তৈরি করবে তাদের সঙ্গে ট্যারিফ কি হবে, ম্যাচ করার ব্যাপার আছে। আমাদের কাছে প্রোপোজাল আসছে, আমরা কোনও সিদ্ধান্ত এখনও নিইনি।

## কাটোয়া জল সরবরাহ প্রকল্পে অগমেন্টেশন স্কীম

*৬৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮৩) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** জনস্বাস্থ্য-কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কটোয়ো পৌরসভা এলাকায় জল সরবরাহ প্রকল্পের জন্য কোনও অগমেন্টেশন স্কীম সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত স্কীমটি রূপায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ**

(ক) অনুমোদিত কোনও প্রকল্প নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কাটোয়া পৌর সভার একটা অগমেন্টেশন স্কীম দীর্ঘদিন আপনার দপ্তরে পড়ে আছে, সেটাকে অনুমোদন দেবার কোনও ব্যবস্থা করবেন কি না?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** এই স্কীমটা আমাদের এখানে এসেছে ১৯৮৭-৮৮ সালে। যেহেতু অনেকগুলি স্কীমের কাজ চলছে, এগুলি শেষ না হওয়া পর্যন্ত আমরা নতুন স্কীমে হাত দিতে পারছিনা।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কবে নাগাদ চালু প্রকল্পগুলির কাজ শেষ হবে এবং এটা শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** বিষয়টা হচ্ছে, আমাদের যে আর্থিক সঙ্গতি, আমরা যে ভাবে পাচ্ছি তাতে খুব শীঘ্র শেষ করা যাবে বলে মনে করি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে অনেকগুলি স্কীম চলছে। আপনার কাছে যদি হিসাব থাকে বলবেন যে কতগুলি স্কীম চলছে এবং কোথায় কোথায় চলছে?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** আমাদের এখানে অন গোয়িং স্কীম ১৮টি। কোথায় কোথায় চলছে এটা আমি এই মুহূর্তে বলতে পারছি না, নোটিশ দিলে বলে দিতে পারব।

**শ্রী মনোহর তিরকি ঃ** আপনি বললেন যে ১৮টি অগমেনটেশন স্কীম চালু আছে। কমপ্লিট না করা পর্যন্ত নতুন কোথায় চালু হচ্ছে না। এই রকম যেখানে জলকষ্ট বেড়ে যাচ্ছে প্রায়রিটির ভিত্তিতে দেখবেন কি এই স্কীম চালু করা যায় কিনা?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** যেখানে যেখানে জলকষ্ট আছে সেখানে সেখানে আর ডবলু স্কীমে আমরা কিছু কিছু জল সরবরাহ করার চেষ্টা করছি, পাইপ লাইন ওয়াটার সেখানে করতে পারছি না।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই অগমেনটেশন স্কীম মেদিনীপুর জেলায় কোনও জায়গায় চালু আছে কিনা বা কোনও পরিকল্পনা আছে কিনা? যদি থাকে কোথায় সেটা হবে জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** না না এই প্রশ্ন হয় না, নোটিশ দিতে হবে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ওয়াটার পাইপ লাইন স্কীম যেটা আছে সেখানে আপনি ইলেকট্রিক সাধারণ ভাবে মেন গ্রিড থেকে না দিয়ে যেমন সোলার লাইন বা উইন্ড থেকে যেভাবে তোলার ব্যবস্থা হচ্ছে সেই ব্যবস্থা নেওয়ার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা, গঙ্গাসাগরে যে ভাবে জল উঠছে সেইরকম কোনও পরিকল্পনা গ্রহণ করবেন কিনা?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** দক্ষিণ ২৪ পরগনায় যে দ্বীপগুলি আছে সেখানে কিছু কিছু স্কীম নেওয়া হয়েছে এবং ২-১টি স্কীম চালু আছে এবং আমাদের আরও কিছু স্কীম আছে সেইগুলি শীঘ্র চালু হবে আশা করছি।

**শ্রী সাধন পান্ড ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে স্কীমগুলি নেওয়া হয়েছে এর ফান্ডিং ব্যবস্থা কি রকম? গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে পাচ্ছেন, নাকি ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে পাচ্ছেন, নাকি স্টেট গভর্নমেন্ট দিচ্ছে?

**শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা ঃ** আমাদের বিভিন্ন ধরনের স্কীম আছে। সবগুলি নির্দিষ্ট করে বলতে পারব না। এইগুলি রাজ্য সরকারের স্কীম।

### লোহা ও ইস্পাতের মাসূল সমীকরণ প্রত্যাহার

*৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪২) **ডাঃ মানস ভূঁইয়া ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক লোহা ও ইস্পাতের উপর মাসূল সমীকরণ প্রত্যাহারের পরিপ্রেক্ষিতে—

(১) রাজ্যের সংশ্লিষ্ট শিল্পক্ষেত্রগুলি কি পরিমাণ লাভবান হবে ; এবং

(২) রাজ্য সরকার নতুন শিল্প পরিকাঠামো গঠনে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(১) কেন্দ্রীয় সরকার কর্তৃক মাশূল সমীকরণনীতি প্রত্যাহারের ফলে পশ্চিমবঙ্গে লোহা ও ইস্পাত নির্ভর শিল্পগুলি বিশেষ করে ইঞ্জিনিয়ারিং ও ফাউন্ড্রি শিল্প—উপকৃত হবে।

লোহা ও ইস্পাতের মূল্যের উপর প্রস্তাবিত সরকারি নিয়ন্ত্রণ প্রত্যাহার এবং রেলের মাসূলের হারের পুনর্বিন্যাসের পরিপ্রেক্ষিতে এই রাজ্যের সংশ্লিষ্ট শিল্প ক্ষেত্রগুলিতে লাভের প্রকৃত পরিমাণ এই মুহূর্তে সঠিকভাবে নির্ণয় করা সম্ভব নয়।

(২) পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে নতুন শিল্প প্রকল্প স্থাপনের বিভিন্ন পরিকাঠামোগত যে যে সুযোগ সুবিধাদি দানের ব্যবস্থা করেছেন তার মধ্যে আজ আধুনিক পরিকাঠামোসমৃদ্ধ গ্রোথ সেন্টার স্থাপন, নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন ও অসমাপ্ত বিদ্যুৎ কেন্দ্রগুলির সত্ত্বর রূপায়ণ, যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার উন্নতি

ইত্যাদি।

[12-00 — 12-10 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই ফ্রেট ইকুয়ালাইজেশন অন স্টিল তুলে নেওয়ার ফলে আর্থিক অঙ্কে এই রাজ্যে এই মুহূর্তে কত টাকার বেনিফিট হবে? কারণ যখন কাগজে বেরিয়েছিল তখন কেউ বলে ছিলেন ২৬ কোটি টাকা ইমিডিয়েট বেনিফিট পাচ্ছি আমরা। কিম্বা আরও বিভিন্ন ভার্সান আমরা দেখেছি। এই নিউ অ্যাডভান্টেজ আসার ফলে এখানে Entrepreneurs and alter existing mills Iron and Steel. এর সম্ভাবনা কতখানি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** টাকার অঙ্কে পরিমাণটা এই মুহূর্তে বলা সম্ভবপর নয় অনেক কারণে। কারণ এই ফ্রেট ইকুয়ালাইজেশন তুলে দেওয়ার ফলে, এটা ভাল হবে বলেই তো আমরা চেয়েছিলাম। এরজন্য আমাদের দীর্ঘদিন দাবি করতে হয়েছে। এতে যেমন খানিকটা মাসুলের ক্ষেত্রে সুবিধা হবে, আবার প্রশাসনিক নির্দেশে লোহা, ইস্পাতের যে দাম বৃদ্ধি হবে, তারফলে কেন্দ্রীয় সরকার প্রায় সঙ্গে সঙ্গে লোহা এবং ইস্পাতের দাম বাড়িয়েছেন, একদিকে এটা উইথড্র করেছেন আবার ওটা চালু করেছেন এখন কতটা আর্থিক দিক থেকে টাকার অঙ্কে লাভ হবে তা বলা সম্ভব নয়। তবে আপনি যেটা বলছেন, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সুবিধা হবে। এটা আমরা নিশ্চয়ই মনে করি যে খানিকটা সুবিধা হবে। তবে এরজন্য আমাদের তিরিশ বছরেরও বেশি, পঁয়ত্রিশ বছর যাবত দাবি করতে হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি—because of this freight equalization advantage is available to the industry Iron and Steel industry. এখন সরকার ইনসেনটিভ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিজ দিয়ে Enterpreneurs both form wittin the country and NRI যেটা আপনারা বারবার পিরিয়ডিক ভিজিট করেন, এর অ্যাট্রাকশনের কি উদ্যোগ নিয়েছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আমি এর আগে এই প্রশ্নের উত্তরে বলেছি যে, বিভিন্ন গ্রোথ সেন্ট্রারগুলোকে কার্যকর করার জন্য আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সার্বিক প্রচেষ্টা নেওয়া হয়েছে। ইনসেনটিভ স্কীমটা কি তা বাজেট প্রস্তাবে এখানে রাখা হয়েছে, সাধারণ বাজেটে রাখা হয়েছে। তাতে আপনারা দেখেছেন যে ইনসেনটিভ প্রস্তাব, আমাদের উদ্যোগের ক্ষেত্রে উৎসাহদানের যে নীতি তা আগে যা ছিল তা বাড়ানো হচ্ছে ঘোষণা হয়েছে এবং সেটাকে আরও সুনির্দিষ্ট রূপ দেওয়ার জন্য এখন বিবেচনা করা হচ্ছে। সেটা অনাবাসী ভারতীয়দের ক্ষেত্রে, দেশীয় বিনিয়োগের ক্ষেত্রে সর্বত্র উৎসাহদান প্রকল্পকে বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। এর প্রসপেক্ট নিশ্চয়ই ভাল হবে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বিদ্যুৎ উৎপাদনে অপ্রচলিত মাধ্যম

***৬৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৭) শ্রী আবুল হাসনাৎ খান ঃ** বিজ্ঞান ও কারিগরি

এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে অপ্রচলিত মাধ্যমগুলি ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মাধ্যমগুলি কি কি ?

**বিজ্ঞান ও কারিগরি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সৌর ফটো-ভোল্টাইক, জৈব গ্যাস, গ্যাসীফায়ার এবং পৌর আবর্জনা ব্যবহার করে বৈদ্যুতিক শক্তি আহরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**এন আর আই বিনিয়োগ**

*৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৬) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এন আর আই বিনিয়োগ বাড়াতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) জানুয়ারি ১৯৯২ পর্যন্ত উক্ত বিনিয়োগের পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রাজ্যে এন আর আই বিনিয়োগ বাড়াতে রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছেন ;

(১) পশ্চিমবঙ্গ শিল্প অধিকারে একটি এন আর আই সেল গঠন করা হয়েছে ;

(২) ঐ সেলকে তদারকি করার জন্য একটি উচ্চক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করা হয়েছে ;

(৩) উপযোগী সম্ভাব্য প্রকল্প প্রতিবেদন (Project Report) তৈরি করা হচ্ছে ;

(৪) শিল্প স্থাপনের সহায়ক সুযোগ সুবিধাগুলির ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হয়েছে ;

(৫) এরূপ প্রকল্পগুলির রূপায়ণ ত্বরান্বিত করার জন্য বিশেষ তদারকির ব্যবস্থা করা হয়েছে ;

(৬) সল্টলেক ইলেকট্রনিক কমপ্লেক্সে উপযোগী শিল্প স্থাপনের জন্য কিছু প্লট সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে ;

(৭) উক্ত কমপ্লেক্স এ স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরিতে অপেক্ষাকৃত ক্ষুদ্রায়তন ইলেকট্রনিক শিল্প স্থাপনের জন্য বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।

(খ) উক্ত বিনিয়োগ সম্পর্কে সঠিক তথ্য এখনই দেওয়া সম্ভব নয়।

## বিদ্যুতের চাহিদা এবং ঘাটতি

*৬৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২) **শ্রী অমিয় পাত্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে বিদ্যুতের মোট চাহিদা কত ;

(খ) প্রতিদিন গড়ে বিদ্যুৎ ঘাটতির পরিমাণ কত ; এবং

(গ) ঘাটতি পূরণের জন্য সরকার কি ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিদ্যুৎ কেন্দ্রের নিজস্ব চাহিদা সহ রাজ্যে বিদ্যুতের মোট অনিয়মিত চাহিদা ২৪০০ মেগাওয়াট,

(খ) বর্তমানে সান্ধ্যকালীন সর্বোচ্চ চাহিদার সময় ঘাটতি ২০০-৩০০ মেগাওয়াট।

(গ) ঘাটতি পূরণের জন্য সরকার নিম্ন বর্ণিত উদ্যোগ গ্রহণ করেছে ;

(১) চালু বিদ্যুৎ কেন্দ্রগুলি থেকে যতদূর সম্ভব উৎপাদন বৃদ্ধি।

(২) বিদ্যুৎ নিয়ন্ত্রণ বিধি কঠোরভাবে বলবৎ করা।

(৩) কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থাগুলি থেকে অধিকতর বিদ্যুৎ আমদানি।

(৪) সাময়িকভাবে বন্ধ ইউনিটগুলি যথা সত্বর চালু করা এবং

(৫) উৎপাদন বৃদ্ধির জন্য উন্নতমানের কয়লা পাওয়া প্রয়োজনীয় সমস্তরকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং হচ্ছে। দ্রুত মেরামতি সম্পন্ন করার জন্য ও প্রচেষ্টা চালানো হয়েছে। তাছাড়া বিদ্যুৎ উৎপাদন ক্ষেত্রে নতুন ইউনিট আনার জন্য ও জরুরি ভিত্তিতে প্রচেষ্টা চালানো হচ্ছে।

## ডানকুনি কয়লা প্রকল্পের গ্যাস

*৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৪) **ডাঃ দীপক চন্দ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডানকুনি কয়লা প্রকল্প থেকে উৎপন্ন গ্যাস কলকাতা শহরের গৃহস্থদের ব্যবহারের জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ইতিমধ্যেই ডানকুনি কয়লা প্রকল্প থেকে উৎপন্ন গ্যাস বৃহত্তর কলকাতার প্রায় ৫৪০০ গৃহস্থকে সরবরাহ করা হচ্ছে।

(খ) মাঝারি চাপে ডানকুনি কয়লা প্রকল্প থেকে উৎপন্ন গ্যাস পাইপ লাইনের সাহায্যে হাওড়ার বালি এবং কলকাতার বি টি রোডের মধ্য দিয়ে কলকাতায় আনা হয়। কলকাতার বিভিন্ন স্থানে অবস্থিত চাপ কমানোর কেন্দ্রে এই মাঝারি চাপের গ্যাসকে নিম্ন চাপের গ্যাসে পরিণত করে পাইপ লাইনের মাধ্যমে গৃহস্থ বাড়িতে সরবরাহ করা হয়।

**পুরুলিয়া জেলায় বেআইনি কয়লা উত্তোলন**

*৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৫) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলায় বেআইনিভাবে কয়লা উত্তোলনের ঘটনা ঘটছে এবং

(খ) সত্যি হলে, কোন কোন অঞ্চলে উক্ত ঘটনা ঘটছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে এ ধরনের কোনও ঘটনার নির্দিষ্ট অভিযোগ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

বেলডাঙ্গা চিনিকল

*৬৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৯) **শ্রী ঈদ মহম্মদ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেলডাঙ্গা চিনিকল পুনরায় চালু করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমানে বেলডাঙ্গা চিনিকলটি পুনরায় চালু করার সরকারি পরিকল্পনা নেই।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received seven notices of Calling Attention, neamely :-

1. Non-issue of cheques from the Alipore Treasary within 31.3.92 : Shri Birendra Kumar Maitra

| | | |
|---|---|---|
| 2. Alleged mistrious death of a prisoner at Howrah General Hospital on 7.4.1992 | : | Shri Shish Mohammad |
| 3. Request for repair of some roads at Nadia | : | Shri Kamalendu Sanyal |
| 4. Flood control project for Nabadwip Town | : | Shri Biswanath Mitra |
| 5. Continued lock-out of Budge Budge Jute Mill resulting in death of twenty workers | : | Shri Dipak Mukherjee and Shri Pravanjan Mondal |
| 6. Alleged smuggling of Children | : | Shri Lakshman Seth |
| 7. Alleged loss to the producer of agricultural products | : | Shri Nirmal Das |

The notices of Shri Lakshman Chandra Seth and Shri Nirmal Das are out of order.

I have selected the notie of Shri Dipak Mukherjee and Shri Pravanjan Mondal on the subject of continued lock-out at Budge Budge Jute Mill resulting in death of twenty workers.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 19th May, 1992.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Commerce and Industries Dept to make a statement on the subject of commencement of the construction work of Haldia Petrochemicals.

(Attention called by Shri Lakshman Seth on the 2nd April, 1992)

**Shri Bidyut Ganguly :** Mr. Speaker, Sir, In response to the Notice on the Calling Attention tabled by Shri Lakshman Seth, MLA regarding Commencement of Construction work of Haldia Petrochemicals ; I would like to make the following statement :-

1. A company under the name and style of Haldia Petrochemicals Limited (HPL) was incorporated on September 16th, 1985, to

implement the joint sector project and a co-partner for the setting up of a Naptha-based petrochemical complex at Haldia District Midnapore, West Bengal, to manufacture various petrochemical products.

2. The Hon'ble Member of this August house have been kept informed of the developments since then by statements from time to time. The Chief Minister also made a statement on HPL in the Assembly on 24th January 90. Thereafter an application for the industrial lincence was submitted by the WBIDC on 12-2-90 on the basis of revised product mix for the project as finalised after discussion with financial institutions. The application also indicated the change of partner for the project. On 23rd February, 1990, the Memorandum of Understandings (MOU) was signed between the Government of West Bengal, the WBIDC and M/s TATA Tea Ltd. & Associates for implementation of the project. The revised letter of intent was recived for fhe Government of India on 10th August 1990. This envisaged the setting up of a Naptha Cracker having capacity with a 300,000 tonnes per annum (TPA) of ethylene equivalent at a cost of approximately Rs. 3000 crores.

3. The Board of Directors of Messrs Haldia Petrochemicals Ltd. (HPL), was freshly constituted on 30-4-1990. One nominee Director from the IDBI was included as a member of the Board.

4. Formal commitment letter for supply of one million tonnes of naptha, the feed stock for the mother cracker plant, was received from the Ministry of Petroleums & Chemicals. Govt. of India on 5th November, 1990 and an MOU in this regard was signed between the Indian Oil Corporation Ltd. and the Haldia Petrochemicals Ltd. on 12th February, 1991.

5. Work on the implementation of the Haldia Petrochemicals project has gathered momentum and progressed well. Pre-project work at the site has been taken up. The joint sector venture has finalised technology selection for High Density-Poly-Ethylene (HPDE), Poly-Propylene (PP) and Naptha Cracker and have received necessary Government consents and approvals for technology collaboration as well as import of capital goods. Negotiations are in progress with the prospective suppliers of

technology for other Poly-Olefinic Streams. Long term supply of Naptha, the basic raw material, has been tied up with Indian Oil Corporation Ltd. The Company has prepared a comprehensive Environmental Impact Assessment (EIA) Study as well as a Disaster Management Plan which will be submitted shortly to the Government of India for approval. It has also obtained necessary consents from the State Pollution Control Board. The organisational set up has been strengthened and the company has already started negotiations with major technology equipment suppliers for sourcing of goods and services, tying up infrastructural and utility support with various concerned agencies and departments.

[12-10 — 12-20 P.M.]

6. Following the recent changes in the trade policies, devaluation of the rupee, etc, the company has come out with a revised scope for the project so as to ensure the Viability of the project without affecting the product mix as well as the basic integrity of the complex. The company during the last financial year 1991-92 received necessary approvals for the rupee component of the financial assistance from the India Financial Institutions and Banks and are negotiating with various institutions and agencies for tying up other financial requirements mainly the foreign exchange support for the project. In the course of recent discussions of the Chief Minister and the State Finance Minister with the Prime Minister and the Union Finance Minister, the Government of India have assured their support in making available the foreign exchange required for the project. It is expected that the various consents, approvals etc.. will be tied up in near future so as to ensure timely completion of the project.

7. An ara of about 1005 acres of land have been acquired for the project. There has been some delay in completing land acquisition proceedings due to some court cases. It is expected that payment of compensation will be completed by end April 92 to the affected persons and steps taken for their physical rehabilitation. Land development in the core area covering about 275 acres has been completed. Further land development work will be taken up form the middle of April 92 with special emphasis on the following areas :-

(a) Construction of ponds for disposal of Fly ash and utilisation of earth for land filling :

(b) Construction of internal roads within the battery limit of the plants ;

(c) Soil investigation and testing for driving of piles, foundation laying work, as may be necessary ; and

(d) Further site development for mobilisation of further materials etc.

The Government expects that the completion of the arrangements as stated above it should be possible to make considerable progress in the construction work of the Project during the current financial year 1992-93.

## PRESENTATION OF REPORT

**The First Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1981-82 to 1982-83 (Civil) relating to the Minor Irrigation and Agriculture Departments.**

**Dr. Zainal Abedin :** Sir, I as Chairman of the Public Accounts Committee being authorised by the Committee beg to present the First Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1981-82 to 1982-83 (Civil) relating to the Minor Irrigation and Agriculture Department.

**The Second Report of the Committee of Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1980-81 and 1982-83 to 1984-85 (Revenue Receipts) relating to the Board of Revenue.**

**Dr. Zainal Abdin :** Sir, I as Chairman of the Public Accounts Committee, West Bengal Legislative Assembly, being authorised by the Commitee beg to present the Second Report of the Commitee on Public Accounts 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1980-81 and 1982-83 to 1984-85 (Revenue Receipts) relating to the Board of Revenue.

**The Thrid Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of**

**India for the years 1984-85 and 1986-87 (Civil) relating to Home (Police) Department.**

**Dr. Zainal Abedin :** Sir, I as Chairman of the Public Accounts Committee, West Bengal Legislative Assembly, being authorised by the Commitee beg to present the Third Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1984-85 and 1986-87 (Civil) relating to Home (Police) Department.

**The Fourth Report of the Committee on Public Accounts, 1991-92 onthe Reportsof the Comptroller and Auditor General of India for the years 1981-82 and 1983-84 (Civil) relating to Land and Land Reforms Department.**

**Dr. Zainal Abedin :** I, the Chairman of the Public Accounts Committee beg to present the Fourth Report of the Committee on Public Accounts, 1991-92 on the Reports of the Comptroller and Auditor General of India for the years 1981-82 and 1983-84 (Civil) relating to Land and Land Reforms Department.

## MENTION CASES

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের আড়াইডাঙ্গা বিধানসভা কেন্দ্রে রতুয়া ২ নং ব্লকে দুটি জায়গায় থানা হওয়ার কথা ছিল। তার মধ্যে বৈষ্ণবনগরে থানা স্যাংশন হওয়ার পরে সেই থানা হয়ে গেছে। কিন্তু পুখুরিয়ায় থানা এখনও অবধি হয়নি। ওখানে থানা না থাকার জন্য গোরাশিবগঞ্জে আজকে এতবড় একটা ঘটনা ঘটে গেছে। কারণ ওখান থেকে থানা প্রায় দেড় ঘণ্টা, দু ঘণ্টার রাস্তা। এই থানার ব্যাপার আমি আগেও মেনশন করে বলেছি, কিন্তু তখন গুরুত্ব দেওয়া হয়নি। তাই আজকে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন করছি সেখানে অবিলম্বে যেন থানার ব্যবস্থা করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওষুধের অভাব সব জায়গাতেই আছে। আমাদের ওখানে মালদার সি এম ও এইচ ইচ্ছাকৃতভাবে বিমাতৃসুলভ আচরণ করে হরিশ্চন্দ্রপুরে কোনও ওষুধ পাঠাচ্ছে না। আউটডোরে কয়েকটি ভিটামিন ওষুধ শুধু দেওয়া হচ্ছে। ওখানে ১৩ বছর কোনও ডাক্তার ছিলনা। মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপে ওখানে একজন ডাক্তার পাঠানো হয়েছিল, কিন্তু একমাসের মধ্যে সেই ডাক্তারকে সি এম ও এইচ তুলে নিয়ে যায় এবং এক বছর হতে চলল। সেখানে এখনও কোনও ডাক্তার পাঠানো হচ্ছে না। হিঙ্গলগঞ্জ সাবসিডিয়ারি হেলথ সেন্টার থেকে একজন ডাক্তারকেও ট্রান্সফার করা হয়েছে। সেখানে এখনও কোনও ডাক্তার পাঠানো হয়নি।

[12-20 — 12-30 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্নীতিগ্রস্ত প্রভাবশালী মহল এবং

উচ্চ মহলের আমলাদের ঘৃণ্য চক্রান্তে এবং প্রতিহিংসার শিকার হয়েছেন আমাদের দেশের একজন কৃতি ইঞ্জিনিয়ার। ঘটনাটি যে কি রকম মর্মস্পর্শী সেটা আমি উল্লেখ করছি এবং মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় এবং সমগ্র মন্ত্রী সভার দৃষ্টি আমি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ পর্ষদের কোটি কোটি টাকার দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর অপরাধে তাকে আজকে পথের ভিখারি হতে হয়েছে এবং তাকে আজকে মানসিক নির্যাতন এবং দৈহিক অত্যাচারে সে আজকে বিপর্যস্ত হয়ে গেছে। বিশিষ্ট চিকিৎসক এবং প্রখ্যাত ব্যক্তিদের সমস্ত মানবিক আবেদনকে উপেক্ষা করে বিদ্যুৎ পর্ষদ কর্তৃপক্ষ এই ইঞ্জিনিয়ারকে ১১ বছর ধরে অফিসে যেতে দিচ্ছেন না। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যার কথা আমি বলছি সেই দিব্যেন্দু ঘোষ বিদ্যুৎ পর্ষদের প্ল্যানিং অ্যান্ড ডিজাইন বিভাগের অ্যাসিস্টান্ট ইঞ্জিনিয়ার, কমপিউটার প্রযুক্তিবিদ্যায় তার টেকনিক্যাল ট্রেনিং আছে। বিদেশে একাধিক লোভনীয় চাকরি পাওয়া সত্ত্বেও তিনি তা প্রত্যাখান করে দেশ সেবার মানসিকতা নিয়ে বিদ্যুৎ পর্ষদে চাকরি করেছিলেন এবং ১৯৮১ সালের জুলাই মাস থেকে তার বেতন বন্ধ করে দেওয়া হয়। এই সম্পর্কে কর্তৃপক্ষের কাছে জানতে চাওয়া হলে জবাব দেওয়া দূরে থাক প্রাপ্ত স্বীকারটুকু করেননি। তারপর থেকে প্রতিপদে তাকে অপদস্থ করা হচ্ছে। তার অপরাধ সে পর্ষদের কোটি টাকা ঘুসের প্রতিবাদ করেছিল। সময় থেকে বিনা নোটিশে, বিনা শো-কজ, বিনা চার্জ শীটে তার বেতন, বোনাস সমস্ত কিছু বন্ধ করে দেওয়া হয়েছে। এর চেয়েও আরও মর্মান্তিক স্যার, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংসের আট তলায় তার কক্ষে যে মেডিক্যাল রিপোর্টসের পেপারস, তার ওষুধপত্র সমস্ত কিছু বন্ধ করে দেওয়া হল। এখন চিকিৎসার অভাবে তিনি মৃত্যুপথযাত্রী। বার বার তিনি আবেদন করছেন কিন্তু কোনও ফল হচ্ছে না। এখানে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী আছেন এই ব্যাপারটা দেখার জন্য আমি তাকে অনুরোধ করছি।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি যে অভিযোগটা এনেছেন এর কাগজপত্রগুলি একটু আমাকে দেবেন। আমার একটা জানা আছে যে, বছর পাঁচকে আগে আমার কাছে এসেছিল আমারই এক ছাত্র এটা যদি সেই কেস হয় সেটা আমি রেফার করেছিলাম বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানের কাছে। আমি তখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছিলাম। যাই হোক আপনি আমাকে কাগজপত্রগুলি দেবেন এবং আমি যথাযথ ব্যবস্থা নেব।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। দিঘা বামফ্রন্টের আমলে প্রাণোচ্ছল হয়ে উঠেছে এবং জায়গাটি সাধারণ মানুষের মন কেড়েছে। যে সমস্ত ভ্রমণার্থীরা যান তারা প্রস্তাব দিয়েছেন ওখানে যেন এক টাকা থেকে ৫ টাকা করে ভ্রমণ কর হিসাবে গ্রহণ করা হোক এবং সেগুলি দিঘার উন্নয়নের জন্য কার্যকর করা হোক। তারা আরও প্রস্তাব দিয়েছেন রোপওয়ে সম্বন্ধে, শঙ্করপুর থেকে মীনাক্ষি এবং মীনাক্ষি থেকে লেক পর্যন্ত রোপওয়ে করতে বলেছেন। তারা এও বলেছেন যে, ওখানে যেন একটা স্নেক গার্ডেন তৈরি করা হয়। এর সাথে সাথে ক্ষোভ প্রকাশ করা হয়েছে যে, দিঘা, তমলুক রেলপথের ব্যাপারে কারণ এটা হচ্ছে না এবং মাটির একটা উচু ঢিবি করে ফেলে রাখা হয়েছে। কয়েক বছর ধরে অ্যাকোরিয়াম করা হয়েছে কিন্তু সেই অ্যাকোরিয়াম উন্নতি করবার জন্য কোনও রকম কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে যাতে জানানো হয় তারজন্য দাবি করছি এবং দিঘা

আরও আকার্ষণীয় হয়ে উঠুক।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি বিশেষ বিষয়ের প্রতি গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় একটি দীর্ঘদিনের এবং বহু পুরানো শান্তিপুর পাবলিক লাইব্রেরি আছে। সরকারি অবহেলায় আজকে এই লাইব্রেরি ধ্বংস প্রায়। দীর্ঘ ৫ বছর ধরে সরকারের যে অনুদান তা বন্ধ করে দেওয়া হয়েছে। বলছে, নতুন বই কেনা যাচ্ছে না। এবং এই লাইব্রেরির সঙ্গে একটা বড় হল আছে সেই হলটিও শান্তিপুরের একমাত্র হল। কিন্তু সংস্কারের অভাবে লাইব্রেরি হলটি এবং লাইব্রেরি বিল্ডিংটি জীর্ণ দশায় পরিণত হয়েছে। শান্তিপুরে সমস্ত দলমত নির্বিশেষে সমস্ত দলের প্রতিনিধি এবং আমাদের শান্তিপুরের বুদ্ধিজীবীদের নিয়ে গত ৬ মাস আগে গ্রন্থাগার দপ্তরের মাননীয় মন্ত্রী যিনি আছেন তপনবাবু তার সঙ্গে দেখা করেছিলাম। এখানে কোনও দল নয়, সরকার যেভাবে ৫ বছর ধরে গ্র্যান্ট বন্ধ করে রেখেছেন, এদিকে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করছি। এখনও পর্যন্ত সরকারের ঘুম ভাঙ্গেনি। আমি পুনরায় দাবি করছি এই লাইব্রেরি সংস্কার করবার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অমলেন্দু সান্যাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি নদীয়া জেলার দুটো গ্রাম পঞ্চায়েতের উল্লেখ করছি। একটা নন্দনপুর গ্রাম পঞ্চায়েত করিমপুর দু নম্বর পঞ্চায়েত সমিতির মধ্যে কিশোরপুর গ্রাম এবং তেহট্ট দু নম্বর ব্লকের অধীন পালাশিপাড়ার বাউরাগ্রামে যদি একটা একটা করে দুটো স্কুল করা যায় ভাল হয়। দুটি গ্রাম পঞ্চায়েতই প্রায় ২৫ কিলোমিটার। এই দুটি জুনিয়র হাই স্কুল অত্যন্ত প্রয়োজন। বাউরাগ্রামে অধিকাংশ সংখ্যালঘু সম্প্রদায়ের বাস।

**শ্রীমতী আরতি হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটা গুরুতর বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র রানীগঞ্জের খাতড়া একটা মহকুমা, কিন্তু আজ পর্যন্ত সেখানে সরকারি অফিস খোলা হয় নি। তারজন্য মানুষকে সরকারি কাজের জন্য সুদূর বাঁকুড়া পর্যন্ত যেতে হয়। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সব অফিস খোলা হয় এবং একে একটা পূর্ণাঙ্গ ম[illegible] রূপে গড়ে তোলা হয়।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী অনিল মুদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভাকে এখন সভাকক্ষে উপস্থিত মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ৩৩ কেভি তমলুক সাব-স্টেশন আছে এবং ওই স্থানে হাই টেনশন কেবল জমা রাখা হয় এবং ২-৪-৯২ তারিখে রাত্রি দেড়টার সময় ভয়াবহ অগ্নিকান্ড ঘটে এবং যতদূর মনে হয় অন্তর্ঘাত এবং ৭৩ ভোল্টের হাই টেনশন কেবল পুড়ে ছাই হয়ে যায়। আড়াই লক্ষ টাকার মতো ক্ষতি হয়েছে। আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এখানে অবাধে বৈদ্যুতিক সরঞ্জাম চুরি হয়, সংরক্ষিত এলাকার মধ্যেও অবাধে সরঞ্জাম চুরি যায়। ৪ মাস আগে দুজন বিদ্যুৎপৃষ্ঠ হয়ে পুড়ে গিয়েছিল। ২রা এপ্রিল এই ঘটনা ঘটে গেল।

আমি স্যার, তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এ বিষয়ে আকৃষ্ট করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রে বিশেষ করে তিনটি গ্রাম—মেটালা, কোলডি, হরিহরপুর—সেখানে পানীয় জলের অত্যন্ত সঙ্কট দেখা দিয়েছে। এছাড়া আমাদের পুরুলিয়া জেলাতে জলের সঙ্কট রয়েছে। এই প্রসঙ্গে বলে রাখা ভাল যে পানীয় জলের সঙ্কট মেটানোর জন্য সেখানে প্রচুর পরিমাণে নলকূপ আছে কিন্তু সেগুলির অধিকাংশই অকেজো বা খারাপ হয়ে পড়ে আছে এক্ষেত্রে যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা সেই নলকূপগুলি সারানোর পক্ষে যথেষ্ট নয়। আমার পুরুলিয়া জেলার গ্রামের মানুষরা যে জলের কষ্ট পাচ্ছেন তা থেকে যাতে তারা উদ্ধার পেতে পারেন সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ যাতে নলকূপগুলি ভাল ভাবে সারানো যায় তারজন্য যথেষ্ট পরিমাণে অর্থ বরাদ্দ করুন।

**श्री मनोहर तिनकी :-** मिस्टर स्पीकर सर, एक महत्वपूर्ण विपय पर इस राज्य सरकार का ध्यान आकर्पित कराना चाहता हूं। चाय एक महत्वपूर्ण उद्योग है और इससे प्रचुर मात्रा मे विदेशी मुद्रा अर्जित होती है। मगर यहां के श्रमिको, कर्मचारियो सरकार से कोई सुविधा नही मिल रही है। पंचायती व्यवस्था मे नही होने के कारण इन लोगो को कोई सुविधा नही मिल रही है। सिसरु स्कीम की सुविधा नही मिल रही है। लोकदीप स्कीम की सुविधा नही मिल रही है। उनको सरकारी राशन की सुविधा नही है। राशन कार्ड नही मिलता है। एडल्ट एजुकेशन मे यह वंचित रहे हैं। चाइल्ड डभलपमेन्ट स्कीम से यह कोई सुविधा नही उठा पा रहे है। तथा अन्य समस्त सुविधा से वंचित रह जाते है।

मिस्टर स्पीकर सर, आपके माध्यम से राज्य सरकार का ध्यान दिलाना चाहता हूं कि इनको सारी सुविधा जो मिलना चाहिए, इसकी जल्द से जल्द व्यवस्था हो।

**শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমার এলাকা ফলতায়, সেখানে লর্ড ক্লাইভ সিরাজের কাছ থেকে তাড়া খেয়ে আশ্রয় নিয়েছিলেন এবং সেখানে একটি কেল্লাও তিনি বানিয়েছিলেন। সেই কেল্লার মাঝখানে পরিখা খনন করিয়েছিলেন। স্মরণাতীতকালে কবে গ্রামবাসীরা মনে করতে পারেন না, সেখানে মৎস্য দপ্তর থেকে মাছ ধরার জন্য একটি কো-অপারেটিভ করা হয়েছিল। কো-অপারেটিভ করে মাছ ধরা যখন হচ্ছিল সেই সময় কচুরিপানা ইত্যাদি পরিষ্কার করা হত। স্যার, আপনি জানেন, তার কাছেই আচার্য জগদীশচন্দ্র বসু একটি বাড়ি তৈরি করেছিলেন এবং সেই বাড়িতে বসেই তিনি ভাগীরথীর উৎস সন্ধানে নামক, সেই বিখ্যাত প্রবন্ধটি লিখেছিলেন। আজও গঙ্গার জল যখন সেখানে দিয়ে কুল কুল করে বয়ে যায় তখন যেন পর্যটকরা সেখানে বসে শুনতে পান সেই

বিখ্যাত উক্তি, ভাগীরথী তুমি কোথা হইতে আসিতেছ? মহাদেবের জটা হইতে। স্যার, সেই জটারূপি কচুরিপানা আজ সেখানে জনমানসের ও পর্যটকদের বিরক্তির কারণ হয়ে তাদের বিব্রত করছে। আমাদের ডাইনামিক মৎস্যমন্ত্রীর কাছে আমার আবেদন, তাড়াতাড়ি এ ব্যাপারে অবহিত হয়ে এর জন্য যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চন্দননগরের প্রাচীনতম ঐতিহাসিক পুরাতন চালা স্থাপত্যের একটা নিদর্শন রূপে নন্দদুলারের মন্দির, তার সংরক্ষণ ও সংস্কারের জন্য রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। এই মন্দিরটি ১৭৩৯ খ্রিস্টাব্দে ফরাসি সরকারের দেওয়ান ইন্দ্রনারায়ণ চৌধুরি নির্মাণ করেন। ৫১ ফুট লম্বা আয়তকার মন্দিরটির সামনে এবং পেছনের দেওয়ালের উপর দিয়ে দুটি চালা ঠিক কচ্ছপের পিঠের মতো মিলিত হয়েছে। যেখানে মিলন হয়েছে, সেখানে যে রেখাটি আছে, সেই রেখাটি ধনুকের মতো। এতকালে এটা পোড়া মাটির অনেক অলঙ্কারে অলঙ্কৃত ছিল। কিন্তু বর্তমানে সেই সমস্ত ধ্বংস হয়ে যাবার পর খসিয়ে দেওয়া হয়েছে। এই যে চালা স্থাপত্য এটা বাংলাদেশে প্রথম হয় এবং ভারতে সমাদৃত হয়। এর অনুকরণে ভারতবর্ষে অনেক মন্দির আছে, অনেক বাড়িও তৈরি হয়েছে। আমি আর একবার আপনার রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ রাখছি এটাকে রক্ষা করার প্রয়োজন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এই হাউসে গত পরশুদিন, এমন কি মুখ্যমন্ত্রীর মুখেও কংগ্রেসের নির্বাচন নিয়ে আমরা খুব উদ্বেগের কথা শুনছিলাম। সি পি এম এর সদস্যরা কংগ্রেসের নির্বাচন সম্পর্কে স্বাভাবিকের চেয়ে বেশি আগ্রহ দেখিয়েছেন, আমরা দেখেছি। কংগ্রেসের অনেকদিন পরে গণতান্ত্রিক প্রথায় নির্বাচন হয়েছে এবং মানুষ দেখেছে ৪০০ ভোটার, তারা লাইন দিয়ে ভোট দিয়েছে এবং সেই ভোটে কাউন্টিং হয়েছে এবং সেই ভোটে একজন সভাপতি নির্বাচিত হয়েছেন। হলের মধ্যে দু একজন সি পি এম হয়তো ঢুকেছিল, যে ছেলেটিকে এরা মারছে, দেখা যাচ্ছে সে কিন্তু কোনও কংগ্রেস কর্মী নয়। কিন্তু বড় গন্ডগোল হয়নি। আমরা যে কথাটা এবার সি পি এমকে বলতে চাই আমরা এবার দেখাতে চাই সি পি এম এর সম্পাদক পদের জন্য প্রকাশ্য ভাবে প্রতিদ্বন্দ্বিতা হোক। প্রেস দেখুক। বন্ধ দরজা সি পি এম খুলে দিক, কংগ্রেস যে রকম ভাবে প্রকাশ্যে, সকলের চোখের সামনে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করে সভাপতি নির্বাচন করতে পারে, তার ১০৫ বছরের ট্রাডিশনকে অক্ষুন্ন রেখে, সি পি এম তার বন্ধ দরজার গোপনে একটি প্যানেল দেওয়া নির্বাচনকে পরিবর্তন করে আমাদের এই গণতান্ত্রিক রাস্তায় আসুক তাহলে সি পি এম পার্টির মধ্যে যে শুদ্ধিকরণ সেটা হবে। জোর করে চাপিয়ে দেবার যে নীতি সি পি এম পার্টির মধ্যে অনুসরণ করছে, তা হবে না। এবং গতকাল পুলিশকে কোনও দরকার হয়নি, ল ল্যান্ড অর্ডারের কোনও সমস্যা হয়নি, কিছু উৎসাহ কিছু উত্তেজনা ছিল, কেউ উন্ডেড হয়নি, কেউ ধরা পড়েনি, কোনও বোমা ফাটে নি, কোনও ছোরা চলে নি, কোনও লাঠি ব্যবহার হয়নি। সি পি এম-এর সমস্ত আশা আকাঙ্খাকে ব্যর্থ করে দিয়ে নির্বাচন আমরা করেছি। আমাদের দলের মধ্যে সি পি এম-এর বিরুদ্ধে লড়াই নিয়ে মতভেদ আছে, আমরা চাই সেই লড়াই আরও তীব্রতর হোক।

[12-40 — 12-50 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ডান দিকে আমার বন্ধু যারা বসে আছে তারা কালকে বিগত বৎসরের কলকাতা কর্পোরেশন নির্বাচনের মতো সমাজবিরোধীদের জড়ো করেছিল। সমাজবিরোধীদের হাতে কিছু কিছু বেআইনি জিনিসপত্রও ছিল। গেলবারে কর্পোরেশন নির্বাচনে যে রকম অত্যাচার করেছিল সে রকম অত্যাচার করার ষড়যন্ত্রও করেছিল। কিন্তু ব্যর্থ হয়েছে বাংলা তথা ভারতবর্ষের মানুষের জন্য। স্যার, আপনি একজন বিখ্যাত ক্রিমিনাল ল ইয়ার, ইউ আর এ ক্রিমিনাল কাউনসেল, আপনি জানেন এই ক্রিমিনালরা যেভাবে উৎসাহিত হয়েছিল তাতে এরা হতাশ হয়েছে। এরজন্য বাংলার মানুষদের ধন্যবাদ। আপনাকেও ধন্যবাদ। বিশেষ করে সংবাদ জগতকে ধন্যবাদ, তারা এ বিষয়ে সঠিক খবর প্রকাশ করেছেন। কিছু বন্ধু উদ্বেগ প্রকাশ করেছিলেন, হেলথ মিনিস্টার এখান থেকে চলে গেলেন—কালকে আপনি হাউস ছুটি দিয়েছিলেন। আমরা জানি বেল পাকলে কাক ঠোকরায়। কিন্তু বেল পাকা সত্ত্বেও ওদের আজকে হা-হুতাশ করতে হচ্ছে। ওদের জন্য আমার করুণা হচ্ছে। বন্ধুগণ, ধীরে রজনী ধীরে। তারপর দেখব কি হয়?

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি প্রথমেই মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে অভিনন্দন জানাচ্ছি এবং বামফ্রন্ট 'মন্ত্রিসভাকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, আমরা সবে মাত্র পুলিশ খাতের যে ব্যয় বরাদ্দ পাশ করেছি, তারই একটা অংশ গতকাল কলকাতায় একটা কনভেনশনের জন্য খরচ হয়েছে। স্যার, গতকাল যে কনফারেন্সটি হয়েছে, সেটা হচ্ছে কংগ্রেসের দীর্ঘ দিন বাদে একটা তথাকথিত গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন। আজকে সমস্ত খবরের কাগজগুলি দেখে আমরা স্তম্ভিত হয়ে গেছি। গতকাল রাজ্যের সাধারণ মানুষরা অত্যন্ত উদ্বেগের মধ্যে কাটিয়েছেন। নন-কমিটেড ননপলিটিক্যাল লোকজনেরা জিজ্ঞাসা করছিলেন, কলকাতায় কি হতে চলেছে? মনে হচ্ছিল একটা অল বেঙ্গল ক্রিমিনাল কনভেনশন হচ্ছে। স্যার, ওখানে দু পক্ষই যে ভাবে অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে হাজির হয়েছিল তাতে তা আমাদের রাজ্যের মানুষের পক্ষে অত্যন্ত উদ্বেগের এবং আশঙ্কার বিষয়। তবে পুলিশ প্রশাসন অত্যন্ত সজাগ থেকে অবস্থার মোকাবিলা করেছে। একটা বিষয়ে আমি ইক্যুয়ালি হ্যাপি টু সি মোস্ট রেসপেকটেড লিডার অফ দি অপোজিশন-এর গতকাল যে অবস্থা ছিল। আমি দেখলাম একটা কাগজ লিখেছে, 'জলসা ঘরে জমি হারানো জমিদারের মতো তিনি ঘুরে ঘুরে বেড়াচ্ছিলেন। কংগ্রেসের অবস্থা দিনের পর দিন কোথায় যাচ্ছে! আমরা আতঙ্কিত, এই পরিস্থিতি চললে আগামীদিনে পঞ্চায়েত নির্বাচন আসছে, কংগ্রেসিরা এখন থেকে যে সমস্ত অস্ত্রশস্ত্রে সজ্জিত হচ্ছে সে সমস্ত আগামী দিনে পঞ্চায়েত নির্বাচনে মানুষের বিরুদ্ধে ব্যবহার করবে। নির্বাচনকে অন্য খাতে বইয়ে দেবে। সুতরাং আগামীদিনে যারা রাজ্যের মানুষদের কংগ্রেসের এই বিপদ সম্বন্ধে সতর্ক, সজাগ থাকতে হবে বলেই আমি মনে করি।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যখন আই এম এফ-এর শর্ত অনুযায়ী আমাদের ভারতবর্ষের বুকে, পশ্চিমবাংলার বুকে গণ-বণ্টন ব্যবস্থা তুলে দেবার জন্য একটা প্রচেষ্টা চলছে তখন আমাদের নজরে এল ১৯৬৪ সালে রেশন ব্যবস্থা

সম্পর্কে সরকারি আদেশনামায় বলা বয়েছিল, 'রিটেলার শপগুলি ৭০০০ ইউনিট, অর্থাৎ ৩৫০০-র বেশি পূর্ণ কার্ড রাখার অধিকারী নয়। কিন্তু হোলসেলারদের ওপর কোনও সিলিং নেই।' অথচ আমরা দেখছি ব্যারাকপুর শিল্পাঞ্চলে পূর্ণ বয়স্ক কার্ড ২১ লক্ষ ৩০ হাজার ৫৭৬, শিশু কার্ড ৩ লক্ষ ৭৯ হাজার ৯১৬। মোট ইউনিট ৪৬ লক্ষ ৪০ হাজার ৬৬৮টি। সেখানে হোলসেলার শপ্ মাত্র ১৫টি। আমি মনে করি এ আর শপের যে সিলিং আছে সেইরকম হোল সেলার শপের সিলিং করা দরকার, কমপক্ষে ১ লক্ষের মতো সিলিং করা অবশ্যই দরকার। তা নাহলে গণবণ্টন ব্যবস্থা যা বামফ্রন্ট সরকার চালাচ্ছেন সেটা বিপর্যস্ত হয়ে যাবে এর মাঝে পড়ে। হোলসেলারদের বিশেষ সুবিধা হবে। আমি আবেদন রাখব আমাদের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে, হোলসেলারদের জন্য নির্দিষ্ট সিলিং-এর ব্যবস্থা করা হোক। এটা করলে গণবণ্টন ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালিত হবে এবং বাংলার কিছু বেকার যুবকের কর্মসংস্থান হবে। যেখানে কর্মসংস্থানের উপর কেন্দ্রীয় সরকার তার বাজেটে কোনও বরাদ্দ রাখেনি সেখানে আমাদের রাজ্য সরকার খুবই সচেষ্ট। এক্ষেত্রে আমার সাজেশন, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরি বিষয়ের প্রতি। আপনি নিজেও জানেন, বীরভূম জেলার মহম্মদবাজার ব্লক খরাপ্রবণ এলাকা। গ্রীষ্মকালে খুবই জল সঙ্কট শুরু হয়। প্রতি বছর সরকার পালীয় জল সরবরাহ করে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে সেখানে ইউনাইটেড নেসন্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম অনুযায়ী ইনটিগ্রেটেড রুর্যাল ওয়াটার সাপ্লাই এবং এনভায়োরনমেন্টাল স্যানিটেশন প্রোজেক্টের কাজ শুরু হয়। কিন্তু এই কাজ বছর দুই আগে শুরু হলেও এখনও প্রাথমিক পর্যায়ে আছে। রাজ্য সরকারের কাছে আমার আবেদন, এই কাজ তরান্বিত করা হোক এবং অন্যভাবে জলাভাব দূর করার ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি, হচ্ছে, বামফ্রন্ট সরকার ১৪ বছর ক্ষমতায় আছেন। তারা জনগণের কথা বলেন, সাধারণ মানুষের কথা বলেন, কিন্তু আমার ধারণা, পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রাম পঞ্চায়েতের চৌকিদার, দফাদার এবং পঞ্চায়েতের ট্যাক্স আদায়কারী কর্মীর সংখ্যা বিরাট সংখ্যক। এই কর্মচারিদের পক্ষ থেকে অর্থাৎ পশ্চিমবঙ্গের চৌকিদার, দফাদার এবং আদায়কারীর পক্ষ থেকে এবং পঞ্চায়েত সমিতির কর্মচারিদের পক্ষ থেকে দীর্ঘদিনের দাবি করে আসছে তাদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করা হোক এবং গণ্য করে সরকারি কর্মচারিদের যে সুযাগ-সুবিধা দেওয়া হয় সেই সুযোগ-সুবিধাগুলি দেওয়া হোক। এই সরকার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও বারবার উপেক্ষিত হচ্ছে। আমি তাই মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিরাট সংখ্যক চৌকিদার দফাদার ট্যাক্স আদায়কারী কর্মচারিদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের জনসাধারণের স্বার্থের কথা

ভেবে এবং পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক দিক দিয়ে উন্নতির কথা ভেবে আমি ভাইটাল প্রশ্ন আপনার মাধ্যমে ল্যান্ড রেভেনিউ ক্ষেত্রে রাখছি। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ভূমি রাজস্ব দপ্তর তহশীলদারদের সরকারি চাকরিজীবী হিসাবে গ্রহণ করে তাদের পরিবারবর্গের আশীর্বাদ কুড়িয়েছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই, সরকারি কর্মচারী রূপে তারা গণ্য হওয়ার পরেও তার আগে যেমন গ্রামে তহশীলদাররা ট্যাক্স কালেকশন করতেন এবং রীতিমতো কালেকশন হত সেই জিনিসটা উঠে গেছে মাসোহারা বেতন পাওয়ার জন্য। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আগেকার মতোন যে পদ্ধতি অনুযায়ী গ্রামে গ্রামে তহশীলদাররা ট্যাক্স কালেকশন করতে যেতেন এবং হেভি কালেকশন করতেন সেইরকম করতে দিলে ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্টের অর্থের অভাব হয়না। সেই পরিবেশ ফিরিয়ে আনার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী তোয়াব আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি বিষয়ে প্রতিকারের দাবি জানাচ্ছি। আমার এলাকা থেকে কলকাতা যাতায়াতের জন্য যানবাহনের, ব্যবস্থা খুবই কম। দুটি কেন্দ্র ঔরঙ্গাবাদ এবং ধুলিয়ান ওখান থেকে সরকারি দুটি এন বি এস টি সি-র বাস বহরমপুর সাব ডিভিসনে যাতায়াত করত, কিন্তু গত আগস্ট মাসে সেই দুটি বাস বন্ধ হয়ে গেছে। এ ব্যাপারে বহরমপুরের ডিপো ম্যানেজারদের কাছে অনেক আবেদন নিবেদন জানালে ওরা বলেন যে চালু হবে, কিন্তু আজ অবধি চালু হল না। ফলে ঐ এলাকায় মানুষের ক্ষোভ বেড়ে যাচ্ছে। তাছাড়া কলকাতায় আসার যানবাহনের অসুবিধা থাকায় মানুষের—বিশেষ করে অসুস্থ মানুষদের—যাতায়াতের খুবই অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপের ফলে ঐ বাস দুটি চালু হয়েছিল কিন্তু সে দুটি উঠে গেছে এবং সেখানকার কর্তৃপক্ষের আবেদন করে কোনও ফল হচ্ছে না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ঐ বাস দুটি পুনরায় চালু করা যায়।

**মিঃ স্পিকার ঃ** মিঃ নির্মল দাস, আপনার ওটা আউট অফ অর্ডার, ও ব্যাপারে রাজ্য সরকারের কিছু করার নেই, কাজেই ওটা হবে না।

**শ্রী রঞ্জিত পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমগ্র মেদিনীপুর জেলায় তীব্র জল সঙ্কট চলছে। আমার নির্বাচনী এলাকা মোহনপুর এবং দাঁতন এই দুটি জায়গায় একই অবস্থা চলছে। সেখানে ভয়াবহ লোডশেডিং হওয়ার ফলে সপ্তাহে দুদিনও বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। ফলে যে সব গভীর এবং অগভীর নলকূপ থেকে চাষীরা চাষের জল পেত এবং লোকে পানীয় জল সংগ্রহ করত সেগুলি সব অচল হয়ে গেছে। তারপর কেন্দ্রীয় সরকারের কৃষক স্বার্থ বিরোধী যে সর্বনাশা নীতি ঐ সারের উপর ভরতুকি বন্ধ করায় কৃষকেরা এক বার ঠকেছে আবার যাতে তাদের সেই কষ্টার্জিত মাঠের ফসল নষ্ট না হয় তারজন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সঠিকভাবে বিদ্যুৎ সরবরাহ হয় অবিলম্বে তিনি যেন সেদিকে দৃষ্টি দেন এবং বিদ্যুতের ব্যবস্থা করেন।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র এবং পরিবহন বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি। ৮নং জাতীয় সড়কের উপর উলুবেড়িয়ায় একটি চেক পোস্ট আছে এবং গাড়ি দাঁড়াবার জন্য পার্কিংজোন আছে, কিন্তু গাড়ির সংখ্যা এত বেশি যে পার্কিংজোন ছাড়িয়ে রাস্তায় দাঁড়ায় এবং যার ফলে ঘণ্টার পর ঘণ্টা রাস্তা বন্ধ হয়ে যায় ঐ পার্কিং জোনটা একটু চওড়া করা দরকার। ওখানে পুলিশ পোস্টিং আছে, শোনা যায় ওখানে বিভিন্ন ধরনের অবৈধ কাজকর্ম হয়ে থাকে এবং তার ফলেই জটলা বাড়ছে। পার্কিং জোনে যাতে গাড়িগুলি দাঁড়াতে পারে সেজন্য যাতে ওটা একটু প্রশস্ত করা তার জন্য অনুরোধ জানাচ্ছি এবং ঐ চেকপোস্ট থেকে রাজ্য সরকারের অনেক রাজস্ব সংগৃহীত হয় সেজন্য ঐ চেকপোস্টে একটু দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নটবর বাগদি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ছটরা অঞ্চলে দুমদুমি গ্রামে শিশুদের হাম এবং মিসিল রোগের প্রাদুর্ভাব ঘটেছে। স্বাস্থ্য কর্মীরা ওখানে ওষুধ এবং ইনজেকশন দেওয়ার পরে ৫-৬ জন শিশু মারা যায় এবং ৮-১০টি শিশু অজ্ঞান অবস্থায় পড়ে থাকে। এজন্য গ্রামাঞ্চলে বিশৃঙ্খলার সৃষ্টি হয় ও তারজন্য লোকে স্বাস্থ্য কর্মীদের মারধোর করে। এটা দেখা দরকার। আমার মনে হয় স্বাস্থ্য কর্মীরা যে ওষুধ দিয়েছিলেন সেই ওষুধের জীবনী শক্তি নষ্ট হয়ে যায় এবং তার ফলে ঐ অবস্থার সৃষ্টি হয়। বিষয়টি একটু ভাল করে দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ** মনানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তোর্যা নদীর ভাঙ্গনে কুচবিহারের এক নং ব্লকের বিস্তীর্ণ অঞ্চল নদীগর্ভে বিলীন হয়ে যেতে বসেছে। সেখানকার বহু মানুষের স্থাবর-অস্থাবর সম্পত্তি নদীগর্ভে চলে যাচ্ছে। প্রতি বছর বর্ষার আগে ওখানে অস্থায়ী বাঁধ নির্মাণের জন্য সেচ দপ্তর কন্ট্রাকটারদের মাধ্যমে ব্যবস্থা করে থাকেন। আমি দাবি করছি যে আর অস্থায়ী নয়, ওখানে স্থায়ী বাঁধের ব্যবস্থা করে ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা করা হোক।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকারের আমলে বহু অস্থায়ী সরকারি কর্মচারী স্থায়ী হয়েছেন। স্বাস্থ্য দপ্তরে কালাজ্বর এবং ম্যালেরিয়া রোগের প্রতিকারের জন্য যে ২২০০ অস্থায়ী কর্মচারী রয়েছেন তাদের স্থায়ী করণের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার শালতোড়া থানার বামুনতোড়ে পি এইচ ই প্রকল্প হয়েছে, কিন্তু কিছু সমাজবিরোধীর দৌরাত্ম্যে তার পাইপ-লাইন চুরি হচ্ছে। গ্রাম পঞ্চায়েত ঐসব সমাজবিরোধীদের ধরবার চেষ্টা করছেন, কিন্তু থানার ও. সি. কোনওরকম হস্তক্ষেপ করছেন না। ঐসব সমাজবিরোধীদের যাতে ধরা হয় তারজন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার কয়েকটি গুরুত্বপূর্ণ

বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাঁকুড়া জেলার সমস্ত অঞ্চলে বর্তমানে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। এই খরা মরশুমে সেখানকার মানুষ পানীয় জল পাচ্ছেন না। টিউবওয়েলগুলো সব শুকিয়ে গেছে। কেবলমাত্র মার্ক-২ টিউবওয়েল থেকে কিছুটা জল পাওয়া যাচ্ছে। সেজন্য ঐ জেলার জরুরি ভিত্তিতে পানীয় জলের ব্যবস্থা করবার জন্য অনুরোধ রাখছি।

**শ্রী হারাধন বাউড়ি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে বাঁকুড়া জেলার সোনামুখীর সঙ্গে কলকাতার কোনও যোগাযোগ ব্যবস্থা নেই। ফলে সেখানকার মানুষজনকে কলকাতায় আসবার জন্য বাঁকুড়া, বীরভূম বা বর্ধমান থেকে ট্রেনে করে আসতে হয়। যাতে বিষয়টিকে গুরুত্ব দিয়ে দেখা হয় তারজন্য বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি। অতি সত্বর কলকাতা-সোনামুখী বাস সার্ভিস চালু করা হোক।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্ত ও সড়ক বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, দার্জিলিং এরপরই অযোধ্যা হিলস। সেখানে প্রায় ১০/১২ হাজার ট্রাইবালস রয়েছে। কিন্তু কোনও রাস্তা নেই। সেখানে সি এ ডি সি-র একটি রাস্তা হয়েছে, তার ২ কিলোমিটার মাত্র পীচ হয়েছে। ওতে ২০ লক্ষ টাকার মাটির কাজ হয়েছে। যাতে আগামী বর্ষার আগে ঐ রাস্তার পীচের কাজ পুরোটা শেষ করা হয় তারজন্য অনুরোধ রাখছি। যদি ঐ দপ্তরের টাকা না থাকে তাহলে—ওখানে অনেক ট্যুরিস্ট বেড়াতে যান—ট্যুরিজম, বন এবং ট্রাইবাল বিভাগের সঙ্গে যৌথ উদ্যোগে ঐ রাস্তাটি অবিলম্বে করবার জন্য অনুরোধ রাখছি। তা না হলে অযোধ্যা হিলের সঙ্গে পুরুলিয়ার যোগাযোগ বন্ধ হয়ে যাবে, ট্রাইবালদের চলাচল বন্ধ হয়ে যাবে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে গোটা রাজ্যে প্রচন্ড তাপদাহ চলছে। আমাদের জেলাতে বহুল পরিমাণে বোরো চাষ হয়েছে, কিন্তু জলের অভাবে ব্লকে ব্লকে সমস্ত বোরো ধানগাছ শুকিয়ে যাচ্ছে। ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে যে, ১৫ই এপ্রিলের পর আর সেচের জল দেওয়া হবে না। ফলে ঐ সমস্ত এলাকার কৃষক, যারা সমস্ত কিছু বিক্রি করে জমি চাষ করেছেন তারা প্রচন্ড সঙ্কটের মধ্যে পড়েছেন। তাই আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে আবেদন করছি, গোটা জেলার হাজার হাজার কৃষক যারা বোরো চাষ করেছেন তাদের বাঁচবার স্বার্থে এবং গোটা রাজ্যের স্বার্থে ঐ সিদ্ধান্ত পরিবর্তন করা হোক এবং ১৫ই এপ্রিলের পরও যাতে জল দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী হৃষীকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বিরোধী পক্ষে যারা রয়েছেন কংগ্রেস দল, ওরা আমাদের রাজ্যে দীর্ঘদিন ক্ষমতায় ছিলেন। সেই সময় সুন্দরবন অঞ্চলে, বিশেষ করে ক্যানিং, সাগর, নামখানা, পাথরপ্রতিমা থানার অন্তর্গত অঞ্চলে বেকলমাত্র জোতদার জমিদারদের লুটের রাজত্ব ছিল। কিন্তু বামফ্রন্ট সরকার সেখানকার

মানুষজনকে সেই অত্যাচারের হাত থেকে মুক্ত করে সেখানে উন্নয়নের ব্যবস্থা করেছেন। শিক্ষাদীক্ষার ব্যবস্থা করেছেন সেখানে। কিন্তু এই মুহূর্তে সুন্দরবন অঞ্চলে কোনও ইন্ডাস্ট্রি নেই। তাই আমি ঐ অঞ্চলে তিনটি পরিকল্পনা গড়ে তুলবার জন্য রাখছি যথা, (১) ছোট ইন্ডাস্ট্রি গড়ে তুলতে হাতের কাজ শেখাতে—টেকনিক্যাল কলেজ, কারণ বড় শিল্প কারখানা সেখানে নেই। দুই নম্বর হচ্ছে, এগ্রিকালচার কলেজ অবিলম্বে হওয়া দরকার। ওখানে এটা হওয়া সম্ভব কারণ কৃষির উপর নির্ভরশীল এলাকা। তিন নম্বর হচ্ছে, ফলতায় মিষ্টি জল আছে কিন্তু দক্ষিণে সব নোনা জল। ওখানে জলের অভাব আছে। এক ফসলা এলাকায় ঐ জল ফলতা থানার মধ্য দিয়ে ডায়মন্ড হারবার, কুলপি পর্যন্ত যাচ্ছে। এটা যদি ক্যানেলের মাধ্যমে কাকদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা পর্যন্ত ছড়িয়ে দিতে পারি তাহলে গোটা এলাকায় সোনার ফসল ফলতে পারে। কাজেই এই তিনটি বিষয়ে নজর দেবার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি ও অর্থমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি ফসল বিমা প্রকল্প চালু করা হয়েছে। কিন্তু এটা ব্লকওয়ারি করার ফলে কৃষকরা এর দ্বারা উপকৃত হতে পারছে না। আমি দাবি করছি যে এই স্কীম প্রত্যেক মৌজাওয়ারি চালু করা হোক। এর আগেও আমি মেনশনে একথা বলেছি যে মৌজাতে যে শিলাবৃষ্টি হয়, যে ঘূর্ণিঝড় হয় এবং তার ফলে চাষীদের যে ফসলের ক্ষতি হয়, তাদের সেই ক্ষতি পূরণের জন্য যে শস্য বিমা প্রকল্পা চালু হয়েছে তাতে তারা উপকৃত হচ্ছেন। এটাকে যদি মৌজাওয়ারি করা হয় তাহলে তারা এর সুবিধা পেতে পারে। সেই কারণে আমি দাবি করছি যে এই প্রকল্পটা অন্তত মৌজাওয়ারি চালু করা হোক।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল একটি খবর পত্রিকায় প্রকাশিত হয় এবং আমি খোঁজ নিয়েও জেনেছি যে কথাটা কিছুটা সত্যি। বিষয়টা হচ্ছে, আলিপুর ট্রেজারিতে প্রায় ১০ হাজার চেক ৩১শে মার্চের মধ্যে ক্লিয়ারেন্স হল না এবং যার ফলে ৯ কোটি টাকার মতো, সেই টাকার মধ্যে বিশেষ করে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস ছেলেদের স্টাইপেন্ডের টাকা প্রায় ২ কোটি টাকা সেটা তারা পেল না। এটা নিয়ে কোনও কনট্রাডিকশন নেই। আমি বিভাগীয় মন্ত্রীর কাছে একটা স্টেটমেন্ট দাবি করছি যে কিসের জন্য ৩১শে মার্চের মধ্যে প্রায় ১০ হাজার চেকের ৯ কোটি টাকা ক্যাশ হতে পারল না।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা সীমান্তবর্তী এলাকার করিমপুর নদীয়া জেলায় দীর্ঘদিন ধরে শান্তিতে ছিল। কিন্তু বর্তমানে গত ২৫শে মার্চ আমার করিমপুর থানার জামসেদপুর গ্রামপঞ্চায়েত গোপাল নগর গ্রাম হঠাৎ ৩০ জন বাংলাদেশি এবং আমাদের এদেশীয় ডাকাতরা একসঙ্গে মিলে চাষীদের ঋড়ি আক্রমণ করে এবং ৫টি গবাদি পশু তারা ছিনিয়ে নিয়ে যায়। এটা প্রতিরোধ করতে গিয়ে একটা তরুন ছাত্র যে ১১ ক্লাশে পড়ে সে খুন হয়। এরফলে গ্রামের সাধারণ মানুষের মধ্যে প্রচন্ড বিক্ষোভ দেখা দিয়েছে এবং একটা অরাজকতা সৃষ্টি হতে চলেছে। বাংলাদেশের সীমান্ত এলাকায় বি এস এফ এবং পুলিশ

ক্যাম্প সবই আছে, তারা পাহারাও দিচ্ছে, কিন্তু তা সত্ত্বেও নিরাপত্তা সুনিশ্চিত হচ্ছে না। এটা নিয়ে বারবার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করেছি, রাজ্য সরকারের মাধ্যমে স্থানীয় বি এস এফ-এরও দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু এই ব্যাপারে সুনিশ্চিত প্রতিকার পাওয়া যাচ্ছেনা। আমাদের সীমান্তবর্তী করিমপুর তেহট্ট এলাকায় মানুষের জীবন বিপন্ন, তারা নীরবে নিভৃতে কাঁদছে, তাদের জীবনের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমে প্রায় ৬০০ প্রাথমিক শিক্ষক পদ খালি পড়ে আছে এবং এই ৬০০ শিক্ষকের পদ খালি পড়ে থাকার দরুন দেখতে পাচ্ছি কিছু কিছু স্কুলে একজন করে শিক্ষক আছে। সেই শিক্ষক যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে স্কুলগুলি বন্ধ হয়ে যাচ্ছে। হাইকোর্টে মামলা থাকার দরুন এই শিক্ষকদের পদ পূরণ করা যাচ্ছে না। একটা অদ্ভুত অবস্থা চলছে সেখানে। এই ব্যাপারে হাইকোর্টে যেভাবে তদারকি করা দরকার, ইনজাংশন ভেকেট করা দরকার সেই ভাবে হচ্ছে না। এই অবস্থায় স্কুলগুলি প্রায় অচল অবস্থায় মতো হয়ে উঠেছে। কাজেই এই অবস্থা থেকে উদ্ধারের দুটি উপায় আছে, একটা হল তাড়াতাড়ি ইনজাংশন ভেকেট করা দরকার এবং আর একটি হল যে সমস্ত বেকার শিক্ষণপ্রাপ্ত যুবক আছে, বেকার ট্রেন্ড টিচারস আছে তাদের মধ্যে থেকে অ্যাড-হক অ্যাপয়েন্টমেন্ট দিয়ে স্কুলগুলি রক্ষা করা দরকার। বীরভূমের পক্ষে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা, এই ব্যাপারে সমাধানের জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রাইমারি বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ সম্পর্কে যে জটিল অবস্থার কথা বলেছেন সেই ব্যাপারে সকলের অবগতির জন্য কিছু বলতে চাই আপনার মাধ্যমে। হাইকোর্টে-এ আমরা প্রতিদিন যাচ্ছি। আমাদের ডিভিসন বেঞ্চে একটা রুল আছে, সেই রুল তৈরি করে বলা হয়েছিল রুল তৈরি করার পর অ্যাপয়েন্টমেন্ট দেব। সেই জন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ২৫শে নভেম্বর একটা ফাইনাল রুল বার করে। কিন্তু দুদিন পরে অর্থাৎ ২৭ তারিখে রুলের খসড়ার উপর একটা ইনজাংশন জারি করেন মহামান্য বিচারপতি এবং বলেন যে জানুয়ারির প্রথম মঙ্গলবারের মধ্যে এটা ফাইনাল করে দেবেন। তারপর থেকে সেই কেস আজও উঠছে না। ৩০শে মার্চ তারিখে উনি বলছেন আমার কোর্টে এটা করব না, চিফ জাস্টিস-এর কাছে এটা পাঠিয়ে দিয়েছি। এই বিষয়টা মুখ্যমন্ত্রীকে জানানো হয়েছে, উনি উদ্বেগ প্রকাশ করেছেন। অ্যাডভোকেট জেনারেলের কাছে কাগজপত্র পাঠানো হয়েছে, এটা আমরা যাতে শিক্ষক প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করতে না পারি এই রকম একটা ব্যবস্থা করা হয়েছে কিনা এটা তদন্ত করে দেখুন, খোঁজ নিয়ে দেখুন এবং আমরা সুষ্ঠভাবে আদালতের এই সব নিয়ম-কানুন মেনে যাতে শিক্ষক নিয়োগ করতে পারি তারজন্য একটা ব্যবস্থা করুন। আদালতের একটা নির্দেশ আছে আমরা অ্যাড-হক দিতে পারি না। নিয়মের ভিত্তিতে দিতে হবে, অ্যাড-হক দিতে পারি না। এই অসুবিধাটা তৈরি হয়ে আছে এবং আদালত তারজন্য দায়ী, একজন বিচারপতির রায় এর জন্য দায়ী।

**শ্রী বিন্দেশ্বর মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন আমার বিধানসভা এলাকা জয়পুর ব্লকে তিনটি গ্রামপঞ্চায়েত আছে এখানকার যোগাযোগের একমাত্র যে রাস্তা রয়েছে সেটা মোরামের তৈরি। এই রাস্তা দিয়ে একটা বেসরকারি বাস চলত। এই রাস্তা খারাপ হয়ে যাওয়ার ফলে বাসটি বন্ধ হয়ে যায়। এই তিনটি গ্রাম পঞ্চায়েতে প্রায় ৫০-৬০ হাজার লোক বাস করে। এখানে একেবারে যোগাযোগ বিচ্ছিন্ন, জয়পুর এলাকার লোক থানা, স্কুল কলেজ কোথাও যেতে পারছে না। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি মাননীয় পূর্তমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই রাস্তাটি মেরামত করা হয় এবং দক্ষিণবঙ্গ পরিবহন সংস্থার একটি বাস এখানে চালানো যায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পুরুলিয়া জেলার মতো বাঁকুড়া জেলায় পানীয় জলের তীব্র সমস্যা আছে। ইতিমধ্যে সেখানে যে রিগ বোর টিউবওয়েল আছে তার অর্ধেক অচল হয়ে পড়েছে। সেখানে কুয়োর জল শুকিয়ে গিয়েছে। ঝটিপাহাড়ী এবং ছাতনায় যে পাইপ ওয়াটার সাপ্লাই আছে প্রয়োজনীয় ভোল্টেজের অভাবে চলতে পারছে না। যেখানে পানীয় জলের উৎস আছে সেখানে দীর্ঘ লাইন পড়ে যাচ্ছে, ঝগড়া-ঝাঁটি হচ্ছে। আমি বিভাগীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, তিনি এই ব্যাপারে যথেষ্ট সজাগ এবং তৎপর। কিন্তু তা সত্ত্বেও আমাদের সংশয় কাটছে না। আগামীকাল হয়ে বিধানসভা মাসাধিকাল বন্ধ হয়ে যাবে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব, পানীয় জলের জন্য কোনও অর্থের অভাব হবে না, এরজন্য কি করণীয় তা তিনি করবেন এবং সমস্যা দূর করবেন।

**শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** (অনুপস্থিত)

**শ্রী সুন্দর হাজরা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি অপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভায় উত্থাপন করছি। স্যার, আপনি জানেন যে, এই বছরে হিমঘরে আলু রাখার জন্য চাষীরা হয়রান হয়েছেন। বিশেষ করে শালবনীতে সমবায়ের মাধ্যমে একটি নতুন করে চাষীদের জন্য হিমঘর করা প্রয়োজন। কারণ চার-পাঁচ লক্ষ কুইন্টাল আলু ওখানে চাষ হয়। প্রায় দু লক্ষ কুইন্টাল আলুর বস্ত দূরবর্তী এলাকার হিমঘরে নিয়ে যেতে পারে না। ১০-১৫ দিন করে আলু স্টোর করে রাখার জন্য চাষীদের প্রচন্ড হয়রানী হয়েছে এবং তাদের অল্প দামে আলু বিক্রি করতে হয়েছে। সেজন্য অবিলম্বে ওখানে একটি হিমঘর তৈরি করার জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** (অনুপস্থিত)

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় আইন ও বিচার বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। বর্তমানে লক্ষ্য করা যচ্ছে যে, গ্রামাঞ্চলের দোকান মালিকরা ছোট ছোট দোকানদার যাদের দীর্ঘদিন দোকান রয়েছে, আদালতের আশ্রয় নিয়ে তাদের উচ্ছেদ করে দিচ্ছে। ফলে একটা ভীষণ সমস্যা তৈরি

হয়েছে। এদের উচ্ছেদকে প্রতিরোধ করার জন্য মিউনিসিপ্যালিটি বা পৌরসভাগুলিতে যেমন রেন্ট কন্ট্রোলের ব্যবস্থা আছে, সেইরকম একটি আইন গ্রামাঞ্চলের পঞ্চায়েত এলাকা করার জন্য আমি মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** এটা ভূমি রাজস্ব মন্ত্রীকে বলতে হয়। এটা আইন দপ্তরের মধ্যে পড়ে না।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। দীর্ঘ কয়েক বছর ধরে বীরভূম জেলায় সন্ত্রাসবাদীরা বিভিন্ন ভাবে ভারতের মার্কসবাদী পার্টির উপরে আক্রমণ করছে এবং গুলি চালাচ্ছে। এরফলে কয়েকজন কর্মীও মারা। গিয়েছেন। আমরা আরও লক্ষ্য করছি যে, গত ২০-৩-৯২ তারিখে আমার নির্বাচনী এলাকায় কালিকাপুর বলে একটি গ্রামে কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে যখন একদল ক্ষেত-মজুর পার্টির পতাকা নিয়ে মিছিল করছিল তখন তাদের উপরে একজন জোতদার সুপরিকল্পিত ভাবে গুলি চালিয়েছে। সেই জোতদারের দুজন ছেলে পুলিশের চাকুরি করে। তারা বর্তমানে মেদিনীপুর জেলায় পোস্টিং আছে। তারা গুলি চালানোর সময়ে উপস্থিত ছিল এবং গুলি চালাতে সাহায্য করেছে। আমি আশা করব যে, মাননীয় মুখ্যমন্ত্রী এই যে দুজন পুলিশ কর্মচারী, এদের একজনের নাম হচ্ছে অশোক সাহা এবং আর একজনের নাম তপনকুমার সাহা, এই দুজন পুলিশ কর্মচারির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এই আবেদন রাখছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাউন্সিল অব অল্টারনেটিভ সিস্টেম অব মেডিসিন বলে একটি সংস্থা একবিংশ শতাব্দির দারপ্রান্তে এসে ঝাড়ফুঁক তুকতাক ইত্যাদিকে বিকল্প চিকিৎসা পদ্ধতি মানুষের কাছে প্রচার করছে। তারা বলছে যে অ্যালোপ্যাথিক চিকিৎসা ঠিকমতো চলছে না। হাইকোর্টের বিচারপতি এসে এদের কনফারেন্স উদ্বোধন করছেন। কেন্দ্রীয় মন্ত্রী এদের পিছনে আশীর্বাদ জানাচ্ছেন। এরফলে লক্ষ লক্ষ সাধারণ বৈজ্ঞানিক চিকিৎসার পরিবর্তে ঐ ঝাড়ফুঁকের উপরে নির্ভর করে প্রতারিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এইসব ভুঁইফোড় সংস্থা আমাদের রাজ্যে এসে বিজ্ঞাপন দিয়ে ব্যবসা করছেন। আমার অনুরোধ এই সংস্থাটিকে নিষিদ্ধকরণ করা হোক এবং এর পিছনে যে কেন্দ্রীয় মন্ত্রী আছেন তাকে জিজ্ঞাসাবাদ করা হোক, তিনি আবার প্রাক্তন স্পিকারও ছিলেন লোকসভার। এইসব সংস্থার পিছনে কাদের মদত আছে সেটা জানার দরকার। এরা মেডিক্যাল কাউন্সিলকে উপেক্ষা করে এইভাবে ব্যবসা চালিয়ে যাচ্ছে তার বিরুদ্ধে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কঠোর ব্যবস্থা নিন এবং তারজন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় স্পিকার মহাশয় আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ই এস আই স্কীমের মেয়াদ বেড়েছে। ৩ হাজার টাকার আয় পর্যন্ত কর্মচারিরা ই এস আই স্কীমের মধ্যে এসেছেন। এই ই এস আই স্কীমের চিকিৎসা ব্যবস্থায় খুবই দূরবস্থা চলছে। যারা ই এস আই স্কীমের সঙ্গে ছিলেন তারা তো আছেনই তারসঙ্গে আবার যেসব শ্রমিক কর্মচারিরা ৩ হাজার টাকা তাদেরও এরসঙ্গে যুক্ত করা হয়। এই বিরাট সংখ্যক

শ্রমিক কর্মচারী ই এস আই স্কীমের আওতায় আসার ফলে এর চিকিৎসায় দূরবস্থা দেখা দেবে। এরফলে অনেক অরগাঁনাইজড সেক্টরও এরসাথে যুক্ত হবে। এইসব অর্গানাইজড সেক্টররা সেপারেট স্কীম থাকার জন্য আবেদন করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ই এস আইয়ের চিকিৎসা ব্যবস্থার উন্নতি করা হয়।

**শ্রী সাত্তিক রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি বহু স্বনামধন্য ব্যক্তিদের মূর্তি স্থাপন করা হয় এবং বহু মনীষীর মূর্তিও স্থাপিত হয়েছে। কিন্তু ওই সব মনীষীদের মূর্তিগুলো রক্ষণাবেক্ষণে কোনও ব্যবস্থা নেই। ফলে মূর্তিগুলো নোংরা হয় পড়ে আছে। যেসব পূর্ত বিভাগের কর্মচারী আছেন তারা তো এই সব মূর্তিগুলো দেখাশোনা করতে পারেন। আজকে যেখানে ৩০ বছরের কলকাতাকে পরিচ্ছন্ন রাখার কথা হয়েছে, সেখানে সরকার যে মূর্তিগুলো স্থাপন করছেন সেইসব মূর্তিগুলো সুরক্ষিত থাকছে না কেন? এরফলে তো ওইসব মনীষীদের অপমানও করা হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই রাজ্যে প্রতিবছর শত শত শিক্ষক-শিক্ষিকা এবং কলকাতার প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের শিক্ষক-শিক্ষিকারা শিক্ষকতা থেকে অবসর গ্রহণ করেন। এইসব শিক্ষক-শিক্ষিকারা অবসর গ্রহণের পরে স্বাভাবিকভাবেই তারা শারিরীক ও মানসিক দিকে থেকে অক্ষম হয়ে যান। কিন্তু অবসব গ্রহণের পরেও ওইসব শিক্ষক-শিক্ষিকাকে ট্রেজারি থেকে টাকা ড্র করতে হয়। এখন গ্রামে যেসব ব্লক আছে সেখানে গ্রামীণ ব্যাঙ্ক স্থাপিত হয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বলছি এবং ব্যক্তিগতভাবে তার সঙ্গে কথাও বলেছিলাম। তিনি প্রতিশ্রুতিও দিয়েছিলেন যে এটা ইনট্রোডিউস করবেন। আজকে অবসর প্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাকে শত শত মাইল দূরে এসে মহকুমা ট্রেজারি থেকে টাকা তুলতে হচ্ছে এবং এতে তাদের পথের মধ্যে টাকাও খোওয়া যাচ্ছে। এটা খুবই অসুবিধার ব্যাপার। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব যাতে অবিলম্বে এই সভা চলাকালীন একটা ব্যবস্থা করেন এবং যাতে করে গ্রামীণ ব্যাঙ্ক থেকে এইসব শিক্ষক-শিক্ষিকা টাকা তুলতে পারেন।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, হাইকোর্টের রুলের ইনজাংশনের উপরে একটি অ্যালকন্ড নামে কারখানা জুলাই ১৯৮৩ সালে বন্ধ হয়ে গেছিল। ওখানকার শ্রমিক কর্মচারী এবং রাজ্য সরকারের সহায়তায় আবার ৮ বছর পরে খোলার পরিকল্পনা গ্রহণ করেছে। সেই অ্যালকন্ড ইন্ডাস্ট্রি কো-অপারেটিভ সোসাইটি লিঃ তারা স্থাপন করে এবং সাড়ে ১১ লক্ষ টাকা খরচ করে ৬ মাস ধরে তারা সমস্ত রেনোভেশন করে। ২৯-৬-৯০তে কারখানাটি চালু হয় এবং সেই কারখানা চালু করার জন্য সেখানকার শ্রমিকরা শেয়ার কেনেন। ওখানে যে মাল তৈরি করেন তারা তা বিক্রি করে টাকা সংগ্রহ করে কারখানাটি চালু করেন। ওখানে যে শ্রমিক কর্মচারিরা কাজ করেন তারা একটা ম্যানেজমেন্ট তৈরি

করেছেন। ১ বছরের মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাছ থেকে তারা অর্ডার পেয়েছে, এন টি পি সি-র কাছ থেকেও তারা অর্ডার পেয়েছে, পি ডি সি এল-র কাছ থেকেও তারা অর্ডার পেয়েছে। তারা ১ বছরের মধ্যে প্রায় ৬ কোটি ৫০ লক্ষ টাকা টার্ন ওভার করেছেন এবং এক বছরের মধ্যে তারা ৮ লক্ষ টাকা নেট প্রফিট করেছেন। আজকে সেই কারখানাটি সঙ্কটে পড়েছে। তাই আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বলব ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছ থেকে ৩ কোটি ৫৫ লক্ষ টাকা যেটার পাওনা বাকি আছে, সেই টাকা যাতে দেওয়ার ব্যবস্থা হয় সেই কারখানাটি যে অবস্থায় এসে চালু হয়েছে—যাতে সেটি বেঁচে থাকে, সেটা দেখার জন্য আমি অনুরোধ করব।

## ZERO HOUR

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ৭-৪-৯২ তারিখের পেপারে দেখেছেন আমাদের রাজারহাট থানার জগৎপুর আদর্শপল্লীর একজন সরকারি কর্মচারী এবং আমাদের পার্টির সদস্য জগদীশ দে কে খুন করা হয়েছে। কিভাবে খুন করা হয়েছে সেটা আমি বলছি, শুনে আপনি স্তম্ভিত হয়ে যাবেন। তার পক্স হয়েছিল, সেই ব্যক্তি বিছানায় রাত্রে ঘুমাচ্ছিল, জানালা দিয়ে কলা গাছের উপরের যে অংশটা বেল্লো সেটাকে বস্তায় বেঁধে ৫ লিঃ পেট্রোল ঢেলে আগুন দিয়ে তার গায়ের উপরে দিয়ে দেওয়া হয়েছিল, ফলে তার সমস্ত শরীর আগুনে জ্বলে দগ্ধ হয়ে যায়। ঐ অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে গেলে সে মারা যায়। এই হিংস্র বর্বরোচিত ঘটনা সমস্ত মধ্যযুগীয় বর্বরতাকে ছাপিয়ে গেছে। দুর্ভাগ্যক্রমে যারা ধরা পড়েছে তারা কংগ্রেস এবং বি জে পি-র কর্মী। স্যার, এই প্রসঙ্গে আমি বলতে চাই, বছর আড়াই আগে জনপ্রিয় পঞ্চায়েত সদস্য কমরেড সমর দে কে খুন করা হয়, তাকে যারা খুন করে সেই খুনীরা আজও ঘুরে বেড়াচ্ছে। এই ব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব এই খুনের চেহারা যে কত জঘন্যতম হতে পারে তা বলার নয়, এই ষড়যন্ত্রের সঙ্গে যারা জড়িত এবং যে সমস্ত অপরাধীরা এই ব্যাপারে যুক্ত আছে তাদেরকে অবিলম্বে ধরার ব্যবস্থা হোক এবং আইন অনুযায়ী সর্বোচ্চ শাস্তি দেওয়া হোক। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের জনসাধারণকে অবহিত করা হোক যেভাবে ষড়যন্ত্রের পিছনে কংগ্রেস বি জে পি যুক্ত হয়ে হাত মিলিয়ে সংগঠিত হয়েছে তাতে আমাদের পশ্চিমবাংলায় তারা ফিয়ারসাইকোসিস তৈরি করতে চায়। আগামী দিনে পঞ্চায়েত নির্বাচন হবে, আমাদের এখানে একটা গণতান্ত্রিক পরিমন্ডল বজায় আছে তারা সেটাকে নষ্ট করে দিতে চাইছে, তাই আমি এই ঘটনার বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছি, আপনাদের সহযোগিতা চাচ্ছি, এবং মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারে হস্তক্ষেপ করতে অনুরোধ করছি।

**শ্রীমতী মিনতী ঘোষ :** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই সভায় উপস্থাপিত করছি এবং আমি প্রয়োজনীয় সাহায্য প্রার্থনা করছি। নব গঠিত দক্ষিণ দিনাজপুর জেলায় কোনও শিল্প কারখানা নেই। তাই আমি আপনার মাধ্যমে ভারত সরকারের কাছে দাবি করছি যে নব গঠিত দক্ষিণ দিনাজপুর জেলার আত্রেয়ী নদীর পাশে একটি গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হোক। কেন না, বাংলাদেশের রাজশাহীর চলনবিলে ভুরি ভুরি গ্যাস পাওয়া যায়। সেই গ্যাসটাকে কাজে লাগিয়ে যদি দক্ষিণ দিনাজপুর

জেলায় কোনও গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা যায় তাহলে সেই বিদ্যুতের মাধ্যমে শুধু দক্ষিণ দিনাজপুরই নয় সমগ্র উত্তরবঙ্গে কারখানা স্থাপনের অন্যতম প্রয়োজন যে বিদ্যুৎ সেই বিদ্যুতের চাহিদা মেটাবে এবং আমাদের শিল্পবিহীন জেলায় এই বিদ্যুতের মাধ্যমে আগামীদিনে একটা উন্নত জেলা হিসাবে স্থান পাবে। তাই আমি আপনার মাধ্যমে ভারত সরকারের কাছে এই দাবি করছি যে বাংলাদেশের সরকারের সঙ্গে এই কথাবার্তা বলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের সীমান্ত এলাকা হচ্ছে জওগাঁও। এই জায়গাও ভুটান সীমান্তের কাছাকাছি। এই জওগাঁওয়ের কাছাকাছি ভুটান রাজ্যের একটি শহর হচ্ছে ফুন্ট শিলিং। আজকে উত্তরবঙ্গে শিল্পোন্নয়ন প্রয়োজন তাই আমি অনুরোধ করছি ভুটান বর্ডারের কাছাকাছি জাওগাঁও থেকে কুমারগ্রাম এবং ভায়া কালচিনি, রাজাভাতখাওয়া, হাতিপোতা, জয়ন্তী, আলিপুরদুয়ার, তুড়তুড়ি থেকে সঙ্কোষ পর্যন্ত এই রাস্তাটি ২০০ কিলোমিটার এবং এই রাস্তাটিকে জাতীয় সড়কে উন্নতি করলে সেখানকার মানুষদের সুবিধা হয়। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার সি আর ফান্ডে ৪৫ কোটি টাকা দিয়েছে। ওই রাস্তাটির উন্নতি করলে সেখানে নতুন নতুন কারখানা, নতুন নতুন শিল্প স্থাপন হবে এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হবে এবং পিছিয়ে পড়ার মানুষের উপকার হবে এবং ১১২টি চা বাগানের লক্ষ লক্ষ শ্রমিক-এর উন্নতি হবে। আমি আশা করি অবিলম্বে সেখানকার ব্যবস্থার উন্নতি হবে এবং জয়ন্তীতে ডলোমাইট দিয়ে সিমেন্ট কারখানা করে দেবার সুযোগ হবে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখলাম কয়েকদিন আগে দিল্লিতে সারা ভারতের বিভিন্ন রাজ্যের বিদ্যুৎমন্ত্রীদের একটা সম্মেলন হল। সেই সম্মেলনে সিদ্ধান্ত হয় যে কৃষি ক্ষেত্রে ইউনিট পিছু ৫০ পয়সা দিতে হবে। আগে কৃষি ক্ষেত্রে কোনও চার্জ নেওয়া হত না। কিন্তু এখন ৫০ পয়সা করে চার্জ নেওয়া হলে চাষীদের খুব অসুবিধা হবে। তাই আমি রাজ্য সরকারে কাছে আবেদন করছি এই ব্যাপারটা পুনর্বিবেচনা করা হোক এবং চাষীদেরকে এই সঙ্কটের হাত থেকে বাঁচানো হোক।

**শ্রী ইউনিস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন ও শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পরীক্ষার আগে ঘোষণা করা হয় যে পরীক্ষার্থীদের জন্য সমস্ত জায়গায় বাসের ব্যবস্থা করা হবে। কিন্তু আমার কেন্দ্রে এবং আমাদের জেলার বিভিন্ন জায়গায় আমরা দেখছি যে নির্দিষ্ট বাসগুলির চলার কথা সেই বাসগুলিও মালিকরা চালাচ্ছে না। আমরা দেখছি যে শহর এলাকায় শিক্ষার্থীদের জন্য ঘোষণা করা হচ্ছে যে অমুক, অমুক বাস অমুক অমুক জায়গা দিয়ে চলাচল করবে। গ্রাম এলাকায় ছাত্র-ছাত্রীরা বাস পাচ্ছে না তারজন্য তারা অসন্তুষ্ট হচ্ছে। তাই গ্রাম এলাকাতে এবং জেলাতে যাতে বাসগুলি ঠিকভাব চলাচল করে সেটা দেখা প্রয়োজন। নইলে এই ধরনের ঘোষণা বন্ধ করা হোক, নইলে এই সমস্ত ঘোষণা আমদের ক্ষতিগ্রস্ত করছে।

[1-30 — 2-00 P.M. (including adjournment)]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ব্যাপারটি হচ্ছে যে, বীরভূম জেলার খয়রাসোলের অন্তর্গত ভীমগড়ে স্থানীয় বামফ্রন্টের নেতা শ্রী ধরণীধর হালদার নৃশংসভাবে খুন হয়েছেন। তিনি সোমবার রাত্রে দুর্গাপুর থেকে ফেরবার সময়, বাড়ি ফেরবার সময় তিনি নৃশংসভাবে খুন হন। এই খুন পরিকল্পিত এবং মানসবাবুদের যে দল সেই দল খুন করেছে। সারা বীরভূম এরা অত্যাচার করছে। বোলপুরে কালীমন্দিরে বি জে পি-কে নিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করবার চেষ্টা করছে। খয়রাসোলে বামফ্রন্টের নেতাকে খুন করল। এই কংগ্রেস দল, মানসবাবুদের যে দল সাংঘাতিকভাবে আতঙ্ক সৃষ্টি করছে। পঞ্চায়েত নির্বাচন আসছে। এরা প্রিপেয়ারর্ড হচ্ছে যে, কিভাবে বামফ্রন্টের বিভিন্ন নেতা এবং কর্মচারিকে খুন করবে তারই পরিকল্পনা চলছে। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে দোষীদের ধরে চরমতম শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে একমাত্র জেলা যেখানে কোনও মহকুমা নেই। এখানে বহুদিন মহকুমা হবে বলে ঠিক হয়ে আছে। এখানকার ২২ লক্ষ লোককে মালদা শহরে আসতে হয়। চাঁচলে মহকুমা হবে বলে স্থিরীকৃতও হয়। জায়গাও দেওয়া হয়েছে, এটা কমিটিও করা হয় এবং জেলা শাসকও নিয়োগ করা হয় কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। পশ্চিম দিনাজপুর ভাগ করে বামফ্রন্ট সরকার মানুষের আশীর্বাদ পেয়েছেন। আমি অনুরোধ করব মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যাতে অবিলম্বে চাঁচলে মহকুমা হয় তার ব্যবস্থা করা হোক।

**মিঃ স্পিকার ঃ** আজকেও মৎস্যমন্ত্রী মাছ খাওয়াবেন এবং আশা করি গতবারের মতোন এবারে হবে না।

(At this stage the House was adjourned till 2 P.M.)

[2-00 — 2-10 P.M.]

(After Adjournment)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NO. 51

**Mr. Speaker :** There are three Cut Motions to Demand No. 51. All the cut motions are in order and taken as moved.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Sobhan Deb Chottopadhyay :** Sir, I beg to move that the

amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মৎস্য দপ্তরের ব্যয়-বরাদ্দের উপর বলতে উঠে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের যে কাটমোশন আছে তা সমর্থন করছি। গত বারের থেকে এইবার একটা আশাপ্রদ খবর আছে। গত বছর মৎস্য দপ্তর থেকে যে খাবার দেওয়া হয়েছিল তা খেয়ে অনেকে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছিলেন। আজকে যে খাবার দিয়েছেন তা খেয়ে অনেকটা ভাল লাগল। আশা করছি, কাল সকাল পর্যন্ত ভাল থাকব। স্যার, মৎস্য দপ্তরের ব্যয়-বরাদ্দ যদি দেখেন তাহলে এই বছরের বাজেট নিঃসন্দেহে আগের থেকে অগ্রগতি হয়েছে। গত বছর আপনাদের শুধু হেড অফ অ্যাকাউন্ট ২৪০৫ ফিশারিশে মোট ব্যয় বরাদ্দ ছিল ২২ কোটি ৫৩ লক্ষ ৭২ হাজার টাকা। কিন্তু অসীমবাবুর কোপ এই মৎস্য দপ্তরের উপরেও পড়েছিল। তার ফলে ২২ কোটি ৫৩ লক্ষ টাকার বাজেট যেখানে ছিল রিভাইজড এস্টিমেটে আসছে মাত্র ১৫ কোটি ৭১ লক্ষ টাকা। প্রায় ৭ কোটি টাকা মৎস্য দপ্তরের বাজেট এস্টিমেটে কমিয়ে দেওয়া হয়েছিল। সুতরাং এই সরকার ফিশারির উপর কতটা গুরুত্ব দেয় বাজেটের বরাদ্দে যাকে ডাসট্রিক কাট বলে তার থেকেই তা বোঝা যাচ্ছে। তার ফলে যেটা হয়েছিল সেটা হচ্ছে, ১৯৯০-৯১ এ অ্যাকচুয়াল ছিল, খরচ হয়েছিল যেখানে ১৬ কোটি ৭৪ লক্ষ টাকা সেখানে গত বছর রিভাইজড এস্টিমেটে সেই বাজেট বরাদ্দ এসে দাঁড়িয়েছিল ১৫ কোটি ৭১ লক্ষ টাকায়। তার মানে ৯০-৯১ সালের অ্যাকচুয়াল থেকেও গতবার রিভাইজড এস্টিমেট কম হয়েছিল এবং এখনও আমরা কতটা অ্যাকচুয়াল খরচ হয়েছে জানি না সেটা যখন ফিগার সব আসবে তখন জানা যাবে। সুতরাং এই যে মেন হেড ফিশারিস হেড এই হেডে ২৭ কোটি ৬ লক্ষ টাকার মতোন খরচ হয়েছে। এ ছাড়াও অন্য দুটি হেড আছে। এই দপ্তরের আপনি জানেন স্যার, ক্যাপিটাল আউটলে অন ফিশারিস সেখানে প্রায় ১ কোটি ৬৭ লক্ষ টাকার প্রভিসন রয়েছে। সেটাও আপনাকে বলি যে সেটা ১৯৯০-৯১ সালে যে বাজেট বরাদ্দ ১ কোটি ৭৪ লক্ষ টাকা আমি আবার রিপিট করছি, ক্যাপিটাল আউটলে অন ফিশারিসে এবারে বাজেট বরাদ্দ ধরা হয়েছে ১ কোটি ৬৭ লক্ষ টাকা। শুনলে স্যার, আশ্চর্য হয়ে যাবেন যে ১৯৯০-৯১ সালে অ্যাকচুয়াল যেটা খরচ হয়েছিল সেটা হচ্ছে ১ কোটি ৭৪ লক্ষ টাকা। তার থেকেও কম এবারের বাজেট বরাদ্দ দাঁড়িয়েছে। তাহলে কি হল? মূল যে ক্ষেত্র ফিশারিস, তাতে গতবার রিভাইজড এস্টিমেটে দাঁড়িয়েছিল ১৯৯০-৯১ সালের অ্যাকচুয়ালের থেকে কম। এবারে ক্যাপিটাল আউটলে অন ফিশারিস-এ বাজেট বরাদ্দ ধরা হয়েছে ১৯৯০-৯১ সালের চেয়ে কম। এর থেকেই বোঝা যাচ্ছে ফিশারিস যে গুরুত্ব দেওয়া দরকার এই সরকারের কাছ সেই গুরুত্ব পাওয়া যাচ্ছে না। আবার লোনস ফর ফিশারিস— এতে মূলত কো-অপারেটিভগুলিকে লোন দেওয়া হয় সেখানে যদি দেখেন তাহলে দেখবেন সেখানে বাজেট বরাদ্দ একটু বেড়েছে। গতবার ২ কোটি ৫ লক্ষ টাকা ছিল, সেটা রিভাইজড এস্টিমেটে বেড়ে হয়েছিল ২ কোটি ১৯ লক্ষ টাকা, সেটা বেড়ে হয়েছে ২ কোটি ৩০ লক্ষ টাকা। সুতরাং আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে ৩১ কোটি টাকা নিশ্চয় অন্যান্য বারের চেয়ে ইমপ্রুভমেন্ট কিন্তু অ্যাকচুয়াল—রিভাইজড এস্টিমেট এবং অ্যাকচুয়াল

গিয়ে কতটা খরচ হচ্ছে সেটা না দেখলে বাজেট বরাদ্দ বোঝা যাবে না। তার কারণ আমরা প্রতিবারই দেখছি যে রিভাইজড এস্টিমেট কমে যাচ্ছে এবং অ্যাকচুয়াল আরও কম। এই প্রসঙ্গে একটা কথা বলি, এই বামফ্রন্ট সরকার সম্বন্ধে জেনারেলি আমাদের সমালোচনা হচ্ছে যে এটা মাহিনা দেওয়ার সরকার। এই একটা দপ্তর-মৎস্য দপ্তর যেখানে দেখলাম প্ল্যানের খরচ নন প্ল্যানের চেয়ে বেশি। এখানে ফিশারিসের মেন হেডে ২৭ কোটি টাকা যেটা ধরা হয়েছে সেখানে নন প্ল্যান খরচ হচ্ছে ৪ কোটি ৩০ লক্ষ টাকা আর বাকি প্রায় ২৩ কোটি টাকা প্ল্যানে ধরা হয়েছে। এক একটা দপ্তর যেখানে প্ল্যানে বেশি টাকা খরচ করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু সেই পরিমাণ টাকা বাজেট এস্টিমেটে ইনক্রিমেন্ট হচ্ছে না। গত বছর বিশেষ ভাবে ওরা মার খেয়েছেন। এর আগে ফিশারিস দপ্তর সাধারণভাবে নেগলেকটেড দপ্তর ছিল কিন্তু বর্তমান মৎস্যমন্ত্রীর উদ্যোগের ফলে এবং কিছুটা জনসংযোগের কারণে কিনা জানি না উনি কিছুটা মৎস্য দপ্তরকে পাদ প্রদীপের আলোকে আনতে পেরেছেন। যেটা প্রায় আমাদের সুব্রত মুখার্জি মহাশয় বলেন যে দূরদর্শনে প্রায়ই মাছ খাওয়া যায়। দূরদর্শনে মৎস্য দপ্তরের যতটা প্রচার হয় অন্য দপ্তরের ততটা হয় না। মন্ত্রীর উদ্যোগেই হোক, যে কোনও কারণেই হোক দূরদর্শনে এই মৎস্য দপ্তর প্রচুর প্রচার পায়। ওর কিছুটা প্রশংসা করতে হয়। কিন্তু এসব সত্ত্বেও যে পয়েন্টে আমি স্টার্ট করেছিলাম আবার সেখানেই ফিরে আসছি। আমার কথা হচ্ছে, পশ্চিমবঙ্গ কিন্তু মৎস্যচাষে স্বয়ংভর হল না।

[2-10 — 2-20 P.M.]

পশ্চিমবাংলায় নিশ্চয়ই গত কয়েক বছর থেকে মাছের উৎপাদন বেড়েছে। এই উৎপাদন বৃদ্ধি প্রশংসাযোগ্য সেটা পরে বলব। কিন্তু এখন আপনি নিশ্চয়ই জানেন উত্তরপ্রদেশের ইটাওয়া থেকে ফ্রেশ ওয়াটার ফিশ এখনও আনতে হয়, চিল্কা থেকে প্রতি দিন ট্রেন ভর্তি করে আইস্‌ড ক্যারিয়েজে ফিশ আনতে হয়। বাঙালিরা প্রধানত ফিশ ইটিং পিপল। যেখানে অন্যান্য রাজ্যে মাছের এত চল নেই, সেখানে পশ্চিমবাংলায় ফিশ ইটিং পিপল বাস করে। মেন প্রোটিন মাছ থেকে বাঙালিরা পায়। সেখানে কিন্তু আমরা এখনও পর্যন্ত স্বয়ংসম্পূর্ণ হতে পারিনি। কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে বলব, উনি উনার বাজেট বক্তৃতায় বলেননি কতদিনের মধ্যে পশ্চিমবাংলা মাছে সেলফ সাফিসিয়েন্ট হতে পারবে। একটা দাবি মন্ত্রী মহাশয় করেন, কিছুটা সত্যতা তার মধ্যে অবশ্য আছে, বাজারে মাছের দাম সেইরকম ভাবে বাড়েনি অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের তুলনায়। এর কৃতিত্ব নিশ্চয়ই কিছুটা মন্ত্রী মহাশয়ের আছে। কিন্তু মাছের দাম কমে নি। তবে বাজারে মাছ পাওয়া যায়, কাটা পোনা ৩০ টাকায় পাওয়া যাচ্ছে। কিন্তু দাম কমেনি। একটা স্টেডিনেস রয়েছে, যেখানে বেগুনের দাম নয় টাকায় পৌঁছেছে, সেখানে মাছের দাম সেই পরিমাণে বাড়েনি। কিন্তু প্রোডাকশন বেড়েছে। এটা ঠিক। কিন্তু সঙ্গে সঙ্গে বলি, বেগুন তো বাইরে থেকে আসে না, পশ্চিমবাংলায় তৈরি হয়। কিন্তু মাছ যেটা শর্টেজ হচ্ছে, সেটা বাইরে থেকে চলে আসছে। আপনি ডিমান্ড এবং সাপ্লাই এর মধ্যে একটা প্যারিটি রাখতে পেরেছেন। কিন্তু আপনি ইমপোর্ট ফ্রম আউট সাইড স্টেট, সেটা আপনি বন্ধ করতে পারেন নি। একটা ব্যাপার হচ্ছে মৎস্য চাষ ব্যাপারটা হচ্ছে লেবার ইনটেনসিভ, সেখানে মৎস্য চাষীদের মধ্যে যত বেশি লোক নিয়োগ করা যেতে পারে তত আমাদের পক্ষে লাভজনক হতে পারে। সেই পরিমাণ এখনও পর্যন্ত করা যায়নি। সেটা

বাজেটের অপ্রতুলতার জন্য হয়েছে, বরাদ্দ কম আছে বলে হয়নি। মন্ত্রী মহাশয় সেই অপ্রতুলতার মধ্যেও মিট আপ করার চেষ্টা করছেন বা ফেস করছেন। আপনি জানেন ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এখন সবচেয়ে বড় মৎস্য উৎপাদক। এই ব্যাপারে কোনও সন্দেহ নেই এবং ইনল্যান্ড ফিশারি রিসোর্সেস থেকে যত মাছ উৎপাদন হয়, তার এক তৃতীয়াংশ আসে পশ্চিমবাংলার বিভিন্ন সোর্স থেকে এবং ফিশ সিড প্রোডাকশনে পশ্চিমবাংলা প্রায় ৬৫ পারসেন্ট ফিশ সিড প্রডিউস করে। সেটা কিন্তু শুধু সরকারি উদ্যোগে নয়। আপনি বাঁকুড়ার লোক, আপনি জানেন বাঁকুড়ার সিমলাপালে ছোট ছোট মাছের চারা তৈরি হয়, বেসরকারি উদ্যোগে, ছোট ছোট মৎস্য চাষীরা নিজের উদ্যোগে করে। কিন্তু ফিশ সিড প্রডাকশনের ৭৫ পারসেন্ট প্রডিউস হচ্ছে এর দ্বারা। আপনি নিশ্চয়ই প্রস্তাব দেবেন, যারা ফিশ সিড প্রডাকশন করেন, তারা ছোট ছোট মানুষ যেমন বাঁকুড়া জেলায় আছে, তাদের সম্পর্কে মন্ত্রী মহাশয়ের বক্তব্যে কোনও উল্লেখ নেই। আর এই যে ব্রাকিশ ওয়াটার ফিশারি, এই ব্রাকিশ ওয়াটার ফিশারি, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা প্রথম। ব্রাকিশ ওয়াটার ফিশারি সারা ভারতবর্ষে আছে ৩৫ হাজার হেক্টার, তারমধ্যে পশ্চিমবাংলায় আছে ১৮ হাজার হেক্টার। এর থেকে প্রতি বছর প্রডিউস যা হয়, শ্রিমপস, বাগদা, এটা নিঃসন্দেহে ভাল। এখন ভারতবর্ষে সাধারণ ভাবে মাছের উৎপাদন বাড়ছে। আপনি নিশ্চয়ই জানেন ৭.৮২ লক্ষ টন ছিল মাছের উৎপাদন ১৯৫১-৫২ সালে। সেটা বেড়ে এখন দাঁড়িয়েছে ৩৮.৩৬ লক্ষ টন। পশ্চিমবঙ্গ হচ্ছে ফিশ ইটিং পপুলেশন।

আপনি যদি নিউট্রিশনাল রিকয়্যারমেন্ট ধরেন, তাহলে সেটা পারক্যাপিটাল ১১ কেজি হওয়া উচিত। বছরে ১১ কেজি কেউ মাছ খেলে ফিশ ইটিং থেকে যথেষ্ট নিউট্রিশনাল ভ্যালু সে পাবে। এখন পর্যন্ত প্রোডাকশন কত হচ্ছে? ৭.৫ কে জি এখন পর্যন্ত পাচ্ছি। যদি আমাদের নিউট্রিশনাল রিকোয়ারমেন্ট ফিল আপ করতে হয় তাহলে ২০০০ খ্রিস্টাব্দে আমাদের উৎপাদনকে ৬০ লক্ষ টন নিয়ে যেতে হবে। আমি মন্ত্রীর কাছে জানতে চাই ওর ২০০০ সাল পর্যন্ত প্রসপেকটিভ প্ল্যানিং কি? এখন পর্যন্ত কিছু কিছু প্ল্যান নিয়েছেন, সেগুলো আমরা দেখেছি। কিন্তু সামগ্রিক প্রসপেকটিভ প্ল্যানিং কি? পশ্চিমবাংলা, যেখানে লার্জ ফিশ ইটিং পপুলেশন আছে, সেখানে উনি কি ভাবছেন? ২০০০ সালের মধ্যে ১১.৫ কে জি পার ক্যাপিটায় নিয়ে যেতে পারবেন কিনা দেখা দরকার। যে কথা আমি আগেই বলেছি যে, পশ্চিমবাংলায় ব্রাকিশ ওয়াটার, মানে স্লাইটলি সল্টি ওয়াটারে সব চেয়ে বেশি মাছ চাষ হয় এবং পশ্চিমবাংলায় এখনও প্রোডাকশন বাড়াবার যথেষ্ট উপায় আছে। কিন্তু আপনি জানেন স্যার, পশ্চিমবাংলায় এই যে ব্রাকিশ ওয়াটার মাছ চাষ, এর প্রোডাকশন খুবই কম। পৃথিবীর অন্যান্য দেশে এই ব্রাকিশ ওয়াটার মাছ চাষের প্রোডাকশন এর চেয়ে অনেক বেশি। আমাদের এটা বাড়াতে হবে, কিন্তু কি করে? আমাদের ব্রাকিশ ওয়াটার মাছের প্রোডাকশন যদি বাড়াতে চাই তাহলে সে অনুযায়ী ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে হবে। মডার্ন টাইপের ইনফ্রাস্ট্রাকচার প্রয়োজন। যাতে আরও লবণাক্ত জলে আরও বেশি মাছ চাষ করা যায় তারজন্য ইনফ্রাস্ট্রাকচারের ব্যবস্থা করতে হবে। অবশ্য আমি এখানে বলব যে, মাননীয় মন্ত্রীর বলিষ্ঠতা আছে। তিনি কাগজে বিজ্ঞাপন দিয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহযোগিতায় মাছ চাষ শুরু করেছেন। স্যার, আপনি শুনলে খুশি হবেন, অসীমবাবুকে বার বার বলা সত্ত্বেও এখন পর্যন্ত তিনি বললেন না যে,

ওয়ার্ল্ড ব্যাঙ্ক কি কি শর্তে তাদের সাহায্য দিচ্ছে। কিন্তু মাননীয় মৎস্য মন্ত্রী কাগজে বিজ্ঞাপন দিয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্য প্রাপ্ত মাছ চাষ প্রকল্প শুরু করলেন। গত ১লা এপ্রিল মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী বলরাম জাখর 'মীন দ্বীপে' প্রকল্প উদ্বোধন করলেন। কাগজে আমরা দেখলাম। আশা করি এপ্রিল ফুল নয়। ১লা এপ্রিল থেকেই আমাদের ৮ম পরিকল্পনা শুরু হয়েছে। মীন দ্বীপে নতুন প্রোজেক্টের কাজ শুরু হয়েছে। প্রোজেক্টটি হচ্ছে Brakish water area of 1,546 hectars in five sites and 1860 hectars are falling within 17 ox-bows (lakes) in five districts including a total cost of Rs. 101.23 crores. ওরা ১০১.২৩ কোটি টাকার ব্রাকিশ ওয়াটার প্রকল্প, ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রকল্প গ্রহণ করেছেন। যখন এই প্রকল্প পুরো তৈরি হবে তখন ৩১০০ টন শ্রিম্প বছরে পাওয়া যাবে এবং তাতে ২১ মিলিয়ন ইউ এস ডলার বছরে পাওয়া যাবে। পাঁচটি জেলা মিলিয়ে ১০১ কোটি টাকার প্রকল্প রূপায়িত হবে। মীন দ্বীপ দিয়ে সে কাজ শুরু হয়েছে। সুতরাং এতে কতটাকার ফরেন এক্সচেঞ্জ কমপোনেন্ট আছে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কত টাকার সাপোর্ট আছে, কি টার্মস-এ ওয়ার্ল্ড ব্যাঙ্ক লোন দিয়েছে—মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে তার বিশেষ কোনও উল্লেখ নেই—আমি আশা করি মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণের সময় আরও গভীরভাবে, বিস্তারিত ভাবে আমাদের বলবেন। এটা ঠিক যে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার ক্ষেত্রে যে টাকার প্রয়োজন সে টাকা আমাদের রাজ্যের নেই। আমরা দেখছি মন্ত্রীর বাজেট হচ্ছে ৩১ কোটি টাকার, তারমধ্যে একটা বড় অংশ ৫/৬ কোটি টাকা চলে যাচ্ছে মাইনে দিতে। আর এই প্রোজেক্টটা হচ্ছে ১০১ কোটি টাকার। সুতরাং মন্ত্রী দেবেন কোথা থেকে? ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যেতেই হবে। মনমোহন সিং গেলেই দোষ, রাজ্য সরকার গেলে কোনও দোষ নেই! এই প্রকল্পের কাজ শুধু পশ্চিমবাংলায় হচ্ছে না, পশ্চিমবাংলাকে নিয়ে মোট ৫টি রাজ্যে হচ্ছে। অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যা, বিহার প্রভৃতি রাজ্যেও হচ্ছে। টোটাল ইনভেস্টমেন্ট ২৮৭ কোটি টাকা। খুবই অ্যাম্বিসিয়াস প্রোজেক্ট, ১৪ হাজার মৎস্যজীবী পরিবার এর মাধ্যমে উপকৃত হবে। আমি মন্ত্রী মহাশয়কে এই প্রোজেক্ট শুরু করার জন্য অভিনন্দন জানাচ্ছি এবং অনুরোধ করি, তিনি স্পষ্টভাবে বলুন ব্যাঙ্কের কাছ থেকে প্রোজেক্ট চাওয়ায় আমার কোনও হেজিটেশন নেই, লজ্জা নেই আমি ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রোজেক্ট নিয়েছি, বামফ্রন্টের অন্যান্য সদস্যরা যাই বলুন না কেন এটা মন্ত্রীর গর্বের সঙ্গে শক্তভাবে বলা দরকার। আপনি জানেন, ওয়ার্ল্ড ব্যাঙ্ক ভারত সরকারের থ্রু দিয়ে আসে অন্তত একটি দপ্তরের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার-এর কোনও অবহেলার অভিযোগ করার খুব সুযোগ আছে বলে আমার মনে হয় না। কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার এই এফর্টের জন্য সাহায্য করছেন এবং পশ্চিমবাংলায় এর আগে দুটি ব্রাকিশ ওয়াটার প্রোন ফার্ম ১৯৮৭-৮৮ সালে সাংশন করেছিলেন এবং এগুলির কাজ খুব ভালভাবে এগুচ্ছে। সুতরাং আমি মনে করি মাননীয় মন্ত্রী এই ব্যাপারে ক্লিয়ারলি বললেন। এছাড়া আরও দু-একটি পয়েন্ট আমি বলে দিতে চাই যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। কলকাতায় সোয়ারেজ ফিড ফিশারি, ইস্টার্ন সুবারবানে সাহেবরা করেছিলেন। ন্যাচারাল ইকো সাইকেল তৈরি করেছিলেন। সেখানে নোংরা জল চলে যাবে সোয়ারেজ ফিড ফার্মে এবং সেখানে মাছ তৈরি হবে। সেই মাছ কলকাতায় চলে আসবে। তেমনি গারবেজের ইকো সাইকেল হবে। সেখানে গারবেজ চলে যাবে এবং সেই গারবেজ থেকে কপি এবং অন্যান্য শাক-সব্জি তৈরি হয়ে কলকাতায় চলে আসবে এবং সেই গারবেজ ফার্টিলাইজার হয়ে যাবে। একটা ন্যাচারাল ইকো সাইকেল সাহেবরা মেইনটেন

করত। আজকে প্রোমোটারদের চোখ পড়েছে ইস্টার্ন ক্যালকাটার ফিশারির উপর। তারা এক একটি এলাকা দখল করে নিচ্ছে। এত প্রডাকশন হত এই সোয়ারেজ ফিড ফার্ম থেকে যেটা আর নেই সারা পৃথিবীতে। এতে মাছ চাষের ক্ষতি হবে তাই নয়, সামগ্রিকভাবে ন্যাচারাল ইকো সাইকেল নষ্ট হয়ে যাবে। আমি জানি, মাননীয় মন্ত্রী বামফ্রন্টের শরিক হওয়া সত্ত্বেও বড় শরিকের চাপ আছে। ইকোলজির প্রশ্নে মাননীয় মন্ত্রী শক্ত হাতে স্টান্ড নিন। তাহলে যারা এনভায়ারনমেন্টের প্রশ্নে লড়বেন তারা মন্ত্রীর পাশে এসে দাঁড়াবেন সি পি এম থেকে পঙ্কজ মাকাল বেরিয়ে আসায় ফিশারি টেক-ওভারের ব্যাপারে রেজিস্টন্ট দিচ্ছে। ৪ নম্বর যে ভেড়িটা ছিল সেই পঙ্কজ মাকালের ইউনিয়ন আছে। সেখানে মন্ত্রীকে নিয়ে গিয়ে ঘোষণা করা হল, ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন এটাকে টেক-ওভার করল। কিন্তু এতদিনে এটা করা হয়নি। সেই পঙ্কজ মাকাল পার্টি থেকে বেরিয়ে গেল অমনি ৪ নম্বর ভেড়িটা দখল করার জন্য মন্ত্রী বলছেন স্টেট কো-অপারেটিভের হাতে দিয়ে দেব। এই কো-অপারেটিভ সি পি এম তৈরি করবে। আমি জানি, ওর লিমিটেশন আছে। সেই লিমিটেশনের মধ্যেই ওকে কাজ করতে হয়। অন্যদিকে মন্ত্রী ভালই কাজ করছেন কিন্তু এত ছোট ব্যাপারে রাজনৈতিক চাপে কেন উনি মাথা নত করবেন এটা আমি মাননীয় মন্ত্রীকে ভেবে দেখতে বলছি। পশ্চিমবাংলা আজকে ব্রেক-থ্রু করেছে, কিন্তু একটা দিকে করতে পারেন নি। আমাদের কোস্ট লাইন ছোট। মেরিন ফিশারির ক্ষেত্রে সেখানে স্কাই ইজ দি লিমিট। সারা পৃথিবীতে শয়ে শয়ে হাজার হাজার কোটি টাকা ট্রলারের জন্য ইনটারন্যাশনাল ফার্ম খরচ করছে। বিদেশি ট্রলার এসে বে-অফ বেঙ্গলে মাছ ধরে নিয়ে যাচ্ছে। এতে ছোট ফিশারম্যানরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এক্ষেত্রে পশ্চিমবাংলা ব্রেক-থ্রু করতে পারেনি। শঙ্করপুর ফিশারি হারবার তৈরি হয়েছে, কিন্তু দ্যাট ইজ নট এনাফ। আমাদের মেরিন ফিশারির ক্ষেত্রে জোর দেবার সুযোগ আছে। আপনার উদ্যোগ প্রশংসাযোগ্য, কিন্তু এই জায়গায় আপনার বাজেটকে সমর্থন করতে পারছি না এই কারণে, পশ্চিমবাংলাকে এই বাজেট মাছে স্বয়ংসম্পূর্ণ করতে পারবে না মন্ত্রীর উদ্যোগ থাকা সত্ত্বেও এবং বিভিন্ন জায়গায় এই যে দলবাজি চলছে মাছের ভেড়ি নিয়ে, কো-অপারেটিভ নিয়ে যে দুর্নীতি চলছে এবং কৃষ্ণনগর ফিশ ফার্মে যে অব্যবস্থা চলছে তা দূর করতে পারবেন না, তাই এই বাজেটকে আমি বিরোধিতা করছি।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। মাননীয় বিরোধীপক্ষের সদস্য অধ্যাপক সৌগত বাবু বললেন, মোটামুটি সমর্থন করেছেন, তবে বিরোধিতা করার জন্য কিছু বিরোধিতা করলেন, শেষের যে কথাগুলি ঐ পঙ্কজ মাখালকে নিয়ে বললেন সে আলোচনায় আমি পরে আসছি। উনি বললেন না যে, ভারতবর্ষে যতগুলি রাজ্য আছে তার মধ্যে আমাদের রাজ্যের মৎস্য দপ্তর প্রথম স্থানে রয়েছে এবং পর পর ৪ বার ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। রিসোর্সটা দেখতে হবে। গোটা ভারতবর্ষে মৎস্য উৎপাদন, মাছের উপরেও যে জীবন জীবিকা নির্বাহ করা যায় সেটা চিন্তা করতে হবে। গোটা ভারতবর্ষে সোর্স অনেক বেশি, সেই তুলনায় পশ্চিমবঙ্গের সোর্স অনেক কম। একটা বই দেওয়া হয়েছে, বাজেট, বাজেটটা উনি বোধহয় ভাল করে পড়েন নি, বইটাতে দেখবেন সমস্ত রাজ্যে যে যে জায়গাগুলি আছে জলাশয়গুলির পরিমাণ দেখবেন, আমাদের ৩.৩৫

হেক্টর, হাজারে দেওয়া আছে, সেই জায়গায় অন্ধ্রে ৭.৫১ তামিলনাড়ুতে ৮.০১, উত্তরপ্রদেশে ৪.৪৫ এইভাবে দেওয়া হয়, সেই তুলনায় আমাদের মাছের চাষ অনেক বেশি। কিন্তু অন্যান্য জায়গায় মাছের চাষ করা যায় আরবসাগর, বঙ্গোপোসাগর এবং ভারতমহাসাগর এইগুলিকে যদি ভৌগোলিক দিক থেকে দেখা যায় তাহলে ওখানেও মাছের চাষ করা যায়। ভারত সরকার কোনওদিন এদিকে নজর দেন নি, তখন এটা একটা নেগলেকটেড দপ্তর ছিল দীর্ঘদিন ধরে আপনাদের দৃষ্টিভঙ্গিতে। বামফ্রন্টের আমরা আসার আগে আপনাদের সময়ে মৎস্য মন্ত্রী কে ছিলেন আপনারা বোধহয় তাও জানতেন না সেই চিন্তাধারাও আপনাদের ছিল না। মৎস্য দপ্তরকে নিয়ে সাধারণ মানুষের সঙ্গে কাজ করা যায়, গরিব মানুষের উপকারে লাগানো যেতে পারে, এর থেকে জীবনজীবিকা নির্বাহ করানো, এবং মানুষকে একটা পরিমাণ অর্থনৈতিক সাহায্য করা যেতে পারে এই সব চিন্তা আপনাদের কিছুই ছিল না। তখন কিছু কো-অপারেটিভ, কিছু ফড়িয়া কিছু দালালের কিছু টাকা পাইয়ে দেবার দপ্তর করেছিলেন, কিন্তু এখন আর সেটা নেই। এখন এটা গরিব মৎস্যজীবী পেশাগত এবং জাতিগত দিক থেকে যারা মাছের চাষ করেন তাদের জীবন জীবিকার প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। শুধু তাই নয়, এই দপ্তর এখন যে শুধু মাছ চাষের দপ্তর তাই নয়, পরিবেশ দূষণ যেটা হয় সেটা এর দ্বারা মুক্ত করা যেতে পারে। ইকলজির কথা বলছিলেন, ঠিকই বলছিলেন এতদিন এ ভাবনা আপনাদের ছিল না আপনাদের গরিব মানুষের জন্য তো সূক্ষ্ম অনুভূতি ছিল না, তাদের জন্য চিন্তা করতেন? মৎস্যজীবীদের জন্য স্কীম খোলা যায় ভেবেছিলেন কোনওদিন, কখনও ভাবেন নি। মাথা না থাকলে মাথা ব্যথা থাকবে কি করে? এখন ১১৫১৭টি বাড়ি গরিব মৎস্যজীবীদের জন্য করে দেওয়া হয়েছে। চালাঘরও করে দেওয়া হয়েছে, মৎস্য দপ্তর থেকে। এতে মোট ৪৪.৪১ লক্ষ মানুষের কর্মসংস্থান হয়েছে, এই জিনিস কোনওদিনই আপনারা ভাবেন নি। কোনওদিন ভেবেছিলেন মৎস্যজীবীদের একটা জায়গায় নিয়ে যাওয়া যাবে, যারা বৃদ্ধ হয়েছেন, সারা জীবন মাছ চাষ করলেন, মাছ উৎপাদন করলেন, সমাজের লোককে মাছ খাওয়ালেন এবং পানা পুকুর পরিষ্কার করে পরিবেশ তৈরি করলেন তাদের জন্য চিন্তা কোনও চিন্তা করেছিলেন? করেন নি। বার্ধক্যভাতা যে মৎস্যজীবীদের দেওয়া যায় সে কথাও চিন্তা করেন নি, কিন্তু এখন তা দেওয়া হচ্ছে। ১৯৯০-৯১ সালে দেড় হাজার এবং ১৯৯১-৯২ সালে দেড় হাজার জনকে, কোনও লক্ষ্য মাত্রা নেওয়া হয় নি। এখান থেকে শিখছেন, অন্যান্য রাজ্যে যারা আছেন তারা ভাবছেন এই সব পরিকল্পনাগুলি নেওয়া যায় কিনা? আপনারা এটা কোনওদিনই ভাবেন নি। যেসব মৎস্যজীবী সমুদ্রে মাছ ধরতে যায়, মেরিনের কথা বললেন, মৎস্য বন্দর হয়েছে শঙ্করপুরে ট্রলার দিয়ে মাছ ধরার কথা হয়েছে। গভীর সমুদ্রে নয়, উপকূল অঞ্চলে ডায়মন্ডহারবারে ট্রলার এবং মেকানাইজড বোট দিয়ে মাছ ধরার চেষ্টা হচ্ছে। অ্যাকসিডেন্ট হলে সমুদ্রে জীবন হানি হলে তাদের জন্য জীবন বিমা প্রকল্প চালু করা হয়েছে, আপনারা এইসব প্রকল্পের কথা কোনওদিন ভেবেছেন?

[2-30 — 2-40 P.M.]

ভাববেন কি করে অবকাশ ছিল কি? অনুভব ছিল না, মাথাও ছিলনা। আজকে ৬৯,০০০ মৎস্যজীবীকে জীবন বিমা প্রকল্পের মধ্যে আনা গেছে। আজকে শুধু ভেড়িতে নয় ; পুকুর, জলাশয় সর্বত্র মৎস্য চাষ হচ্ছে, মৎস্য দপ্তর থেকে ব্লকে ব্লকে মাছের সিড বিলি করা

হচ্ছে। আজকে গরিব মানুষকে মাছের চারা বিলি করা যাচ্ছে এবং তার থেকে তারা জীবন-নির্বাহ করছেন, তাদের অন্ন সংস্থান হচ্ছে। এই চিন্তা আপনাদের ছিল না। আপনাদেরই এক সদস্য এখানে অকপটে স্বীকার করলেন যে, এই দপ্তর আজকে ভারতবর্যে একটা স্থান করে নিতে পেরেছে। আমরা শুনেছিলাম, প্রয়াত রাজীব গান্ধীর আমলে যখন আমাদের কিছু কিছু দপ্তর ভাল কাজের জন্য প্রাইজ পেত, আপনারা সেই প্রাইজ যাতে না দেওয়া হয় তার চেষ্টা করতেন। আজকে পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদন বেড়ে যাচ্ছে, কাজেই আপনারা চেষ্টা করুন না যাতে এই দপ্তরকে প্রাইজ দেওয়া বন্ধ করা হয়! এখানে নোনাজলে মৎস্য চাষ সম্বন্ধে কথা উঠেছে। মীন দ্বীপ প্রকল্প এটা তো একটা বড় প্রকল্প। সেখানে প্রায় ৪০ কিলোমিটার এলাকায় নোনাজলে মাছের চাষ হবে। তাতে ১০,০০০ মানুষ কাজ পাবেন, বরফ কারখানা, প্রসেসিং কারখানা ইত্যাদি সব সেখানে হবে। এসব কোনওদিন আপনারা ভেবেছেন? ঐ প্রকল্প ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় হচ্ছে। আজকে মেদিনীপুর জেলা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার নিম্নাংশে নোনাজলের সঙ্গে মিষ্টিজলের সংযোগ ঘটিয়ে বিরাট বিরাট সব মৎস্য প্রকল্প গড়ে তোলা হচ্ছে। এইভাবে মাছের উৎপাদন বাড়ার ফলে আজকে আমাদের রাজ্যে দাম একটা জায়গায় স্থির অবস্থায় রয়েছে। আজকে টাকার দাম যেভাবে কমেছে সেদিকটা বিচার করলে বলতে হয় আমাদের রাজ্যে মাছের দাম বরং কমেছে। তবে আপনারা বড় কাটা পোনা মাছ থেকে অভ্যস্ত, কিন্তু সাধারণ মানুষ সিলভার কার্প, গ্রাস কার্প প্রভৃতি সমস্ত মাছই তারা খান। আপনারা মানুষকে মানুষ ভাবেননি, সাধারণ মানুষ এগিয়ে যাক সেটা আপনারা চাননি। কিন্তু আজকে রায়চকে, জুনপুটে মৎস্য বন্দর হয়েছে এবং সেখানকার মৎস্যজীবীদের অসংখ্য মোটরচালিত বোট দেওয়া হয়েছে এবং তার দ্বারা তারা তাদের জীবিকার মান এবং উৎপাদন বাড়াতে পেরেছেন। আজকে মৎস্যজীবীদের জীবনের সংস্কৃতির মান উন্নয়নের জন্য গ্রামে গ্রামে, ব্লকে ব্লকে কমিউনিটি হল করে দেওয়া হয়েছে। এই চিন্তা আপনারা কোনওদিন করতে পেরেছেন? সেখানে তারা সন্ধ্যাবেলায় সবাই মিলে অবসর বিনোদন করছেন, সাংস্কৃতিক নানাপ্রকার অনুষ্ঠান করছেন, নিজেদের মধ্যে ভাবের আদান-প্রদান করছেন। এইভাবে তারা নিজেদের জীবনের মান একটা উন্নত জায়গায় নিয়ে যাবার চেষ্টা করছেন। এইসব চিন্তাভাবনা আপনাদের ছিল কোনওদিন? কিন্তু আমরা সেসব চিন্তা-ভাবনা করেছি। এরজন্য এই দপ্তরকে অভিনন্দন জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে, আপনারা কোনও দিন চিন্তা করেছিলেন যে ফিসিকালচার একটা সাবজেক্ট হতে পারে? মাধ্যমিক পর্যায়ে স্কুলের সাবজেক্ট হচ্ছে, ডিগ্রি কোর্সে প্রফেশনাল সাবজেক্ট হিসাবে পড়ানো হচ্ছে, ট্রেনিং দেওয়া হচ্ছে, বিভিন্ন ব্লকে ট্রেনিং সেন্টার করে স্কুলের ছেলেদের ট্রেনিং দেওয়া হচ্ছে, মহকুমা শহরে ট্রেনিং দেওয়া হচ্ছে। ইন্সিটিটিউশন করা হয়েছে এবং ডিগ্রি কোর্সের মাধ্যমে নিয়ে এসে ছাত্রদের লেখাপড়ার মধ্যে নিয়ে যাওয়া হচ্ছে। কাজেই মাননীয় মৎস্য দপ্তরের মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন সেটা কংগ্রেস বন্ধুদের সমর্থন করা উচিত। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯২-৯৩ সালের জন্য ৫১ নং ডিমান্ডে যে ব্যয় বরাদ্দের দাবি করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মৎস্য মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট বই

দিয়েছেন তাতে আমরা দেখছি যে তিনি প্রথমে বলেছেন, বিজ্ঞানীদের মতে মাছ হচ্ছে সহজপাচ্য প্রোটিন খাদ্য। গত বছর বাজেটের সময়ে এই সহজ প্রাচ্য প্রোটিন খাদ্য যা দেওয়া হয়েছিল তা খেয়ে অনেকের পেটের কি অবস্থা হয়েছিল সেটা আমরা জানি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি যে অন্তর্দেশীয় মৎস্যচাষ প্রকল্প সম্পর্কে 'খ' তে তিনি বলেছেন, সম্প্রতি নবদ্বীপ পৌরসভা এলাকায় ময়লা জল নিয়ে একটি মৎস্য চাষ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলছি যে মাননীয় মন্ত্রী নবদ্বীপে যান নি। তিনি নবদ্বীপে যে মৎস্যচাষ কেন্দ্র গড়ে তোলার কথা বলেছেন, এটা পৌরসভা এলাকাতে আছে। এই রকম কোনও সংস্থা সেখানে নেই, এটা ভূয়া সংস্থায় পরিণত হয়েছে। উনি যে বিবৃতি দিয়েছেন তারমধ্যে নবদ্বীপের কথা বলেছেন। উনি এই সম্পর্কে ওয়াকিবহাল নন। দ্বিতীয় কথা হচ্ছে, উনি ঢাকঢোল পিটিয়ে বলেছেন যে অন্তর্দেশীয় জলাশয়ে মাছ চাষের জন্য কল্যাণীতে একটা প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করা হয়েছে। আমার মনে হয় উনি সম্প্রতি কল্যাণীতে যান নি। উনি সেখানে উদ্বোধন করে টি ভি-তে ছবি তুলে চলে এসেছেন। কল্যাণীতে প্রশিক্ষণ হচ্ছে কিনা সন্দেহ আছে। উনি ঢাকঢোল পিটিয়ে নিজের প্রচার করে চলে এসেছেন। সম্প্রতি তিনি সেখানে যাননি। নদীয়া জেলা সম্পর্কে অনেক বড় বড় কথা বলা হয়েছে। উনি আরও বলেছেন যে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে সাহায্য হিসাবে টাকা নিয়েছেন। কিন্তু কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কোনও অর্থ নেওয়া হয়নি। কিন্তু উনি যে বই আমাদের বিলি করেছেন তাতে লেখা আছে যে ভারত সরকারের কাছে প্রেরিত চিংড়ি ও মাছচাষের জন্য একটি প্রকল্প সম্প্রতি বিশ্বব্যাঙ্কের প্রায় ১০০ কোটি টাকা সাহায্যের অনুমোদন পেয়েছে। উনি স্বীকার করেছেন যে, বিশ্বব্যাঙ্কের কাছ থেকে সাহায্য পেয়েছেন। কিন্তু বামফ্রন্টের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী তারা বললেন যে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কোনও সাহায্য নেওয়া হয়নি। আমরা দেখছি যে বিভিন্ন মন্ত্রীরা বিভিন্ন রকম কথা বলছেন। আর একটা ব্যাপারে বলেছেন, ১৯৮৭-৮৮ সালে নদীয়ার পলদা ফিশারি মাছ চাষের জন্য রাষ্ট্রীয় পুরস্কার পেয়েছিল। কো-অপারেটিভ সোসাইটি থেকে যে টাকা তারা নিয়েছিল সেই টাকা আবার তারা তা পরিশোধ করে দেয় এবং দিল্লিতে প্রমাণ করা হয় যে পলদা ফিশারিতে অনেক মাছ চাষ হয়েছে এবং তারা ঠিক সময়ে টাকা পরিশোধ করেছে, সেজন্য তাদের পুরস্কার দেওয়া হয়েছে। আমি এই বিষয়ে তদন্তের দাবি করছি যে সেই টাকা কিভাবে এসেছে, কি ভাবে ব্যয় হয়েছে এবং পলদা ফিশারি কি অবস্থায় দাঁড়িয়েছে। নদীয়ার এক নং ব্লকের কোতোয়ালি থানার অন্তর্গত পলদা বিলের যারা রাষ্ট্রপতির কাছ থেকে পুরস্কার নিয়ে এসেছিল, সেই বিষয়ে আমি তদন্ত করার দাবি জানাচ্ছি।

[2-40 — 2-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আর একটা কথা বলতে চাই। কয়েক দিন আগে আমার এক প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন আদালতে ইনজাংশন আছে বলে অঞ্জনা ফিশ ফার্মে যেটা কোতোয়ালি থানার মধ্যে সেখানে মাছ চাষ হচ্ছে না। আসলে সেখানে সি পি এম এবং নকশালরা দীর্ঘ দিন ধরে কিছু কিছু লোক দখল করে আসছে। তারা সেখানে মাছ চাষ করছে, ভাগ চাষীর মতো ভাগ চাষ নিয়ে। কিন্তু সেখানে কর্মচারিরা বেতন পাচ্ছে। সেখানে চাষীদের ঠিকমতো দেখা হচ্ছে না, মৎস্যজীবীদের

দেখা হচ্ছে না। আমরা চাই অনতিবিলম্বে শুধু কৃষ্ণনগর শহরে নয় সারা নদীয়ায় সস্তায় মাছ সরবরাহের ব্যবস্থা করা হোক। তৎকালীন মন্ত্রী ফজলুর রহমান চেষ্টা করেছিলেন সমস্ত বাজারে সস্তায় মাছ দেওয়া যায় কিভাবে। উনি বলেছেন সস্তায় মাছ দেওয়া হচ্ছে। কিন্তু সস্তার মাছ আমরা পাচ্ছি না। নদীয়াতে কোথাও আমরা সস্তায় মাছ পাচ্ছি না। উনি যেখানে বাজার করেন, আমি জানি, উনি জগুবাবুর বাজারে বাজার করেন, উনি মন্ত্রী বলে হয়ত সস্তায় মাছ পান কিন্তু আমরা তা পাই না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের একটা নীতি হচ্ছে ভাতা দেওয়া। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর বেকার ভাতা চালু করেছিলেন, সেই রকম মৎস্য মন্ত্রী বিভিন্ন জায়গায় ভাতা চালু করেছেন। মৎস্যজীবীদের উনি ভাতা দেন। উনি পরিষ্কার ভাবে বলেছেন, "মৎস্যজীবীদের ভাতা প্রদান, মৎস্যজীবীদের পরিচয়পত্র প্রদান ইত্যাদি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই ভারতবর্ষে একমাত্র এই রাজ্যে মৎস্যজীবীদের বার্ধক্যভাতা প্রকল্প চালু করা হয়েছে"। আমি জানি না ভারতবর্ষের অন্য রাজ্যে দেওয়া হয় কিনা, তাদের বাজেট বই আমি পড়িনি, তদের সমালোচনা আমি করছি না। এখানে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মৎস্যজীবীদের পরিচয় পত্র দিয়েছেন। কিন্তু নদীয়ার মৎস্যজীবীদের এখনও পর্যন্ত পরিচয় পত্র দেওয়া হয় নি, তাদের কোনও পরিচয় পত্র নেই। একমাত্র বামফ্রন্ট সরকারের যারা সমর্থক, সি পি এম দলের সমর্থক তাদের শুধু মাত্র বেকার ভাতার মতো মৎস্যজীবীদের ভাতা দিয়েছেন। মৎস্যমন্ত্রী এইভাবে ভাতা দিয়ে সরকারের অর্থ নয়ছয় করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রীকে আমি আর একটা কথা বলতে চাই। আনন্দবাজার পত্রিকায় দেখলাম ৫০০ লোককে পারমানেন্ট চাকুরি দেওয়া হয়েছে। বামফ্রন্ট সরকারের নীতি হচ্ছে কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে চাকুরি দেওয়ার। কিন্তু মৎস্য মন্ত্রী ৫০০ লোককে নিয়োগ করেছেন এবং তাদের স্থায়ী করতে চলেছেন। ওনারা মুখে এক কথা বলেন কাজে অন্য রকম করেন। তাহলে বামফ্রন্ট সরকারের নীতি কি আমি জানি না, বুঝতে পারছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তার দপ্তর তিনি যেন সুষ্ঠুভাবে পরিচালনা করেন।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কংগ্রেসের বন্ধুদের জানিয়ে রাখি আপনাদের কোনও সদস্য তো মৎস্যজীবী নয়, কি রকম করে বুঝবেন মৎস্যজীবীদের কি পাওয়া উচিত। এখানে মৎস্য দপ্তর থেকে যে মাছ দেওয়া হয়েছে সেটা আপনারা খেয়েছেন, আমরাও খেয়েছি, তারজন্য মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কংগ্রেসি বন্ধুদের কাছে জানতে চাই আজকে কি অবস্থায় হয়েছে আই এম এফ-র কাছে, বিশ্বব্যাঙ্কের কাছে লোন নিয়ে আপনারা জানেন না? জিনিসপত্রের দাম কিভাবে বেড়ে গেছে আপনারা জানেন না? আপনাদের বাড়িতে তো মাছ পৌঁছে যায়, কিন্তু মাছ চাষ করতে যে উপাদান লাগে, যে সমস্ত জিনিস লাগে তার দাম কত পারসেন্ট বেড়েছে? আপনারা সস্তায় মাছ পেতে চান, কিন্তু যাদের জন্য আজকে মাছ কম দামে আপনাদের কাছে পৌঁছুতে সক্ষম হয়েছে এই বামফ্রন্ট সরকার অন্তত আনুপাতিক হারে মাছের দাম বাড়ে নি সেই সমস্ত মৎস্যজীবীদের আমরা ইতিমধ্যেই অনেক সুযোগ দিতে পেরেছি। মাননীয় মন্ত্রী মহোদয়ের মাধ্যমে তাদের মধ্যে আর একটু সুযোগ পৌঁছে দেবার জন্য আবেদন জানাই। গ্রাম পঞ্চায়েত এলাকায় যত বেশি মাছ উৎপাদন করার সুযোগ আছে সেটা

গণ-বণ্টন ব্যবস্থার মাধ্যমে, বিশেষ করে আমদের কংগ্রেসি বন্ধুদের মধ্যে দোকান তৈরি করে বিক্রির ব্যবস্থা করা যায় কিনা তা ভেবে দেখতে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাই। গ্রামবাংলায় এটা দেখা যায় যে, যে সমস্ত মাছ ধরে আনা হয় তা সঙ্গে সঙ্গে বরফের অভাবে বরফজাত করা যায় না, এরফলে অনেক মাছ নষ্ট হয়ে যায়। সেইজন্য গ্রামে যেখানে বেশি করে মাছ পাওয়া যায় সেখানে যাতে সঙ্গে সঙ্গে বরফ পৌঁছে দেওয়া যায় এবং ঐ মাছ যাতে কোনও অবস্থায় দালাল বা ফড়েদের কাছে গিয়ে পৌঁছাতে না পারে সেদিকে লক্ষ্য রাখা দরকার। মৎস্যজীবীরা নিজেদের জীবনকে বিপন্ন করে শীত, গ্রীষ্ম, ঝড় ও জলের মধ্যে মাছ ধরে আনে। তাদের এই জীবন বিপন্ন করা প্রচেষ্টার জন্যই আমরা মাছ খেতে পাই। এদের জন্য জীবন বিমার সুযোগ করে দেওয়া দরকার। আপনারা এটা ইতিমধ্যেই দেখেছেন যে, কেন্দ্রীয় সরকার এই মৎস্য দপ্তরের প্রতি বিমাতৃসুলভ আচরণ করেন নি, পরপর চারবার উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম হয়েছে। বামফ্রন্ট সরকার এই দপ্তরের উন্নতিকল্পে যা করতে পেরেছেন আপনারা তা ক্ষমতায় থাকাকালে করতে পারেন নি। আজকে সারা ভারতবর্ষের মধ্যে মৎস্য উৎপাদনে পশ্চিমবাংলার স্থান প্রথম। আপনারা তাদের জন্য যে সুযোগ করতে পারেন নি, বামফ্রন্ট সরকার এসে তা করতে পেরেছেন। সারাদিন রোদে জলে ভিজে তারা মাছ ধরে আনে। তাদের জন্য বামফ্রন্ট সরকার বিকেল বেলায় যাতে একটু রিক্রিয়েশনের সুযোগ পায়, একটু গান বাজনা করতে পারে, তারজন্য কমিউনিটি হল তৈরি করে দিয়েছেন। দীর্ঘদিন ধরে যারা মাছ ধরে হাটে বাজারে বিক্রি করছেন, এই সরকার তাদের জন্য বহুবিধ সুযোগ করে দিয়েছেন। তাদের মাছ ধরার জন্য আরও বেশি সংখ্যায় প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে কিছু করা যায় কিনা তা দেখা দরকার। অনেক যুবক আছে যারা মাছ ধরে জীবিকা নির্বাহ করতে পারে না, কিন্তু বাজারে বসে বিক্রি করতে পারে। যে নিজে মাছ ধরে নিজেই বিক্রি করছে তাদের জন্য স্বনিযুক্তি প্রকল্পের ক্ষেত্রে সার্টিফিকেট দেওয়া যায় কিনা ভেবে দেখা দরকার। কারণ তাহলে অন্য সম্প্রদায়ের যুবকরা মাছ বিক্রি করে নিজেদের জীবিকা নির্বাহ করতে পারবে না। আমাদের এখানে বেশি সময় ধরে বরফ আটকে রাখা যায় না। তাই যে কেন্দ্রে মাছ ধরার সুযোগ আছে সেখানে সরকারি বা বেসরকারি উদ্যোগে বরফ কারখানা করতে হবে। গ্রামগঞ্জ থেকে বাজারে মাছ বয়ে আনার জন্য ছোট ছোট ট্রলার বাস ইত্যাদির ব্যবস্থা করা দরকার। আমি নিজে দেখেছি যে, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনায় মাছ পড়ে আছে,

[2-50 — 3-00 P.M.]

গন্ধ বেরোচ্ছে। সেজন্য যেখানে মাছ বিক্রি হবে সেখানে কত তাড়াতাড়ি ধরে আনা মাছ বাজারজাত করা যায় তার সুবন্দোবস্ত করা দরকার। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, মৎস্যজীবীদের মধ্যে যদি কম্পিটিশনের ব্যবস্থা না করা যায় তাহলে মৎস্যজীবীদের উন্নতি কখনও ত্বরান্বিত হতে পারেনা। যে সমস্ত মৎস্যজীবী আছে তাদের মধ্যে যদি এই কম্পিটিশনের মনোভাব গড়ে তোলা যায়, যেমন তারা নিজেরা ছোট ছোট পুকুর কেটে বা পুকুর লিজ নিয়ে মাছ উৎপাদন করবে, তাহলে তারা অল্প খরচে তাদের উৎপাদিত মাছ সাধারণ মানুষের কাছে অপেক্ষাকৃত কম দামে পৌঁছে দেবার সুযোগ পাবে। এই বিষয়ে তাদের মধ্যে বিশেষ ভাবে শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এই শিক্ষা দানের বিষয়ে

বিশেষ ভাবে চিন্তা ভাবনা করবেন। আরেকটি বিষয়ে আশা রেখে আপনাকে বলছি, আমরা জানি এই বিষয়ে আপনার ইচ্ছাও আছে এবং চিন্তাও আছে যে মাছ উৎপাদনের পরে পঞ্চায়েত সমিতির মাধ্যমে বিভিন্ন গ্রামে গঞ্জেও হাটে বাজারে বিক্রি করার ব্যবস্থা করবেন এবং তাতে উপকারও হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। প্রথমতই আমি বলি যে মৎস্য ভোজি এবং মৎস্যজীবীদের মধ্যে পার্থক্য আছে। যারা মৎস্য ভোজী তারা মৎস্যজীবীদের সম্পর্কে খোঁজ খবরই রাখেন না। আমাদের শ্রদ্ধেয় জয়নাল সাহেবরা মৎস্যভোজী দলের লোক, সুতরাং তারা মৎস্যজীবীদের সম্পর্কে খোঁজখবর রাখবেন কেন? সেই কারণে ওদের দুজন সদস্যর দু রকম উক্তি। কেউ বললেন কাটা মাছ ৩০ টাকা দরে পাওয়া যাচ্ছে, এটা দামের দিক থেকে সহজ। আবার একজন বললেন যে মাছের দর আকাশ ছোঁয়া। সুতরাং এই মৎস্যভোজীরা খবরই রাখেন না মৎস্যজীবীদের সম্পর্কে। আজকে এই মৎস্যজীবীরা কোথায় এসেছে এবং কোথায় ছিল তার কোনও ধারণাই মৎস্য ভোজীদের নেই। এতদসত্ত্বেও মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি যে এটা ঠিকই যে আমাদের পরিসংখ্যান অনুযায়ী সারা ভারতবর্ষের মধ্যে মৎস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান শীর্ষে রয়েছে। সারা ভারতবর্ষে যে টোটাল মৎস্য উৎপাদন হয় তার ১৬.৩ শতাংশ মৎস্য পশ্চিমবঙ্গে উৎপাদন হয়। আর সবচেয়ে নিচে দিল্লি, সেখানে ০.১ শতাংশ মৎস্য উৎপাদিত হয়। এতে আমাদের আনন্দিত, আহ্লাদিত হওয়ার কথাই এবং অনেক প্রশংসার বিষয়। এই সম্পর্কে একটা বিরাট ধারণা আমাদের পোষণ হচ্ছে এবং সঙ্গে সঙ্গে আগামী ভবিষ্যতের একটা অশুভ দিকও আমরা দেখতে পাচ্ছি। আজকে যেভাবে মৎস্য চাষে উৎসাহিত করা হচ্ছে তাতে যেমন ভালো ফল পাওয়া যাবে তেমনি কিছু মন্দ দিকেও আমরা দেখতে পাচ্ছি। আজকে যে কোনও চাষ জমিতেই চাষে উৎসাহিত করা হচ্ছে এবং আমার মনে হয় এরজন্য আরেকটি দপ্তর থাকার দরকার যারা অন্তত বলে দেবে যে কোথায় মৎস্য চাষ হওয়া উচিত। এই মৎস্য দপ্তর সেটা কিন্তু ঠিক করেন না। আমরা নির্দিষ্টভাবে এর সম্বন্ধে ওয়াকিবহাল নয় বলেই আগামী হয়তো ১০-২০ বছরের মধ্যেই দেখা যাবে যে যেসব জায়গায় মৎস্য বেশি উৎপাদিত হয় যেমন সুন্দরবন এলাকা, মাননীয় মন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যে সেই সুন্দরবন সম্বন্ধে বলেছেনও সেই সুন্দরবনের যে সমস্ত জায়গা এবং যে সমস্ত জমিতে ধান, ফসল ইত্যাদি ফলে, তরমুজ ইত্যাদি চাষ হয় সেই জমিতে মাছের চাষ হতে আরম্ভ হবে। আগামী ১০-২০ বছরের মধ্যে এই জিনিস আমরা দেখতে পাবো। এবং এরফলে মাছ চাষের ফলে অন্য চাষ আর হবে না। কারণ এতদিনে মাছের লাভ লভাংশ সবাই পেতে আরম্ভ করেছে এবং তারফলে সমস্ত চাষ বন্ধ করে এখন মাছ চাষই করার দিকে সবার লক্ষ্য হয়ে পড়েছে। এর যেমন একদিকে সুফল আছে তেমনি কুফলও আছে। আজকে যারা গ্রামের গরিব মানুষ, সামান্য রোজগার করে আসছে, তাদের রোজগার বন্ধ হতে বসেছে। সেখানে ক্ষেত-মজুর যারা এবং সেখানে যে বর্গাদার আছে তাদের আজকে উচ্ছেদ করা হচ্ছে, তারা উচ্ছেদ হয়ে যাচ্ছে! ক্ষেত-মজুরদের কাজ থাকছে না। কৃষি জমিতে নোনা জল ঢুকিয়ে চাষের

ফসল নষ্ট করা হচ্ছে। সুতরাং এই জায়গাতেই বিশেষ ভাবে চিন্তা করার বিষয়। আমি এই নিয়ে ইতিপূর্বেও বলেছি এবং আজও বলছি যে এই জায়গায় একটু দৃষ্টি দেওয়া দরকার। আজকে বহু নামী সংস্থা হিন্দুস্থান লিভার পর্যন্ত এর সাথে যুক্ত হয়ে পড়েছে। চাষের জমিতে নোনা জল ঢুকিয়ে মাছ চাষ করছে। আমি জানি না এই ব্যাপারে আপনার দপ্তর থেকে তারা কোনও অনুমতি নিয়েছে কিনা। উত্তর ২৪ পরগনার সন্দেশখালি থানাতেও এই মৎস্য চাষের কারবার করেছে একটি বেসরকারি সংস্থা এবং ক্যানিংয়েও একটা হ্যাচারিজ বেসরকারি সংস্থা করেছে। এতে মৎস্য চাষের দিক থেকে উৎসাহিত হওয়ার কথা ঠিকই কিন্তু এতে একটা আশঙ্কা আমাদের থেকেই যাচ্ছে। কারণ আমরা এই গরিব শ্রেণীর জন্য চিরকাল আন্দোলন, সংগ্রাম করে আসছি এবং সেইদিক থেকে জমি চাষযোগ্য না থাকার ফলে গরিব ক্ষেত-মজুরদের, বর্গাদারদের বিরাট ক্ষতি হয়ে যাবে। তারপরে সুন্দরবনের প্রতিটি নদীর থেকে মা বোনেরা বাগদা, পোনা, মিন ধরে তাদের জীবিকা নির্বাহ করে। কিন্তু আজকে সেই জীবিকা নির্বাহ তাদের বন্ধ হতে চলেছে। এরজন্য আপনি কি বিকল্প ব্যবস্থা নেবেন তার সঠিক উত্তর আপনার কাছে জানতে চাই। নদীতে চর পড়ে গেছে এবং বহু জমিতে নদীর চর ভরাট হয়ে ওখানকার বাগদা, মিন প্রভৃতি মাছ উঠে আসছে এবং ওই মাছ ধরে সবাই খাচ্ছে। কিন্তু যেসব মা-বোনেরা এরদ্বারা উপকৃত তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং আপনার কাছে আবেদন এদের জন্য নদীতে মাছ উৎপাদনের জায়গা করে দেওয়া হোক। যারা মিন ধরে তারা যদি ওখানে মাছ উৎপাদন করে তাহলে তাদের রুটিরুজি বন্ধ হয়ে যাবে না। আমার আর একটি কথা হল এই ধরনের চিংড়ি মিন ধরে যারা ব্যবসা করে তারা নির্দিষ্ট দাম পাচ্ছে না। বাজারে ইচ্ছামতো দামে ওখানে ৬০ টাকায় হাজার, ৭০ টাকায় হাজার বিক্রি হয়, এটা নিয়ন্ত্রণ করার ব্যবস্থা নেই। এই ব্যাপারে একটু দেখা দরকার কারণ তাদের রুটিরুজির অন্য কোনও বিকল্পের ব্যবস্থা নেই। কিছু কিছু কো-অপারেটিভ সোসাইটি আছে, সেই ব্যাপারে মাননীয় সমবায় মন্ত্রীকে বলেছি এইগুলি যারা লীজ নিয়ে বসে আছে তারা প্রকৃত মৎস্যজীবী নয় বা জাতিগত মৎস্যজীবীও নয়, সুতরাং গ্রামে যারা জাতিগত বা পেশাগত মৎস্যজীবী আছে তাদেরকে সরকারের জলাশয়গুলিতে মাছ চাষের সুযোগ দেবার ব্যবস্থা করার জন্য আমি আবেদন জানাচ্ছি, এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় এক সময় অ্যানাটমি পড়েছিলেন কিনা আমি জানিনা। কারণ আজকে এই বাজেট বরাদ্দের দিনে দেখলাম উনি একটু ভোজনের ব্যবস্থা করেছেন। আপনি জানেন Stomach is nearest to the heart. So if you want to win the heart, you feel the stomach. মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে সবিনয়ে একটি কথা বলতে চাই পশ্চিমবঙ্গের মানচিত্র কি আপনি দেখেছেন পশ্চিমবঙ্গ কোথা থেকে কোথায় বিস্তৃত? এটা কি জেনেছেন? পশ্চিমবঙ্গের মধ্যে ২৪ পরগনা, মেদিনীপুর সুমদ্র আর পাহাড়ের সামান্য কল্যাণের ইঙ্গিত ছাড়া আরও যে ১৮টি জেলা আছে, কলকাতা আছে, কলকাতায় সুয়েরেজ ওয়াটার আছে এটার সম্বন্ধে তো কোনও উল্লেখ দেখলাম না! বন্ধুবর নন্দকে একটু সাবধান করে দিতে চাই রবিবার টিভিতে যে চাণক্য সিরিয়ালটা হচ্ছে সেটা দেখে আপনি যেন উৎসাহিত বোধ না করেন, দেখবেন ওর যে সাঙ্গ পাঙ্গরা আছে তারাই ধ্বংসের কারণ হয়েছিল, তাই বলব এদের থেকে আপনি সাবধান হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটি কথা বলতে চাই,

৯১-র সেনসাস পপুলেশনের হিসাবে কত সংখ্যক লোক এটা খায়? অনেকে বললেন ৬ কোটি ৫৭ লক্ষ। আমি ধরেই নিচ্ছি Taking that 80% people of the State are fish eaters and taking a consumption of 50 grams a day in a week—what is your requirement? Your requirement is not less than 12.0 lakh ton by this time in my estimate. আজকে আপনাদের ১২ বছরের বেশি হয়ে গেল, এইক্ষেত্রে আমি বলব আপনি সতর্কতার সঙ্গে যে ফিগারগুলি উল্লেখ করেছেন সেই ব্যাপার বলতে পারি আমাদের ইমপোর্ট প্রোডাকশন কত মেরিন প্রোডাকশন কত এবং তার থেকে ব্রাকিশ ওয়াটার থেকে কত এক্সপোর্ট করছে এবং নেট কনজামশন কত হচ্ছে সেটা বলেননি। আজকে অ্যাকোয়াপ্লোশনে বিজ্ঞানী ডঃ ঝিনগ্রাম আছেন কিনা জানি, এই অ্যাকোয়াপ্লোশন, গ্রিন রেভলিউশন, পপুলেশন রেভলিউশন, ইন্ডাস্ট্রিয়াল রেভলিউশন এবং ওয়াটার প্রোডাকশনের সুযোগ নেওয়া যেতে পারে।

[3-00 — 3-10 P.M.]

আজকে বিজ্ঞানের যুগে দাঁড়িয়ে নিশ্চয় আমরা এর সুযোগ নিতে পারি। জাপানের মতো একটা দেশে আজকে স্পেসিফিক ল্যান্ড ছাড়া আর কিছু নেই। ওদের কোনও মিনারেলসও নেই। আজকে হায়েস্ট পসিবলি জাপান এবং জার্মানী ইকনমিক ডোমিনেট দি হোল ওয়ার্ল্ড। কিন্তু পশ্চিমবঙ্গে আমাদের সব আশীর্বাদ আছে, ইনক্লুডিং বে অফ বেঙ্গল—যদিও ওটা আছে ওদের ডোবানোর জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় যদি ওটাও ব্যবহার করতেন তাহলে কিন্তু আমরা অনেক দূর এগিয়ে যেতে পারতাম। যেটুকু আপনাকে বাইরে থেকে আনতে হচ্ছে, অভ্যন্তরীণ প্রোডাকশনে সেটাও আপনাকে আনতে হত না। তাহলে ঐ টাকাটা বাংলাতেই থেকে যেত। আমি কোনও প্রাদেশিকতার কথা বলছি না। আজকে বাইরে থেকে মাছ আসছে চাল আসছে, এবং আমাদের টাকা দিয়ে সেগুলো নিয়ে আসতে হচ্ছে। হোয়াট ইউ ওয়ান্ট? আজকে with the help of science, with the help of technology, with the help of available inland and offshore water। তাহলে আমরা প্রোডাকশনে সেলফ সাফিসিয়েন্ট হতে পারি। আজকে আপনি যেসব সুযোগ পাচ্ছেন। থার্ড প্যারা অফ ইওর স্পীচে আপনি দুটো পথের কথা বলেছেন। এর মাধ্যমে আপনি কি বলতে চাইছেন সেটা আমি বুঝিনি। আপনি বলেছেন উৎপাদন বৃদ্ধিতে প্রভূত উন্নতি ঘটলেও এখনও যোগান ও চাহিদার মধ্যে পার্থক্য রয়েছে। দেশের জলসম্পদকে উৎপাদনশীল করার তেমন কোনও পরিকল্পনা অতীতে নেওয়া হয়নি। আপনার শেষের কথাটির আমি বিরোধিতা করছি। আপনি নিশ্চয় জানেন এই ফিশ কর্পোরেশন আমরা তৈরি করে গিয়েছিলাম। We introduced marine trallers, we introduced this acquaplosion, this hatcher and psiculture। আমাদের সেই সমস্ত জিনিস দেখতে পায়না। ওদের চোখ আজ ঝাপসা হয়ে গেছে, ওরা দিনের বেলায়ও দেখতে পায় না, রাতের বেলায়ও দেখতে পায় না। আমরা এইসব জিনিস করে গিয়েছিলাম সেইসময়ে। আজকে আপনার ওপর দায়িত্ব পড়েছে তার পরিবর্তনের জন্য, আজকে আপনার ওপর দায়িত্ব পড়েছে তার সম্প্রসারণের জন্য তবে আপনি খুব যোগ্য এবং অনেক বাধা সত্ত্বেও আপনি এগিয়ে গেছেন তারজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং আগেই বলেছি Because you have touched my stomach and as such you have touched my heart. ৩৪২টি ব্লকের মধ্যে কটাতে আপনার

ফিশারি এক্সটেনশন অফিসারস আছে? আপনি কটা ফিশারি এক্সটেনশন দিতে পেরেছেন? Just to extend the knowledge available on technology and scientific cultivation। এটাকে ডেসিমিনেট করার জন্য এর ইনপুটস বাড়ানো দরকার। অ্যালোঙ উইথ দি ফিনাসিয়াল ইন্সটিট্যুশন। আপনি কতটুকু করতে পেরেছেন এই পশ্চিমবাংলার জন্য? এখানে ১১ লক্ষ একর ট্যাঙ্ক আছে। আমাদের জেলায় ১১ হাজার পুকুর আছে এবং একটা একটা পুকুর এক মাইল করে লম্বা। আজকে এইগুলো যদি এক্স প্লয়টেশন করা যায় উইথ দি মডার্ন টেকনোলজি অ্যান্ড সায়েন্স-এর সাহায্যে কনজামশন করি তাহলে প্রোডাকশন বাড়বে এবং বোধ করি আমাদেরকে চিঙ্কার উপর নির্ভর করতে হবে না। প্রোডাকশন-এর সঙ্গে যদি আপনি ইনপুটস ও ডিস্ট্রিবিউশন ঠিক থাকে তাহলেই চাহিদা মিটবে। আপনাকে আরবান এরিয়ার ব্যবস্থা করতে হবে, ট্রান্সপোর্টের ব্যবস্থা করতে হবে, মিনিমাম ইনফ্রাস্ট্রাকচারের ব্যবস্থা করতে হবে। আইস ফ্যাক্টরির ব্যবস্থা করতে হবে এবং এটার দিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। এর জন্য আপনার কো-অর্ডিনেট দরকার, কিন্তু এর কোনও ইঙ্গিত আপনার বাজেট ভাষণে দেখতে পাইনি। আবার আপনি বাজেট ভাষণে বলেছেন আপনি মুক্তো চাষ করছেন। যদি অন্তত আপনাদের ২৫১ জনের গলায় মুক্তোর হার ঝলমল করত তাহলেও বুঝতাম। আপনার এই মুক্তো চাষের ফলটা কি হল? আমরা তো দৈবাৎ কখনও শুনি আপনার এই মুক্তো চাষ সফল হয়েছে।

আজকে কিন্তু পারচেজের প্রশ্নটা এসে যায়। বিতর্ক হচ্ছে, টাকার মূল্য কমেছে কিন্তু মাছের দাম বাড়েনি। আপনি তো প্রোডাকশনে কন্ট্রোল করতে পারছেন না পুরোটা। you can controlled own production কারণ আড়ৎদারদের আপনি বোধ হয় এখনও ঠিক কন্ট্রোলে আনতে পারেন নি। you have got legislation। আপনি দুটো আইন পেয়েছেন কিন্তু থার্ড ল আপনার নেই। দুটো আইন পেয়েছেন একটা আইন বাট you can straight-away in possesion any time, any part, আপনি কতটুকু ব্যবহার করতে পেরেছেন? কারণ ওনারশিপের প্রশ্নটা এখানে fragmentation and । অনেকগুলি জলাশয় কে আনইউজড অবস্থায় রেখে দেওয়া হয়েছে। এখানে তো আপনি আইনের কাজটা করতে পারেন। on important of co-operative section। আপনি তো এই ব্যবস্থাটা করতে পারেন। কিন্তু এর জন্য আপনার বাজেট ভাষণে কোনও ইঙ্গিত দেখতে পেলাম না। মাননীয় মন্ত্রী মহোদয় আপনি অবগত আছেন, আমাদের রিসোর্সের সমস্যা আছে। ইকোয়ালি আমাদের ফিজিক্যাল ফিটনেসেরও অসুবিধা আছে। আমরা খেলাধুলাতে সমতা আনতে পারছি না। ৮৫ কোটি মানুষের দেশ অথচ আমরা কিছু করতে পারছি না। অথচ দেড় কোটি মানুষের দেশ গিয়ে নিয়ে চলে আসলো। এত বড় অদ্ভুত ব্যাপার। এই ফিজিক্যাল ফিটনেসের জন্য তো অ্যাডিকোয়েট নিউট্রিশন দরকার। আপনি তো এক সময় বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার প্রতিজ্ঞা করেছিলেন আর এখন তো বাজারেই থাকে না। এরপর যোগানের ব্যাপার আছে, এই যোগানটা একটা বিশেষ সময়ে সিজন্যাল ভেরিয়েশন ডিমান্ডে হয়। যখন ম্যারেজ কিম্বা অন্য কিছু থাকে তখন ডিমান্ড হয়। আদারওয়াইজ ডিমান্ড থাকে না। এটাকে আপনি কতখানি মিট করবার ব্যবস্থা করতে পেরেছেন? এটাতো আপনি বলেছিলেন দেখবেন। জানি না কতটা করবেন। এরপর এর সঙ্গে শিক্ষার মান যারা বাই বার্থ অ্যান্ড বাই প্রফেশন, এই ছাড়া because of the

land and land Reforms and huge employment এখন বহু ভদ্র ঘরের ছেলে এগিয়ে আসছে বিশেষ করে বাঁকুড়া, আমাদের তো বাঁকুড়া হ্যাচারি থেকে ফিংগার লিম্ব, অ্যান্ড স্প্রণ আসে। আবার অনেক সময় চলেও যায়। এটাকে আপনি কতখানি এনকারেজ করতে পেরেছেন সেটা আমি আপনার কাছ থেকে জানতে চাইব। আপনি কতখানি সুযোগ দিতে পারছেন ইন ইমপারটিং নলেজ। আপনি কতখানি এইসব সম্বন্ধে ট্রেনিং দিতে পেরেছেন? পিরিয়ডিক্যাল ট্রেনিং অফ দি ফিশ ভারমারস আপনি কতখানি কি করতে পেরেছেন? এটা আমি আপনার কাছে জানতে চাইব। এবং এতে আপনি কি ইনসেনটিভ দিয়েছেন? এবং আইডেনটিফিকেশনের ব্যবস্থা কি? এবং আফটার আইডেনটিফিকেশন এদের সুপারভিশনের ব্যবস্থা কি? এবং ব্যবস্থা করা হয়েছে কি না? আজকে মন্ত্রী মহাশয়কে আরও অনুরোধ করব জানাবার জন্য যে, আজকে যে কথা মাননীয় বিধায়ক সুভাষ নস্কর বলল ইট ইজ এ প্রবলেম হিয়ার। অনেক চাষীর জন্য ভেড়ি করে চলে গেছে আবার সেই ভেড়িগুলিতে একটা ল অ্যান্ড অর্ডারের প্রবলেম আছে যেমন হয়েছে আনঅথরাইজড ক্যাচিং বা ট্রেসপাসারস কিম্বা একটা হাঙ্গামা। যার জন্য প্রোডাকশন এবং যোগান দুটোই খুব ব্যাহত হচ্ছে। বিকজ অফ দি লুটস। এর জন্য আপনার কো-অর্ডিনেশন দরকার উইথ ডিফারেন্ট ডিপার্টমেন্ট। এর জন্য আপনাকে ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টের সঙ্গেও বসতে হবে। এই কো-অর্ডিনেশনের কোনও ব্যবস্থা আছে আপনার সঙ্গে? কো-অপারেটিভ ডিপার্টমেন্টের সঙ্গে আপনাকে কো-অর্ডিনেট করতে হবে, ফিনান্সের সঙ্গে কো-অর্ডিনেট করতে হবে। যে কথা আমি বলছিলাম যে মেদিনীপুর ছাড়া আরও ১৭টি জেলা আছে। ২৪ পরগনা, মেদিনীপুর, কল্যাণী ছাড়াও আরও ১৭টা জেলা আছে এবং এখানেও জলাশয় আছে, মানুষও বাস করে, এখানে মৎস্যভোজী মানুষ বাস করেন। এদের দিকে তো নজর দিতে হবে। এখানে সাপ্লাইয়ের ব্যবস্থাটা কি? সম্প্রতি আমি শিলিগুড়িতে ছিলাম, দেখলাম অন্ধ্র মাছ আসছে। আপনি তো আমার প্রশ্নের উত্তর দিলেন, দার্জিলিং পাহাড়ে মুক্তোর চাষ খুব উৎসাহব্যাঞ্জক। কিন্তু ওখানে দেখলাম সব অন্ধ্র থেকে আসছে। দার্জিলিং পাহাড় থেকে আসছে তো এই কথা তো শুনলাম না। আমি তো দার্জিলিংয়েতে বেশ কিছুদিন ছিলাম।

[3-10 — 3-20 P.M.]

আজকে আপনার কাছে আমি এইটুকু আশা করব। আমি আপনার কাছে এই কথা বলব যে ফাইনান্স ইজ অলওয়েস এ প্রবলেম। কিন্তু আপনার পরিকল্পনা উৎসাহব্যঞ্জক এবং আপনি এটা বলেছেন যে এটা ৭ বছরের মধ্যে সাকসেসফুল হবে। Of 200 crores available for the whole country. West Bengal is blessed with 100 crores from world Bank loans. তবে টার্মস অ্যান্ড কনডিশন আমরা জানি না। তবে মনে করি সহনীয় শর্তে গ্রহণীয় শর্তে এটা আপনি নিয়েছেন বোথ এক্সপোর্ট অ্যান্ড ইনল্যান্ড কনজামশন। ইনটেরিয়র কনজামশনের ক্ষেত্রে একটা বিপ্লব এখানে সম্ভবপর। এরপরে ফিশারমেন নিরাপত্তার কথা বললেন, প্রফেশনাল ফিশারমেনদের জন্য ব্যবস্থা করছেন। তাদের সামাজিক নিরাপত্তার দায়িত্ব নিতে হবে। বিশেষভাবে যখন রেডিওতে ফোরকাস্ট হয় আবহওয়ার ব্যাপারে, সমুদ্রে যারা মাছ ধরতে যায় তাদের ব্যাপারে। ইনসিওরেন্সের ব্যবস্থা করতে হবে। বিধবা ভাতাতো আছে কজন বিধবা ভাতা পাচ্ছেন। যা আছে ইন অ্যাডিশন, অন প্রিন্সিপল ইউনিভার্সাইজেশন

ব্যবস্থা করতে হবে। আমাদের দিকে কিছু আছে, তাদের দিকে দেখছেন না। একটা কথা প্রোটেকশনের কথা গেল বারে বলেছিলাম। এইটুকু করা যায় সারটেন ব্রিডিং পিরিয়ডে মাছ মারা নিষেধ করার। এই সময়ে অর্থাৎ মাছের ডিম পাড়ার সময়ে মাছ ধরা যাবে না। আমার মনে হয়, এইটুকু বলা যায়। মাছের ডিম পাড়ার সময়ে অর্থাৎ ব্রিডিং সিজনে মাছ মারা কিছুটা নিয়ন্ত্রণে আনা যায় কিনা। বিবেকসম্পন্ন কিছু মানুষ আছেন, সবাই তো লেফট ফ্রন্টের লোক নয়। মোটামুটি বাজেটকে সমর্থন করার চেষ্টা করেও এটাতে বিরাট গোলমাল দেখলাম এবং গোঁজামিল দেওয়া আছে সেইজন্য সমর্থন করতে পারলাম না। এইজন্য এই বাজেটের সবিনয় বিরোধিতা করছি। তথাপি বন্ধুবর কিরণময় বাবুর সফল হওয়ার জন্য শুভেচ্ছা জানাচ্ছি শুধু এইটুকু সতর্ক করে দিতে চাই, আপনি চাণক্য দ্বারা পরিবৃত। রবিবারে চাণক্য দেখানো হচ্ছে। আপনি চাণক্য দ্বারা উৎসাহিত হলে আপনার ধ্বংস। সবিনয়ে বলি একটু সতর্ক থাকবেন।

**শ্রী মহঃ আনসারুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৯৯২-৯৩ সালে যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি সেই দাবি সমর্থন করছি। আজকে আলোচনার সময়ে একটা জিনিস উপলব্ধি করলাম। অনেক দিন ধরে এইবার বাজেট অধিবেশন চলছে। আজকেই প্রথম বিরোধী দলের দু জন বিশিষ্ট মাননীয় সদস্য তাদের বক্তব্য রাখতে গিয়ে মোটামুটিভাবে আমাদের মৎস্য দপ্তরের কাজের প্রশংসা করেছেন এবং কার্যত সমর্থন করেছেন। বিরোধী দলের আসনে বসে আছেন, আমার একটু আগে শ্রদ্ধেয় জয়নালদা তার বক্তব্য শেষ করলেন এবং বিরোধিতা করে যেটা বললেন স্বাভাবিকভাবে মনে হল তিনি মন্ত্রীকে সমর্থন করে বললেন। আমাদের শিক্ষিত সৌগতবাবু মাননীয় সদস্য এবং এই সভার বিশিষ্ট সদস্য, আজকের প্রথম বক্তা তিনি কার্যত আমাদের বাজেটকে প্রশংসা করেছেন। আমাদের মন্ত্রীকে প্রশংসা করেছেন। এতে আমি তাদের অভিনন্দন জানাচ্ছি। আমাদের বাজেটের পরিমাণ অত্যন্ত কম মাত্র ৩১ কোটি ৪ লক্ষ ২৬ হাজার টাকা। কিন্তু এই দপ্তরের গুরুত্বটা অনেক বেশি। এই দপ্তরের গুরুত্ব যে বেশি সেকথা বিরোধীদলের মাননীয় সদস্যরাও স্বীকার করেছেন। আপনারা সকলেই জানেন যে মাছে ভাতে বাঙালি এই প্রবাদ চালু আছে। এই প্রবাদের কথা মনে থাকলে পশ্চিমবঙ্গের যে মৎস্য দপ্তরের যথেষ্ট গুরুত্ব আছে সে কথা সকলেই স্বীকার করবেন। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমেই যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও এই রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধি ও তার সাথে সাথে আর্থসামাজিক দিক থেকে গরিব, পশ্চাৎপদ, দুস্থ মৎস্যজীবীদের স্বার্থে যেভাবে কাজ করে চলেছেন তা বিশেষ প্রশংসার দাবি রাখে। কেন্দ্রীয় সরকারও এ ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকার প্রশংসা করেছেন। গত ১ লা এপ্রিল তারিখে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বলরাম জাখর হলদিয়ায় প্রদত্ত তার ভাষণে বলেছেন যে পশ্চিমবঙ্গ সারা ভারতের ৭৫ ভাগ মাছের বীজ উৎপাদন করে থাকে। ভারতের ৬৫ হাজার হেক্টর লোনা জলে মাছ চাষের মধ্যে পশ্চিমবঙ্গে ৩৫ হাজার হেক্টর। বছরে ১৮০০০ হেক্টরে চিংড়ি মাছের উৎপাদন হয়। ১৯৯০-৯১ সালে সারা ভারতে ৩৮ লক্ষ ৩৬ হাজার টন মাছের উৎপাদনের মধ্যে পশ্চিমবঙ্গ ৬ লক্ষ ৮০ হাজার টন মাছ উৎপাদন করে প্রথম স্থান অধিকার করেছে। কেন্দ্রীয় সরকার এর এই স্বীকৃতি জানিয়ে দিচ্ছে

যে বামফ্রন্ট সরকার মৎস্য উৎপাদনের ক্ষেত্রে সাফল্য অর্জন করে চলেছে। সীমাবদ্ধ অর্থনৈতিক অবস্থার মধ্যে থেকেও ভারতবর্ষে মাছের ন্যূনতম প্রয়োজন মাথা পিছু ১১ কেজি ৫০০ গ্রাম কিন্তু উৎপাদন হয় মাত্র সাড়ে সাত কেজি। সহজলভ্য এই প্রয়োজনীয় প্রোটিন খাদ্যের উৎপাদন বাড়ানোর জন্য প্রচেষ্টা চালাতে পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার-এর সাহায্যের প্রচেষ্টা বাড়াতে হবে। এ সম্পর্কে আমার প্রস্তাব হল, পশ্চিমবঙ্গে অবস্থিত রেল, পূর্তবিভাগ, কোলিয়ারি প্রভৃতি সমস্ত কেন্দ্রীয় জলাশয়গুলিকে রাজ্যের হাতে ন্যস্ত করতে হবে। রাজ্যের মজা খালবিলের সংস্কারের জন্য রাজ্যকে অর্থবরাদ্দ করতে হবে। সমুদ্রে বিদেশি ট্রলারদের জলসীমা নির্ধারণ করতে হবে যাতে করে তারা আমাদের জল সীমায় প্রবেশ করে আমাদের ট্রলারগুলি ক্ষতি করতে না পারে। সমুদ্র এলাকায় মৎস্যজীবীদের বিদেশি ডাকাত ও পুলিশের হাত থেকে রক্ষার জন্য নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। রাজ্যে অবস্থিত সেচ ও বিভিন্ন বিভাগের জলাশয়গুলিকে রাজ্য সরকারের অধীনে এনে গরিব মৎস্যজীবীদের চাষের অধিকার দিতে হবে।

[3-20 — 3-30 P.M.]

আমি যে সাজেশনগুলি রাখলাম সেগুলি একটু বিস্তারিতভাবে বলছি। হাওড়ার সাঁকরাইলে রেলের পাশে বড় বড় জলাশয় আছে, সেগুলি যারা তদারকি করে তারা সেখানকার মাছ বিক্রি করে প্রচুর অর্থ উপার্জন করে। সেখানে রাজ্য সরকারের কোনও এক্তিয়ার নেই। এরকম ব্যাপার পশ্চিমবঙ্গের নানান জায়গায় আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, কেন্দ্রীয় সরকারের সাথে এ ব্যাপারে যোগাযোগ করে এগুলি যাতে রাজ্য সরকারের এক্তিয়ারে আসে এবং মাছের উৎপাদন বাড়তে পারে সে দিকে নজর দিন। তা ছাড়া রাজ্যে যে সমস্ত মজা খাল বিল আছে সেগুলি সংস্কার করার জন্য কেন্দ্রীয় সরকার যাতে অর্থ সাহায্য করেন সে বিষয়ে যোগাযোগ করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি কারণ এগুলি সংস্কার করলে এখানে মাছের উৎপাদন বাড়তে পারে। তারপর আমাদের ছোট ছোট ট্রলারগুলিকে আমরা জানি মাঝে মাঝেই বিদেশি ট্রলার এসে আমাদের রাজ্যের সীমারেখার মধ্যে ঢুকে আক্রমণ করে। আমাদের ট্রলারগুলি সমুদ্রে যে সব জাল পাতে তারা সেগুলি কেটে দেয় ফলে মৎস্যজীবীরা অত্যন্ত অসুবিধায় পড়ে। অনেক সময় তারা আমাদের মৎস্যজীবীদের ধরে নিয়ে গিয়ে মারধোর পর্যন্ত করে। এ ব্যাপারে আমি মনে করি রাজ্য সরকারের একটা ভূমিকা থাকা দরকারও এ ব্যাপারে চিন্তা ভাবনা করা দরকার। বিদেশি ট্রলারের হাত থেকে আমাদের ছোট ছোট ট্রলারগুলি যাতে বাঁচতে পারে তারজন্য নিরাপত্তার ব্যবস্থা করা দরকার। আগেই বলেছি যে রাজ্যে অবস্থিত সেচ ও পূর্ত বিভাগের জলাশয়গুলিকে রাজ্য সরকারের অধীনে আনার ব্যবস্থা করতে হবে। যদি আমরা এইগুলো করতে পারি তাহলে আজকে মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন এবং আজকে অসুবিধার মধ্যে থেকেও বিরোধী দলের মাননীয় সদস্য স্বীকার করতে বাধ্য হয়েছেন আমাদের এই দপ্তর অন্তত প্রশংসার দাবি রাখে, এটা তারা অস্বীকার করতে পারেন নি। আমি শুধু এইটুকু বলতে চাই, সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমাদের মন্ত্রী মহাশয় বিগত কয়েক বছর যে ভাবে মৎস্য দপ্তরকে পরিচালনা করছেন, সেই সম্পর্কে আমি শুধু নয়, পশ্চিমবাংলার মানুষ পশ্চিমবাংলার মৎস্যজীবী বন্ধুরাও উৎসাহিত হয়েছেন, তারা উদ্দীপ্ত হয়েছেন। পশ্চিমবাংলার মানুষ মাছে ভাতে বাঙালি, তারা

গর্ব বোধ করছে, মৎস্য চাষে বিশিষ্ট ভূমিকা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা দখল করে আছে। তাই মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন এবং সেই ব্যয় বরাদ্দের উপর আমি কয়েকটি কথা বলতে চাই। এই কথা ঠিক যে মন্ত্রী মহাশয় এই দপ্তরের দায়িত্ব যখন থেকে নিয়েছেন তখন লোক নিয়েছেন, তখন থেকে এই দপ্তরটা গুরুত্বপূর্ণ দপ্তর হিসাবে মানুষের সামনে দেখা দিয়েছে আগের তুলনায়। আমি যেটা বলতে চাইছি, মন্ত্রী মহাশয় আপনি মৎস্য উৎপাদনে সারা ভারতবর্ষে প্রথম স্থান অধিকার করেছেন, এর জন্য আপনি গর্ব অনুভব করছেন এবং আমারও গর্বিত। কিন্তু এই যে দপ্তর, এই দপ্তরে যে মৎস্য উৎপাদনের সম্ভাবনা আছে, আপনি যে ব্রাকিশ ওয়াটারে মাছ উৎপাদনের কথা বলেছেন, সেই ব্রাকিশ ওয়াটার এরিয়ার ক্ষেত্রে আমাদের সুন্দরবন এলাকায় যে নদীর চরগুলো উঠছে, এমব্যাঙ্কমেন্টগুলোতে যে হাজার হাজার বিঘা জমি, এর নোনা জলে বাগদা চিংড়ি তৈরির একটা সুন্দর ক্ষেত্র। এই ক্ষেত্রে দেখছি সম্প্রতি কয়েক বছর ধরে যা ঘটছে, মন্ত্রী মহাশয় কতখানি খবর রাখেন জানি না, কিছু কিছু বহুজাতিক সংস্থা, জাপানের কিছু সংস্থা আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সন্দেশখালি, সরবেড়িয়া এলাকায় হিন্দুস্থান লিভার হাজার হাজার বিঘা জমি নিয়ে সেখানে চিংড়ি মাছের চাষ করছে এবং সেই মাছ প্রসেস করে বিদেশে চালান দিচ্ছে। এই ব্যবসার সঙ্গে মুখ্যমন্ত্রীর পুত্র চন্দন বসুও জড়িত। মন্ত্রী মহাশয় বলছেন যে সুন্দর বন এলাকায় যারা মৎস্যজীবী, যারা এন সি ডি সি-র মাধ্যমে ট্রলার কিনে সুন্দরবন এলাকায় এবং গভীর সমুদ্রে মাছ ধরতে যাচ্ছে, তাদের উপর অত্যাচার হচ্ছে, সেখানে ডাকাতি করা হচ্ছে, বাংলাদেশ থেকে ডাকাত দল এসে তাদের উপর ডাকাতি করছে। ট্রলারে করে মৎস্যজীবী যারা মাছ ধরতে যান, তাদের কাছে থেকে মুক্তিপণ চাইছে। এই সম্পর্কে আপনার দপ্তরে ডেপুটেশন দেওয়া হয়েছে। আমার বক্তব্য এন সি ডি সি-র মাধ্যমে যারা ট্রলার কিনে মাছ ধরতে যাচ্ছে গভীর সমুদ্রে বা সুন্দরবন এলাকায়, তারা যাতে নিরাপদে মাছ ধরতে পারে, তারজন্য বলতে চাই গভীর সমুদ্রে বা সুন্দরবন এলাকায় পুলিশি ব্যবস্থা জোরদার করে নিরাপত্তার ব্যবস্থা না করলে আগামী দিনে এই চুরি ডাকাতি এবং মুক্তিপণের মধ্যে দিয়ে এই জেলেদের স্বার্থ রক্ষিত হবে না। এর ফলে আগামী দিনে জেলেদের স্বার্থ রক্ষিত হবে না। ওরা এন সি ডি সি ট্রলার এনেছে, কয়েক লক্ষ টাকার ব্যাঙ্ক ঋণ তাদের ঘাড়ে চেপে যাবে। এ সম্পর্কে আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহোদয় মৎস্য বিভাগের জন্য যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলছি।

স্যার, আজকে আমার খুব ভাল লাগল যে, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা স্বীকার করলেন যে, আমাদের মৎস্য দপ্তর সাফল্য লাভ করেছে, বিজয় যাত্রার রথের অগ্রগতি ঘটছে কালকের ধাক্কা ধাক্কির পর ভালকে ভাল বলার মানসিকতা ওদের মধ্যে এসেছে। এটা আমাদের খুবই ভাল লাগছে। আমি লক্ষ্য করলাম জয়নালদার বক্তৃতার মধ্যে একটা শব্দ

যুক্ত করলেই এই ব্যয় বরাদ্দের দাবিকে তিনি সমর্থন করে ফেলেন। তার বক্তব্য খুবই ভাল লাগল। মাননীয় সৌগত বাবুর বক্তব্যও ভাল লাগল। জয়নাল-দা অনেক সময় ধরে বক্তব্য রাখলেন এবং তিনি তার বক্তব্যের মধ্যে কিছু কিছু প্রশ্ন রেখেছেন। আমার সময় কম, তা নাহলে আমি তার প্রশ্নগুলির জবাব দিতাম। তিনি সায়েন্সের ছাত্র, আমি অর্থনীতির ছাত্র। সুতরাং আমি তার প্রশ্নগুলি সম্পর্কে নিশ্চয়ই আমার বক্তব্য উপস্থিত করতে পারতাম।

স্যার, আমাদের এই দপ্তর পাঁচবার জাতীয় পুরস্কার পেয়েছে। গত ১লা এপ্রিল কংগ্রেস নেতা, প্রাক্তন স্পিকার (লোকসভার) এবং বর্তমান কেন্দ্রীয় কো-অপারেটিভ মন্ত্রী বলরাম জাখর মীন দ্বীপে মৎস্য প্রকল্প উদ্বোধন করতে এসেছিলেন। আমি তার সেই সভায় উপস্থিত ছিলাম। তিনি মীন দ্বীপের সভায় বলেছেন, "আমি অভিভূত" আমি এই প্রসঙ্গে বলছি যে, এই যে কৃতিত্ব, এটা কোনও ব্যক্তির কৃতিত্ব নয়, বা ট্রেজারি বেঞ্চে যারা আমাদের বসে আছেন তাদের কারও একক কৃতিত্ব নয়। এই কৃতিত্ব হচ্ছে একটা সরকারের দৃষ্টিভঙ্গির কৃতিত্ব। সরকারের দৃষ্টিভঙ্গির জন্যই এই দপ্তর পাঁচবার জাতীয় পুরস্কার পেয়েছে। বলরাম জাখর এই দপ্তরের তথা সরকারের সাফল্য দেখে অভিভূত হয়ে বলেছেন, 'এই প্রকল্পের জন্য যত টাকা লাগবে, সমস্ত টাকা আমি দেব গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলকে।' তিনি এই ক্রেডিট, এই ক্রেডেনশিয়াল দিয়ে গেছেন। তথাপি এখানে কিছু কিছু সমালোচনা হচ্ছে। অবশ্য সমালোচনার জন্যই শুধু যদি সমালোচনা হয়, তাহলে কিছু বলার নেই।

অবশ্যই কিছু ক্রটি আছে। ক্রটি থাকতেই পারে। এ বিষয়ে আমি বিরোধীদের সঙ্গে একমত। বৃহত কর্মযজ্ঞে কিছু ক্রটি থাকতেই পারে। আমরা জানি বুর্জোয়া সিস্টেম অফ সোসাইটিতে কিছু কিছু ক্রটি আছে। কিন্তু এর মধ্যেও অগ্রগতিটাকে অবশ্যই লক্ষ করতে হবে এবং তার প্রশংসা করতে হবে। অন্তর্দেশীয় জলাশয়ে মাছ চাষের ক্ষেত্রে, মৎস্য উৎপাদনের ক্ষেত্রে আমাদের রাজ্য পৃথিবীতে একটা জায়গা করে নিয়েছে এবং দেশের মধ্যে সর্বোচ্চ জায়গায় গিয়েছে। সারা দেশের মোট মাছ উৎপাদনের শতকরা ৭০ ভাগ মাছ পশ্চিমবঙ্গে উৎপন্ন হচ্ছে। সাড়ে ৩৩ হাজার হেক্টর জমিতে নোনা জলের মাছ চাষ হচ্ছে। এটা মোটেই কম কথা নয়। ৮ম পরিকল্পনায় এটাকে দ্বিগুণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভারতবর্ষের কোন রাজ্যে এই জিনিস হচ্ছে? আমাদের এই সাফল্য আজকে আর কোনও পরিসংখ্যানের অপেক্ষা রাখে না। বদ্ধ জলে চিংড়ির চাষী মীন দ্বীপ ছাড়াও অনেকগুলি জায়গায় হচ্ছে।

[3-30 — 3-40 P.M.]

চিংড়ির চাষের ক্ষেত্রে পশ্চিমবাংলা দেশে শীর্ষ স্থান অধিকার করেছে। আন্তর্জাতিক ক্ষেত্র থেকে যে সমস্ত জিনিস আমাদের ফরেন এক্সচেঞ্জ এনে দেয় তার মধ্যে আমাদের এই চিংড়ি অন্যতম। আজকে পশ্চিমবাংলা এমনই একটা রাজ্য যেখানে এক হেক্টর জমিতে ২ টন পর্যন্ত চিংড়ি মাছ উৎপন্ন হচ্ছে। এই সাফল্য আমরা অর্জন করেছি, অবশ্য এটা আজকে আর বলার অপেক্ষা রাখে না। স্যার, আমি পরিশেষে আর একটি কথা বলব, পশ্চিমবাংলায় চিংড়ির উৎপাদন মৎস্য প্রকল্পের উদ্যোগে সারা দেশে জয়যাত্রা শুরু করেছে। বিশ্বের দরবারে আন্তর্জাতিক মুদ্রা অর্জনের বিশাল সম্ভাবনার দরজা খুলে দিয়েছে। পশ্চিমবাংলার বামফ্রন্টের সরকারের এই যে জয়যাত্রা তাতে আমি একটি কথাই বলব, "তোর ডাক শুনে যদি কেউ

না আসে, তবে একলা চল রে"। আজকে পশ্চিমবাংলার প্রাকৃতিক সম্পদ যা এতদিন পর্যন্ত অবহেলিত ছিল সেই সম্পদ ব্যবহারের মাধ্যমে আজকে বামফ্রন্ট সরকার পৃথিবীর দরজায় নিজেদের স্থান দখল করে নিতে পেরেছে। জগত সভার শ্রেষ্ঠ আসন লাভের পুরস্কারের দিকে এগিয়ে যাবে। এই কথা বলে এই দপ্তরের ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ আদক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মৎস্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাইছি। মাননীয় সদস্য শ্রী জয়নাল সাহেব প্রশংসা করলেন। কিন্তু এককালে উনি তো মৎস্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন, তখন উনি কি করেছিলেন? আমি জানি, উনি কিছুই করেন নি, সেইজন্য প্রশংসা করা ছাড়া তার আর কোনও উপায় ছিল না। এই হিসাবে সৌগতবাবুও প্রশংসা করলেন। কিন্তু আর একজন কংগ্রেসি সদস্য তিনি আবোল-তাবোল বকে গেলেন। তিনি বললেন, আমরা মৎস্যজীবীদের অনেক সাহায্য করেছি। এখানে অনেক বয়স্ক সদস্য আছেন, তারা নিশ্চয়ই জানবেন, তখনকার মৎস্যমন্ত্রী, হেম নস্করের ভেড়ি ছিল, সেইজন্য তিনি গরিব লোকেদের ভাল বাসতেন না। বামফ্রন্ট ক্ষমতায় আসার আগে কংগ্রেসি বন্ধুরা যখন ক্ষমতায় ছিলেন তখন পশ্চিমবাংলার জনসাধারণ যে মাছে ভাতে খুশি হয় এটা তারা কোনওদিন ভাবেননি। সেইজন্য মাছের উন্নতি করার বিষয়ে তারা কিছুই করেননি। স্বাধীনতার পর এই ডিপার্টমেন্ট ছিল, অথচ সাধারণ লোকেরা জানত না। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর লোকেরা জেনেছে যে মৎস্য দপ্তর আছে। ওনার আগে প্রয়াত কমরেড প্রভাস রায় ছিলেন। তিনি ফ্রেজারগঞ্জের জন্য এবং অন্যান্য জায়গার জন্য বেশ কিছু কাজ করেছিলেন, জয়নাল সাহেব বললেন, তার আমলে শঙ্করপুর হারবার হয়েছে। ফ্রেজারগঞ্জে বিরাট কর্মকান্ড চলছে ১১ কোটি টাকার খরচ করে। আমি ডাঃ সাহার একটি রিপোর্ট দেখছিলাম। উনি বলছেন, কংগ্রেসি আমলে ৫০ পারসেন্ট কাজ হয়েছে। সেইজন্য বলছি, মাননীয় মন্ত্রী মহাশয় যা করেছেন খুবই ভাল কাজ করেছেন। উনি ১৭টি জেলায় ট্রেনিং সেন্টার খুলেছেন। অন্য জায়গা থেকে এসে পশ্চিমবাংলায় ট্রেনিং নিচ্ছেন। এইরকম ৫০ হাজার লোক ট্রেনিং নিয়েছেন। আর ১৯৮৬ সালে ২৩ হাজার লোক ট্রেনিং নিয়েছে। ৭ লক্ষ ৩০ হাজার টন মাছ এখানে উৎপাদন হয়েছে। সুতরাং এই জিনিসগুলি ভাবা দরকার। ফ্রেজারগঞ্জে একটি ফিশারি হারবার তৈরি হয়েছে এবং মেদিনীপুরে খেজুরি এবং আরও দু-একটি জায়গা গড়ে উঠেছে। গ্রামাঞ্চল মৎস্য দপ্তর থেকে সাহায্য সাংঘাতিকভাবে দেওয়া হচ্ছে। তারা গ্রামে গ্রামে ডিম থেকে মাছ তৈরি করে সাংঘাতিকভাবে ফলন বাড়িয়েছেন এবং এটা বামফ্রন্ট সরকারের মৎস্য দপ্তরের কৃতিত্ব। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটি কথা বলতে চাই, এ বছরে বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনা জেলায় মাছের বিভিন্ন রকম রোগ হচ্ছে। ধান ক্ষেতের মাছ এবং জিওল মাছগুলি রোগে আক্রান্ত হচ্ছে, তাই মৎস্য বিভাগের পক্ষ থেকে একটা গবেষণাগার তৈরি করে মাছের এই রোগ সম্পর্কে যদি কিছু প্রতিবিধান করা যায় সে সম্বন্ধে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানিয়ে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুবই ভাল লাগল যে, কয়েক বৎসরের মধ্যে মাননীয় বিরোধী সদস্যদের কাছ থেকে কতকগুলি কনস্ট্রাকটিভ সাজেশন পাওয়া গেছে,

তারা তা দিয়েছেন, বিরোধিতা করেছেন বিরোধিতা করার জন্য করেছেন। ওরা অনেকগুলি প্রশ্ন তুলেছেন আমি চেষ্টা করব আমার সময়ের মধ্যে যতগুলি পারি তার উত্তর দেওয়ার। আমি প্রথমে বর্ষীয়ান সদস্য মাননীয় ডাঃ জয়নাল আবেদিন তার বক্তব্যে পরিসংখ্যানের কথা বলেছেন, তাকে বলছি যে খুবই ছোট্ট বক্তব্য আমার বাজেটের মধ্যে দিয়েছি, সেখানে পরিসংখ্যানের কথা উল্লেখ করিনি। উনি বললেন পরিসংখ্যান উল্লেখ করিনি যাতে আমাদের ব্যর্থতা চোখে না পড়ে, আমি মাননীয় সদস্যকে সবিনয়ে বলতে চাই যে আমি আপনাদের জন্যই পরিসংখ্যান উল্লেখ করিনি, কারণ আপনারা তাহলে লজ্জা পাবেন। ভারতবর্ষের মধ্যে একটা ছোট্ট রাজ্য ২৪ টা প্রদেশ নিয়ে গোটা ভারতবর্ষ সেখানে কেন্দ্রীয় সরকারের যে পরিসংখ্যান আছে—আমাদের পরিসংখ্যান নয়—সেই পরিসংখ্যানের কথা যদি বাজেট বক্তব্যে উল্লেখ করতাম তাহলে আপনারা কেউ আর বক্তৃতা করতে না। আপনি পরিসংখ্যানের প্রশ্ন তুলেছেন, তাই দু-একটা পরিসংখ্যান পড়ে শোনাব। ১৯৮৭-৮৮ সালে কেন্দ্রীয় সরকারের দেওয়া পরিসংখ্যাকে, পশ্চিমবঙ্গের গড় উৎপাদন ছিল ১৩২১ কিলো, পশ্চিমবঙ্গের পরে ভারতবর্ষের যে রাজ্য সেটা হচ্ছে উত্তরপ্রদেশ সেখানে গড় উৎপাদন হচ্ছে ১৮৬ কিলো। পশ্চিমবঙ্গের চেয়ে উত্তরপ্রদেশের জলাশয়ের আয়তন অনেক বেশি। তৃতীয় হল অন্ধ্র প্রদেশ যেখানে থেকে নাকি এখান মাছ আসে বলেছেন, সেখানকার গড় উৎপাদন ১৯৮৭-৮৮ সালে কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান অনুযায়ী ১৬১ কিলো প্রতি হেক্টরে আমাদের প্রতি হেক্টরে ১৩২১, কি উল্লেখ করব, আমার বাজেট বক্তব্যে আপনি বলেছেন পরিসংখ্যান দিইনি আমাদের লজ্জা ঢাকবার জন্য। ১৯৯০-৯১ সালে পশ্চিমবঙ্গে অন্তর্দেশীয় মাছ চাষে উৎপাদন হয়েছিল ৫ লক্ষ ৫৫ হাজার টন, আর পশ্চিমবঙ্গের পরে দ্বিতীয় স্থান যার কেরালা ও বিহারে উৎপাদন হল ১ লক্ষ ৫৯ হাজার টন যেদিক দিয়েই পরিসংখ্যান উল্লেখ করব তাতে আপনারা লজ্জা পাবেন। ভারতবর্ষের অধিকাংশ রাজ্য পরিচালনার ভার আপনাদের উপর, গোটা দেশের পরিচালন ভার আপনাদের দলের হাতে সেজন্য পরিসংখ্যান উল্লেখ করলে আপনারা লজ্জা পাবেন। তারপর আপনারা যে প্রশ্ন তুলছেন বিশ্বব্যাঙ্কের কথা বললেন, আপনাদের ৩ জন বক্তা বক্তৃতা করেছেন, তার মধ্যে একজন বক্তব্য করলেন, কিছুই জানেন না এখানে নাকি মাননীয় মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নিয়েছেন এই সব বললেন, তা অজ্ঞের প্রশ্নের কোনও উত্তর দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না, যারা কিছু জেনে শুনে কথা বলেন আমি তাদের কথারই উত্তর দিই। বিশ্বব্যাঙ্কের শর্তটা কি? কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের দৃষ্টির পার্থক্য আছে, আমাদের সরকারের হাতে টাকা নেই, আমরা নোট ছাপাতে পারি না। যেটুকু টাকা আমরা পাই পরিকল্পনার কাজ শেষ করতে পারি না। বিভিন্ন দপ্তরে আমরা যে কাজগুলি করতে চাই কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দপ্তরের দাবিগুলি পাঠিয়ে দিই, ওরা বলেন এ দপ্তরে টাকা পাবার সুযোগ আছে, আমাদের যে সব প্রকল্প আছে আমরা সেগুলির সঙ্গে যুক্ত করতে চাই।

[3-40 — 3-50 P.M.]

কিন্তু আমাদের কথা সেখানে বজায় থাকবে। বিশ্বব্যাঙ্কের সহযোগিতায় সেখানে যে প্রকল্প আমরা করব তাতে আমাদের শর্তটা বজায় থাকবে। বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে এই নিয়ে যখন আলোচনা হয়েছিল তখন আমরা বলেছিলাম, 'বেনিফিশিয়ারিদের শতকরা ৮০ ভাগ

হবে মৎস্যজীবী এবং তারা সেখানে সমবায় সমিতি গড়ে তুলে কাজ করবে—রাজ্য সরকারের এই শর্তটা আপনারা মেনে নিন।' আমদের শর্ত তারা মেনে নিয়েছেন, যার ফলে আমাদের স্বার্থ সেখানে বজায় থাকবে। আমরা একটি প্রকল্পের জন্য টাকা ধার নিয়েছি, কিন্তু আপনারা গোটা দেশের স্বার্থ বিকিয়ে দিয়ে আই এম এফ-র টাকা নিয়েছেন। আমরা সেখানে গরিব মানুষের স্বার্থে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়েছি, কিন্তু তাদের ডিরেকশনে বামফ্রন্ট সরকার চলছেন না। আমরা সেখানে যে মৎস্য চাষ পরিকল্পনা গ্রহণ করেছি তাতে আমাদের সঙ্গে আলোচনার পরিপ্রেক্ষিতে আমরাই শর্ত ঠিক করে দিয়েছি যে, গরিব মৎস্যজীবীরা সেখানে সমবায় সমিতি গড়ে তোলার ক্ষেত্রে সাহায্য পাবেন। সেখানে বেনিফিশিয়ারিদের কারা সিলেক্ট করবেন? যাদের সঙ্গে বেনিফিশিয়ারিদের সম্পর্ক রয়েছে পঞ্চায়েত, সাধারণ প্রশাসন এবং মৎস্য দপ্তর তারাই সেখানে বেনিফিশিয়ারিজদের সিলেক্ট করবেন। আমরা তাদের বলেছিলাম, আমাদের এসব শর্ত মেনে নিন, তাহলে রাজি আছি ; তা না হলে টাকা চাই না। আমাদের সব শর্ত তাদের মেনে নিতে হয়েছে। ঐ প্রোজেক্ট পিরিওড যখন চলবে তখন কে টাকাটা শোধ করবে? কারণ এই টাকার একটি অংশ ঋণ। ঐ ঋণ শোধ করবেন ঐ প্রকল্পের সঙ্গে যারা যুক্ত তারা। কিন্তু যতদিন তারা ঐ প্রকল্প থেকে সুবিধা না পাচ্ছেন ততদিন পর্যন্ত তো তারা ঋণের টাকা পরিশোধ করতে পারবেন না! ওরা বলেছেন যে, ঐ মোরেটোরিয়াম পিরিওড হবে দুই তিন বছর, কিন্তু আমরা বলেছি, এই পিরিওডটা ৫ বছর রাখতে হবে এবং ২০ বছর লোন রি-পে পিরিওড রাখতে হবে। যখন তারা ঐ প্রকল্প থেকে লাভ করবেন তখন টাকাটা তারা শোধ করবেন। এসব তারা মেনে নিয়েছেন। পশ্চিমবঙ্গ যদি এই প্রকল্পের আওতাভুক্ত না হত তাহলে ওয়ার্ল্ড ব্যাঙ্কের এই প্রকল্প হত না। পশ্চিমবঙ্গ এটা গ্রহণ করেছে বলে আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ককে বলতে হচ্ছে, এক্ষেত্রে পশ্চিমবঙ্গকে মডেল হিসাবে গড়ে তুলে এর মডেলে অন্যত্র প্রকল্প গ্রহণ করতে হবে। আমরা সাধারণ মানুষের স্বার্থের দিকটা দেখে সব কিছু করি। আজকে ভারত সরকারের দৃষ্টিভঙ্গি যদি বামফ্রন্ট সরকারের মতো হত তাহলে দেশের অবস্থা এই হত না, বিদেশি ঋণের দায়ে দেশটা বিক্রি হয়ে যেত না। আমরা রাজ্যের সাধারণ মানুষের স্বার্থেই এই প্রকল্প গ্রহণ করেছি। সৌগতবাবু অনেক কথা এখানে বলেছেন, ভাল ভাল সাজেশন দিয়েছেন। ন্যাচারাল ইকো সিস্টেমের কথা বলেছেন এবং তার সঙ্গে চার নম্বর ভেড়ির কথা বলেছেন। ন্যাচারাল ইকো সিস্টেম ইস্টার্ন বাই-পাসের দ্বারা নষ্ট হয়েছে বলেছেন, কিন্তু এটা কেন হল তার জবাবদিহী কে করবে? এই ইস্টার্ন বাই-পাসের জন্য কতটুকু জলাশয় নষ্ট হয়েছে? কিন্তু বিধাননগর সিটি যা গড়ে উঠেছে সেটা কাদের আমলে? সেখানে দশ হাজার জলাশয় নষ্ট করে এটা গড়ে তোলা হয়েছে। তখন তো এই ইকো সিস্টেমের কথা মনে ছিল না! বিধানচন্দ্র রায় তখন মুখ্যমন্ত্রী। সমস্ত বিশেষজ্ঞরা তাকে বলেছিলেন—এটা গড়ে তুলবেন না, সমস্ত জলাশয় বন্ধ করবেন না। কিন্তু ঐসব জলাশয় বন্ধ করেই এটা গড়ে তোলা হয়েছে। একটি নগর গড়ে উঠলে তার আশপাশে বসতি স্থাপন করার প্রবণতা থাকে এবং তারজন্য কিছু কর্মকান্ড গ্রহণ করতে হয়। আজকে ইস্টার্ন মেট্রোপোলিটান বাই-পাস যে গড়ে উঠেছে সেটা ঐ বিধাননগরকে ফিড করবার জন্যই। সেদিন যদি ঐ বিধাননগর গড়ে তোলা না হত তাহলে পাশাপাশি জনবসতিও গড়ে উঠত না এবং তারফলে এই সমস্যাও দেখা দিত না। তা সত্ত্বেও বলি, আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যে, কোনও জলাশয় বন্ধ করব না। চার নম্বর ভেড়ি নিয়েছি সেজন্যই, কারণ আপনাদের দেখে আমাদের আশঙ্কা হয়েছিল।

হাইকোর্টে প্রমোটারদের কেসে যেভাবে আপনারা তৎপর হয়ে ওঠেন, ঐ ভেড়ি সম্বন্ধেও সে তৎপরতা দেখা গেছে। তখন মনে হয়েছিল, একটা অশুভ আঁতাত গড়ে উঠতে পা প্রোমোটার এবং আপনাদের মধ্যে ভেড়িগুলিকে বন্ধ করবার জন্য।

আমরা সরকার থেকে সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম যে ৪ নম্বর ভেড়ি সরকারে পরিচালনাধীনে আসবে। আর যারা মৎস্য চাষের সঙ্গে থাকবেন তাদেরকে সমবায় ম্যানেজমেন্টে মাধ্যমে আমরা উৎপাদনের সঙ্গে যুক্ত করব। ভেড়ি নিয়ে আপনাদের ছিনিমিনি খেলতে দে না। শুধু তাই নয়, যে সমস্ত জলাশয় আছে সেগুলিকে রক্ষা করার জন্য আমরা পরিকল্পন তৈরি করেছি। এখানেই আপনাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে আমরা একথা কখনও মনে করি না যে কেবল মাত্র উৎপাদন বাড়ালেই মানুষের উপকা হবে। তার সঙ্গে সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে উৎপাদনের সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত কর এবং সেই সাধারণ মানুষকে যুক্ত করতে গেলে কিছু অসুবিধা থাকতে পারে, কিছু বাধ থাকতে পারে, কিছু ব্যর্থতা থাকতে পারে। কিন্তু সেই অসুবিধা, সেই বাধা, সেই ব্যর্থত আছে বলে সাধারণ মানুষের জন্য প্রকল্প তৈরি করব না। এই দৃষ্টিভঙ্গিতে আমরা বিশ্বাস নয়। সেজন্য এই ধরনের যে সমস্ত জলাশয় আছে সেই সমস্ত আমাদের এখানে তৃতীয় ভূমি সংস্কার আইন পাস হয়েছে। জয়নাল সাহেব একটু আগে বললেন যে ঐ ভূমি সংস্কার আইন পাস হওয়ার ফলে তাদের অনেক পুকুর ছিল সেই পুকুরগুলির অধিকাংশই ভেস্ট হয়ে গেছে। শুধু জয়নাল সাহেবের পুকুর নয়, অনেক বড় বড় জলাশয় যাদের আছে তাদেরও ভেস্ট হবে। ভেস্ট জলাশয়কে আমরা গরিব মানুষদের সমবায় তৈরি করে তাদের সেখানে রাখার ব্যবস্থা করব। শুধু তাই নয়, আমরা একটা আইন চেষ্টা করছি যে, যে সমস্ত জলাশয়ে মাছ চাষ করার মতো আয়তন থাকবে সেই সমস্ত জলাশয় বন্ধ করতে পারবেন না—সে ব্যক্তি হোক আর সংস্থাই হোক এবং সেটা কলকাতা শহরে হোক, আর কলকাতার বাইরেই হোক। কলকাতার উপকণ্ঠে এই ধরনের ব্যবস্থা আমরা গ্রহণ করেছি এবং ইতিমধ্যে মানুষের মধ্যে সেই প্রতিক্রিয়া শুরু হয়েছে। বহু জায়গায় তারা নাগরিক কমিটি তৈরি করেছে। প্রোমোটাররা বড়বড় জলাশয় ভর্তি করার ক্ষেত্রে যে সমস্ত লেনদেন করছে জমির মালিকের সঙ্গে, বা জলাশয়ের মালিকের সঙ্গে সেগুলি তারা রুখে দিয়েছে। নাগরিক কমিটি তৈরি করার মধ্য দিয়ে ইতিমধ্যে মানুষের মধ্যে এই ধরনের সচেতনতা দেখা দিয়েছে। এটাকে আমরা শুভ লক্ষ্মণ বলে মনে করি। আমরা এই ব্যাপারে তাদের সরকার থেকে বারে বারে সমর্থন করব, সাহায্য করব যে এই সমস্ত জলাশয় বন্ধ করা যাবে না। এখানে একটা প্রশ্ন করেছেন যে আমাদের অনেক সুযোগ আছে, আমরা উৎপাদনটাকে আরও বাড়াতে পারি এবং আরও প্রশ্ন করেছেন যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা কিম্বা ২ হাজার সাল পর্যন্ত এগিয়ে গেছি, বিংশ শতাব্দির শেষ যখন হবে একবিংশ শতাব্দীতে যখন আমরা পা দেব তখন আমাদের পরিকল্পনা কি হবে? একথা বোধ হয় সৌগতবাবু বলেছেন। একবিংশ শতাব্দীতে পা দেবার যে পরিকল্পনা আপনারা তৈরি করেছিলেন তাতে বেকারি, দারিদ্র, নিরক্ষরতা ইত্যাদি হাত ধরে একবিংশ শতাব্দীতে যাবার পরিকল্পনা করেছিলেন। তাতে বেকারি বেড়েছে, দারিদ্রতা বেড়েছে, নিরক্ষরতা বেড়েছে। আমরা বিংশ শতাব্দী থেকে একবিংশ শতাব্দীতে যাবার যে পরিকল্পনা করেছি সেখানে স্বনিযুক্তি কর্ম প্রকল্প, সেখানে নিরক্ষরতা দূরীকরণ বা

সাক্ষরতা আন্দোলন বা উৎপাদন বৃদ্ধি, এই ৩টি কথা মাথায় রেখে বিংশ শতাব্দী শেষ করে একবিংশ শতাব্দীতে যাতে সাফল্য নিয়ে যেতে পারি তারজন্য আমাদের সরকারের যে ক্ষমতা আছে সেই দৃষ্টিভঙ্গি অনুযায়ী আমরা পরিকল্পনা তৈরি করেছি। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে আমাদের লক্ষ্য মাত্রা হচ্ছে এই রাজ্যে ১০ লক্ষ টন মাছ উৎপাদন করা। কি করে করব? অত্যন্ত আনন্দের কথা যে আজকে আপনারা ঐ বেঞ্চে বসে স্বীকার করলেন যে দপ্তরটার আরও গুরুত্ব দেওয়া উচিত, একে কাজে লাগানো উচিত, এখানে যে সমস্ত রিসোর্স আছে সেগুলি ঠিকমতো ইউটিলাইজ করা উচিত। এই কথাটা আমরা বারে বারে বলেছি। এই কথাটা আমরা বারে বারে বলেছি যে আমাদের যে সমস্ত সম্পদ আছে সেগুলিকে কি করে আমরা উৎপাদনমুখী করে গড়ে তুলতে পারব। আমার বক্তৃতায় আছে যে আমাদের দেশে যে জলাশয় আছে সেটাকে যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে কি হবে? ঐ আপনার কথা, আমার কথা, সবই একই কথা যে স্বনিযুক্তি কর্ম প্রকল্প গড়ে উঠবে, উৎপাদন বাড়বে, দেশের মানুষের আর্থিক অবস্থার উন্নতি ঘটবে। আরসঙ্গে সঙ্গে দেশের উৎপাদন বাড়লে বৈদেশিক মুদ্রা আনতে পারব। এবং পরিবেশকেও আমরা রক্ষা করতে পারব। জয়নাল সাহেব, বলতে পারেন যে পৃথিবীতে ভারতবর্ষ ছাড়া আর কোথায় ৩টি সমুদ্র আছে? বঙ্গোপোসাগর, ভারত মহাসাগর এবং আরব সাগর—এই ৩টি সাগর একমাত্র আমাদের দেশে আছে। পৃথিবীর আর কোথায় আছে ৩টি সাগর? কোথায় আছে এত মিষ্টি জলের নদী? কোথায় আছে এত লবণাক্ত জল? এই সবগুলি উৎপাদনের কাজে লাগে। একজন জাপানের কথা বললেন যে, জাপানে হচ্ছে, ভারতবর্ষে হচ্ছে না? এটা আমারও প্রশ্ন? এই একই প্রশ্নতো আমরাও করি।

[3-50 — 4-00 P.M.]

একটা প্রশ্ন আমি করি। পৃথিবীর উন্নয়নশীল দেশ তারা আজকে এগিয়ে যাচ্ছে এই প্রকল্পের মাধ্যমে আর ভারতবর্ষে এত রিসোর্স থাকা সত্ত্বেও আমাদের প্ল্যানিং কমিশন এমন প্ল্যান তৈরি করেন যে রিসোর্স বেসড প্ল্যান তৈরি হয় নি আমাদের দেশে। বামফ্রন্ট সরকার এই কথাই আপনাদের বলছে। এখানেতেই আপনাদের সঙ্গে আমাদের সংঘাত। পরিকল্পনাটা মাঠের উপযোগী করে তৈরি হল তাহলে আমাদের দেশে এত বেকার তৈরি হত না,এতে খাদ্যের ঘাটতি তৈরি হত না, দেশে এই রকম দুঃখ-দুর্দশা তৈরি হত না। আজকে আপনারা বলেছেন আপনারা অনেক কিছু করেছিলেন। কি সব বললেন যে ট্রলার এই সব করেছিলেন। কিছু করেন নি। বলতে পারেন একটাও যন্ত্রচালিত নৌকা ছিল? জয়নাল সাহেব ১৯৭২-৭৭ সালে মন্ত্রী ছিলেন, পশ্চিমবাংলার মৎস্য দপ্তরের মাধ্যমে একটাও দেখাতে পারবেন গরিব মৎস্যজীবীদের জন্য একটাও যন্ত্রচালিত নৌকা এনেছিলেন? বড় বড় ট্রলার পশ্চিমবাংলায় এনেছিলেন যেগুলো এখানে চলত না, বেচে দিতে বাধ্য হলেন। আপনারা গরিব মৎস্যজীবীদের জন্য ভাবেন নি। আর পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর গরিব মৎস্যজীবীদের জন্য ভাবনা-চিন্তা করেছে। এই যে আর এস পি-র ভদ্রলোক আছেন, তিনি এখানে বক্তব্য রাখলেন মৎস্যজীবীরা ডিপ সী তে মাছ ধরছে, তাদের আত্মরক্ষার জন্য বা দস্যুদের হাত থেকে বাঁচাবার জন্য ব্যবস্থা করুন। এই সব কথা আগে বলতে হত না। কারণ মাছ ধরার মতো মৎস্যজীবীদের কোনও উপকরণ ছিল না। আজকে আমাদের এই ক্ষমতার মধ্যে এই

গুলো করতে পেরেছি বলেই এই দাবিগুলো উঠেছে। সমুদ্রে কি করে মৎস্যজীবীদের রক্ষা করা যায় জলদস্যুদের হাত থেকে সেই দায়িত্ব কিন্তু আপনারা পালন করেন নি। গভীর সমুদ্রে যারা মাছ ধরতে যায় সমুদ্র তটরেখায় তাদের রক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের কোস্ট গার্ড এবং বি এস এফ-কে তাদের দায়িত্ব পালন করতে হবে। এই ব্যাপারে আমরা বার বার দিল্লিকে ম্যাসেজ পাঠিয়েছি যে কোস্ট গার্ডকে শক্তিশালী করুন। কোথায় আমাদের দেশে কোস্ট গার্ড, কোনও চিহ্ন পাবেন? বলরাম জাখর যখন এখানে এসেছিলেন আমি তাকে নিয়ে গিয়েছিলাম, তখন আমি কোস্ট গার্ড লঞ্চকে বলেছিলাম আপনরা একটু পাহারা দিন না সমুদ্রে যারা মাছ ধরতে যায় তাদের জন্য তাছাড়া বাংলাদেশ থেকে ফিলিপিনস থেকে থাইল্যান্ড থেকে এই সমস্ত জলদস্যুরা এসে ফিশারম্যানদের আক্রমণ করছে, মাছ ধরে নিয়ে চলে যাচ্ছে। এই ব্যাপারে আপনারা একটু অ্যালার্ট থাকুন। এই সব হয় নি। আপনারা এই সব কথা চিন্তা করেন না, ভাবেন না, সেই দিন দিল্লিতে আলোচনা হয়েছিল এখানে হৃষিকেশবাবু আছেন, শুনলে আনন্দ পাবেন, আমাদেরও দাবি ছিল সেই আলোচনায় ওরা বলেছেন যে বড় বড় ট্রলার সমুদ্রে আর চালানো যাবে না। আমি বলেছিলাম এত দেরি করে আপনাদের ঘুমটা ভাঙ্গলো। এই কথা আমরা বারেবারে বলে এসেছি সমুদ্রকে এইভাবে ধ্বংস করবেন না। আমাদের সমুদ্রে যে পরিমাণ সম্পদ আছে যদি আজকে মেকানাইজড বোট, হাই পাওয়ার মেকানাইজড বোট দিয়ে সমুদ্রে মাছ ধরানো হয় তাহলে সমুদ্রে সম্পদটা আর থাকবে না। সমুদ্রে সম্পদটা অফুরন্ত নয়। শুধু মাত্র চিংড়ি মাছ ধরার নাম করে প্রচুর পরিমাণে অন্যান্য মাছ ধ্বংস করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের নীতির মাধ্যমে যেভাবে সমুদ্রের সম্পদটা ধ্বংস করা হচ্ছে অদূর ভবিষ্যতে আমাদের সমুদ্রে আর সম্পদ থাকবে না। এত দিন ধরে আমার এই কথা বলে এসেছি। ওরা বলেছেন আমাদের সমুদ্রে নাকি প্রচুর পরিমাণে সম্পদ আছে। কিছু দিন আগে ওরা বিদেশ থেকে একজন এক্সপার্ট নিয়ে এসেছিলেন, সেই এক্সপার্ট ওদের কাছে রিপোর্ট দিয়েছিল যে আপনারা যেটা ভাবছেন যে সমুদ্রে প্রচুর পরিমাণে সম্পদ আছে কিন্তু সেই সম্পদ শেষ হয়ে যেতে বসেছে, এইভাবে ট্রলার চালাবেন না। বিগত ১০-১২ বছর ধরে আমরা বারে বারে কেন্দ্রীয় সরকারকে বলে এসেছি এই সর্বনাশা নীতি আপনারা ত্যাগ করুন। বড় বড় ট্রলার চালাবার ব্যবস্থা করবেন না, উৎসাহ দেবেন না। আমি জানি না ওদের এতে ঘুম ভাঙ্গবে কিনা, ওদের ওই নীতি পরিবর্তন করবেন কিনা। এখন ওরা বুঝতে পারছেন বলে দিল্লিতে বলেছেন নীতি টিতি পরিবর্তনের দিকে ব্যবস্থা নিন।

তবে আমি এইটুকু বলতে চাই যে, আমরা যে সমস্ত প্রকল্পগুলো করছি সেগুলো দুটি দৃষ্টিভঙ্গিকে মাথায় রেখে করছি। একটি হচ্ছে মৎস্যজীবীদের জন্য কল্যাণ মূলক প্রকল্প। এখানে আপনারা বলছিলেন যে আমরা তাদের ভাতা দিচ্ছি। গরিব মৎস্যজীবীদের একটু উপকার করলে আপনাদের এত চিন্তা হয় কেন? আপনাদের এতে গাত্রদাহ হয় কেন? যারজন্য আমরা গরিব মৎস্যজীবীদের জন্য কোনও কল্যাণ মূলক প্রকল্প গ্রহণ করলে, তাদের জন্য বার্ধক্যজনিত কারণে ভাতা প্রদানের ব্যবস্থা করলে আপনারা সমর্থন করেন না। কিন্তু আজকে এই সমস্ত গরিবি মৎস্যজীবী, তারা এটা বুঝেছে, তাদের অভিজ্ঞতা দিয়ে বুঝেছে যে বামফ্রন্ট সরকার তাদের পাশে আছে। তাদের এই সরকারই বার্ধক্য ভাতা দিতে পারেন, পরিচয় পত্র দিতে পারেন, তাদের পেনশনের ব্যবস্থা করতে পারেন। আপনারা এই সমস্ত

মৎস্যজীবীদের জন্য পেনশনের কি ব্যবস্থা করেছিলেন? জয়নাল সাহেব, আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, উত্তর থেকে দক্ষিণবঙ্গ পর্যন্ত যেখানেই আপনি যাবেন সেখানে দেখতে পাবেন যে মৎস্যজীবীদের দুর্ঘটনাজনিত কারণে কেউ মারা গেলে তারা এককালীন পনের হাজার টাকা করে আর আহত হলে সাড়ে সাত হাজার টাকা করে পাবেন। কেউ মারা গেলে তার পরিবার পনের হাজার করে টাকা পাবেন। আপনার মৎস্য দপ্তর সম্পর্কে কোনও সম্পর্ক নেই বলে আপনি এটা জানেন না। আপনি এটা দেখবেন, পশ্চিমদিনাজপুরের ইটাহার কেন্দ্রে আপনার কেন্দ্রে কোনও মৎস্যজীবী মাছ ধরতে গিয়ে যদি মারা যান তাহলে তার পরিবার পনের হাজার টাকা অর্থ সাহায্য পাবেন। পনের হাজার টাকার ইনসিওরেন্স স্কীমে পাওয়ার ব্যবস্থা হয় কিনা আপনি খোঁজ নিয়ে দেখবেন। আমি এই কথা দায়িত্ব নিয়ে বলছি, বামফ্রন্ট সরকার এই প্রকল্পগুলো করেছে। মৎস্যজীবীদের জন্য এই সমস্ত কল্যাণমূলক প্রকল্প তৈরি করেছে। তার কারণ, বামফ্রন্ট সরকার এটা দেখেছে যে এই সম্প্রদায়ের লোকেরা দীর্ঘদিন ধরে সমাজের বুকে অবহেলিত অবস্থায় পড়েছিল। আমরা মাছের উৎপাদনকে পুরোপুরি বাড়াবার জন্য সাধারণ মানুষকে যুক্ত করে এই সমস্ত প্রকল্প করেছি। যেমন, দিঘার কাছে ওখানে আলমপুর ফার্ম, ইউ এন ডি পি প্রকল্প আমরা করেছি। আমরা এটা বুঝেছি যে আমাদের প্রযুক্তির দরকার আছে। উন্নত প্রযুক্তির সাহায্য না পেলে মাছের উৎপাদন এমনিতে বাড়ে না। এই প্রযুক্তি যাতে জনগণের কাছে আমরা পৌঁছে দিতে পারি সেজন্য সেই দৃষ্টিভঙ্গিকে লক্ষ্য রেখে আমরা এটা করেছি। আমরা এটা বিশ্বাস করি যে, টেকনোলজি যদি সাধারণ মানুষের মধ্যে পৌঁছে দিতে না পারি তাহলে কখনই উৎপাদন বৃদ্ধি সম্ভব নয়। বাঁকুড়াতে আমরা টেকনোলজিকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছি। আজকে তাই গ্রামাঞ্চলে গরিবি মানুষ আজকে এর সঙ্গে যুক্ত হয়ে নিজেদের জীবিকা নির্বাহ করতে পারছে। চিংড়ি মাছের জন্য আলমপুর, দিঘায় যেটা করা হয়েছে এটাকে আমরা কাজে লাগাতে পারি। ইস্টার্ন বাই-পাসের কাছে ব্রাজিল থেকে রেড তেলাপিয়া এনে আড়াই তিনশ টন পার হেক্টর করা যেতে পারে। কিন্তু আমরা এত উচ্চ গ্রামে না যেতে পারলেও উৎপাদনটা নিশ্চয়ই চাই এবং সেজন্য প্রকল্পটি গড়ে তুলেছি। এগুলো করার উদ্দেশ্য টেকনোলজি ট্রান্সফার করে যাতে আমরা ফিল্ডে পৌঁছাতে পারি। আমি আশা করব যে, মাননীয় সদস্যরা আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গি তাকে সাহায্য করবেন। ওদের দেওয়া কাট মোশনের আমি বিরোধিতা আর কি করব? ওরা তো নিজেদের কাট মোশনের নিজেরাই বিরোধিতা করেছেন।

**Mr. Speaker :** Now I put to vote all the cut motions.

The motion Shri Subrata Mukherjee, Shri Sobhan Deb Chattopadhyay and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta move on 25th March, 1992 that a sum of Rs. 31,04,24,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405—Fisheries, 4405—Capital Oultay on Fisheries and 6405—Loans for Fisheries".

(This is inclusive of total sum of Rs. 7.76.11.000 already voted on account) was then put and agreed to.

## DEMAND NO. 57

**Mr. Deputy Speaker :** There are three cut motions to Demand No. 57. All the cut motions are in order and taken as moved.

**Dr. Manas Bhunia :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

| | |
|---|---|
| Shri Deba Prasad Sarkar<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

[4-00 — 4-10 P.M.]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী ১৯৯২-৯৩ সালের যে ৪৭ কোটি ৭৫ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন আমি সেই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে সেই কাট মোশনকে সমর্থন করছি। আমি প্রথমেই যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে যে, গত বছরের বাজেট বরাদ্দ ছিল ৩৮ কোটি ৮৭ লক্ষ টাকা এবং আমাদের কাছে যতটা খবর আছে তাতে আমরা জানি যে এর মধ্যে প্ল্যান ফান্ডের প্রায় ১০ কোটি টাকা ছিল। এই বছরে ৪৭ কোটি টাকার মধ্যে ১১-১২ কোটি টাকা প্ল্যান ফান্ড হবে এবং যার অধিকাংশ এন সি ডি সি এবং এন সি সি এফের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ হচ্ছে যেমন গুদাম ঘর তৈরি হয়ে থাকে, কোল্ড স্টোরেজ তৈরি হয়ে থাকে ইত্যাদি। আমাদের কাছে খবর আছে এবং মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণ যখন দেবেন তখন বললেন এই যে ১০ কোটি টাকার প্ল্যান ফান্ড গত বছরে ছিল তার কত টাকা আপনি পেয়েছেন। আমাদের কাছে খবর আছে যে তার শতকরা ৪০ ভাগ টাকাও অর্থ দপ্তরের কাছ থেকে পান নি। এবং যদিও পেয়েও থাকেন আমরা জানি না। আর এই বছর যে কি হবে জানি না। গতবারে যখন বাজেট ভাষণে বক্তব্য রেখেছিলেন তখন আমি এইকথা বারে বারে বলেছিলাম যে বিভিন্ন দপ্তরের প্ল্যান ফান্ডের টাকা যেহেতু অর্থ দপ্তরের আওতায় এবং অর্থ দপ্তরের ভার শূন্য হওয়াতে কোনও উন্নয়নমূলক কাজই আপনারা করতে পারবেন না। বাজেট ভাষণের সময় আমরা যখন বাজেটের উপর বক্তব্য রেখেছিলাম তখন আমরা এই কথা বার বার বলেছি বিভিন্ন দপ্তরের প্ল্যান ফান্ডের টাকা যেহেতু অর্থদপ্তরের ভাঁড়ার প্রায় শূন্য হয়ে গেছে সেইজন্য নানা রকম কারচুপি করে সেই টাকা তারা বিভিন্ন দপ্তরকে দেননি। এখানে চেক ইস্যু করে মন্ত্রীদের বলা হয়েছে টাকা দিয়ে দেওয়া হল কিন্তু সেই চেক যখন ভাঙ্গাতে গেল পে -অ্যান্ড অ্যাকাউন্টস অফিসে তখন সেখানে দেখা গেল ঢালাও অর্ডার আছে অর্থমন্ত্রীর, যেন কোনও প্ল্যান ফান্ডের টাকা সেখান থেকে মঞ্জুর করা না হয়। এই যদি আজকে অবস্থা হয় বিভিন্ন দপ্তরের ক্ষেত্রে, সমবায় দপ্তরের ক্ষেত্রে তাহলে কোনও দপ্তরের উন্নয়নমূলক কাজ কিভাবে হবে আমি বুঝতে পারছি না? এই অবস্থার যদি পরিবর্তন না হয় আগামী দিনে তাহলে পরে কোনও দপ্তরই সমবায় দপ্তর সমেত তাদের যে কার্যসূচি সেই কার্যসূচি কার্যত রূপায়িত করতে পারবেন না। মাননীয় সমবায় মন্ত্রী তার বক্তব্যের প্রথম দিকে বলেছেন ৪৭

কোটি ৭৫ লক্ষ টাকার মধ্যে প্রায় প্ল্যান ফান্ডের ১২ কোটি টাকা অর্থাৎ যারা ২০, ৩০ এবং ৪০ ভাগ পেতে পারেন তারা নাও পেতে পারেন এই ব্যাপারে কোনও নিশ্চয়তা নেই। তাও তিনি বলেছেন এটা স্বল্প বলে মনে হতে পারে নিশ্চয় এটা স্বল্প এ বিষয়ে কোনও সন্দেহ নেই মনে হওয়ারও কারণ নেই, যে সমবায় আন্দোলনের ব্যাপারে আপনি বলেছেন—সমবায় আন্দোলনকে গণ আন্দোলন রূপায়িত করার সার্বিক প্রয়াস করা যেতে পারে এবং আমরা জানি আপনারা বামফ্রন্টের বিভিন্ন শরীক দল আন্দোলনে পটু কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো এই ১৫ বছর আপনারা ক্ষমতায় আছেন কিন্তু সমবায় আন্দোলনকে সাহায্য করার ব্যাপারে কতটা ভূমিকা দিতে পেরেছেন? সমবায় আন্দোলন ১৯৭২-৭৭ সালে আমরা যেটুকু দিয়েছিলাম আমি পরিসংখ্যান দিয়ে বলব ফাঁকা কথার ওপর বলব না এই ১৫ বছরে আপনারা কতটুকু তার অগ্রগতি করতে পেরেছেন? আপনারা বুকে হাত দিয়ে বলুন তো সমবায় আন্দোলনকে গণ অন্দোলনের রূপরেখার ক্ষেত্রে আনতে পেরেছেন কিনা? আমাদের যে কথাটা মনে হচ্ছে সেটা হচ্ছে আমরা ১৯৭৩ সালের আইনটাকে সম্পূর্ণ পরিবর্তন করে এনেছিলাম সেটাকে পরবর্তীকালে নির্মলবাবু যখন সমবায় মন্ত্রী ছিলেন তখন সেটাকে পরিবর্তন করে ১৯৮৩ সালে নতুন আইন প্রণয়ন করেন। কিন্তু আমাদের সমবায় আইনে ৭০-৭৫ আইনের ধারা আমরা করেছিলাম ইউনিভার্সালাইজেশন অফ মেম্বারশিপ সর্বজনীন সদস্যকরণের একটা প্রস্তাব রেখেছিলাম। আমরা দেখেছিলাম ৭২ সালে যখন আমরা ক্ষমতায় আসি তখন এই সমবায় আন্দোলনটা কিছু ধনীক শ্রেণীর লোকেদের মধ্যে কুক্ষিগত হয়ে আছে, যারা সাধারণ সদস্য হতে চান সমবায় সমিতিতে তাদের কিছুতেই সদস্য হতে দিতে চাইছিলেন না। সেইজন্য আমরা আইন করে বলেছিলাম, যে দরখাস্ত করবেন কোনও সমবায় সমিতির সদস্য হবার জন্য তাকে একটা নির্দিষ্ট দিনের পর সেই সমবায় সমিতির সদস্য হিসাবে গণ্য করা হবে। আপনারা ১৫ বছরে কি করেছেন মাত্র ৩২ লক্ষ লোককে সমবায় আন্দোলনে আনতে পেরেছেন, জোগাড় করতে পেরেছেন এই ইউনিভার্সালাইজেশন অফ মেম্বারশিপের মধ্যে? তাও এই ৩২ লক্ষ লোক সকলে সচল নয়। তারা অ্যাকটিভ নয় এর মধ্যে অনেকে নন-অ্যাকটিভ, সুপ্ত নানা ধরনের লোক আছে। তাও ধরলাম ৩২ লক্ষ লোক আপনারা এনেছেন। মোট ৭ কোটি যদি লোকসংখ্যা ধরি তাহলে এই ৭ কোটি অর্থাৎ ৭০০ লক্ষ লোকের মধ্যে মাত্র ৩২ লক্ষ লোককে ইউনিভার্সালাইজেশন অফ মেম্বারশিপের মধ্যে আনতে পেরেছেন। একভাগ হলে শতকরা ৪.৫ ভাগ হয় অর্থাৎ প্রতিটি ১০০ লোকের মধ্যে সাড়ে চারটি লোককে আপনারা সমবায় আন্দোলনের মধ্যে যুক্ত করতে পেরেছেন। আপনাদের এই ১৫ বছরের আন্দোলনে এর কতখানি অগ্রগতি হয়েছে এই পরিসংখ্যান থেকে আপনারা সেটা সহজেই বুঝতে পারছেন।

[4-10 — 4-20 P.M.]

ওরা কতগুলি নীতি নিয়ে সমবায় চালান, তারমধ্যে একটা বড় নীতি হচ্ছে গণতান্ত্রিক সমবায় আন্দোলন। ওরা বলেছেন আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে উন্নয়ন করে যাব। ১৯৮৩ সালে আমি যে আইনের কথা বলছিলাম সেই আইনের মধ্যে এই গণতন্ত্রিকরণের জায়গায় আরও বেশি ক্ষমতা সরকার কুক্ষিগত করবার চেষ্টা করছে। যেমন সেকশন থার্টি এইটে কো-অপারেটিভ সার্ভিস কমিশনের কথা লেখা হয়েছে। যদিও কো-অপারেটিভ সার্ভিস কমিশন

এখনও চালু হয়নি, আগামী বছর চালু হবে বলে মন্ত্রী মহাশয় বলেছিলেন। যে সমস্ত বিভিন্ন রকম সমবায় সমিতি আছে। যারা সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে নিজেদের প্রতিষ্ঠিত করেছেন তারা কোনও কর্মচারিকে নিয়োগ করতে পারবে না। কলেজ সার্ভিস কমিশনের মতো স্কুল সার্ভিস কমিশনের মতো, কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে এই সমস্ত লোক নিয়োগ হবে সমবায় সমিতিগুলিতে। এই সমবায়গুলির উপর তাদের কোনও বিশ্বাস নেই। কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে তার লোকনিয়োগ করবে সমবায় সমিতিতে, সমবায় সমিতির নিজস্ব কোনও স্বাধীনতা থাকবে না, তাদের নিজস্ব কোনও গণতন্ত্র থাকবে না। তাদের এই ব্যবস্থা সমবায় নীতির মূল মন্ত্রর পরিপন্থী বলে আমি বিশ্বাস করি এবং এটার পরিবর্তন করা দরকার। আপনারা জানেন যে একজন লোক একটা করে ভোট দিতে পারবেন। কিন্তু আশ্চর্যের সাথে আমরা লক্ষ্য করছি সমবায় সমিতিগুলি যদি সরকার থেকে ঋণ নিয়ে থাকে, সেটা যে কোনও অঙ্কই হোক না কেন, সেটা ১০০ টাকাই হোক বা এক লক্ষ টাকাই হোক, সেখানে কিন্তু সরকারের একটা ভোট নয়, সরকারের তিনটে ভোট অথবা এক তৃতীয়াংশ ভোট, যেটা কম হবে সেটা দিতে পারবে। এই নিয়মটা গণতন্ত্রের বিরোধী বলে আমি মনে করি। সরকারের এই ভোটদানের অধিকার যেটা কো-অপারেটিভ অ্যাক্টের মধ্যে আছে সেটাকে পরিবর্তন করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। এইগুলি যদি পরিবর্তন করে আরও গণতন্ত্রকরণ করা যায় তার জন্য সরকার একটু ভেবে দেখুন। এই তিনটে ভোট সরকার দিতে পারবেন এবং এই ভোট দানের জন্য আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ভাবে বিভিন্ন দল থেকে তিনজন করে সরকারি প্রতিনিধি বিভিন্ন সমবায় সমিতিতে চলে যাচ্ছে। যারা হয়ত সাধারণ নির্বাচনে দাঁড়ালে সেই সমিতির মধ্যে যাবার কোনও সুযোগ পেত না, নির্বাচিত হতে পারত না, তারা আজকে সমবায় সমিতিতে প্রতিনিধি হিসাবে চলে যাচ্ছে। তারা আজকে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ইত্যাদি অলঙ্কৃত করে বসে আছে। আরেকটা জিনিস আমরা দেখছি সেটা এখানে তুলে ধরতে চাই কো-অপারেটিভ আইনের সেকশন টোয়েন্টি নাইনে, সাব সেকশন নাইনে এখানে কি রকম অবস্থা দেখছি। সাধারণভাবে যারা নির্বাচিত হয়ে আসছেন তাদের মধ্যে থেকে চেয়ারম্যান বা এই সমস্ত পদাধিকারী হয়ে আছেন। তারা ছয় বছর সেই পদে থাকার পরে তাদের সেই পদে আসতে গেল তিন বছর গ্যাপ দিতে হবে, এটা এই আইনের মধ্যে আছে। কিন্তু যারা সরকারের প্রতিনিধি তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হচ্ছে না। এটা কি ধরনের ব্যবস্থা। যারা সরকারি প্রতিনিধি হয়ে যাচ্ছেন তারা ১০-১২ বছর সেই পদে মৌরসি পাট্টা চালিয়ে যাচ্ছেন এটা কি ধরনের গণতন্ত্র। এটা পরিবর্তন হওয়া দরকার, তাই মাননীয় মন্ত্রী মহাশয় এটা বিবেচনা করে দেখবেন।

তারপর আমরা দেখছি অত্যন্ত আশ্চর্যের ব্যাপার অনেক সমবায় আছে, বিভিন্ন সমবায় আছে, কো-অপারেটিভ আছে এবং আরও অনেকগুলি আছে। সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। কিন্তু বিভিন্ন জায়গাতে দেখছি যে কোর্ট কেস হয়ে যাচ্ছে। কোনও জায়গাতে দশ বছর, কোনও জায়গাতে বারো বছর লেগে যাচ্ছে। কোনও নির্বাচন নেই। সরকার থেকে একটা বোর্ড করে দেওয়া হয়েছে। এই রকম অবস্থা। একটা অব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি। সরকারের কি এইটুকু দায়িত্ব নেই যে, এই সমস্যার সমাধান কি করে করা যায়। কোর্ট কেস যাতে তাড়াতাড়ি মেটে সেটা দেখবার জন্য অনুরোধ করছি। সমবায় সমিতিগুলিকে কোনও

নির্বাচন হচ্ছে না। বারো বছর, চোদ্দ বছর ধরে কোনও ইলেকশন হচ্ছে না। কোর্টের আওতাতে চলে যাচ্ছে। আপনার বলছেন গণতন্ত্রের কথা। আপনারা বলছেন সমবায় আন্দোলনকে গণতান্ত্রিক আন্দোলনের রূপান্তরিত করবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে এটা কোর্টের আন্দোলনে রূপান্তরিত হয়ে যাচ্ছে। অধিকাংশ সমবায় সমিতিগুলি আজকে নিয়ম নীতি মানছে না। কথায় কথায় কোর্টে চলে যাচ্ছে। আজকে আপনাকে তো দেখতে হবে যাতে এটা কথায় কথায় কোর্টে যেতে না পারে। কেসগুলি যাতে এক দুই বছরের মধ্যে নিষ্পত্তি হয় তারজন্য আপনাকে সচেষ্ট হতে হবে। কেন নির্বাচন হবে না, বারো বছর, চোদ্দ বছর কোর্টের আন্ডারে থেকে যাচ্ছে। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় এই সমস্যার সমাধান করতে উদ্যোগ নেবেন। এবং উনি ওনার জাববি ভাষণে উত্তর দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন কৃষি সমবায় সমিতি, এস কে ইউ এস যেগুলি আছে গ্রামের এস কে ইউ এসের মাধ্যমে দেওয়া হয়ে থাকে। পশ্চিমবাংলাতে এইরকম ৬৫০০-৭৫০০ সমবায় সমিতি আছে। গত ৯-১০ সেপ্টেম্বর ওভারল্যান্ড পত্রিকাতে একটা মারাত্মক খবর বেরিয়েছে, এটা স্যার আমি পড়েছি, রাজ্যের ৬৬০০ প্রাথমিক কৃষি উন্নয়ন সমিতির মধ্যে বর্তমানে ২৬টি ছাড়া সবগুলি বন্ধ হয়ে গেছে। যে উদ্দেশ্যে ওই সব সমবায় সমিতি তৈরি করা হয়েছিল সেই উদ্দেশ্য পালিত হচ্ছে না। সমবায় সমিতিগুলির ঋণ দেওয়ার কথা। সেখানে নিজেরাই ঋণের দায়ে ধুঁকছে। গত তেসরা সেপ্টেম্বর বসিরহাট মহকুমার পুকুরিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতির ২৫ বছর পূর্তি উৎসবে প্রধান অতিথির ভাষণে সমবায় মন্ত্রী সরল দেব এই কথা জানান। বর্তমানে যারা বিভিন্ন সমবায় সমিতি চালাচ্ছেন এর মধ্যে বহু চোর ঢুকে আছে। ওই সব চোরকে না তাড়াতে পারলে এই রাজ্যের সমবায় আন্দোলন কিছুতেই জোরদার হবে না বলে তিনি মন্তব্য করেন। সমবায় মন্ত্রী উদ্বেগ প্রকাশ করে বলেন, বিভিন্ন সমবায় সমিতিগুলি যে সব ঋণ দেয় তার মাত্র ২৫ থেকে ২৯ শতাংশ আদায় হয়। প্রায় ২ কোটি ৩৫ লক্ষ টাকার মতোন ঋণ অনাদায়ি হয়ে রয়ে গেছে বলে তিনি জানান। আমি সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই, কেন এই রকম অবস্থা হচ্ছে। আগে যিনি মাননীয় মন্ত্রী ছিলেন তার আমল থেকেই এই জিনিস দেখতে পাচ্ছি। কেন এই সমবায়গুলিকে জোরদার করা যাচ্ছে না? আজকে কি এই সমবায়গুলি লক্ষ লক্ষ চোরেদের দিয়ে চলবে? এইভাবে সমবায় সমিতিগুলি চললে মৃত হয়ে যাবে। যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল এইগুলি তার উদ্দেশ্য সাধিত হবে না। এর উদ্দেশ্যই যাতে স্বল্প মেয়াদী ঋণ দিয়ে দুঃস্থ লোকেদের কিছুটা লাঘব করা যায়। কিন্তু তার কিছুই হচ্ছে না। এই ক্ষেত্রে কেউই উপকৃত হচ্ছে না। ফল উল্টো হয়ে যাচ্ছে। আমরা কি দেখছি, গত বছর ৩১-৩-৯১ তারিখ অবধি মাতার ২৯ কোটি টাকা দেওয়া হয়েছে। আমরা দেখছি এই বছর ৩১-১২-৯১ তারিখে ৩০.৮৫ কোটি টাকা দেওয়া হয়েছে। এখানে আমি একটা জিনিস বলতে বাধ্য হচ্ছি, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিভিন্ন পরিসংখ্যান দিয়েছেন এবং আরও যে পরিসংখ্যান আছে তার সঙ্গে কোনও মিল নেই।

[4-20 — 4-30 P.M.]

এই মিল যদি ঠিক করে দেন, এই মিল যাতে হয় আগামী দিনে সেটা একটু লক্ষ্য করবেন। আমার সময় কম, পরে মন্ত্রীকে দেখাব। ফিগারগুলো যা লেখা আছে, সেগুলো দেখে

আমার চোখ ছানাবড়া হয়ে গিয়েছে। এখানে দেখছি ১৯৯০-৯১ সালে শর্ট টার্ম লোন দেওয়া হয়েছিল ৫৪.৬০ লক্ষ টাকা, তার আগের বছর ৬৩.০৩ লক্ষ টাকা আর ১৯৮৭-৮৮ সালে ৬৩ কোটি টাকা। বছর বছর দেখছি শর্ট টার্ম লোন কমছে। এটা হতে পারে যখন জনতা মন্ত্রিসভা ছিল ওই সব লোন মুকুব হয়ে যাবে ১০ হাজার টাকা পর্যন্ত এই একটা ভুল ধারণার ফলে লোকের ঋণ শোধের প্রবণতা থমকে দাঁড়িয়েছে। আজকে ঋণ মুকুব হবে এই আশায় তারা ঋণ শোধ করছে না এবং ঋণ যদি শোধ না হয় ব্যাঙ্কের ক্রেডিট দেওয়ার ক্ষমতা কমে যায়, সেটা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় হয়েছে। আর একটা জিনিস মন্ত্রীকে বলি ৩০-১০-৮৯ তে কিস্তির খেলাপ হয়েছিল। ১০ হাজার টাকার ঋণের কিস্তি খেলাপ করেছিল। কিস্তি মাৎ হয়েছে। কিন্তু আপনারা কতটা টাকা কেন্দ্রীয় সরকারে থেকে পেয়েছেন বর্তমান পর্যন্ত জানি না। এই টাকাটা যখন বাঙ্কে দিয়েছেন কেন্দ্র থেকে তখন ১-২ বছর কেটে গিয়েছে, এই দু বছরের মধ্যে সুদ যেটা জমেছে, সেই সুদের টাকা ব্যাঙ্ক বলছে তাদের দিতে হবে। এই সুদের টাকা কে দেবে এবং কিভাবে দেবে এই কৃষক সমাজ, কিভাবে দেবে চাষী ভায়েরা। মুকুব পেতে পারে এই আশায় তারা বসে ছিল। আর একটা কথা না বলে পারছি না, আদায়ের পরিমাণ নেমে এসেছে। বর্তমান মন্ত্রীই বলেছেন ২৫ থেকে ২৯ শতাংশ আদাঁয় হচ্ছে। আমাদের সময়ে শতকরা ৯০ ভাগ হত। আজকে সেখানে আদায় হচ্ছে ২৫ থেকে ২৯ শতাংশ। এই ২৫ থেকে ২৯ শতাংশ ঋণ আদায় দিয়ে হবে না। আপনাদের ২৫-৩০ কোটি টাকা আদায় হচ্ছে, যেখানে ৬৮ কোটি টাকা আদায়ের প্রয়োজন। এইটা আদায় করতে হবে। আপনারা যদি শতকরা ৮০-৯০ ভাগ আদায় করতে পারেন তাহলে হবে না। আপনারা যদি আদায় চান, তাহলে প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে হবে। জানি না, সেই ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দল এবং বামফ্রন্ট সরকার কোনও নীতি গ্রহণ করেছেন কিনা। আপনাদের দেখছি ১৫ বছরে আদায় শতকরা ১৫/১০/৮ ভাগের বেশি হয় নি। এই দিয়ে সমবায় আন্দোলনকে গণ আন্দোলনের কাছাকাছি যেতে পারবেন বলে মনে হয় না। দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে দেখছি আমাদের সময়ে ৬০-৬-৭৬ পর্যন্ত সমবায় আন্দোলনে আমরা ৫ কোটি টাকা ঋণ দিয়েছিলাম। ১৪ বছর পরে দেখছি ৮.৬৮ কোটি টাকা। গত বছরের বাজেট ভাষণে বলেছিলেন দীর্ঘমেয়াদী ক্ষেত্রে ৮.৬৮ কোটি টাকা বিনিয়োগ ঋণ মঞ্জুর করা হয়েছিল। এইবারের বাজেট ভাষণে বলছেন ৫ পাতায় ঃ

> " ১৯৯০-৯১ সালে দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্র ব্যাপকভাবে সম্প্রসারিত হয়েছে। ঐ বছরে ১৭ কোটি ২০ লক্ষ টাকা ঋণ বিনিয়োগ করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল, তার মধ্যে ১৪ কোটি ৭ লক্ষ টাকা ঋণ দেওয়া সম্ভব হয়েছে।

কোন ফিগারটি সত্য আর কোনটি নয় জানি না। কোন ফিগারের সঙ্গে কোন ফিগারের মিল আছে মাথা খাটিয়ে বুঝতে পারলাম না। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে দুটির মধ্যে যদি সামঞ্জস্য বিধান করে দেন তাহলে আমাদের বুঝতে সুবিধা হয়। অনেক ফিগারের মধ্যে সমস্ত জিনিসটা গুলিয়ে দেওয়ার প্রচেষ্টা হয়েছে বলে আমার মনে হয়েছে। তারপর বলি, ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অনেকগুলি প্রায় বন্ধ হয়ে যাবার জোগাড় হয়েছে। আমার নিজের এলাকা কান্দিতে একটি ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক আছে। সেটি আজ প্রায় বন্ধ আপনি কিছু টাকা দিয়েছিলেন, সেই টাকা দিয়ে তারা যে অনেক কর্মী নিয়োগ করেছিলেন তাদের প্রত্যেককে

৩০ হাজার টাকা করে দিয়ে চাকরি থেকে ছাড়িয়ে দিয়েছে। আর যারা স্থায়ী যারা এখনও থাকবে তাদের কাছ থেকে লিখিয়ে নিয়েছে যে ১০ মাসের মাহিনা তাদের দেবে না। চাপ দিয়ে এগুলি করা হয়েছে। আপনি যে টাকা দিয়েছিলেন সেই টাকা তো ফুরিয়ে গিয়েছে তাহলে আগামীদিনে এটা চলবে কি করে? এখনও তো সেখানে ৩০-৩৫ জন লোক থাকল তাদের বেতন কোথা থেকে হবে সেটা মন্ত্রী মহাশয় আশা করি একটু বুঝিয়ে দেবেন। স্যার, বলার অনেক কিছুই ছিল কিন্তু সময়ের অভাবে সব বলা গেলনা। আমি এর পর তন্তুজের কথা একটু বলি। এখানে পান্নাবাবু আছেন, আশা করি শুনবেন। স্যার কয়েকদিন আগে এখানে যখন প্রশ্নের উত্তর দেওয়ার পর্ব চলছিল তখন মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় বলছিলেন তন্তুজের কাছ থেকে বিভিন্ন তন্তুবায় সমিতির ১৬ কোটি টাকা নাকি পাওনা আছে। আপনি ছোট ছোট তন্তুবায় সমিতিগুলিকে যদি টাকা না দেন তাহলে সেগুলি চলবে কি করে? আশা করি আপনি এ বিষয়টা একটু দেখবেন। আপনি বলেছেন, আপনিও সরকারের কাছ থেকে ২১ কোটি টাকা পাবেন। আপনি সেই টাকা আদায় করছেন না কেন তা আমি বুঝতে পারছি না। একদিকে ছোট ছোট তন্তুবায় সমিতি ১৬ কোটি টাকা পাবে অপর দিকে আপনি ২১ কোটি টাকা পাবেন—আপনি সেখানে টাকা আদায় করে তাদের দিতে পারছেন না। সরকার বলছে যে ভাঁড়ে মা ভবানী টাকা দিতে পারা যাবে না। অথচ ৭ কোটি টাকা আপনি ওভারড্রাফট নিচ্ছেন ব্যাঙ্ক-এর কাছ থেকে ১৬ পারসেন্ট সুদ দিয়ে। এই অবস্থা যদি চলে তাহলে তন্তুজেরও ২-১ বছরের মধ্যে ভাঁড়ে মা ভবানী অবস্থা হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তারপর আপনি সেলস এম্পোরিয়াম যেগুলি খুলেছেন সেগুলি নন-ভায়াবল রাজনৈতিক কারণেই হোক বা লোক নেওয়ার কারণেই হোক সেগুলি খুলেছেন এবং চালিয়ে যাবার চেষ্টা করছেন কিন্তু সেগুলি চলে না।

[4-30 — 4-40 P.M.]

আর জনতা কাপড়ের ব্যাপারটা তো শুধু পেপার ট্রানজাকশন হয়। স্যার, সেখানে অধিকাংশই পেপার ট্রানজাকশন। স্যার, যেখানে মাল জড়ো করে রাখার কথা লক্ষ লক্ষ টাকার জনতা কাপড় নাকি সেখানে আসে এবং একই দিনে জমা হয়, ছাপ মারা হয় এবং বিক্রি হয়ে যায়। একই দিনে সব কমপ্লিট হয়ে যায়। সেই দিনটি হচ্ছে ৩১শে মার্চ। ৩১শে মার্চ একদিনে লক্ষ লক্ষ টাকার কাপড় ট্রানজাকশন হয়ে যাচ্ছে। আসছে ছাপ মারা হচ্ছে এবং বিক্রি হয়ে যাচ্ছে। এগুলি পেপার ট্রানজাকশন ছাড়া কিছু নয়। আপনি জানেন, জনতা কাপড়ের জন্য কেন্দ্রীয় সরকার ১৭ কোটি টাকা সাবসিডি দেন। লক্ষ্য হচ্ছে, কাগজে কলমে যেভাবেই হোক ট্রানজাকশন দেখিয়ে ১৭ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করতে হবে। আমরা শুনেছি কিছুদিন আগে কেন্দ্রীয় সরকারের একটা এনকোয়ারি টিম এসেছিল এবং তারা সেই এনকোয়ারি করে গিয়েছেন। তারা কি এনকোয়ারি করেছেন আমাদের কাছে এখনও তার খবর নেই তবে যতদূর জানি এই এনকোয়ারি রিপোর্ট আপনাদের পক্ষে যাবে বলে মনে হয়না। তা ছাড়া নরম্যাল কাপড় যেটা বিক্রি হয় জনতা কাপড় ছাড়া সেটা হয় মাত্র১৫ কোটি টাকার। সেটা হয় মাত্র ১৫ কোটি, অথচ আপনারা দেখাচ্ছেন আপনাদের সার্বিক ব্যবসা হচ্ছে ৭০ কোটি। একটা ফিকটিশাস ব্যবসা দেখাচ্ছেন এই জনতা কাপড়ে। আপনাদের মধ্যে কাউকে বেনফেডে দেবেন, কাউকে দেবেন কনফেড, আবার কাউকে

দেবেন ক্যালকাটা হোলসেলে। গত বছর পান্না বাবু থাকবেন, উনি তো মৌরসি পাট্টা হয়ে বসে আছেন, এটার কি পরিবর্তন হবে না এইরকম ভাবে আপনারা ভাগ বাঁটোয়ারা করে বসে রয়েছেন, এর কি পরিবর্তন হবে না? এই সব কারণে আমরা এই বাজেটকে সমর্থন করতে পারলাম না বলে দুঃখিত।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমবায় মন্ত্রী সমবায় দপ্তরের যে বাজেট অনুমোদনের জন্য এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলছি। ঘটনা হচ্ছে, এখানে সমবায়ের ব্যাপারে আমাদের বিরোধী পক্ষের সদস্য যারা আছেন, দুজন বিশারদ আছেন, সমবায় বিশারদ, আমাদের বন্ধু জয়নাল সাহেব আর অতীশবাবু। আমি আশ্চর্য হয়ে গেলাম এবং জিনিসটা খুব দুঃখের এটা ভাবতে পারিনি যে অতীশ বাবু বিরোধী পক্ষের সদস্য যিনি বললেন, কতগুলো তথ্য এমন ভুল ভাবে রাখলেন, আপনার কেন এই রকম হল জানি না, ওর একটু দেখেশুনে বললেই বোধ হয় ভাল ছিল। যাই হোক, ওরা একটা রেকর্ড করে রেখে দিয়েছেন, যখন ৭৭সালে পশ্চিমবাংলার মানুষ ওদের একেবারে বিতাড়িত করে দিলেন, তারপর ওরা যখন দেখলেন ওরা হালে পানি পাচ্ছেন না, তখন ওরা সকলে একটা করে রেকর্ড করে রাখলেন বিভিন্ন দপ্তরের ব্যাপারে। সেটা প্রত্যেক বছর বাজেটের সময় তারা বাজিয়ে যাচ্ছেন। ঐ রেকর্ড যতই বাজছে ততই দেখা যাচ্ছে ওরা ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে যাচ্ছেন। আমাদের বলার কিছু নেই, আর আপনাদেরও উপায় কিছু নেই। এটা শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রে নয়, গোটা ভারতবর্ষ জুড়ে এই জিনিস হচ্ছে। আগে শুধু পশ্চিমবাংলায় ছিল, এখন সারা ভারতবর্ষ জুড়ে আপনাদেরকে মানুষ বিতাড়িত করছে। যার জন্য আজকে কেন্দ্রে সংখ্যালঘু সরকার চলছে বি জে পি-র সমর্থনে। একটা ঘটনা হচ্ছে সমবায় দপ্তরে অনেক পরিবর্তন এবং উন্নতি হয়েছে। মাননীয় সদস্য যেটা বললেন ১৫ বছর ধরে মাত্র ৩২ লক্ষ সদস্য হল, আমাদের সাত কোটি লোক, মাত্র চার পারসেন্ট না কত। এই সংখ্যাটা দিয়ে সব কিছু হয় না। কারণ এটা আমাদের মৌলিক বৈশিষ্ট হচ্ছে এই ৩২ লক্ষের মধ্যে ২৫ লক্ষ হচ্ছে গরিব এবং মার্জিনাল ফারমার, গ্রামের মানুষ। তাদের পার্টিসিপেশন বেশি। যারা ছোট চাষী, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস তারা আছেন। আপনাদের আমলে তা ছিলনা। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সমবায় আছে ঠিকই কিন্তু সেখানে সাধারণ মানুষের পার্টিসিপেশন নেই। তাদের দূরে সরিয়ে রাখা হয়েছে। শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের বিভিন্ন রাজ্যে যারা আছেন, তারা তাদের দূরে সরিয়ে রেখেছেন। বি জে পি তারা উত্তরপ্রদেশে দাঙ্গা হাঙ্গামা করছে, আদিবাসী হরিজনদের উপর। তাদের সদস্য পদ দেওয়া হয়নি। যারা জমিদার জোতদার, পুঁজিপতি তাদের জন্য ব্যবস্থা করেছেন। আমাদের রাজ্যে তা নয়। তাছাড়া আর একটা কথা, ৩২ লক্ষ সদস্যের কথা বলা হয়েছে, কে বলবো এই কথা? এটা হচ্ছে ৬৪ লক্ষ। আমাদের ২৩ হাজার বিভিন্ন ধরনের সমবায় আছে, আপনি বোধ হয় একটা সমবায়ের কথা বলেছেন। আমাদের তিন হাজার সমবায় আছে। তার সদস্য সংখ্যা ৬৪ হাজারেরও বেশি। অতএব এই পারসেন্টেজটা ধরলে ডবল হয়ে যাবে। মানুষ আপনাদের নীতি সম্পর্কে সচেতন আছে।

এই তো হচ্ছে অবস্থা! আপনারা জনগণের এত কল্যাণ করেছেন যে, আপনাদের ঐ দিকেই থাকতে হবে, এ দিকে আর কোনও দিন আসতে হবে না। সর্বজনীন সদস্য পদ চালু

করার জন্য কেন্দ্রীয় সরকার আপনাদের সরকার পরিকল্পনা গ্রহণ করেছিলেন। তখন তারা কি বলেছিলেন? তখন ১০ টাকা করে মেম্বারদের শেয়ার দেওয়া হত। শেয়ার দেবার সময় কেন্দ্রীয় সরকার বললেন, আমরা কোনও টাকা পয়সা দেব না। অথচ কাদের সর্বজনীন মেম্বার করতে বলেছিলেন? পাট্টা হোল্ডার, বর্গাদার, অল্প জমির মালিক, গরিব চাষী, তফসিলি ও আদিবাসী মানুষদের ১০ টাকার শেয়ারের বিনিময়ে মেম্বার করার পরিকল্পনা গ্রহণ করেছিলেন। কিন্তু তারা কোনও টাকা পয়সা দিলেন না। পরবর্তীকালে আমরা সেই প্রকল্প গ্রহণ করি এবং আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে টাকা দেওয়া হয়। যার ফলে আমাদের রাজ্যে বিরাট সংখ্যক সর্বজনীন মেম্বার হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের রাজ্যে ১৯৯০-৯১ সলে ১১ লক্ষ ৮০ হাজার মানুষকে মেম্বার করা হয়েছিল এবং ১৯৯২-৯৩ সালে ১৩ লক্ষ ২০ হাজার মানুষকে মেম্বার করার ব্যবস্থা আমাদের সমবায় বাজেটে করা হয়েছে। এ জিনিস ভারতবর্ষের আর কোথায় আছে, দেখতে পারবেন? পশ্চিমবাংলায় এই জিনিস হয়েছে। শুধু সংখ্যা দিয়েই বিচার করলে হবে না, গুণগত দিকটাও দেখতে হবে। সমবায় কাদের জন্য? নিশ্চয়ই জোতদার, জমিদার, পুঁজিপতিদের জন্য নয়। কিন্তু আপনারা সে কাজই বরাবর করে এসেছেন। এখনও আপনারা যেখানে ক্ষমতায় আছেন সেখানে করছেন। সুগার মিল কো-অপারেটিভে এই জিনিস চালাচ্ছেন। তারপর আপনাদের কেন্দ্রীয় সরকার ভোটের আগে একটা পরিকল্পনার কথা ঘোষণা করেছিলেন। অবশ্য ভোটের আগে আপনারা অনেক ভাল ভাল পরিকল্পনার কথা ঘোষণা করেন। কারণ মানুষকে ধাপ্পা না দিলে আপনাদের চলে না। ভোটের পরে সে সব কথা ভুলে যান। আপনারা বলেছিলেন, ঠিক সময় টাকা ফেরত দিলে সাবসিডি দেওয়া হবে। ১০ টাকা, ১২ টাকা সুদের বদলে ৪ টাকা সুদ দিতে হবে, বাকিটা কেন্দ্রীয় সরকার দেবে। ভোটের পর যখন গরিব চাষীরা টাকা ফেরত দিতে গেল, তখন তারা দেখলো কোনও সাবসিডিই দেওয়া হচ্ছে না, সুদের হার বেড়ে গেছে। অর্থাৎ ভোট যেই হয়ে গেল কেন্দ্রীয় সরকার তার প্রতিশ্রুতির কথাও ভুলে গেলেন।

[4-40 — 4-50 P.M.]

আমাদের রাজ্য সরকার সেটা গ্রহণ করছেন। কেন করেছেন, গরিব মানুষের স্বার্থ রক্ষা করার জন্য গ্রহণ করেছেন। এই পরিকল্পনা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন কিন্তু ঘোষণার দিক থেকে, কার্যকর দিক থেকে নয়। একথা মানুষ জানে, আমরাও জানি। ওদের পরিকল্পনা হয় শুধু ভোটের আগে, ভোটের পর তা কার্যকর হয় না। তাই কার্যকর করলেন না। কিন্তু আমরা আজ পর্যন্ত চালিয়ে যাচ্ছি। তাই আপনাদের এই কথা বলব, আমরা সমবায়ের মাধ্যমে জনগণের কল্যাণের জন্য এত আগ্রহী সেই কথাটা মাননীয় মন্ত্রী মনমোহন সিংকে বলুন, কেন্দ্রীয় সরকারকে বলুন যে এটার প্রয়োজন আছে। আমাদের রাজ্য সরকারের অর্থনৈতিক অবস্থা খুবই সীমিত। কেন না আপনারা যে নীতি নিয়েছেন সেই নীতি ঘোষণার ফলে আমাদের রাজ্যের অর্থ ভাণ্ডার সব সময় সীমিত অবস্থায় থাকে। আমরা জনগণের জন্য অনেক কিছু করতে চাই কিন্তু আর্থিক সীমাবদ্ধতার জন্য সব কিছু করতে পারি না। যতটুকু করতে পারছি ততটুকু আমরা চেষ্টা করছি সঠিকভাবে যাতে কাজে পরিণত হয়। গতবার আমরা ২ কোটি ২২ লক্ষ টাকা সাবসিডি দিলাম। এবারে ৪ কোটি টাকার বরাদ্দ আছে। গরিবরা যে ঋণ নিচ্ছে আপনারা বললেন, সুদ দিতে হবে। মাননীয় সদস্য অতীশবাবু

*বললেন, ১০ হাজার টাকা ছেড়ে দিয়েছেন। কিন্তু সেইসব অর্থ কোথায় গেল? এতদিন সেই টাকা অ্যাডজাস্টমেন্ট হয়নি, তারপর সুদ দিতে হবে।* বিরোধী পক্ষের সদস্যরা বললেন ন্যাবার্ড-এর টাকা মকুব করে দেবে। আপনার তা পারেন ১০ হাজার করে ছেড়ে দিতে। কেন্দ্রীয় সরকার এটা করছেন, সে যে সরকারই হোক না কেন, জনতা সরকার হোক আর কংগ্রেসি সরকারই হোক। অবশ্য কংগ্রেসিরা তা কোনওদিন করেননি। কিন্তু কেন্দ্রীয় সরকারতো করেছেন। ১০ হাজার টাকা গরিব লোকদের ছেড়ে দিয়েছেন। কিন্তু আপনারা যেটা করেছেন জমিদার জোতদারদের স্বার্থের কথা ভেবে। উত্তরপ্রদেশ, গুজরাট, রাজস্থান, মধ্যপ্রদেশে যে সমস্ত জমিদাররা আছে তাদের একই ফ্যামিলির ২০-২৫ জন লোক টাকা নিয়েছে। তাদের ক্ষেত্রে মকুব করার জন্য করেছেন। এক্ষেত্রে গরিবরা এই সুযোগ পেলে ভাল হত, সমবায় ব্যবস্থার মধ্য দিয়ে সুবিধা পেত। ভি পি সিং সরকার ১৪৪ কোটি টাকার মধ্যে অর্ধেক টাকা দিয়েছেন, বাকি টাকা দেয়নি। ওনার সরকার ভেঙ্গে চলে গেছে। আপনারা তো এসেছেন ভারতবর্ষের মানুষের কাছ থেকে ভোট নিয়ে। তাদের কথা ভেবে বাকি অর্থটা দিয়ে দিন। এটা দিলে এত সুদ দিতে হত না। কিন্তু তা না করে এখানে এসে কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। আপনাদের কি রকম নীতি, কি রকম কাজ তা আমি জানি না, সমস্ত পরস্পর বিরোধী কথা। যাইহোক এগুলি দেখবেন। তারপর মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা বললেন, কি হয়েছে? কিছুই হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী পক্ষের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। উনি মামলার কথা বলে গেলেন। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক বলে একটা ব্যাঙ্ক আছে। যখন আপনারা ছিলেন তখন আমানত ছিল ৬৯ লক্ষ ৮৯ হাজারটাকা। লস ছিল ১ কোটি ২৯ লক্ষ টাকা। সেখানে আপনাদের মামলার জন্য ন্যার্বাডে লোককে জজসাহেব করে বসালেন। তখন সেখানে আমানত ১৭০ কোটি টাকা হয়ে গেল। লসটা বেড়ে গেছে, ৪ কোটি ৬৬ লক্ষ টাকা , আর এখন যখন বামফ্রন্ট তার দায়িত্ব নিয়েছে ১৯৯১-৯২ সালে আপনি জানেন কি হয়েছে পরিবর্তন? সেখানে ৩০০ কোটি টাকা আমানত সংগ্রহ করা হয়েছে এবং নেট প্রফিট লস ৪ কোটি ৬৬ লক্ষ টাকা মেক আপ করে ১০ কোটি ৫২ লক্ষ নেট প্রফিট করা হয়েছে। ভাবতে পারেন? আপনারা তো ছিলেন, এখন মামলা করে যাতে ওটাকে বানচাল করা যায় তারজন্য চেষ্টা করছেন। বেশি বলা যাবে না, আমার সময় নেই। আর একটা কথা আপনার তো এ ব্যাপারে অনেক অভিজ্ঞতা আছে, মাননীয় সদস্য অতীশ সিন্‌হা মহাশয় তো তন্তুজের চেয়ারম্যান ছিলেন। রাজ্যের স্বার্থ আপনারা কতটা চিন্তা করতেন তার একটা দৃষ্টান্ত দিচ্ছি ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে আড়াই লক্ষ তাঁত শিল্প ছিল, তাদের জন্য ৬৯ লক্ষ টাকা রিজার্ভ ব্যাঙ্ক থেকে লোন আনতে পেরেছিলেন, এখন সেটা কত হয়েছে জানেন? সেটা হচ্ছে ৫২ কোটি ৫৬ লক্ষ টাকা, আপনারা ৬৯ লক্ষ টাকা আনতেন, আর আমরা ৫২ কোটি ৫৬ লক্ষ টাকা আমদানি করেছি। শুধু তাই নয়, আপনাদের জানাচ্ছি, পশ্চিমবঙ্গে তখন ছিল ২ লক্ষ ৬৬ হাজার তাঁত, তাঁত ছেড়ে বাঁচবার জন্য তারা অন্য জীবিকায় চলে গিয়েছিল, তারা আবার ফিরে এসেছে, এখন হচ্ছে ৩ লক্ষ ৩৮ হাজার ৪৯৯, অর্থাৎ এইসব দূর হয়ে গেছে। এই হচ্ছে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলনের বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি, তাদের সাফল্য অতএব আপনারা ঐ ভাঙ্গা রেকর্ড বাজাচ্ছেন, তাই আমি বলছি যে ওটা ঠিক নয়। যেখানে সমস্ত ব্যাপারে সারা ভারতবর্ষের চিত্র তা সমস্তই আপনাদের বিপক্ষে চলে যাবে। তাই সমবায় ব্যবস্থা জোরদার করার জন্য কেন্দ্রীয় সরকারকে

আমরাও জানাচ্ছি, আপনারাও জানেন, যে সমস্ত পাওনাগুলি আছে সাবসিডি বাবদ, ইন্টারেস্ট বাবদ যেগুলি পাওয়া যাবে সেগুলি আনাবার চেষ্টা করুন, এটা যদি করতে পারেন তাহলে আপনাদের ধন্যবাদ দেব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন সেটার বিরোধিতা করে এবং যে কাট মোশনগুলি আমাদের পক্ষ থেকে দেওয়া হয়েছে তার সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমার আগে মাননীয় পান্নালাল মাঝি মহাশয়, যিনি তন্তুজের মৌরসি পাট্টা নিয়ে পশ্চিমবঙ্গের এক নম্বর সমবায় বিশারদ মনে করে চালিয়ে যাচ্ছেন তিনি পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনের বিরাট অগ্রগতি হয়েছে বলে দাবি করছেন। কিন্তু আমাদের কি দেখতে হবে সেটা মাননীয় সমবায় মন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যেই তা বলে দিয়েছেন। গতবার এখানে বাজেটে অংশ গ্রহণ করে বলেছিলাম, ৭৭ সালে আমরা ক্ষমতা ছেড়ে যাবার পর বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে এই সমবায় আন্দোলনের উপর বিরাট আঘাত এনেছেন এবং তারফলে আজকে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন মুখ থুবড়ে পড়েছে। জয়নাল সাহেব যখন পশ্চিমবঙ্গের সমবায় মন্ত্রী ছিলেন সেই সময় তিনি বুঝেছিলেন যে, সমবায় আন্দোলনকে যুগোপযোগী করে এগিয়ে নিয়ে যেতে হলে এই আইনের ধারার পরিবর্তন করা দরকার এবং তারজন্য ১৯৭৩ সালে সমবায় আইনের অ্যামেন্ডমেন্ট করা হয়েছিল। তারপর এক বছর সময় লাগে নি তার রুলস তৈরি করতে। অথচ বামফ্রন্ট সরকারের এমনই সদিচ্ছা সমবায় আন্দোলনের ব্যাপারে যে, সেটাকে পরিবর্তন করে চলমান আর্থসামাজিক অবস্থার সাথে যোগসাজোস রেখে একটা আইন তৈরি করবার কথা চিন্তা - ভাবনা করতে দীর্ঘদিন চলে গেল! ১৯৮৩ সালে এর অ্যামেন্ডমেন্ট হল, কিন্তু তার রুলস তৈরি করতে চার বছর লেগে গেল ; ১৯৮৭ সালে তার রুলস তৈরি হল। (গোলমাল) চিৎকার করে লাভ নেই। এটাই ঘটনা, এটাই রেকর্ড। আর এই চার বছর পরেও বহু অ্যানামেলিজ থেকে গেছে এই আইনের মধ্যে। সেজন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তরে যারা সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত বিভিন্ন কেন্দ্রীয় সমবায়, গ্রামীণ ঋণদান সমবায় সমিতি ঐ সব সমবায়ের সঙ্গে যুক্ত মানুষগুলি তখন ঐ অ্যামেন্ডমেন্টের প্রতিবাদ করেছিলেন, যারজন্য স্ক্রুটিনি কমিটি তৈরি করা হয়েছিল। কিন্তু সেই স্ক্রুটিনি কমিটিতে কি হল তা আজও জানা গেল না। আগে সমবায় আইনে সিয়োরিটি থাকত। তারা সমভাবে লোনীর সাথে দায়ী থাকতেন। কিন্তু সেটা তুলে দেওয়া হল এবং অডিট ফি তিনগুণ বাড়িয়ে দেওয়া হল। পরিবর্তনের কথা বলা হয়, কিন্তু দীর্ঘদিন তার কোনও রেসপন্স পাওয়া গেল না। তবে একটি ব্যাপারে সমবায় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। গতবারও বলেছিলাম, আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক, যা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় বিশেষ ভূমিকা পালন করে ঋণদানের ক্ষেত্রে সেই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কের কথা গতবারের মন্ত্রী ভাষণে ছিল না, শহরাঞ্চলে সমবায় ব্যাঙ্কের কথা ছিল না। কিন্তু এবারে শহরাঞ্চলে সমবায় ব্যাঙ্কের কথা বলেছেন। তবে এক্ষেত্রে আমি একটু বিস্মিত হলাম। তিনি বলেছেন, শহরাঞ্চলে প্রথম সমবায় সংগঠিত হয় আনুমানিক

১৯১৩ সালে! কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে, তিনি একটা ভুল তথ্য এখানে পরিবেশন করেছেন। পশ্চিমবঙ্গেই শুধু নয়, ভারতবর্ষে প্রথম শহরাঞ্চলে সমবায় প্রতিষ্ঠিত হয় মেদিনীপুরে, নাম হল মেদিনীপুর পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্ক, ১৯১০ সালে। এটাই হচ্ছে প্রকৃত ইতিহাস। কাজেই এখানে যে ভুল তথ্য পরিবেশন করা হয়েছে তার সংশোধন করবার অনুরোধ রাখছি।

শহরাঞ্চলের সমবায় ব্যাঙ্কের ব্যাপারে একজন মাননীয় সদস্য লিকুইডেশনের কথা বললেন। এই সম্পর্কে আমার জানা নেই। আমি শহরাঞ্চলের যে ব্যাঙ্কের সঙ্গে যুক্ত আছি, সেই ব্যাঙ্কের যে বোর্ড সেই বোর্ডের আমি চেয়ারম্যান ছিলাম। সেটা কোন ব্যাঙ্ক? আমি যে ব্যাঙ্কের দাবি করছি সেটা শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষের ইস্টার্ন জোনের এক নম্বর শহরাঞ্চলের সমবায় ব্যাঙ্ক, যার ৩৪ কোটি আমানত, যার ৪০ কোটি ওয়ার্কিং ক্যাপিটাল, মেদিনীপুরের অর্ধেকের বেশি জায়গা সে একটা বিশেষ ভূমিকা পালন করে শিল্পের ক্ষেত্রেই বলুন, বেকার যুবকদের লোন দেবার ক্ষেত্রেই বলুন, কৃষি এবং কৃষির সঙ্গে অ্যালায়েড বিভিন্ন ক্ষেত্রে লোন দেবার মাধ্যমে। আজকে এখানে মাননীয় অর্থমন্ত্রী বক্তৃতা দিতে উঠে বলেছেন যে পশ্চিমবঙ্গে যে সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক আছে, শিডিউল্ড ব্যাঙ্ক আছে তার ৫৫ ভাগের বেশি এখানে দাদন করে না। আমিও বলছি যে এটা হওয়া উচিত নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা পরিসংখ্যান দিতে চাই। এই তথ্য আমি ন্যাশনাল ফেডারেশন অব আর্বান কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে সংগ্রহ করেছি। সেই ব্যাঙ্কের তথ্য থেকে দেখা যাচ্ছে যে অন্যান্য জায়গায় যেখানে গুজরাটে আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কের সংখ্যা ২৯৫টি, কর্ণাটকে হচ্ছে ২১৭টি, মহারাষ্ট্রে হচ্ছে ৩৮৫টি, তামিলনাড়ুতে হচ্ছে ১৩৭টি, সেখানে আমাদের পশ্চিমবঙ্গে হচ্ছে মাত্র ৪৮টি। আমরা যদি চেষ্টা করে শহরাঞ্চলের এই শিডিউল্ড ব্যাঙ্কগুলিকে সংগঠিত করতে পারি, দাদনের ক্ষেত্রে শিডিউল্ড ব্যাঙ্ক, ন্যাশনালাইজ ব্যাঙ্ক সম্পর্কে যে অভিযোগ আছে এই আরবান ব্যাঙ্কগুলিকে যদি যুক্ত করতে পারি তাহলে আমরা যে ডিপোজিট সংগ্রহ করতে পারব তার ৭৫ ভাগ আমরা পশ্চিমবঙ্গে দাদন দিতে পারব। কিন্তু আমরা কি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ককে সংগঠিত করতে পেরেছি? আজকে এর সংখ্যা দেখা যাচ্ছে মাত্র ৪৮টি। এক্ষেত্রে আপনারা বলবেন না যে এটাও মনমোহন সিংয়ের অর্থনীতির উপর নির্ভর করছে? কাজেই আজকে সমবায় আন্দোলনের ক্ষেত্রে তারা যে গতিশীলতা, তাকে এগিয়ে নিয়ে যাওয়ার যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির অভাব আছে, আন্তরিকতার অভাব আছে, চেষ্টার অভাব আছে। আজকে সেজন্য পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন মুখ থুবড়ে পড়েছে, সেটা গতিশীল এবং প্রাণবন্ত হয়ে উঠতে পারছে না। কাজেই সমবায় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, তাকে আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় ১৯৯২-৯৩ সালের যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, সেই ব্যয় বরাদ্দকে আমি পুরোপুরি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই আমি দীর্ঘক্ষণ ধরে বিরোধীদের বক্তব্য শুনছিলাম এবং শুনে তাদের সময়ে তারা কি ভাবে এই দপ্তরকে পরিচালনা করতেন সেকথা ভাববার চেষ্টা করছিলাম। তাদের সরকার পরিচালনার সময়ে দীর্ঘদিন তারা এই সমবায় দপ্তর পরিচালনা

করেছিলেন। তারা এই দপ্তরকে এমন একটা পর্যায়ে নিয়ে গিয়েছিলেন, এমন একটা অবস্থায় দাঁড় করিয়েছিলেন যে এটা একটা বাস্তু ঘুঘুর বাসায় পরিণত করেছিলেন, স্বজন-পোষন স্বার্থান্বেষী আখড়ায় পরিণত করেছিলেন। একথা আজকে সর্বজন পরিচিত। তাই তাদের একথা জানিয়ে দিতে চাই যে কতকগুলি স্বার্থান্বেষী এই সমবায় দপ্তর পরিচালনা করতেন এবং গ্রামের সাধারণ গরিব মানুষ এর আওতার বাইরে চলে গিয়েছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে যখন তারা এই দপ্তর পরিচালনা করতে আরম্ভ করেন তখন তারা চিন্তা-ভাবনা করতে আরম্ভ করেন যে এই সমবায় দপ্তরে মাধ্যমে কিভাবে গরিব মানুষের মঙ্গল করা যায়। পশ্চিমবঙ্গের গরিব মানুষ যে তার সদস্য হবেন, সেই সদস্য হবার জন্য যে অর্থের প্রয়োজন সেটাও তারা সঙ্কুলান করতে পারতেন না।

[5-00 — 5-10 P.M.]

সেই দিকে চিন্তা ভাবনা করে সর্বজনীন সদস্য ৫০ টাকা অনুদান দিয়ে জোগাড় করার চেষ্টা করা হচ্ছে। তার ফলে প্রায় ৩২ লক্ষর উপর সদস্য এগিয়ে গেল। এই সদস্য ক্রমশ বৃদ্ধি পেতে আরম্ভ করেছে। শুধু তাই নয় এই সমবায়ের মাধ্যমে স্বল্প মেয়াদী, দীর্ঘ মেয়াদী ঋণ দেওয়া হয়। আগে কি ভাবে দেওয়া হত আর বর্তমানে কিভাবে দেওয়া হয় সেটা চিন্তার বিষয়। আগে কতকগুলি লোকের হাতে সমবায় ছিল, গরিব লোকেরা সমবায়ের সদস্য পদ পেত না, সমস্ত বড় লোকেরা এবং সমবায় দপ্তরের কর্মচারিরা সমবায়ে সদস্য পদ পেত। কিন্তু আজকে সেই দিক চিন্তা ভাবনা করে যাতে গরিব লোকেরা, সাধারণ মানুষ সদস্য পদ পায় সেই দিকে চেষ্টা করা হচ্ছে। এই স্বল্প মেয়াদী ঋণ যাতে চাষীরা পায় বামফ্রন্ট সরকার সেই চিন্তা করে। স্বল্প মেয়াদী ঋণ চাষীরা যারা শোধ দিতে পারে না তাদের যাতে মুকুব করা যায় সেটা চিন্তা-ভাবনা করার প্রয়োজন আছে। স্বল্প মেয়াদী ঋণ দেওয়ার সুযোগ এনে দিল বামফ্রন্ট সরকার। আগে জমি বিতরণ হত, বর্গাদার, পাট্টাদার জমি পেল কিন্তু সেই তারা চাষ করতে পারত না। আজকে এই বামফ্রন্ট সরকার সেই সুযোগ এনে দিল স্বল্প মেয়াদী ঋণ দিয়ে। বর্গাদার, পাট্টাদারদের আর্থিক উন্নতির জন্য চেষ্টা করতে আরম্ভ করল। এইভাবে সমবায়ের মাধ্যমে গরিব জনসাধারণের উন্নতি করতে আরম্ভ করল। সমবায় যে জনসাধারণের একটা বড় অংশের জন্য কাজ করে যাচ্ছে সেটা বুঝতে পারা যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯০ সালে যখন কেন্দ্রীয় সরকার কৃষি ঋণ মুকুব করল তখন আমাদের এখানে এটা বিপর্যয় দেখা দিল। এই জন্য বিপর্যয় যে এক দিকে কৃষি ঋণ মুকুব করা হল অথচ কেন্দ্রীয় সরকারের টাকা আমরা পাই নি। এখনও পর্যন্ত সেই বিপর্যয় আছে। সর্ব ক্ষেত্রে মানুষের কাছে প্রচার করা হল টাকা দেওয়া হবে, পাবেন। কিন্তু ১৯৯০ সালের প্রথম দিকে ঘোষণা করা হল ১৯৯১ সালের নভেম্বর পর্যন্ত সেই সুদ বেড়ে চলল। এই সুদ কি চাষীদের ঘাড়ে পড়বে না কেন্দ্রীয় সরকার দেবে এটা চিন্তা করার বিষয় রয়েছে। এই দিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবে এই ব্যাপারে চিন্তা ভাবনা করার দরকার আছে। এই ঋণের সুদ যাতে চাষীদের ঘাড়ে না চড়ে এটা দেখতে হবে। এর থেকে চাষীরা যাতে মুকুব হয় এই দিকে নজর দেবেন। আমি আর একটা কথা বলতে চাই। ৪১টি হিমঘর রয়েছে আরও ৪৬টি হিমঘর করার কথা, যে জেলাগুলিতে হিমঘর নেই সেই জেলা গুলিতে যাতে হিমঘর হয় সেই দিকে মন্ত্রী মহাশয়কে নজর দেরার জন্য বলছি, এই ব্যাপারে মন্ত্রী

মহাশয় চিন্তা করবেন। হাউসিং কো-অপারেটিভ অনেক জায়গা নেই। এখানে যে সমস্ত দুর্নীতিগ্রস্ত লোক রয়েছে তাদের ব্যাপারে একটু চিন্তা ভাবনা করবেন। যাতে এই হাউসিং কো-অপারেটিভ অন্য জায়গায় ব্যাপক ভাবে ছড়িয়ে পড়ে সেটা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার উপর মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে কাট মোশন দিয়েছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্যোগ আয়োজন এবং প্রচেষ্টা থাকা সত্ত্বেও সমবায় আন্দোলন আমাদের পশ্চিমবাংলায় ঠিক ভাবে হতে পারে নি। এই কথা ঠিক বাস্তু ঘুঘুর দল এই সমবায়কে কুক্ষিগত করে রেখেছিল। কিন্তু এখন আবার নতুন বাস্তু ঘুঘুর দল সঙ্কীর্ণ দলীয় স্বার্থে সমবায়কে কুক্ষিগত করে রাখার চেষ্টা করছে। সমবায়ে বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি দুর্নীতি চূড়ান্ত রূপে দেখা দিয়েছে। এই দুর্নীতি এমন জায়গায় পৌঁছেছে সেই ব্যাপারে আমি কয়েকটি দৃষ্টান্ত দিতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে হাওড়া জেলার উদয়নারায়ণপুর সমবায় হিমঘর লিমিটেড-এর পরিচালন ব্যবস্থায় লক্ষ লক্ষ টাকা নয়ছয় তছরূপ, হিসাবের গরমিল। এ সম্পর্কে তদন্তের রিপোর্টে এই রিপোর্টগুলো ধরা পড়েছে। এই সমবায় হিমঘরের প্রধান যে কর্মকর্তা, তিনি বামফ্রন্ট সরকারের সি পি এম দলের মাননীয় সদস্য, তিনি এই সংস্থার মূল পরিচালন দায়িত্বে আছেন। সেই হিমঘরে এই রকম দুর্নীতি আজকের দিনেও বিরাজ করছে। মাননীয় মন্ত্রী যেহেতু শাসকদলের এবং শাসকদলের মূল দায়িত্বে সি পি এম, তাই এর বিরুদ্ধে কার্যকর কোনও ব্যবস্থা নিতে পারছেন না। তার হাত আটকে যাচ্ছে। আর একটা জায়গায় অনুরূপ ভাবে যেটা হচ্ছে, বর্ধমান জেলার আর একটি হিমঘরে এই রকম দুর্নীতি রয়েছে। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সংক্রান্ত ব্যাপারে সংবাদ পত্রে সংবাদ প্রকাশিত হয়েছে। সেই সংবাদপত্রে প্রকাশিত ঘটনা শুনলে আপনি তাজ্জব হয়ে যাবেন। এখানেও লক্ষ লক্ষ টাকার তছরূপ বিভিন্ন সংস্থা থেকে নানা ভাবে ঋণ নেওয়া হয়েছে অথচ তার কোনও হিসাব নিকাশ নেই। ঠিকাদারদের টাকা দেওয়া হয়েছে, তার হিসাব নেই। তদন্ত রিপোর্টেও এইরকম ভাবে বলা হয়েছে। কিন্তু যেহেতু শাসকদলের একজন হিমঘরের দায়িত্বে আছেন, সেজন্য মন্ত্রী কোনও ব্যবস্থা নিতে পারছেন না। অন্যদিকে 'বেনফেড' যেটি রাজ্যের একটি সর্বোচ্চ সংস্থা, এখানে দেখা যাচ্ছে সরকারি রিপোর্টে আছে যে এই সংস্থাটাকে সম্পূর্ণ ভাবে তুলে দেওয়া দরকার। কারণ এখানে কোটি কোটি টাকা তছরূপ হয়েছে। সত্তর পাতার রিপোর্ট থাকা সত্ত্বেও, রিপোর্টের প্রতিটি পাতায় লক্ষ লক্ষ টাকা তছরূপের কথা বলা সত্ত্বেও মাননীয় মন্ত্রী মহাশয় কিছু করতে পারছেন না। তিনি যে উদ্যোগ নিচ্ছেন তা ঠিক, কিন্তু তার হাত আটকে যাচ্ছে। সমবায় আন্দোলনকে বা এই সংস্থাকে যদি রক্ষা করতে হয় তাহলে এই সমস্ত দুর্নীতির বিরুদ্ধে আপনাকে রুখে দাঁড়াতে হবে। আপনি শস্যবিমা চালু করেছেন। এর যে সংখ্যা আপনি দিয়েছেন তা খুব বেশি নয়। আপনি চাষীদের যদি সত্যিই উপকার করতে চান তাহলে এর প্রসার ঘটানো দরকার। আমি সেই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারের আনীত কাট

মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেশন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনার কি বক্তব্য, বলুন।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খবরের কাগজ দেখিয়ে উদয়নারায়ণপুর কো-অপারেটিভ আর বর্ধমান জেলার কো-অপারেটিভের ব্যাপারে কুৎসার কথা বলছেন। এই ব্যাপারে কথা হচ্ছে যে, সেখানে ইন্সপেকশন বা অডিটে যা ধরা পড়েছে তার এক্সপ্লানেশন এইভাবে কাগজে ছাপার উদ্দেশ্য হচ্ছে কুৎসা রটানো। আমি সমবায় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, সমবায় দপ্তর থেকে তিনি উদ্যোগ নিন এবং এটা দেখুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন। সুভাষবাবু, আপনার বক্তব্য রাখুন।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি সেটাকে সমর্থন করছি। স্যার, আপনি জানেন যে, চোর চুরি করে পালাবার সময়ে যখন মানুষের তাড়া খায় তখন সেই চোর 'চোর চোর' বলে চিৎকার করতে থাকে যাতে মানুষ বিভ্রান্ত হয়। আজকে অতীশ সিন্‌হার কথা শুনে আমার এটাই মনে হল। আজকে তারা সমবায় নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন সমবায় দপ্তরে নাকি চুরি হচ্ছে, কেন সমবায়ে চুরি হবে? আসলে আপনারা কি সেইভাবে সমবায় সমিতি তৈরি করেছিলেন না পরিচালনা করেছিলেন? তাদের আমলে কো-অপারেশন এবং কারাপশন খুব সিনোনিমাস হয়ে পড়ে সমবায় হয়ে গেছিল। লুটপাট করার উদ্দেশ্য নিয়েই এই সমবায়গুলো তৈরি করেছিলেন। এবং সেইভাবেই পরিচালনা করেছিলেন। আইন ছিল ঠিকই কিন্তু কোনও আইন মানা হত না। একটার পর একটা সমবায় বছরের পর বছর চলে আসত। নামেই ছিল সেগুলো সমবায় সমিতি কিন্তু কার্যক্ষেত্রে সেগুলো ওয়ান ম্যান বা টু ম্যান দিয়ে কো-অপারেটিভ সোসাইটিগুলো পরিচালিত হত। আমার এলাকায় একটা সমবায় সমিতি ছিল সেখানে বছরের পর বছর নির্বাচনই হত না। সেখানে হঠাৎ করে জানা গেল যে কাগজে কলমের নির্বাচন হয়ে গেছে। আমরা তখন আশ্চর্য হয়ে গেলাম এবং অ্যাসিস্টান্ট রেজিস্টারের কাছে গেলাম। তার কাছে যেতে তিনি বললেন আপনারা আরবিট্রেশনের অ্যাপিল করুন। তখন আমরা তার কাছে অ্যাপিল করলাম এবং বললাম যে কোনও সদস্যই জানাল না আর কাগজে কলমে নির্বাচন হয়ে গেল এটা কি ব্যাপার, আপনি আবার পুনরায় নির্বাচনের আদেশ দিন। সেই আরবিট্রেশনের ফলে কো-অপারেটিভ সোসাসইটিতে মাত্র ১ বছর কেন ৩ বছরেও কেটে গেল কোনও নির্বাচন হল না। তখন আমরা অ্যাসিস্ট্যান্ট রেজিস্টারের কাছে গিয়ে হাত জোড় করে বললাম যে আমরা মশাই ভুল করেছি, আমাদের হয়ে আর আপনাকে কিছু করতে হবে না, আপনার উপকারের আর দরকার নেই। আপনি দয়া করে ওদের হয়ে রায় দিয়ে দিন এবং আবার নির্বাচন যাতে করতে পারি। সুতরাং এইভাবেই তো আপনাদের সময়ে সমবায় সমিতিগুলো পরিচালিত হত। অতএব যে বাস্তুঘুঘুদের

আখড়া হয়ে আছে এই সমবায় সমিতি তার থেকে দুর্নীতি এত সহজে মুক্ত করা সম্ভব নয়। আমরা এরজন্য কঠোরভাবে চেষ্টা করছি, কিছুটা দূর করেছি কিন্তু পুরোপুরি করতে সক্ষম হইনি। এরজন্য আমাদের সঠিক ভাবে পরিচালিত করতে হবে এবং এরজন্য আমাদের সচেতন হতে হবে। দুর্নীতি কারা করছে এবং কারা তাকে মদত দিচ্ছে এই জিনিসটা আমাদের দেখতে হবে। এই কারণে মাননীয় এই বিধানসভাতে একটি কম্প্রিহেনসিভ বিল এনেছেন যাতে করে সমবায় সমিতিগুলো আরও সঞ্জীবিত হতে পারে এবং সার্থক হয়ে পরিচালিত হতে পারে এবং যাতে এই সমিতি আবার বাস্তুঘুঘুর বাসায় পরিণত না হয়। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে সব কিছু সঙ্গত হয়ে গেছে এবং দুর্নীতি দূর হয়ে গেছে এটা নিশ্চয় বলতে পারি না। এখনও অনেক অসঙ্গতি আছে, অনেক ক্রুটি-বিচ্যুতিত আছে, বাস্তু ঘুঘুদের এখনও ঠিক তাড়ানো যায় নি। অনেক জায়গাতেই এরা ঘাঁটি করে গেড়ে বসে আছে। এখনও অনেক সমবায় সমিতিতে কাগজে কলমে ঋণ দেওয়ার প্রথা চালু আছে কিন্তু নামেই কাগজে কলমে ঋণ দেওয়া হচ্ছে, আসলে কিছুই হয়না। এই ক্রুটিগুলো দূর করতে হবে। আমরা দেখছি যে, এই যে হোলসেল কনজিউমারস কো-অপারেটিভ সোসাইটিগুলো ভালোই চলছে কিন্তু টার্ন ওভারের ক্ষেত্রে অনেক সময়ে দেখছি যে সরকারের সাহায্য না থাকলে এগুলো টিকবে কিনা সন্দেহ আছে। অনেকক্ষেত্রে দেখা যায় যে এইসব কো-অপারেটিভ থেকে মাল নেওয়ার ক্ষেত্রে অসুবিধা হয়ে পড়ে এবং দামও অনেক বেশি হয়। সরকারের যে বিভিন্ন অফিসগুলো আছে তারা টেন্ডার কোটেশন ইত্যাদি দিয়ে কো-অপারেটিভ থেকে মাল নিয়ে থাকেন, এসব ক্ষেত্রে দেখা যায় যেসব মাল তারা নিয়ে থাকেন সেগুলো খুব ভাল নয়। এবং দামও অনেক বেশি এবং সরবরাহের দিক থেকেও বিলম্বিত হয়। সুতরাং এইতো অবস্থার মধ্যে সমবায় সমিতিগুলো চলছে। কংগ্রেসি সমবায় সমিতিগুলো কোনওরকমে টিকে আছে এবং অনেকগুলো লিটিগেশনে যাবার দাখিল হয়ে পড়ে আছে। কাগজে কলমে ঋণ দেওয়ার প্রথা আছে কিন্তু কার্যত ঋণ দেওয়া হয় না এবং কোনওভাবে সেগুলো চলছে। কৃষিতে যেমন পাম্পসেট, পাওয়ার টিলার প্রভৃতি সরঞ্জাম সরবরাহ করার কথা এবং তার দায়িত্ব নিয়েছে কিন্তু কার্যক্ষেত্রে আমরা দেখছি সেগুলো তারা দেয় না। অনেক উইকার সেকশন আছে যাদের জন্য এই কো-অপারেটিভ গঠিত হয়েছে কিন্তু কার্যত তারা এর দ্বারা কোনও উপকারই পায় না। তন্তুজীবীদের ক্ষেত্রে আমরা যেটা করেছি সেটা হচ্ছে যাতে তারা নিজের পায়ে দাঁড়াতে পারে সরকার থেকে মূলধন পায় মহাজনদের খপ্পরে না পড়ে তাই আমরা এদেরকে নিয়ে সমবায় সমিতি করেছি। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে আমরা দেখেছি কিছু দিন যেতে না যেতেই সেই মূলধন কোথায় হাওয়া হয়ে যাচ্ছে সেই সমিতির অকালমৃত্যু হয়ে যায়। তাই মাননীয় মন্ত্রীকে ভেবে দেখতে হবে কোনও একটি অ্যাডভাইসারি কমিটি গঠন করা যায় কিনা যাতে ইচ্ছা করলে তার সমবায় সমিতিগুলি পরিদর্শন করতে পারবেন, তারা গ্রস ইরেগুলারিটি দিতে পারবেন এবং সরকারকে পরামর্শ দিতে পারবেন, এটা করলে অনেকখানি দুর্নীতি মুক্ত করা যাবে। এই ব্যাপারে কিছুটা সরকারি নিয়ন্ত্রণ থাকা দরকার এই সমস্ত প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে। পুরোপুরি তাদের উপর ছেড়ে দিলে এটা ঠিক হবে না কারণ পরিচালনার ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা তাদের নেই। তাদের হাতে গেলে কিছু মুষ্টিমেয় অল্প শিক্ষিত লোক তারা এসে প্রতিষ্ঠানগুলির অকালমৃত্যু ঘটিয়ে দেবে। তাই সমবায় সমিতিগুলিকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে সর্বতোভাবে এর নিয়ন্ত্রণ ব্যবস্থা চালিয়ে যেতে হবে, যাতে

প্রতিষ্ঠাগুলি সত্যিকারের একটা ভাল রূপ নিতে পারে। এই কথা বলে বিভাগীয় ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী আজকে ৫৭ নং খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি সমবায়ের ক্ষেত্রে প্রস্তাব করেছেন তার উপর আমার আলোচনা রাখতে চাই। প্রথমে আমি যে কথাটা বলতে চাই এ ব্যাপারে জানাই আমি আগেই নোটিশ দিয়ে নিয়েছি মেস পার্লামেন্টারি প্র্যাকটিসে কোরাপশন কথাটা আন পার্লামেন্টারি, আপনি যদি আমাকে নির্দিষ্ট কিছু বলেন তার বিকল্প কি তাহলে আই উইল বি গ্রেটফুল টু ইউ।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ডাঃ আবেদিন আপনারা মিথ্যাকে যেমন আন-পার্লামেন্টারি বলে অসত্য বলেন তেমনি দুর্নীতিকে বলবেন সুনীতি নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি সরাসরি অভিযোগ জানাচ্ছি মাননীয় সদস্যর সম্বন্ধে সুনীতি কম আছে। কিন্তু যে কেন্দ্রীগত ক্ষমতার কাছে ওকে কাজ করতে হচ্ছে তাতে বহু মানুষ চিন্তিত, সেই সেন্টারটি কোথায়, সেন্টারটি হচ্ছে আলিমুদ্দিন স্ট্রিটে, আর কোথায় উদয়নারায়ণপুর, জেলা হাওড়া, নায়কের নাম কি—কমরেড তন্তুজ। স্যার, আমি একটি লেখা পড়ে শোনাচ্ছি তাহা সুনীতি নয়, তাহা পাপ। ঐ পাপীকে ঘৃণা করি না, পাপকে ঘৃণা করতে বলি। মাননীয় মন্ত্রী মহোদয় আপনি কি সচেষ্ট হবেন, তদন্ত করবেন কি— [**********]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ডাঃ আবেদিন কোনও পার্সোনাল এক্সপ্লানেশন আনতে গেলে তাকে নোটিশ দিতে হবে, এই কথা বাদ যাবে, সব বাদ যাবে।

[5-20 — 5-30 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায়ের বিভিন্ন ক্ষেত্র আছে। তার মধ্যে হাউসিং একটা ক্ষেত্র। আজকে প্রোমোটার ও ডেভেলপারদের কিন্তু একটা মস্তবড় কর্মক্ষমতা আছে। সমবায় হাউসিং-এর একটা হাউসিং হচ্ছে আরবান অ্যান্ড রুর‍্যাল। সেখানে কিন্তু আপনারা যেতে পারেননি। আরবান হাউসিং—ইট ওয়াজ মেকিং সাম প্রোগ্রেস। কিন্তু আজকে আমরা কি খবরের কাগজে দেখতে পাচ্ছি। 'বর্তমান' সংবাদপত্রে ৬ই অক্টোবর, ১৯৯১ সালে বেরিয়েছে—সি পি এমের সমর্থকদের আন্দোলনের নামে লাগাতার অত্যাচার রাজ্য সরকার আবাসনের ফরওয়ার্ড ব্লকের মনোনীতি চেয়ারম্যান [***] পদত্যাগ করেছেন। টোডি ম্যানসন চেয়ারম্যানের অফিসের দরজা সি পি এম সমর্থক কর্মচারিরা ভেঙ্গে দিয়েছে। তার টেলিফোন এবং ইলেকট্রিকের লাইন কেটে দেওয়া হয়েছে। জানি না সেই ভদ্রলোক বেঁচে আছে কি না? কারণ সি পি এমের হাতে পড়লে কেউ বাঁচে না। আজকে সি পি এমের লালসা চরিতার্থ করার জন্য হাউসিং সমবায়কে কুক্ষিগত করার চেষ্টা করা হচ্ছে। এটাকে কো-অপারেটিভ থেকে যদি ডিস অ্যাসোসিয়েটেড হাউসিং-এ যুক্ত না করা হয় তাহলে হাউসিং কো-অপারেটিভ করে কোনও লাভ হবেনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমার

*Note [* Expunged as ordered by the Chair.]

বক্তৃতা থেকে কি কি ওয়ার্ড বাদ দিলেন জানি না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ডাঃ আবেদিন আপনি একজন সিনিয়র সদস্য, আপনি জানেন যে কোনও সদস্যের বিরুদ্ধে কোনও অভিযোগ আনতে গেলে তাকে নোটিশ দিতে হয় এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে। আপনি এইসব করবেন না। তাই আমি স্পিচ থেকে ঐ সমস্ত কথাগুলি বাদ দিলাম।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আজকের দিনে ভাবুন, ধর্মান্ধতা নয়, আজকের দিনে ভাবুন অর্থনীতি, আজকের দিনে ভাবুন মাল্টিপোলার, ইউনিপোলার। আজকে আমরা বসে নেই ১৯৪৭ সালে। আজকে মিক্সড ইকনমি যুগে সরকারি উদ্যোগ এবং বে-সরকারি উদ্যোগের সাথে তৃতীয় শক্তি হিসাবে কো-অপারেটিভ। আমাদের দুর্ভাগ্য সমগ্র পূর্বাঞ্চলে এই সমবায় আন্দোলনের অগ্রগতি হয়নি, একসেপ্ট ইন আরবান কো-অপারেটিভ ইন ওয়েস্ট বেঙ্গল। সমগ্র পূর্বাঞ্চলে এবং ভারতবর্ষে আজকে তৃতীয় শক্তি হিসাবে সমবায় গড়ে উঠতে পারেনি, যেখানে আজকে প্রবলেম হচ্ছে প্রাইজ রাইজের। প্রাইজ রাইজের ব্যাপারে কিছু উদ্যোগ আমরা দেখেছিলাম ১৯৬২ সালে, চাইনিজ অ্যাগ্রেসনের সময়, তখন কনজিউমার কো-অপারেটিভ শুরু হয়েছিল। ব্যাঙ্ক লিকুয়িডেট ও কম্পালসারি লেভি যদি আপনি করতে পারেন তাহলে প্রোডাকশন আপনার কাছে আসতে পারে। এখনও কো-অপারেটিভ সেক্টর কিছু আসতে পারে যতক্ষণ না আসে ততক্ষণ এই প্রাইভেট এবং পাবলিক সেক্টর থেকে আমরা কিছু লাভ করতে পারি। নেক্সট একটা মুভমেন্ট এগিয়ে নিয়ে যেতে হলে তিনটে প্রাইমারি জিনিস দরকার। ফার্স্ট এডুকেশন, দেন অর্গানাইজেশন এবং থার্ড পয়েন্ট হচ্ছে কো-অপারেশন। কিন্তু কেউ এগোল না। আপনার কোথাও আমরা কো-অপারেশন দেখলাম না। আমরা গান্ধীজির নন-কো-অপারেশন মুভমেন্ট দেখেছিলাম। এটাকে প্র্যাকটিসে আনবার জন্য স্কুলে যে পিগমি ডিপোজিট, স্কুল কো-অপারেটিভ করে খাতা, পেনসিল ওই আপনাদের যে ভুল বইগুলো বিক্রি হয়, আপনাদের ওই মার্কসিস্ট শিক্ষা দেবার জন্য ওই বইগুলো কো-অপারেটিভের মাধ্যমে বিক্রি করা যায় কি না? দি নেক্সট পয়েন্ট আমি আপনার কাছে জানতে চাই, লেজিসলেশন, আমাদের যে দেশ তাতে ভলেন্টারি আসে না। মার্কসবাদী পৃথিবীতে ব্যর্থ হয়ে গেছে, মার্কসবাদ পৃথিবী থেকে মুছে গেছে, মার্কসবাদের মৃত্যু হয়েছে। কমিউনিজমের মৃত্যু হয়েছে। এই মার্কসিজমের মৃত্যুর পর আজকে আপনাদের জানতে হবে, বিরাট রাশিয়া ডিসমেনটাল হয়ে গেছে, রাশিয়াতে এমপাওয়ারড নেই। ইউ এস এস আর নেই। আজকে কেন এই অবস্থা বিকজ অফ ইকনমিক মিস ম্যানেজমেন্ট। আজকে তার জন্য জানতে চাই, যে, এই ইকনমিক ম্যানেজমেন্ট আজকে আমরা এখানে দাঁড়িয়ে যুক্তি হিসাবে জয়েন্ট সেকটারকে যুক্ত করতে চাইছি। আজকে এখানে আপনি করবেন টা কি? আজকে আমরা ইকনমিক মিসম্যানেজমেন্টে দাঁড়িয়ে চতুর্থ শক্তি হিসাবে জয়েন্ট সেক্টারের কথা চিন্তা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন স্টেট ব্যাঙ্ককে কো-অপারেটিভ ব্যাঙ্ক হিসাবে প্রতিষ্ঠিত করবেন। আজকে তার কি অগ্রগতি হয়েছে? What is the Government incentive and encouragement and involvement in the improvement of Co-operative Bank. সি পি এম থাকলে রোজ চারটে করে পাঁঠা পাঠানো না হলে ওঁরা সব খেয়ে শেষ করে নেবে। আর এমনিতেই সবই শেষ করে এনেছে।

আর সি পি এম থাকলে এই কম্য হবেই। আর এইসব না করলে মাকালী কিছুতেই সন্তুষ্ট হবে না। আজকে এইখানে পান্নাবাবু একটা সংখ্যা দিয়েছিলেন। কিন্তু আজকে এক কোটি থেকে চার কোটি হয়ে গেছে। এই কথা কি আপনি জানেন? সেদিন ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছিল। ১৯৬৯ যে জাতীয়করণ হয়েছিল। সেদিনকে ডিপোজিট ছিল চার হাজার কোটি টাকা। আর আজকে ব্যাঙ্কের ডিপোজিট তার থেকে অনেক বেশি হয়েছে। গ্রো'থের ধারণা আপনার আছে? স্যার, আজকে এই পৃথিবীতে ১০০ কোটি মানুষ, ২০০ কোটি হতে তিনশো বছর সময় নিয়েছে। কিন্তু এখন আজকে ৫০০ কোটি মানুষ এটা এক হাজার কোটি হতে মাত্র ৩৫ বছর সময় নিয়েছে। তবে অবশ্য কমিউনিস্টরা যেভাবে মরছে তাতে সম্ভাবনা অনেকটা কমে গেছে। আজকে জনসংখ্যা একটা বিরাট প্রবলেম। আজকে সেই জন্য দুটো প্রশ্ন সরাসরি করতে চাই, গ্রস মিসটেক হয়ে গেছে। আই ডু নট সাপোর্ট দ্যাট প্রিন্সিপাল। ওই যে আশি হাজার টাকা ঋণ মুকুব করেছিলেন, কিন্তু এই ১ বছরের সুদ কে দেবে? হোয়াই দি পিপলস উইল সাফার? আপনি রি-ইমবার্স করবেন? আপনি সাবসিডি দেবেন? কে দেবে এটা? আজকে তো এই ব্যাপারে মীমাংসা আপনাকে করতে হবে। এবং আজকে যে মিউচুয়াল ফান্ড, ব্যাঙ্কিং ইনস্টিটিউশনগুলিতে আপনাদের ডিপোজিট যদি মবিলাইজ করতে হয়, আজকে গ্রামাঞ্চলে সারপ্লাস হচ্ছে, পঞ্চায়েত মাধ্যমে সি পি এম কোটি কোটি টাকা পাচ্ছে, এস কে ইউ এস গুলিকে ডিপোজিটের অধিকার যদি না দেন তাহলে ডিপোজিট করতে দিলে, আপনার এই টাকাটা মবিলাইজ করতে গেলে ইনসেনটিভ দিতে হবে। মিউচুয়াল ফান্ড বা নন ব্যাঙ্কিং ইনস্টিটিউশনগুলিতে মানুষ কেন টাকা রাখবে? আজকে এই বেকারের যুগে আপনারা লেবার কো-অপারেটিভ কে যদি প্রেফারেন্স না দেন এবং কন্ট্রাক্টারদের প্যারাডাইস বানিয়ে গেলেন তাহলে কি করে কি হবে? সি পি এম অবশ্য বানাবে। এটা আপনি কি করতে পারবেন জানি না। আজকে কো-অপারেটিভকে যদি ইনসেনটিভ দেন, অগ্রাধিকার দেন, প্রাওরিটি দেন, তাহলে আজকে যে ভয়াবহ আন-এমপ্লয়মেন্ট প্রবলেম সেটা কিছুটা চলে যায়। কিন্তু সব থেকে মূল কথা হচ্ছে অর্গনাইজেশন, কিন্তু কি করবেন আপনি অর্গানাইজেশন, যেখানে পার্টি ভায়োলেন্স সবচেয়ে বেশি। এপিক সেন্টার অফ পাওয়ার আউটসাইড দিস। সেইজন্য আজকে আমি চাইব, এখানে ভেস্টেড ইন্টারেস্ট এবং সিকনেস অফ ইন্ডাস্ট্রি এগুলো আপনাকে একটু দেখতে হবে। একটা দুটো চা-বাগান আমরা দিয়েছিলাম কো-অপারেটিভকে, সাকসেসফুল হয়েছে কিনা আপনি বলতে পারবেন। আজকে ইন্ডাস্ট্রিগুলো সিকনেস আছে এবং ইনভলমেন্ট অফ লেবার আপনারা যদি চান, এদের কো-অপরেটিভ দিয়ে হবে না। ডাইরেক্ট আপনাকে ডেপুটেশন দিতে হবে। আমাদের মতো দেশে লিটারারি রেট, ইকনমিক গ্রোথ, রিসোর্স বেস গভর্নমেন্ট যদি ডাইরেক্ট এনকারেজ না করেন, গভর্নমেন্ট যদি সাবসিডি না দেয়, দায়িত্ব না নেয়, কো-অপারেটিভ এগোবে না। আপনার সততায় পূর্ণ বিশ্বাস আছে, কিন্তু আপনার সহচরদের উপর পূর্ণ অনাস্থা আছে। তাই যেভাবে আজকে কো-অপারেটিভ দপ্তর এবং যেসব প্রস্তাবগুলো রাখা হয়েছে আমি এর সঙ্গে একমত নই বলে অত্যন্ত দুঃখের সঙ্গে এই প্রস্তাবের আমি বিরোধিতা করছি।

[5-30 — 5-40 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা মাধ্যমে আমি আজকে

দু-একটি কথা সমবায় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন তাকে সমর্থন করে বলতে চাইছি। এতক্ষণ ধরে আমাদের বিরোধীদের কথা শুনছিলাম। আমার অত্যন্ত দুঃখ হচ্ছে, এই সভায় এসে আজকে যা লক্ষ্য করলাম, অনেক বয়স্ক মাননীয় বিরোধী সদস্য তারা এই সভাকে একটা হাস্যকর, কৌতুকে পরিণত করার চেষ্টা করছেন। শুধু তাই নয়, যেভাবে তারা কথা বলছেন তাতে হাউসের সম্মান রাখা হচ্ছে কিনা, আমি মনে করি, এইটা গভীরভাবে সঠিকভাবে দেখা দরকার। আমরা জানি সমবায় সম্পর্কে গোটা পূর্বাঞ্চলের অবস্থা। আমরা জানি ক্ষতিকর অবস্থা কেন সৃষ্টি হয়েছে। অতীতের ইতিহাস একটু পর্যালোচনা করলে অনেকখানি বুঝতে পারা যায়। আমরা জানি, বর্তমানে বিরোধী সদস্যদের বেঞ্চে যারা বসে আছেন, অতীতে তারা দীর্ঘদিন ৩০ বছর ধরে দেশে শাসন করেছেন, সমবায়ের অভ্যন্তরে ছিলেন, গ্রামের মানুষের কথায় একটা কথা চালু ছিল, সমবায় সম্পর্কে বলতে গিয়ে তারা বলতেন, তেলা মাথায় তেল দেওয়া হচ্ছে। অর্থাৎ সেই সময় যারা অবস্থাপন্ন মানুষ গ্রামে থাকতেন, যারা এদের টাউট হিসাবে বিভিন্ন জায়গায় বিভিন্ন নির্বাচনে নানা কাজকর্মে এদের আনুগত্য স্বীকার করতেন, একমাত্র তারাই ছিল কো-অপারেটিভের কর্তা। তারা নিজেদের পছন্দমতো লোক নিয়ে কো-অপারেটিভগুলো পরিচালনা করতেন। শুধু তাই নয়, কো-অপারেটিভের টাকা, সরকারের টাকা নিয়ে তারা মহাজনী ঋণ পর্যন্ত বিভিন্ন মানুষকে দিতেন, সাধারণ মানুষকে শোষণ করতেন, বঞ্চনা করতেন। এইভাবে কো-অপারেটিভগুলো গ্রামাঞ্চলে পরিচালনা করার চেষ্টা করেছেন। আমরা দেখছি, এলাকায় এলাকায় এই সমস্ত কুকীর্তি, বিভিন্নভাবে তাদেরই দুর্নীতি, তাদের কাজের জন্য বিভিন্ন কো-অপারেটিভ ধ্বংসের মুখে পৌঁছতে বাধ্য হয়েছে। কিন্তু আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে আজকে বলতে পারি একথা যে ১৯৭৭ সালের পর থেকে যখন আমরা ক্ষমতায় এসেছি তখন কো-অপারেটিভের চরিত্রকে কিছু পাল্টানোর জন্য চেষ্টা করা হয়েছে এবং চেষ্টা করা হয়েছে শুধু নয় কিছু কাজকর্ম আমরা এটা লক্ষ্য করেছি। সামগ্রিকভাবে নির্বাচন টির্বাচন ওরা করতেন না কো-অপারেটিভের। অনেকদিন পরে ওদের পার্টির মধ্যে এই ২০ বছর পরে একটা নির্বাচন হল। স্বভাবই বলতে পারি, কো-অপারেটিভের নির্বাচন তো আগে হতই না। তো যাই হোক, আমরা নিজেরা চেষ্টা করেছি এই সম্পর্কে—নির্বাচনের ব্যবস্থা করার এবং কো-অপারেটিভের মধ্যে গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে আনার জন্য। কারণ আমরা জানি সাধারণ মানুষের ইনভলমেন্ট যদি না ঘটে, যদি সাধারণ গরিব খেটে খাওয়া মানুষ যদি এই কো-অপারেটিভের মধ্যে আসতে না পারে, তাহলে সামগ্রিকভাবে পশ্চিমবাংলার অর্থনীতিতে পরিবর্তন কখনও সম্ভব নয়। তাই আমরা চেষ্টা করেছি বিভিন্নভাবে নির্বাচনের এবং এই নির্বাচন যাতে সঠিকভাবে হয়, গ্রামের সাধারণ মানুষ যাতে এতে অংশ গ্রহণ করতে পারে তাই সর্বজনীন সদস্য ভুক্তির প্রচেষ্টা আমরা করেছি। আমরা জানি এ করতে যেয়ে সরকারকে অনেক অনুদান দিতে হয়েছে এবং সেই অনুদানের বিনিময়ে আজকে আমরা দেখেছি গোটা গ্রামাঞ্চলের সমিতিগুলোর অবস্থার পরিবর্তন ঘটে গিয়েছে।

তাদের চরিত্রের পরিবর্তন ঘটে গিয়েছে। সাধারণ মানুষ আজ এটা উপলব্ধি করতে পারছেন যে সমবায়ের মধ্যে দিয়ে মানুষের কল্যাণের জন্য কিছু কাজ করা যায়। নিজেদের জীবনের উপলব্ধি দিয়ে তারা এটা বুঝেছেন বলেই তারা এর মধ্যে আসতে চাইছেন। ১৯৭৭

সালের আমরা, বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে এটা উপলব্ধি করেছিলাম যে বর্গাদার, পাট্টাদার গরিব কৃষকদের হাতে জমি তুলে না দিলে এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ না করলে গ্রামের মানুষের প্রকৃত অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব নয়। সাথে সাথে সরকার এটাও ভেবেছিলেন যে ঐ সব গরিব কৃষকদের চাষ করার মতোন পয়সা যদি না দেওয়া যায় তাহলে তারা ফসল উৎপাদন করতে পারবে না। আর প্রকৃতই যদি তারা জমি চাষ করতে না পারে তাহলে তাদের জমি দেওয়ার সার্থকতাও থাকে না। দেশের অগ্রগতির স্বার্থে এবং উৎপাদন বৃদ্ধির স্বার্থে তাই বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই এ দিকে নজর দিলেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই প্রকৃত ভূমি সংস্কারের কাজ করে সেই সমস্ত গরিব কৃষকদের হাতে জমি তুলে দিলেন এবং সমবায়ের মাধ্যমে তাদের হাতে টাকা তুলে দিয়ে যাতে তারা চাষ করে প্রকৃতই অর্থনৈতিক অগ্রগতি ঘটাতে পারেন সে দিকে নজর দিলেন। আমরা জানি যে গ্রামের প্রকৃত ভূমিহীন কৃষকরা দীর্ঘদিন ধরে আর্থিক অস্বচ্ছলতায় ছিলেন তাই কম সুদে তাদের কো-অপারেটিভের মাধ্যমে সাহায্য দেওয়ার পরিকল্পনা করা হল। দু একর বা দু একরের কমে জমির যারা মালিক সেই সমস্ত প্রান্তিক চাষীদের ৪ পারসেন্ট সুদে যাতে টাকা দেওয়া যায় তার ব্যবস্থা করা হল। সেখানে সরকারের তরফ থেকেও তাদের ভরতুকি দেওয়ার ব্যবস্থা হল। এই সমস্ত দিকে বামফ্রন্ট সরকার নজর দেওয়ার ফলে গোটা ভারতবর্ষের মধ্যে ফসল উৎপাদনের যে পরিসংখ্যান তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলা সবচেয়ে বেশি ফসল উৎপাদন করতে পারছে। এ ক্ষেত্রে আমরা দেখছি ৩৪ পারসেন্ট উৎপাদন বাড়ছে। স্যার, এইসব কথা বিরোধীদের সদস্যরা না বলে কোথায় কি হচ্ছে, না হচ্ছে সেইসব অবান্তর কথা বলে গেলেন। কংগ্রেস দল দেশের ঐ ১০ পারসেন্ট লোক যাদের আর্থিক স্বচ্ছলতা আছে আমরা জানি তারা শুধু তাদের কথাই ভাবেন কিন্তু গ্রামে দরিদ্র ৯০ পারসেন্ট লোকের কথা ভাবেন না। আমরা কিন্তু সেই দরিদ্র ৯০ পারসেন্ট লোকের কথাই ভাবি এবং সেইজন্য আমরা এই সমস্ত পরিকল্পনা নিয়ে তাদের যাতে কিছুটা আর্থিক স্বাচ্ছল্য আনতে পারি এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও সেই প্রচেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি ও গরিব কৃষকদের স্বার্থ রক্ষা করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্যার, আমার সময় কম, পরিশেষে তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার্থে কয়েকটি সুপারিশ রাখছি। প্রথমত শস্য বিমা যেটা চালু করা হয়েছে সেক্ষেত্রে মৌজাগত ভাবে কোনও সুযোগ সুবিধা পাওয়া যায় না। এর ফলে কোনও একটি মৌজাতে শস্যের ক্ষতি হলে ক্ষতিপূরণ পাওয়া যায় না। আমার সুপারিশ আইন পরিবর্তন করে মৌজা ভিত্তিক শস্যবিমা চালু করার ব্যবস্থা করুন। দ্বিতীয়ত কো-অপারেটিভের মাধ্যমে বেকার যুবকদের যে ঋণ দেওয়ার ব্যবস্থা আছে সে ক্ষেত্রে আমার সুপারিশ হচ্ছে, শ্রমজীবী ইঞ্জিনিয়ার কো-অপারেটিভ করে যাতে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা যায় সে দিকে নজর দিন। কারণ আমরা দেখেছি যে বড় বড় পুঁজিপতিদের সঙ্গে তারা প্রতিযোগিতায় পেরে ওঠে না বলে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হয় না। এ ক্ষেত্রে যাতে কো-অপারেটিভ করে তাদের কাজ দেওয়া যায় সে দিকে লক্ষ্য রাখুন। আগামীদিনে এই কো-অপারেটিভ আন্দোলন আরও শক্তিশালী ও সুদূরপ্রসারি হবে এই আশা নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দের সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[5-40 — 5-50 P.M.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গভীর মনোযোগের সঙ্গে বিরোধী দলের বক্তব্য শুনছিলাম, বিশেষ করে শ্রী অতীশ সিন্‌হা এবং ডাঃ জয়নাল আবেদিন সাহেবের বক্তব্য আমি শুনলাম। তারা দীর্ঘদিন এই দপ্তরের দায়িত্বে ছিলেন। আমি আশা করেছিলাম যে অন্তত তারা তাদের বক্তব্যের মধ্যে গঠনমূলক কিছু কথা বলবেন। কিন্তু আমি দেখলাম আমি যে সামান্য টাকার ব্যয় বরাদ্দের দাবি রেখেছি ৪৭ কোটি ৭৫ লক্ষ ৪১ হাজার টাকার—তার উপর তারা কাট মোশন এনেছেন। স্যার, আমাদের দেশে যে সমবায় আন্দোলন সেই সমবায় আন্দোলনের মূল লক্ষ্য ছিল—কবিগুরু রবীন্দ্রনাথ যে দৃষ্টিভঙ্গিতে দেখেছিলেন সেটা হচ্ছে সুদখোর মহাজনের হাত থেকে দেশের গরিব কৃষকদের যাতে বাঁচানো যায়। ওরা ৩০ বছর ক্ষমতায় ছিলেন পশ্চিমবঙ্গে কিন্তু সেই কাজ করেন কি, ওরা এত দিন এটা কুক্ষিগত করে রেখেছিলেন। কুক্ষিগত করে রাখলেন। তাদের পারিবারিক সমবায় ছিল। আমরা তার হাত থেকে মুক্ত করবার চেষ্টা করেছি। ওরা বলেছেন যে সর্বজনীন আমাদের আমলে হয়েছে। নিশ্চয়ই হয়েছে, কিন্তু ওরা রূপায়িত করেন নি। আমরা বামফ্রন্ট সরকার আসার পর আমি যখন গত বার বাজেট বক্তৃতায় বলেছিলাম, সেদিন বলেছিলাম যে আমরা টাকা দিয়ে ১১ লক্ষ ৪০ হাজার সদস্য করেছি, সর্বজনীন সদস্য পদ দিয়েছি। আমরা বাড়িয়ে এবারে সেটাকে ১১ লক্ষ ৮০ হাজার সদস্য পদ দিয়েছি। কারা বলেছেন আমরা গণতন্ত্রিকরণ করিনি। ১৯৭৩ সালে যে আইন করেছিলেন, সেখানে কি ছিল, সাধারণ মেম্বাররাও তারা একটা টার্মের পর থাকতে পারতেন না। আমরা যা করেছি, তারা চিরকাল থাকতে পারবেন। সরকারি যে প্রতিনিধি তারা থাকবেন, সরকার পক্ষ থেকে তারা তো দেখভাল করবেন, এখানে কি হচ্ছে তা দেখবার জন্য। ওরা বলছেন আমাদের যে ব্যাঙ্ক ওদের আমলে কি ছিল? আমার আগে পান্নাবাবু বলেছেন যে ৩২৭ কোটি টাকার উপর আমাদের স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে আমানত হয়েছে। আজকে লাভের মুখ দেখেছে। বেনফেড যেখানে বলছেন গণতন্ত্র নেই সেখানে ওদের লোক আলি সাহেব দীর্ঘদিন ধরে, ১০ বছর মামলা করে বসেছিলেন। সম্প্রতি কালে তিনি মামলায় বরখাস্ত হয়েছেন। এখন আমাদের একজন অফিসার এর কাছে দায়িত্ব পড়েছে টু হোল্ড ইলেকশন ইমিডিয়েটলি। আমরা ব্যবস্থা করব। আমরা এই কথা বলতে পারি, প্রায় ২৩ হাজারের উপর আমাদের সোসাইটি আছে। আমরা ১৫ হাজার ১৬ হাজারের মতো তিন চার মাসের মধ্যেই আমরা তাদের নির্বাচনের ব্যবস্থা করব। আজকে পশ্চিমবাংলাতে ৭০ লক্ষ সদস্য। আমার বন্ধু অতীশ সিন্‌হা মহাশয় যে কথা বললেন ফোর পারসেন্টের কথা, এটা ঠিক নয়। প্রায় ২.৫ ক্রোরস, অর্থাৎ আমাদের যে জনসংখ্যা, সেই গরিব জনসাধারণ আমাদের রাজ্যে প্রায় ৭ হাজার এস টি ও এস আছে। তার মধ্যে ৫০ পারসেন্ট অর্থাৎ ৩/৩।। হাজার ঠিকমতো চলছে, বাকিগুলো চলছে না, আপনাদের সঙ্গে আমি একমত। আমরা সেইগুলোকে রিভ্যাম্প করবার জন্য বিজনেস ডেভেলপমেন্ট প্রোগ্রামের মধ্যে এনে আমরা সেই মৃতবৎ সোসাইটিগুলোকে আমরা রিভাইভ করবার চেষ্টা করছি। আজকে আমি আপনাদের কাছে যে কথা বলতে চাই, আজকে যারা আমরা এখানে এসেছি, আমরা গরিব জনসাধারণের ভোটে এসেছি, সমবায় কিন্তু তাদের জন্য। আপনারা পশ্চিমবাংলাতে কৃষি সমবায়, ক্রেতা বিপণী, এইগুলো দেখেছেন এবং সংবাদ পত্রে আমরা বলি যে আমাদের

যে ক্রেতা বিপণী, আমাদের এই রাজ্য পিছিয়ে আছে। আমরা তাকে বুস্ট আপ করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছি। আমরা গত বছর যা ছিল তার দ্বিগুণ পর্যায়ে যাতে পৌঁছতে পারি তারজন্য ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। মাননীয় সদস্য অতীশ বাবু বলেছেন যে, কো-অপারেটিভ সার্ভিস, সেখান থেকে লোক নিয়োগ করলে নাকি গণতন্ত্র বিপর্যস্ত হবে। আমরা প্রফেশনাল ম্যানেজমেন্ট দিতে চাই। আমরা কো-অপারেটিভ আন্দোলনে যারা অভিজ্ঞ তাদের নিয়ে আমরা ম্যানেজমেন্টটাকে ডেভেলপ করাতে চাই। সেখানে আমরা সহযোগিতা চাই। সুতরাং সেখানে বোধ হয় খুব একটা অন্যায় হবে, কো-অপারেটিভ সার্ভিস কমিশন চালু করলে, সেখানে পার্টি ক্যাডার নিয়োজিত হবে, সেটা ঠিক নয়। আমরা প্রফেশনাল ম্যানেজমেন্ট দিতে চাই। তারপর বলেছেন রিকভারি আমাদের কম হয়েছে কেন রিকভারি কম হয়েছে এই কারণে যে এ আর ডি আর স্কীমে যে ১০ হাজার টাকা, সেই টাকা আমরা যা হিসাব করে দিয়েছিলাম, আমরা পুরো টাকাটা পেলাম না। আমরা লং টার্মে এই পর্যন্ত যে টাকা পেয়েছি ১৮ কোটি, শর্ট টার্মে ৭২ কোটি ৫৪ লক্ষ। অর্থাৎ মোট আমরা ৯০ কোটি ৫৪ লক্ষ টাকা পেয়েছি। আমাদের বাকি টাকা, অর্থাৎ যে ১৪৪ কোটি ৪৩ লক্ষ টাকার যে হিসাব আমরা পেশ করেছিলাম, তা কেন্দ্রের কাছ থেকে পেলাম না। ফলে আমাদের অসুবিধা হয়েছে। আমরা কলেকশনের ব্যবস্থা করেছি। মুখ্যমন্ত্রীর আবেদন পত্র নিয়ে আমরা সারা রাজ্যে বিতরণ করেছি। কালেকশনের উপর রিকভারি হয় এবং রিসাইক্লিং অব ফান্ড হয়। যদি আমরা রিকভারির ব্যবস্থা না করতে পারি তাহলে আমরা পরবর্তী বছর ঋণ দিতে পারব না। সেইজন্য জেলায় জেলায় জেলা শাসকদের বলেছি, সভাধিপতিদের বলেছি, পঞ্চায়েত সমিতির সভাপতিদের কাছে বলেছি, বিধায়কদের বলেছি। আমরা সকলকে নিয়ে রিকভারি ক্যাম্প সারা পশ্চিমবাংলা ব্যাপী, প্রত্যেকটা ফসল কাটার মুখে রিকভারি ক্যাম্পের ব্যবস্থা করেছি।

দ্বিতীয়ত ওরা কোর্ট কেসের কথা বলেছেন এবং বলেছেন যে, কেন সময় সীমার মধ্যে সেগুলোর মীমাংসা হয় না? সত্য বাপুলি মশাই তো উকিল মানুষ, উনি নিশ্চয়ই জানেন যে, মন্ত্রী ইচ্ছে করলেই কোর্ট কেসের ফয়সালা করতে পারে না। আমি শুধু এটুকু বলতে পারি যে, আমার দপ্তর থেকে আন্তরিকতার সঙ্গে মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির চেষ্টা করা হচ্ছে।

সব চেয়ে বেশি যে কথাটা বলা হয়েছে, সেটা হচ্ছে দুর্নীতির কথা। এখানে বলা হয় সমবায় সমিতিগুলির সব দুর্নীতিগ্রস্ত। হ্যাঁ আমরাও জানি কিছু কিছু ক্ষেত্রে এখনও দুর্নীতি হচ্ছে। আর সমবায় যারা করে সেসব মানুষগুলো তো আকাশ থেকে আসে না, চাঁদ থেকে আসে না। আমাদের সমাজের সর্ব স্তরের মতো এখানেও কিছু দুর্নীতি আছে।

আমাদের বন্ধু দেবপ্রসাদ সরকার পলিটিক্যালাইজেশনের কথা বললেন। আমাদের দেশে যখন সমবায় আন্দোলন শুরু হয়েছিল তখন ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসন এখানে বহাল ছিল। তারপর ১৯৫০ সালে আমরা আমাদের দেশে মাল্টি-পার্টি গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করেছি আমাদের সংবিধানের মাধ্যমে। সেই থেকে সর্ব ক্ষেত্রে দলীয় গণতান্ত্রিক ব্যবস্থা চালু হয়েছে। সেটা আমাদের সমবায় আন্দোলনের ক্ষেত্রেও আমরা দেখেছি। দলীয় ব্যবস্থা থাকলে দলবাজির কথা উঠবেই। এ আর কি করা যাবে! আমি এর কি জবাব দেব! আমাদের দেশে দলহীন গণতন্ত্রের এক্সপেরিমেন্ট করতে গিয়েছিলেন প্রয়াত জয়প্রকাশ নায়ারণ এবং প্রয়াত প্রফুল্লচন্দ্র

সেন মহাশয়, কিন্তু তারা ব্যর্থ হয়েছিলেন। সুতরাং দল থাকবেই এবং সমবায় আন্দোলনের ক্ষেত্রেও থাকবে।

আমার এখানে বক্তব্য হচ্ছে সব রকমের দুর্নীতি যদি আমরা বন্ধ করতে চাই তাহলে আসুন, আপনি আমি আমরা সকলে মিলিতভাবে চেষ্টা করি। দু-একজন অফিসার দিয়ে সমবায়কে দুর্নীতি মুক্ত করা যাবে না। আমরা কখনই বলি নি যে, দুর্নীতি নেই, দুর্নীতি আছে। ভারতবর্ষের সর্বক্ষেত্রে দুর্নীতি আছে। এ ক্ষেত্রেও আছে। আমাদের সকলের মিলিত প্রচেষ্টা ছাড়া সমবায়কে দুর্নীতি মুক্ত করা যাবে না।

সমবায় আন্দোলন সম্পর্কে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া একটা পুস্তক প্রকাশ করেছে। সেখানে পশ্চিমবাংলার সমবায়ের সাফল্য সম্বন্ধে বলা হয়েছে, 'পশ্চিমবঙ্গ সমবায় আন্দোলনের ক্ষেত্রে ৮৫% সাফল্য লাভ করেছে।' কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রকাশিত পুস্তকে অন্যান্য রাজ্যের সমবায়ের সাফল্য সম্পর্কে কি বলা আছে? মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ু প্রভৃতি রাজ্যে কটন লবি, টোবাকো লবি প্রভৃতি বড় বড় পুঁজিপতিরা সমবায়কে কুক্ষিগত করে রেখেছে। আর পশ্চিমবাংলার সমবায়ে ৭৫ ভাগই হচ্ছে মার্জিনাল ফার্মারস। কেন্দ্রীয় সরকারের বইতে পশ্চিমবাংলার সমবায়ের সাফল্যের কথা উল্লেখ করা হয়েছে।

অবশ্যই আমাদের সমবায়কে আরও অধিক সংখ্যক মানুষের কাছে পার্কোলেট করতে হবে। এ কাজ শুধু সরকার বা সরকারি দলগুলির দ্বারাই হবে না। এ বিষয়ে বিরোধী দল গুলির সহযোগিতাও প্রয়োজন। সমবায় আন্দোলনকে সকল শ্রেণীর জনগণের আন্দোলনে রূপায়িত করতে হবে।

মাননীয় সদস্য প্রবোধ চন্দ্র পুরকায়েত মহাশয় সব চেয়ে বেশি দুর্নীতির কথা বললেন। আমি তাকে বলছি, আমাদের কাছে কোনও দুর্নীতির অভিযোগ এলেই তদন্ত হয় এবং ব্যবস্থা গ্রহণ করা হয়। ভবিষ্যতেও তা হবে। উদয়নারায়ণপুরের হিমঘর সম্পর্কে বিগত আর সি এস-এর রিপোর্ট এসেছে। আইনের দিক্টা খুঁটিয়ে দেখছি। দুর্নীতি হয়ে থাকলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

ডাঃ আবেদিন এক সময়ে এই দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি এখানে অনেক অশালীন কথাবার্তা ব্যবহার করছেন। 'তন্তুজ' সম্পর্কে অনেক কথা বললেন। ওদের আমলে পশ্চিমবাংলায় গ্রাম গঞ্জে মাদ্রাজ হ্যান্ডলুম ছেয়ে গেছিল। আর আজকে 'তন্তুজ' শুধু পশ্চিমবাংলায় নয় বাংলার বাইরেও ছড়িয়ে পড়েছে। এতে তো ওদের গর্ব বোধ করা উচিত। তাছাড়া 'তন্তুজ' কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির আন্ডারে। মাননীয় ভক্তিভূষণ মন্ডল যখন মন্ত্রী ছিলেন তখন অডিট সেকশন করা হয়েছে। ওদের আমলে হয় নি। অডিট সেকশন দিয়ে আমরা তদন্তের ব্যবস্থা করেছি। রিপোর্ট আসছে। ম্যানেজমেন্ট এফিসিয়েন্সি পারফরমেন্স ইত্যাদি সম্পর্কে চাটার্ড অ্যাকাউন্টেট ফার্ম দিয়ে অডিট করার বিষয়ে আমরা চিন্তা ভাবনা করছি, চেষ্টা করছি।

পশ্চিমবাংলার হাউসিং প্রকল্প নিয়ে কিছুক্ষণ আগে আমাদের এক বন্ধু কিছু কথা বললেন। আমি জানি তিনি ট্রেড ইউনিয়ন আন্দোলন করেন। তিনি ট্রেড ইউনিয়ন সম্পর্কে

অভিজ্ঞ। হাউসিং ফেডারেশনে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট হচ্ছে এবং নেগোসিয়েশনও চলছে। আমরা স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনব। আমাদের রাজ্যে সকলেরই ট্রেড ইউনিয়ন আন্দোলন করার অধিকার আছে। সেখানেও আন্দোলন চলছে এবং নেগোসিয়েশনও চলছে। আমাদের হাউসিং ফেডারেশন স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে।

একজন মাননীয় সদস্য 'বেনফেড' দুর্নীতির কথা বলেছেন। আমরা অডিট রিপোর্টে কিছু কিছু অফিসার সম্পর্কে দুর্নীতির অভিযোগ পেয়েছি। নিশ্চয়ই সে সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব। দুর্নীতিপরায়ণ অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করব।

[5-50 — 5-53 P.M.]

আমি নিজে সংবাদপত্রে বিবৃতি দিয়ে বলেছি, বেনফেডের যে ৮৫ কোটি টাকার সার আসে সেইসব সার প্রাইমারি সোসাইটি মারফত প্রকৃত কৃষকের কাছে কেন যায় না তা তদন্ত করে ব্যবস্থা নেবার জন্য নির্দেশিকা পাঠানো হয়েছে। সেইজন্য আমি বলতে চাই, সমবায় আন্দোলনের উপর জোর দিতে হবে। উন্নয়নশীল দেশে সমবায় কনজিউমারদের লাক্সারি গুডস উৎপাদনের দিকে তাদের বেশি নজরদারি থাকে। কিন্তু আমাদের মতো দেশে আমরা কৃষির উপর আমাদের জোরদার লক্ষ্য বেশি করে দিয়েছি। জয়নাল সাহেব কনজিউমার কো-অপারেটিভের কথা বললেন। আমরা কনজিউমার'স কো-অপারেটিভ ছাড়াও আমরা জোর দিয়েছি লেবার কো-অপারেটিভের উপর। এটা ওনার জানা উচিত। আমরা তাদের ৫০ হাজার টাকা ক্যাপিটাল দিয়েছি এবং ৫ হাজার টাকার ঝোড়া, কোদাল কেনার জন্য সাজসরঞ্জাম দিয়েছি। কিন্তু তাদের কাজ দেবার অধিকার লেবার কো-অপারেটিভের হাতে। কো-অপারেটিভ তাদের কাজ দেবেন, জেলা পরিষদ দেবেন, পি ডব্লু ডি দেবেন। এ ব্যাপারে ইরিগেশন ডিপার্টমেন্টকে চিঠি লিখেছি, পি ডব্লু ডিকে চিঠি লিখেছি এবং জেলা পরিষদকে চিঠি লিখেছি। আমরা সরাসরি কাজ দিতে পারি না। সরাসরি কাজ আমরা দিতে পারিনা। আমরা তাদের মধ্যে লিয়াজোঁ সৃষ্টি করার চেষ্টা করছি। তাই আমি এই কথা বলছি, বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশন এনেছেন তার আমি বিরোধিতা করি এবং আমি যে সামান্য ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছি তা সমর্থন করতে বলি। কান্দি ব্যাঙ্কের কথা অতীশবাবু বললেন। গত বিধানসভায় তার কথা শুনে কান্দি ব্যাঙ্ক সম্বন্ধে বলার চেষ্টা করলাম, এখন তিনিই তার সমালোচনা করছেন। কান্দি ব্যাঙ্ক স্টার্ট করার ব্যবস্থা করেছি। ইতিমধ্যে ৮০ হাজার টাকা কয়েকদিনের মধ্যে কালেকশন হয়েছে এবং রিভাইভ করার চেষ্টা হয়েছে। সেটা আদৌ ভায়াবেল হবে কি হবে না তা আমাদের হাতে নেই, তবে আমাদের ডিপার্টমেন্ট পরিকল্পনা নিয়েছে, আমরা চেষ্টা করছি। আমি অতীশবাবুকে শোনাতে চাই, সেখানে বাড়তি লোক নিয়োগ হয়েছিল যারজন্য সেই ব্যাঙ্কটি সিক হয়ে গেল। তবে সেই বাড়তি লোকগুলি ছাঁটাই হয়েছে বলে সংবাদ এসেছে। সুতরাং শুধু এইসবের জন্যই নয়, কিছু মিস-ম্যানেজমেন্টের জন্যও শোচনীয় অবস্থা হয়েছিল। পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় যে সমস্ত ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক আছে সেগুলিকে ভায়াবল করার জন্য নন-ফরমিং লোন এবং ব্যাঙ্কের মাধ্যমে কিছু কিছু গৃহ নির্মাণ ঋণ দিয়ে ভায়াবেল করার চেষ্টা করছি। কিন্তু ইনভেস্টমেন্ট রেশিও না বাড়ালে যেটা আড়াই পারসেন্ট আছে কাজ এগুবে না। এল ডি বি ব্যাঙ্কগুলির

বরাদ্দ বাজেটে রাখতে পারিনি। সেইকারণে বলছি, আমাদের পরিকল্পনা বহুমুখী। আমরা এস কে ইউ এস প্রভৃতি বহুমুখী প্রকল্প নিয়েছি। লিক্যুইডিশনই আমাদের মূল লক্ষ্য নয়। সমবায় আন্দোলনকে আমরা দলীয় সঙ্কীর্ণতার উর্ধ্বে নিয়ে যেতে চাই। আমরা গণতন্ত্রীকরণ করতে চাই যে গণতন্ত্রের বলেই আপনারা এই বিধানসভার চত্বরে এসেছেন। তাই আমি আবেদন জানাচ্ছি শরৎচন্দ্রের একটি কথা বলে যাতে করে আপনারা এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করেন।' সংসারে যারা শুধু দিল, পেল না কিছুই যারা বঞ্চিত, নিপীড়িত, লাঞ্ছিত—মানুষ যাদের চোখের জলের জবাব দিল না নিরুপায় নিঃসহায় জীবনে যারা কোনওদিন ভেবেই পেল না, সংসারে সব থেকেও কেন তাদের কিছু নেই"। তারাই আজ সমবেত হয়েছে সমবায়ের ছত্রছায়ায়। তাদের জন্যই আমার এই বাজেট। বৃহত্তম সংখ্যক মানুষের জন্য ক্ষুদ্রতম মাথাপিছু ব্যয় বরাদ্দের দাবি আজ কাট মোশনের খপ্পরে পড়েছে। উন্নয়নশীল দেশের দরিদ্র মানুষের সর্বাধিক ভোটে বিধায়কগণের নৈতিক মূল্যবোধের কাছে, বিবেকের কাছে এ কোনও এক বিবেক দংশন হয়ে দেখা দিচ্ছে না আজ? তাই সমবায় মন্ত্রী হিসাবে ৭০ লক্ষ সমবায়ী পরিবারের তরফ থেকে "এরাই পাঠালো আমায় মানুষের কাছে মানুষের নালিশ জানাতে" এরাই পাঠাল আমায় এদের জন্য ন্যূনতম ব্যয় বরাদ্দের দাবি নিয়ে। যারা আমায় পাঠিয়েছে তাদের জন্য ন্যূনতম ব্যয় বরাদ্দের দাবি নিয়ে আর্থ সামাজিকভাবে দুর্বলতর মানুষের ভোটে নির্বাচিত প্রতিটি বিধায়কের দাবি জানাতে শুধু ব্যয় বরাদ্দের জন্য নয়, সমবায় আন্দোলনে সক্রিয়ভাবে সাধারণ মানুষের শ্রম ও মূল্যবোধের সমবায়ের দ্বারায় মানুষের গণতান্ত্রিক প্রশাসন ব্যবস্থার মাধ্যমে আর্থিক স্বাবলম্বীতার লড়াইয়ে সামিল হতে এই বিধানসভার চত্বরে আপনাদের কাছে রাখছি। আমি আশা করব আপনারা এই কাট মোশন বাদ দিয়ে আমার এই ব্যয় বরাদ্দ সমর্থন করবেন।

## DEMAND NO. 57

The motion of Dr. Manas Bhunia that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions of Shri Deba Prasad Sarkar and Shri Saugata Roy that The amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 25th March, 1992 that a sum of Rs. 47,75,41,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads: "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-opertion and 6425—Loans for Co-operation.

(This is inclusive of total sum of Rs. 11,93,90,000 already voted on account)-was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5-53 P.M. till 11 A.M. on Friday the 10th April 92 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 10th April 1992 at 11.00 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 5 Ministers of State and 175 Members.

## Held Over Starred Questions
## (to which oral answers were given)

[11-00 — 11-10 P.M.]

**গাইঘাটা অঞ্চলের সেসরু প্রকল্পের অর্থ মঞ্জুর**

***৬৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৬।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সেসরু প্রকল্পে ১৯৯১-৯২ আর্থিক বছরে গাইঘাটা পঞ্চায়েত সমিতির অধীনে কতজন বেকার যুবককে অর্থ মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ কত?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ**

(ক) ৫৯ জন।

(খ) মোট ১৬,৩৩,০০০ টাকা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যা বললেন, সেক্ষেত্রে দয়া করে জানাবেন কি, ঐ আইডেন্টিফিকেশন অফ দি রেসিপিয়েন্ট বেনিফিশিয়ারিজ—এটা কিভাবে করেন এবং আরও কি কি উদ্যোগ নিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** কি কি উদ্যোগ নিয়েছি বলা সম্ভব নয়। সাধারণভাবে আইডেন্টিফিকেশনের জন্য স্ক্রিনিং কমিটি আছে। এটা জেলা ভিত্তিতে আছে, জেলা পরিষদ ভিত্তিতে আছে। ব্লক লেভেলে পঞ্চায়েত সমিতির সভাপতি হচ্ছেন এর সভাপতি এবং তাতে বিভিন্ন প্রতিনিধিরা, অফিসাররা রয়েছেন। আর মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনে এটা আলাদা ভিত্তিতে রয়েছে। এখন যদি কোনও পঞ্চায়েত বা মিউনিসিপ্যাল ওয়ার্ডে কেউ সেস্রু স্কীম করেন, তখন ওয়ার্ডের কমিশনার বা পঞ্চায়েত প্রধান—তাদের সাহায্য নিতে বলা হয়েছে যাতে সত্যিকারের লোক আইডেন্টিফাই করা সম্ভব হয়। এরসঙ্গে এটাও বলা হয়েছে—সেস্রু স্কীম বিভিন্নরকম দেওয়া হচ্ছে, যেমন ধানভানার স্কীম, দোকানের স্কীম, অটোরিক্সার স্কীম প্রভৃতি রয়েছে। এর সাধারণ স্কীম হচ্ছে ৩৫,০০০ টাকা পর্যন্ত এবং অটোর ক্ষেত্রে ৪০ হাজার টাকা। বর্তমানে অটোর দাম বেড়েছে, কাজেই এক্ষেত্রে যাতে বাড়ানো হয় সেটা বলে

দিয়েছি। পারসন কনসার্ণ্ড যে স্কীম নিতে চাচ্ছেন সেটা ভায়াবেল হবে কিনা এটা দেখার একটা ব্যাপার রয়েছে। এরজন্য ব্যাঙ্কের প্রতিনিধিরা থাকেন। ব্যাঙ্কে স্কীম গেলে সেটা তারা স্ক্রুটিনি করেন। তার মধ্যে কিছু অ্যাকসেপ্ট করেন, কিছু ফেরৎ পাঠানো। ফেরৎ পাঠালে কেন সেটা ফেরৎ পাঠালেন সে ব্যাপারে আবার তদ্বির করতে হয়। এইভাবে চেষ্টা হচ্ছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এখানে এমপ্লয়মেন্ট জেনারেশন কি রকম হয়েছে? আপনি তো ১৬ লক্ষ টাকার মতো দিয়েছেন, ৫৯ জন যুবককে। এতে এখানে টোটাল এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি কত জেনারেট হচ্ছে? সারা পশ্চিমবাংলার বলতে পারেন ভাল, তা না বলতে পারলে আমার আপত্তি নেই, এখানকার অবস্থাটা বলুন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** সারা বাংলার হিসাব জানতে হলে নোটিশ চাই, আপনার অ্যানসার ফ্যাক্টসে দিয়ে দেব। সুতরাং উপর উপর বলে সময় নষ্ট করে লাভ নেই। আমরা এই ক্ষেত্রে যেটা হিসাব করেছি যে প্রতিটি ছোট-খাট স্কীমে পোটেন্সিয়াল জেনারেট হচ্ছে ১.৫০, অর্থাৎ দেড় জনের মতো কর্মসংস্থানের ব্যবস্থা হয়। এইগুলি বড় নয় ছোট-খাট স্কীমে যা রোজগার হয় তার কথা বলছি। অটো রিক্সার ক্ষেত্রে একজন লোক ১২-১৩ ঘণ্টার বেশি চালাতে পারে না, আর একজন লোক এমপ্লয়েড হয়। এর সমস্ত হিসাব আমার কাছে আছে, আপনি চাইলে ডিটেলস ডাটা দিয়ে দেব। লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে কিছুটা দিয়ে দিয়েছি।

**শ্রী নাজমুল হক ঃ** বেকার যুবকরা তাদের অভিজ্ঞতা এবং বাজারের কথা চিন্তা করে যে সমস্ত প্রকল্প জমা দেন পঞ্চায়েত সমিতি থেকে সেটা পাস করে দিলেও ব্যাঙ্ক সেই প্রকল্পগুলি চেঞ্জ করাতে বাধ্য করে, অনেক সময় ব্যাঙ্ক অন্য প্রকল্প চাপিয়ে দেয় অনেক সময় সেই প্রকল্প বাজারে চলে না বলে কোর্টে কেস হয়, টাকা আদায় হয় না এবং বেকার যুবকরা হয়রানি হয়। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই ব্যাপারে সরকার কোনও উদ্যোগ নিয়েছেন কিনা?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি আগেই বলেছি যে প্রপার স্ক্রিনিং হয়,—তার জন্য স্ক্রিনিং কমিটি আছে, সেখানে ব্যাঙ্কের লোকও থাকে,—তারপর সেটা ব্যাঙ্কে যায় এবং ব্যাঙ্কে কোটা অ্যালট করে দেওয়া আছে। এখন ব্যাঙ্কে যাওয়ার পরে ম্যানেজার বলেন টাকা তো আমি দেব সুতরাং আমি স্ক্রিনিং করব। এই ক্ষেত্রে কোনও জায়গায় স্কীম রিজেক্ট হয়। রিজেক্ট হলে আমরা এটা জানতে চাই—সেখানে এক্সচেঞ্জ থাকে—রিজেকশন কি কারণে হল। এটা যদি দেখা যায় যে রিজেকশন প্রপার হয়েছে তাহলে স্কীমটাকে মডিফাই করতে বলি। তা না হলে ব্যাঙ্কের সঙ্গে টেক আপ করা হয়।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই 'সেসরু' প্রকল্পে গত আর্থিক বছরে কত টাকা ধরা ছিল এবং কত টাকা ডিসবার্স করা হয়েছে বেকার যুবকদের কাছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** নোটিশ দিতে হবে। সারা রাজ্যের ব্যাপারে জানতে হলে নোটিশ দিতে হবে।

**শ্রী সুভাষ নস্কর ঃ** এই যে 'সেসরু' প্রকল্পে ইতিপূর্বে যে ঋণ দেওয়া হয়েছে এবং বিভিন্ন প্রকল্পে যে ঋণ দেওয়া হয় সে ক্ষেত্রে নিয়মিতভাবে ঋণ শোধ দেওয়া হয় না। এই যে ডিফলটার হচ্ছে এই ঋণ আদায়ের জন্য তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এবারের সেশানে রিকভারি অ্যাক্ট-এর একটা বিল প্লেস করা হয়েছে বা হবে। এটা লোনের ব্যাপারে হবে, এই ক্ষেত্রে 'সেসরু' ইত্যাদি সমস্ত কিছুই থাকবে। তা ছাড়া আমরা এখন রিকভারের জন্য ক্যাম্প করছি সেই ক্যাম্পে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের লোক থাকেন, ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের লোক থাকেন এবং যদি সেটা পঞ্চায়েত এলাকা হয় তাহলে পঞ্চায়েতের প্রতিনিধি থাকেন এবং মিউনিসিপ্যালিটি এরিয়া হলে মিউনিসিপ্যালিটির জনপ্রতিনিধি থাকেন। এই ক্যাম্প করে কালেকশনের ব্যবস্থা কবা হচ্ছে। এর ফল আমরা ভাল পেয়েছি। যেগুলি দেখা যায় যে কোনও কারণ নেই, ইচ্ছাকৃত ভাবে টাকা দিচ্ছে না তখন আইন অনুযায়ী ব্যবস্থা নিতে বলছি। এই টাকা ব্যাঙ্ক দিয়েছে বলে সেটা তাদের ব্যাপার, তাদের কেস করতে বলছি, সেই ক্ষেত্রে আমরা তাদের সহযোগিতা করি।

[11-10 — 11-20 P.M.]

**শ্রী অমিয় পাত্র ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছিলাম, যে স্কীমগুলো পাঠানো হচ্ছে সেইক্ষেত্রে দেখা যাচ্ছে, গোটা এলাকাতে যেখানে ন্যাশনালাইজড ব্যাঙ্ক নেই সেখানে বলছেন গোটা ব্লক এলাকার ছেলেদের অন্য এলাকার সঙ্গে ট্যাগ করে দিতে। আর ব্যাঙ্ক নানা অজুহাত দেখায়, তাতে দেখা যাচ্ছে কোনও কোনও ব্লক আদৌ সেসরু সুযোগ পাচ্ছে না—এই ব্যাপারে আপনার বক্তব্য কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি আগেই বলেছি যে, ব্যাঙ্কের কাছে যে ভাবে অ্যালটমেন্ট আছে সেই অনুযায়ী কেস পাঠানো হয়। স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি আছে। সেই কমিটির কাছে এগুলো যায়। তারা এগুলো অ্যালট করে দেন। কোথাও যদি এই রকম ঘটনা ঘটে পার্টিকুলার ব্রাঞ্চে, যেখানে নিয়ারবাই ব্রাঞ্চে কেসগুলো আছে, সেগুলো ডিস্ট্রিক্ট লেভেল কমিটিতে প্লেস করে। নির্দ্দিষ্ট কোনও অভিযোগ থাকলে সেই অভিযোগ সম্পর্কে তদন্ত করা হয়। এটাকে জেনারালাইজ করে কোনও লাভ নেই।

**শ্রী রাজকুমার মণ্ডল ঃ** সেসরু প্রকল্পে যে সমস্ত ক্যান্ডিডেটের দরখাস্তগুলো ব্যাঙ্কে পাঠানো হচ্ছে, ব্যাঙ্ক নানা অজুহাত সৃষ্টি করে তাদের রিকভারি নেই বলে। এরফলে তাদের ডিসবার্সমেন্ট হচ্ছে না। এই সমস্ত ব্যাপারে আপনার কি পরিকল্পনা আছে যাতে করে তারা যথা সময়ে লোনগুলো পেতে পারেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি এর আগেই বিস্তারিতভাবে বলেছি—স্ক্রিনিং ইত্যাদি হয়। সেখানে কোনও নতুন অ্যাপ্লিক্যান্টের রিকভারি হয়নি বলে তার অ্যাপ্লিকেশন বাতিল করার কোনও প্রশ্ন নেই। রিকভারির প্রশ্ন আলাদা ব্যাপার। যেটা স্ক্রিনিং কমিটি থেকে অ্যাপ্রুভ হয়ে গেছে সেটা যদি ব্যাঙ্কে মডিফাই ইত্যাদি হয় সেটা জানার সঙ্গে সঙ্গে টেক আপ করা হয়। এটা করে সংশোধন করা হয়।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** ১৯৯১-৯২ সালে কতজন যুবককে এই সেসরু প্রকল্পে আনার টার্গেট ছিল এবং কত পারসেন্ট এই টার্গেট ফুলফিল হয়েছে জানাবেন?

**মিঃ স্পিকার ঃ** না, না, এটার জন্য আপনাকে নোটিশ দিতে হবে।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, সেসরু প্রকল্পে এমন ব্লক আছে যেখানে স্ক্রিনিং কমিটি পাস করার পর ব্যাঙ্ক রিজেক্ট করল এবং পরে ব্যাঙ্কের সাজেশন মতো স্কীমগুলোকে জমা দিল ; এমন নির্দিষ্ট অভিযোগ আছে যাকে ব্যাঙ্ক রিজেক্ট করছে, টাকা দেয় না?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** নির্দিষ্ট অভিযোগ থাকলে দেবেন, আমি দেখব।

## কোটা অনুযায়ী রাজ্যে কেরোসিন তেল সরবরাহের পরিমাণ

***৬৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১।) **শ্রী দিলীপ মজুমদার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ সালে ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন পশ্চিমবঙ্গ সরকারকে কোটা অনুযায়ী কেরোসিন তেল সরবরাহ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, ঐ সময়ে কত পরিমাণ (মাসিক) কেরোসিন তেলের বরাদ্দ ছিল?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯১-৯২ সালে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ অনুযায়ী পশ্চিমবঙ্গ নিম্নরূপ মাসিক কোটার কেরোসিন তেল সরবরাহ পেয়েছে ঃ—

| | | |
|---|---|---|
| ক) | মার্চ '৯১ | ৬২,০৪৪ মেঃ টন |
| খ) | এপ্রিল '৯১-জুন '৯১ | ১৬০,৪১২ মেঃ টন |
| গ) | জুলাই '৯১ | ৫৭,৪১০ মেঃ টন |
| ঘ) | আগস্ট '৯১-জুন '৯-অক্টোবর '৯১ | ৫৭,৪১০ মেঃ টন |
| ঙ) | নভেঃ '৯১-ফেব্রুঃ '৯২ | ৬১,১৪৭ মেঃ টন |

**শ্রী গৌতম রায়চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে কেরোসিন তেল সরবরাহ কম হয়েছে, তা সত্ত্বেও পশ্চিমবঙ্গে এই কেরোসিন সরবরাহ স্বাভাবিক আছে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পশ্চিমবঙ্গে কেরোসিন তেলের যে চাহিদা সেই চাহিদা অনুযায়ী আমরা সরবরাহ পাই না। আমাদের মোট চাহিদার শতকরা ৬২ ভাগ আমরা সরবরাহ পেয়ে থাকি। এতদিন ধরে সরবরাহের যে নিয়ম ছিল সেটা হচ্ছে সারা বছরকে ৩টি ব্লকে ভাগ করে আমরা সরবরাহ পেয়ে থাকি। প্রথমটা হচ্ছে উইন্টার ব্লক—নভেম্বর থেকে ফেব্রুয়ারি। দ্বিতীয় হচ্ছে, সামার ব্লক—মার্চ থেকে জুন পর্যন্ত। তৃতীয় হচ্ছে মনসুন ব্লক—জুলাই থেকে

অক্টোবর পর্যন্ত। আমাদের এই ব্লকে কোটা ছিল। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি যে ব্লকের ভিত্তিতে না করে আমাদের সারা বছরের যে কোটা সেটাকে ১২ দিয়ে ভাগ করে প্রতি মাসে যেটা আমাদের পাওনা হয় সেটা সরবরাহ করা হোক। কেন্দ্রীয় সরকার সম্প্রতি আমাদের প্রস্তাব মেনে নিয়েছেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, কেরোসিন তেলের দুষ্প্রাপ্যতা সত্ত্বেও বাইরে কিন্তু ছয়, সাত টাকা দরে ব্লকে তেল পাওয়া যাচ্ছে। আপনি কি এই ব্যাপারে অবহিত আছেন এবং যদি অবহিত থাকেন তাহলে এর প্রতিরোধের জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** কেরোসিন তেল সরবরাহের জন্য যে সিস্টেম আছে তাতে কেরোসিন তেল এজেন্সির মাধ্যমে আমাদের ডিলারদের দেওয়া হয়। আমরা ডিলারদের অ্যাপয়েন্ট করি। এজেন্টদের অ্যাপয়েন্ট করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও কন্ট্রোল নেই। ৪টি কোম্পানি আছে, তারাই এই এজেন্টদের ঠিক করেন। এই এজেন্টদের কত পরিমাণ তেল দেওয়া হচ্ছে সেটা আমরা জানতে পারি না। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, আমি জানি, এটা ঠিক যে রেশনের বাইরে কিছু তেল বেশি দামে বিক্রি হচ্ছে। এই সম্পর্কে আমরা অভিযোগ কিছু কিছু ক্ষেত্রে পেয়েছি এবং সেই অভিযোগের ভিত্তিতে আমরা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে শতকরা ৬২ ভাগ তেল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, আমরা লক্ষ্য করছি যে কলকাতা শহরের তুলনায় গ্রামের মফস্বল শহরগুলিতে তেলের জন্য লাইন বেশি দেখা যায়। আপনি যে তেল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছেন সেই তেল কি সম বণ্টন হয়। অর্থাৎ শহরে যে তেল দেন গ্রামেও কি সেই একই পরিমাণ তেল দেন, না শহরে বেশি তেল দেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমরা মোট যে তেল পাই সেই তেল আমরা মোটামুটিভাবে রেশন কার্ডের মাধ্যমে পপুলেশন অনুযায়ী জেলায় জেলায় ভাগ করে দিই। সাধারণভাবে যে নিয়ম আছে তাতে বিধিবদ্ধ রেশন এরিয়ায় এবং শহরাঞ্চলে প্রতি সপ্তাহে কার্ড পিছু ৫০০ এবং গ্রামাঞ্চলে ২৫০ মিলি লিটার তেল দেওয়া হয়। কিন্তু এটা বিভিন্ন জেলার জেলা শাসক, খাদ্য সরবরাহের স্থায়ী সমিতি এবং ডিস্ট্রিক্ট কন্ট্রোলার, এরা বসে স্থানীয় প্রয়োজন ভিত্তিক অবস্থা অনুযায়ী নিজেরা ডিস্ট্রিবিউশনের ব্যবস্থা করে দেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে সংবাদ দিলেন তাতে আমরা অস্বস্তি বোধ করছি এই কারণে যে, এই যে ৪টে এজেন্ট তেল দেয় তারা কি আপনার সঙ্গে পরামর্শ না করে তেল দেয়, কেননা তেলের যা রিকোয়ারমেন্টস তাতে গ্রামাঞ্চলে এই তেল আলো হিসাবে ব্যবহৃত হয় এবং শহরাঞ্চলে ফ্যুয়েল হিসাবে ব্যবহার করা হয়। আমার প্রশ্ন সেক্ষেত্রে তাদের কি সরকারের সাথে কোনও কো-অর্ডিনেশন নেই বা সমন্বয় নেই এবং এই যে অবস্থা চলছে এটা দূর করতে আপনারা কি ভূমিকা নিচ্ছেন? যেখানে রিকোয়ারমেন্ট ফুলফিল করতে ৬২ পারসেন্ট লাগবে সেখানে এটার জন্য আপনারা কি পদক্ষেপ নিচ্ছে

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এই অবস্থা ভালো করার জন্য যারা কো-অর্ডিনেটোর আছেন আমি তাদের সাথে মাঝেমাঝে আলোচনায় বসি এবং কেন্দ্রীয় সরকারের সাথেও এই নিয়ে কথা বলেছি। এজেন্ট যে নিয়োগ হচ্ছে, সেই এজেন্টরা কত তেল পাচ্ছেন সেটা আগে জানতে হবে। অনেক সময় হয় কি, একেবারে শেষ সময়ে বেশি তেল দিয়ে দিলেন এবং সেটা আমাদের নলেজের বাইরে ঘটে যায় বলেই আমরা তেলের হদিশ পাই না। তবে আমরা কো-অর্ডিনেটারের সঙ্গে আলোচনা করেই ব্যবস্থা ঠিক করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, একটু আগেই আপনি কৃপাসিন্ধু সাহার প্রশ্নোত্তরে বললেন যে বিভিন্ন জেলা শাসক স্ট্যাটুটারি রেশনিং এরিয়াতে ৫০০ করে এবং মডিফায়েড রেশনিং এরিয়াতে ২৫০ করে কোটা তেল দেওয়ার কথা বলে দিয়েছেন। আমি জানি আপনার জেলাতে এবং ইভেন ইন ইয়োর কনস্টিটিউয়েন্সিতে স্ট্যাটুটারি রেশনিং এরিয়াতে ৫০০ করে কোটার জায়গায় ২৫০ করে তেল দেওয়া হচ্ছে। ডিস্ট্রিক্ট কন্ট্রোল থেকেও আপনারা কিছু করতে পারেন নি। সুতরাং এই যে বৈষম্য হুগলি জেলার ক্ষেত্রে এর কারণ কি এবং এটা দূর করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় কৃপাসিন্ধু সাহা যে প্রশ্ন তুলেছেন সেটা হচ্ছে বিধিবদ্ধ রেশনিং এরিয়া আর আরবান এরিয়া, এতে ৫০০ করে কার্ড পিছু সপ্তাহে তেল দেওয়া হয়ে থাকে এবং গ্রামাঞ্চলে কার্ড পিছু ২৫.০ মিলি লিটার তেল দেওয়া হয়ে থাকে। বিভিন্ন জেলাতে জেলাশাসকরা আছেন, স্থানীয় সমিতির ডিস্ট্রিক্ট কন্ট্রোলাররা আছেন। তারা সেখানে অবস্থা অনুযায়ী প্রয়োজন ভিত্তিক কিছু পরিবর্তন করে থাকেন। আমার হুগলি জেলাতে স্বাভাবিক ১ লিটার করে তেল দেওয়া হয় এবং সেখানে গ্রাম ও শহর বলে কিছু তফাৎ নেই।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ডুয়ার্স অঞ্চলে এবং উত্তরবঙ্গে আপনার যে বিভিন্ন অফিসাররা আছেন তারা সম্প্রতি পরীক্ষার আগে আগে যে সমস্ত গ্রামাঞ্চলে পরীক্ষার্থিরা আছে, তাদের কেরোসিন তেল কম করে দিচ্ছেন, ফলে তাদের যা পাওনা তারা ঠিকমতো পাচ্ছে না। এবং শহরাঞ্চলেও ১০০ লিটার কম করে কেরোসিন দেওয়া হচ্ছে। এতে কি আপনার অফিসারদের গাফিলতি আছে, নাকি কেন্দ্রীয় সরকার কোটা কমিয়ে দিয়েছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** সম্প্রতি কোন কোন সময়ে তেল সরবরাহের ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়, সম্প্রতি অসুবিধা দেখা দিয়েছিল। কিছু লেবার ট্রাবল হওয়ার জন্য তেল সরবরাহ কম হয়েছিল এবং তারজন্য স্থানীয়ভাবে এই অ্যারেঞ্জমেন্ট করা হয়েছিল।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** এই যে তেল সরবরাহটা কেন্দ্রীয় সরকারের থেকে কম পাচ্ছেন সেটার জন্য স্ট্যাটুটারি এলাকাতে এই যে এজেন্ট নিয়োগটা হচ্ছে এটা কিভাবে হচ্ছে, এবং নিয়োগটা বন্ধ করেছেন কেন? আর একটি প্রশ্ন আপনি বললেন নিয়ন্ত্রণটা আপনাদের হাতে নেই, নিয়ন্ত্রণটা রাজ্য সরকার নেওয়ার ব্যবস্থা করেছেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** দুইটি প্রশ্ন মাননীয় সদস্য করেছেন, একটা হচ্ছে এজেন্ট আর একটা হচ্ছে ডিলারের ব্যাপারে। দুইটি স্তর আছে। এজেন্ট নিয়োগ করার ব্যাপারে পুরোপুরি

দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের সেটা তারাই করেন। ডিলারটা আমরা নিয়োগ করি, কিন্তু মহামান্য হাইকোর্টের নির্দেশে নিয়োগ বন্ধ আছে। আমাদের এই সরবরাহের বা বন্টন ব্যবস্থা যাতে সুস্পষ্টভাবে হয় তার জন্য এজেন্টরা কত তেল পাচ্ছেন, কোথায় এজেন্ট নিয়োগ করা হচ্ছে সেই ব্যাপারে আমাদের রাজ্য সরকার যাতে সেখানে বক্তব্য রাখতে পারে সেইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে লেখা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলা হচ্ছে।

**দুইটি হাসপাতালকে এন. আর. এস.-এর সাথে যুক্ত করার প্রস্তাব**

***৬৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৮২।) **শ্রী আবদুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডাঃ বি. সি. রায় হাসপাতাল ফর ক্রিপল্ড চিলড্রেন ও কল্যাণীর গান্ধী মেমোরিয়াল —দুটি হাসপাতালকে নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সাথে যুক্ত করার কোনও প্রস্তাব আছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, ঐ প্রস্তাব কার্যকর করতে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(গ) কবে নাগাদ ঐ প্রস্তাব কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ**

(ক) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সাথে গান্ধী মেমোরিয়্যাল হাসপাতালের সংযুক্তিকরণ প্রস্তাব নেই। ডাঃ বি. সি. রায়. হাসপাতাল ফর ক্রিপল্ড চিলড্রেন এর সঙ্গে নীলরতন হাসপাতালের সংযুক্তি করণের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

(গ) নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি ডাঃ বি. সি. রায় হাসপাতাল ফর ক্রিপল্ড চিলড্রেন যেখানে রয়েছে সেখানে ট্রিটমেন্টের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বাইরে থেকে যারা আসেন, তাদের যে ইনফ্রাস্ট্রাকচার ওখানে আছে তার দ্বারা তাদের পক্ষে এইগুলি সাবমিট করা সম্ভব হচ্ছে না, আপনি ওদের অসুবিধাগুলি দূর করার জন্য এখানে যে এক্জিসটিং পাটার্ন আছে সেটাকে ডেভেলপ করার জন্য চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** হ্যাঁ, এটা নিয়ে আমরা চিন্তা করেছি, সেখানে আরও কি করে উন্নত ধরনের ব্যবস্থা করা হয়। বিশেষ করে ঐ হাসপাতালে—এই ব্যাপারে আমিও বুঝব না, আপনিও বুঝবেন না—ক্লেলোসিল অপারেশন এই ধরনের ব্যবস্থা ৩০ পি. এবং এম.পি.এইচ. এছাড়াও আমাদের যে অর্থপেডক্সি সার্জারি কোর্সগুলি আছে সেটা শুরু করার ব্যবস্থা হয়েছে ; এবং নীলরতন সরকারের সাথে সংযুক্তিকরণের কথাবার্তা চলছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** ওখানে যে চিকিৎসা হয় তাতে আফটার ট্রিটমেন্ট যেসব যন্ত্রপাতি দেওয়ার দরকার পড়ে সেইগুলি হাসপাতাল থেকে ক্রিপল্ড চিলড্রেনদের দেওয়া হয়না, এইগুলি দেওয়ার জন্য ব্যবস্থা করবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ওখানে আমাদের যে ব্যবস্থা থাকার কথা সেইগুলি আছে। হাসপাতালের সাথে যুক্ত যারা, যাদের চিকিৎসা হয়ে যাওয়ার পরে বিশেষ বিশেষ যন্ত্রপাতি ব্যবহার করার জন্য দরকার হয়, এইগুলি সাধারণত তাদের জন্য স্বেচ্ছাসেবি প্রতিষ্ঠানগুলি দিয়ে থাকে। আমাদের পশ্চিমবাংলায় এই রকম বহু প্রতিষ্ঠান আছে যারা এই রকম দেয়। কিন্তু আমাদের ওখানে চিকিৎসা হয়ে যাওয়ার পরে যেটুকু দরকার হয় সেটুকু আমরা নিশ্চয় দিয়ে থাকি।

**পাঞ্চেৎ পাহাড়ে পর্যটন কেন্দ্র**

*৬৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮০।) **শ্রী নটবর বাগদী ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় পাঞ্চেৎ পাহাড়ে কোনও পর্যটন কেন্দ্র করার বিষয়ে সরকারি পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) অযোধ্যা পাহাড়ের উপর পর্যটক আবাস নির্মাণের মাস্টার প্ল্যানটি কোন্ পর্যায়ে আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) না, এরকম কোনও পরিকল্পনা আপাতত নেই।

(খ) এরকম কোনও মাস্টার প্ল্যান করা হয়নি। কিন্তু ওখানে একটি পর্যটক আবাস আছে এবং কেন্দ্রীয় সহায়তায় পর্যটক কেন্দ্রটি সম্প্রসারিত করার কাজ চলছে।

সম্ভাব্য অতিরিক্ত প্রশ্নের জন্য তথ্যাদি।

(১) বর্তমান আর্থিক সঙ্গতিতে পুরুলিয়া জেলার পাঞ্চেৎ পাহাড়ে কোনও পর্যটন কেন্দ্র নির্মাণ সম্পর্কে বিবেচনা করা সম্ভব নয়।

(২) অযোধ্যা পাহাড়ে পর্যটক আবাসটিতে ৫০টি শয্যা আছে। তাছাড়া ২ শয্যাবিশিষ্ট ৫টি কটেজ আছে। আরও ৪টি কটেজ নির্মাণের উদ্যোগ আরম্ভ হয়েছে।

[11-30 — 11-40 P.M.]

**শ্রী নটবর বাগদি ঃ** পাঞ্চেৎ পাহাড়ের সামনে জয়চণ্ডী পাহাড়ে বিভিন্ন বেসরকারি সংস্থা ও ক্লাবের পক্ষ থেকে ওখানে পর্বতারোহন ট্রেনিং-এ যাচ্ছে। পাঞ্চেত পাহাড় থেকে জয়চণ্ডী পাহাড় মাত্র ১৩ মাইল ডিস্টেন্স। ওখানে পর্বতারোহনের কোনও শিবির করার কথা চিন্তা করছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমরা জায়গাটা দেখেছি। পর্বতারোহন যুব সমাজের মধ্যে দারুণ গুরুত্ব লাভ করেছে। এই ব্যাপারটা সারা দেশের মধ্যেই আমাদের রাজ্যে সবচেয়ে বেশি জনপ্রিয় হয়ে উঠেছে এবং ক্রিড়া ও সংস্কৃতি হিসাবে গড়ে উঠেছে। আমরা স্থির করেছি আগামি শীতে কোনও একটা সময়ে ঐ অঞ্চলে আমাদের ক্রীড়া ও যুবকল্যাণ এবং পর্যটন বিভাগের মিলিত প্রচেষ্টায় পাঞ্চেত পাহাড়ে একটা প্রশিক্ষণ শিবির ও প্রতিযোগিতামূলক শিবিরের আয়োজন করা হবে।

**শ্রী নটবর বাগদি ঃ** অযোধ্যা পাহাড়ে পর্যটন বিভাগের চার-পাঁচটা কুটির আছে। ওখানে রাস্তাটি অত্যন্ত খারাপ এপং যারা বাইরে থেকে আসে তারা ঐ কুটিরে জায়গা পায় না। ওখানে সেন্ট্রাল গর্ভনমেন্টের সহায়তায় কিছুটা স্কীম করা যাবে। ওখানে অনেক টাকা খরচ করে মাত্র দু কিলোমিটার রাস্তা হয়েছে আর বাকি রাস্তাটুকুর সাহায্য আপনার দপ্তর থেকে দেবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** রাস্তাটা কিছুটা বাকি আছে, তবে বেশিরভাগটাই হয়ে গেছে। ওখানে আমাদের বিধানসভার সদস্য ও জেলা পরিষদের উদ্যোগে হয়েছে ও তাদের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। রাস্তা করার ব্যাপারে পর্যটন বিভাগ-এর পক্ষ থেকে কোনও প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয়। আমি এই ব্যাপারে মাননীয় বন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন বাকি কাজটুকু তিনি করেন।

**শ্রী মনোহর তিরকী ঃ** আপনি বললেন যে ট্রেকিং-এর প্রবণতা পশ্চিমবঙ্গে খুব বেড়েছে। তাই আমি আপনার কাছে জানতে চাই ডুয়ার্স, জয়ন্তি, সামসিং, খালজোরা, টোটোপাড়া, চালসা, লঙ্কাপাড়া ও ভূটানঘাটে এই সমস্ত জায়গার প্রাকৃতিক সৌন্দর্য দারুণ। তাই ওখানে কোনও ট্রেকিং-এর ব্যবস্থা করেবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** সত্যি কথাই বলেছেন, ভারতবর্ষের যে কোনও জায়গার সাথে এই জায়গাগুলোর তুলনা করা যায়। আমরা এবারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে স্পেশ্যাল এরিয়া ডেভেলপমেন্ট স্কিমের কথা বলেছি। সারা দেশে এই স্কিম ওরা চারটি করেছে, তার মধ্যে আমরা দাবি করেছি জলপাইগুড়ির এই বনাঞ্চল-এর বিস্তীর্ণ অঞ্চল এই স্কিমের মধ্যে নেওয়ার জন্য। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে প্রচেষ্টা নিয়েছি ওখানে জমি সংগ্রহ করার। সেই জমি পেয়ে গেলে আমরা একটা আবাসন করব। আপাতত বক্সার হিলে কিছু ব্যবস্থা আছে এবং এটা পি. ডব্লু. ডি.-র। যারা ট্রেকিং-এ যায় তারা বিলাসিতার জন্য যায়না, দীর্ঘ পথ হাঁটার পর তারা একটু বিশ্রাম করতে পারলেই যথেষ্ট। এই ব্যবস্থাটাকে আমরা সম্প্রসারিত করা যায় কিনা সেই চেষ্টা করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** অযোধ্যা হিলসে ৫০ বেডের কটেজ আছে এবং কয়েকজন ট্রাইবাল ছেলে মাস্টার রোলে আছে—এদের পারমানেন্ট করার কোনও পরিকল্পনা আছে কিনা? ওখানে রান্নার কোনও ব্যবস্থা নেই। এরা পারমানেন্টলি থাকে এবং অনলি প্রাইভেট একটা দোকান আছে সেখানে সবাইকে খেতে হয়। এখানে রান্নার কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ওদের স্থায়ীকরণের ব্যাপারটি নিশ্চয়ই আমাদের বিবেচনায় আছে। এটা সময়ের অপেক্ষা। ওরা স্থায়ী হবে। দ্বিতীয়ত, খাদ্য সরবরাহের ব্যাপারে কটেজে যে

আবাসনের সংখ্যা আছে এই সংখ্যা দিয়ে একটা রেগুলার ক্যান্টিন চালিয়ে পোষানো যাবে না। সেই কারণে প্রথম থেকেই করা হয়নি। সেইজন্য যে ওখানে চালাচ্ছে তার সঙ্গে যোগাযোগ করছি নির্দিষ্ট লোকের বাইরে লোক খাওয়াতে পারবে কিনা এবং ওখানে যে টুরিস্টরা যাবে তাদের খাওয়াবার ব্যবস্থা করা যায় কিনা। এইসব ব্যবস্থা আমরা নিচ্ছি।

**শ্রীমতী আরতি হেমব্রেম ঃ** মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি বাঁকুড়া জেলার ঝিলিমিলি এবং মুকুটমণিপুরে কোনও পর্যটন আবাসন কেন্দ্র নির্মাণের পরিকল্পনা নিয়েছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মুকুটমণিপুরে আছে পর্যটন আবাসন কেন্দ্র এবং তার আবাসন সংখ্যা আবার বাড়ানো হচ্ছে। ঝিলিমিলিতে পরিক্ষা-নিরীক্ষা করে দেখেছি যে ঝিলিমিলিতে করা সম্ভব নয়।

**শ্রী লক্ষ্মীরাম কিসকু ঃ** মন্ত্রী মহাশয় জানেন যে অযোধ্যা পাহাড় সম্প্রসারণের কথা বলেছেন সেখানে জলের সংকট ভয়াবহ। ওয়ার্ল্ড লুথেরিয়ান সারভিস তারা করেছিল কিছুটা। আপনারা এই জল সংকট নিবারণের জন্য কিছু চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** পর্যটন দপ্তর জলের জন্য আলাদা ব্যবস্থা কিছু করছে না। জেলা পরিষদ তারাই এই ব্যাপারে ভাবনা-চিন্তা করছে। সি. এ. ডি., সির ওখানে যে প্রকল্প আছে তাদের উপর দায়িত্ব ভার দেওয়া হয়েছে এইটা করার জন্য।

**বাঁকুড়া জেলায় নতুন রাস্তা সংস্কার**

*৬৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৩।) **শ্রী অঙ্গদ বাউরি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় নতুন রাস্তা সংস্কার করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, বাঁকুড়া জেলার কোথায় কোথায় মোট কয়টি প্রকল্প নেওয়া হয়েছে?

**শ্রী মতীশ রায় ঃ**

(ক) নতুন রাস্তা সংস্কার বলতে মাননীয় সদস্য সম্ভবত নতুন রাস্তা নির্মাণের কথাই বলতে চেয়েছেন। তাহলে আমাদের উত্তর—হ্যাঁ আছে।

(খ) ছাতরা বাইপাস নামক সড়কটি ১৯৯২-৯৩ সালের বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সম্ভাব্য অতিরিক্ত প্রশ্নের জন্য তথ্যাদি।

(১) বর্তমান আর্থিক সঙ্গতিতে পুরুলিয়া জেলার পাঞ্চেৎ পাহাড়ে কোনও পর্যটন কেন্দ্র নির্মাণ সম্পর্কে বিবেচনা করা সম্ভব নয়।

(২) অযোধ্যা পাহাড়ে পর্যটক আবাসটিতে ৫০টি শয্যা আছে। তাছাড়া ২ শয্যাবিশিষ্ট ৫টি কটেজ আছে। আরও ৪টি কটেজ নির্মাণের উদ্যোগ আরম্ভ হয়েছে।

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** মন্ত্রী মহাশয় জানেন মেঝিয়া—জিঘাটি এলাকায় শিল্প সম্ভাবনা আছে এবং তাপ বিদ্যুৎ কেন্দ্র হচ্ছে। মেঝিয়ায় রেলব্রিজ এবং রাস্তা আছে। বাঁকুড়া—মেঝিয়া যে সড়কটি আছে সেটা চওড়া করার কোনও পরিকল্পনা নিয়েছেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্য যে অতিরিক্ত প্রশ্ন করলেন, সেটা তাঁর নিজের প্রশ্নের সঙ্গে সরাসরি যুক্ত নয়। তবু মাননীয় সদস্যর অবস্থিতির জন্য জানাচ্ছি যে মেঝিয়াতে যে সড়কটি আছে, সেই সড়ককে কেন্দ্র করে আমরা ডি. ডি. সি এবং নানা কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছি এবং এই সড়কটি পূর্ণাঙ্গভাবে মেরামতি এবং সম্প্রসারণের জন্য পরিকল্পনা নিয়েছি।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী নির্মল দাস ঃ** বাঁকুড়া জেলার ঐ রাস্তার ন্যায় পশ্চিমবঙ্গে বিশেষ করে আপনি বললেন যে ন্যাশনাল রোড ফাণ্ডের যে ৪৫ কোটি টাকা তার মাত্র তিন কোটি টাকা তারা দিয়েছেন। আমার প্রশ্ন, সেই টাকাটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়ে উত্তরবাংলার ভুটান সীমান্ত থেকে শুরু করে আলিপুরদুয়ার, জয়ন্তি এলাকায় যেখানে চা বাগান আছে, বনাঞ্চল আছে, সেখানে শিল্প গড়ে তোলার সম্ভাবনা আছে সেই সমস্ত এলাকায় জাতীয় সড়ক যাতে গড়া যায় তারজন্য আপনি কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করবেন কি?

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে সেন্ট্রাল রোড ফাণ্ডের যে পাওনা টাকা—গত তিন বছরে অর্থাৎ সি. আর. এফ. থেকে আমাদের ৪৫ কোটি টাকার যে সামান্য অংশমাত্র আমরা পেয়েছি বিধানসভায় সেই টাকার অংকের কথা আমি উল্লেখ করেছি। আমার দপ্তরের তরফ থেকে আমি এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের সাথে বারবার এ ব্যাপারে আলোচনা করার পর সি. আর. এফ-এর বাড়তি টাকা রাজ্যে সড়ক উন্নয়নের জন্য আমরা এখনও পাই না। যদি আমরা সেই টাকা পাই তাহলে আমরা সেটা চেষ্টা করব। জাতীয় সড়কের ব্যাপারে যেটা বললেন সেটা এই পরিকল্পনার অন্তর্ভুক্ত নয়। সেটা ন্যাশনাল হাইওয়ের অন্তর্ভুক্ত। তারজন্য কেন্দ্রীয় সরকারের সাথে আমাদের প্রতি বছরই আলোচনা হয় এবং যদিও সেই বরাদ্দটা বিগত কয়েক বছরে কমেছে কিন্তু এটা বাস্তব যে কেন্দ্রীয় সরকার বর্তমানে যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির ভিত্তিতে আমরা টাকা পাচ্ছি।

## Starred Question
## (to which written answers were laid on the Table)

### বেসরকারি প্রতিষ্ঠানে পেনশন স্কিম

***৬৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪০।) **ডাঃ জয়নাল আবেদিন ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বে-সরকারি প্রতিষ্ঠানগুলিতে অবসরপ্রাপ্ত ব্যক্তিদের পেনশন চালু করার ব্যাপারে সঞ্চয় প্রকল্পগুলির মাধ্যমে পেনশন স্কিম চালু করার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন কি না ;

(খ) করে থাকলে, বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে যাঁরা পি. এফ.-এর আওতায় আছেন তাঁদের কোনও সুবিধা হবে কি না?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### উলুবেড়িয়া মহকুমায় বেশি মূল্যে কেরোসিন তেল বিক্রয়

*৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৩।) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমায় কেরোসিন তেলের এজেন্টরা ও খুচরো বিক্রেতারা সরকার নির্ধারিত মূল্য থেকে বেশি মূল্যে তেল বিক্রয় করছে এরূপ কোনও সংবাদ সরকারের গোচরে এসেছে কি না ;

(খ) এসে থাকলে, সরকার এ-বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) মহকুমা খাদ্য সরবরাহ নিয়ামকের পক্ষ হইতে উক্ত অঞ্চলে ত্রিশ (৩০) জন কেরোসিন ডিলারের বিরুদ্ধে বেশি দামে তেল বিক্রয়ের অভিযোগ-এ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

### হাওড়া জেলায় হাসপাতালের সংখ্যা

*৬৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৬।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় মোট কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও গ্রামীণ হাসপাতাল আছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—৪২টি

(২) ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১১টি

এবং (৩) গ্রামীণ হাসপাতাল—৪টি

(খ) (১) ৪২টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মধ্যে ৩৬টিতে ডাক্তার আছে।

(২) ১১টি ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মধ্যে ১১টিতেই ডাক্তার আছে।

এবং (৩) সব গ্রামীণ হাসপাতালেই ডাক্তার আছে।

**রবীন্দ্র সরোবরে "শিশুতীর্থ"**

***৬৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০০।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসরকারি উদ্যোগে রবীন্দ্র সরোবরে "শিশুতীর্থ" প্রকল্প গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, প্রকল্পটির রূপরেখা কিরূপ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বেসরকারি নয়, সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বিশেষ করে শিশুদের জন্য ও রাজ্যের পর্যটক আকর্ষণের জন্য রবীন্দ্র সরোবরের একাংশে রাজ্য সরকার একটি Amusement Park গড়ে তোলার পরিকল্পনা করেছেন।

(খ) রবীন্দ্র সরোবরে কলকাতা ইণপ্রুভমেন্ট ট্রাস্টের ১৬ একর জমি ও ১৬ একর জল এলাকার উপর এই পার্কটি অবস্থিত হবে। পার্ক স্থলে ও জলে বিভিন্ন ধরনের Ride ইত্যাদির ব্যবস্থা থাকবে।

যৌথ উদ্যোগে রাজ্য সরকারের প্রতিনিধিমূলক প্রতিষ্ঠানের ২৬% এবং M/S. Calcutta Amusement Ltd. নামে বেসরকারি প্রতিষ্ঠানের ২৫% শেয়ার থাকবে, জনসাধারণের কাছে বিক্রিত হবে ৪৯% Calcutta ৩৩ বছরের জন্য পূর্বোক্ত জমি ও জল এলাকা লিজ দেবেন। লিজের স্বত্ব পর্যটন বিভাগেরই থাকেব।

**বিষ্ণুপুর রেলওয়ে জংশন হতে রায়দীঘি পর্যন্ত রাস্তাটির মেরামতের ব্যবস্থা**

***৬৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২।) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাউথ বিষ্ণুপুর রেলওয়ে জংশন হতে রায়দীঘি পর্যন্ত রাস্তাটির মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কত মাইল রাস্তা মেরামতের কাজে হাত দেওয়া হয়েছে ; এবং

(গ) এই আর্থিক বছরে (১৯৯১-৯২) উক্ত রাস্তার মোট কত মাইল কাজ শেষ হবে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সম্পূর্ণ রাস্তাটি (২৩ কি. মি.) মেরামতের কাজে হাত দেওয়া হইয়াছে।

(গ) ১৯৯১-৯২ আর্থিক বৎসরে রাস্তাটির কোনও অংশের কাজ শেষ হইবে না।

### এস. ই. এস. আর. ইউ. প্রকল্পে উপকৃতের সংখ্যা

***৬৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৯১২।) **শ্রী অমিয় পাত্র ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে এস. ই. আর. ইউ. প্রকল্পে কতজন উপকৃত হয়েছেন ; এবং

(খ) কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে পাঠানো কতজন বেকারকে ব্যাঙ্ক ঋণ দেয়নি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১শে জানুয়ারি ১৯৯২ পর্যন্ত মোট ১৮,৩৫৫।

(খ) ঐ সময় পর্যন্ত উক্ত বৎসর ব্যাঙ্ক কর্তৃক বাতিল প্রস্তাবের মোট সংখ্যা ১৮,০১৬টি।

### চাল উৎপাদন ও সংগ্রহের পরিমাণ

***৬৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৪।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত তিন বছরে মোট কি পরিমাণ চাল উৎপন্ন হয়েছে (বছরওয়ারি হিসাব);

(খ) ঐ সময়ে (১) চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ধার্য হয় ; (২) চাল সংগ্রহের প্রকৃত পরিমাণ কত ছিল (বছরওয়ারি হিসাব)?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত তিন বৎসরে এই রাজ্যে বছরওয়ারি চাল উৎপাদনের হিসাব নিম্নরূপ ঃ—

১৯৮৮-৮৯—১০৫.৬০ লক্ষ টন

১৯৮৯-৯০—১০৯.২৪ লক্ষ টন

১৯৯০-৯১—১০৪.৩৬ লক্ষ টন

(খ) উক্ত সময়ে চাল সংগ্রহের লক্ষ্য মাত্রা এবং চাল সংগ্রহের প্রকৃত পরিমাণ হইল নিম্নরূপ ঃ—

| লক্ষ্যমাত্রা | সংগ্রহের পরিমাণ মে. টনে |
|---|---|
| ১৯৮৮-৮৯—১.৫০ এম. টি. | ৯৮,০০০ |
| ১৯৮৯-৯০—২ লক্ষ এম. টি. | ১,০১,৭৮০ |
| ১৯৯০-৯১—২ লক্ষ এম. টি. | ১,০২,৭১৩ |

### কাঁথিতে আয়ুর্বেদ কলেজ স্থাপন

***৬৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১২।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মেদিনীপুর জেলার কাঁথিতে আয়ুর্বেদ কলেজ স্থাপনের কাজ কবে নাগাদ শুরু হবে ও ঐ কলেজ স্থাপনের বর্তমানে কি কি সমস্যা দেখা দিয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমানে কাঁথিতে আয়ুর্বেদ কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের নেই।

### Passenger Oriented Wayside Amenities

***697.** (Admitted question No. *1053.) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Tourism Department be pleased to state—

(a) whether the State Government has any information about the scheme evolved by the Ministry of Surface Transport, Government of India for setting up of passenger oriented wayside amenities at about 100 kms intervals along the National Highways ; and

(b) if so,

(i) the brief outlines of the Scheme ;

(ii) the sites selected in West Bengal for such schemes ?

**Minister-in-charge of the Tourism Department :**

(a) No, but under a scheme of the Ministry of surface Transport, Government of India for setting up passenger—oriented wayside Amenities along National Highways, one spot in West Bengal has been selected.

(b) (i) At the wayside Amenities there will be rest rooms, toilets, and a restaurant.

(ii) A spot at Farakka has been selected for the scheme.

### রাজ্যে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা

***৬৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৮।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৯২ পর্যন্ত পশ্চিমবাংলায় রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা কত;

(খ) জুন ১৯৭৭ সালের পূর্বে সংখ্যা কত ছিল ; এবং

(গ) ১৯৭৭ সাল থেকে ১৯৯১ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন রেজিস্ট্রিকৃত বেকার চাকুরি পেয়েছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫১,০৮,৩৩২।

(খ) ১২,৬৯,১৬০।

(গ) ১,৮৬,৫৪৭ জন।

**উত্তর ২৪-পরগনা জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্র**

***৬৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৩।) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) (১) বর্তমানে উক্ত জেলায় মোট বেকারের সংখ্যা কত ;

(২) প্রতি বছর কি হারে নাম নথিভুক্ত হচ্ছে ;

(গ) তার মধ্যে ১৯৯০-৯১ সালে বনগাঁয় কতজনকে সরকারি চাকুরি দেওয়া হয়েছে;

(ঘ) ১৯৯০-৯১ সালে বনগাঁয় স্বনিযুক্তি প্রকল্পে কতজন বেকারকে ঋণ দেওয়ার সুপারিশ করা হয়েছে ও তার মধ্যে কতজনকে ঋণ দেওয়া হয়েছে ; এবং

(ঙ) বনগাঁ জেলা কর্মবিনিয়োগ কেন্দ্রের মোট বাৎসরিক ব্যয় কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫টি (পাঁচ)।

(খ) ১) ১৯৯১ সালের ৩১শে পর্যন্ত মোট রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ৭,১০,৪৮৭।

২) ১৯৮৯ সালে ৬০,০০২ জন

১৯৯০ সালে ৭০,১৫৭ জন

১৯৯১ সালে ৫৮,৫১৪ জন

(গ) ১৯৯০ সালে ৯৬ জন (সরকারি ও বেসরকারি)।

১৯৯১ সালে ১৯৩ জন (সরকারি ও বেসরকারি)।

(ঘ) সুপারিশ করা হয়েছে ঃ ১,৫৬০ জন

ঋণ পেয়েছেন ঃ ১০৩ জন।

(ঙ) ১৯৯০-৯১ আর্থিক বছরে মোট ব্যায় ৮,১৪,৮০২ টাকা।

## পুরুলিয়া জেলার সদর হাসপাতাল নির্মাণ

*৭০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৩।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সদর হাসপাতাল নির্মাণের কাজটি সম্পূর্ণ হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, রোগিদের রাখার ব্যবস্থা করা হচ্ছে না এরূপ কোনও সংবাদ সরকারের গোচরে এসেছে কি না ;

(গ) এসে থাকলে, এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন ; এবং

(ঘ) নির্মাণ কাজ সম্পূর্ণ না হলে, কবে নাগাদ উক্ত হাসপাতালটি নির্মাণের কাজ সম্পূর্ণ হতে পারে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পুরুলিয়া সদর হাসপাতালের অতিরিক্ত ১৫০টি শয্যার জন্য নির্মাণ কাজ শেষ হয়েছে।

(খ) না।

(গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

## Number of Convicted persons for violation of Essential Commodities Act, 1955

***701.** (Admitted question No. *1041.) **Dr. Tarun Adhikary** and **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Food And Supplies Department be pleased to state—

the number of persons convicted for contravention of the provisions of Essential Commodities Act, 1955 as percentage to the number of persons who were prosecuted or whose trial was completed during 1989, 1990 and 1991.

**Minister-in-charge of the Food and Supplies Department :**

The number of persons prosecuted and convicted for violation of F. C. Act, 1955 are as under :—

| No. of persons prosecuted | No. of Persons convicted |
|---|---|
| 1989—932 | 33 (3.5%) |
| 1990—941 | 50 (5.3%) |
| 1991—921 | 36 (3.9%) |

| No. of persons whose trial was completed | No. of Persons convicted |
| --- | --- |
| 1989—89 | 33 (41.2%) |
| 1990—99 | 50 (50.5%) |
| 1991—96 | 36 (37.5%) |

### মাল্টিপারপাস হেল্‌থ ওয়ার্কার নিয়োগ বন্ধ

*৭০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৯।) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে মাল্টিপারপাস হেল্‌থ ওয়ার্কারদের (মেন) ট্রেনিং সম্পন্ন হওয়া সত্ত্বেও তাহাদের নিয়োগ বন্ধ আছে ;

(খ) সত্যি হলে, কারণ কি ; এবং

(গ) মোট ট্রেনিং প্রাপ্ত হেল্‌থ ওয়ার্কারের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ব্যয় সঙ্কোচ হেতু আপাতত নিয়োগ বন্ধ আছে।

(গ) ২৭৭ জন।

### Number of Affected Workers due to modernization of Industrial Units

***703.** (Admitted question No. *1750.) **Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) the estimated number of workers likely to be affected in the near future by the impact of technological upgradation and modernization of industrial units in West Bengal ; and

(b) the steps, if any, taken/proposed to be taken by the State Government to provide relief/assistance to such workers who are likely to be affected by such restructuring of industrial units ?

**Minister-in-charge of the Labour Department :**

(a) We have no information.

(b) The question does not arise.

* 704—Held Over

**রাজ্যে বন্ধ কলকারখানা**

***৭০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৩।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) (১) গত ১৯৮৮ সালের জানুয়ারি হতে ১৯৯১ সালের আগস্ট মাস পর্যন্ত রাজ্যে ছোট, বড় ও মাঝারি কতগুলি কলকারখানা বন্ধ, লে-অফ ও লক-আউট হয়েছে ;

(২) উক্ত সময়ে কত শ্রম দিবস নষ্ট হয়েছে ; এবং

(খ) বন্ধ ছোট, বড় ও মাঝারি কলকারখানাগুলি পুনরায় চালু ও আধুনিকীকরণ করার জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ;

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) এ সম্পর্কিত তথ্য এরূপ ঃ

| কলকারখানা | বন্ধ | লে-অফ | লক-আউট |
|---|---|---|---|
| ছোট | ৫১টি | ৩১টি | ১১১টি |
| বড় | ২টি | ৩টি | ১৬৭টি |
| মাঝারি | ১১টি | ১৩টি | ১৩০টি |

(২) লক-আউটের জন্য ঐ সময়ে ৯০০,৫৩,৩৬৪টি শ্রমদিবস নষ্ট হয়েছে। লে-অফ ও বন্ধের জন্য শ্রমদিবস নষ্টের হিসেব নেই।

(খ) লক-আউট অথবা ক্লোজার হয়ে থাকা কলকারখানাগুলি পুনরায় খোলার জন্য সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক আলোচনার মাধ্যমে প্রতিটি সমস্যা যাতে সুষ্ঠুভাবে সমাধান করা যায় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখা হচ্ছে।

**বর্ধমান মেডিক্যাল কলেজে "পোস্ট গ্রাজুয়েট কোর্স" খোলার প্রস্তাব**

***৭০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৩১।) **শ্রী বিদ্যুৎকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান মেডিক্যাল কলেজে "পোস্ট গ্রাজুয়েট কোর্স" খোলার কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

**শান্তিপুর গ্রামীণ হাসপাতালটি স্টেট জেনারেল হাসপাতালে রূপান্তর**

***৭০৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০০।) **শ্রী অজয় দে ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে শান্তিপুর গ্রামীণ হাসপাতালটি স্টেট জেনারেল হাসপাতালে পরিগণিত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ১৯৮৫ সালে বাস্তবায়িত হয়েছে।

**রাজ্যের ই. এস. আই. হাসপাতাল**

***৭০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৬।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ই. এস. আই. হাসপাতালের সংখ্যা কত ; এবং

(খ) এদের মধ্যে কতগুলি চিকিৎসকের পদ শূন্য আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য বিমা প্রকল্পের অধীনে ১২ (বার)টি হাসপাতাল আছে।

(খ) মোট ৯৩ (তিরানব্বই)টি চিকিৎসকের পদ খালি আছে।

* 709—Held Over

**ই. এস. আই. হাসপাতালগুলিতে কেন্দ্রীয় সাহায্য**

***৭১০।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৩।) **শ্রী দীপক মুখার্জি ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ই. এস. আই. হাসপাতালগুলি পরিচালনার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার গত ২টি আর্থিক বছরে কোনও সাহায্য করেছেন কি না ;

(খ) করে থাকলে, কত সাহায্য দিয়েছেন ; এবং

(গ) ই. এস. আই.-এর মাধ্যমে ঔষধ বিতরণের ক্ষেত্রে ঔষধ তালিকার সংকোচন করা হয়েছে এরূপ কোনও সংবাদ সরকারের গোচরে এসেছে কি না ; এবং

(ঘ) এসে থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ই. এস. আই. হাসপাতালে চিকিৎসার ক্ষেত্রে ঔষধ তালিকার সংকোচন করা হয়নি।

(ঙ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে আলট্রা-সোনোগ্রফি মেশিন**

***৭১১।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৩।) **শ্রী সোমেন্দ্রনাথ মিত্র ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, (১) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বহু মূল্যের আলট্রা-সোনোগ্রাফি মেশিনটি আজ পর্যন্ত চালু হয়নি ; (২) উক্ত কলেজ ও হাসপাতাল রেডিও থেরাপির জন্য আজ পর্যন্ত বেডের ব্যবস্থা হয়নি; (৩) উক্ত কলেজ ও হাসপাতালে 'ব্লাড ব্যাঙ্কে' অপারেশন-এর জন্য প্রয়োজনীয় রক্ত পাওয়া যায় না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) হ্যাঁ।

(২) ১৫ (পনের)টি বেডের অনুমোদন হয়েছে তবে এখনও চালু করা হয়নি।

(৩) কখনও কখনও বিশেষ বিশেষ গ্রুপের রক্ত পাওয়া সম্ভব হয় না।

(খ) (১) মেশিনটি বসানোর জায়গা ও প্রয়োজনীয় ইলেক্টিফিকেশন তৈরি হয়ে উঠেনি।

(২) আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থা যথাযথ না থাকায় চালু করা যায়নি।

(৩) প্রয়োজনীয় রক্ত দাতার অপ্রতুলতা।

**কুঠিপাড়ায় বাঁশের সেতু পুনর্গঠনের পরিকল্পনা**

***৭১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮।) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) গাইঘাটা থানার সুঁটিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন নাগবাড়ি কুঠিপাড়ায় বাঁশের সেতুটি পুনর্গঠনের কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) সেচ ও জলপথ বিভাগের অধীনে ঐ সেতুটি সম্পর্কে বিশদ বিবরণ ঐ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের নিকট পাওয়া যেতে পারে।

**স্বশাসিত সংস্থার মাধ্যমে রাজ্য হাসপাতালগুলি পরিচালনা**

***৭১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮।) **শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি, যে রাজ্য সরকার স্বশাসিত সংস্থার মাধ্যমে হাসপাতালগুলি পরিচালনার ব্যাপারে পরিকল্পনা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

**রাজ্যে আংশিক ও বিধিবদ্ধ এলাকায় রেশন কার্ড**

*৭১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৫।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যে আংশিক ও বিধিবদ্ধ রেশনিং এলাকায় মোট কত সংখ্যক রেশন কার্ড আছে ;

(খ) উক্ত রেশন কার্ডগুলির মধ্যে ভুয়ো রেশন কার্ডের কোনও তথ্য রাজ্য সরকারের আছে কি ; এবং

(গ) থাকলে, উক্ত সংখ্যা কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই রাজ্যে আংশিক ও বিধিবদ্ধ রেশন এলাকায় কার্ডের সংখ্যা নিম্নরূপ ঃ—

আংশিক—৫,৪৩,৩৮,৪৬৪

বিধিবদ্ধ এলাকা—১,০৮,১১,২৬০।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**আই. পি. পি. ফোর প্রকল্পে রাজ্যে কমিউনিটি হেল্‌থ সেন্টার**

*৭১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৮।) **শ্রী অমিয় পাত্র ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আই. পি. পি. ফোর প্রকল্পে নির্মিত কমিউনিটি হেল্‌থ সেন্টারগুলি কবে নাগাদ চালু হবে ;

(খ) এই হেল্‌থ সেন্টারগুলিতে 'অ্যাম্বুলেন্স' দেওয়ার কোনও প্রস্তাব আছে কি না ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে, কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কর্মিপদ সৃষ্টি, আসবাব, সরঞ্জাম বৈদ্যুতিকরণ ইত্যাদি সম্পূর্ণ হলেই আই. পি. পি. ফোর প্রকল্পে নির্মিত কমিউনিটি হেল্‌থ সেন্টারগুলি চালু হবে।

(খ) আছে।

(গ) প্রশ্ন ওঠে না।

## চাকুরি প্রাপ্ত যুবক-যুবতির সংখ্যা

***৭১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৫।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে কতজন যুবক-যুবতীদের নাম নথিভুক্ত করা হয়েছে?

(খ) উক্ত আর্থিক বছরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে কতজন যুবক-যুবতী চাকুরি পেয়েছেন ;

(গ) উক্ত আর্থিক বছরে স্ব-নির্ভরশীল প্রকল্পগুলির মাধ্যমে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অর্থ দ্বারা কতজন যুবক-যুবতী ঋণ গ্রহণ করেছেন ; এবং

(ঘ) স্ব-নির্ভরশীল প্রকল্পগুলির মাধ্যমে বেকার সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকারের কেন্দ্রীয় সরকারের কাছে নতুন কোনও পরিকল্পনা প্রেরণ করেছেন কি না ;

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আর্থিক বছর অনুযায়ি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নথিভুক্ত বেকারদের কোনও তালিকা তৈরি করা হয় না। ক্যালেণ্ডার বছর হিসাবে রাখা হয়।

১৯৯১ সালের জানুয়ারি হতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত নথিভুক্ত যুবক-যুবতীর সংখ্যা ৪,৬০,৩৪০।

(খ) ১লা জানুয়ারি ১৯৯১ হতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে ৮৮৪৯ জন চাকুরি পেয়েছেন।

(গ) সেসরু প্রকল্প রাজ্য সরকারের শ্রম দপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত হয়।

১৯৯১-৯২ আর্থিক বছরে ঐ প্রকল্পের মাধ্যমে ঋণ গ্রহীতার সংখ্যা ১৬,৪৪৫।

(ঘ) না।

## রাজ্যে ঔষধ প্রস্তুতকারক সংস্থা

***৭১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৫।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (স্বাস্থ্য) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ঔষধ প্রস্তুতকারক কতকগুলি সংস্থা আছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি বন্ধ আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (স্বাস্থ্য) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২০১৮টি।

(খ) ২১টি।

* 718—Held Over

**দীঘা থেকে নন্দকুমার মোড় পর্যন্ত রাস্তাটিকে জাতীয় সড়কে উন্নীত করার পরিকল্পনা**

***৭১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৬।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি, যে দীঘা থেকে নন্দকুমার মোড় (NH 41 পর্যন্ত) সড়কটি জাতীয় সড়কে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত জাতীয় সড়কের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বাটা কারখানায় ধর্মঘট**

***৭২০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪০।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি, যে বাটা কারখানায় অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট চলছে ;

(খ) সত্যি হলে, কারণ কি ; এবং

(গ) এই ধর্মঘটের মীমাংসার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) দাবি সনদে বর্ধিত দাবি পূরণের জন্য উক্ত কারখানার কর্মীগণ ধর্মঘট করেছেন।

(গ) ধর্মঘট অবসানের জন্য সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে বহু দফা আলোচনা হয়েছে কিন্তু কোন মীমাংসা হয়নি। তবে এখনও আলোচনা চলছে।

**রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসা ব্যয় বৃদ্ধি**

***৭২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৬।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি, যে স্বাস্থ্য দপ্তর হাসপাতালের কেবিন ভাড়া, এক্স-রে, ই.সি.জি. এবং অন্যান্য পরীক্ষার চার্জ বৃদ্ধি করেছেন ; এবং

(খ) সত্যি হলে, এই চার্জ বৃদ্ধির হার কিরূপ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কয়েকটি ক্ষেত্র ছাড়া প্রায় সব ক্ষেত্রে চার্জ বৃদ্ধি করা হয়েছে।

(খ) চার্জ বৃদ্ধির হার নিম্নরূপ ঃ

| | কেবিন | এক্স-রে | ই.সি.জি. |
|---|---|---|---|
| এস. এস. কে. এম. হাসপাতাল | ৫০% | ০% - ৬০% | ১০০% |
| অন্যান্য হাসপাতাল | ১৫.৩৮% | ২৫%-১০০% | ৬৬.৬৬%-২৭৫% |

অন্যান্য পরীক্ষার ক্ষেত্রে একটি ছাড়া বাকিগুলির বৃদ্ধির হার হল ঃ

এস. এস. কে. এম. হাসপাতাল — ০% থেকে ১৫০%

অন্যান্য হাসপাতাল — ২৫% থেকে ১৫০%

## চাল ও কেরোসিনের ক্ষেত্রে রাজ্যের চাহিদা অনুযায়ী কেন্দ্রীয় বরাদ্দ

***৭২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২১।) **শ্রী অমিয় পাত্র ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চাল এবং কেরোসিনের ক্ষেত্রে রাজ্যের চাহিদা এবং কেন্দ্রীয় বরাদ্দের মধ্যে কোন ফারাক আছে কি না ; এবং

(খ) থাকলে, চাহিদা অনুপাতে বরাদ্দের পরিমাণ কিরূপ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) ১৯৯১ সালে পশ্চিমবঙ্গে কেরোসিন তেলের চাহিদা ও কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ এইরূপ ছিল

| | চাহিদা | কেন্দ্রীয় বরাদ্দ | চাহিদা অনুপাতে শতকরা বরাদ্দ |
|---|---|---|---|
| চাল— | ১৮ লক্ষ মেঃ টন | ৮.৩১ লক্ষ মে. টন | ৪৬.৬ |
| কেরোসিন— তেল | ১১,৬৭,৬০০ মেঃ টন | ৭,২৫,০৭২ মেঃ টন | ৬২ |

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি

**১০৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৯) **শ্রী দিলীপ মুজমদার ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কেন্দ্রীয় সরকারের কিছু আর্থিক নীতির পরিবর্তনের ফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে রাজ্য সরকারের মনোভাব কিরূপ?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** কেন্দ্রীয় সরকারের কিছু আর্থিক নীতির পরিবর্তনের ফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্য বেড়েই চলেছে। তবে এটা কোনও বিশেষ রাজ্যের সমস্যা নয়, সমগ্র দেশেরই সমস্যা এবং এর মূল নিহীত আছে জাতীয়স্তরে ভ্রান্ত নীতি ও অব্যবস্থার মধ্যেই। এই সর্বনাশা মূল্যবৃদ্ধি সমগ্র দেশের তথা এ রাজ্যের সাধারণ মানুষকে করে তুলেছে উদ্‌ভ্রান্ত।

এই ভয়ঙ্কর মূল্যবৃদ্ধির হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য সরকারি বন্টন ব্যবস্থাকে আরও ব্যাপক ও জোরদার করার কথা আমরা কেন্দ্রীয় সরকারকে বারংবার বলে আসছি।

### জাল স্ট্যাম্প উদ্ধার

**১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৯১) **শ্রী দিলীপ মুজমদার ঃ** বিচার বিভাগীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিককালে রাজ্যের বিভিন্ন অফিস থেকে প্রচুর জাল স্ট্যাম্প উদ্ধার করা হয়েছে ;

(খ) সত্যি হলে,

(১) এ পর্যন্ত কোন্ কোন্ অফিসে কত টাকার ঘটনা জানা গেছে ; এবং

(২) এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন / নিচ্ছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) (ক) ট্রেজারি অফিস, ব্যারাকপুর ;

(খ) ব্যারাকপুর কোর্ট ;

(গ) সাব-রেজিস্ট্রি অফিস, বাদুরিয়া, হাটগঞ্জ ;

(ঘ) সাব-রেজিস্ট্রি অফিস, বসিরহাট মিলিয়ে এ পর্যন্ত ৩,১২,৮১০ টাকার জাল স্ট্যাম্প পেপার বাজেয়াপ্ত করা হয়েছে।

(২) ৪টি ক্ষেত্রে পুলিশ মামলা রুজু করেছে। পুলিশ কর্তৃপক্ষ দ্বারা আরও অনুসন্ধান চলছে। এছাড়া অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য চিন্তা করা হচ্ছে।

## Targets for Water Resources

**105.** (Admitted question No. 233.) **Shri Abdus Salam Munshi** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Agriculture Department be pleased to state—

(a) whether targets were fixed for Water Resources Development under the D.P.A.R. during 1990-91 and 1991-92 ;

(b) if so,

(i) the targets and achievements in West Bengal during the period mentioned above ; and

(ii) the achievements in West Bengal (percentage of target) compared to the achievements at all-India level ?

**Minister-in-charge of the Agricultural Department :**

(a) Yes.

(b) Financial Targets and Achievements :

**During 1990-91 (Rs. in lakhs)**

| Financial Target | Financial Achievements |
|---|---|
| 184.40 | 92.08 |

**During 1990-91 (Rs. in lakhs)**

| Financial Target | Financial Achievements |
|---|---|
| 123.29 | 18.56 |

**Physical Targets and Achievements during 1990-91 (Area in Ha.)**

| Target | Achievements |
|---|---|
| 3104 | 1373 |

**Working of Bankura and Purulia started late due to late release of funds by concerned Treasuries)**

| Financial Achievement % at all-India level (1990-91) | Financial Achievement % of West Bengal (1990-91) |
|---|---|
| 79.46 | 56.59 |

Figures for 1991-92 can be compiled only after the close of 1991-91 financial year.

## রাষ্ট্রীয় পরিবহনে স্বাধীনতা সংগ্রামীদের সুবিধা

**১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৩২০) **শ্রী তপন হোড় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাধীনতা সংগ্রামিদের বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহনে বিনা ভাড়ায় ভ্রমণের সুযোগ দেওয়ার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ;

(খ) থাকলে, এর জন্য স্বাধীনতা সংগ্রামিদের কি করতে হবে ; এবং

(গ) কবে নাগাদ পরিকল্পনাটি কার্যকর হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাক্তন আন্দামান বন্দিদের (তাঁরা কেন্দ্রীয় সরকারের পেনশন প্রাপক হলেও), স্বাধীনতা সংগ্রামিদের (যদি তাঁরা রাজ্য সরকারের পেনশনপ্রাপ্ত হন) এবং স্বাধীনতাকালে এই রাজ্যে গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণহেতু নির্যাতিতদের বিনা ভাড়ায় সরকারি পরিবহনে পশ্চিমবঙ্গের যে কোনও স্থানে যাওয়া অর্থ দপ্তরে ১০ই মে, ১৯৯০ সালের আদেশপত্র অনুমোদিত হয়। পরবর্তিকালে এই সুবিধা যে সকল স্বাধীনতা সংগ্রামী রাজ্য সরকারসহ কেন্দ্রীয় সরকারের পেনশন প্রাপক, তাঁদের ক্ষেত্রেও বিস্তৃত করা হয়।

(খ) উপরোক্ত শ্রেণীর ব্যক্তিকে সংশ্লিষ্ট রাজ্য পরিবহনের প্রধানের থেকে আলাদা আলাদা পাশ সংগ্রহ করতে হবে। পাশের জন্য দরখাস্ত করা প্রয়োজন, যার সঙ্গে দুটি পাশপোর্ট সাইজের ফটো সংযোজন করতে হবে। পাশ প্রতি বছর নবীকরণ করতে হবে।

(গ) ব্যবস্থাটি ১৯৯০ সাল থেকে কার্যকর হবে।

## বোলপুরে আবাসন প্রকল্প

**১০৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৪) **শ্রী তপন হোড় ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুরে আবাসন প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ প্রকল্পটি চালু হবে বলে আশা করা যায়?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বোলপুরে আবাসন প্রকল্পের কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

(খ) আগামী জুন মাস নাগাদ প্রকল্পটি চালু করা যাবে বলে আশা করা হচ্ছে।

## শিমুলপুর আনন্দপাড়া নরহরি বিদ্যাপীঠ

**১০৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৪) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার গাইঘাটা এলাকার শিমূলপুর আনন্দপাড়া নরহরি বিদ্যাপীঠকে মাধ্যমিক পর্যায় থেকে উচ্চতর পর্যায়ে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে উক্ত বিদ্যালয়কে উন্নীতকরণের বিবেচনার জন্য কি কি ঘাটতি আছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) কোনও বিশেষ বিদ্যালয়ের ঘাটতির সম্বন্ধে সরকার অবগত নন।

## জনশিক্ষা নিলায়ন কেন্দ্র

**১০৯**। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৪) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি জনশিক্ষা নিলায়ন কেন্দ্র আছে (জেলাওয়ারি হিসাব) ;

(খ) আগামী আর্থিক বছরে নতুন কেন্দ্র খোলার সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) উক্ত জনশিক্ষা নিলায়ন কেন্দ্রে কী ধরনের কর্মসূচি পালন করা হয়?

**শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ৯০০টি জনশিক্ষা নিলায়ন কেন্দ্র শুরু করার অনুমোদন পাওয়া গিয়েছিল।

এ পর্যন্ত মোট ৮৩৩টি জনশিক্ষা কেন্দ্র খোলা সম্ভব হয়েছে। জেলাওয়ারি হিসাব নিম্নরূপ ঃ

| জেলা | | সংখ্যা |
|---|---|---|
| বীরভূম | .. | ৪৫ |
| কুচবিহার | .. | ৭১ |
| দার্জিলিং | .. | ৪৫ |
| জলপাইগুড়ি | .. | ৫০ |
| মুর্শিদাবাদ | .. | ৬৮ |
| হাওড়া | .. | ৪৫ |
| পশ্চিম দিনাজপুর | .. | ৭০ |
| উত্তর ২৪-পরগনা | .. | ৩৫ |
| মালদা | .. | ৬৩ |

| জেলা | | সংখ্যা |
|---|---|---|
| বাঁকুড়া | .. | ৪৫ |
| বর্ধমান | .. | ৩১ |
| নদীয়া | .. | ৩০ |
| হুগলি | .. | ৩৫ |
| পুরুলিয়া | .. | ৬০ |
| কলকাতা | .. | ৩০ |
| দক্ষিণ ২৪-পরগনা | .. | ১০ |
| মেদিনীপুর | .. | ৮০ |
| | মোট | ৮৩৩ |

(খ) নতুন কেন্দ্র খোলার পরিকল্পনা আছে এবং এ ব্যাপারে ইতিমধ্যে প্রস্তুতিও গ্রহণ করা হচ্ছে।

(গ) জনশিক্ষা নিলায়ন কেন্দ্রগুলিতে নিম্নলিখিত ধরনের কাজগুলি করা হয়ঃ

(১) গণিতসহ সাক্ষরতার অনুশীলন ;

(২) পত্র-পত্রিকাযুক্ত পাঠকক্ষের ব্যবহার ;

(৩) সাধারণ সমস্যার সমাধান সম্পর্কিত আলোচনা ;

(৪) স্বাস্থ্য, কৃষি, পরিবার কল্যাণ প্রভৃতি সম্পর্কিত আলোচনার ব্যবস্থা ;

(৫) খেলাধূলা ও আমোদ-প্রমোদের ব্যবস্থা করা ;

(৬) পড়ুয়াদের স্বার্থসম্পর্কিত বিষয়ে নানাবিধ তথ্যাদি সংগ্রহে আগ্রহ সৃষ্টি করা ;

(৭) সম্ভব হলে 'অডিও ভিসুয়াল' শিক্ষার ব্যবস্থা করা।

**বনাঞ্চল সংলগ্ন বাস-রাস্তায় ডাকাতি প্রতিরোধে গাছ কাটার পরিকল্পনা**

**১১০**। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৪) **শ্রী অতুলচন্দ্র দাস ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার বনাঞ্চল সংলগ্ন বাস-রাস্তায় ডাকাতি ও ছিনতাই প্রতিরোধে রাস্তার দু'ধারে ১ (এক) চেন করে জঙ্গলের গাছ সম্পূর্ণ কেটে ফেলার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

**বান্দোয়ান হাসপাতাল নির্মাণ**

**১১১**। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৮) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার বান্দোয়ানে চিরুতি হাসপাতাল নির্মাণের কাজটি কবে নাগাদ শেষ হবে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বর্তমান বছরে জুন মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

### বান্দোয়ান সাব-স্টেশন নির্মাণ

**১১২।** (অনুমোদিত প্রশ্ন নং ১১২৬) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান থানা এলাকায় মধুপুর গ্রামে সাব-স্টেশন নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) উক্ত কাজটি কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত সাব-স্টেশন থেকে কতগুলি মৌজায় বিদ্যুৎ সংযোগ করা সম্ভব হবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বান্দোয়ান থানার অধীন মধুপুর গ্রামে ৩৩ কেভি সাব-স্টেশনটির কাজ চলছে।

(খ) ২০ এবং ততোধিক মৌজায় বিদ্যুৎ সংযোগ করা যাবে।

### আলু থেকে অ্যালকোহল তৈরির পরিকল্পনা

**১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৯) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** ফুড প্রসেসিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলু থেকে অ্যালকোহল তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকলে, বর্তমানে তা কোন্ পর্যায়ে আছে?

**ফুড প্রসেসিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত এরূপ কোনও পরিকল্পনা এই দপ্তরে বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### আই. আর. ই. পি.-র জন্য কেন্দ্রীয় অর্থ

**১১৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১২৫১) **শ্রী আবদুল মান্নান ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন আর্থিক বৎসরে আই. আর. ই. পি.-র জন্য কেন্দ্রীয় সরকার থেকে কত টাকা পাওয়া গেছে (জেলাওয়ারি ও বৎসরওয়ারি) ; এবং

(খ) ইন্টিগ্রেটেড রুর‍্যাল এনার্জি প্রোগ্রাম এই রাজ্যে বাস্তবায়িত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আই. আর. ই. পি. কর্মসূচিটি ভারত সরকারের যোজনা আয়োগ (গ্রামীণ শক্তি বিভাগ) কর্তৃক সরাসরি নিয়ন্ত্রিত হওয়ায় জাতীয় লক্ষ্যমাত্রা অনুযায়ী তারা রাজ্য সরকারকে টাকা দিয়ে থাকেন। এর জন্য জেলাওয়ারি অর্থ বরাদ্দের বিষয়টি কর্মসূচিটিতে আলাদা করে কিছু নেই—সুতরাং, বৎসওয়ারি তিন আর্থিক বর্ষের বরাদ্দ জানানো হচ্ছে ঃ

১৯৮৯-৯০ ১ লক্ষ ৩৫ হাজার টাকা এটি রাজ্য এবং ব্লক পর্যায়ের কর্মিদের বেতন, প্রশিক্ষণ ইত্যাদির জন্য। রাজ্য পর্যায়ে একটি এবং ব্লক পর্যায়ের দুটি সংস্থাপনের জন্য বরাদ্দ হয়েছিল। কলকাতা, উত্তর ২৪-পরগনা জেলার সন্দেশখালি—১ নং ব্লক এবং বাঁকুড়া জেলার তালডাংরা ব্লকের জন্য।

১৯৯০-৯১ ১ লক্ষ্য ৭৪ হাজার টাকা ঐ

১৯৯১-৯২ (ক) ৩ লক্ষ ২৬ হাজার টাকা ঐ

(খ) ১ লক্ষ ৭০ হাজার টাকা রাজ্য পর্যায়ের কারিগরি সহায়ক কেন্দ্র স্থাপনের জন্য মেদিনীপুর জেলায় খড়্গাপুরকে প্রদত্ত হয়েছে।

(গ) ১ লক্ষ টাকা জেলা পর্যায়ের প্রযুক্তি সহায়ক কেন্দ্র স্থাপনের জন্য। উত্তর ২৪-পরগনা ও বাঁকুড়া জেলায় প্রতিটির জন্য ৫০ হাজার টাকা হিসাবে দেওয়া হয়েছে।

(ঘ) ৫ লক্ষ টাকা জাতীয় পরীক্ষামূলক প্রকল্প (গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত) বীরভূম জেলার লাভপুর ব্লকের জন্য প্রথম কিস্তি।

(ঙ) ১৮ হাজার ৭৫০ টাকা জাতীয় প্রশিক্ষণ শিবির মেদিনীপুর জেলার আই. আই. টি., খড়্গাপুরে।

(ক) + (খ) + (গ) + (ঘ) + (ঙ)

মোট—১৭ লক্ষ ১৪ হাজার ৭৫০ টাকা।

(খ) ইন্টিগ্রেটেড রুর‍্যাল এনার্জি প্ল্যানিং (আই. আই. ই. পি.) প্রোগ্রাম ভারত সরকারের প্ল্যানিং কমিশন বা যোজনা আয়োগ (গ্রামীণ শক্তি বিভাগ) কর্তৃক সরাসরি নিয়ন্ত্রিত। তাঁদের নির্দেশেই পশ্চিমবঙ্গ সরকারের উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর ঐ কর্মসূচি রূপায়ণের ভারপ্রাপ্ত হিসাবে করে আসছে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৮৫-৯০) সারা দেশের অভিজ্ঞতা ও জাতীয় লক্ষ্যমাত্রা পর্যালোচনার ভিত্তিতে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯২-৯৭)

প্রতিটি রাজ্যের প্রতিটি জেলায় একটি করে নমুনা আই. আর. ই. পি. ব্লক বেছে নেওয়া হচ্ছে।

পশ্চিমবঙ্গে ১৯৯১-৯২ সাধারণ আর্থিক বর্ষ পর্যন্ত যোজনা আয়োগের নির্দেশে ৯টি নমুনা ব্লক বেছে নেওয়া হয়েছে। সেগুলি হলো—(১) উত্তর ২৪-পরগনার সন্দেশখালি—১ নং ব্লক (২) বাঁকুড়ার তালডাংরা ব্লক, (৩) বীরভূমের লাভপুর ব্লক, (৪) মুর্শিদাবাদের হরিহরপাড়া ব্লক, (৫) জলপাইগুড়ির রাজগঞ্জ ব্লক, (৬) পশ্চিম দিনাজপুরের কালিয়াগঞ্জ ব্লক, (৭) কুচবিহারের শীতলকুচি ব্লক, (৮) মেদিনীপুরের রামনগর—১ নং ব্লক এবং (৯) দার্জিলিং জেলার গরুবাথান ব্লক।

সারা ভারতের জ্বালানী-শক্তি চিত্রের উদ্বেগজনক পরিস্থিতি লক্ষ্য করে বিশেষ করে গ্রামাঞ্চলে যেখানে শতকরা ৭৬ ভাগ মানুষ বাস করেন সেখানকার সমস্যা বিচ্ছিন্ন প্রয়াসে সম্ভব নয়। ইন্টিগ্রেডেট রুর‍্যাল এনার্জি প্ল্যানিং বা আই. আর. ই. পি. কর্মসূচিতে পশ্চিমবঙ্গের উল্লিখিত নমুনা ব্লকগুলিকে এনে জ্বালানি-শক্তির সমস্যা সমাধানের ব্যবস্থা হচ্ছে। প্রথম পর্যায়ে যতটুকু জানি জ্বালানি-শক্তি পাওয়া যাচ্ছে তার দক্ষ ব্যবহারে সংরক্ষণের মাধ্যমে এবং দ্বিতীয় পর্যায়ে অপ্রচলিত-শক্তি সূত্রগুলির আর্থিক ও প্রযুক্তিগত গ্রহণযোগ্যতা যাচাই করে তা বিকল্প শক্তি হিসাবে ব্যবহার করা। এর জন্য যাবতীয় প্রাথমিক তথ্য সংগ্রহে ও সমীক্ষা চালিয়ে শক্তির চাহিদা এবং যোগানের পার্থক্য যতদূর কমিয়ে আনা সম্ভব তার প্রচেষ্টা চলছে ঐ নমুনা ব্লকগুলিতে।

শুধুমাত্র ঘরে বসে পরিকল্পনা নয়, গ্রামের সাধারণ মানুষকে প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় সম্পদ ও শ্রমশক্তিকে কাজে লাগিয়ে তার রূপায়ণের ব্যবস্থাও করা হয়েছে। পশ্চিমবঙ্গে ত্রিস্তর পঞ্চায়েতি ব্যবস্থার সাফল্যে অনুপ্রাণিত হয়ে ভারত সরকারের যোজনা আয়োগ বীরভূম জেলার লাভপুর নমুনা ব্লকে একটি জাতীয় পরীক্ষামূলক আই. আর. ই. পি. কর্মসূচি অনুমোদন করেছেন। রাজ্যস্তরে, উত্তর ২৪-পরগনা ও বাঁকুড়া জেলায় প্রযুক্তি সহায়ক কেন্দ্রের সূচনা হয়েছে জাতীয় যোজনা আয়োগের সাহচর্যে—উদ্দেশ্য গ্রামের সমস্যা যাতে গ্রামেই করে দেওয়া যায়। অবশ্য আশা করা যায়, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (১৯৯২-৯৭) এর শেষে পশ্চিমবঙ্গে সবকটি জেলায় প্রযুক্তি সহায়ক কেন্দ্র এবং নমুনা আই. আর. ই. পি. ব্লক তৈরি হয়ে যাবে—যার দৃষ্টান্ত থেকে সমস্ত রাজ্যের প্রতিটি ব্লক উপকৃত হবে।

### বড়জোড়া ব্লকে খাস জমি

**১১৫**। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৭।) **শ্রীমতী জয়শ্রী মিত্র** ঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়া ব্লকের মোট কত খাস জমির উপর আদালতের নিষেধাজ্ঞা আছে ;

(খ) উক্ত নিষেধাজ্ঞাগুলির বিরুদ্ধে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন ; এবং

(গ) নিষেধাজ্ঞা থাকা খাস জমির মধ্যে (১) কৃষি জমির পরিমাণ এবং অকৃষি জমির পরিমাণ কত (মৌজাওয়ারি)?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭৮৮.২৮ একর।

(খ) বিভিন্ন আদালতে সরকারি আইনজীবী মারফৎ মামলাগুলি সম্পর্কে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(গ) কৃষি জমি ৭৮৮.২৮ একর। এ ধরনের অকৃষি জমি নাই।

**বড়জোড়া ও গঙ্গাজলঘাটি ব্লকে বৈদ্যুতিকরণ**

**১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৫।) **শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার অন্তর্গত বড়জোড়া ও গঙ্গাজলঘাটি ব্লকে এ পর্যন্ত মোট কতগুলি গ্রামে

(১) বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে,

(২) কতগুলি গ্রাম বাকি আছে ; এবং

(খ) বাকি থাকা গ্রামগুলিতে কবে নাগাদ বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) ব্লক এবং গ্রামভিত্তিক হিসাব রাখা হয় না। শুধুমাত্র থানাভিত্তিক মৌজাওয়ারি পরিসংখ্যান রাখা হয়।

(২) প্রশ্ন ওঠে না।

(খ) ঐ।

তবে,

(ক) (১) বড়জোড়া থানার অধীন—

১৩৩টি মৌজা বিদ্যুতায়ন হয়েছে। এবং অবশিষ্ট ৪৬টি মৌজায় বিদ্যুৎ সংযোজন করা বাকি রয়েছে।

(২) গঙ্গাজলঘাটি থানার অধীন—

১১৮টি মৌজা বিদ্যুতায়িত এবং অবশিষ্ট ৩৩টি মৌজায় বিদ্যুতায়ন হয়নি। প্রসঙ্গত উভয়ক্ষেত্রেই এই অবৈদ্যুতিক সমস্ত মৌজাগুলিতে ৮ম পরিকল্পনার মধ্যে বিদ্যুতায়ন সম্ভব করা যাবে না।

**চরকাঁটাপুকুরের বাঁধ মেরামত**

**১১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৯।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বৎসরে চরকাঁটাপুকুরের বাঁধ মেরামতের জন্য বরাদ্দীকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রূপনারায়ণ নদীর বাম তীর ক্ষয় নিরোধী গুচ্ছ প্রকল্পের জন্য মোট ২৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। তা থেকেই চরকাঁটাপুকুরে বাঁধ মেরামতির কাজ চলছে।

১৯৯১-৯২ সালের বরাদ্দ ৩১-৩-৯২-এর মধ্যেই শেষ হবে বলে আশা করা যায়।

### ১৯৯১-৯২ আর্থিক বছরে বিভিন্ন বিদ্যালয়কে উন্নীতকরণ

**১১৮**। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৫।) **শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে কত সংখ্যক বিদ্যালয়কে

(১) মাধ্যমিক থেকে উচ্চ বিদ্যালয়কে

(২) জুনিয়ার হাইস্কুল থেকে মাধ্যমিকে উন্নীতকরণ করা হয়েছে (জেলাওয়ারি) ; এবং

(খ) বিদ্যালয়গুলিকে উন্নীতকরণের জন্য কি কি পদ্ধতি অবলম্বন করা হয়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) একটিও নয়।

(২) ৬ (ছয়)টি।

| | |
|---|---|
| ২৪-পরগনা | ১টি |
| মেদিনীপুর | ১টি |
| পুরুলিয়া | ১টি |
| কলকাতা | ২টি |
| বীরভূম | ১টি |
| | ৬টি |

(খ) জেলা পরিদর্শক টিমের রিপোর্টের ভিত্তিতে এবং সরকারের আর্থিক সঙ্গতি অনুযায়ী উন্নীতকরণের সুপারিশ করা হয়।

### কৃষ্ণনগর শহরের ঘূর্ণিতে জলঙ্গি নদীর ভাঙ্গন রোধ

**১১৯**। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৭।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের ১ নং ওয়ার্ডের ঘূর্ণিতে জলঙ্গি নদীর তীরে ভাঙ্গন রোধের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ঘূর্ণির বেশির ভাগ এলাকাতেই ভাঙ্গনরোধের কাজ পরিকল্পনামতো অনেক আগেই করা হয়েছে। ঐ কাজের উপরের দিকে (U/S) ভাঙ্গনরোধের জন্য নতুন কোনও পরিকল্পনা করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### সমুদ্রগড়ের নিকট ভাগীরথীর ভাঙ্গন

**১২০।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৮।) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার অন্তর্গত পূর্বস্থলী থানার সমুদ্রগড়ের নিকট ভাগীরথীর ভাঙ্গনে বি. এ. কে. লুপ লাইনটি বিপন্ন ; এবং

(খ) সত্য হলে, উক্ত রেলপথটি রক্ষার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোনও প্রস্তাব পাঠিয়েছেন কিনা?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ সমুদ্রগড়ের নিকট ভাগীরথীর ভাঙ্গনে রেল লাইন বিপন্ন।

(খ) উক্ত বিষয়টি স্টেট কমিটি অফ্ ইঞ্জিনিয়ার্স (State Committee of Engineers) ৬৪তম মিটিংয়ে, রেলওয়েকে জানানো হয়েছে। এবং যথাযোগ্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

### বর্ধমান জেলার বিভিন্ন গ্রামে পানীয় জল সরবরাহ

**১২১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭০।) **শ্রী সমর বাওরা ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২-এর জানুয়ারি পর্যন্ত বর্ধমান জেলায় মোট কয়টি গ্রামে পানীয় জলের ব্যবস্থা করা সম্ভব হয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ৩১-১-৯২ পর্যন্ত বর্ধমান জেলার ২,৫৭০টি গ্রামের মধ্যে ৬৩৮টি গ্রামকে সম্পূর্ণভাবে পানীয় জল সরবরাহের আওতাভুক্ত করা সম্ভব হয়েছে এবং অবশিষ্ট ১,৯৩২টি গ্রামকে আংশিকভাবে জলসরবরাহের আওতায় আনা হয়েছে, যেগুলিতে কমপক্ষে ১টি করে পানীয় জলের উৎসের ব্যবস্থা করা হয়েছে।

### আবাসন পর্ষদ কর্তৃক ফ্ল্যাট নির্মাণ

**১২২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৭।) **শ্রী রাজদেও গোয়ালা ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯১ সালের ডিসেম্বর মাস পর্যন্ত আবাসন পর্ষদ কর্তৃক কোন অঞ্চলে কয়টি করে মোট কতগুলি ফ্ল্যাট নির্মাণ করেছেন ; এবং

(খ) রাজ্য আবাসন পর্ষদ অষ্টম যোজনায় ঐরূপ কতগুলি ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছেন?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | আসানসোল | .. | ১,২১২ |
| | দুর্গাপুর | .. | ১২০ |
| | কল্যাণী | .. | ৭২ |
| | চুঁচুড়া | .. | ১২৬ |
| | শিলিগুড়ি | .. | ৪২৪ |
| | বারাসাত | .. | ৩০৪ |
| | শ্রীরামপুর | .. | ৫১০ |
| | বিরাটি | .. | ৬১৬ |
| | রায়গঞ্জ | .. | ১২ |
| | ডানকুনি | .. | ১,০২৮ |
| | কাটোয়া | .. | ৮৮ |
| | বর্ধমান | .. | ২৮ |
| | উত্তরপাড়া | .. | ৩১৮ |
| | কলকাতা | .. | ১৩,৩৯১ |
| | | মোট | ১৮,২৪৯ |

(খ) ২০,০০০টি।

**রাজ্যের বিভিন্ন বি. এল. এল. আর ও. অফিসে অনিয়মিত কর্মচারির সংখ্যা**

**১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৫।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি ১৯৯১ তারিখে রাজ্যের জেলা কালেক্টরেটসহ নাজেরত খানা, বি. এল. এল. আর. ও. অফিসগুলিতে অনিয়মিত কর্মচারির সংখ্যা কত ছিল ; এবং

(খ) উক্ত অনিয়মিত কর্মচারিদের স্থায়ীকরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৫১৯।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**উত্তরবঙ্গের জেলাগুলিতে অর্থনৈতিক উন্নয়নের পরিকল্পনা**

**১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৬।) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> উত্তরবঙ্গের বিভিন্ন জেলাগুলির অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

**ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রাজ্যের অন্যান্য জেলার মতো উত্তরবঙ্গের প্রতিটি জেলাতেই পরিকল্পনা রচনা ও রূপায়ণের জন্য জেলা পরিকল্পনা কমিটি (DPC) ও জেলা পরিকল্পনা এবং সমন্বয় পরিষদ (DPCC) আছে। এই দুটির মধ্যে জেলা পরিকল্পনা কমিটিই কার্যকর সংগঠন। উক্ত কমিটি সরকারের বিভিন্ন দপ্তরের নিকট থেকে সংশ্লিষ্ট জেলার জন্য জেলাস্তরের প্রকল্প রূপায়ণের বরাদ্দকৃত অর্থের পরিমাণ সম্পর্কে অগ্রিম খবরের ভিত্তিতে পরিকল্পনা রচনা করেন। কৃষি ও তৎসংলগ্ন ক্ষেত্র, গ্রামোন্নয়ন, সেচ ও বন্যা নিয়ন্ত্রণ, শক্তি ক্ষুদ্র ও কুটিরশিল্প, ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যতীত অন্যান্য শিল্প, শিক্ষা, জনস্বাস্থ্য ও পানীয় জল ও অন্যান্য সমাজসেবামূলক ক্ষেত্রে উন্নয়নের জন্য পরিকল্পনা রচনা ও রূপায়ণ করে। এছাড়া উত্তরবঙ্গের পাঁচটি জেলার জন্য উত্তরবঙ্গ উন্নয়ন নামক একটি বিশেষ প্রকল্প দীর্ঘদিন ধরে রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের অর্থ জেলা পরিষদের মাধ্যমে নানা ধরনের পরিকাঠামো নির্মাণে ব্যয় হয়। দ্বিতীয়ত, দার্জিলিং জেলার পার্বত্য এলাকার উন্নতির জন্য দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ কাজ করছেন এবং প্রতি বৎসর রাজ্য বাজেট থেকে যথেষ্ট পরিমাণ অর্থ উক্ত পরিষদকে প্রদান করা হয়। প্রকৃতপক্ষে উত্তরবঙ্গের জেলাসমূহে মাথাপিছু পরিকল্পনা বরাদ্দ অন্যান্য জেলার মাথাপছু পরিকল্পনা বরাদ্দ অপেক্ষা বেশি। নিম্নের সারণি এই বক্তব্যের যৌক্তিকতা প্রমাণ করবে।

**সারণি**

**জেলাস্তরের প্রকল্প রূপায়ণে জেলাগুলিতে বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে নির্মিত মাথাপছু পরিকল্পনা বরাদ্দ**

টাকা

| জেলা | বৎসর | | | |
|---|---|---|---|---|
| | ১৯৮৭-৮৮ | ১৯৮৮-৮৯ | ১৯৮৯-৯০ | ১৯৯০-৯১ |
| ১। কোচবিহার | ৮৯.৬০ | ১০৮.০২ | ১১২.২০ | ১৩৭.৮৮ |
| ২। জলপাইগুড়ি | ৯৩.০৪ | ১১১.৮২ | ১২৩.৩২ | ২১৫.৮৯ |
| ৩। দার্জিলিং | ১৭২.২৪ | ১৪০.৪৩ | ২০৩.৪৯ | ৩০৩.৬৮ |
| ৪। পশ্চিম দিনাজপুর | ১০০.৯৯ | ১৫৫.৫৭ | ১৫৫.৭০ | ১৮২.২৭ |

টাকা

| জেলা | বৎসর | | | |
|---|---|---|---|---|
| | ১৯৮৭-৮৮ | ১৯৮৮-৮৯ | ১৯৮৯-৯০ | ১৯৯০-৯১ |
| ৫। মালদা | ৭৭.৪৩ | ৮৩.৩১ | ৯৫.৪৬ | ১২০.৯৯ |
| ৬। মুর্শিদাবাদ | ৫৮.৯৬ | ৬৪.৭১ | ৭৭.৪০ | ৯৩.৬৬ |
| ৭। নদীয়া | ৫০.০৮ | ৫৮.৮০ | ৭৯.৪৮ | ৮৯.৩৫ |
| ৮। ২৪-পরগনা (উত্তর) | ৩৫.৩৯ | ৪২.৫০ | ৭৫.০৩ | ৯৯.৯৭ |
| ৯। ২৪-পরগনা (দক্ষিণ) | ৫৮.৬২ | ৬৮.৩৭ | — | ৮৬.৫৬ |
| ১০। হাওড়া | ৩৭.২৮ | ৪৬.৬৯ | ৭৭.০৯ | ৮৫.৭৬ |
| ১১। হুগলি | ৫১.৯৫ | ৬২.১৬ | ৯৪.১৫ | ১০৩.৭৬ |
| ১২। মেদিনীপুর | ৭৪.১৯ | ৯৬.৬৯ | ১২৪.৬১ | ১৩০.০৬ |
| ১৩। বাঁকুড়া | ৭৬.১৩ | ১০২.৮৫ | ১৩৬.০৭ | ১৫৯.১৩ |
| ১৪। পুরুলিয়া | ১০৩.৫২ | ১১৭.৪১ | ১৬৪.০১ | ১৮৫.০৬ |
| ১৫। বর্ধমান | ৫৮.৫৮ | ৯০.৭২ | ১১৫.১২ | ৯৭.২৮ |
| ১৬। বীরভূম | ৭৯.০৪ | ৯৮.৩০ | ১০৬.২১ | ১২৮.২৪ |

### কলকাতায় সরকারি আবাসনের সংখ্যা

**১২৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২১০৫।) **শ্রী মনোহর তিরকি ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে কলকাতায় সরকারি আবাসনের সংখ্যা কত ;

(খ) ঐ আবাসনগুলি কি ভাবে বিলি করা হয় ; এবং

(গ) ডিসেম্বর, ১৯৯১ পর্যন্ত উক্ত সরকারি আবাসন তফসিলি জাতি ও উপজাতিদের মধ্যে বণ্টিত হয়েছে?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) চুরাশিটি হাউসিং এস্টেটে মোট ফ্ল্যাটের সংখ্যা সতেরো হাজার আটশো তেরোটি।

(খ) সাধারণত আবেদনের তারিখের ভিত্তিতে ফ্ল্যাট বণ্টন করা হয়। কোনও কোনও ক্ষেত্রে আবেদনকারির প্রয়োজনের 'গুরুত্ব' বিবেচনা করেও অগ্রাধিকার দেওয়া হয়।

(গ) পরিসংখ্যান নেই।

### হাওড়া জেলার ডুমুর জলায় উচ্চ বিদ্যালয়

**১২৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২১১২।) **শ্রী জটু লাহিড়ি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের অন্তর্গত ডুমুর জলায় উচ্চ বিদ্যালয় তৈরির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এটা স্থাপিত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সরকারের কাছে এই ব্যাপারে প্রস্তাব এসেছে। বিষয়টি বিবেচনাধীন।

(খ) বলা সম্ভব নয়।

### ভাতজাংলা অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ

**১২৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৫০।) **শ্রী শিবদাশ মুখার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(১) এটা কি সত্যি যে নদীয়া জেলার কৃষ্ণনগর ১ নং ব্লকের অধীনে ভাতজাংলা অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের ৩৩ কে.ভি. সাব-স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে,

(২) এবং সত্যি হলে, সাব-স্টেশন নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (১) সত্যি নয়।

(২) প্রশ্ন ওঠে না।

### কলকাতা কর্পোরেশন এলাকায় বিচার বিভাগীয় আধিকারিকদের বাসস্থান

**১২৮।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৬১।) **শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা কর্পোরেশন এলাকায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের বাসস্থানের জন্য কোনও ব্যবস্থা করা হয়েছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ তা সম্পূর্ণভাবে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### বিচারকদের বাসস্থান

**১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৬২।) **শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গে (কলকাতা কর্পোরেশন এলাকা বাদে) সকল বিচারকদের জন্য (দেওয়ানি ও ফৌজদারি) প্রতি জেলায়, প্রতি মহকুমা ও চৌকিতে বাসস্থানের জন্য কি কি—(১) ব্যবস্থা আছে ; এবং (২) পরিকল্পনা আছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (১) প্রতি জেলায় ও প্রতি মহকুমায় অনেক বিচারকদের বিচার বিভাগের নিজস্ব বাসস্থানে থাকার ব্যবস্থা আছে। তাছাড়া আবাসন বিভাগের বাসস্থানেও কিছু কিছু বিচারকের থাকার ব্যবস্থা আছে।

(২) গত পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু বাসস্থান নির্মাণের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। এদের অনেক জায়গাতেই নির্মাণকার্য শুরু হয়েছে। অষ্টম পঞ্চপার্ষিকী পরিকল্পনায়ও আর্থিক সঙ্গতি অনুযায়ী কিছু বাসস্থান নির্মাণের পরিকল্পনা আছে।

**ক্যানিং থানা এলাকায় রাজ্য পশু চিকিৎসাকেন্দ্রে শূন্যপদ**

**১৩০।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৫।) **শ্রী বিমল মিস্ত্রি ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার ক্যানিং থানা এলাকায় রাজ্য পশু চিকিৎসা কেন্দ্রে অনেকগুলি পদ বর্তমানে শূন্য আছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) উক্ত শূন্যপদের সংখ্যা কত ; ও

(২) কবে নাগাদ উক্ত শূন্যপদগুলি পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) শুধুমাত্র একটি ঝাড়ুদারের পদ গত ১০. ৯. ৯০ থেকে শূন্য আছে।

(খ) (১) শুধুমাত্র এক।

(২) কর্মী নিয়োগে সীমাবদ্ধতা থাকায় নিশ্চিত করে কবে পূরণ হবে বলা সম্ভব নয়।

**ক্যানিং থানায় দ্বারিকানাথ বালিকা বিদ্যালয়ের সম্মুখস্থ রাস্তা**

**১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৭।) **শ্রী বিমল মিস্ত্রি ঃ** গত ১৪ই আগস্ট, ১৯৯১ তারিখের তারকিত প্রশ্ন নং ৩২০ (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৬)-এর উত্তর উল্লেখপূর্বক উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বৎসরে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ক্যানিং থানার অধীন দীঘির পাড় গ্রাম পঞ্চায়েত এলাকায় দ্বারিকানাথ বালিকা বিদ্যালয়ের সম্মুখস্থ রাস্তাটি পাকা করার কাজ (ড্রেন সহ) শুরু করার পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ করা হবে বলে আশা করা যায়?

**উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ক্যানিং থানার অধীন দীঘির পাড় রাস্তাটি পাকা করার পরিকল্পনা**

**১৩২।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৮০।) **শ্রী বিমল মিস্ত্রি ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন সংক্রান্ত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় ক্যানিং থানার অধীন দীঘির পাড় পঞ্চায়েত এলাকায় সুন্দরবন উন্নয়ন পর্ষদ নির্মিত "সনাতন মণ্ডলের বাড়ি থেকে হানিফ মোল্লার দোকান" পর্যন্ত মোরাম বিছানো রাস্তাটি পাকা করার পরিকল্পনা আছে কি ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন বিষয়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না, এটা সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## HALF-AN-HOUR DISCUSSION

**Mr. Speaker :** Now Shri Amiya Patra to raise a discussion on the points arising out of the reply given by the Minister-in-Charge of the Education (Primary and Secondary) Department on the 1st April, 1992 to Starred Question No. *510 (Admitted Question No. *914) regarding "pension benefits of the School Teachers".

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পয়লা এপ্রিল কোয়েশ্চেন নং ৫১০ সভাতে উত্থাপিত হবার পর মন্ত্রী মহাশয় যে উত্তর সভাতে দিয়েছেন এবং সেই সঙ্গে কয়েকজন মাননীয় সদস্য যে সাপ্লিমেন্টারি করেছিলেন, সেই প্রসঙ্গে আমি বক্তব্য উত্থাপন করতে চাই। প্রথম কথা হচ্ছে এই যে শিক্ষক মহাশয়দের যে পেনশন দেওয়া উচিত, এই কথাটা বামফ্রন্ট সরকার আসার পর প্রথম অনুভূত হয়েছে। তার আগে এই কথাটা কেউ ভাবেন নি। যারা আজকে দরদ দেখাচ্ছেন। আজকে আমরা পেনশন মাস্টার মহাশয়দের দেব, সেটা কত তাড়াতাড়ি মাস্টার মহাশয়দের হাতে পৌঁছে দেওয়া যায়, সেইজন্য মন্ত্রী মহাশয় পাঁচ ধরনের পদক্ষেপ নিয়েছেন এবং আমরা এই বিষটা নিয়ে আলোচনা করেছিলাম কারণ শিক্ষক মহাশয়দের মধ্যে যাতে বিভ্রান্তি না ঘটে। সেইজন্য এত প্রশ্ন এবং তার উত্তর হয়েছে। কারণ যে মস্ত শিক্ষক মহাশয়রা উদ্বেগ নিয়ে বসে আছেন, তারা অন্তত এই খবরটা জানতে পারেবেন যে সরকার পক্ষ থেকে কয়েকটি নির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে। সভাতে একটা কথা সেদিন উত্থাপিত হয়েছিল, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার উত্থাপন করেছিলেন, কান্তি বিশ্বাসের দ্রুততার সঙ্গে হল দশ দিনে। কিন্তু অন্যগুলোর ক্ষেত্রে সেটা হয়নি। আজকে এই প্রশ্নে হাফ অ্যান আওয়ার ডিসকাশনের মূল উদ্দেশ্য হচ্ছে যে কান্তি বিশ্বাস মহাশয়ের পেনশন ১০ দিনে হয়নি। এটা অনেক সময় লেগেছে। মন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি সভায় এই বিষয়টা পরিষ্কার করবেন। কিন্তু এই রকম একটা অসত্য বিষয়কে অবলম্বন করে সভাতে সেদিন ওয়াক আউট করা হল যাতে খবরের কাগজে হেড লাইন হয়। আমার বক্তব্য এই প্রশ্নে, এই জায়গায় আমি যেতে চাই যে আজকে খবরের কাগজে এই ধরনের একটি

অসত্য কথা বলা হল এবং সেই কথার উপর ভিত্তি করে সম্পাদকীয় লেখা হল। খবরের কাগজের একটা অংশ তারা এটা চাইছে যে মাস্টার মহাশয়দের পেনশন দেবার বিষয়টাতে সরকার পক্ষের সদস্যদের থেকে কংগ্রেস, এস. ইউ. সি.'-র দরদটা বেশি। বাস্তবে সেটা নয়। সেই কারণে আমি বিষয়টা তুলতে চাই। বামফ্রন্টের অনেক সদস্য সেদিন সাপ্লিমেন্টারি করেছিলেন। কিন্তু কয়েকটা সংবাদপত্রে দেখলাম, কে প্রশ্ন তুলেছিলেন, কোন পার্টি প্রশ্ন তুলেছিলেন, কোন কোন বামফ্রন্টের সদস্য সাপ্লিমেন্টারি করেছিলেন, এই রকম কোনও সংবাদ লেখা হয়নি। সংবাদপত্রে বলছে পেনশনের জন্য কংগ্রেসের ওয়াক আউট। সংবাদ পত্রের খবরে দেখা যাচ্ছে পেনশন তরান্বিত করার জন্য মাননীয় সদস্য এস. ইউ. সি.-র দেবপ্রসাদ সরকার বলেছেন, মাননীয় শ্রী আবদুল মান্নান বলেছেন, কিন্তু বামফ্রন্টের যারা সাপ্লিমেন্টারি করলেন, তাদের একটা কথাও কাগজে লেখা হল না। সুতরাং কাগজের একটা মোটিভ আছে। সাংবাদিকতার একটা নিয়ম আছে। নিয়মটা হচ্ছে এই একটা সংবাদ যখন খবরের কাগজে লিখতে হবে, তখন তার চেক এবং ক্রস চেক হবে। তার সত্যতা যাচাই না করে আমাদের রাজ্যের যারা প্রাপ্ত শিক্ষক তাদের বিভ্রান্ত করার কোনও অধিকার সংবাদপত্রের নেই। তারা সেই কাজটা করে গেলেন। ঐ পয়লা এপ্রিল যেদিন এই প্রশ্নোত্তর হল সেদিনেরও নিউজটাকে বিকৃত করে পরিবেশন করলেন। বিষয়টা এই ভাবে দেখানো হচ্ছে, মাস্টার মহাশয়দের পেনশন না দিয়ে যত পাপ, যত অপরাধ কংগ্রেস করেছে, মাস্টার মহাশয়দের, সেটা খবরের কাগজে তাদের পক্ষে সাফাই গেয়ে বিষয়টাকে দাঁড় করানোর চেষ্টা করছে এবং তারজন্য এই রকম অসত্য তথ্য তুলে দেওয়া হচ্ছে, যাতে এটা নিয়ে হৈচৈ হয়। আরও অবাক লাগে আমার যে এই রকম একটা অসত্য সংবাদের উপর ভিত্তি করে দু-তিনটে সংবাদপত্র তারা সম্পাদকীয় লিখে দিলেন। খবরটার সত্যতা যাঁচাই করলেন না। চেক, ক্রস চেক করলেন না। সৎ সাংবাদিকতার যে নিয়ম কানুন, সেই নিয়ম কানুন তারা মানলেন না। আমি খোঁজ নিয়ে দেখেছি, কান্তি বিশ্বাসের থেকে অনেক কম সময়ের মধ্যে পেনশন পেয়েছে এই রকম বহু মাস্টার মহাশয় আছেন, এক মাসের পেনশন, দু মাসে পেনশন, তিন মাসে পেনশন পেয়েছে এমন অনেক ঘটনা আছে। চার মাসের মধ্যে পেনশন হয়েছে শতকরা ২৫ ভাগ কেসে। কান্তি বিশ্বাসের পেনশন চার মাসেও হয়নি। সুতরাং এই বিষয়টা আজকে সভার কাছে পরিষ্কার হওয়া উচিত, যারা এই ধরনের একটা অসত্য তথ্য বিকৃত তথ্য পরিবেশন করে পশ্চিম বাংলার জনসাধারণকে বিশষত যারা পেনশনের জন্য অপেক্ষা করছেন এমন মাস্টার মহাশয়দের তাদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন, আজকের আলোচনার মধ্যে দিয়ে তা পরিষ্কার হবে, আমি সেটা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, দাবি করব যে প্রকৃত ঘটনা সভার কাছে প্রকাশ করুন।

[11-50 — 12-00 Noon]

সেদিন এই সভায় মাননীয় মন্ত্রী আনিসূর রহমান বলেছেন, "অনেক মাস্টার মশাই শ্রী কান্তি বিশ্বাসের চেয়ে অনেক কম সময়ের মধ্যেই পেনশন পেয়েছেন"। অথচ সংবাদপত্রে মাননীয় মন্ত্রীর এ কথা লেখা হয়নি। সংবাদপত্রে লেখা হয়েছে আমাদের বিরোধী বেঞ্চের কে কি বলেছেন, না বলেছেন। এর থেকে এটা পরিষ্কার যে, এক শ্রেণীর সংবাদপত্রের একটা মোটিভ আছে। সে মোটিভ থেকে তারা শিক্ষকদের বিভ্রান্ত করার জন্য, মানুষকে বিভ্রান্ত করার

জন্য সরকারকে অপদস্ত করার জন্য কাজ করে যাচ্ছে। সুতরাং বিষয়টা আজকে এই সভায় অন্তত পরিষ্কার হওয়া উচিত। সে কারণেই আমি এ বিষয়ে এই সভায় আধ-ঘণ্টাব্যাপী আলোচনা চেয়েছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে জানাচ্ছি, তিনি বিষয়টির গুরুত্ব অনুধাবন করে বিষয়টি সভায় উত্থাপন করার অনুমতি দিয়েছেন।

আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। আমরা প্রতি দিন সংবাদপত্রে যে সংবাদ পাঠ করি তা আমরা পয়সা দিয়ে কিনি। সংবাদপত্র আমাদের পয়সা দিয়ে কিনতে হয় এবং নিশ্চয়ই তা অসত্য কথা জানার জন্য নয়, বিকৃত তথ্য জানার জন্য নয়। প্রকৃত সংবাদ, প্রকৃত তথ্য আমাদের জানার অধিকার আছে এবং তাদেরও তা জানানো কর্তব্য। সাংবাদিকদেরও সংবাদ পরিবেশনের অধিকার আছে। কিন্তু সে অধিকার এই নয় যে, সমস্ত রকম ন্যায় নীতি বিসর্জন দিয়ে গোটা পশ্চিমবাংলার মানুষদের বিভ্রান্ত করবেন। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে বলছি যে, ভবিষ্যতেও বিকৃত সংবাদ পরিবেশন করে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা হবে এবং সে ক্ষেত্রে ভবিষ্যতে আমরা যাতে তাদের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব এখানে উত্থাপন করতে পারি সে পথটুকু অন্তত খোলা থাক।

এই কথা বলে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে শিক্ষকদের পেনশনের বিষয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে সমস্ত কিছু পরিষ্কার করে রাখার উদ্দেশ্যে বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী অমিয় পাত্রের উত্থাপিত প্রসঙ্গে আমি আমার বক্তব্য রাখছি।

গত ১লা এপ্রিল মাননীয় সদস্য শ্রী অমিয় পাত্র যে প্রশ্ন এখানে রেখেছিলেন আমার সহ-কর্মী শ্রী আনিসুর রহমান তার উত্তর দিয়েছিলেন। সে প্রসঙ্গে যখন অতিরিক্ত প্রশ্ন তোলা হয় তখন আমাদের প্রাক্তন শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস সম্পর্কে কয়েকটি প্রশ্নে কিছু ভুল তথ্য উল্লেখ করা হয়েছিল। তারই পরিপ্রেক্ষিতে ব্যাখ্যা চেয়ে আজকে মাননীয় সদস্য অমিয়বাবু যে নোটিশ দিয়েছিলেন তা আপনি গ্রহণ করে আলোচনার সুযোগ করে দিয়েছেন। তার জন্য আপনাকে আমি সরকারের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি মনে করি প্রকৃত তথ্য বিধানসভায় অন্তত রেকর্ড হওয়া উচিত। বাইরে নিশ্চয়ই অনেকের অনেক রকম মোটিভ থাকতে পারে। সংবাদপত্রগুলিরও বিভিন্ন রকম মোটিভ থাকতে পারে। কারণ সংবাদপত্রের দৃষ্টিভঙ্গি অনুযায়ী সংবাদ পরিবেশিত হয় এবং সংবাদপত্রগুলি চলে। সে উদ্দেশ্যেই অনেক সময় তারা সরকারের বিরুদ্ধাচারণ করে প্রকৃত সত্য না বলে, তথ্য গোপন করে। আপনি প্রকৃত তথ্য বিধানসভায় রেকর্ড ভুক্ত করার সুযোগ করে দিয়েছেন যাতে অন্তত পশ্চিম বাংলার মানুষ ভবিষ্যতে সংবাদপত্রের উদ্দেশ্যমূলক বক্তব্যে বিভ্রান্ত হতে না পারে। ভবিষ্যতে গবেষকরা রেকর্ডে দেখবেন যে, সত্যের কাছাকাছি কারা ছিল। সেজন্য আপনি বিষয়টি আজকে এখানে উত্থাপন করার সুযোগ করে দিয়েছেন। তারজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

আমাদের প্রাক্তন মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস কাগজপত্র জমা দেবার ১০ দিনের মধ্যে যদি পেনশন পেতেন এবং অন্যান্য শিক্ষকরাও যদি পেতেন তাহলে শিক্ষা দপ্তরের

ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি সব চেয়ে বেশি খুশি এবং আনন্দিত হতাম। আমি খুশি হতাম এই কারণে যে, আমার দপ্তর অল্প সময়ের মধ্যে এই কাজ করতে পেরেছে। অল্প সময়ের মধ্যে অবসর প্রাপ্ত শিক্ষকদের পেনশন দেবার জন্য অবশ্যই আমরা চেষ্টা করছি। আমাদের আগে এ রাজ্যে যারা সরকার চালাতেন, এখন যারা আমাদের বিরোধী পক্ষে বসে আছেন তারা এ কাজ একদমই করেননি। দুঃখজনক হলেও প্রকৃত তথ্যটা রেকর্ড করতে হবে।

এই সভার প্রাক্তন সদস্য এবং প্রাক্তন শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস অতীতে এই সভায় আমার পাশেই বসতেন। তিনি একজন কৃতি ছাত্র ছিলেন। বর্তমান বাংলাদেশ, তদানিন্তন পাকিস্তান থেকে বিতাড়িত হয়ে তিনি এখানে এসেছিলেন। এখানে আসার আগে পর্যন্ত তিনি পাকিস্তানে কলেজে পড়াতেন।

তিনি সেখান থেকে বিতাড়িত হয়ে এখানে এসেছিলেন, একটি গ্রামের স্কুলে প্রধান শিক্ষকের কাজ করতেন। তারপরে এখানে এসে তিনি মন্ত্রিত্বের দায়িত্ব যোগ্যতার সঙ্গে পালন করেন, আমরা অনেকদিন পাশাপাশি বসেছি। তারপর তিনি এবারের নির্বাচনে আসতে পারেননি গণতন্ত্রের নিয়মে, তিনি অবসর নিয়েছেন, আর শিক্ষকতার কাজে ফিরে যান নি। তার জন্ম ৮ই জুলাই ১৯৩৪ সালে, আগামী ১৯৯৬ সাল পর্যন্ত তিনি থাকতে পারতেন, ৬০ বছরে অবসর গ্রহণ করলেও তিনি আরও ৫ বছর থাকতেন, এখন প্রধান শিক্ষকদের ৭ হাজার টাকা মাইনে, বিরোধীপক্ষেরা যখন সরকারে ছিলেন তখন তারা প্রধান শিক্ষকদের ১০০ টাকা মাইনে দিতেন কিনা সন্দেহ, আমাদের সময়ে আমরা ৭ হাজার টাকা প্রধান শিক্ষকদের দিয়ে থাকি, তিনি তা থেকে অব্যাহতি নিয়েছেন, ভলান্টারি রিটায়ারমেন্ট নিয়েছেন, ৫ বছর থাকতে চাননি, শিক্ষকতা থেকে অবসর গ্রহণ করেছেন স্বেচ্ছামূলক ভাবে। মাসে ৭ হাজার টাকা মাইনে পাচ্ছিলেন, আরও ৫ বছর পেতে পারতেন প্রধান শিক্ষক হিসাবে। ১৪ বছর মন্ত্রী ছিলেন তার প্রভাব যাতে না পড়ে সেই কারণেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেছেন। কিছু লোক তাঁর বিরুদ্ধে মানুষের কাছে তাঁকে হেয় প্রতিপন্ন করার জন্য প্রচেষ্টা নিয়েছেন। তিনি যেদিন পদত্যাগ পত্র দিয়েছেন অবসর গ্রহণের জন্য সেই তারিখ হল ২৫শে জুন। তার স্কুলের নাম হচ্ছে "রাজারমাঠ উচ্চ বিদ্যালয়"—ঐ তারিখে তিনি পেনশনের জন্য দরখাস্ত দেন, পেনশন মঞ্জুর হয়েছে ৩০শে জানুয়ারি ১৯৯২ সালে। তার পেনশন জমা দেওয়া এবং পাওয়ার মধ্যে ৭ মাসের ব্যবধান। আমরা যদি দিতে পারতাম, যেটা ১০ দিন বলছেন—অর্থদপ্তরের ওটা মঞ্জুর করতে ৪১ দিন সময় লাগে, আমি তারিখগুলি উল্লেখ করতে চাই। ২৫শে জুন জমা দেওয়া হয়। ২৫শে জুন জমা দেওয়ার পর স্কুল থেকে ডি. আই. অফিসে আসতে ২ মাস সময় লাগে, ডি. আই. অফিস থেকে অর্থ দপ্তরে আসতে সময় লাগে ৪ মাস, এবং অর্থদপ্তরে যেটা জমা পড়েছে সেটা হচ্ছে ২১শে জানুয়ারি, অর্থদপ্তরের পেনশন ইনভেস্টটিগেশন সেল সেখানে জমা পড়ে, তারপর যেখান থেকে পি. ডি. ও. ইস্যু হয়, পেনশন ইনভেস্টিগেশন করা হয়, সেখানে সময় লাগে ৪০ দিন। সেই সময়ের আমার কাছে যা কাগজ আছে তাতে দেখছি সেটা ইস্যু করতে ১১ দিন সময় লাগে। কাজেই ব্যাপারটা সত্য নয়, অসত্য প্রচার করা হচ্ছে তাঁর নামে। তাঁর বিরুদ্ধে এই অপপ্রচার করে শিক্ষকদের মধ্যে একটা উত্তেজনার সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। তাঁর পি. পি. ও. ইস্যু করা হয়েছে ঠিকই, আমি খোঁজ নিয়ে জেনেছি এখন তিনি প্রতি মাসে পেনশনের টাকা

পাচ্ছেন না, এটা তার এবং আমাদেরও পক্ষে খুবই দুঃখের বিষয়। ৩১শে জানুয়ারি ১৯৯২ যে পত্রটা পেয়েছেন তার টাকাটা এখনও রিসিভ করতে পারছেন না। এখানে সেরকম ঘটনা হয়নি যে তিনি পেয়ে গেছেন আর অন্যেরা পাচ্ছেন না। আমি এই কথা বলি, যে কথা মাননীয় সদস্য শ্রী অমিয় পাত্র মহাশয় বললেন, আমি রেজিস্টার খুলে দেখাতে পারি একটা রিপোর্ট, অন্যেরা যারা চেষ্টা করছেন, ঠিকই এই রকমভাবে জানুয়ারি, ফেব্রুয়ারি, মাসে যেগুলি পেনশন সেলে এসেছে সেগুলির জন্যও কত দ্রুত চেষ্টা করা হয়েছে। একজন সেকেন্ডারি টিচার নাম জে. সরকার, তার কেস ১৮. ১. ৯২ তারিখে পেনশন সেলে এসেছিল ৬ ফেব্রুয়ারি তার পি. পি. ও. ইস্যু পেয়ে গেছেন। আর একজন ভি. পাল, সেকেন্ডারি টিচার মেদিনীপুরের, ১৮ই ফেব্রুয়ারি চিঠি দিয়েছেন, ২৮শে ফেব্রুয়ারির মধ্যে তার পি. পি. ও. পেয়ে গেছেন। আমার কাছে এই রকম ১৭টি তালিকা আছে, আমরা চেষ্টা করছি যে কত দ্রুত করা যায় এবং আপনাকে দেখাতে পারি পেনশন দপ্তর আমাদের কাছে মার্চ মাসের প্রাইমারি এবং সেকেন্ডারির কে কে পেনশন পেলেন অর্থ দপ্তর আমাদের শিক্ষা দপ্তরের কাছে পাঠিয়ে দিচ্ছে। কোন জেলায় কে কে পেনশন পেলেন, কত টাকা পেলেন এই তথ্য দিয়ে দিচ্ছে। প্রাথমিক শিক্ষকদের বিভ্রান্তি কাটিয়ে যারা পেনশন নিতে চান তাদের পেনশন এবং গ্র্যাচুইটি ইত্যাদির ব্যবস্থা করার জন্য শিক্ষা দপ্তর, অর্থ দপ্তর এবং পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছেন।

[12-00 — 12-10 P.M.]

আমার কাছে কয়েকটি পত্রিকা আছে। দুঃখের বিষয় হচ্ছে, নিউজ প্রিন্ট—এই দুর্মূল্যের বাজারে যা বিদেশ থেকে আমদানি করতে হচ্ছে এবং তারজন্য যেখানে দেশের সোনা বিক্রি হয়ে যাচ্ছে, সেই নিউজ প্রিন্টে কান্তি বিশ্বাসের বিরুদ্ধে একের পর এক লেখা হচ্ছে ; যেন দেশে আর কোনও সমস্যা নেই। ভারতবর্ষের সমস্ত কিছু যখন বিক্রি হয়ে যাচ্ছে, দেশে ১২ কোটি যখন বেকার, সেসব সমস্যা সম্বন্ধে কোনও লেখা নেই! সেখানে একজন প্রাক্তন মন্ত্রীকে নিয়ে এত কেন লেখা হচ্ছে? এই জিনিস আপনারা করছেন। উদ্দেশ্যটা কি? ....(গোলমাল)...ভারতবর্ষে যেন আর কোনও সমস্যা নেই, তাই ওকে নিয়ে উত্তেজিত হচ্ছেন! ওদের রাগ হবার কারণ আছে স্যার। .....**(গোলমাল)**.... আমি বলতে চাই, ১৯৮১ সালের আগে কতজন শিক্ষককে কত টাকা পেনশন দিতেন? ১৯৮১সালে আগে একজন বি. এ. পাশ শিক্ষক ৩৩ বছর চাকরি করবার পর ৮৪ টাকা পেনশন পেতেন। এখন, আমাদের আমলে, একজন শিক্ষক তিনি সর্বনিম্ন ৩৭৫ টাকা এবং সর্বোচ্চ ২,২৫০ টাকা পেনশন পান। এখানে কলেজ শিক্ষক আছেন মাননীয় সৌগত রায়—তিনি যখন রিটায়ার করবেন তখন ২,৫০০ থেকে ৩,০০০ টাকা পেনশন পাবেন। এটা আপনারা দেননি কখনও, কাজেই রাগ হওয়া স্বাভাবিক। এখানে সরকার পক্ষে এবং বিরোধীপক্ষে অনেক মাধ্যমিক শিক্ষক রয়েছেন। তারা সর্বনিম্ন ২,২৫০ টাকা পেনশন পাবেন এবং তারসঙ্গে পাবেন গ্র্যাচুইটি এবং ফ্যামিলি পেনশন। স্যার, ওরা অপরাধ করে গেলেন, আজকে ওরা ক্ষমতায় না থাকতে পারেন, কিন্তু আমরা দায়িত্ব পালন করে ওদের ফ্যামিলিকে আমরা পেনশন দেবার ব্যবস্থা করেছি, যা ওরা করেননি। এরসঙ্গে পেনশনের এক-তৃতীয়াংশ কমিউট করে ক্যাশে টাকা নিতে পারবেন এবং সেই টাকা নাতি-নাতনীর জন্য রেখে দিতে পারবেন। আপনারা শিক্ষকদের উত্তেজিত করবার চেষ্টা করছেন, কিন্তু পারবেন না। তবে আমরা দুঃখিত, এটা দেবার ব্যাপারটা আরও তাড়াতাড়ি

করা আমাদের উচিত ছিল। আমরা সব শিক্ষকদের একটা জায়গায় নিয়ে আসার চেষ্টা করছি। আমাদের কাছে এপর্যন্ত ১৮,১১৮টি দরখাস্ত এসেছে এবং তারমধ্যে শতকরা ৮৪ জন শিক্ষককে আমরা পেনশন দিয়ে দিয়েছি। আমাদের কাছে দরখাস্ত জমা পড়ার সঙ্গে সঙ্গে চেষ্টা করছি এসব সুযোগ-সুবিধা তাদের কাছে পৌঁছে দেবার জন্য। কাজেই এসব অসত্য কথা বলে শিক্ষকদের যতই বিভ্রান্ত করবার চেষ্টা করুন, সেটা হবে না।

মিঃ স্পিকার স্যার, আপনি প্রকৃত ঘটনাকে বিচার-বিবেচনা করে রেকর্ড করবার জন্য যে সুযোগ দিয়েছেন তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। আশা করি, ওদের চেতনা সৃষ্টি হবে এবং শিক্ষক যারা রয়েছেন তারা এমন আচরণ করবেন না যাতে ছাত্ররা ভুল ধারণা করেন। এই বলে রেকর্ড করবার অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of out-break of gastroenteritis in Midnapur and Birbhum.

The Minister-in-Charge of Health and Family Welfare Department has consented to make a statement to-day in response to a Calling Attention tabled by Shri Manik Bhowmik on the subject of alleged out-break of Cholera and Gastroenteritis at Srikantha Village under Maina block of Midnapore district.

I do not, therefore, accept the Motion. However, Shri Saugata Roy may read the text of the Motion, as amended.

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance, namely—

Out-break of Gastroenteritis in Midnapore and Birbhum districts in which 20 people have already died resulting out of failure of the Public Health System.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :—

1. Reported out-break of gastro-enteritis in Midnapore and Birbhum : Shri Saugata Roy
2. Pollution of drinking water at Sainthaia in Birbhum district resulting in death of eight persons in gastroenterities : Shri Shish Mohammad

| | | |
|---|---|---|
| 3. Alleged death of some persons at Mohanpur and Moina in Midnapore district caused by polluted drinking water | : | Shri Birendra Kumar Maitra, and Shri Lakshman Seth |
| 4. Detection of arsenic in tubewell water at Asokenagar Hospital in North 24-Parganas | : | Shri Lakshman Seth |
| 5. Draught like condition in the State resulting in acute crisis of drinking water | : | Shri Nirmal Das |
| 6. Necessary acquisition of land for excavation of Saraswati Khal and construction of a sluice-gate in Nadia | : | Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Shri Lakshman Seth on the subject of 'Detection of arsenic in tubewell water at Asoknagar Hospital in North 24-Parganas'.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probadh Chandra Sinha :** Sir, the statement will be made on 18th May, 1992.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of continuance of strik at North Brook Jute Mill, Hooghly.

(Attention called by Shri Abdul Mannan on the 24th March, 1992)

**Shri Santi Ranjan Ghatak :** Mr. Speaker, Sir, in response to the Call Attention notice of the Hon'ble Member, Shri Abdul Mannan, I seek your permission to make the following Statement.

About 2 lakh workmen engaged in the Jute Industry in West Bengal, excepting those in 7 mills, went on continous strike with effect from 28th Janauary, 1992 over refusal of the management to discuss their Charters of Demands without preconditions. The strike was called off on the 18th March, 1992 following any industry-wide settlement reached on 17th March, 1992.

The North Brook Jute Company Ltd., Champdany, pleaded their inability to sign the industry-wide settlement on the ground that they

were unable to make good the existing wage difference of Rs. 251.25P though they were agreeable to pay wage-hike as per terms of the previous settlement.

On 17th March, 1992, the management of North Brooke Jute Company Ltd. did not sign the industry-wide settlement on the above plea. On 20th March, 1992, both the management and the unions met the Conciliation Officer in a meeting when the management signed industry-wide settlement as finalizaed on 17th March, 1992.

Strangely enough, the management backed out on the following day taking the plea that they were made to sign the agreement under duress. This is absolutely false and malicious.

Again, a joint meeting was called on 25. 3. 92 but the management failed to turn up.

However, it is learnt that the mangement and the local unions have reached a bipartite settlement. Details of the terms of settlement are not known.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Labour Dept., will make a statement on the subject of strike of 7,000 workers of BATA Ltd.

(Attention called by Shri Dipak Mukherjee on the 25th March, 1992).

[12-10 — 12-20 P.M.]

**Shri Santi Ranjan Ghatak :**

Mr. Speaker Sir,

In response to the Call-Attention Notice of the Hon'ble Member, Shri Dipak Kumar Mukherjee I seek your permission to make the following statement.

2. The workmen of Bata India Limited went on a continuous strike with effect from 3rd January, 1992 for realisation of their Charter of Demands which included among others wage-rise, the minimum guarantee in case of each accord rated workman on daily basis. The management also placed before the Bata Mazdoor Union certain points which included introduction of S. P. M. (Standard Production Minute) for rubber sewing, assembly conveyors and leather assembly conveyors sections, ceiling on dearness allowance, amendment to the standing orders and rules etc.

3. A series of bipartite and tripatite meetings have been held since before the strike and during the strike period. I have kept the Chief Minister apprised of the developments all along and the Chief Minister is also kindly looking into the matter, Unfortunately, no settlement has yet been arrived at. Efforts are still being made to arrive at a settlement as quickly as possible.

4. Total number of workmen involved in the strike is about 7,000.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** I now call upon the Minister-in-Charge of Health & Family Welfare Dept. to make a statement on the subject of alleged outbreak of cholera and gastroenteritis at Srikantha village under Moina Block of Midnapore district.

(Attention called by Shri Manik Bhowmik on the 3rd April, 1992)

....(noise)....

...(Shri Subrata Mukherjee rose to speak)...

...(noise)...

**শ্রী প্রশান্তকুমার শূর :** গত ২০/৩/৯২ তারিখ থেকে ২৩/৩/৯২ পর্যন্ত মেদিনীপুরের ময়না ব্লকের অধীন শ্রীকণ্ঠা গ্রামে (মধ্য) মোট ১২ জন পেটের অসুখে আক্রান্ত হয়। তার মধ্যে ৯ জন রোগী ময়না ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি হয়েছিল। শ্রী দীপক খামরুই নামে ৩ বৎসরের একটি শিশুকে ক্রিমিজনিত পেটের অসুখের দরুন তমলুক মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয় এবং গত ২১/৩/৯২ তারিখে সে মারা যায়। বাকি ৮ জন স্বাস্থ্যকেন্দ্র থেকে সুস্থ হওয়ার পর বাড়ি ফিরে যান।

শ্রীকণ্ঠা গ্রামে (মধ্য) আন্ত্রিক রোগের মোকাবিলায় হ্যালোজেন ট্যাবলেট ২০০, এবং অন্যান্য পেটের অসুখের জন্য ৫০০ ট্যাবলেট গ্রামবাসীদের মধ্যে বিতরণ করা হয়। স্বাস্থ্যশিক্ষা ও পানীয় জল বিশোধনের কাজ চলছে। গত ২৩/৩/৯২ তারিখের পর আর কোনও নতুন আক্রমণের খবর নেই। ভবিষ্যতের জন্য ও. আর. এস. ইত্যাদি পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-Charge of Tourism Dept., will now make a statement on the subject of request to set up a 'Bird Sanctuary' at Omorepure in Murshidabad district.

(Attention called by Shri Kamalendu Sanyal on the 7th April '92)

**শ্রী সুভাষ চক্রবর্তী :** জেলাশাসককে এ বিষয়ে অবিলম্বে, অনুসন্ধান করে প্রয়োজনানুযায়ী ব্যবস্থায় উদ্যোগী হতে নির্দেশ দেওয়া হচ্ছে। এখানে পাখিরালয় গড়ে তোলার প্রস্তাব সম্পর্কে বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করাই বিধেয়। আর্থিক সঙ্গতির অভাব

ইত্যাদি কারণে এখানে পর্যটন কেন্দ্র নির্মাণের প্রস্তাব গ্রহণ করা যাচ্ছে না। পর্যটকরা বহরমপুর টুরিস্ট লজ থেকে উল্লিখিত জায়গাটিতে ঘুরে আসতে পারেন।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** বহরমপুর থেকে ফারাক্কার দিকে ৩৫ কি.মি. দূরে ৩৪ নং জাতীয় সড়কের নিকট বংশীবাটী বিল নামে একটি বিস্তীর্ণ জলাভূমি আছে। আগে এই স্থানে চাষাবাদ করা হইত। ফারাক্কা বাঁধ এবং সেচ নালাগুলি তৈয়ারি হইবার পর এই জলাভূমির আয়তন বৃদ্ধি পাইয়াছে এবং বর্ষাকালে ইহার আয়তন ৩০ হইতে ৩৫ কিমি. বাড়িয়া যায়। বর্তমানে এই জলাভূমির বেশির ভাগ অংশ স্থানীয় জনসাধারণ মৎস্য চাষের জন্য ব্যবহার করিয়া থাকেন এবং তাহাদের দাবি এই জলাভূমির জল নিষ্কাশণের ব্যবস্থা করিয়া নিমজ্জিত জমি চাযোপযোগী করা হোক। দক্ষিণবঙ্গের বহু জলাভূমির মতো এই জলাশয়গুলিতে শীতকালে বিভিন্ন ধরনের পাখিরা আসে। কিছু স্থানীয় জনসাধারণ এই পাখি হত্যা বন্ধ করার জন্য নিজেদের মধ্যে একটি দল গঠন করিয়াছেন। তাহাদের দাবি এই জীববৈচিত্র্যময় জলাশয়কে রক্ষা করিয়া এই সকল পক্ষির সুরক্ষার ব্যবস্থা করিতে হইবে। প্রকৃতির সংরক্ষণের জন্য স্থানীয় জনসাধারণের এই উদ্যোগ অবশ্যই প্রশংসনীয় তবে পাখিরালয় ঘোষণা করিতে হইলে উপরোক্ত জমির মালিকানা সরকারে ন্যস্ত করিতে হইবে অন্যথায় জমি অধিগ্রহণ করিতে হইবে এবং ইহার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। এই জলাশয়ের মালিকানা, আগন্তুক পাখিদের বিশদ বিবরণ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট কর্মীদের নির্দেশ দেওয়া হইয়াছে। সরকারের আর্থিক সংকটও এই প্রসঙ্গে প্রাণিধানযোগ্য। প্রতিটি প্রকৃতিপ্রেমী নাগরিক, প্রতিষ্ঠান ও সংস্থার প্রতি আমার আবেদন তাহারা যেন স্বতঃস্ফূর্তভাবে জীব বৈচিত্র্যময় প্রকৃতির সংরক্ষণের কাজে উদ্যোগী হন। বলপ্রয়োগ নয় জাগ্রত চেতনার মাধ্যমেই প্রাণীজগতকে বিষমুক্ত করা সম্ভব।

**Mr. Speaker :** All the statement will be circulated.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Thirty-eighth Report of the Committee on Estimates, 1991-92 on the Department of Fisheries

**Shri Lakshmikanta De :** With your permission Sir, I beg to lay the Thirty-eighth Report of the Committee on Estimates, 1991-92 on the Department of Fisheries.

### Presentation of the First Report of the Committee on Irrigation and Waterways, 1991-92

**Shri Nirmal Das :** Sir, with your permission I beg to lay the First Report of the Subject Committee on Irrigation and Waterways, 1991-92 on a general appraisal of the progress of implementation of various Major and Minor Irrigation works in some parts of West Bengal.

## STATEMENT UNDER RULE—346

**Mr. Speaker :** The Minister-in-Charge of the P. H. E. Department will make a statement under Rule 346 on the subject of alleged scarcity of drinking water in various parts of West Bengal.

[12-20 — 1-30 P.M.] (including adjournment)

**Shri Khagendra Nath Sinha :** Mr. Speaker, Sir, Dr. Zainal Abedin and Dr. Manas Bhunia, Hon'ble Members of the Assembly have drawn attention of the House on the alleged scracity of drinking water in various parts of West Bengal and demanded a statement indicating the action proposed to be taken by the Govt. to combat the situation.

Sir, for the information of the House, it may be mentioned here that during the past few years the State is experiencing such situation during the dry months of April to mid-June. The situation calls for short-term and long term actions but it is not alarming.

2) Chairman of some Municipalities have also drawn our attention in this regard and the issue has been focussed through media. Normally, the Urban areas outside C.M.D.A. like Midnapore, Bankura, Jhargram, Malda, Krishnagore and Kharagpur experience scarcity of water supply during this period of year.

3) Hon'ble Members are generally aware how the water is tapped. However, for the better understanding of the problem, I like to mention some of the points :

a) Underground water sources are generally tapped by means of hand-bored tubewells in almost all the districts having alluvial formation excepting those areas having hard rock (Purulia and Bankura), laterite (Burdwan, Birbhum and Midnapore), boulder (Darjeeling Plains, Coach Behar and Jalpaiguri) formation underneath where Rig Bored tubewells are constructed as means of spot supply of drinking water in rural areas. Deep tubewells are constructed both in rural and Urban areas for piped water supply schemes and these tubewells are fitted with power pumps.

b) Surface sources are tapped by means of Dams and Barrages (e.g. RCFA Part-I having its source at Maithon Dam). Sub-surface sources are tapped by means of river bed tubewells, collector wells etc. In hill areas simple intake structures are constructed to arrest the Jhoras.

c) In case of Sub-surface / surface and Jhoras in hill areas, the crisis precipitates due to no-run off in absence of rain over a prolonged period. Particular mention is to be made about lowering of water level in Maithon Dam in 1989 when the RCFA Part-I water supply scheme was on the point of collapse and negotiations were made with DVC and Bihar Govt. for release

of water from the upstream Dams to raise the water level at Maithon Dam.

d) Due to absence of rainfall in the winter months, yield of all the above types of sources gets reduced causing scarcity of drinking water in both rural and urban areas almost every year during the summer months – the extent of the crisis depending on the length of the period of no-rainfall. In case of underground sources, the crisis is due to lowering of ground water table. Ordinary hand pumps cannot draw water when the ground water table goes below 7 to 8 metres. Besides, due to insufficient recharge of the aquifers, yield of power pump fitted Deep tubewells also gets depleted. The crisis with respact to underground sources is more predominent as about 33% of the present drinking water consumption is obtained from such sources along with concurrent use of underground water for agricultural and other purposes.

**Short-term action :**

1) A Control Room has been set up in the PHE Directorate which is being manned by Engineer Officers. They are in contact with the districts / Zilla Parishads / Municipalities for taking assessment of the situation. They will also compile information on (i) Lowering of Ground Water Table in different Blocks (ii) Repairing and Rejuvenation of defunct tubewells (Hand-board and Rig Board), (iii) Depletion of yield of the Deep Tubewells (Urban and Rural) for assessing the necessity of new Tubewells.

2) A Programme for repairing the hand-pumps all over the State has been contemplated. This will be done in close co-operation of the Zilla Parishads. It may be mentioned here that fund for the purpose of sinking new water resource, rejuvenation and repairs have been placed to the Zilla Parishads. It is expected that they will take some corrective actions.

   The Zilla Parishads have been asked for gradual conversion of the ordinary Hand Pump to deep-tubewells with at least 60 ft. of housing pipe. it may be mentioned that in this State, the spot sources are constructed and maintained by the Zilla Parishads. During February, 1992, an amount of Rs. 540 lakhs has been allotted to the Zilla Parishad for this purpose.

3) Directive have been given to the field level staff not to leave that respective Headquarters without permission from their

Controlling Officers during this crisis period. This will help in taking up the repair works effectively and timely.

4) Continuous monitoring of the water level of Maithon Dam is being made so that appropriate action may be taken before crisis precipitates in RCFA Part-I Water Supply Scheme.

5) In addition to these steps, to mitigate the drinking water problem in some municipal areas the Govt. have released fund for completion of interim water supply improvement schemes. In case of Midnapore Municipality, we are completing one scheme in Rangamati area at an estimated cost of Rs. 22.39 lakhs. Another scheme with an estimated cost of Rs. 39.15 lakhs has also been approved during this year. In Krishnagore Municipal area, another interim improvement scheme at an estimated cost of Rs. 19.33 lakhs was approved during 1990-91 and the last instalment of Rs. 6.45 lakhs has been released during this year. Similarly in case of Bankura Municipal area, identical improvement scheme at an estimated cost of Rs. 24.39 lakhs is in different stages of execution and the last instalment amounting to Rs. 8.13 lakhs has been released in the last financial year.

**Long-term action :**

The Department is contemplating some long-term actions so that situation does not recur in future or, in case of re-occurence, it can be contained within a reasonable limit. We may cite some of the long-term actions proposed to be taken :

1) Sinking of more river-bed tubewells for supply of water to the municipalities like Purulia, Bankura and Midnapore as yield from such sources is more dependable.

2) Installation of horizontal submersible pumps. It can be operated even if the depth of water is not much.

3) Taking up of piped water supply scheme in more areas instead of demand on hand-bore tubewells which has affected by ground water depletion.

4) Sinking of rig-bored tubewell of greater depth in areas where the ground water level has gone down.

5) Attracting the institutional finance for execution of piped water supply schemes in certain municipal areas. HUDCO has been moved for taking up schemes in Siliguri, Durgapur, Kharagpur etc.

6) Attracting assistance from abroad for implementation of piped water supply scheme with larger areas.

For information of the Hon'ble Members of the House, it may be mentioned here that a small quantity, say 2% of sub-soil water is used for drinking water purposes. However, the use of water for purposes other than drinking is more. The Government is aware of this problem and some steps have already been taken from Minor Irrigation Department for regulating drawal of water from the sub-soil.

In conclusion, it may be stated here that the crisisits nature and causes are known. We have tackled the crisis successfully in earlier years and hope with the active co-operation of the Panchayats and other Local Bodies and the expertise of the Technical Officers, we can face this problem affectively.

**Mr. Speaker** : All the statements will be circulated.

(At this Stage the House was adjourned till 1.30 P.M.)

**(After Adjournment)**

[1.30 — 1-40 P.M.]

## LEGISLATION

### The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992 be taken into consideration.

**Shri Satya Ranjan Bapuli** : Sir, before discussing this Amendment Bill I would like to draw the attention of the Hon'ble Minister-in-Charge of Finance with regard to some clarifications. Then it will be better for me to speak a some lines in regard to amendment 23. I would like to know from the Hon'ble Minister whether the consideration money will cover the stamp act or the market value will be assessed. This is my first question. Because you have mentioned in the first paragraph 23 that where the amount or value of the consideration for such conveyance as set forth therein does not exceed Rs. 1,000/- – Rupees ten for every Rs. 100 or part thereof. Sir, nowadays a deed is executed by the vendor and the vendee to avoid preemption and other litigation and to

avoid other complication. You know better that whenever a land is being sold normally the price is given higher than the actual price of transaction to avoid preemption or other litigation for civil suit.

So, I would first like to ask whether this consideration money will cover the Stamp Act or the market value will be assessed so far as the Stamp Act is concerned. This is my question. Thereafter, I will say with regard to the other points.

**Mr. Speaker :** Mr. Bapuli, in this way, this cannot be done. You first complete your speech. Then the Minister will give the replies on your points.

**Shri Satya Ranjan Bapuli :** Sir, the points which I have just mentioned could have been discussed earlier. However, I would like to support the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992. I have not to adverse opinion with regard to the Bill. But, if it is on the market value, when I must oppose this Bill. That is why I am submitting that whether the money which has been the conveyance money and which has been registered in the Register Deed ? On the basis of that market value will be assessed or the actual prices which has been paid that will be assessed ? If it is of market value, then I have serious objections as to who will assess ? Who will be the officers ? What are the norms ? What are the factors ? If it is not on the question of market value, then I must support this Amendment Bill. Because this amendment will be helpful for the purpose of other realisations of money from different persons. I know it better that land is being sold and the stamp duty is being paid by the purchasers, not by the sellers. Normally, the purchasers give much money. However, I would like to support this Amendment Bill. This could have been done much earlier. I again repeat that if it is on the question of market value and that the value will be assessed by some officers and some rules and regulations will be formulated for this purpose, then I have serious objections. With this, I support the Bill for the moment. After I got the replies. I will say something on the Third Reading.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল সংশোধনী) বিল, ১৯৯২-এর সমর্থনে বক্তব্যে মাননীয় বিরোধী সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি যে প্রশ্ন তুলেছেন তার উত্তর তো দেবই, তাছাড়া আমার দু-একটা বক্তব্য আছে। প্রথমে উত্তরটা দিয়ে দিই। এখনও যেভাবে আছে মার্কেট ভ্যালু আনা হয়নি। সুতরাং মার্কেট ভ্যালু এখনও নয়। কিন্তু আমরা কোন্‌খানে যেতে চাইছি সেটা বলছি। আমি প্রথমেই বলি যে এটা আমরা মনে করেছি সারা দেশের ক্ষেত্রে যে মজুত কালোটাকা আছে এবং প্রতি বছর যে কালোটাকা জমছে, যার একটা হিসাব সাধারণভাবে ৫০ হাজার কোটি টাকা বলা হয় সেটা

উদ্ধার করা উচিত এবং আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ বারবার করেছি যেহেতু এই কালোটাকা উদ্ধার আয় কর এবং ক্যাপিটাল গেন্স ট্যাক্সের মাধ্যমে হওয়া উচিত। যেহেতু এই দুটিই কেন্দ্রের কর তাই আমরা বারংবার ওঁদের অর্থাৎ কেন্দ্রকে এই কথা বলেছি। প্রসঙ্গান্তরে না গিয়ে বলব যে কেন্দ্রীয় বাজেটে ঘাটতি আগামি দিনে ৩০৪ কোটি টাকা। এই কালো টাকার ভগ্নাংশ উদ্ধার করতে পারলে এত লোককে ছাঁটাই করতে হত না। এটা আমরা বারংবার বলে যাব এবং সমর্থন চাইব আপানার এটা বলার জন্য। এই ব্যাপারে চিন্তা করে দেখি রাজ্যের এক্তিয়ারে কালোটাকা কোথাও ধরা যায় কিনা এবং এক্ষেত্রে বলছি যখন সম্পত্তি হস্তান্তর হয়, যিনি সম্পত্তি কিনছেন তাকে যেহেতু স্ট্যাম্প দিয়ে সম্পত্তি কিনতে হয়, তাই স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে সেই কালোটাকা একটা বিষয় হয়ে থাকে। যিনি সম্পত্তি কিছু কিনছেন তার কালো টাকা সম্পত্তির মধ্যে বিবৃত হয়ে থাকে। তাই সেখানে স্ট্যাম্প ডিউটির মাধ্যমে কালোটাকা কিছু উদ্ধার করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভা অবগত আছেন, আমরা ইতিমধ্যেই কতকগুলো পদক্ষেপ নিয়ে ফেলেছি। আমরা দেখেছি এক্ষেত্রে এক-দুই ধরনের ব্যবস্থা চলছিল। সম্পত্তি হস্তান্তরিত করা হল, কিন্তু নথিভুক্তভাবে করা হল না। এমনি একটা কিছু কাগজে লিখে করা হল। একটা ইনফরম্যাল এগ্রিমেন্ট হল, কিন্তু কনভেন্স ডিড রেজিস্টার হল না। দ্বিতীয়ত, যে দামে সম্পত্তি হস্তান্তর করা হল বলে দেখানো হয়, বাজারে যে দাম তার থেকে অনেক কম দাম দেখানো হল।

[1-40 — 1-50 P.M.]

এই দুটি পথে আমরা লক্ষ্য করছি যে স্ট্যাম্প ডিউটির মাধ্যমে কর ফাঁকি খুব বেশি চলছিল। এই সভার অনুমতি নিয়ে আমরা ইতিমধ্যেই স্ট্যাম্প আইনের সংশোধন করেছি এবং মাননীয় রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছি। দুটি বিষয়ের একটি বিষয় হচ্ছে যে, যে কোনও হস্তান্তর, যে কোনও ইনফরম্যাল হস্তান্তর আগে যা চলত সেইসবগুলি নথিভুক্ত করতে হবে, সমস্ত রেজিস্টার্ড করতে হবে এবং স্ট্যাম্প ডিউটির আওতায় আসবে। দু নং হচ্ছে, দামটা মার্কেট ভ্যালুর উপর ভিত্তি করে হবে। এই কাজ আমরা শুধু করতে চলেছি। মাননীয় সদস্য সত্য বাপুলি জিজ্ঞাসা করলেন যে এটা যখন লেখা হয়েছে তখন কি ছিল। আমরা এই কাজটা আগামীদিনে করতে চলেছি এবং আমরা আপনাদের সহযোগিতা চাইছি। তবে যে চিন্তার কথাটা মাননীয় সত্য বাপুলি মহাশয় বললেন যে দামটা কে স্থির করবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই সভাকে আমরা আশ্বস্ত করতে চাই যে, যে রকম বাজার দরটা স্থির করা উচিত সেটা কিন্তু কোনও খেয়ালখুশিমতো হবে না। কোনও একজন অফিসার আরবিটারিলি একটা জায়গায় একটা বাজার দর বলে দেবেন এটা হবে না। আমরা এই মর্মে বিভিন্ন রাজ্যে যে স্ট্যাম্প ডিউটি বাজার দরের উপর দাঁড়িয়েই হচ্ছে সেই রাজ্যগুলিতে অফিসার পাঠিয়ে তাদের বিস্তারিত তথ্য জোগাড় করেছি এবং তার ভিত্তিতেই আমরা সাধারণত 'অঞ্চল' কথাটা ব্যবহার করছি, অঞ্চলের ভিত্তিতে বাজার দর আমরা বলে তার ভিত্তিতেই কিন্তু এই স্ট্যাম্প ডিউটি হবে। তাই আপনাদের প্রশ্নের এবং আপনাদের যে চিন্তা সেটার নিরশন করছি। এই প্রসঙ্গে আরও বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শেষ কালে এখনই যেতে চাই যেখানে এক-একটা এলাকা যখন বাজার দরটা স্থির হবে তখন সেই এলাকার যিনি নির্বাচিত প্রতিনিধি আছেন, সে তিনি যে দলেরই হোন না কেন তা সে সেই এলাকার

নাগরিকদের সঙ্গে কথা বলে, খোলা জায়গায় নোটিফাই করে এবং এমন কি এর বিরুদ্ধে কোনও বক্তব্য থাকলে সেটা শুনে—সেখানেই শেষকালে আমরা যেতে যাই। এই পদ্ধতিতে আমরা করব। দু নং কথা হচ্ছে, করের হারের ব্যাপারে একটা আবছা প্রশ্ন আপনাদের পক্ষ থেকে যা তোলা হয়েছে তা আমার কানে এসেছে, সে ব্যাপারে বলছি। কোনও একটা জিনিস 'ক' যদি 'খ'-কে বিক্রি করে তাহলে যিনি বিক্রি করছেন তাকে কোনও কর—স্ট্যাম্প ডিউটি—দিতে হয় না। দিতে হয় ক্যাপিটাল গেনসের মাধ্যমে। সেটা কেন্দ্রীয় কর, সেটা দিচ্ছেন কিনা তা কেন্দ্রীয় সরকার বুঝবেন। কিন্তু যিনি কিনছেন তাকে স্ট্যাম্প ডিউটির মাধ্যমে দিতে হচ্ছে। এখানে করের হার আমরা বৃদ্ধি করেছি। কিন্তু যারা গরিব মানুষ তাদের সম্পত্তি কেনাবেচায় সেখানে কর কিন্তু আমরা বাড়ায়নি। ১০ হাজার টাকার সম্পত্তির মূল্য পর্যন্ত এই স্ট্যাম্প ডিউটির হারের পরিবর্তন হচ্ছে না। ১০ হাজার থেকে ৫০ হাজার পর্যন্ত আগে যেখানে ১০ শতাংশ ছিল সেটা ১২ শতাংশ হবে। ৫০ হাজার থেকে ১ লক্ষ পর্যন্ত যেখানে আগে ১২ শতাংশ ছিল তা হবে ১৪ শতাংশ। ১ লক্ষ টাকার বেশি কিন্তু ২ লক্ষ টাকা পর্যন্ত যেখানে আগে সেখানে ছিল ১৪ পারসেন্ট, সেটা ১৬ পারসেন্ট হবে। তার পরেরটা আমরা ভেঙে এই রকম করলাম—২ থেকে ৫ লক্ষ হলে ১৬ পারসেন্ট থাকবে আর ৫ থেকে ১০ লক্ষ হলে ১৮ পারসেন্ট হবে এবং ১০ লক্ষের বেশি হলে ২০ শতাংশ হবে।

আমাদের মূল যে ডাইরেক্টরেট, আই. জি. রেজিস্ট্রেশন, ইন্সপেক্টার জেনারেল অব রেজিস্ট্রেশন, তারা তাদের কাজ করে এবং সাংগঠনিক ব্যাপারটা আমরা আরও বেশি সুসংহত করতে চলেছি, যেটা আমরা পরে জানাব। এই সুযোগে বলে রাখি, একটা সমন্বয়ের প্রয়োজন আছে, সেই জন্য সুসংহতভাবে জিনিসটা হবে। আমরা আগে সুযোগ পাইনি, সেই জন্য বলছি যে রাজ্য সরকারের ব্যুরো অব ইনভেস্টিগেশন আছে, যেগুলো কর-সংক্রান্ত, অর্থাৎ কোনও ইকনমিক অফেন্স হয়, এই ব্যুরো অব ইনভেস্টিগেশন সেইগুলো তদন্ত করেন, দেখেন। রাজ্য সরকারের এই ব্যুরো অব ইনভেস্টিগেশন রাজ্যের যে কোনও করের ক্ষেত্রে যদি কোনও অপরাধমূলক কিছু হচ্ছে, তারা একটা কড়াভাবে কাজ করবে এবং ওদের কাজের পরিধি একটু বিস্তৃত হবে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা আনন্দের খবর এই সভাতে জানাচ্ছি যে স্ট্যাম্প আইনের যেটুকু সংশোধন দু-বছর লাগু হয়েছে, এক বছর প্রেসিডেন্টের অ্যাসেন্ট পাবার পর, তারপর কিন্তু স্ট্যাম্প কালেকশন হঠাৎ খুব বাড়তে শুরু করেছে। ৮৯-৯০ সালে যেখানে ১২০ কোটি টাকা পেতাম, ৯০-৯১ সালে ২৪ কোটি বৃদ্ধি পেয়ে ১৪৪ কোটি টাকা পাওয়া গেছে। এই বছর মাননীয় সদস্যারা অবগত আছেন যে আমরা বলেছিলাম রিভাইজড্ এসটিমেটে এই বছর আমরা শেষ করব ১৪৪ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ১৭৫ কোটি টাকাতে। আপনি শুনে আনন্দিত হবেন আমরা শেষ করতে চলেছি ১৭৫ কোটি টাকা নয় তার থেকেও ১০ কোটি টাকা বৃদ্ধি করে ১৮৫ কোটি টাকা। অর্থাৎ এই বছরেই বলতে পারেন ৪০ কোটি টাকার কিছু বেশি অতিরিক্ত কর আমরা পেয়েছি। আগামী বছর আমরা কিন্তু এর থেকে অতিরিক্ত ৪০ কোটি টাকা এ. আর. এম. মেজার হিসাবে পাব। আমরা আশা করছি, আমি বিধানসভাকে আশ্বস্ত করতে চাই, এই বছর মাত্রা আমরা অতিক্রম করব যদি ঠিকমতো কাজ হয়, এর থেকে আমরা আরও অতিরিক্ত

১০০ কোটি টাকা পর্যন্ত পেতে পারি। এটাও শুধু আইনের ব্যাপার নয়। এটা শুধু ব্যুরো অব ইনভেস্টিগেশনের খবরদারি করার ব্যাপার নয়, শুধু রেজিস্ট্রি অফিসে আমাদের যারা অফিসার, কর্মি আছেন, তাদের সহযোগিতা, তাদের ঠিকমতো কাজ করার ব্যাপার নয়, শুধু সেটা নয়, এই একটা ক্ষেত্রে আমরা প্রতি এলাকায় সাধারণ মানুষের সহযোগিতা চেয়েছি। আমরা বিরোধী দলের সহযোগিতা চাই। এটা মূলত কালো টাকা উদ্ধারের একটা অভিযানের একটি অংশ। এই সংশোধনী বিলের মাধ্যমে এই কালো টাকা উদ্ধারের আর একটা পদক্ষেপ আমরা নিলাম এবং আমরা এই রকমও চিন্তা করছি এক-একটা এলাকার জন্য আমরা লক্ষ্য মাত্রা বেঁধে দেবো। বিভিন্ন এলাকায় যা সম্ভব এবং যা সম্ভব নয়, মনে রেখে সেই এলাকায় সাধারণ মানুষের সহযোগিতায় এইভাবে কালো টাকা উদ্ধার করে যদি আমরা অর্থ সংগ্রহ করি, যদি লক্ষ্যমাত্রা অতিক্রম করে আমরা অতিরিক্ত তথ্য রাজ্যের কাছে ফেরত জানাব না, সেই এলাকাতেই ফেরত দিয়ে দেব উন্নয়নমূলক কাজের জন্য। আমরা এইভাবে বিকেন্দ্রীকরণ করতে চাই। অর্থাৎ এর মাধ্যমে যে অতিরিক্ত সম্পদ সংগৃহীত হবে, এক একটা এলাকার, সেই অতিরিক্ত সম্পদ, সেই এলাকাতেই আমরা ফেরৎ দিতে চাই উন্নয়নমূলক কাজের জন্য। তাই এটায় আমরা একটু নতুনভাবে এগোতে চাইছি। আপনাদের সহযোগিতা কামনা করলাম।

**Mr. Speaker :** The motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992, be taken into consideration, was then put and agreed to.

## Clause 1, 2, 3 and Preamble

The question that Clauses 1,2,3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

[1-50 — 2-00 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর উদ্দেশ্য ভাল। উনি কালো টাকা ধরতে চাইছেন। কিন্তু একটা জায়গায় আমার একটু সন্দেহ থেকে যাচ্ছে। সম্পত্তি ট্রান্সফারের সময় লোকে কম করে মূল্য দেখিয়ে স্ট্যাম্প ডিউটি ফাঁকি দেয়। আমরা জানি এনি ট্রান্সফার ইজ Compulsorily registered – property transfer - it is compulsory. প্রপার্টি ট্রান্সফারেন্স করতে গেলে রেজিস্ট্রি করতে হয়, সাদা কাগজে লিখে হয় না। এখানেও উনি আইন করেছেন যে, রিজিস্ট্রি করতে হবে। ভাল কথা। উদ্দেশ্য সৎ। কিন্তু মার্কেট ভ্যালু ঠিক করার ক্ষেত্রে প্রথমে টাঙিয়ে দেওয়া হবে, তারপর এম. এল. এ. এবং জনপ্রতিনিধিরা থেকে সেটা ঠিক করে দেবেন। এ ক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে, মার্কেট ভ্যালু তো ক্রমাগত চেঞ্জ হচ্ছে, উইদিন টু মান্থস চেঞ্জ হয়ে যাচ্ছে, বিকজ্ ইউ নো, ডিউ টু ব্ল্যাক মানি, ডিউ টু দিস ব্ল্যাক মানি। সুতরাং যেটা ঠিক করে দেওয়া হবে সেটা কত দিনের জন্য ঠিক

*করে দেওয়া হবে? সেটা কত দিন ভ্যালিড হবে? তারপর উনি বললেন যে, অফিসারদের এই দায়িত্ব দেবেন না। ঠিক আছে এম. এল. এ. বা অন্যান্য লোকাল জনপ্রতিনিধিরা এটা ঠিক করুন। তারা নোটিশ করে জনগণকে জানিয়ে করুন। তবে আমি জানি না এটা কতখানি এফেকটিভ হবে। তথাপি আমার একটাই প্রশ্ন, যে মার্কেট ভ্যালু ঠিক করে দেওয়া হবে সেটা কতদিন পর্যন্ত ভ্যালিড থাকবে? বিকজ্ ইট ভ্যারিস ফ্রম টাইম টু টাইম, মান্থ টু মান্থ। এটা এখনই না বলে দিলে পরে অসুবিধা হবে।*

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলি মহাশয় দুটি প্রশ্ন এখানে রেখেছেন। আমি দুটোরই উত্তর দিচ্ছি। প্রথমটা ঠিক প্রশ্ন নয়, একটা তথ্য এখানে রেখেছেন। হ্যাঁ, ঠিকই আইনগতভাবে যে কোনও সম্পত্তি হস্তান্তর করতে গেলে নথিভুক্ত করতে হয়। তথাপি এটাও সত্য বাপুলি মহাশয় জানেন যে, কলকাতা শহরে এবং অন্যান্য জায়গায় অনেক সম্পত্তি শুধু চিঠি লিখেই 'ক' থেকে 'খ'-এর হাতে গেছে। আমাদের কাছে সে খবর আছে এবং সেই ফাঁকি আমরা ধরে ফেলেছি। দ্বিতীয়ত উনি যে প্রশ্নটি করেছেন সে সম্পর্কে আমি বলছি, আমরা সর্বশেষ যে জায়গায় যেতে চাই তাতে অফিসারদেরও ভূমিকা আছে। এটা 'ক'-এর জায়গায় 'খ' করা হচ্ছে না। সকলকে একত্রিত করে কাজ করা হবে এবং স্থানীয় ভিত্তিতে রেজিস্ট্রি হবে। কিছু দিন অন্তর অন্তর আপ-ডেটিং করতে হবে। রিভিউ এবং আপ-ডেটিং-এর ব্যবস্থা থাকবে। বিল্ট-ইন্ প্রভিসন রাখব। তা নাহলে উদ্দেশ্য সাধন হবে না। মাননীয় সদস্য যে কথা বলেছেন, সে ব্যবস্থাটা নিশ্চয়ই থাকবে। আমার ওঁর বক্তব্য শুনে খুব ভাল লাগল এবং আমার মনে হচ্ছে বিরোধী দলের মাননীয় বিধায়ক এই বিলের ঠিক বিরোধিতা করছেন না। সকলের সমর্থন এবং সহযোগিতা আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1992, as settle in the Assembly, be passed—The motions was then put and agreed to.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন এবং মাননীয় সদস্যরাও উপস্থিত আছেন। আজকের পরে হাউস বোধ হয় মাস-খানেক বন্ধ থাকবে। কিন্তু এই সময় আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন মাধ্যমে, মিডিয়াম এবং বিভিন্ন পার্টিস বিভিন্ন রকম অ্যান্টি সেকুলার, অবস্কিউরেনস্টিট অ্যাণ্ড ফাণ্ডামেন্টাল শো, সিরিয়াল দেখাচ্ছেন। আমরা এই জিনিস দেখতে পাচ্ছি। এই সরকারের সঙ্গে আমাদের অন্যান্য বিষয়ে ভয়ংকর বিরোধ থাকলেও সেক্যুলারিজম্-এর প্রশ্ন বোধ করি বিরোধ নেই। আমি আশা করব মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী মহাশয় একটা উপায় উদ্ভাবন করবেন। তিনি দায়িত্বে আছেন, তাঁর এগুলির বিরুদ্ধে প্রতিবাদ করা দরকার। আমি মনে করি এগুলির বিরুদ্ধে প্রতিবাদ হওয়া দরকার, এ সব বন্ধ হওয়া দরকার। অবশ্য আজকেই আমি কোনও নতুন কথা বলছি না। বিগত বছর থেকেই আমি এ বিষয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আই অ্যাপিল টু অল থ্রু দি হাউস টু দি পাবলিক ইন জেনারেল, টু দি পিপ্‌ল ইন জেনারেল। আমাদের একটা সুনাম আছে। সময়টা বিশ্বের পক্ষে খুবই সংকটজনক,

ভারতের পক্ষে ক্রুশিয়াল। এই জাতীয় প্রোভোকেশন কিংবা আর কোনও রকম উস্কানি যেন না হয়, মাননীয় তথ্য এবং সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর কাছে এই জাতীয় আপত্তিকর সিরিয়াল কিংবা অন্য কিছুকে আমি নিষেধ করার জন্য কিংবা বন্ধ করার জন্য আবেদন রাখছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মিঃ স্পিকার স্যার, বিরোধীদলের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন যে প্রসঙ্গ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিশেষ করে তিনি যখন—বিরোধীদল এবং বামপন্থী— আমরা একসঙ্গে কিছু করতে পারি কি না তার জন্য প্রস্তাব দিয়েছেন সে ব্যাপারে আমি তাঁর সঙ্গে সম্পূর্ণভাবে একমত। কারণ সমস্যাটা দেশের তথ্য ও সংস্কৃতিতে বিভিন্ন পর্যায়ে আছে। সব ক্ষেত্রে আমরা প্রতিবাদ করে হয়ত কিছু করতে পারব না, সরকারি মাধ্যম রেডিও এবং টেলিভিশন এতে ধর্মনিরপেক্ষতার যে মূল্যবোধগুলির পক্ষে দাঁড়িয়েছে তার ব্যতিক্রম দিনের পর দিন হচ্ছে। আমাদের আগের আলোচনায় বলেছিলাম যে মহাভারতের সিরিয়াল সত্যিকার দেশের উপকার হয়েছে না ক্ষতি হয়েছে সেটা গভীরভাবে ভাবা দরকার। এ মাসে চাণক্য বলে একটা ফিল্ম হছে, চাণকেয্যর মধ্যে একটা হিন্দু রিভাভিলাইজম পুনরাবৃত্তির একটা মত ধরেছেন। প্রতিদিন রবিবারের সকালে দেশের মানুষের মধ্যে তা প্রচারিত করা হচ্ছে। এই সমস্ত প্রশাসনের মাধ্যম বিশেষ করে টেলিভিশন, যার এত ক্ষমতা সেখানে অন্তত ধর্ম নিরপেক্ষতা বজায় যাতে থাকে এই প্রশ্ন নিয়ে যতটা সম্ভব আপনাদের কাছে আবেদন রাখছি যে বিধানসভার কিছুদিন ছুটি থাকবে, আবার মে মাসে বিধানসভা খুলবে, আমরা সকলে ঐক্যমত হয়ে কেন্দ্রীয় মন্ত্রিসভার তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয় শ্রী অজিত পাঁজা মহাশয়ের কাছে পাঠিয়ে দেব। পশ্চিমবঙ্গের বিধানসভা গভীর উদ্বেগ বোধ করছে এই প্রস্তাব পাঠিয়ে দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব যেটা বলেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেটা আমাদেরও একটু লেগেছে। মাননীয় বুদ্ধদেববাবু সাহস এবং দৃঢ়তার সঙ্গে এটা গ্রহণ করেছেন। আমি আপনাকে একটা কথা বলতে চাই। হাউস একমাস পরে বসবে, এর মধ্যে আপনি অ্যাজ মিনিস্টার ইনচার্জ অফ দ্যাট ডিপার্টমেন্টে একটু যোগাযোগ করুন। এক মাস চলে যাবে এর মধ্যে আপনি যতটা পারেন কি করতে পারেন না, আমরা এক মাস নষ্ট করতে চাই না, হাউসকে বলুন যে আপনি সজাগ আছেন। দরকার হলে দিল্লিতে যান, দরকার হলে মাননীয় মুখ্যমন্ত্রীকে সঙ্গে নিয়ে প্রাইম মিনিস্টারের সঙ্গে দেখা করুন। এটা আমাদের কংগ্রেস ও সি. পি. এম. সকলের কাছে একটা বিরাট প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে, আপনি যতক্ষণ আছেন ততক্ষণ চেষ্টা করবেন এবং আমি বিশ্বাস করি আপনি অবিলম্বে এ ব্যাপারে হস্তক্ষেপ করবেন।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন, আপনারা আপনাদের পর্যায়েও চেষ্টা করুন।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্য জয়নাল আবেদিন সাহেব এবং মাননীয় মন্ত্রী বুদ্ধদেব বাবু বক্তব্য রেখেছেন, সেই পরিপ্রেক্ষিতে দু-একটা কথা বলা দরকার। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা দরকার। টেলিভিশন, দূরদর্শন, রেডিওর মারফতে চেষ্টা হচ্ছে স্ট্রং মিডিয়া। এটা ভুলে গেলে চলবে না। আমাদের দেশের কিছু দুরদর্শনের মাধ্যমে মানুষকে জানাতে হবে। সেই ইতিহাস যেমন চাণক্য—

মহাভারত আমরা দেখেছি, তেমনি টিপু সুলতানও দেখেছি। বিভিন্ন ঘটনা সম্পর্কে একটা সম্প্রদায় হয়ত ভাবছেন যে আর এক সম্প্রদায়ের ঘটনা বেশি করে দেখানো হচ্ছে। তাই আপনাকে বলছি যে ইতিহাসকে দেখাতে হবে।

[2-00 — 2-10 P.M.]

এ বিষয়ে চিন্তা করে এগোতে হবে। আমার মনে হয়, এটা মানুষের সেন্টিমেন্ট। এরমধ্যে শুধু সাম্প্রদায়িক দিক দেখলে চলবে না, কারণ ইতিহাস ভুললে চলবে না। অনেক কিছু দূরদর্শনের মাধ্যমে আসে, কিন্তু তারমধ্যে ব্যালেন্স থাকা দরকার। তবে সত্য কথা কঠোর হতে পারে, খারাপ লাগতে পারে, কিন্তু সেটাকে বাদ দিয়ে দেখানো যেতে পারে। কাজেই এটা প্রস্তাব আকারে আসুক, ডিবেট হোক, কারণ নানারকম সেন্টিমেন্ট রয়েছে। রাজ্যে এ-ব্যাপারে কঠোরভাবে চিন্তা করে আমরা কেন্দ্রীয় সরকারকে বলব।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য তাঁর কথার মাধ্যমে নতুন ব্যাখ্যা করলেন, কিন্তু আমাদের ধারণা, এ-ব্যাপারে আমরা ঐক্যমত বলেই এখানে প্রস্তাব উঠেছে। ইতিহাসের সত্য অনুসন্ধান সকলেই চান, কিন্তু তার বিকৃত ব্যাখ্যা কেউ চান না। ভারতবর্ষের ইতিহাসে আর. এস. এস.-এর আধুনিক ব্যাখ্যা আমরা চাই না ; আমরা তার সত্য অনুসন্ধানটি চাই, বিকৃত তথ্য চাই না। এই ব্যাপারে আমরা যদি একমত হতে পারি তাহলে সেটা প্রস্তাব আকারে হতে পারে। তবে যা হচ্ছে সেটা ঠিক হচ্ছে না এবং ঠিক হচ্ছে না বলে সেটা দিল্লির কাছে আমরা জানাতে পারি। এই প্রসঙ্গে বলছি, আগামী ২ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রী কলকাতায় আসছেন। সেই ২ তারিখে আমাদের মনোভাব তাঁর কাছে বলতে পারি। তিনি আমার একটা অনুষ্ঠানে আসবেন। সেখানে গিয়ে তাঁকে বলতে পারি।

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন, কিছু লোক মনে করেন যে, ধর্মনিরপেক্ষতা মানে হল, কোনও ধর্মের সঙ্গে সম্পর্ক না রাখা ; আবার কিছু লোক মনে করেন সব ধর্মের সঙ্গে সম্পর্ক রাখা। এ-ব্যাপারে সকলেরই একটা মত আছে। এ-ব্যাপারে আপনার কি মত জানি না, তবে এ-ব্যাপারে বিপদ রয়েছে।

**Dr. Zainal Abedin :** Spirit of the Constitution and that should be honoured.

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, পৃথিবীর কমিউনিস্টরা হলেন এথিস্ট সেকুলার, গান্ধিজী ছিলেন রিলিজিয়াস সেকুলার।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমার মনে হচ্ছে, আপনি নাস্তিক ধর্মনিরপেক্ষতা এবং আস্তিক ধর্মনিরপেক্ষতার কথা বলছেন। আমরা নাস্তিক ধর্মনিরপেক্ষতায় বিশ্বাস করি, আবার কেউ আস্তিক ধর্মনিরপেক্ষতায় বিশ্বাস করেন। এই দুটো একসঙ্গে মেলানোর অসুবিধা রয়েছে। তবু বলছি, আসুন আমরা ধর্মনিরপেক্ষ হই।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমাদের সংবিধানের একটা স্পিরিট আছে এবং আমাদের একটা সেকুলার সেন্টিমেন্ট রয়েছে সেকুলারিজিম্ সম্পর্কে যে, দিস ইজ সেকুলারিজম্। তবে এ নিয়ে বিতর্ক চাই না। আমি যেটা বলছি, এক বছর ধরে বলে যাচ্ছি এবং সেটা আপনার

বোধ হয় মনে আছে। আমি একথা বলতে চাই যে, কোনও ব্যক্তির ব্যাপার নয়, আমাদের সংবিধানে যে স্পিরিট আছে সেটা রক্ষা করতে বলছি। এনি প্রোভোকেশন মাস্ট বি অ্যাভয়ডেড। নানা রকম ব্যাখ্যা হতে পারে—আর. এস. এস যে ব্যাখ্যা দেবে, আর একটা দল আর এক রকম ব্যাখ্যা দেবে, উই উইল নট অ্যাকসেপট দ্যাট। আমাদের সংবিধানে যে স্পিরিট আছে সেটাকে রক্ষা করতে বলছি।

**মিঃ স্পিকার ঃ** যারা ধর্ম প্রচার করেন তারা সব সময়ে যে কথা বলেন, সেটা অনেক সময়ে বাস্তবে হয়না, ঐটা প্রচারে হয়। এটাই হচ্ছে প্রবলেম।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমার কাছে ডকুমেন্ট আছে, আই ক্যান শো ইউ। এদের বিরুদ্ধে আমাদের আপত্তি আছে।

**মিঃ স্পিকার ঃ** সাধনবাবু, সৌগত রায় যে কথা বলেছেন, এটা চলে না।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** এটা ঠিকই বুদ্ধদেববাবু বলেছেন, ইতিহাসকে দেখাতে হবে, পাওয়ারফুল কমিটি হবে, তাতে হিস্টোরিয়নরা থাকবেন এবং তাদের অ্যাপ্রুভাল নিতে হবে। কিন্তু ইতিহাসকে দেখাতে হবে, সেটা হয়ত কারও কাছে কঠোর হতে পারে, কোনও সম্প্রদায়ের কাছে কঠোর হতে পারে। তবে এটাকে ব্যালেন্স করে দেখানো যেতে পারে। এটা দেখাবার আগে ইতিহাসটা কোন পারসপেকটিভ সেটা দেখতে হবে। কিন্তু ইতিহাসকে দেখাতে হবে, এটা বন্ধ করলে হবে না। ঐক্যের ব্যালেন্স করার জন্য একটা ব্যালেন্স কমিটি থাকা দরকার।

## LEGISLATION

### The West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 1992

**Dr. Asim Kumar Das Gupta :** Sir, I beg to introduce the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Das Gupta :** Sir, I beg to move that the West Bengal Taxation Tribunal (Amenment) Bill, 1992, be taken into consideration.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটাতে আপত্তি করার কিছু নেই। কেননা, এটা সামান্য চেঞ্জ করতে চেয়েছেন। Judicial মেম্বার যিনি থাকবেন, তার বেঞ্চে সিনিয়র মেম্বাররা প্রিসাইড করতে পারবেন। এটা না হলে একটু অসুবিধা হচ্ছিল। আমরা দেখেছি যে কিছু জায়গায় বটল নেকের সৃষ্টি হচ্ছিল। যেহেতু এটা নিয়ে একটা গন্ডগোল ছিল, আটকে যাচ্ছিল, সেজন্য এটা এনে উনি ভাল করেছেন, এটাতে আপত্তি করছি না।

**ডাঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব আনন্দের কথা যে বিরোধী দলের সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় এই বিলের বিরোধিতা করছেন না। আমার মনে হয় তাড়াতাড়ি করতে গিয়ে সবটা উনি পড়েননি। যে অংশটি পড়েছেন সেটা সমর্থন করেছেন। আমি তারজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। দ্বিতীয় অংশটা আমি ধরে নিচ্ছি যে উনি

পড়েছেন। ওখানে কতকগুলি বিষয়ে আইনগত ট্যাক্সেশনের আওতায় আনতে হয়েছে। আমি ধরে নিচ্ছি যে, দুটোতেই ওনার সমর্থন আছে। ৩২৩ ধারায় ভিত্তিতে এটা করা হয়েছে এবং এটা করায় লাভ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা করার আগে আমরা দেখেছি যে আমাদের এক হাজারের বেশি পড়ে ছিল। এটা সংবিধান মোতাবেক শুরু করি এবং তারপরে আমরা দেখেছি যে গত এপ্রিল মাসে ৩ লক্ষ ১ হাজার ৫৮১টি মামলা আমাদের কাছে আসে এবং এর মধ্যে ১ হাজার ৩৫৫টি মামলা ডিসপোজাল করা সম্ভব হয়েছে।

গড়ে ৩ মাসে এক-একটি করে কেস ডিসপোজাল হচ্ছে। আমি আর একবার আপনাদের সহযোগিতা কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** [******]

**মিঃ স্পিকার ঃ** এই ব্যাপারে আমার সঙ্গে চেম্বারে কথা বলবেন। এটা যেহেতু বিধানসভার অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপার সেইজন্য ফ্লোর অফ দি হাউস বলা যায় না। আপনি আমার চেম্বারে কথা বলবেন এই ব্যাপারে। এই ব্যাপারে সমস্ত কথা বাদ যাবে।

## Clauses 1, 2, 3 and Preamble

The question that Clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Taxation Tribunal (Amendment) Bill, 1991 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 26

**Mr. Speaker :** There are three cut motions to Demand No. 26. All the cut motions are in order and taken as moved.

**Shri Abdul Mannan, Shri Prabir Banerjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 37

**Mr. Speaker :** There are 12 cut motions to Demand No. 37. All the cut motions are in order and taken as moved.

**Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Sudip Bandyopadhyay, Shri Sobhandeb Chattopadhyay, Shri Prabir Banerjee, Shri Saugata Roy, and Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

---

Note * Expunged as ordered by the Chair.

## Demand No. 90

**Mr. Speaker :** There are no cut motions to Demand No. 90. Now, Shri Sudip Bandyopadhyay.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের আনীত বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাটমোশনের সমর্থন করতে দাঁড়িয়ে কয়েকটি প্রস্তাব এখানে উত্থাপন করতে চাই। আমরা বারে বারে সরকারের এই দপ্তর সম্পর্কে অভিযোগ করে থাকি যে গত ১৪ বছর রাজ্য সরকার ক্ষমতায় আসার পর নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য সম্পূর্ণভাবে চ্যালেঞ্জের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। আমরা দেখেছি পথ-ঘাটের কি অবস্থা, রাস্তা-ঘাট চারদিকে খানাখন্দ হয়ে রয়েছে। পানীয় জলের কি দুরাবস্থা। এখন এই গরমের দিনে বস্তিতে বস্তিতে জলকষ্ট তীব্র থেকে তীব্রতর হচ্ছে। ফুটপাথগুলো হকাররা দখল করে রেখে দিয়েছে। সব মিলিয়ে এর উপরে আছে বিদ্যুৎ বিভ্রাট। কলকাতায় মানুষ বসবাস করার পক্ষে দুর্বিসহ হয়ে উঠেছে, নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য চ্যালেঞ্জের মুখে এসে দাঁড়িয়েছে যা অতীতে আর কখনো হয়নি। সেইজন্য আমি মনে করি এবং স্যার আপনার কাছে আবেদন এই দুর্বিসহ নরক যন্ত্রণা থেকে আপনারা এই শহরবাসীদের মুক্তি দিন। আমরা দেখেছি এই কলকাতা নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য দেখার ক্ষেত্রে যে পদক্ষেপ যে ভূমিকা বুদ্ধদেবাবুর দপ্তর থেকে গ্রহণ করার কথা ছিল সেটা হয়নি। একাধারে মন্ত্রিত্ব, একাধারে দলের প্রথম সারির নেতৃত্বে থেকে এক দিকে দলের কথা ভেবে দুটো কাজ চালিয়ে যাচ্ছেন তাতে মন্ত্রিত্বের দিকে নজর দিতে পারছেন না।

একদিকে আপনার এই বিরাট রাজনৈতিক সংগঠনের মূল দায়িত্ব আপনার কাঁধে বর্তেছে, সেদিক থেকে আপনি দায়িত্বে থেকেও আপনার দায়িত্ব পালন করতে পারছেন না। আমি ধীরে ধীরে কতকগুলো উদাহরণ দিয়ে আপনাকে বলব যে, আমি গতবারে অভিযোগ করেছিলাম। আপনি তখন বলেছিলেন যে, 'আপনার যে অভিযোগ আছে সেই সমস্ত কাগজ আমার অফিসারদের হাতে তুলে দিন, আমি নির্দেশ দিয়ে দেব এ সম্বন্ধে আপনাকে ব্যাখ্যা দেবার জন্য। আপনার যে তথ্য তা আপনাকে সরবরাহ করার জন্য নির্দেশ দিয়ে দেব।' আজকে এক বছর হয়ে গেছে, আপনার কথামতো আমি আমার কাগজপত্র তুলে দিয়েছিলাম, কিন্তু কোনও উত্তর পাই নি। আমি এখানে বারবার করে যে কথাটা বলতে চাইছি যে, জলসরবরাহ, পয়োঃপ্রণালী, গৃহনির্মাণ ও উন্নয়নের জন্য বরাদ্দ করা টাকা খরচ হচ্ছে না। আমরা যদি হেড অব অ্যাকাউন্ট ৪২১৭—ক্যাপিটাল আউটলে অন আর্বান ডেভেলপমেন্টের দিকে যাই তাহলে দেখছি যে, ১৯৮৭-৮৮ সালে বাজেট বরাদ্দ ছিল ৯৪ লক্ষ টাকা। অ্যাকচুয়াল এক্সপেণ্ডিচার, খরচ হল ৬২ লক্ষ ১০ হাজার টাকা। অর্থাৎ ১৪ লক্ষ টাকা বরাদ্দ ছিল, খরচ হল ৬২ লক্ষ ১০ হাজার টাকা। ১৯৮৮-৮৯ সালে যে বাজেট বরাদ্দ করেছিলেন হেড অব অ্যাকাউন্ট—৪২১৭, বাজেট এস্টিমেট ছিল ১৮ লক্ষ টাকা। কিন্তু অ্যাকচুয়াল এক্সপেন্ডিচার হয়েছে ৫৪ লক্ষ ১২ হাজার টাকা। সেভিংস হল ৪৩ লক্ষ ৮৭ হাজার ১৭৯ টাকা। অর্থাৎ কোনও কোনও বছরে ৩৫ পারসেন্ট ইউটিলাইজ হচ্ছে না, কোনও কোনও বছর ৪৫ পারসেন্ট ইউটিলাইজ হচ্ছে না। এরপর ১৯৮৯-৯০ সালে বাজেট এস্টিমেট ছিল ৪৬ লক্ষ টাকা, খরচ হয়েছে ৫২ লক্ষ টাকা। ১৯৯০-৯১ সালে বাজেট বরাদ্দ ছিল ২ কোটি ৮০ লক্ষ

টাকা, খরচ হয়েছে ২০ লক্ষ ৭২ হাজার টাকা। ১৯৯১-৯২ সালে বাজেট এস্টিমেট ছিল ৬ কোটি ৬৩ লক্ষ টাকা। আপনি রিভাইজড্ এস্টিমেট করেছিলেন ৯ লক্ষ টাকা। এর অ্যাকচুয়াল আগামি বছরের আগে পাওয়া যাবে না। ১৯৯২-৯৩ সালে বাজেট এস্টিমেট ধরেছেন ৩ কোটি ৬০ লক্ষ টাকা। হেড অব অ্যাকাউন্ট ৪২১৭—ক্যাপিটাল আউটলে অন আর্বান ডেভেলপমেন্ট'এ। অর্থাৎ এই খাতে—পয়োঃপ্রণালী, গৃহনির্মাণ ও উন্নয়নের জন্য বরাদ্দকৃত টাকা আপনি খরচ করছেন না। মাঝারি উন্নয়নের প্রোগ্রামের খরচ হতে পারছে না। আমরা যেটাকে ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব স্মল অ্যাণ্ড মিডিয়াম টাউন (আই-ডি-এস-এম-টি.) বলি, সেই টাকা খরচ হচ্ছে না। কিভাবে খরচ হচ্ছে না? ১৯৮৭-৮৮ সালে বাজেট বরাদ্দ ছিল ২ কোটি টাকা, অ্যাকচুয়াল এক্সপেণ্ডিচার হল ৫২ লক্ষ ৩৯ হাজার টাকা। আপনি মাঝারি উন্নয়ন প্রকল্পগুলোর ক্ষেত্রে খরচ করলেন ৫২ লক্ষ ৩৯ হাজার টাকা। আমরা যদি ১৯৮৯-৯০ সালে আসি, তাহলে দেখব যে বাজেট বরাদ্দ ছিল ১ কোটি ৬৯ লক্ষ টাকা, আর খরচ হল ৬৩ লক্ষ ৬৯ হাজার টাকা। এই ক্ষেত্রে খরচ হল না ১ কোটি টাকা। ১৯৯০-৯১ সালে বাজেট এস্টিমেট ছিল ১ কোটি ৪৬ লক্ষ টাকা, অ্যাকচুয়াল এক্সপেণ্ডিচার হল ৬ লক্ষ ১৬ হাজার টাকা। ১৯৯১-৯২ সালে বাজেট এস্টিমেট ছিল ১ কোটি ৪০ লক্ষ টাকা, রিভাইজড হয়ে হয়েছে ২৪ লক্ষ ৯২ হাজার টাকা। ১৯৯২-৯৩ সালে ধরেছেন ১ কোটি ৪০ লক্ষ টাকা। অর্থাৎ গতবার আমি যখন এই কথা বলেছিলাম, মাঝারি নগর উন্নয়নের ক্ষেত্রে আপনি তখন বলেছিলেন যে, 'ভাল পারফরম্যান্স করেছি'। আপনি আরও বলেছিলেন যে, 'সুদীপবাবু, আপনি যে অভিযোগ করছেন তা আমার অফিসারদের কাছে দিন। আমি ইনস্ট্রাকশন দিয়ে দেব, তাঁরা আপনাকে ইয়ার টু ইয়ার ব্রেক আপগুলো দিয়ে দেবেন।' আপনার সরকারের বিরুদ্ধে প্রত্যক্ষ অভিযোগ, মাঝারি নগর উন্নয়নের ক্ষেত্রে আপনার ভাবভঙ্গি তাতে মনে হচ্ছে মাঝারি নগর উন্নয়নের জন্য টাকার কোনও প্রয়োজন নেই, টাকার কোনও দরকার নেই।

[2-20 — 2-30 P.M.]

সুতরাং প্রত্যেকটি ক্ষেত্রে যে টাকা বরাদ্দ হচ্ছে সেই টাকা ঠিকমতো খরচ হচ্ছে না। ঠিক এইরকম ভাবে যদি আমরা দেখি যে বৃহত্তর কলকাতার উন্নয়নের ক্ষেত্রে অর্থাৎ গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টে, সেখানে একই রকম অবস্থা। এই বৃহত্তর কলকাতার উন্নয়নের ক্ষেত্রে ১৯৮৮-৮৯ সালে প্ল্যান আউটলে ২০ লক্ষ টাকা আর আপনার অ্যাকচুয়াল হল ৪ লক্ষ ৯২ হাজার টাকা। সুতরাং আমরা দেখছি কি, বৃহত্তর কলকাতা উন্নয়নের জন্য ধরা ছিল ২০ লক্ষ টাকা, বাজেট বরাদ্দ ছিল এই টাকা আর সেখানে খরচ করা হল ৪ লক্ষ ১২ হাজার টাকা। ঠিক একইরকমভাবে ১৯৮৯-৯০ সালে প্ল্যান আউটলে ছিল ১ কোটি ৬ লক্ষ ২ হাজার টাকা, আপনার রিভাইজড্ই বলুন, অ্যাকচুয়াল হল কত জানেন—৮১ লক্ষ ২ হাজার টাকা। তারপরে ১৯৯০-৯১ সালে এই গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টের জন্য বরাদ্দ করা হল ৮০ লক্ষ টাকা আর খরচ হল মাত্র ৫৬ লক্ষ টাকা। অর্থাৎ গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টের কি হবে? ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ স্মল অ্যাণ্ড মিডিয়াম টাউন্স এবং ক্যাপিটাল আউটলে অন আরবান ডেভেলপমেন্ট এর প্রত্যেকটি ক্ষেত্রে যদি আমরা দেখি তাহলে দেখব যে ঠিকমতো টাকা খরচ হচ্ছে না। এইবার আমি সরকারি দপ্তর সম্পর্কে

অবহিত করতে চাই। ইতিমধ্যেই আমরা যেটা দেখেছি সেটা হচ্ছে যে, সল্টলেকের জলাভূমি বিক্রি করার বিজ্ঞাপন দিয়েছেন এবং এরজন্য অসাধু প্রমোটাররা ওখানে বে-আইনিভাবে বাড়ি তুলতে চাইছেন। এইভাবে ভেড়ির শ্রমিকদের উচ্ছেদ করে সরকার জমি দখল নিতে যাচ্ছে। এতে যে, পরিবেশ বিঘ্নিত হচ্ছে তাতে কোনও সন্দেহ নেই। এই বিষয়ে গতকাল মাননীয় মৎস্যমন্ত্রী বিবৃতি দিয়ে বলেছেন যে, যেখানে যেখানে জলাভূমি দখল নিয়ে সরকারি সম্পত্তি করার চেষ্টা হবে সেখানেই আমরা প্রতিরোধ করব। আবার আপনি একটা জায়গায় বলেছেন যে, ২৩ হাজার একর জলাজমি সরকারি উদ্যোগে দখল নেওয়া হয়েছে। একদিকে মৎস্যদপ্তরের মন্ত্রী এক রকম বিবৃতি দিচ্ছেন অপর দিকে আপনি আরেক রকম বিবৃতি দিচ্ছেন। এ যেন একটা সমন্বয়ের অভাব আমরা দেখতে পাচ্ছি। একই মন্ত্রিসভার মধ্যে, একই বিধানসভার মধ্যে দাঁড়িয়ে মৎস্যমন্ত্রী বিবৃতি দিয়েছেন ঠিক তার আগেই আপনার লিখিত প্রশ্নের উত্তরে দেখলাম যে আপনি বলেছেন যে ২৩৭.৪৪ একর ভেড়ি জমি উচ্ছেদ করা হয়েছে। সুতরাং বৃহত্তর কলকাতার স্বার্থে এই যে, ভারসাম্য নষ্ট করা হচ্ছে তারজন্য আপনাদের একটা পদক্ষেপ নেওয়া দরকার এবং এরজন্য যথাযথ ব্যবস্থা নেওয়া দরকার। তা না হলে কলকাতার ভারসাম্য ধ্বংস হয়ে যেতে বাধ্য। সুতরাং আপনাদের বিভিন্ন দপ্তরের মধ্যে কো-অর্ডিনেশনের বিশেষ দরকার। তারপরে আপনারা ডিসিএল কোম্পানিকে সল্ট লেকের ২৩০ একর জমি দিলেন ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করবার জন্য। এখানে একটা বড় ডেভেলপমেন্ট হবে, একটা সরকারের সঠিক পদক্ষেপ নেওয়া হবে, সেখানে আপনার ২৩০ একর জমি একটা কোম্পানিকে দিয়ে দিয়েছেন। কলকাতার স্বার্থে সল্টলেক এলাকায় ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাশের কাছে ২৩০-একর জমি একটি কোম্পানিকে দিয়ে দিলেন। কি শর্তে এই এবং কি পরিকল্পনায় এই ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করার জন্য এই ২৩০ একর জমি দিয়ে দিলেন তা আমাদের এই সভাকে অবহিত করতে হবে এবং তেমনি অবহিত করতে হবে দক্ষিণ কলকাতায় টোডিদের হাতে রবীন্দ্র সরোবর পার্ক দিয়ে দিলেন প্রমোদ কানন হিসাবে।

আপনার কাছে আমার সরকারি জিজ্ঞাস্য সরকারের প্রায় ১০০ কোটি টাকা মূল্যের জমি আপনারা কি শর্তে টোডিদের হাতে তুলে দিচ্ছেন এবং প্রমোদকানন করার জন্য তাদেরকে কত জমি দেওয়া হচ্ছে? সেই জমির বাজার মূল্য কত? টোটাল প্রপার্টি ভ্যালু কত? আপনাদের কাছ থেকে লিজ নেবার জন্য টোটাল কত টাকায় সেই জমি তারা পাচ্ছে? আমাদের অভিযোগ ১০০ কোটি টাকার উপর যে জমির ক্রয়মূল্য ঐ রবীন্দ্র সরোবর স্টেডিয়ামে সেখানে টোডিদের পার্ক করার জন্য তাদের কাছে আপনারা যে যে শর্তে সেই পার্ক দিয়ে দেবার কথা ঘোষণা করেছে তাতে এই কথাই বলতে হয় টোডিদের সাথে আপনাদের কোনও গোপন শর্ত বা লেনদেন হয়তো না থাকলে এইভাবে টোডিদেরকে ১০০ কোটি টাকার জমি নামমাত্র মূল্যে টোডিপার্ক করার জন্য দেবার কথা ভাবছেন না। তারপরে বলি টোডিদের একটা সুপ্রিম পেপার মিল আছে চাকদহের কাছে ৪ কি.মি. দূরে রানীনগরে সেই পেপারমিল জল দুষণ করছে কিন্তু তা সত্ত্বেও আপনারা তাদেরকে কিছুই করতে পারছেন না। এইদিকে টোডিদের পুরকর ১১ লক্ষ টাকা বাকি, মেয়র নিজে বলেছেন তাদের স্টেটমেন্ট করছেন, তাদের নোটিশ দেওয়া হচ্ছে যে তোমাদের এই পেপার মিল চললে জল দূষণ হবে কিন্তু সেইক্ষেত্রে কোনও গ্রাহ্য নেই। টোডির যার সঙ্গে হাত ধরা আছে, টোডির হাতের মিলন যার

সঙ্গে আছে, সেই পলাশির বাংলাতে যার সঙ্গে টোডি লাঞ্চ করতে যান, সেই টোডি জানেন যে তাদের এই রকম পরিবেশ দপ্তর থেকে একটা নোটিশ দিয়ে বা চিঠি দিয়ে তাদের যতই দুষণ করুন তাদের কেশাগ্র স্পর্শ করা যাবে না। কারণ টোডিদের হাত অনেক বড় লম্বা এবং সেই হাতের মিল সরকারের সঙ্গে এতই গাঁটছড়া এতই তীব্র মিলন যে এদেরকে স্পর্শ পর্যন্ত করা যাবে না। ঠিক যেমনভাবে স্পর্শ করা যায়নি প্রদীপ কুন্দলিয়াকে। এদের বিরুদ্ধে মামলা হচ্ছে, এদের সম্পর্কে রাজ্য সরকার মামলা রজু করেছেন বলে বিধানসভায় রিপোর্ট দেওয়া হচ্ছে। কিন্তু আমরা পাশাপাশি শুনতে পাচ্ছি একদিকে আদালতের দ্বারা অভিযুক্ত হয়ে যে সমস্ত মানুষদের ফাঁসি হওয়া উচিত সেই সমস্ত মামলাগুলি আজকে বহাল তবিয়তে কলকাতা শহরে প্লান স্যাংশন করিয়ে তাদের কাজ দিব্যি করে যাচ্ছে। আর মন্ত্রী এই ব্যাপারে গতবারেও বিধানসভায় বলেছিলেন আদালতে মামলা জোর কদমে চলছে, তাদের শাস্তি বিধানের ব্যাপারে আমরা যথেষ্ট সিরিয়াস। আমাদের অভিযোগ এই সমস্ত বাড়ি ভেঙে পড়ে যাদের মৃত্যু হয়েছিল সেই ব্যাপারে তৎপরতার সঙ্গে সরকারের মামলা করা উচিত ছিল কিন্তু তারা তা করতে পারছেন না। আমি আপনাদের কাছে সেই কারণে আবার বলব যে কলকাতা শহর অসাধু প্রমোটারের কাছে বিক্রি হয়ে গেছে, এই কথা আমরা প্রতিবারে বলছি। ১০ হাজারেরও বেশি কলকাতায় বে-আইনি বাড়ি আছে, নির্মলবাবু আছেন, উনি যখন মেয়র ইন কাউন্সিল ছিলেন তখন ইণ্ডিয়া টুডেতে তিনি নিজে একটা ইন্টারভিউতে বলেছিলেন যে, কলকাতা শহরে বে-আইনি বাড়ি হচ্ছে ৫,২০০ ; আমরা বলেছিলাম এই বে-আইনি বাড়ির সংখ্যা ১০,০০০ উপর অতিক্রম করে গেছে। আজকে এই বে-আইনি বাড়ির ব্যাপারে বলতে পারি কলকাতার এমন অবস্থা হয়েছে যে এই সম্পর্কে আপনারা কোনও পদক্ষেপ গ্রহণ করছেন না এটাও আপনাদের সম্পর্কে আমাদের একটা সরাসরি অভিযোগ। আমরা এই কথাও বলছি বারবার কিন্তু সুনির্দিষ্ট কোনও উত্তর পাইনি ৫ তলার উপর কলকাতা শহরে যে বাড়ি আছে ২ হাজারের উপর, কিন্তু এই সমস্ত বাড়িগুলিতে অগ্নি নির্বাপনের ব্যবস্থা আছে কিনা সেটাও কিন্তু সার্ভে করে দেখা হচ্ছে না। এতগুলি বাড়িতে অগ্নি নির্বাপনের যন্ত্র না থাকার ফলে এগুলি সমস্ত টাওয়ারিং ইনফের্নো হয়ে যাচ্ছে। কলকাতা শহর একটা প্রায় জতুগৃহে পরিণত হয়ে যাচ্ছে এবং আমাদের মনে হয়েছে কলকাতা শহর এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে এর ফলে হয়ত এখানে বসবাস করাও একটা বিদপ্‌জনক অবস্থায় পৌঁচাচ্ছে। আমরা বলেছি এই কলকাতা শহরের আশেপাশে কি কি বাজারে আগুন লেগেছে, যেমন লক্ষ্মী কাটরা, গণেশ কাটরা, ফ্যান্সি মার্কেট, গড়িয়াহাট, বাংলা বাজার, মেটিয়াবুরুজ, নিউমার্কেট, ফিশ মার্কেট, মঙ্গলাহাট মার্কেট, নন্দরাম মার্কেট। বারবার বলেছি এর লস অফ প্রপার্টি বাজারগুলিতে যে আগুন লেগেছে তার কারণগুলি কি, এই ব্যাপারে যে রিপোর্ট সেটা আপনার হাউসে উপস্থিত করুন। কিন্তু আজ পর্যন্ত এই সম্পর্কে কোনও রিপোর্ট হাউসে প্লেস হল না। টাউন অ্যাণ্ড প্ল্যানিং-এর ব্যাপারে আপনাকে বলেছিলাম যে কোন এলাকায় কত তলা বাড়ি করা যাবে তার চূড়ান্ত একটা রূপ আপনি সভাকে জানাতে পারবেন কিনা একটা তালিকা তৈরি করে, তাও আপনি করতে পারছেন না।

[2-30 — 2-40 P.M.]

বে-আইন বাড়ির একটা তালিকা কি আপনি তৈরি করতে পেরেছেন? বে-আইনি বাড়ির কোনও তালিকা এখনো তৈরি করা হয়নি। আমি একটা কথাই বলে শেষ করছি,

বুদ্ধদেববাবু আপনার কাছে আমি অভিযোগ করছি নিক্কো পার্কের অভ্যন্তরে প্রাইভেট এরিয়া বলে একটা জায়গা রেখে দেওয়া হয়েছে এবং সাধারণ মানুষকে সেখানে ঢুকতে দেওয়া হচ্ছে না। সেই জায়গাটাকে প্রহিবিটেড জোন বলে রেখে দেওয়া হয়েছে। নিক্কো পার্কের যারা মালিক তারা এখানে বসতবাড়ি, বাগানবাড়ি করে রেখে দিয়েছেন। সরকারের জমির উপর সেই বাড়িটা তারা করেছে এবং সেখানে যদি কোনও পথচারি পায়ে পায়ে হাঁটতে হাঁটতে সেই প্রহিবিটেড জোনে ঢুকে যায় তাহলে সেখানকার প্রহরাদার, টহলদার, ও সেপাইরা গলা ধাক্কা দিয়ে সেখান থেকে লোকজনকে বার করে দেয়। নিক্কো পার্কের মালিকানা বিনা পয়সায় সরকারের জমির উপর এই প্রহিবিটেড জোন করে সেখানে তারা প্রমোদ বাড়ি তৈরি করেছে। আমি আপনাকে অনুরোধ করব আপনি একটা সর্বদলীয় প্রতিনিধি দল নিক্কো পার্কে পাঠান। সেই সর্বদলীয় প্রতিনিধি দল নিক্কো পার্কে গিয়ে দেখে আসুক যে সেখানকার অবস্থাটা কি? আজকে আমাদের কাছে প্রমাণ আছে একদিকে টোডি, একদিকে নিক্কো, একদিকে প্রদীপ, একদিকে চামোরিয়া, একদিকে বাজোরিয়া এইভাবে এক এক করে সবার কাছে আজকে সরকার বিক্রি হয়ে যাচ্ছে, তাই আজকে আমি এই নগর উন্নয়নে দপ্তরের বাজেট বরাদ্দের বিরোধিতা করছি। আজকে আপনাকে অন্য দৃষ্টিভঙ্গি নিয়ে আমাদের সবাইকে সন্তুষ্ট করতে হবে এবং এই অভিযোগ সম্পর্কে আমাদের সরকারের প্রকৃত মনোভাব কি সেটা দ্ব্যর্থহীন ভাষায় আজকে ঘোষণা করতে হবে। আমরা মনে করি আপনি আপনার সততাকে বজায় রেখে আজকে এই ব্যাপারে বলবেন, এই কথা বলে বাজেটের বিরোধিতা করে ও আমাদের কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে আজকে এই সভায় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন করছি দুটি কারণে। আমরা নিশ্চয় সকলে জানি যে স্বায়ত্ব শাসন বিষয়টা দাঁড়িয়ে থাকে প্রধানত দুটি স্তম্ভের উপরে। তার একটা হচ্ছে উন্নয়ন এবং আরেকটা হচ্ছে গণতন্ত্র। একটাকে বাদ দিয়ে অপর ক্ষেত্রটিকে চিন্তা করা যায় না। গণতন্ত্র এবং উন্নয়ন এই দুটিকে মিলে স্বায়ত্বশাসনের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে হবে। যেটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে আজকে তুলনা করা যেতে পারে। কেন এই কথা বলছি, কারণ পশ্চিমবঙ্গের প্রায় প্রতিটি পৌরসভা, যেগুলো জনপ্রতিনিধিদের দ্বারা পরিচালিত হচ্ছে তারা তাদের পৌরসভার বাজেট পেশ করেছেন। কিন্তু খোদ দিল্লির পৌরসভার বাজেট প্রশাসনিক স্তরে গৃহীত হয়েছে। মাদ্রাজ পৌর কর্পোরেশনের বাজেটও প্রশাসনিক স্তরে গৃহীত হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ এসব চিন্তা করতে পারে না। হ্যাঁ, একটা সময় ছিল যখন মাননীয় সিদ্ধার্থশংকর রায় মহাশয়, যিনি এখন বিরোধী দলের নেতা, ১৯৭২ তিনি যখন মুখ্যমন্ত্রীর গদি দখল করেছিলেন তখন আমরা কি দেখেছি? বোধ হয় প্রথম কাজটা হয়েছিল তাঁর মন্ত্রিসভার কলকাতা পৌরসভার নির্বাচিত মেয়র এবং ডেপুটি মেয়রকে ঘাড় ধরে কলকাতা পৌরসভা থেকে বার করে দেওয়া এবং প্রশাসক নিয়োগ করা হয়েছিল। এটা কলকাতা এবং পশ্চিমবঙ্গের গণতন্ত্রের মর্য্যাদা বৃদ্ধি করে না, বরঞ্চ কলঙ্ক লেপন করে। আমি মাননীয় বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছে এই আবেদনটা করব আমাদের মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার দৃষ্টিভঙ্গিটা এইভাবে বিচার করতে হবে এবং বিশ্লেষণ করতে হবে। সুব্রতবাবু বসে আছেন, তিনি সম্ভবত ১৯৭৪ সালে পৌরসভার

দায়িত্ব পেয়েছিলেন। এইটা বোধ হয় তার জীবনের প্রমোশন ছিল না, ডিমোশন ছিল। কিন্তু বলছি কলকাতা পৌরসভার যে কার্য চেহারা ছিল, সুব্রতবাবু যত চেষ্টাই করে থাকুন না কেন, যতই তাঁর আন্তরিকতা থাকুক না কেন, তিনি তাকে কলুষমুক্ত করতে পারেন নি। তার সরকারের সামগ্রিক দৃষ্টিভঙ্গি কলকাতা এবং পশ্চিমবঙ্গের পৌরসভার দৃষ্টিভঙ্গির জন্য তিনি সেটা পারেন নি। আমি কেন একথা বললাম, বললাম এই কারণে যে সুব্রতবাবু যখন পৌরমন্ত্রী ছিলেন সেই সময় আমাদের কলকাতা পৌরসভার বাজেটের চেহারা আমি যদি দিয়ে দিই তাহলে এটা পরিষ্কার হবে। ১৯৭২-৭৩ সালে এটা সুব্রতবাবুর সময় নয়, শতবাবুর সময়ে এই সময়ে সেই সময়ে রিসিপ্ট ছিল ১৭ কোটি ২৪ লক্ষ টাকা, এক্সপেণ্ডিচার ছিল ২৩ কোটি ১২ লক্ষ টাকা, ডেফিসিট ছিল ৫ কোটি ৩৭ লক্ষ টাকা, পারসেন্টেজ অফ ডেফিসিট ৩৪ পারসেন্ট, আর গর্ভনমেন্ট গ্রান্ট ছিল ৫ কোটি ৭৮ লক্ষ টাকা অর্থাৎ প্রায় ৩৪ পারসেন্ট। আর সুব্রতবাবুর সময়ে ১৯৭৬ সালে রিসিপ্ট ছিল ২৪ কোটি ৬৭ লক্ষ টাকা, এক্সপেন্ডিচার ছিল ৩৫ কোটি ৫৬ লক্ষ টাকা, আর ডেফিসিট ছিল ১০ কোটি টাকা, পারসেন্টেজ অফ ডেফিসিট ছিল ৪৪ পারসেন্ট, আর গভর্নমেন্ট গ্রান্ট ছিল ৮ কোটি ১ লক্ষ টাকা অর্থাৎ ৩২ পারসেন্ট।

[2-40 — 2-50 P.M.]

তাঁর ১৯৯০-৯১ সালে অর্থাৎ নির্বাচিত প্রতিনিধিরা যখন এলেন, বামফ্রন্টের জমানায় তখন হল, receipt – 208.76 lakhs, expenditure – 224.90 lakhs, deficit 16.14 laksh, percentage of deficit 8%. Government grant 117.82 lakhs, percentage of Govrnment grant 56.. figure.. 1976-77. .. Rs. 213.00 .. 1992-93 .. Rs. 1358.00..plan Budget – 1974-75 .. Rs. 21.75 lakhs. 1988-89.. Rs. 15 crores 35 lakhs.. percentage .. 75 times. non-plan. 1974-75 .. Rs. 6 crores.. 1988-89 Rs. 118 crores. 19.5

আমি এই ফিগারগুলি দিলাম কারণ এতে সকলের বুঝতে সুবিধা হবে যে আমাদের সময় কি দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কাজ করছি এবং ওদের সময় কি দৃষ্টিভঙ্গি নিয়ে ওরা কাজ করেছিলেন। এর পর আমি পৌরসভার পরিচালনা এবং উন্নয়নের প্রশ্নে কয়েকটি কথা বলব। উন্নয়নের প্রশ্নটা শ্রমিক কর্মচারিদের সুযোগ-সুবিধাকে বাদ দিয়ে চিন্ত করা যায়নি। কর্মচারিদের মাহিনা, তাদের সুযোগ-সুবিধা ইত্যাদি একত্রিত করে পৌরসভার উন্নয়নকে দেখতে হবে। মাননীয় সদস্য শ্রী শোভনদেব চ্যাটার্জি মহাশয় এখানে উপস্থিত আছেন, তিনি তো কর্পোরেশন শ্রমিক কর্মচারিদের নিয়ে আন্দোলন করেন এবং তিনি একজন পরিচিত নেতা, তাকে বলি, ১৯৭৬-৭৭ সালে কর্পোরেশনের একজন মজদুরের ২১৩ টাকা করে মাহিনা পেতেন এবং তখন পশ্চিমবঙ্গের পৌরসভাগুলির মজুররা আরও কম বেতন পেতেন, তাদের নিদারুণ কম বেতন ছিল আর ১৯৯২-৯৩ সালে সেই কর্পোরেশনের একজন মজদুর বেতন পাচ্ছেন ১৩৫৮ টাকা। এটা নিশ্চয় আমাদের গর্বিত করে এবং আমি মনে করি শোভনদেববাবুও নিশ্চয় এতে গর্বিত কারণ তিনি তো শ্রমিকদের নিয়ে আন্দোলন করেন কলকাতা কর্পোরেশনে। এটা সামগ্রিকভাবে সমস্ত পশ্চিমবাংলার শ্রমিক কর্মচারিদের ক্ষেত্রেই প্রযোজ্য। এবারে আমি

কংগ্রেসের সময় পৌরসভাগুলির প্ল্যান বাজেট কত ছিল এবং আমাদের সময় কত হয়েছে সেটা একটু বলতে চাই। ১৯৭৪-৭৫ সমগ্র পশ্চিমবঙ্গে কেবলমাত্র যেখানে প্ল্যান এক্সপেণ্ডিচার ছিল ২১.৭৫ লক্ষ টাকা সেটা ১৯৮৯-৯০ সালে এসে দাঁড়িয়েছে ১৫ কোটি ৩৬ লক্ষ টাকায়। অংকের হিসাবে বলা যায় যে এটা ৭৫ গুণ বৃদ্ধি পেয়েছে। আর নন প্ল্যানে শ্রমিক কর্মচারিদের মাহিনা এবং অন্যান্য খরচ যেখানে ১৯৭৪-৭৫ সালে ছিল ৬ কোটি টাকা ১৯৮৮-৮৯ সালে সেটা এসে দাঁড়িয়েছে ১১৮ কোটি টাকায় অর্থাৎ ১৯.৫ গুণ বৃদ্ধি পেয়েছে।

১৯৪৭ সালে সারা পশ্চিমবঙ্গে মোট ৬৯টি পৌরসভা ছিল। ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সেই সংখ্যা বেড়ে হয়েছিল ৮৩টি। অর্থাৎ ৩০ বছরে মাত্র ১৪টি নতুন পৌরসভা বিগত দিনে কংগ্রেসি আমলে তৈরি হয়েছিল। তারপর বামফ্রন্ট রাজত্বকালে ১৯৭৭ সালের পর ১৯৭৮ সাল থেকে ১৯৯১ সালের মধ্যে বিগত ১৩/১৪ বছরের মধ্যে পশ্চিমবঙ্গে আরও ৩৩টি নতুন পৌরসভা গড়ে উঠেছে। বামফ্রন্ট সরকার ১৪ বছরের মধ্যে ৩৩টি পৌরসভা এবং নোটিফায়েড এরিয়া জনগণের উদ্দেশ্যে উপহার দিতে পেরেছে।

স্যার, এরপর আমি আসছি জলের কথায়। ওরা বললেন কলকাতার মানুষ জলের জন্য হাহা-কার করছে। অবশ্যই আমরা দাবি করি না যে, কলকাতার সমস্ত মানুষ পর্যাপ্ত পরিমাণ জল পাচ্ছে। কিন্তু আমি একটু উন্নয়ন অগ্রগতির তুলনামূলক পর্যালোচনা করতে চাই। ১৯৭২ সালে পলতা-টালা ওয়াটার ওয়ার্কস থেকে ১২০ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হ'ত। বিগ ডিপ টিউবওয়েলগুলি থেকে ১৮ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হ'ত এবং স্মল টিউবওয়েল থেকে ৫ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হ'ত। অর্থাৎ ১৯৭২ সালে কলকাতার মানুষদের মোট ১৪৩ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হ'ত। ১৯৯২ সালে, ২০ বছর পরে কত দেওয়া হচ্ছে? টালা-পলতা ওয়াটার ওয়ার্কস থেকে ১৬০ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হচ্ছে। গার্ডেনরিচ ওয়াটার ওয়ার্কস থেকে ৩২ মিলিয়ন গ্যালন জল দেওয়া হচ্ছে। বিগ ডিপ টিউবওয়েলগুলি থেকে ২৫ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হচ্ছে। বিগ ডিপ টিউওয়েলগুলি থেকে ২৫ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হচ্ছে। ছোট বা স্পট টিউবওয়েলগুলি থেকে ১০ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হচ্ছে। অর্থাৎ মোট ২২৭ মিলিয়ন গ্যালন পার ডে জল দেওয়া হচ্ছে। ১৯৭২ সালে যেখানে ১৪৩ মিলিয়ন গ্যালন জল দেওয়া হ'ত, সেখানে ১৯৯২ সালে ২২৭ মিলিয়ন গ্যালন জল দেওয়া হচ্ছে। ৮৪ মিলিয়ন গ্যালন পার ডে বেশি জল দেওয়া হচ্ছে।

স্যার, এরপর বিল্ডিং-এর প্রশ্নে আসছি। মাননীয় সুদীপবাবু বললেন, কলকাতায় প্রমোটরদের হাত নাকি খুবই লম্বা। বড় বড় প্রমোটরদের সঙ্গে নাকি প্রশাসনের যোগসূত্র রয়েছে। এই প্রসঙ্গে আমি শুধু একটা কথাই বলতে চাই যে, গত ১৪/৩/৯১ তারিখে কলকাতার প্রায় সব ক'টি—বেশ ক'টি—দৈনিক সংবাদপত্রে একটা সংবাদ ছবিসহ পরিবেশিত হয়েছিল। আমি সেই সংবাদ কাটিংটি এখানে তুলে ধরতে চাই। এতে একজন প্রাক্তন বিধায়কের ছবি আছে। সেই প্রাক্তন বিধায়ক ওদের দলের, কংগ্রেস বিধায়ক। মাননীয় চেয়ারম্যান যদি আমাকে অনুমতি দেন তাহলে আমি সেটা এখানে প্রকাশ করতে পারি। সুতরাং এর থেকেই বোঝা যাচ্ছে কলকাতায় প্রমোটরদের সঙ্গে কাদের যোগসূত্র রয়েছে। ওদের দলের

এম. এল. এ., কাউন্সিলরদের সঙ্গেই প্রমোটরদের যোগাযোগ রয়েছে। আমার কাছে কাগজ-পত্র আছে, ওরা যদি চ্যালেঞ্জ করতে চান, তাহলে আমার কাছে আসতে পারেন এবং দেখে যেতে পারেন।

এরপর আমি জঞ্জালের প্রশ্নে আসছি। কলকাতার এই সমস্যা একটা বিরাট সমস্যা। কলকাতার বর্তমান জনসংখ্যা একটা স্যাচ্যুরেটেড জায়গায় এসে পৌঁছেছে।

(এই সময় লাল আলো জ্বলে)

মাননীয় চেয়ারম্যান স্যার, আমার সময় শেষ হয়ে যাওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রীর ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী শঙ্কর দাস পাল ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে পৌর বাজেটের যে ডিমান্ড এসেছে তাকে আমি সমর্থন করতে পারছি না। কেন সমর্থন করতে পারছি না, তার কয়েকটা কথা আপনার মাধ্যমে জানাতে চাই। আরও কি কি করার দরকার ছিল, যেহেতু এখানে আমি এম. এল. এ. হলেও আমি একজন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছি, আমার কিছু অভিজ্ঞতা আছে, স্পটে কাজ করতে গেলে কি কি করতে হয়, আমি মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করব যে এইগুলোর দিকে একটু নজর রাখবেন। এইগুলো খুবই দরকার পৌরসভা চালাতে গেলে। ডিমান্ডে যেটা আছে ৯২-৯৩ বছরের জন্য গ্রস এক্সপেন্ডিচার দেখানো হয়েছে ১৬৭ কোটি ৪৫ লক্ষ ৩০ হাজার টাকা, অ্যাসিস্ট্যান্স টু লোকাল বডিজ ইত্যাদির জন্য, স্টেট প্ল্যান বাবদ ধরা হয়েছে ১ কোটি ৪০ লক্ষ। বাৎসরিক ১ কোটি ৪০ লক্ষ টাকা। স্লাম এরিয়া ডেভেলপমেন্ট এর জন্যও ধরা হয়েছে নন-প্ল্যানে ১ কোটি, স্টেট প্ল্যানে ১৩ কোটি টাকা। অ্যাসিস্ট্যান্স টু লোকাল, বডিজ, কর্পোরেশন এটসেন্টরা নন-প্ল্যানের ফান্ডে এমপ্লয়িদের জন্য, টি. এ.-র জন্য বরাদ্দ ১ কোটি ২৫ লক্ষ টাকা। পে'র জন্য বরাদ্দ ১৪ কোটি টাকা। মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গে ১১৬টি পৌরসভা আছে। এই ১১৬টি পৌরসভাতে আপনি জানেন, আমরা যারা এম. এল. এ. আছি, এম. এল. এ.-দের শুধু রেকমেন্ডেশন করা ছাড়া কোনও ক্ষমতা নেই। এখন ক্ষমতাটা মোটামুটি চেয়ারম্যান, অঞ্চল প্রধান, জেলা পরিষদ এনটায়ার ব্যাপারটা তাদের হাতে রয়েছে। শহরকে উন্নতি করতে গেলে, শহরের ভাল করতে গেলে টাকার দরকার। আমি পৌর মন্ত্রীকে বলব আপনার টাকা যত লাগে নিয়ে আসুন, টাকা নিয়ে এসে সমবন্টন করুন। সমবন্টন করে যাতে পৌরসভাগুলোর কাজগুলো ভালভাবে হয়, সেদিকে লক্ষ্য রাখুন। আজকে মোটামুটিভাবে চিন্তা করতে হবে যে এত টাকা থাকা সত্ত্বেও পৌরসভাগুলো যে তিমিরে ছিল সেই তিমিরেই রয়েছে। নিউ পে স্কেল যেটা ইনট্রোডিউস করেছেন, আপনারা জানেন নিউ পে স্কেলের কোনও টাকা এখনও পর্যন্ত দেওয়া হয়নি। মিউনিসিপ্যালিটিকে ওন ফান্ড থেকে দিতে হচ্ছে। এটা একটা খুব কঠিন ব্যাপার। এখনও টাকা পেল না। মিউনিসিপ্যালিটির সোর্স অব ইনকাম কম। আপনারা যে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বসিয়েছেন, সমস্ত সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে বাঞ্চাল করে দিয়েছেন। বাজেটে আপনাদের

টাকা ধরা আছে, পৌরসভার ইনকাম বাড়বে ধরা আছে, তাহলে এই যে আজকে তিন বছর ধরে, শুধু বহরমপুরে কেন সমস্ত পৌরসভা হাইকোর্টের মাধ্যমে ইঞ্জাংশন হয়ে আছে, তাদের ইনকাম হল না, অথচ যে সিস্টেম আমাদের চালু ছিল অ্যাসেসার অ্যাসেসমেন্ট করে যদি টাকাটা হত তাহলে মিউনিসিপ্যালিটির ইনকাম বাড়ত। আজকে পৌরসভার ২৫ থেকে ৩০ লক্ষ টাকা, এটা আমার বহরমপুর পৌরসভার ইনকামটা বন্ধ হয়ে গেল হাইকোর্টে কেস থাকার জন্য। সুতরাং আমরা অ্যাসেসার অ্যাপয়েন্টমেন্ট করতে পারলাম না। আমি তাই মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করব, আপনি এই বিষয়টা দেখুন। কিন্তু আপনার পক্ষে দেখার একটু অসুবিধা আছে, আপনি এখন সবচেয়ে বিজি মন্ত্রী আপনাকে সফদা-র হাসমি থেকে আরম্ভ করে সুভাষ ঘিসিং এর কোনও গন্ডগোল হলে সমস্ত দায়িত্ব নিয়ে আপনাকে ছুটে যেতে হয়। তাই আমি অনুরোধ করব একজন দায়িত্বপূর্ণ কাউকে—অশোকবাবু এসেছেন, অশোকবাবু যখন একটা পৌরসভার চেয়ারম্যান আছেন, উনার অভিজ্ঞতা আছে, আপনি সেই ভাবে একটা কিছু করুন। আমি চাই পৌরসভাগুলো ভালভাবে চলুক। আজকে দ্বিতীয় কথা হল, সমস্ত পৌরসভার কাছে এস. ই. বি. টাকা পাবে। শুধু বহরমপুর নয়, গোটা পশ্চিমবঙ্গে কাউকে ২৫ লাখ, ৩০ লাখ, কোটি ক্যালকাটা কর্পোরেশন কোটিতে চলে গেছে, আমাদের কাছেও টাকা পাবে। তাহলে এস. ই. বি. চলবে কি করে? এটাও চিন্তা করতে হবে, তাকে তো টাকা দিতে হবে? অতএব আমার কংক্রিট সাজেশন আমি রাখছি, আমি করে এটা আপনি নেবেন। আর এস. ই. বি. তো শহরের উপর যারা ব্যবস্থা করছে, তারা শহরের উপর দিয়ে পোল নিয়ে যাচ্ছে, তার টেনে নিয়ে যাচ্ছে। তাকে তো একটা পার্সেন্টেজ দিতে হবে। সেই তার এবং পোল পুঁতে পোস্ট কানেকশন দিয়ে তাদের তো একটা সোর্স অব ইনকাম হচ্ছে। তাহলে ওখানে একটা পেপার অ্যাডজাস্টমেন্ট কি করে হয়, আমি চাই এস. ই. বি. ও টাকা পাক এবং মিউনিসিপ্যালিটিও এস. ই. বি.-র কাছ থেকে পেপার অ্যাডাজস্টমেন্ট করে কিছু পাক। কারণ পৌরসভার উপর দিয়ে ব্যবসা করে তারা টাকা পাচ্ছে। অতএব তাকে কিছু টাকা পৌরসভাকে দিতে হবে। এই বিষয়ে আপনি একটু চিন্তা করবেন। কিভাবে অ্যাডজাস্টমেন্টটা করা যায়।

আপনি আজকে যে একটা পদক্ষেপ নিয়েছেন হরিজন ভাইদের উপর, তাদের মাথায় করে ময়লা নিয়ে যাওয়া বন্ধ করেছেন এবং তারজন্য আইন করেছেন আমি এর জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে এই জিনিস যেন আর করা না হয়। স্যার, আপনি জানেন আমাদের পৌরসভাতে একজিকিউটিভ অফিসার নেই, ই. ও. নেই কোনও পৌরসভায়। কোনও পৌরসভা বাজেট করেনি। ডি. এল. বি.-তে খোঁজ নিয়ে দেখুন পশ্চিমবঙ্গে পৌরসভা বাজেট প্লেস করেনি। আমাদের কংগ্রেসি পৌরসভা, এ ছাড়াও বহরমপুর, মেদিনীপুর, রামপুরহাট, বোলপুর, ইংলিশবাজার, কাঁদি কোনও বাজেট প্লেস করেনি। আমাদের পৌরসভাতে ১৯৭৬ সাল থেকে বাজেট প্লেস হয়নি, কেন হয়নি, আগে ওখানে সি. পি. এমের বোর্ড ছিল, ঐ সি. পি. এমের বোর্ডের বাজেট দেওয়া হয়নি। আমরা ১৯৮৬ সালে আসার পর আপনাদের দেখিয়েছিলাম। আপনারা ই. ও., এফ. ও. সমস্ত অফিসার দিয়েছেন, আজ পর্যন্ত কোনও অফিসার ওখানে নেই, কেউ এলে ২ মাস, ৬ মাস এক বছর থেকে চলে যায়। উইদাউট বাজেট একটা পৌরসভা চলতে পারে না। পৌরসভায় ই. ও. এস. ও. দিয়েছেন সেগুলি যেন

থাকে, আজকে মনে রাখতে হবে এতগুলি পৌরসভার বাজেট নেই। আপনি শিশির মঞ্চে যে কথাটি বলেছিলেন তা নিশ্চয় আপনার স্মরণে আছে যে প্রত্যেক পৌরসভা লোক নিয়েছে আপনি স্বীকার করেছেন। মুশকিল হয়েছে বহরমপুরে লোক চাইছে বহরমপুরে পৌরসভায় আপনি যে কমিটি করে দেবেন বলেছিলেন সেই কমিটির মাধ্যমে আপনি চেয়েছিলেন, সেই কমিটির রিপোর্টের উপরে আপনি একটা ডিসিশন নেবেন। আমি এই সঙ্গে জানাচ্ছি আজ পর্যন্ত কমিটি হয়নি। কমিটির রিপোর্ট বহরমপুরে একটা বিশেষ করে আপনারা কি ভাবছেন আমি জানিনা বহরমপুর আপনাদের বিষ নজরে থাকার জন্য যে অবস্থা হয়েছে তাতে আমরা আমাদের কর্মচারী ভাইদের টাকা দিতে পারছি না। কর্মচারিরা ১১ মাস টাকা পায়নি। আপনি জানেন গভর্নমেন্ট যেমন জি. ও. দিয়ে থাকেন তেমনি আমার কাছে জি. ও. রিপোর্ট আছে, সমস্ত জি. ও. পেপার্স রেডি রেখেছি সমস্ত জি. ও. দেখে গিয়েছে বহরমপুর পৌরসভার ৮০ লক্ষ টাকা পাওনা আছে। আপনাকে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে পয়লা বৈশাখ সমস্ত শুভদিন, ব্যবসায়িরা লালখাতা নিয়ে বসে থাকে দেনা পাওনা শোধ হবে, এই নিয়ে আমি আপনার সঙ্গে যোগাযোগ করেছিলাম।

মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি এবং আমি যেদিন একসঙ্গে কথা বললাম, তখন মুখ্যমন্ত্রী আপনাকে বলেছিলেন—টাকাটা ছেড়ে দাও। আপনি সে কথা রেখেছেন, তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। সামনেই পয়লা বৈশাখ—কর্মচারিরা ১১ মাসের মাইনে পাবেন। আপনাকে অনুরোধ করব, আমার এখনও প্রায় ৫০ লক্ষ টাকা যা পাওনা রয়েছে, ৩০ লক্ষ টাকা গেছে, সেটা সত্ত্বর দিয়ে দেবেন যাতে পৌর কর্মচারিদের পাওনা টাকা এবং শহরাঞ্চলের উন্নয়নমূলক কাজের দিকে লক্ষ্য রাখতে পারি। ইতিপূর্বে ও আমরা সমস্ত কথা রেখেছি। এ-ব্যাপারে ডাইরেক্টর অফ লোকাল বডিজ এবং একজিকিউটিভ অফিসার, ফিনান্স অফিসারদের সঙ্গে কথা বলতে পারেন। আজকে পৌরসভাকে যেসব কম্পোনেন্ট দেবার কথা সেটা আমরা পাচ্ছি না। বর্তমানে সেখানে খরা চলছে। ড্রাউট সিচুয়েশনের মোকাবিলা করতে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে নানা অ্যাসিস্টান্ট আসে, টিউবওয়েল আসে, কিন্তু সেটা আমরা পাচ্ছি না। এই খরায় বহরমপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান জল খেতে পাবেন, কমিশনারদেরও কোনও অসুবিধা হবে না, কিন্তু বহু বস্তি আছে যেখানকার মানুষজন জল পাবেন না। সেই সাহায্য পেলে আমরা ঐসব মানুষের জন্য উন্নয়ন করব। এক্ষেত্রে রাজনীতির কোনও প্রশ্ন উঠে না। বহরমপুর মিউনিসিপ্যালিটি কংগ্রেস দখল করেছে, তার দায়িত্ব নিয়েছে। কিন্তু খোঁজ নিয়ে দেখবেন—সেখানে একজন সি. পি. এম. এবং একজন আর. এস. পি. রয়েছেন—আমরা যখন টাকা অ্যালট করি, সম বন্টন করি। সেখানে সি. পি. এম. বা আর. এস. পি.-র ক্ষেত্রে কোনও ব্যতিক্রম করি না। কাজেই বিমাতৃসুলভ ব্যবহার করবেন না। আপনি টাকা রিলিজ করেছেন, কর্মচারিরা মাইনে পাবেন, তাই আবার আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই সঙ্গে বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**(এই সময় মিঃ ডেপুটি স্পিকার চেয়ার গ্রহণ করেন)**

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী আজকে যে বাজেট সভায় পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে দুই-একটি বিষয় উল্লেখ করতে চাই যে, কেন এই বাজেটকে সমর্থন করছি।